করে আপনি কহিয়াছেন, "যে বিশ্বকর বিধাতা এক এক দেশকে সেই সেই দেশ বাসিদিগের আহার ব্যবহারোপযোগিনী দ্রব্যোৎপাদিকাশক্তি প্রদান করিয়াছেন।" কিন্তু এবাক্য আমরা বিশ্বাস করিতে পারিনা। কারণ ইউরোপীয় পণ্ডিত মাত্রেই কহেন ও আমরা বিচার দ্বারা স্থির করিতে পারি, যে করুণানিধান সর্ব্বতাত দেশের জল, বায়ু ও উষ্ণতানুধায়িনী উৎপাদন শক্তি দিয়াছেন, এবংলোকদিগের আচার ব্যবহারানুযায়ী নহে। আর যদি দেশীয় দিগের আহার ব্যবহারের যোগ্য বস্তু সমস্ত উৎপন্ন হয় তবে বাণিজ্যের প্রয়োজন কি? এক দেশীয় ব্যক্তি অন্য দেশে অবস্থান করিলে আহার বিষয়ে তাঁহার কিছুমাত্র ক্লেশ হইতে পারে না, কারণ তিনি যেদেশে বাস করেন, সেই দেশীয় দ্রব্যাদি ভক্ষণ করিয়া অক্লেশে কালযাপন করিতে পারেন, বরং যদি তিনি জন্ম ভূমির দ্রব্যাদি আহার করেন, তাহা হইলে জল বায়ু, উষ্ণতা বা শৈত্য বশতঃ তাঁহার দেহ রক্ষা করা দুষ্কর হইয়া উঠে।

ইংরাজেদের ভারতবর্ষে বাস করা কর্ত্তব্য কি না, তাহা আমি কিছুমাত্র কহিলাম না, কেবল আপনার লিখিত বিষয়ে যে কিঞ্চিৎ সন্দেহ জন্মিয়াছে, তাহা আপনাকে জ্ঞাত করাইলাম। আমি এই সন্দেহ পূর্ব্বেই প্রকাশ করিতাম, কিন্তু নাবকাশ না থাকাতেই এতদিন লিখিতে পারি নাই।

লেখনী।"

আমারদিগের কোন বিশ্বস্ত বন্ধুর সংবাদটি নিম্নভাগে অবিকল প্রকাশ করিলাম।

"কলির কি মাহাত্ম্য"।

সম্পাদক মহাশয় আমি বাটী হইতে নৌকা যোগে কলিকাতায় আগমন কালীন দেখিলাম এবং শ্রুত হইলাম যে গত ২৫ অগ্রহায়ণ রজনী অনুমান ১০।১১ ঘটিকার সময় নৈহাটী গ্রামের বাজারে অগ্নি লাগিয়া সমুদায় ঘর একেবারে ভস্মীভূত হইয়াছে, কি আশ্চর্য্য, কেবল মদ্য ব্যবসায়ি শুঁড়ির দোকান ও গুলির আড্ডা ধারির ঘর এবং গঙ্গার তটবাসি গঙ্গাপুত্রদিগের কুঁড়ে ঘর প্রাপ্তক্ত অগ্নির করাল গ্রাস হইতে উত্তীর্ণ হইয়াছে। সর্ব্বভুক সমুদায় গৃহাদি উদরস্থ করিয়াছেন। কিন্তু সুরাদেবী ও তদনুচর মাদক দৈত্য দলের ভয় জন্য তাহার নিকটবর্ত্তি না হইয়া আস্তে আস্তে গঙ্গার জলে অবগাহন পূর্ব্বক নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। গঙ্গাপুত্রদিগকে নিত্য সেবক জানিয়া তাহারদিগের গৃহাদি স্পর্শও করেন নাই

শ্যামবাজার বঙ্গ বিদ্যালয়ের ছাত্রদিগের সুশিক্ষার পরীক্ষা ও পারতোষিক বিতরণের সংবাদ মধ্যে আমরা গত বাসরীয় প্রভাকর লিখিয়াছিলাম, যে উক্ত স্থানের প্রিপেরেটরি স্কুল তাহার শাখাস্বরূপ অধুনা আমরা অবগত হইলাম আমারদিগের লেখা সত্য হয় নাই, প্রিপেবেটরি স্কুল এক স্বতন্ত্র বিদ্যালয় নয় অপ্প [illegible] হইল, তাহা কেবল অপ্প [illegible] বালকদিগের নিমিত্ত সংস্থাপিত হইয়াছে তাহার সহিত শ্যাম বাজারস্থ বঙ্গবিদ্যালয়ের কোন সম্বন্ধ নাই, কেবল এক নিদ্দিষ্ট দিবসে উভয় বিদ্যালয়ের ছাত্রদিগের বিদ্যার পরীক্ষা ও পারিতোষিক বিতরণের কার্য্য নির্ব্বাহ হইয়াছে।

ইংলিসমান পত্রে কোন সম্বাদদাতা লিখিয়াছেন যে ঢাকা হইতে এক শ্রেণী ইলাকট্রিক টালিগ্রাফ চট্টগ্রাম আকায়ব প্রেস এবং [illegible] জুন পর্য্যন্ত যাইবেক, তাহার কার্য্যারম্ভ করণার্থ উক্ত বিভাগে [illegible] পুণ এক জন ইংরাজ ঢাকায় গমন করিয়াছেন, ঐ ধালিপ্রাফের [illegible] সহিত সিঙ্গাপুর [illegible] আষ্টেলিয়ার টালিগ্রাফের সংযোগ হইবেক। টালিগ্রাফ এইরূপে পর্ব্বত গহ্বরে নির্ম্মাণ হয় ইহা [illegible] প্রার্থনা।

বহুকাল পূর্ব্বে কারাগারের নিয়ম নির্দ্ধারিত হইয়াছিল, যাহা রহিত হইয়া নূতন প্রকার নিয়মাবলী প্রবর্ত্তিত হয়। সম্প্রতি অযোধ্যার রাজনীতিজ্ঞ গবর্ণমেণ্ট দীপান্তর করণের ও সেইরূপ পুরাতনী রীতি পুনর্ব্বর্ত্তিত করিয়া নূতন প্রকার রীতি সংস্থাপিত হইয়াছে। অপরাধি অপরাধে বিশেষ বিশেষ দ্বীপে প্রেরিত হইবে। উহাদের নিয়মানুসারে কয়েক জন বিশেষ অপরাধি দ্বীপান্তরে প্রেরিত হইয়াছে

Printed and published by RAMCHUNDER GOOPTO At the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

ভাস্করসংজ্ঞক

॥॥* সত্যং মনস্কামরসং প্রভাকরং সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ্ নবপ্রভাকরঃ *॥*॥*

মত্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু ক্বচিদ্ভৃঙ্গং জাম মতন্দ্রমীমদদ্যতং দীক্ষা গুরুধাকাতরাঃ॥
অদ্যোদারিমুল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মাদরে বন্ধুত্বং দিবসে দিবস্ত চতুরস্যাস্তদ্বিরেফাঃ স্মরং॥

মফস্বলে এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮০৬ সংখ্যা] সোমবার ১৯ পৌষ ১২৬৬ সাল। ইং ২ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ ভস্মা মাত্র।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে, যে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রমকোর্ট নামক বিচারালয়ের ধর্ম্ম সম্বন্ধীয় কার্য্যালয়ে একপ এক আবেদন পত্র প্রদত্ত হইয়াছে যে মহানগর কলিকাতা নিবাসি মৃত জদুনাথ মল্লিক যিনি এক জন হিন্দু সওদাগর ছিলেন তাঁহার স্থাবর অস্থাবর সমুদ্য বিষয় ও বিভবাদির প্রতি কর্ত্তৃত্ব করণের ভার প্রাপ্তক্ত মহানগর কলিকাতার মেছুয়া বাজার নিবাসি শ্রীবনমালি মল্লিকের প্রতি সমর্পিত হইল, এবং উনি মৃত জদুনাথ মল্লিকের জ্যেষ্ঠ পুত্র রাজেন্দ্রলাল মল্লিক অপ্রাপ্ত বয়স্ক থাকা

H. A. H. Cornhett.
Registrar.
এ. এইচ, করবেট।
উকীল।

কলিকাতা।
১৩ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যে আগামী ৩ জানুয়ারি মঙ্গলবার অবধি গবর্ণমেণ্টের পাঠশালা বাবু শ্রীকৃষ্ণ মল্লিকের জোড়াসাঁকোর বাটীতে বসিবেক, চারি অবধি বার বৎসর বয়স্ক পর্য্যন্ত বালকদিগের বিশেষ শ্রেণীতে নিবিষ্ট হইবার অধিকার আছে, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বালকেরা বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইলে হিন্দু কালেজে (এক্ষণকার হিন্দুকুলে) বিনা বেতনে পড়িতে পাইবেক। পাঠশালার বার্ষিক বেতন ৮৲।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা [illegible] সাধারণ জনগণকে বিদিত [illegible] যাইতেছে যে সুবর্ণনি[illegible] চৌরাস্তায় স্যালিথার মহো[illegible] "জেনুইন সো[illegible] ষ্টিটরি হল" নামক এক [illegible] বার সংস্থাপি[illegible] হইয়াছে বিলাত হইতেআনীত উত্তমং অকৃত্রিম ঔষধ অতি সপ্প মূল্যে প্রাপ্ত হইতে পারিবেন তথায় এক জন সুবিজ্ঞ ডাক্তর সর্ব্বদা উপস্থিত আছেন।

বিজ্ঞাপন

আফ্রিক দেশের বাঙ্গালা ম্যাপ চিত্র প্রস্তুত হইয়াছে, তাহা কলিকাতা স্কুলবুক সোসাইটীতে সংস্কৃত ও বাঙ্গালা যন্ত্রের পুস্তকালয়ে এবং কালেজ ষ্ট্রীটে ৯ সংখ্যক বাঙ্গালা পুস্তকালয়ে বিক্রয়ার্থ আছে। প্রত্যেক খণ্ডের মূল্য ৫ পাঁচ টাকা মাত্র ইতি। ২৯ অগ্রহায়ণ ১৮৫৯।

শ্রীগোপালচন্দ্র বসু।

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একাডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ ম[illegible] চারি জন শিক্ষকের প্রয়োজন

হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪।১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরুচরণ দত্তের নিকট উপস্থিত হইলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।

২২ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মহানগর কলিকাতার আরমানিয়ান ষ্ট্রিটের মধ্যে ৪৩ নম্বরের বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা হইবেক তাহা কেহ ক্রয় না করেন অথবা বন্ধক না রাখেন কারণ ঐ বাটী নিনালয়ব মদিনা সাহেবের ফারম দ্বারা সিউলাল মতিলালের নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

বিজ্ঞাপন

মনোরঞ্জন পাঠ নামক পুস্তক মুদ্রিত হইতেছে, অতি ত্বরায় প্রকাশিত হইবেক। যাহারদিগের প্রয়োজন হইবেক, তাঁহারা নেবুতলার গলিতে শ্রীলশ্রীযুক্ত রাসকলাল দাস পালিত মহাশয়ের বাটীতে তত্ত্ব করিলে পাইতে পারিবেন মূল্য স্বাক্ষরকারির প্রতি ।০ আনা তৎভিন্ন পাঁচ আনা নির্দ্ধারিত করা গেল ইতি।

গ্রন্থ প্রকাশক।

শ্রীহরিশ্চন্দ্র দাস পালিত।

বাটীর নং ৬

বিজ্ঞাপন।

গোলাপকান্ত।

গোলাপকান্ত নামে অভিনব একখানি সরস কাব্য রচিত হইয়াছে এই সুমিষ্ট কাব্য দেখিয়া অনেকে সন্তুষ্ট হইয়াছেন। অতএব আমি সেই উৎসাহকে অবলম্বন করিয়াই গোলাপকান্ত গ্রন্থ মুদ্রিত ও বিচরিত করিলাম ইহার মূল্য ।।০ আট আনা। গ্রহণার্থিরা প্রভাকর যন্ত্রে অথবা সিমুলিয়ার সুকেস ষ্ট্রীট ৩৪ নং বাটীতে বি,ভট্টাচার্য্য কোম্পানির পত্রিকা যন্ত্রে পত্র পাঠাইলে প্রাপ্ত হইবেন।

শ্রীকানাইরাম দাস।

সংবাদ প্রভাকর

১৯ পৌষ শকাব্দাঃ ১৭৮১ । বিক্টোরিয়াব্দঃ২

অনুবাদক সমাজের বিশেষ যত্ন ও আনুকুল্য দ্বারা অধুনা বঙ্গভাষায় বালক ও বালিকা গণের পাঠোপযোগী নূতন পুস্তক প্রকাশ হইতেছে দেশীয় ভাষার পুস্তক সংখ্যা বৃদ্ধি হয় ইহা আমাদিগের একান্ত প্রার্থনা এবং অতিব আনন্দদায়ক, গত সপ্তাহের মধ্যে আমরা ঐ সমাজ হইতে [illegible] খণ্ড নূতন পুস্তক প্রাপ্ত হইয়া[illegible] [illegible]হার এক খণ্ড পুস্তকের নাম খগো[illegible]রণ, অন্য খণ্ডের নাম সুশীলা[illegible]ন্যানের দ্বিতীয় ভাগ, এই সুশী[illegible]পাখ্যানের প্রথম ভাগে অল্প [illegible] বালিকাদিগের কর্ত্তব্য কার্য্য ও তাহারদিগের প্রতি যে প্রকার উপদেশ প্রদান করা আবশ্যক, তাহা লিখিত হইয়াছে। তদ্বিষয়ে আমারদিগের যে বক্তব্য তাহা ইতিপূর্ব্বে প্রভাকরে প্রকাশ করিয়াছি, পাঠক মহাশয়েরা পাঠ করিয়া থাকিবেন। দ্বিতীয় ভাগে যুবতীগণের কর্ত্তব্য কার্য্য ও তাহারদিগের পক্ষে যে২ বিষয়ের অনুশীলন আবশ্যক তাহা অতি কোমল এবং সরল সাধু বঙ্গ ভাষা অনুবাদক সমাজের আনুকুল্য দ্বারা ঐ পুস্তক বিরচিত ও মুদ্রাঙ্কিত হইয়াছে বটে, কিন্তু ইংরাজী অথবা অন্য কোন ভাষার কোন পুস্তক হইতে অনুবাদিত হয় নাই। সমাজের আদেশানুসারে তাহার সহকারি সম্পাদক শ্রীযুক্ত বাবু মধুসূদন মুখোপাধ্যায় মহাশয় তাহা রচনা করিয়াছেন। ঐ পুস্তক বালকেরা পাঠ করিতে ইচ্ছা করেন, করুন। কিন্তু তাহাদিগের নিমিত্তে লিখিত হয় নাই। রমণীগণের পাঠ জন্যই বিরচিত হইয়াছে।

আমরা পুস্তকের কিয়দংশ পাঠ করিয়া বিশেষাহ্লাদিত হইলাম। ইহাতে যে সকল উপদেশ লিখিত হইয়াছে যুবতী রমণীগণ যদি তাহা গ্রহণ করিয়া তদ্বদাচরণ করেন, তবে সাংসারিক সুখের সীমা থাকে না। মহিলারা অজ্ঞানতিমিরে আবৃত থাকাতেই সাংসারিক সুখে নানা প্রকার বিঘ্ন উপস্থিত হইতেছে। বিদ্যার বিমলবিভায় সেই অজ্ঞানতিমির বিনষ্ট হইয়া রমণীগণের চিত্তাকাশে জ্ঞানচন্দ্রের প্রকাশ হইলে সেই সমস্ত বিঘ্ন বিনষ্ট হইয়া সংসার

[illegible] সমূহ সুখে পরিপূর্ণ করে। যুবতী[illegible] বিদ্যাবতি ও গুণবতি হইলে কত[illegible]কার উপকার হয়, তাহা লিখিয়া [illegible]ক্ত করা যায় না।

অধুনা অনেক ভদ্র পরিবারের [illegible]হিলারা বিদ্যানুশীলনে অনুরক্তা [illegible]য়াছেন, তাঁহারদিগের উত্তমানু[illegible]লন হয়, সেই উদ্দেশেই এই সু[illegible]লার উপাখ্যান লিখিত হইয়াছে, [illegible] কেবল বালিকা বিদ্যালয়ে ব্যব[illegible] করা কর্ত্তব্য এমত নহে, যে রা[illegible]গণ অন্তঃপুরে থাকিয়া অনুশী[illegible] করেন, তাঁহারদিগের পক্ষেও [illegible] পুস্তক গ্রহণ করিয়া পাঠ করা [illegible]আবশ্যক, অতএব স্ত্রীবিদ্যা বিষ[illegible] যে সকল ব্যক্তির অনুরাগ আছে [illegible]হারদিগের পক্ষে কর্ত্তব্য হয় এই [illegible]লার উপাখ্যানের দুই খণ্ড [illegible]ক ক্রয় করিয়া আপনাপন ভার্য্যা [illegible]দুহিতা প্রভৃতি মহিলাগণকে প্র[illegible] করেন,) পুস্তকের পরিমাণ [illegible] পৃষ্ঠা উত্তমাক্ষরে ও উত্তম কা[illegible] বিদ্যারত্ন যন্ত্রে উৎকৃষ্টরূপে [illegible]ত হইয়াছে, মূ[illegible] অতি অল্প [illegible] আনামাত্র যাঁহার প্রয়োজন [illegible] গরাণহাটার গার্হস্থ্য বাঙ্গালা [illegible]ক সংগ্রহ পুস্তকালয়ে তত্ত্ব করি[illegible] প্রাপ্ত হইবেন, আমরা পাঠক [illegible]শয়দিগের পাঠার্থ ঐ পুস্তকের [illegible] নিম্নভাগে গ্রহণ করিলাম। [illegible] বিবরণের প্রতি আমারদি[illegible] যাহা বক্তব্য তাহা পরে প্রকাশ [illegible]।

[illegible]ক্ষণে বঙ্গভাষা এবং বঙ্গদেশের [illegible]লের উদ্দেশে অনেক মহাত্মা [illegible] মহোপকারি বিষয়ের নানাবিধ পুস্তক, প্রণীত সঙ্কলিত ও অনুবাদিত করিয়া প্রকাশ করিয়াছেন, এবং করিতেছেন। কিন্তু বঙ্গদেশীয় রমণীগণ যাহাতে যথানিয়মে সংসার ধর্ম্ম প্রতিপালন করিয়া সুখসচ্ছন্দে লোকযাত্রা নির্ব্বাহ করিতে শিক্ষা পায়, এমন কোন পাঠোপযোগী গ্রন্থ প্রণয়নে অদ্যাবধি কোন ব্যক্তি মনোযোগ করেন নাই। আমি কথঞ্চিৎ সেই অভাব সিরাসের অভিলাষে গল্পচ্ছলে সুশীলার উপাখ্যান লিখিতে প্রবৃত্ত হই, "বঙ্গদেশীয় গৃহস্থ বালিকাগণের কিরূপ গুণযুক্ত হওয়া উচিত" সুশীলার বাল্যচরিত্র লিখিয়া তাহা আমি প্রথম ভাগে প্রকাশ করিয়াছি, এক্ষণে যুবতীগণ কিরূপ চরিত্রের হইলে উত্তম হয়, তাহা প্রদর্শন করিবার অভিপ্রায়ে সুশীলার যৌবনাবস্থায় সংসারযাত্রা নির্ব্বাহের বৃত্তান্ত লিখিয়া এই দ্বিতীয় ভাগখানি প্রচারিত করিলাম। পাঠশালার কর্ত্তৃপক্ষ মহাশয়দিগের প্রতি নিবেদন এই, যুবতীগণের ব্যবহারার্থ এই পুস্তকখানি তাঁহারা যেন স্ত্রীদ্যালয়স্থ বালিকদিগের পাঠ্য পুস্তক না করেন, তবে যে স্থলে পণ্ডিত আবশ্যক করে না, বালিকাগণ স্বয়ং পাঠ করিয়া অর্থগ্রহ করিতে সমর্থ হয়, অথবা যে স্থলে কেবল স্ত্রীশিক্ষক দ্বারা শিক্ষাকার্য্য নির্ব্বাহ হইয়া থাকে, সে স্থলে ইহা পাঠ্য পুস্তক হইলে কিছু মাত্র হানি হইবে না।

প্রায় দশ মাস অতীত হইল সুশীলার প্রথম ভাগ প্রচারকালে আমি এই অভিলাষ প্রকাশ করিয়াছিলাম "যদি এতদ্দেশীয় গৃহস্থ বালিকাগণ আগ্রহ পূর্ব্বক এই পুস্তকখানি পাঠ করে, যদি দেশহিতৈষি বিজ্ঞলোকেরা আমাকে উৎসাহ প্রদান করেন, তবে আমি বঙ্গদেশীয় গৃহস্থ যুবতীদিগের ব্যবহারার্থ সুশীলার দ্বিতীয়ভাগ লিখিব।" এক্ষণে সেই অভিলাষ আমার ফলোন্মুখ হইয়াছে, কি দেশীয় কি বিদেশীয় অনেক মহাশয়ই সুশীলার প্রথম ভাগ পাঠ করিয়া সন্তোষ প্রকাশ করিয়াছেন, এবং কতকগুলি বলিকাবিদ্যালয়েরও ইহা পাঠ্য পুস্তক হইয়াছে বালিকাগণ এই পুস্তক পাঠ করিতে যে সাতিশয় আগ্রহ প্রকাশ করিয়া থাকে, ইহা আমি বিলক্ষণ অবগত হইয়াছি। জগদীশ্বরের কৃপায় প্রথমভাগখানি এইরূপ সর্ব্বত্র পরিগৃহীত হওয়াতে আমি অতীব উৎসাহ প্রাপ্ত হইয়া বঙ্গদেশীয় গৃহস্থ যুবতীগণের ব্যবহারার্থ সুশীলার দ্বিতীয়ভাগ প্রণয়নে প্রবৃত্ত হইয়াছিলাম, ঈশ্বর-প্রসাদে প্রথমভাগের ন্যায় এই দ্বিতীয়ভাগেও যদি আমার আশা পূর্ণ হয়, তবে সুশীলা গতযৌবনা গৃহিণী হইয়া যেরূপে সংসারযাত্রা নির্ব্বাহ করিয়াছিলেন, তাঁহার দ্বারা জ্ঞাতি কুটুম্বিনী ও প্রতিবাসিনীদিগের যেরূপ উপকার হইয়াছিল, বঙ্গদেশীয় গৃহস্থ গৃহিণীদিগের উপকারার্থ সে সমস্ত বর্ণনা করিতে যথাসাধ্য চেষ্টা করিব।

এক্ষণে কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি, আমাদিগের দেশোপকারক অনুবাদক সমাজ অনুকম্পা প্রকাশ করিয়া ক্ষুদ্র পুস্তক সুশীলার উপাখ্যান প্রথমভাগের নিমিত্ত

১৫০ এক শত পঞ্চাশ টাকা, এবং দ্বিতীয় ভাগের নিমিত্ত আমাকে ২০০ দুই শত টাকা পারিতোষিক দিয়া উৎসাহ প্রদান করিয়াছেন। পরমেশ্বর এই সমাজের অধ্যক্ষ এবং প্রতিপোষকদিগের দিনং সমৃদ্ধি ও উৎসাহ বৃদ্ধি করুন, তাহা হইলে আমা অপেক্ষা উত্তমোত্তম গ্রন্থকার উত্তমোত্তম অভিনব গ্রন্থ প্রণয়ন করিয়া বঙ্গভাষা এবং বঙ্গদেশের শ্রীবৃদ্ধিসাধন করিবেন।

শ্রীমধুসূদন মুখোপাধ্যায়।"

কেহার ও সারণ জেলা স্থানে এক্ষণে জ্বর রোগের অত্যন্ত প্রাদুর্ভাব হইয়াছে। নিত্য নিত্য বহু প্রাণির প্রাণবিয়োগ হইতেছে। রকসরের রেলওয়ে এষ্টেসনে নিযুক্ত ৩০০ কুলির মধ্যে প্রায় ইশত কুলির অধিকাংশেরই শরীর জ্বরে জর্জ্জরীভূত হইয়াছে। রেইলওয়ে কার্য্যের বড় ব্যাঘাত উপস্থিত হইয়াছে। এমত সময়ে ভক্ত স্থলে কুইনাইনের অত্যন্ত প্রাদুর্ভাব হইয়া উঠিয়াছে। যাহা পাওয়া যায় তাহাও অত্যন্ত দুর্মূল্য।

দিল্লীগেজট পত্র পাঠে অবগত হওয়া গেল তথাকার ফিনান্সিয়েল ডিপার্টমেণ্টের কমিসনর সাহেবের বৃহৎবৃহৎ বাঙ্গাদ পুনঃসংস্কৃত করিবার প্রস্তাব করিয়াছেন। বোধ হয় অবিলম্বেই সে সকল রাজ গৃহ পুনর্ব্বার নির্ম্মিত ও সংশোধিত হইবে।

প্রেরিত পত্র।

শ্রীযুত প্রভাকর কায়কেষু।

ইংরাজী নূতন বৎসর।

পয়ার।

খৃষ্টিয়ান নব বর্ষ হইল উদয়।
খৃষ্টিয়ান জাতি হলো, প্রফুল্ল হৃদয়॥
খৃষ্টের লিখিত কথা, স্মরিয়া অন্তরে।
পুলকে ভক্তের চক্ষে, শত ধারা ঝরে॥
জনম মরণ আদি, অপূর্ব্ব কথন।
নভূত ভবিষ্যতে, হয়েছে ঘটন॥
কুমারী মেরীর গর্ভে, আত্মার সঞ্চারে।
আবির্ভাব হন ঈশু, মানব স্বভাবে॥
রাম অবতার সম, সন্ন্যাসির বেশ।
চির দিন পরিগর্হ, দিয়ে উপদেশ॥
অলৌকিক ক্রিয়া কত, করিল বিশেষ।
রাজার আজ্ঞায় শেষ, প্রাণ অবশেষ॥
ক্রুসের কঠোর ক্রুসে, হইল নিধন।
গুরুহন্তা বলি বলি, করিল রোদন॥
নির্দ্দয় ইহুদী জাতি, প্রাপ্ত প্রতিফল।
অদ্যাবধি নানাস্থানে, হতেছে বিফল॥
অনুপম শাস্ত্র কথা, এমন না হেরি।
একেবারে বোধচক্ষে, রাখিয়াছে ঘেরি॥
ধরণীর মত যত, গেল রসাতল।
ক্রমশঃ খৃষ্টের দল, হতেছে প্রবল॥
বর্ষেই এই বর্ষে, কর্ষে মনঃক্ষেত্রে।
ফল তোরে হর্ষে ধারা, বর্ষে পাত্র নেত্রে॥
পাইয়া নবীন বর্ষ, নতে সাহেব।
কোন মতে পূর্ণ করে, জেকেটের জেব॥
পরিস্কার সৌত বস্ত্র, করি পরিধান।
প্রফুল্ল বদনে করে, ঈশু-গুণ গান॥
গির্জ্জার দরজায়, হতেছে বাহার।
ঘরে ঘরে ডুলিতেছে, গাঁদাকুল হার॥
দেবদারু পল্লবে ফটক বিরচিত।
ধবল আকাশ যেন, নীরদে শোভিত॥
অপরূপ বেশ ভূষা, ধরি যত মেম।
অপ্সরী কিন্নরীপ্রায়, দিতেছেন সেবা॥
হৃদয়কে পরিপূর্ণ, করে নানা খানা।
খৃষ্ট মস কেক আদি, কত কারখানা॥
শোভিছে কুহক কেক, মেকর উপর।
জলধি জলেতে যেন, মন্দর শিখর॥
পুলকেতে ডোব বালোক, নাচিয়া বেড়ায়।
মিস সব পেয়ে লব, আনন্দে গীত গায়॥
নিরূপম স্বাদুতম, ভাবে গীত ভরা।
বাজিছে মধুর বাদ্য, বড় দিন ত্বরা॥
বড়দিন যা নয়া যাবেক, বরাবর।
ধরিল মোহন বেশ, হয়ে ছুটি নর।
ছুজুরে হাজির হয়ে, চাহিছে বকসিস।
জোনেবালি খুসিহবে, বকসিস॥
ভিক্ষক চাহিছে ভিক্ষা, দ্বারে দ্বারে ফিরি।
"গিবমিডেস আম,, দেহ কাহে করি॥
এইরূপ নানা গোল, কিরিঙ্গি সে নাচে।
কত কথা তোলাপাড়া, পাড়ায় পাড়ায়॥
মদ্যপানে মত্ত হয়ে, যত সব টম।
দেদার উদার চিত্ত, বায় ভরে ধন॥
ত্রিভঙ্গ ভঙ্গিমা হয়ে, পায়ে নেচে ডান্স।
খৃষ্টের মরণ স্মরি, কাঁদে আঁখি অন্ধ॥
কমলা কপির শাক, কাবাট পরোটা।
বিলাতি খাজার ওলা, মিছরির বাটা॥
ডুমন্দর পারাগ্রাস, ফরাসিস পিস।
ভেটকী কাতালা আদি, নানা রকমিস॥
বাদাম বেদানা পেস্তা, আখরোট খোবানি।
কত মত মোরব্বা, পিয়েল নেচ ফ্রাঁ॥
নানাবিধ মেঠাই, সুখাদ্য দ্রব্য কত।
লিখিতে লেখনী মুখ, লাজে হয় নত॥
ক্যাপি হয় রাম আর, ঘটিবে কত।
ঋষির বিদায় বিনে, করে কত॥
কি বাহার চমৎকার, মেজের উপর।
চিত্র হয়া চিত্র করা, মনোহর॥
ইত্যাদি অপূর্ব্ব ভেট, সাজায়ে ডিস।
প্রেমিকে প্রণয় ভাবে, দেয় বড় মিস॥
অপরূপ তিন দিন, করিল বিহার।
চতুর্থ দিবসে খৃষ্ট, দীক্ষার বিধান॥
পূর্ব্বমত ঘটা ঘোর, আমোদ পাঠকেরা, দেখ সবে।
সে আমোদ পাঠকেরা, দেখ সবে।
পাঠিকে, কিসের চিন্ত, আজ মার মন।
এতদূরে শেষ হলো, খৃষ্টমস পর্ব্ব।

কস্যচিৎ উইলসনের হোটেলের মজুরস্য।

ওলড্ কোর্ট হৌসষ্ট্রিট।

Printed and published by, Ramchunder Goorto at the *Probhakar Press*

সংবাদ প্রভাকর

প্রাতঃকালীন।

এই প্রভাকর পত্র প্রতিবার ব্যাকীত প্রতি মঙ্গলবার, বৃহস্পতিবার ও শনিবার প্রাতঃকালে ডাকযোগে চুর্গাচরণ মিত্রের ষ্ট্রিটে ৬৫ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥*॥*॥ সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*॥ উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*॥

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিচ্ছ্যেনং ভ্রাম মতদ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ। অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্ত চতুরস্বাস্তদ্বিরেফাবরসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা। তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮২০৭ সংখ্যা] মঙ্গলবার ২০ পৌষ ১২৬৬ সাল। ইং ৩ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সরিফ সেল।

সকলকে সমাচার দেওয়া যাইতেছে যে আগামী ১২ জানুয়ারি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিমকোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের বিরুদ্ধে আসিয়স্ রিট অব ফাইরাই ফেসিয়স নামক পরওয়ানির ক্ষমতানুসারে পব্লিক সেলে অর্থাৎ প্রকাশ্য নিলাম দ্বারা নিম্নলিখিত বিষয় সকল বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার বাগবাজারের বদন সিংহের বাগান নামক স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহাতে রাইয়ত বিলি আছে ভূমি অনুমান ।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

২ দফা। বিশেষতঃ জেলা ২৪ পরগণার অন্তঃপাতি কলিকাতা পরগণার বরাহ নগর নামক গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা পরিবারের বসতি বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি ও তাহাতে একটী পুষ্করিণী আছে এবং তাহার চতুর্দ্দিকে নানা জাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ৩৸০ তিন বিঘা পোনেরো কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

৩ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহ নগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি সাধারণে যাহাকে বড় বাগান বলে, ও তাহাতে এক ইষ্টক নির্ম্মিত একতালা বৈঠক খানা বাটী আছে এবং তাহাতে এক পুষ্করিণী আছে তাহার চতুর্দ্দিকে নানাজাতীয় বৃক্ষ আছে, ভূমি অনুমান ২৪/০ চব্বিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার

১৫০ এক শত পঞ্চাশ টাকা, এবং দ্বিতীয় ভাগের নিমিত্ত আমাকে ২০০ দুই শত টাকা পারিতোষিক দিয়া উৎসাহ প্রদান করিয়াছেন। পরমেশ্বর এই সমাজের রক্ষক এবং প্রতিপোষকদিগের দিনং সমৃদ্ধি ও উৎসাহ বৃদ্ধি করুন, তাহা হইলে আমা অপেক্ষা উত্তমোত্তম গ্রন্থকার উত্তমোত্তম অভিনব গ্রন্থ প্রণয়ন করিয়া বঙ্গভাষা এবং বঙ্গদেশের শ্রীবৃদ্ধিসাধন করিবেন।"

শ্রীমধুসূদন মুখোপাধ্যায়।"

কেহার ও সারণ প্রভৃতি স্থানে এক্ষণে জ্বর রোগের অত্যন্ত প্রাদুর্ভাব হইয়াছে। নিত্য নিত্য বহু প্রাণির প্রাণবিয়োগ হইতেছে। রকসরের রেলওয়ে এষ্টেবলে নিযুক্ত ৩৫০ কুলির মধ্যে প্রায় ইশত কুলির অধিকাংশেরই শরীর জ্বরে জর্জ্জরীভূত হইয়াছে। রেইলওয়ে কার্য্যের বড় ব্যাঘাত উপস্থিত হইয়াছে। এমত সময়ে তত্র স্থলে কুইনাইনেরও মহার্ঘ্য অপ্রতুল হইয়া উঠিয়াছে। যাহা পাওয়া যায় তাহাও অত্যন্ত দুর্মূল্য।

দিল্লীগেজট পত্র পাঠে অবগত হওয়া গেল তথাকার ফিনান্সিয়েল ডিপার্টমেণ্টের কমিসনর সাহেবের বৃহৎবৃহৎ বাসাদ পুনঃসংস্কৃত করিবার প্রস্তাব করিয়াছেন। বোধ হয় অবিলম্বেই সে সকল রাজ গৃহ পুনর্ব্বার নির্ম্মিত ও সংশোধিত হইবে।

প্রেরিত পত্র।

শ্রীযুত প্রভাকর কার্য্যকর্ত্তৃ।
ইংরাজী নূতন বৎসর।
পয়ার।

খৃষ্টিয়ান নব বর্ষ, হইল উদয়।
খৃষ্টিয়ান জাতি হলো, প্রফুল্ল হৃদয়॥
খৃষ্টের বিচিত্র কথা, স্মরিয়া অন্তরে।
পুলকে ভক্তের চক্ষে, শত ধারা ঝরে॥
জনম মরণ আদি, অপূর্ব্ব কথন।
নভূত নভবিষ্যতে, হয়েছে ঘটন॥
কুমারী মেরীর গর্ভে, আত্মার প্রভাবে।
আবির্ভাব হন ঈশু, মানব স্বভাবে॥
রাম অবতার সম, সম্ভবির বেশ।
চির দিন করিগত, দিয়ে উপদেশ॥
অলৌকিক ক্রিয়া কত, বিল বিশেষ।
রাজার আজ্ঞায় শেষ, প্রাণ অবশেষ॥
কাতরে কঠোর ক্রুসে হইল নিধন।
পরক্ষণে নিজ বলে, করিল রোদন॥
নির্দ্দয় ইহুদী জাতি, প্রাপ্ত প্রতিফল।
অদ্যাবধি দেশান্তরে, হতেছে বিফল্য॥
অনুপম খ্রীষ্ট কথা, এমন না হেরি।
একেবারে বোধ হচ্ছে, রাখিয়াছে ঘেরি॥
ধরণীর যত যত, গেল রসাতল।
ক্রমশঃ খৃষ্টের দল, হতেছে প্রবল॥
বর্ষে বর্ষে এই বর্ষে, কর্ষে মনঃক্ষেত্রে।
ফল হেরি হর্ষে ধারা, বর্ষে পাদ্রি নেত্রে॥
পাইয়া নবীন বর্ষ, নতে সাহেব।
কোন মতে পূর্ণ করে, ক্রেকেটের জেব॥
পরিষ্কার ধৌত বস্ত্র, করি পরিধান।
প্রফুল্ল বদনে করে, ঈশু-গুণ গান॥
শিরিজার দরজায়, হয়েছে বাহার।
থরে থরে ঝুলিতেছে, গাঁদাফুল হার॥
দেবদারু পল্লবে ফটক বিরচিত।
ধবল আকাশ যেন, নীরদে শোভিত॥
অপরূপ বেশ ভূষা, ধরি যত মেম।
অপ্সরী কিন্নরীগণে, দিতেছেন সেম॥
ভক্তরসে পরিপূর্ণ, করে নানা খানা।
খৃষ্ট সম কেক আদি, কত কারখানা॥
শোভিছে বৃহৎ কেক, মেজর উপর।
সজ্জিত সুকেশ্যেতথা, মন্দর শিখর॥
পুষ্পস্তবে বারালোক, সাজিয়া বেহাল।
মিস সব পেয়ে লব, লয়সংখ্য॥
নিরুপম আয়োজন, তাহে কীর্ত্তি।
বাজিছে মধুর বাদ্য, বড় ভাল গীত॥
বহুদিন যা নয়া যতেক, বুঝান।
ধরিল মোহন বেশ, হয়ে হৃষ্ট মন॥
ছজুরে হাজির হয়ে, চাহিছে বকসিস।
জোনেবালি খুসিরহো, বকিস্॥
লিখক চাহিছে লিখন, দাবে বাঁধা আছি।
"বিলডেস আম, দেহ করে তাহি॥
এইরূপ নানা গোল, যিনি যে ভাষায়।
কত কথা তোলাপাড়া, পড়ায় কে হায়॥
মদ্যপানে মত্ত হয়ে, যত মদ্য চীফ।
দেদার উদার চিত্তে, বাড়ে অহঙ্কার॥
ত্রিভঙ্গ ভঙ্গিমা হয়ে, পাদে দেয় ভর।
খৃষ্টের মরণ স্মরি, কাঁদে কদাচার॥
কমলা কপির শাক, আলুবট সাজে।
বিলাতি খাজার ওলা, মিষ্টান্ন বিরাজে॥
ডুকদ্দর পারাগ্রাস, ফরাসিস দিন।
চেউটী কাতলা আদি, নানা রূপ মীন॥
বাদাম বেদানা পেস্তা, আদর বাড়ায়।
কত মত মেওয়া, পিকেল কে হায়॥
ন্যারিষ শেষ্ট ই, সুধারা সুরস।
লিখিতে চলেনী মু খ, লাগে ভয়॥
জ্যাম ইলম র্যাম আর, অপর বিস্তর।
কি বাহার চমৎকার, দেখে হয় চিত্ত হরা চিত্ত করা, মনে হয় যে॥
ইত্যাদি অপূর্ব্ব ভেট, সাজান টেবিল।
প্রেমিকে প্রেমের ভাবে, দেয় মহফিল॥
অপরূপ ভিক্ষ, ভিন্ন, করিল গমন।
চতুর্থ দিবসে খৃষ্ট, দীক্ষার বিধান॥
পূর্ব্বৎ ঘটা ঘোর, লারিয়ন্ত্র ধ্বনি।
সে আমোদ পাঠকেরা, দেখ মনে॥
পাঠক দিবস ভিন্ন, অন্যত্র মজা।
এতদূরে শেষ হলো, ঘটনার পালা॥

কস্যচিৎ উইলসনের হোটেলে মজাদার
ওলড্ কোর্ট হোগমিট্।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhachar Press*

সংবাদপ্রভাকর

দৈনিক।

১২৬৩

২৬

এই প্রভাকর পত্র প্রতিদিবস রাত্রীতে প্রতি গৃহে কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোগলকুড়িয়ার ৺গীচরণ সিকদার ষ্ট্রীটে ৪৫ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক মুদ্রিত হয়।

॥*॥*॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*॥
॥*॥*॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নরপ্রভাকরঃ *॥*॥*॥

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভৃংগং ভ্রাম্যতভ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ।
অন্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরাস্তদ্বিরেফারয়ঃ॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮২০৭ সংখ্যা] মঙ্গলবার ২০ পৌষ ১২৬৬ সাল। ইং ৩ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সরিফ সেল।

সকলকে সমাচার দেওয়া যাইতেছে যে আগামী ১২ জানুয়ারি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিমকোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের বিরুদ্ধে আনিয়াস্ রিট্ অব ফাইরাই ফেসিয়াস নামক পরওয়ানার ক্ষমতানুসারে পব্লিক সেলে অর্থাৎ প্রকাশ্য নিলাম দ্বারা নিম্নলিখিত বিষয় সকল বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার বাগবাজারের বদন সিংহের বাগান নামক স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহাতে রাইয়ত বিলি আছে ভূমি অনুমান ॥০ দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

২ দফা। বিশেষতঃ জেলা ২৪ পরগণার অন্তঃপাতি কলিকাতা পরগণার বরাহ নগর নামক গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা পরিবারের বসতি বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি ও তাহাতে একটা পুষ্করিণী আছে এবং তাহার চতুর্দ্দিকে নানা জাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ৩৸০ তিন বিঘা পোনেরো কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার

৩ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহ নগর নামক গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি সাধারণে যাহাকে বড় বাগান বলে, ও তাহাতে এক ইষ্টক নির্ম্মিত একতালা বৈঠক খানা বাটী আছে এবং তাহাতে এক পুষ্করিণী আছে তাহার চতুর্দ্দিকে নানাজাতীয় বৃক্ষ আছে, ভূমি অনুমান ২৪/০ চব্বিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার

ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

৪ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহনগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভাড়াটিয়া ভূমি অনুমান ।।৩ তেরো কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

৫ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহ নগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি যাহা বৈজ্ঞবী বাগান নামে বিখ্যাত ও তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে, ও তাহা রাইয়ত বিলি আছে ভূমি অনুমান ২।০ দুই বিঘা পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

৬ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহ নগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভাড়াটিয়া ভূমি ও তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ২/২ দুই বিঘা দুই কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

৭ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহ নগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি ও তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে ও তাহাতে রাইয়ত বিলি আছে ভূমি অনুমান অর্দ্ধ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

৮ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহ নগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি ও তাহাতে এক পুষ্করিণী ও তাহাতে ইষ্টক নির্ম্মিত ঘাট আছে এবং তাহার চতুর্দ্দিকে নানাজাতীয় বৃক্ষ আছে ভূমি অনুমান ২।।০ দুই বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

৯ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহনগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি তাহাতে এক ইষ্টক নির্ম্মিত দোতালা বৈঠকখানা বাটী আছে, এবং এক পুষ্করিণী ও তাহার চতুর্দ্দিকে নানাজাতীয় বৃক্ষ আছে, ভূমি অনুমান ১৪/ চৌদ্দ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১০ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহনগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি তাহাতে এক ইষ্টক নির্ম্মিত দোতালা বৈ

...নানা বাটী এবং তাহাতে নানা...য় বৃক্ষ আছে, ভূমি অনুমান ...চৌদ্দ বিঘা তাহা কিছু কমী ...বা বেশী হউক তাহাতে ও তা...মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত ...মী শ্রীমতী কৃষ্ণমনী দেবী শ্রীমতী ...মনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী ...ও শ্রীমতী শিবসুন্দরী দেবী ...আনন্দলাল মুখোপাধ্যায়ের ...ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে ...উপরের লিখিত কাল ও স্থান ...নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১১ দফা। বিশেষতঃ প্রাগুক্ত ...ও পরগণার বরাহনগর নামক ...র সামিল ও তন্মধ্যস্থিত যে ...খণ্ড ও বন্দ বাগান ভূমি তাহা...এক একতালা বৈঠকখানা বাটী ...তাহাতে নানাজাতীয় বৃক্ষ ...ছে, ভূমি অনুমান ১১/ এগারো ...তাহা কিছু কমী হউক বা বেশী ...তাহাতে ও তাহার মধ্যে ও ...র উপর প্রাগুক্ত আসামী ...ী কৃষ্ণমনী দেবী শ্রীমতী গৌর...দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ...শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং ...নন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ...অধিকার ও সম্পর্ক আছে তাহা ...রের লিখিত কাল ও স্থান ও ...নুসারে বিক্রয় হইবেক।

১২ দফা। বিশেষতঃ প্রাগুক্ত ...ও পরগণার বরাহনগর নামক ...র সামিল ও তন্মধ্যস্থিত যে ...খণ্ড ও বন্দ ভূমি তাহাতে নানা...য় বৃক্ষ আছে, এবং যাহাতে ...বিলি আছে, ভূমি অনুমান ...কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

১৩ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহনগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি ও তাহাতে এক পুষ্করিণী আছে, এবং যাহা গঙ্গানারায়ণ নাগের পরিবারের বসতি বাটী নামে বিখ্যাত ভূমি অনুমান ১।২ এক বিঘা সাত কাঠা ও যাহা /দুই বিঘা চৌদ্দ কাঠা ভূমির অর্দ্ধাংশ তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমণি দেবী ও শ্রীমতী গৌরমনী দেবি শ্রীমতী পঞ্চাননী দেবি শ্রীমতি শি... দেবি এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

১৪ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহনগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা পরিবারের বসতি বাটী ও তাহাতে এক পুষ্করিণী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি এবং তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে, ভূমি অনুমান ৩/ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

১৫ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলা ও পরগণার বরাহনগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১।।০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রয় হইবেক।

১৬ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলার অন্তঃপাতি আলমবাজার পরগণার বরাহনগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বা বন্দ বাগান ভূমি ও তাহাতে এক ইষ্টক নির্ম্মিত একতালা বৈঠকখানা বাটী আছে ও তাহাতে এক ইষ্টক নির্ম্মিত ঘাট বিশিষ্ট পুষ্করিণী আছে এবং তাহার চতুর্দ্দিগে নানাজাতীয় বৃক্ষ আছে, ভূমি অনুমান ৬।।০ ছয় বিঘা দশ কাঠা তাহা কিছু কমী

হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৭ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলার অন্তঃপাতি আলমবাজার পরগণার বরাহনগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত একতালা পরিবারের বসতি বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি ও তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে, ভূমি অনুমান ১।।০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক, তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৮ দফা। বিশেষতঃ প্রাগুক্ত জেলার অন্তঃপাতি আনরপুর পরগণার বনহুগলি নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি তাহাতে এক পুষ্করিণী আছে, ও তাহার চতুর্দ্দিগে নানাজাতীয় বৃক্ষ আছে, ভূমি অনুমান ১২/০ বারো বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও মতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৯ দফা। বিশেষতঃ ২৪ চব্বিশ পরগণার অন্তঃপাতি বরাহনগর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি ও তাহাতে এক পুষ্করিণী এবং এক একতালা বাটী আছে, ভূমি অনুমান ১।।০ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও শ্রীমতী পঞ্চাননী দেবী ও শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২০ দফা। বিশেষতঃ বেলিয়া ঘাটার সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি যাহা চিংড়িহাটা নামে বিখ্যাত তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর প্রাগুক্ত আসামী শ্রীমতী কৃষ্ণমনী দেবী ও শ্রীমতী গৌরমনী দেবী ও মতী পঞ্চাননী দেবী শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং আনন্দলাল মুখোপাধ্যায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তা[illegible] উপরের লিখিত কাল ও স্থান [illegible] নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২১ দফা। বিশেষতঃ [illegible] পরগণার মেডনমোলা এবং [illegible] কুলির সামিল ও তন্মধ্যস্থিত [illegible] কয়েক খণ্ডে ৩৩৮ তিন শত আ[illegible] ত্রিশ বিঘা ব্রহ্মত্তর ভূমি আ[illegible] যাহা ৫০৮ পাঁচ শত আট বি[illegible] ব্রহ্মত্তর ভূমির তৃতীয়াংশের দুই[illegible] হয় তাহাতে তাহার মধ্যে ও [illegible] হার উপর প্রাগুক্ত আসা[illegible] শ্রীমতী কৃষ্ণমনি দেবী ও শ্রী[illegible] গৌরমনি দেবী শ্রীমতী [illegible] শ্রীমতী শিবসুন্দরী দেবী এবং [illegible] নন্দলাল মুখোপাধ্যায়ের যে [illegible] ও অধিকার ও সম্পর্ক আছে [illegible] উপরের লিখিত কাল ও স্থান [illegible] নিয়মানুসারে বিক্রীত হইবেক।

বিক্রয়ের অন্যান্য [illegible] সরিকের দপ্তরেখানায় [illegible] করিলে জানিতে পারিবেন।

G. [illegible]

কলিকাতা
২৪ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন [illegible] সাধারণকে জ্ঞাত [illegible] যাহারা আপনাপন [illegible] দিগকে বেকসিনেট অর্থাৎ ইং[illegible] মতে গোবীজে টিকা দিবার [illegible] লাষ করেন চৌরঙ্গির রাস্তার [illegible]

ভবনে সুপরিণ্টেণ্ডেণ্ট জেনের আর ভ্যাকসিনেশন অর্থাৎ উপ্রকার টিকা দিবার কার্য্যের সর্ব্বাধ্যক্ষ সাহেবের নিকটে প্রর্থনা জানাইবেন।

J. MACPHERSON,
Superintendent General of Vaccination.
জে. মেকফার্সন
[illegible]
সর্ব্বাধ্যক্ষ

No 21
Chowringhee Road,
[illegible] 1st October,
1859

বিজ্ঞাপনা

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মহানগর কলিকাতার আরমানিয়ান ষ্ট্রিটের মধ্যে ৪৩ নম্বরের বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা হইবেক তাহা কেহ ক্রয় না করেন অথবা বন্ধক না রাখেন কারণ ঐ বাটী নিমালয়র মদিনা সাহেবের কারম দ্বারা সিউলাল মতিলালের নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একাডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ [illegible] শিক্ষকের প্রয়োজন হইয়াছে [illegible] আকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকো ৩৪।১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত [illegible] চরণ দত্তের নিকট উপস্থিত হইলে সমাদেশ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।

বিজ্ঞাপন

আফ্রিকা দেশের বাঙ্গালা মানচিত্র প্রস্তুত হইয়াছে তাহা কলিকাতা স্কুলবুক সোসাইটীতে সংস্কৃত ও বাঙ্গালা যন্ত্রের পুস্তকালয়ে এবং কালেজ ষ্ট্রীটে ৯ সংখ্যক বাঙ্গালা পুস্তকালয়ে বিক্রয়ার্থ আছে। প্রত্যেক খণ্ডের মূল্য ৫ পাঁচ টাকা মাত্র ইতি। ২৯ দিসেম্বর ১৮৫৯।

শ্রীগোপালচন্দ্র বসু।

সংবাদ প্রভাকর

২০ পৌষ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

এবারকার মেইলের যে সংবাদ টেলিগ্রাফ সহযোগে রাজধানীতে আসিয়াছে, যদিও তাহা পূর্ব্বের ন্যায় ভয়াবহ নহে, তথাচ ইংরাজ ও ফ্রেঞ্চ জাতির পরস্পর সংগ্রাম ঘটনার যে সংবাদ পূর্ব্বে আসিয়াছিল তাহা এপর্য্যন্ত অসত্যরূপে প্রতিপন্ন হয় নাই, উভয় জাতিই অতিশয় মনোযোগী হইয়া সৈন্য ও রসতরীর [illegible] করিতেছেন, সামরিক [illegible] প্রস্তুত হইতেছে, [illegible] সংবাদ পত্র সম্পাদক [illegible] দ্বেষ মূলক অভিপ্রায় [illegible] য়াছিলেন, মহারাজ লুইস নেপোলিয়ান বাহাদুর তাহা অবগত হইয়া যদিও নিষেধ করিয়া দিয়াছেন কোন২ সংবাদ পত্র সম্পাদকের প্রতিকূলে ঐ কারণে রাজদ্বারে অভিযোগ হইয়াছে, তথাচ ঐ সংগ্রাম বিষয়ে মহারাজ লুইস নেপোলিয়ান বাহাদুরের কি রূপ অভিপ্রায় তাহা কিছুই জানাযায় নাই, একদল ফ্রেঞ্চ সৈন্য অবিলম্বে চীনদেশের সংগ্রামার্থ প্রেরিত হইবেক, তাহার আয়োজন হইতেছে, ইংরাজ ও ফ্রেঞ্চ সেনাদল একত্রে মিলিত হইয়া চীনদেশ আক্রমণ করিবেক, কঠিন চীনদেশে যে সকল ফ্রেঞ্চ সৈন্য আছে মহারাজ লুইস নেপোলিয়ান বাহাদুর তাহারদিগকেও সংগ্রাম স্থলে উপস্থিত হইরবার আদেশ করিয়াছেন।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the Probhakur Press

125-218
৪৪৫

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

126 219

এই প্রভাকর পত্র ...বার ব্যতীত প্রতি ... কলিকাতা সিমু ... অংশপাতি হো ... কুড়িয়ার দুর্গাচরণ ... ষ্ট্রিটে ৪২ নং ... সম্পাদক শ্রীযুত ... গুপ্তকর্ত্তৃক প্র ... হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*

॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধার্কাতরাং অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের আগ্রিম মূল্য ১৬ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকা মাত্র।

৮০৮ সংখ্যা। বুধবার ২১ পৌষ ১২৬৬ সাল। ইং ৪ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকল ...ক সাবধান ও সতর্ক করা যাইতেছে ...য় মহানগর কলিকাতার আরমানি ...ান ষ্ট্রিটের মধ্যে ৪৩ নম্বরের ...টী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ...বন্দ ভূমি অনুমান ৷৩ আট কাঠা ...ইবেক তাহা কেহ ক্রয় না করেন ...থবা বন্ধক না রাখেন কারণ ঐ ...টী নিরালয়ব মদিনা সাহেবের ...রম দ্বারা সিউজাল মতিলালের ...নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হই...য়াছে।

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একাডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ তিন চারি জন শিক্ষকের প্রয়োজন হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪।১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরুচরণ দত্তের নিকট উপস্থিত হইলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।

২২ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন

মনোরঞ্জন পাঠ নামক পুস্তক মুদ্রিত হইতেছে, অতি ত্বরায় প্রকাশিত হইবেক। যাহারদিগের প্রয়োজন হইবেক, তাঁহারা নেবুতলার গলিতে শ্রীলশ্রীযুক্ত রসিকলাল দাস পালিত মহাশয়ের বাটীতে তত্ত্ব করিলে পাইতে পারিবেন মূল্য স্বাক্ষরকারির প্রতি ।০ আনা তৎভিন্ন পাঁচ আনা নির্দ্ধারিত করা গেল ইতি।

গ্রন্থ প্রকাশক।

শ্রীহরিশ্চন্দ্র দাস পালিত।

বাটীর নং ৬

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যে আগামী ৩ জানুয়ারি মঙ্গলবার অবধি গবর্ণমেণ্টের পাঠশালা ৺বাবু শ্রীকৃষ্ণ মল্লিকের জোড়াসাঁকোর বাটীতে বসিবেক, চারি অবধি বার বৎসর বয়স্ক পর্য্যন্ত বালকদিগের বিশেষ ২ শ্রেণিতে নিবিষ্ট হইবার অধিকার আছে. প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বালকেরা বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইলে হিন্দু কালেজে (এক্ষণকার হিন্দুস্কুলে) বিনা বেতনে পড়িতে পারিবেক। পাঠশালার মাসিক বেতন ৸০।

বিজ্ঞাপন।

গোলাপকান্ত।

গোলাপকান্ত নামে অভিনব একখানি সরস কাব্য রচিত হইয়াছে এই সুমিষ্ট কাব্য দেখিয়া অনেকে সন্তুষ্ট হইয়াছেন। অতএব আমি সেই উৎসাহকে অবলম্বন করিয়াই গোলাপকান্ত গ্রন্থ মুদ্রিত ও বিচরিত করিলাম ইহার মূল্য ॥০ আট আনা। গ্রহণার্থীরা প্রভাকর যন্ত্রে অথবা সিমুলিয়ার সুদ্ধেন ষ্ট্রীট ৩৪ নং বাটীতে বি,ভট্ট চার্য্য কোম্পানির পত্রিকা যন্ত্রে পত্র পাঠাইলে প্রাপ্ত হইবেন।

শ্রীকানাইরাম দাস।

৪৪৬

বিজ্ঞাপন।

হালিসহর নিবাসি বিখ্যাত চিকিৎসক শ্রীযুক্ত বামাচরণ বরাট নিদানোক্ত সমুদায় প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করিয়া বহু পরিশ্রম ও অর্থ ব্যয় স্বীকার করিয়া সম্প্রতি মকরধ্বজ রসসিন্দূর ও ছাগলাদি ঘৃত ও মাস তৈল প্রস্তুত করিতেছেন। এতাদ্ভন্ন কাস গ্রহণী পুরাতন জ্বর পীহা অগ্নিমান্দ্য প্রভৃতি বহু প্রকার কঠিন রোগোপশম করণের মহৌষধ সকল প্রস্তুত করা হইয়াছে যাঁহার প্রয়োজন হয় হোগোলকুঁড়িয়ার অন্তঃপাতি শ্রীযুক্ত বাবু শিবচন্দ্র গুহ মহাশয়ের স্থাপিত ৺ কালী বাটীর সম্মুখস্থ ভবনে তাঁহার বাসায় তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

২১ পৌষ শকাব্দা: ১৭৮১। বিক্টোরিয়াব্দ:২

প্রদেশবাসি নীলকর ও জমিদারেরা আপনাপন কার্য্যোদ্ধার নিমিত্ত প্রজাদিগের প্রতি সময়েং অত্যাচার করিয়া থাকেন, এবিষয় প্রমাণ করিবার বড় অপেক্ষা নাই প্রদেশীয় বিচারালয়ে যে সকল মোকদ্দমা হইয়া থাকে, তাহাতেই তাহা বিলক্ষণ রূপে প্রকাশ আছে। হপ্তম এবং পঞ্চম এই উভয় আইন তাঁহারদিগের সেই অত্যাচার করিবার ক্ষমতা স্বরূপ হইয়াছে, কোন ব্যক্তি তাঁহারদিগের অনুমতি অমান্য করে এবং অল্প বেতনে কার্য্য করণে অসম্মত হয় তবে তাঁহারা সেই ব্যক্তির প্রতিকূলে কালেক্টরি কাছারি হইতে পঞ্চম আইন অনুসারে পরওয়ানা বাহির করিয়া তাহাকে বিশেষরূপে অপমানিত এবং প্রহার করিয়া কারাবদ্ধ করেন, পঞ্চমের মোকদ্দমা যথার্থ বিচার প্রায় হয় না, জমিদার ও নীলকর সাহেবেরা এই আইনের দ্বারা আপনাপন প্রভুত্ব স্থাপনে বিলক্ষণ পারগ হইয়াছেন, জমিদারদিগের অপেক্ষা নীলকরদিগের অত্যাচার অধিক হয়, তাহারা রাজার জাতি ও রাজার জ্ঞাতি বলিয়া অভিমান ভরে প্রদেশ মধ্যে এক প্রকার স্বেচ্ছাচারি হইয়াছেন, মাজিষ্ট্রেট কি পুলিস সংক্রান্ত অন্য কোন কর্ম্মচারি কাহাকেও ভয় করেন না, তাহারদিগের কুঠিতে প্রজা দিগকে কয়েদ করিবার ভিন্নং কারাগার আছে মেং আর্থর সাহেবের মোকদ্দমা বিবরণেই তাহা প্রকাশ পাইয়াছে তাঁহারদিগের মধ্যে কেহ হপ্তম অথবা পঞ্চম আইন মানা করেন না, এস্থানের কুঠির নিকটে এক জন প্রজাকে ধৃত করিয়া কিছু দিবস রাখিয়া তথায় কারাবদ্ধ করিয়া অন্য স্থানের কুঠিতে প্রেরণ করেন, তাহারদিগের আদেশানুসারে অন্য কুঠির লোক সর্ব্বদা প্রহারাদি করে, তাহাতে অল্পদিবসের মধ্যেই ঐ ব্যক্তির মৃত্যুর সহিত সাক্ষাৎ করিতে হয়, ম্যাজিষ্ট্রেট সাহেবেরা এই অত্যাচার নিবারণের কোন সদুপায় করিতে পারেন না।

আমরা যে কথার উল্লেখ করিলাম ইহার একটি কথাও অযোক্তিক নহে, কমিশ্যনর সাহেব আমারদিগের লেপ্টেনাণ্ট বর্ণর বাহাদুরের আদেশানুসারে বিশেষানুসন্ধান পূর্ব্বক যে এক পত্র অল্প দিবস হইল লিখিয়াছিলেন। তাহাতেই বিলক্ষণরূপে সপ্রমাণ হইয়াছে, বিখ্যাত নীলকর মেং হোয়াইট সাহেবের অধিকার ভুক্ত হঁস খালির নীল কুঠি যাহা এইক্ষণে মেং হ্যাম্পটন সাহেবের কর্ত্তৃত্বাধীনে আছে, সীতলচক তরফদার নামক প্রজা প্রথমতঃ সেই কুঠির যষ্টিধারি লোক দ্বারা ধৃত হইয়া তথা হইতে কুঠির লোকেরা বাঁশবেড়িয়া ইত্যাদি অনেক স্থানের কুঠিতে রাখিয়া পরিশেষে জেলা হাজতের অধীনস্থ সিহরিয়ার কুঠিতে আনয়ন করেএবং সেইখানেই তাহার মৃত্যু হইয়াছে, তিনি যে সকল প্রহার প্রাপ্ত হইয়াছিলেন, তাহাই তাহার মৃত্যুর কারণ হইয়াছে, কমিশনর সাহেব বিশেষ অনুসন্ধান দ্বারা ইহা অবগত হইয়া গবর্ণমেণ্টকে পত্র লিখিয়াছেন। অতএব ঐ ভয়ানক অত্যাচারের বিষয় যখন গবর্ণমেণ্টের কর্ণগোচর হইয়াছে, এবং আমারদিগের বিজ্ঞবর লেপ্টেনাণ্ট বর্ণর মান্যবর মেং এণ্ট সাহেব যখন তাহা জানিতে পারিয়াছেন, যখন এবিষয়ের যথার্থ বিচার করিয়া অপরাধ পক্ষের প্রতি দণ্ড বিধান করা অবশ্য কর্ত্তব্য হইয়াছে, সীতল তরফদারের কোন অপরাধ নাই, তিনি কালেক্টর সাহেবের অনুমতি মান্য না করাতে তিন নির্দ্দয় প্রহারাদি সহ্য করিয়া পরিশেষে অতি ক্লেশে মৃত্যুর সহিত সাক্ষাৎ করিয়াছেন।

সীতল তরফদারের যে প্রকার দুরবস্থা হইয়াছিল, প্রদেশীয় নীল কুঠিতে অনেক প্রজা এইরূপ প্রাপ্ত হইয়া নিধন পাইতেছে, ম্যাজিষ্ট্রেট সাহেবদিগের বক্ষের উপর অতি দিবস এইরূপ ভয়ানক কাণ্ড হইতেছে, কি আশ্চর্য্য তাঁহারা পরিপূর্ণ ক্ষমতাপন্ন হইয়া ইহা নিবারণ করণের কোন সদুপায় করিতে পারেন না। অতএব নীলকরদিগের অত্যাচারের প্রতিকার না হইলে প্রদেশীয় পুলিসের অবস্থা সংশোধন হইবেক না।

বাঙ্গালহরকরা পত্রে কৎসম্পাদক মহাশয় লিখিয়াছেন, যে সিবিল সম্পর্কীয় সুনিপুন কর্ম্মচারি মেং রিভেস্ সাহেব অবিলম্বে কার্য্য পরিত্যাগ করিয়া বিলাত গমন করিবেন যেহেতু তিনি পীড়িত হইয়াছেন, এবং ডাক্তারে তাঁহাকে এদেশে থাকিতে নিষেধ করিয়াছেন, স্বদেশের শীতল জলবায়ু ব্যতীত তিনি সুস্থালাভ করিতে পারিবেন না, মেং রিভেস্ সাহেব একজন বিশেষ উপযুক্ত কর্ম্মচারি, গবর্ণমেণ্টের অধীনে অনেক প্রকার উত্তম কার্য্য নির্ব্বাহ পূর্ব্বক যশোভাজন হইয়া অল্প দিবস হইল ব্যবস্থাপক কৌন্সেলের মেম্বরের পদে অভিষিক্ত হইয়াছিলেন, তাঁহার দ্বারা অনেক সুনিয়মাদি নির্দ্দিষ্ট হইবার প্রত্যাশা আমারদিগের মনে জাগরুক হইয়াছিল, অতএব তাঁহার পীড়ায় ও স্বদেশ গমনের সংবাদ অবগত হইয়া আমরা সাতিশয় অনুতাপিত হইলাম, অধুনা পরমেশ্বরের সমীপে প্রার্থনা করি, যে তিনি নির্ব্বিঘ্নে স্বদেশে উত্তীর্ণ হইয়া সুস্থ হউন।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয়

সমীপেষু।

ইতিপূর্ব্বে যখন আমি কলিকাতায় ছিলাম সে সময় পণ্ডিতবর শ্রীযুত কালীকৃষ্ণ ভট্টাচার্য্য মহাশয় "দিন দিন ক্ষীণ," ও প্রদোষ কি দোষ," এই দুইটী প্রশ্ন পূরণার্থ দেন, তৎকালে আমি যথা সাধ্য পূরণ করি, এবং তদ্বিষয়ে আপনি আমার পূরণ সর্ব্বাগ্রগণ্য করাতে যথেষ্ট বাধিত আছি। এক্ষণে উক্ত পণ্ডিতবর আরো দুইটী প্রশ্ন দিয়াছেন, যদিচ পৌরাণীক বিষয়ে কোন গদ্য পদ্য কি প্রবন্ধ লেখা আমার মতের বিরুদ্ধ, কিন্তু কি করি, উপস্থিত প্রশ্নে তদ্মতাবলম্বি না হইলে চলিল না, যাহা হউক অদ্য এক রকম দুইটী পূরণ পাঠাইলাম। পরে আরো কয়েকটি পাদপূরণ পাঠাইব কৃপাগুণে প্রকটনে চির বাধিত করিবেন।

প্রথম প্রশ্ন।

যথা "মায়াবী নির্ম্মায়া,,

পাদ পূরণ।

যথা।—

ত্রেতাযুগে রামচন্দ্র, সীতার সহিত।
পিতার আজ্ঞায় বন, বনেতে প্রেরিত॥
পঞ্চবটী বনেতে, থাকেন তিন জন।
হেনকালে সূর্পনখা, শুনি বিবরণ।
পরম রমণীরূপ করিয়া ধারণ।
রাম লক্ষ্মণেরে চাহে, করিতে বরণ॥
তাহাতে হতাশ হয়ে, ধরি ভীমবেশ।
দোঁহারে করিতে চায়, উদরে নিবেশ॥
পরেতে পাইয়া সাজা, নাক কাণ কাটা।
কেঁদে কয় দশাননে, গেল মাথা কাটা॥
তোমার ভগিনী হয়ে, হেন লাজ পাই।
আর না বাঁচিব ভাই, দোহাইহ॥
ভিক্ষারি ছুচ্ছোড়া এক, রমণী এনেছে।
কামের কামিনী কোথা, তার কাছে আছে।
চাহিলাম আনিবারে, তারি তব তরে।
ইহাতেই ভিকারিরা, অতি ক্রোধভরে॥
কাটিল দুর্দ্দশা কোরে, সম নাকি কাণ।
কিরূপেতে দাদা আর, দেখাব বয়ান।
শুনিয়া এতেক বাণী, সর্পনখা মুখে।
মারীচ সহিত চলে, বন অভিমুখে॥
রাবণ আজ্ঞায় তথা, মারীচ মায়াবী।
ত্যজিয়া বিরাটমূর্ত্তি, হয় স্বর্ণ ছবি।
সোণার হরিণ হয়ে, পঞ্চবটি বনে।
নানা রঙ্গে ভঙ্গে নাচে, সীতার নয়নে॥
দেখিয়া জানকী কন, রামচন্দ্রে ডেকে।
"কোনমতে আমারে, ধরিয়া দেহ ওকে॥
প্রেয়সীর করিবারে, পূর্ণ মনস্কাম।
ধনুর্ব্বাণ করে করি, চলিলেন রাম॥
কিছু দূরে গিয়া রাম, বধেন তাহারে।
মরণে মায়াবী ডাকে, "মরিরে ভায়রে,,॥
শুনিয়া এরূপ শব্দ, সীতার আদেশে।
লক্ষ্মণ বনেতে যান, রামের উদ্দেশে॥
সেই কালে দশানন, মায়ার প্রভাবে।
লুকাইয়া দশমুণ্ড, যায় যোগি ভাবে॥

ভিক্ষার ছলেতে গিয়া, শিব২ বোলে।
ছলে বলে পলায়, সীতারে কোরে কোলে।
শুনিয়া সকল লোক, করি হায় হায়!
বলে মরি কত মায়া "মায়াবী নির্ম্মায়।।

দ্বিতীয় প্রশ্ন।

যথা—

"সুপতি কুপতি,,

পাদপূরণ।

যথা—

নয় মাস অন্তর্সত্ত্বা, জানকী যখন।
দুর্ম্মুখের মিথ্যা বাক্যে, শ্রীরাম তখন।
নির্দ্দয় নিঠুর হয়ে, বিজনে একাকী।
পাঠান অনুজ সহ, স্বোদার জানকী।।
সে সময় জানকীর, বিলাপের ধ্বনি।
আকাশে উঠিয়া, ভেদ করে দিনমণি।
লক্ষ্মণের হাত ধরে, শ্রীরাম বনিতা।
মনোদুখে কেঁদে কন, "হা জনক পিতা।।,,
কেনবা করিলে পিতা, ধনুর্ভঙ্গ পণ।
নহিলে কি রাম হস্তে, হতেম পতন?।।
ভাল২ আর্য্য পুত্র, কি হবে বল না?।
আমার দুর্ভাগ্যে সুখ, কদাপী হলো না?।।
থিক তব জ্ঞানে, ধিক্ তব ধর্ম্ম কর্ম্মে।
নৃশংস স্বভাবি তুমি, চাকা নরচর্ম্মে।।
ব্যাধেও পুসিয়া পাখি, বধেনা কখন।
প্রিয় পতি হয়ে তুমি, হলে হে এমন।
যে সময়ে দশানন, হরে মোরে বনে।
সে সময়ে বনে২, কান্দিলে কেমনে?।।
ওহে শঠ যে সময়, অশোক কাননে।
ছিলাম একাকী আমি, রাক্ষসী তাড়নে।
সে সময় হনু বাঁছা, গিয়া মম পাসে।
মমাঙ্গুরী লয়ে দেয়, তব উরু পাসে।।
তখন কেমনে তুমি, লইয়া অঙ্গুরী।
আমার শোকেতে কর, বিলাপ মাধুরি।।
অচেতন পদার্থেরে, রেখে বক্ষদেশে।
কত সাধিয়া ছিলা, আমার উদ্দেশে।
হায় ইন্দ্রজিত যবে, মায়া সীতা কাটে।
তখন কিরূপে তব, লৌহ বুক ফাটে।
বুঝিলাম বুঝিলাম, সকল ছলনা।
পুরুষ নির্দ্দয় জাতি, ভুলায় ললনা।
কিম্বা তব দোষ নাই, আমার নিয়তি।
নতুবা হইবে কেন? "সুপতি কুপতি,,।

শ্রীকেশরলাল ঘোষ।
মোং ছাপরা।
জেলা সারণ।

মানাবর শ্রীযুক্ত সংবাদ প্রভাকর সম্পাদক মহাশয় সমীরেষু।

সমুচিত সম্মান পূর্ব্বক নিবেদনমিদং।

এতদ্দেশীয় ভদ্রকুলজগণকে কি কুসংস্কার কুটিল কণ্টকে সমাবৃত করিয়াছে। অনেকেই বিদ্যাবিষয়ে বিমুখ, অথচ অত্যন্ত সুখাভিলাষি কত কত মহাশয় আত্মীয় জনের গলগ্রহ হইয়া নানাপ্রকার নিগ্রহ সহ্য করিতেছেন, তথাচ সাধ্যমত বিষয় কর্ম্মে নিযুক্ত হইবেন না। বিদ্যা বুদ্ধি থাক্ বা না থাক্, কুলমর্য্যাদানুরূপ উচ্চ পদ আশা করিয়া থাকেন। কিন্তু সে কেবল বোবার স্বপ্ন মাত্র, কোন ফল দর্শেনা। অল্প দিন হইল গবর্ণমেণ্টের ফৌজদারী আদালতে নূতন নিয়ম হইয়াছে, যে, শিক্ষিত ও ভদ্র সন্তানদিগকেই জমাদ্দারী দেওয়া যাইবেক। তজ্জন্য উক্ত পদের বেতনও যথোচিত বৃদ্ধি হইয়াছে। কিন্তু কি আক্ষেপের বিষয়? ভদ্র সন্তানেরা বিষয়াভিলাষী ধনিগণের তোষামোদ করিবেন, এবং ইন্দ্রিয়সেবার পরিচারক হইবেন, তথাচ জমাদ্দারী স্বীকার করিবেন না। অনেকেই কহিয়া থাকেন, এরূপ পদে নিযুক্ত হইলে, মান থাকে না। কিন্তু তাঁহারা জানেন না, যদি রত্ন কুস্থানে থাকে, তাহা হইলে তাহার গৌরব নষ্ট না হইয়া বরং স্থানেরই মাহাত্ম্যাধিক্য হয়। তদ্রূপ ভদ্র সন্তানেরা জমাদ্দারী পদে বরণ হইলে তাঁহাদিগের অপমান না হইয়া অধিষ্ঠিত পদেরই গৌরব বৃদ্ধি হইতে থাকে, সন্দেহ নাই। অত্র স্থানে প্রত্যক্ষ একটি দৃষ্টান্ত লিখিত হইতেছে।

লজো ময়মনসিংহের অন্তঃপাতি মাদারিগঞ্জ নিবাসি শ্রীযুক্ত গোপীমোহন চক্রবর্ত্তি মহাশয় সকল শ্রেষ্ঠ ব্রাহ্মণ বিশেষ ভদ্র সন্তান এবং স্বদেশে এক জন মান্য মনুষ্য, তিনি ইতিপূর্ব্বে কয়েক জেলায় ফৌজদারী আদালতে সেরেস্তাদারি কর্ম্মও করিয়াছিলেন। ঘটনা ক্রমে সম্প্রতি পাবনা জেলার অন্তঃপাতি খৌকসার থানার জমাদ্দারি পদে নিযুক্ত হইয়াছেন। এবং অতি ধৃত [illegible] সহিত গবর্ণমেণ্টের কার্য্য নির্ব্বাহ করিতেছেন। তাঁহার অপক্ষপাতও নির্লোভ ব্যবহার দর্শনে অনেকেই তাঁহাকে সাধুবাদ প্রদান করিতেছেন, বস্তুতঃ তাঁহার অসাধারণ গুণ সত্ত্বেই জমাদ্দারি ঘৃণিত পদ হইয়াও বিজ্ঞ জনের আদৃত ও প্রশংসিত হইয়া উঠিয়াছে। অতএব এই লিখিয়াই লিপি শেষ করা কর্ত্তব্য যে সূর্য্য কিরণ ব্যতিত অন্ধকার নাশ হয় না। এবং ভদ্রসন্তান ভিন্ন অন্য কর্ত্তৃক পদের মহিমা বৃদ্ধি পায় না।

নিতান্তাশ্রিত।
শ্রীহরিনাথ মজুমদার।
সাং কুমার খাল।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakar Pres*

সংবাদ প্রভাকর

প্রাতরিদম্

।।।।* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *।।*
।।।।* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *।।*।।*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ।
মুদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্রান্তদ্বিরেফারসং।।

এই প্রভাকর পত্র [illegible] ব্যতীত প্রতি [illegible] কলিকাতা সিমু [illegible] অন্তঃপাতি [illegible] কড়িয়ার দুর্গাচরণ [illegible] ষ্ট্রীটে ৪২ নং [illegible] সম্পাদক শ্রীযুত [illegible] গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।০ আন অগ্রিম ৬টাকামাত্র।

৮০০৯ সংখ্যা। শুক্রবার ২২ পৌষ ১২৬৬ সাল। ইং ৫ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।



গবর্ণমেণ্টের বাষ্পীয়জাহাজের বিজ্ঞাপন

ঢাকা ও আসাম অঞ্চলে বাষ্পীয় জাহাজের গমন।

এক খানা ফ্লাট নামক তরি একখানা বাষ্পীয় জাহাজ দ্বারা টানীত হইয়া আগামি মাসের ১ তারিখে উল্লেখিত স্থানাদিতে গমন করিবেক।

ফ্লেট অর্থাৎ স্থান পেসেজ অর্থাৎ আরোহিদিগের নিমিত্ত ভাড়া লইতে হইলে গবর্ণমেণ্টের বোট আফিসে রীতিমত দরখাস্ত সকল অর্পণ করিতে হইবেক।

মেরিণের সুপ্রেণ্ডেণ্ট সাহেবের অনুমত্যানুসারে।

J, White
Clerk of the Governmet
Boat Office
জে, হোয়াইট
গবর্ণমেণ্টের বোট আফিসের
ক্লার্ক।

৪ জানুয়ারি ১৮৬০ সাল।

বিজ্ঞাপন।

সতর্ককরণার্থ বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মৃত বীরচন্দ্র সাধুখার পুত্র গিরিশচন্দ্র সাধুখা মহা নগর কলিকাতার কালীপ্রসাদ দত্তের ষ্ট্রিটের ৩ নম্বরের বসতি বাটীর অধিকারী হয়েন, ঐ বাটী এইক্ষণে তাহার পূর্ব্বাধিকারিণী কৃষ্ণমণি রাঁড়ের অধিকারে আছে এবং তিনিই তাহাতে বাস করিতেছেন, কিন্তু তাহার প্রতি তাঁহার যে স্বত্ব ও অধিকার এবং সম্পর্ক ছিল তাহা তিনি এক হেবানামা অর্থাৎ দান পত্র দ্বারা উল্লিখিত বীরচাঁদ সাধুখাঁকে প্রদান করিয়াছেন, অতএব ঐ বাটী বিক্রয় করিবার অথবা ভাড়া দিবার কিম্বা অন্য কোন রূপে ব্যবহার করিবার কোন ক্ষমতা উক্ত কৃষ্ণমণি রাঁড়ের নাই, ফলতঃ ঐ বাটীর দলিল পত্রাদি যখন তাঁহার অধিকারে আছে তখন তিনি তাহা আপনার সম্পত্তি বলিয়া আপনার ইচ্ছানুসারে যে কোন রূপে হউক ব্যবহার করিতে পারেন, এই কারণ সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে ঐ বাটীর সম্বন্ধে তাঁহার সহিত উল্লিখিত কোন প্রকার বিষয়ে লিপ্ত হইব না, দলিল পত্রাদি গ্রহণ ও বাটী দখল করিবার মোকদ্দমা উক্ত কৃষ্ণমণি রাঁড়ের বিরুদ্ধে যথারীতি অবিলম্বে উপস্থিত করা যাইবে।

R. M. Thomas.
Soliciter for the said Grees chunder Sadookhan

আর, এম, তামস।
উল্লিখি গিরিশচন্দ্র সাধু খাঁর
পক্ষীয় উকীল।

কলিকাতা
২৮ডিসেম্বর১৮৫৯

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে, যে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলি-

য়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয়ের ধর্ম্ম সম্বন্ধীয় কার্য্যালয়ে এরূপ এক আবেদন পত্র প্রদত্ত হইয়াছে যে মহানগর কলিকাতা নিবাসি মৃত জদুনাথ মল্লিক যিনি এক জন হিন্দু সওদাগর ছিলেন তাঁহার স্থাবর অস্থাবর সমুদয় বিষয় ও বিভবাদির প্রতি কর্ত্তৃত্ব করণের ভারপ্রাগুক্ত মহানগর কলিকাতার মেছুয়া বাজার নিবাসি শ্রীবনমালি মল্লিকের প্রতি সমর্পিত হইল, এবং ইনি মৃত জদুনাথ মল্লিকের জ্ঞাতি সম্বন্ধে দ্বিতীয় ভ্রাতস্পুত্র হয়েন, এবং ঐ মৃত জদুনাথ মল্লিকের পুত্র ব্রজেন্দ্রলাল মল্লিক অপ্রাপ্ত বয়স্ক হয়েন।

A. H. Corbett.
Proctor,
এ, এইচ, করবেট।
উকীল।

কলিকাতা।
২৩ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মহানগর কলিকাতার আরমানিয়ান ষ্ট্রিটের মধ্যে ৪৩ নম্বরের বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা হইবেক তাহা কেহ ক্রয় না করেন অথবা বন্ধক না রাখেন কারণ ঐ বাটী নিনালয়ব মদিনা সাহেবের ফারম দ্বারা সিউলাল মতিলালের নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একাডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ তিন চারি জন শিক্ষকের প্রয়োজন হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪।১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরুচরণ দত্তের নিকট উপস্থিত হইলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।
২২ ডিসেম্বর ১৮৫৯।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যে আগামী ৩ জানুয়ারি মঙ্গলবার অবধি গবর্ণমেণ্টের পাঠশালা ৺বাবু শ্রীকৃষ্ণ মল্লিকের জোড়াসাঁকোর বাটীতে বসিবেক, চারি অবধি বার বৎসর বয়স্ক পর্য্যন্ত বালকদিগের বিশেষ ২ শ্রেণিতে নিবিষ্ট হইবার অধিকার আছে, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বালকেরা বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইলে হিন্দু কালেজে (এক্ষণকার হিন্দুস্কুলে) বিনা বেতনে পড়িতে পারিবেক। পাঠশালার মাসিক বেতন ৸৹।

বিজ্ঞাপন

মনোরঞ্জন পাঠ নামক পুস্তক মুদ্রিত হইতেছে, অতি ত্বরায় প্রকাশিত হইবেক। যাহারদিগের প্রয়োজন হইবেক, তাঁহারা নেবুতলার গলিতে শ্রীলশ্রীযুক্ত রসিকলাল দাস পালিত মহাশয়ের বাটীতে তত্ত্ব করিলে পাইতে পারিবেন নূ[illegible] স্বাক্ষরকারির প্রতি ।০ আনা [illegible] ভিন্ন পাঁচ আনা নির্দ্ধারিত [illegible] গল ইতি।

গ্রন্থ প্রকাশক।
শ্রীহরিশ্চন্দ্র দাস পালিত।
বাটীর নং ৬

সংবাদ প্রভাকর

২২ পৌষ শকাব্দাঃ ১৭৮১ বিক্টোরিয়াদঃ ২

গত শনিবাসরীয় নিউইরা ও প্রেশ নামক সমাচার পত্রে তৎসম্পাদক মহাশয় নেপালের সংবাদ বিষয়ে লিখিয়াছেন, যে, নেপালীয় রাজমন্ত্রী ও প্রধান সেনাপতি জঙ্গ বাহাদুর আশ্রয় প্রদান করাতে অবশিষ্ট বিদ্রোহিরা এপর্য্যন্ত জীবিত ছিল। ব্রিটিস সেনাপতি সাহেব তাহারদিগকে দমন করিতে পারেন নাই। অধুনা জঙ্গ বাহাদুর সসৈন্যে পর্ব্বত হইতে অবরোহণ পূর্ব্বক ঐ বিদ্রোহিদিগকে আক্রমণ করাতে তাহারা জীবনাশা পরিত্যাগ করিয়া সেনাপতিদিগের শরণাগত হইতেছে, গুরখারাও অনেক বিদ্রোহিকে ধৃত করিয়া প্রেরণ করিয়াছে, তাহারা কতকগুলিন রূপবতী যুবতীকে আপনারদিগের শিবিরে রাখিয়াছে, এবং তাহারদিগকে প্রদান করিবেক না, এমত অভিপ্রায় ব্যক্ত করিয়াছে, মন্নু খাঁ সেনাপতি সাহেবকে জানাইয়াছে যে গবর্ণমেণ্ট যদি তাঁহার প্রাণরক্ষা

[illegible]রেন, তবে অর্থ বিষয়ের অনেক [illegible]মাচার ব্যক্ত করিতে পারে, কিন্তু [illegible]ন্নু খাঁর প্রাণ রক্ষা হয় এমত কোন [illegible]ম্ভাবনা নাই, কারণ আমারদিগের [illegible]বর্ণর জেনেরল বাহাদুর মহারাণী [illegible]ংলণ্ডেশ্বরীর আদেশানুসারে যে [illegible]ঘোষণা পত্র প্রকাশ করিয়াছেন, [illegible]হাতে লিখিত আছে, যে সকল [illegible]দ্রোহি ইংরাজ ও বিবি এবং বা[illegible]ক বালিকাদিগকে হত করিয়াছে, [illegible]হারদিগের প্রাণ রক্ষা হইবেক [illegible], যাহারা কোন প্রকার হত্যাকা[illegible]ণ্ড লিপ্ত হয় নাই, কেবল বুদ্ধিদোষে [illegible]দ্রোহিদলে মিলিত হইয়াছে, তা[illegible]রদিগের প্রাণ রক্ষা হইবেক। এই [illegible]ঘোষণা পত্রের বিধানানুসারে সে[illegible]নাপতি অনেক বিদ্রোহির কেবল অস্ত্র [illegible]ইয়া তাহারদিগকে বাটী গমনের [illegible]দেশ করিতেছেন, টাকা ও অ[illegible]ন্যান্য যে কোন বস্তু আছে, তাহা [illegible]হণ করিতেছেন না, আর যে সকল [illegible]দ্রোহি হত্যা ব্যাপারে লিপ্ত হই[illegible]াছিল, অথবা আপনারদিগের [illegible]স্তে কোন সাহেব বা বিবি কিম্বা [illegible]লক বালিকার মস্তক চ্ছেদন ক[illegible]রিয়াছে, তাহারা তাবতেই কারা[illegible]দ্ধ হইতেছে, দিল্লীর পদচ্যুত বাদ[illegible]হের ভ্রাতা এতদিনের পর ধরা [illegible]ড়িয়াছেন, তিনি বিদ্রোহিদলের [illegible]ক জন প্রধান ছিলেন।

দুরাত্মা নানা সাহেবের মৃত্যু [illegible]বাদের বিষয়ে সহযোগি মহাশয় [illegible]নেক সন্দেহের কথা লিখিয়াছেন, [illegible]নি বলেন যে ব্যক্তির প্রমুখাৎ না[illegible]র মৃত্যু সংবাদ জানা গিয়াছে, [illegible]র্ণমেণ্ট তাহার প্রতি বিশ্বাস করেন নাই। নানা অতি চতুর সে নিশ্চয় জানিয়াছে, যখন কাণপুরের ভয়ানক হত্যাকাণ্ডে লিপ্ত ছিল, তখন কোনমতেই তাহার প্রাণরক্ষা হইবার উপায় নাই। অতএব ঐ প্রতারক প্রধান মিথ্যা মৃত্যু সংবাদ প্রকাশ পূর্ব্বক আত্ম গোপন করিয়াছে, কেহ কেহ বলেন যে সে নেপাল অধিরাজের অধিকার মধ্যেই আছে, জঙ্গ বাহাদুর স্বয়ং তাহাকে আশ্রয় দিয়াছেন, এই কথা যদিও সত্য হয়, তথাচ নানা ধৃত হইবেক, গবর্ণমেণ্ট তাহাকে ধৃত করণার্থ অনেক ব্যক্তিকে চররূপে নিযুক্ত করিয়াছেন, নানা যদি নেপালে থাকে, তবে যে ব্যক্তি তাহাকে ধরিয়া দিবে, সে ব্যক্তিকে জায়গীর স্বরূপ ভূমি দান ও প্রচুরার্থ পুরস্কার প্রদানের ঘোষণা পত্র প্রকাশ করিলে জঙ্গ বাহাদুর স্বয়ং তাহাকে ধরিয়া দিবেন, তাহাতেও যদি সে ধরা না পড়ে, তবে বিশেষরূপে অনুসন্ধান করিয়া নেপাল রাজ্য আক্রমণের উদ্যোগ করিলে জঙ্গ বাহাদুর আর তাহাকে রাখিতে পারিবেন না।

নানার মৃত্যু সংবাদের প্রতি সন্দেহ করিয়া নিউইরা ও প্রেশ সম্পাদক মহাশয় এইরূপ অনেক লিখিয়াছেন, কিন্তু আমারদিগের গোরক্ষ পুরস্থ সংবাদদাতা নানার মৃত্যু বিষয়ে যে সমাচার লিখিয়াছিলেন, তাহার সত্যতার প্রতি আমারদিগের কোন সন্দেহ হয় নাই এবং যে সকল বিদ্রোহি ধরা পড়িয়াছে, অথবা স্মরণাগত হইয়াছে, তাহারা সকলেই ব্যক্ত করিয়াছে, যে নানা জীবিত নাই কৃতান্তের করালদণ্ডে পতিত হইয়াছে, তাহার অনুচরেরা তাহার দেহ দাহ করিয়াছে, ইহাতেও যদি গবর্ণমেণ্টের সন্দেহ ভঞ্জন না হয়, তবে নানার বিষয় জানিবার নিমিত্ত মহারাজ জঙ্গ বাহাদুরকে পত্র লেখা আবশ্যক হয়, জঙ্গ বাহাদুর যখন বিধিমতে গবর্ণমেণ্টের সাহায্য করিলেন, তখন দুরাত্মা নানার মৃত্যু বিষয়ের অবশ্যই অনুসন্ধান করিবেন, এবং তিনি যেরূপ নিশ্চয় সংবাদ জানিতে পারিবেন, অন্যের পক্ষে তাহা অবগত হইবার সম্ভাবনা নাই। নানা যদি মৃত্যুর সহিত সাক্ষাত করিয়া থাকে তবে তাহার দেহ অবশ্যই দাহ হইয়াছে, এবং তাহার আত্মীয়গণ তাহার দেহ শ্রাদ্ধাদিও করিয়াছে, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই।

এইক্ষণে যে নিয়মে রাজকার্য্য নির্ব্বাহ হইতেছে, তাহাতে সকল বিষয়েই গবর্ণর জেনেরল বাহাদুরকে দৃষ্টিক্ষেপ করিতে হয়, তাঁহার আদেশ ব্যতীত কোন কার্য্যই চূড়ান্ত রূপে নিষ্পত্তি হইতে পারে না। আমারদিগের বিজ্ঞবর গবর্ণর জেনেরল লার্ড কেনিং বাহাদুর এই বিষয়ে যে মিনিউট অর্থাৎ অভিপ্রায় লিপি লিখিয়াছিলেন, তাহা ভারতবর্ষীয় রাজকার্য্যের বিলাতীয় সেক্রেটারি স্যার চারেল্‌স উড সাহেবের নিকটে প্রেরিত হওয়াতে তিনি বিশেষ বিবেচনা পূর্ব্বক গবর্ণর জেনেরল বাহাদুরের মতেই সম্মত হইয়াছেন।

তিনি লিখিয়াছেন, যে গবর্ণর জেনেরল বাহাদুর সর্ব্বাধ্যক্ষের পদে অভিষিক্ত থাকিবেন বটে, কিন্তু তাঁহার সমভিব্যাহারি কৌন্সেলের মেম্বরগণ কেবল উপস্থিত সকল বিষয়ের বিচার করিবেন এমত নহে, এক২ জন মেম্বর এক এক বিশেষ বিষয়ে চূড়ান্ত রূপে অনুমতি প্রকাশ করিতে পারিবেন। সৈন্য সম্বন্ধীয় যে কোন বিষয়ে গবর্ণর জেনেরল ও কৌন্সেলের অভিমত গ্রহণের আবশ্যক হইবেক, মেজর জেনেরল অউটরাম সাহেব তাহা প্রদান করিবেন, রাজকীয় আয় ব্যয় বিষয়ের কোন প্রস্তাব উপস্থিত হইলে মান্যবর মেং উইলসন সাহেব যেরূপ বিবেচনা করিবেন, তাহাই চূড়ান্ত হইবেক। এই রূপ নিয়ম নির্দ্ধারিত হইলে রাজ কার্য্যের বিশেষ সুশৃঙ্খলা হইবার সম্ভাবনা, গবর্ণর জেনেরল বাহাদুর কে সকল বিষয়ে দৃষ্টিক্ষেপ করিতে হইবেক না, তিনি আপনার বিবেচনানুসারে নূতন২ বিষয়ের মীমাংসা করিতে পারিবেন।

বিলাতে রাজকার্য্য নির্ব্বাহ করণের যে প্রকার সুপদ্ধতি আছে, আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুর এবং মান্যবর স্যার চার্লেস উড সাহেব এদেশে তাহাই প্রচার করণের মানস করিয়াছেন, অর্থাৎ বিলাতে মহারাণীর মন্ত্রি মহাশয় সকল বিষয় চূড়ান্ত রূপে নির্ব্বাহ করণের ভার গ্রহণ করেন বটে, কিন্তু যেং মহাশয়েরা তাঁহার সহকারির পদে অভিষিক্ত হয়েন তাঁহারা যেং কার্য্যালয়ে অধ্যক্ষতা ভার গ্রহণ করিয়া থাকেন, সেই সমস্ত কার্য্যালয়ে যেং বিষয় বিচারার্থ উপস্থিত হয় তাহা আপনাপন বিবেচনানুসারে নির্ব্বাহ করিয়া থাকেন, তাঁহার দপ্তরে মন্ত্রি মহাশয়ের অনুমতির অপেক্ষা করিতে হয় না, এই নিয়মানুসারে যখন বিলাতের রাজকার্য্য উত্তমরূপে নির্ব্বাহ হইতেছে, তখন ভারতবর্ষের রাজকার্য্যও সেই রূপে নির্ব্বাহ হইবেক তাহার কোন সন্দেহ নাই।

সুপ্রিমকোর্টের একুইটি সংক্রান্ত মাষ্টার রিজবর শ্রীযুক্ত ডবলিউ মেকফার্সন সাহেব অতিশয় পীড়িত হইয়াছেন, অনেক চিকিৎসা করাইয়াও তিনি আরোগ্য হইতে পারিলেন না, অতএব এরূপ অভিপ্রায় করিয়াছেন, যে আর এদেশে থাকিবেন না, একেবারে কার্য্য পরিত্যাগ করিয়া স্বদেশে গমন করিবেন, মেং ডবলিউ মেকফার্সন সাহেব অতি উপযুক্ত মনুষ্য, বিশেষতঃ তিনি মাষ্টারের কার্য্য অতি উত্তমরূপে নির্ব্বাহ করাতে তাঁহার যথেষ্ট সুখ্যাতি হইয়াছে, অতএব তাঁহার বন্ধুগণ ও কতিপয় এতদ্দেশীয় অতি মান্য ব্যক্তি এরূপ অভিপ্রায় করিয়াছেন, তাঁহারা প্রকাশ্যরূপে এক সভা করিয়া মেং মেকফার্সন সাহেবকে একখানি কৃতজ্ঞতা সূচক আবেদন পত্র প্রদান করিবেন, এবং চাঁদার দ্বারা অর্থ সংগ্রহ করিয়া উপঢৌকন দ্রব্যাদি প্রস্তুত করাইয়া তাঁহাকে দিবেন।

প্রদেশীয় বিচারালয় সকল উত্ত
হয় ইহা সংধারণের যে রূপ প্রার্থনা
থাকার প্রচলিত নিয়মাদি বংশো
ধন বিষয়েও তাঁহারা অপেক্ষা
অধিক প্রার্থনা রাখেন, তাহা উত্তম
স্থান হইলে কি হইবেক, উত্তম রূপে
বিচার কার্য্য নির্ব্বাহ না হইলে প্র
আদিগের ধন প্রাণ রক্ষার সদুপায়
হইতে পারে না। যাহা হউক মফঃ
সলের কাছারি ঘরের প্রতি লেপ্টে
নাণ্ট গবর্ণর বাহাদুরের দৃষ্টি গো
পতিত হইয়াছে, তখন তদ্বারা
কার্য্য নির্ব্বাহ করণের নিয়মের প্র
তিও তাঁহার উজ্জ্বল দৃষ্টি অবশ্য
বিস্তীর্ণ হইবেক, তিনি তাহারও সং
শোধন করিয়া প্রজার মঙ্গল বিধান
পূর্ব্বক সুখ্যাতিভাজন হইবেন, তা
হার সন্দেহ নাই।

আমরা ইতিপূর্ব্বে প্রকাশ করি
য়াছিলাম, যে বোম্বাই রাজধানী
সমুদ্রতীরে যে পুরাতন প্রাচীর আছে
গবর্ণমেণ্ট তাহা ভঙ্গ করিয়া তাহার
পরিবর্ত্তে নূতন প্রকার প্রাচীর নি
র্ম্মাণার্থ বিংশতি লক্ষ টাকা ব্য
করণের অনুমতি করিয়াছেন এবং
অবগত হওয়া গেল যে ঐ বিষয়ে
ইঞ্জিনিয়র সাহেবদিগের মতের ঐ
নৈক্য হওয়াতে তাহা এইক্ষণে স্থ
করা রহিত হইয়াছে, যে প্রাচী
আছে, তাহাকেই আরো দৃঢ় করি
বেক। গবর্ণমেণ্ট তাহার উপর যা
রমণ্ট সাহেব কৃত কয়েকটী নূত
কামান বসাইবেন।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Pres*

সংবাদপ্রভাকর

প্রাতঃদিনপত্র

১২৩ 131

এই প্রভাকর পত্র ব্যতীত প্রতি ... করিকাতা সিমু ... অনুপাতিকে ... চিনার দুর্গাচরণ ... ট্রিটে ৩৫ নং ... সম্পাদক শ্রীযুত ... গুপ্তকর্ত্তৃক প্র ... হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*

॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চক্রকরেণ ভিন্নমুকুলে স্নিগ্ধীবরেষু কচিচ্ছ্যাং জাম মতন্দ্রমীষদয়তং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥ মদ্যোদ্গারিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে যচ্ছব্দং দিবসে পিবন্তি চতুরস্তাম্ভিরিফোরসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

১০ সংখ্যা। শুক্রবার ২৩ পৌষ ১২৬৬ সাল। ইং ৬ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

আফ্রিকা দেশের বাঙ্গালা নাম
গ্রন্থ প্রস্তুত হইয়াছে তাহা কলিকাতা
মুক সোসাইটীতে সংস্কৃত ও
ালা যন্ত্রের পুস্তকালয়ে এবং
নেজ ষ্ট্রীটে ৯ সংখ্যক বাঙ্গালা
কালয়ে বিক্রয়ার্থ আছে। প্র
ক খণ্ডের মূল্য ৫ পাঁচ টাকা
ইতি। ২৯ দিসেম্বর ১৮৫৯।

শ্রীগোপালচন্দ্র বসু।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকল
সাধারণ ও সতর্ক করা যাইতেছে
মহানগর কলিকাতার আরমানি
ষ্ট্রিটের মধ্যে ৪৩ নম্বরের
ী ও তাহার সঙ্গে যে এক খণ্ড
দ্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা
বক তাহা কেহ ক্রয় না করেন
বা বন্ধক না রাখেন কারণ ঐ
নিমালয়ব মদিনা সাহেবের
কারম দ্বারা সিউলাল মতিলালের
নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হই-
য়াছে।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্ব
সাধারণ জনগণকে বিদিত করা যা-
ইতেছে যে সুরধনির পশ্চিমপার
সালিখার মধ্যে হেদুয়ার চৌরাস্তায়
"জেমুইন মেডিসীন ডিপর্জিটরি হল"
ক এক ডিস্পেনসার সংস্থাপিত
হইয়াছে বিলাত হইতেআনীত উত্তমং
অকৃত্রিম ঔষধ অতি সম্প মূল্যে
প্রাপ্ত হইতে পারিবেন তথায় এক
জন সুবিজ্ঞ ডাক্তর সর্ব্বদা উপস্থিত
আছেন।

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একা-
ডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী
বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ
তিন চারি জন শিক্ষকের প্রয়োজন
হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্য-
ক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪।১ নম্বর
ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরু-
চরণ দত্তের নিকট উপস্থিত হইলে
সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।
২২ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন।

গোলাপকান্ত।

গোলাপকান্ত নামে অভিনব
একখানি সরস কাব্য রচিত হইয়াছে
এই সুমিষ্ট কাব্য দেখিয়া অনে-
কে সন্তুষ্ট হইয়াছেন। অতএব আমি
সেই উৎসাহকে অবলম্বন করিয়াই
গোলাপকান্ত গ্রন্থ মুদ্রিত ও বিচ
রিত করিলাম ইহার মূল্য ।৷০ আট
আনা। গ্রহণার্থিরা প্রভাকর যন্ত্রে
অথবা বিশ্বলিয়ার সুকেস ষ্ট্রীট ৩৪
নং বাটীতে বি,ভট্টাচার্য্য কোম্পানির
পত্রিকা যন্ত্রে পত্র পাঠাইলে প্রাপ্ত
হইবেন।

শ্রীকানাইরাম দাস।

বিজ্ঞাপন।

হালিসহর নিবাসি বিখ্যাত চিকিৎসক শ্রীযুক্ত বামাচরণ বরাট নিদানোক্ত সমুদায় প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করিয়া বহু পরিশ্রম ও অর্থ ব্যয় স্বীকার করিয়া সম্প্রতি মকরধ্বজ রসসিন্দূর ও ছাগলাদি ঘৃত ও মাস তৈল প্রস্তুত করিতেছেন। এতদ্ভিন্ন কাস গ্রহণী পুরাতন জ্বর প্লীহা অগ্রমাস প্রভৃতি বহু প্রকার কঠিন রোগোপশম করণের মহৌষধ সকল প্রস্তুত করা হইয়াছে যাঁহার প্রয়োজন হয় হোগোলকুঁড়িয়ার অন্তঃপাতি শ্রীযুক্ত বাবু শিবচন্দ্র গুহ মহাশয়ের স্থাপিত ৺কালী বাটীর সম্মুখস্থ ভবনে তাঁহার বাসায় তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

ভারতচন্দ্র রায়ের জীবন চরিত মূল্য	১
প্রবোধ প্রভাকর	১৲
শুকেতিহাস	॥৹
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড	১।০
স্বপ্নদর্শন	৵
লনীকান্ত শৃঙ্গার ও করুণা রাশ্রিত নবীন উপাখ্যান	১

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

সংবাদ প্রভাকর

২৩ পৌষ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

পুরাণ পাঠ ও তাহার ব্যাখ্যা এবং কথকতার দ্বারা হরিলীলার গুণানুকীর্ত্তন করণের নিয়ম এদেশে বহুকালাবধি প্রচলিত আছে, হরিভক্তি পরায়ণ ধনাঢ্যদিগের সকল ভবনেই প্রায় তাহা হইয়া থাকে, পুরাণ পাঠ করাইলে অক্ষয় [illegible] সঞ্চয় হয়, ধর্ম্মশাস্ত্রেও তাহার [illegible] শেষ বিধি লিখিত হইয়াছে, [illegible] আক্ষেপের বিষয় এই যে এই [illegible] যদিও অনেক অনুসন্ধান করি[illegible] উত্তম পাঠক ও ধারক প্রাপ্ত হ[illegible] যায়, কিন্তু উত্তম কথক প্রায় প্রা[illegible] হওয়া যায় না। ৺গদাধর [illegible] রোমণি ৺রামধন তর্কবাগী[illegible] প্রভৃতি যে কতিপয় পণ্ডিত ব্য[illegible] ছিলেন, এবং যাঁহারা অবলীলাক্র[illegible] পুরাণ পাঠ ও তাহার ব্যাখ্যা [illegible] তে পারিতেন, এবং কথকতা সম[illegible] সুমিষ্ট কাব্য রস তাল মান গান[illegible] শ্রোতৃবর্গকে পুলকিত এবং মোহি[illegible] করিতেন, তাঁহারা সকলেই স্বর্গ[illegible] রোহণ করিয়াছেন। এইক্ষণে যাঁ[illegible] হারা ঐ ব্যবসায় নিযুক্ত আছে[illegible] তাহারদিগের মধ্যে শ্রীযুক্ত ধরণী[illegible] শিরোমণির সম্মানই অধিক, তি[illegible] হরিগুণানুকীর্ত্তন সময়ে সুনি[illegible] ভাব রস প্রকাশ পূর্ব্বক সুমিষ্ট তা[illegible] মান ও সুরে গান করণে সক্ষম হ[illegible] য়াতে সকলেই সাতিশয় সমা[illegible] পূর্ব্বক তাঁহাকে আহ্বান করে[illegible] কিন্তু অনেক স্থান হইতে তাঁহা[illegible] আহ্বান পত্র আসিবাতে তিনি এ[illegible] প্রকার দুর্ল্লভ বস্তুর ন্যায় হইয়াছে[illegible]

কথকতা ব্যবসায়িদিগের [illegible] কতিপয় ব্যক্তি উপযুক্ত হবেন ই[illegible] অনেকেরই প্রার্থনা। সম্প্রতি আম[illegible] কোন আত্মীয় স্থানে হালিসহর [illegible] বাসি শ্রীযুক্ত গোলোকচন্দ্র বিদ্যা[illegible] মহাশয়ের কথকতা শ্রবণ করি[illegible] অত্যন্ত পুলকিত হইলাম। তি[illegible] অল্প সময়ের মধ্যে খেদ ক[illegible] ভৎস বাৎসল্য ইত্যাদি রস অব[illegible] লীলাক্রমে উত্তম রাগ মান ও তালে [illegible] রূপ ব্যাখ্যা করিলেন তাহা শ্রবণ [illegible] রিয়া শ্রোতৃমাত্রেই মোহিত হইয়া [illegible] ন ভাবকদিগের শরীরে ভিন্ন২ [illegible] সের ভিন্ন২ ভাব প্রকাশ পাইয়াছে [illegible] ন শরীর লোমাঞ্চিত হইয়া নয়ন [illegible] তে শোকধারা নিঃসৃত হইয়াছে [illegible] ন চমৎকৃত হইয়া অবশিষ্ট কথা [illegible] ণ লালসা বৃদ্ধি হইয়াছে, কখন [illegible] লকে পরিপূর্ণ হইয়া হরিবোল [illegible] লিয়া আনন্দ ধ্বনি বাদন ক[illegible] য়াছেন, আমরা কথক মহাশয়ের [illegible] সাধারণ শক্তি বাক্‌পটুতা শ্রবণে [illegible] তিশয় পুলকিত হইয়া তাঁহাকে [illegible] নঃ২ সাধুবাদ করিয়াছি, এবং [illegible] হার সুখ্যাতি প্রভাকর করে সর্ব্ব [illegible] প্রকাশ করিতেছি। গান শক্তির [illegible] নি যে প্রকার নৈপুণ্য দর্শাইয়া[illegible] ছেন, তাহা শ্রবণ করিয়া আমরা [illegible] তিশয় পুলকিত ও মোহিত হই[illegible] য়াছি, বোধকরি তাঁহার তুল্য উত্তম [illegible] স্বরবান্ গায়ক কথক শ্রেণী মধ্যে [illegible] তি বিরল অতএব স্বদেশ বিদেশীয় [illegible] ক্তি পরায়ণ আঢ্যগণ যাঁহারা [illegible] রাণ কথা শ্রবণে লোলুপ চিত্ত তাঁ[illegible] রা এই বিদ্যারত্ন মহাশয়কে যথা [illegible] ম্মানে আহ্বান পূর্ব্বক ইহার কথ[illegible] কতা শ্রবণ করিয়া আমারদিগের [illegible] ই লেখার সত্যতার প্রমাণ গ্রহণ [illegible] রেন, ইহা আমারদিগের একান্ত [illegible] র্থনা। পরন্তু তিনি কেবল কথক [illegible] য় সুনিপুন এমত নহে, পুরাণ [illegible] াগবত শাস্ত্রেও তিনি বিলক্ষণ ব্যুৎ [illegible] ন। ভাগবতীয় শ্লোকাদি অবলীলা [illegible] মে পাঠ ও তাহার মর্ম্মার্থ টিকা [illegible] ব্যাখ্যা করিতে পারেন, বিদ্যা রত্ন মহাশয় এইক্ষণে এই মহানগরে শ্যামপুকুর নামক পল্লীতে বাসা করিয়াছেন, যাঁহারা তাঁহাকে আহ্বান করণের মানস করেন, তাঁহারা তাঁহার নামে পত্র লিখিয়া তাঁহার বাসাবাটীতে অথবা আমারদিগের এই যন্ত্রালয়ে প্রেরণ করিলেই তিনি প্রাপ্ত হইবেন।

আমরা কি চিত্তভেদ কর বিলাপজনক সংবাদ প্রাপ্ত হইলাম. জেলা রঙ্গপুরের অন্তঃপাতি কুণ্ডি পরগণার সুবিখ্যাত ভূম্যধিকারি পরম বদান্যবর পরহিত তৎপর স্বদেশ শুভানুধ্যায়ী ৺কাশীচন্দ্র রায় চৌধুরী মহাশয় নাকি পরলোক গমন করিয়াছেন, পাঠকগণ এই আক্ষেপ আমরা কোথায় নিক্ষেপ করিব? ৺কাশীচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের মৃত্যু শোক শেল স্বরূপ হইয়া আমারদিগের বক্ষঃস্থল বিদীর্ণ করিতেছে, আমরা দশদিক শূন্য সন্দর্শন করিতেছি, আমারদিগের হস্ত স্থিত লেখনী অচলা হইয়া আসিতেছে, আহা ৺কাশীচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের তুল্য সরল স্বভাব উদারচরিত্র বিদ্যানুরাগী স্বদেশ হিত পরায়ণ মহাত্মা আমরা আর কোথায় পাইব, এতদিনের পর রঙ্গপুর মণ্ডল বুঝি অন্ধকার হইল।

আহা বাবু কালীচন্দ্র রায় চৌধুরী মহাশয় কোথায় তুমি সমূহ সদগুণ জ্যোতি দ্বারা রঙ্গপুরের ভূমণ্ডল উজ্জ্বল করিয়া রাখিয়াছিলে। তোমার মৃত্যু শোক আমরা এপর্য্যন্ত বিস্মৃত হইতে পারি নাই, আপনার অভাবে আপনার জ্যেষ্ঠ ৺কাশীচন্দ্র রায় চৌধুরী মহাশয়ও আপনার ন্যায় গুণ জ্যোতি বিকাশে ত্রুটি করেন নাই, অধুনা সেই জ্যোতি যখন নির্ব্বাণ প্রাপ্ত হইল, তখন আমারদিগের নিতান্ত দুরদৃষ্ট বলিতে হইবেক, পাঠকগণ আমরা ৺কাশীচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের মৃত্যু শোকে নিতান্ত অভিভূত হইয়াছি, লেখনী নিঃসৃত বর্ণাবলী নয়ন নির্গত বারি ধারায় বিবর্ণ হইয়া যাইতেছে, কি লিখিতেছি তাহা স্থির করিতে পারি না, অতএব অদ্য লেখনীকে শোক শয্যায় বিশ্রাম দিলাম, ৺কাশীচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের গুণাবলী আমরা অবিলম্বেই বর্ণন করিয়া পাঠক মহাশয়দিগকে বিদিত করিব।

গবর্ণমেণ্ট সংক্রান্ত অচিহ্নিত কর্ম্মচারিরা ভারতবর্ষের রাজকার্য্যের বিলাতীয় সেক্রেটারি শ্রীযুক্ত স্যার চারেল্‌স উড সাহেবের নিকটে যে আবেদন পত্র প্রেরণ করিয়াছেন আমরা ইংরাজী সমাচারপত্রে তাহা পাঠ করিয়াছি, তাঁহারা লিখিয়াছেন, যে লিপিকর কেরাণী অন্যান্য কর্ম্মচারিরাই পূর্ব্বে অচিহ্নিত কর্ম্মচারির শ্রেণীভুক্ত ছিলেন, অধুনা গবর্ণমেণ্ট অনেকানেক বিশ্বাসযোগ্য সম্ভ্রান্ত পদে ঐ শ্রেণীস্থ লোকদিগকে নিযুক্ত করাতে তাহা ক্রমে বৃদ্ধি হইয়াছে। অনেক কৃতবিদ্য বিচক্ষণ লোক তাহাতে নিযুক্ত হইয়াছেন, এবং তাঁহারা উত্তম নিয়মে কার্য্য নির্ব্বাহ করিয়া রাজদ্বারে এবং প্রজা সমাজে যশোভাজন হওয়াতে ঐ

শ্রেণীর বিলক্ষণ গৌরব বৃদ্ধি হইয়াছে, কিন্তু আক্ষেপের বিষয় এই যে গবর্ণমেণ্টের সকল চিহ্নিত কর্ম্মচারি অর্থাৎ সিবিলিয়ানদিগের বেতন ও ক্ষমতা যেরূপ বৃদ্ধি করিয়াছেন, তাঁহারদিগকে ছুটি দিবার এবং পেন্সয়ান দিবার যে সমস্ত নিয়ম হইয়াছে, অচিহ্নিত কর্ম্মচারিদিগের নিমিত্ত সেইরূপ কিছুই হয় নাই, অচিহ্নিত কর্ম্মচারিদিগের মধ্যে অনেকে অনেক গুরুতর কার্য্য নির্ব্বাহ করেন, অবিশ্রান্ত রূপে পরিশ্রম করিয়া থাকেন, কিন্তু তাঁহারদিগের তুল্য বেতন প্রাপ্ত হয়েন না, ইহাকে পক্ষপাত ব্যতীত আর কি বলা যাইতেপারে, গবর্ণমেণ্ট যদ্যপি অচিহ্নিত কর্ম্মচারিগনের কার্য্য বিবেচনা পূর্ব্বক বেতন নিরূপণ করেন, তবেই সুবিচারের কার্য্য হয়। আবেদন কারিরা এইরূপ অনেক লিখিয়াছেন, প্রস্তাব বাহাল্য ভয়ে আমরা আর অধিক গ্রহণ করিতে পারিলাম না।

মফঃসলের জজ মাজিষ্ট্রেটদিগের কাছারি ঘর কি রূপে নির্ম্মিত হইলে বাদী প্রতিবাদী উকীল মোক্তার এবং সাক্ষিদিগের ক্লেশ নিবারণ হইতে পারে এবং বিচারকেরাও স্বচ্ছন্দে বিচার কার্য্য নির্ব্বাহ করিতে পারেন তাহার বিবেচনা করণের ভার আমারদিগের লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুর সদর দেওয়ানী আদালতের এক জন জজ জিলা ২৪ পরগণার জজ মাজিষ্ট্রেট ও কালেক্টর এবং এক জন ইঞ্জিনিয়র সাহেবের প্রতি সমর্পণ করিয়াছেন। তাঁহারা বিবেচনা পূর্ব্বক যে রূপ কাছারি ঘর সকল নির্ম্মাণ করণের অভিপ্রায় ধার্য্য করিবেন, প্রত্যেক জেলায় সেই রূপ কাছারি ঘর সকল নির্ম্মিত হইবেক, এক স্থানের বিচারালয়ে স্থানের সঙ্কীর্ণতা হওয়াতে উকীল মোক্তারেরা তথায় বসিবার স্থান প্রাপ্ত হয় না। বহির্ভাগে বৃক্ষতলে রসিয়াই আপনাপন কার্য্য নির্ব্বাহ করে, আমারদিগের লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুর আপনার অধিকার সন্দর্শনার্থ যে সময়ে পূর্ব্বা ভমুখে গমন করেন, সেই সময়ে তাহা স্বয়ং সন্দর্শন করিয়া আসিয়াছেন।

বোম্বাই টাইম্‌স পত্রে তৎসম্পাদক মহাশয় লিখিয়াছেন, যে ব্রিটিস সেনাপতি সাহেব গুজরাটের অধীনস্থ বাট নামক স্থানের দেবালয় আক্রমণ করিয়া প্রায় তিন লক্ষ সত্তর হাজার টাকা মূল্যের দ্রব্যাদি প্রাপ্ত হইয়াছিলেন, তাহা তিনি ১৪ টা বাক্সে বন্ধ করিয়া রাখিয়াছিলেন, পরে সেই সকল বাক্স খোলা হইলে তাহার অধিকাংশই মূল্যেই উড়িয়া গিয়াছে, এতবড় মূল্যের দ্রব্যাদি কোথায় গেল কেহই তাহা নিরূপন করিতে পারেন নাই, কোন কোন শ্বেতাঙ্গ মহাশয় বলিয়াছেন, যে বাট নামক স্থানের মন্দির আক্রমণ করিয়া সেনারা অনেক সুবর্ণ নির্ম্মিত তৈজসাদি প্রাপ্ত হইয়াছিল কিন্তু তাহা পিতল নির্ম্মিত বিবেচনা করিয়া সেনারা সমুদ্রের জলে নিক্ষেপ করিয়াছে, তাঁহারদিগের এই কথা, যদিও সত্য বলিয়া গ্রাহ্য করা যায় তথায় প্রাপ্তক্ত ১৪ বাক্স যে দ্রব্যাদি অপহৃত হইয়াছে, তাহা বহু তাহার অংশ বলিয়া স্বীকার করা যাইতে পারে না, কারণ সেনারা যেই দ্রব্য আনিয়া সেনাপতি সাহেবের সমীপে উপস্থিত করিয়াছিল, তিনি তাহাই উল্লিখিত বাক্সে বন্ধ রাখিয়াছিলেন, তাহার মধ্যে বাক্স হইতে কোন দ্রব্যাদি গ্রহণ করিয়া সমুদ্রের জলে নিক্ষেপ করিতে পারে নাই, তখন ঐ বাক্স সকল যাঁহার অধীনে ছিল, তখন তাঁহারে অবশ্যই অপহৃত দ্রব্যাদির দায়ী হইতে হইবেক।

আমরা ইতিপূর্ব্বে লিখিয়াছি, যে আমারদিগের বিজ্ঞার গবর্ণর শ্রীযুক্ত গ্রাণ্ট সাহেব জেলার কর্ম্মস্যর সাহেবদিগকে পত্র লিখিয়াছেন যে তাঁহারদিগের অধিকার মধ্যে যত ডেপিউটি মাজিষ্ট্রেট ও ডেপিউটি কালেক্টর আছেন তাঁহারদিগের সকল বাঙ্গালিকে পরীক্ষা প্রদান করিতে হইবেক, অধুনা অবগত হওয়া গেল, যাঁহারা ঐ পরীক্ষা প্রদানে অক্ষম হইতেছেন গবর্ণর বাহাদুর কেবল তাঁহারদিগের পদবৃদ্ধি করিতেছেন না এমত নহে, দুই ব্যক্তি পদচ্যুত হইয়াছেন।

Printed and published by the RAMCHUNDER GOPOTO at the *Probhakur Pres*

সংবাদ প্রভাকর

প্রাতঃকালীন

এই সমাচারপত্র সপ্তাহের প্রতি বুধ ও শনিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার ৬ সংখ্যক ভবনে মুদ্রাযন্ত্রে মুদ্রিত হইয়া প্রাতঃকালে বিতরিত হইতেছে। ইহার মূল্য অগ্রিম বার্ষিক ৩ টাকা ৮ আনা মাত্র। কোন ব্যক্তি পত্র লইতে অস্বীকার করিলে তাহার নিকট হইতে ১০ দশ আনা মূল্য লওয়া যাইবেক। পত্রের মূল্য অগ্রিম দেওয়া যায়। ইহার বিজ্ঞাপনের মূল্য প্রতি ছত্র ১০ দশ পয়সা। পত্র সম্পাদক শ্রীযুত ঈশ্বরচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সত্যং মনস্কামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রাম্যং ভ্রাম মতদ্রসীমদমুতং গীত্বা ক্ষুধাকাতরাঃ। অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদয়ে স্বচ্ছন্দং দিবসে পিবন্ত চতুরস্বান্তদ্বিরেফাঃ সুখং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা ভদ্ভাতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৩।১১ সংখ্যা। শনিবার ২৪ পৌষ ১২৬৬ সাল। ইং ৭ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

আফ্রিকা দেশের বাঙ্গালা মানচিত্র প্রস্তুত হইয়াছে তাহা কলিকাতা জানুয়েল সোসাইটীতে সংস্কৃত ও বাঙ্গালা যন্ত্রের পুস্তকালয়ে এবং কলেজ ষ্ট্রীটে ৯ সংখ্যক বাঙ্গালা পুস্তকালয়ে বিক্রয়ার্থ আছে। প্রতি খণ্ডের মূল্য ৫ পাঁচ টাকা মাত্র ইতি। ২৯ ডিসেম্বর ১৮৫৯।

শ্রীগোপালচন্দ্র বসু।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকল সাধারণ ও সতর্ক করা যাইতেছে মহানগর কলিকাতার আরমানি ন স্ট্রিটের মধ্যে ৬৩ নম্বরের টী ও তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা ইবেক তাহা কেহ ক্রয় না করেন থবা বন্ধক না রাখেন কারণ ঐ টী নিনালয়ব মদিনা সাহেবের ফারম দ্বারা মিটলাল মাতলালের নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণ জনগণকে বিদিত করা যাইতেছে যে সুরধনির পশ্চিমপার সালিখার মধ্যে হেদুয়ার চৌরাস্তায় "জেনুইন মেডিসীন ডিপজিটরি হল" ক এক ডিপ্পেনসরি সংস্থাপিত হইয়াছে বিলাত হইতেআনীত উত্তম২ অকৃত্রিম ঔষধ অতি সস্পা মূল্যে প্রাপ্ত হইতে পারিবেন তথায় এক জন সুবিজ্ঞ ডাক্তর সর্ব্বদা উপস্থিত আছেন।

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একাডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ তিন চারি জন শিক্ষকের প্রয়োজন হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরুচরণ দত্তের নিকট উপস্থিত হইলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।

২২ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন।

গোলাপকান্ত।

গোলাপকান্ত নামে অভিনব একখানি সরস কাব্য রচিত হইয়াছে এই সুমিষ্ট কাব্য দেখিয়া অনেকে সন্তুষ্ট হইয়াছেন। অতএব আমি সেই উৎসাহকে অবলম্বন করিয়াই গোলাপকান্ত গ্রন্থ মুদ্রিত ও বিচরিত করিলাম ইহার মূল্য ৷৷০ আট আনা। গ্রহণাথীরা প্রভাকর যন্ত্রে অথবা সিমুলিয়ার সুকেস ষ্ট্রীট ৩৪ নং বাটীতে বি,ভট্টাচার্য্য কোম্পানির পত্রিকা যন্ত্রে পত্র পাঠাইলে প্রাপ্ত হইবেন।

শ্রীকানাইরাম দাস।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যে আগামী ৩ জানুয়ারি মঙ্গলবার অবধি গবর্ণমেণ্টের পাঠশালা ৺বাবু শ্রীকৃষ্ণ মল্লিকের জোড়াসাঁকোর বাটীতে বসিবেক, চারি অবধি বার বৎসর বয়স্ক পর্য্যন্ত বালকদিগের বিশেষ ২ শ্রেণীতে নিবিষ্ট হইবার অধিকার আছে, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বালকেরা বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইলে হিন্দু কালেজে (এক্ষণকার হিন্দুস্কুলে) বিনা বেতনে পড়িতে পারিবেক পাঠশালার মাসিক বেতন ৸৹।

বিজ্ঞাপন।

হালিসহর নিবাসি বিখ্যাত চিকিৎসক শ্রীযুক্ত বামাচরণ বরাট নিদানোক্ত সমুদায় প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করিয়া বহু পরিশ্রম ও অর্থ ব্যয় স্বীকার করিয়া সম্প্রতি মকরধ্বজ রসসিন্দূর ও ছাগলাদি ঘৃত ও মাস তৈল প্রস্তুত করিতেছেন। এতদ্ভিন্ন কাস গ্রহণী পুরাতন জ্বর প্লীহা অগ্রমাস প্রভৃতি বহু প্রকার কঠিন রোগোপশম করণের মহৌষধ সকল প্রস্তুত করা হইয়াছে যাঁহার প্রয়োজন হয় হোগোলকুঁড়িয়ার অন্তঃপাতি শ্রীযুক্ত বাবু শিবচন্দ্র গুহ মহাশয়ের স্থাপিত ৺কালী বাটীর সম্মুখস্থ ভবনে তাঁহার বাসায় তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

ভারতচন্দ্র রায়ের জীবন চরিত মূল্য	১
প্রবোধ প্রভাকর	১
শুকেতিহাস	॥৹
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড	১।৹
স্বপ্নদর্শন	৵
নলীকান্ত শৃঙ্গার ও করুণা রাশ্রিত নবীন উপাখ্যান	১

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

সংবাদ প্রভাকর

২৪ পৌষ শকাব্দাঃ ১৭৮১ বিক্রোয়িয়াঃ

শ্রীযুক্ত স্যার মরডেণ্ট ওয়েল্স সাহেব এদেশে আগমন পূর্ব্বক আপনার কার্য্যের দ্বারা বিলক্ষণ বিখ্যাত হইয়াছেন। সকল সংবাদপত্র সম্পাদকেরাই তাঁহার বিষয় লইয়া আন্দোলন করিতেছেন, কিন্তু আক্ষেপের বিষয় এই যে কেহই তাঁহার সুখ্যাতি করেন না। এতদ্দেশীয় ব্যক্তিদিগের প্রতি তাঁহার মনে যে বিজাতীয় বিদ্বেষ ভাবের সঞ্চার হইয়াছে, তাহাই তাঁহার সুখ্যাতি পথের কণ্টক স্বরূপ হইয়াছে। স্যার মরডেণ্ট ওয়েলস সাহেব বিচার কার্য্যে যথেষ্ট পরিশ্রম করেন, তৎসম্বন্ধীয় ব্যবস্থাদির প্রতিও তাঁহার বিলক্ষণ দৃষ্টি আছে। সূক্ষ্মানুসন্ধান ব্যতীত কোন বিষয়ে কোন প্রকার অভিপ্রায় ব্যক্ত করেন না। কিন্তু দুঃখের বিষয় এই যে সেসিয়ানের বিচার সময়ে এতদ্দেশীয় কয়েক জন অতি সামান্য লোক তাঁহার সমীপস্থ হইয়া মিথ্যা সাক্ষ্য প্রদান করাতে তিনি একেবারে ধারণা রাখিয়াছেন, যে এতদ্দেশের সকল লোকেই মিথ্যাবাদী এবং তাহারদিগের বাক্য ও কার্য্যের প্রতি বিশ্বাস হয় না। এই অসাধারণ ভ্রম তাঁহার বিচার নেত্রকে অবরোধ করাতে তিনি অনেক বিষয়ে সত্যপথ সন্দর্শনে অন্ধ হইয়াছেন। তিনি যে দেশের বিচারকের পদে অভিষিক্ত হইয়াছেন, সেই দেশের সকল লোকেই মিথ্যাবাদী প্রতারক এবং অবিশ্বাসি. তাঁহার স্বজাতীয় সাহেবগণ সকলেই সত্যবাদী সরল স্বভাব ও বিশ্বাস পাত্র তাঁহার যদি এপ্রকার জ্ঞান থাকে তবে তিনি কি প্রকারে ঐ উচ্চ আসনের যোগ্য হইবেন? বিচারকের পক্ষে সকল প্রকার লোকের প্রতি সমান দৃষ্টি, সমান বিশ্বাস এবং সমান ব্যবহার করা আবশ্যক, তিনি যদ্যপি এক জাতীয় প্রজাশ্রেণীকে মিথ্যাবাদী বলিয়া তাহারদিগের প্রতি অবিশ্বাস এবং অন্য জাতীয় প্রজা শ্রেণীকে সত্যবাদী জানিয়া তাহারদিগের প্রতি বিশ্বাস করেন, তবে তাঁহার দ্বারা সুবিচার না হইয়া পক্ষপাতই প্রচার হয়।

স্যার মরডেণ্ট ওয়েল্স সাহেব অতি যোগ্য ব্যক্তি, আমরা ভাবিয়াছিলাম যে এদেশে কিছু দিবস অবস্থান করিলে এবং এতদ্দেশীয় লোকদিগের সহিত তাঁহার সদালাপ হইলে তাঁহার মনে অকারণ যে দ্বেষ ভাবের সঞ্চার হইয়াছে, তাহা বিনষ্ট হইবেক, তিনি অবশ্যই জানিতে পারিবেন, যে সদাসৎ ব্যক্তি সকল জাতি মধ্যেই আছে, সত্য ও মিথ্যা অবনীতে অবতীর্ণ হইয়া সর্ব্বদেশে এবং সর্ব্ব জাতি মধ্যেই আপনারদিগের প্রভুত্ব স্থাপন করিয়াছেন, সকল দেশেই তাঁহারদিগের শিষ্য আছে, কিন্তু অল্প দিবস হইল ওয়াটসন নামক এক জন হন্তা ইংরাজের প্রতি প্রথমতঃ প্রাণদণ্ডের অনুমতি প্রদান করিয়া পরিশেষে লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুরের নিকটে গমন পূর্ব্বক জুরিদিগের নিদেশানুসারে দয়া ও ভিক্ষা লইয়া তাহার প্রাণ রক্ষা করাতে আমারদিগের পূর্ব্বোক্ত প্রত্যাশা পরিপূর্ণ হইবার পথ অবরোধ হইয়াছে। স্যার মরডেণ্ট ওয়েলস সাহেবের মনোগত ভাব স্পষ্ট রূপে প্রকাশ হইয়া পড়িয়াছে। এতদ্দেশীয় কোন অপরাধী তাঁহার সমীপস্থ হইলে এদেশের সকল ব্যক্তিকেই তাহার তুল্য অপরাধি বলিয়া ভর্ৎসনা করিয়া ঐ ব্যক্তির প্রতি কঠিন তর দণ্ড বিধান করিবেন, কিন্তু কোন সাহেব অপরাধি তাহার সমীপস্থ হইলে বিচার সম্বন্ধীয় ব্যবস্থানুসারে যদিও তাহার প্রতি কঠিনরূপ দণ্ডানুমতি করেন উপায়ান্তর অবলম্বন দ্বারা সেই দণ্ড ন্যূন করিয়া দিবেন, বিচারাসনে উপবেসন পূর্ব্বক কেবল এতদ্দেশীয়দিগের প্রতি কোপদৃষ্টি বিস্তার করিবেন, স্বজাতীয়দিগের প্রতি তাঁহার সর্ব্বক্ষণ কৃপাদৃষ্টি থাকিবেক. ইহা তাঁহার কার্য্যের দ্বারাই বিলক্ষণ সপ্রমাণ হইয়াছে।

পাঠক মহাশয়দিগের স্মরণ হইতে পারিবেক, যে সুপ্রিমকোর্টের গত সেসিয়ানের সময়ে দুই জন হন্তার মোকদ্দমা উপস্থিত হইয়াছিল, তাহার মধ্যে এক জন এতদ্দেশীয় সামান্য অশিক্ষিত যবন সে আপনার স্ত্রীর ব্যভিচার দোষ স্বচক্ষে সন্দর্শন করিয়া ক্রোধ সম্বরণে অক্ষম হইয়া তাহার প্রাণ নষ্ট করে। দ্বিতীয় ব্যক্তি সুশিক্ষিত ইংরাজ বহুকালের এক জন বিশ্বাসি ভৃত্যকে সামান্য অপরাধের জন্য গুলির দ্বারা সংহার করেন, সাক্ষিদিগের সাক্ষ্য দ্বারা এবং জুরির বিচারে উভয়েরই অপরাধ সপ্রমাণ হয়, এবং বিচারপতি সাহেব উভয়ের প্রতিই প্রাণ দণ্ডের অনুমতি করেন। শেষোক্ত সাহেবের বিচার সময়ে জুরিরা তাহার প্রতি কিঞ্চিৎ দয়া প্রকাশের অনুরোধ করিয়াছিলেন, কিন্তু বিচারপতি সাহেব দণ্ডানুমতি প্রদান সময়ে ব্যক্ত করেন, যে আমি মোকদ্দমা বিবরণ ও সাক্ষিদিগের উক্তি সকল তিন চারিবার পাঠ করিয়াছি, কিন্তু কোন বিষয়েই অপরাধির অপরাধের লঘুতা বোধ হইল না। অপরাধ যখন স্পষ্টরূপে সপ্রমাণ হইয়াছে, তখন কোন ক্রমে তাহার প্রতি দয়া প্রকাশ করিতে পারিব না, তাহা করিলে বিচারের প্রতি কলঙ্কারোপ হইবেক, অতএব জুরিরা যে দয়া প্রকাশের অনুরোধ করিয়াছেন, সেই ভার আমি গবর্ণমেণ্টের প্রতি সমর্পণ করিয়া অপরাধির প্রাণ দণ্ডের অনুমতি করিলাম, সাহেবের এই অনুমতি পাঠে সকলেই বিবেচনা করিয়াছিলেন, তিনি নিরপেক্ষ বিচারপতি, সকল প্রকার অপরাধিকে সমান দেখেন, কিন্তু কি আশ্চর্য্য তাহার পরেই সংবাদ

পত্রে প্রকাশ হইয়াছে, যে তিনি স্বয়ং লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুরের সমীপে গমন করিয়া জুরিদিগের নির্দ্দেশানুসারে দয়া যাচিঞা করিয়া ঐ ২ রাজ অপরাধীর প্রাণ রক্ষা করিয়াছেন, অভাগা যখন এতদ্দেশীয় লোক একারণ ফাঁসি কাষ্ঠেই তাহার প্রাণ বিনষ্ট হইয়াছে, হায় কি অপূর্ব্ব বিচার বিচারপতি সাহেবের অনুমত প্রকাশের কি অনুপম ভঙ্গি! এবং পরিশেষে তাহার প্রাণ রক্ষা করণের কি চমৎকার কৌশল! একপ কার্য্যের দ্বারা অল্প কালের মধ্যে স্যার মরডেণ্ট ওয়েলস সাহেব ভুবনবিখ্যাত হইবেন, ইহা কোনক্রমেই আশ্চর্য্য নহে।

স্বচক্ষে ভার্য্যার ব্যভিচার দোষ সন্দর্শন করিলে মনুষ্যের মনে অসীম ক্রোধের সঞ্চার হইয়া থাকে, সেই ক্রোধে জ্ঞান শূন্য হয়, তাহা সম্বরণ করিতে পারে না, সুতরাং সেই ক্রোধানুরোধে অত্যন্ত নিষ্ঠুর ও গর্হিত কার্য্য হয়, কিন্তু সামান্য দোষ জন্য বিজাতীয় ক্রোধের বশবর্ত্তি হইয়া গুলির দ্বারা এক জন বহু কালের বিশ্বাসি ভৃত্যের প্রাণ দণ্ড করা কি কোন রূপে বিধেয় হইতে পারে? অতএব পাঠকবর্গ অবশ্য বিবেচনা করিতে পারিবেন, যে প্রাণ্ডক্ত যবনের অপেক্ষা সাহেবের অপরাধ অধিক কিন্তু ব্রিটিস বিচারের কি অপূর্ব্ব পদ্ধতি এবং বিচারকদিগের কি সুক্ষ্ম বুদ্ধি যে ব্যক্তি অধিক দোষী তাহার প্রাণরক্ষা হইল এবং বিচার মতে যে ব্যক্তি তাহার তুল্য পরাধি নহে, সেই অভাগারই প্রাণ গেল, অতএব আমারদিগের রাজপুরুষেরা সকল প্রকার প্রজার প্রতি সমান দৃষ্টি রাখেন স্বজাতির বিচার সময়ে পক্ষপাত করেন না, একথা আর কে বলিবেন।

গবর্ণমেণ্ট সংক্রান্ত অচিহ্নিত কর্ম্মচারিগণ বিলাতে যে আবেদন পত্র প্রেরণ করিয়াছেন, তাহার স্থূল তাৎপর্য্য আমরা গত দিবসীয় প্রভাকরে প্রকাশ করিয়াছি। কিন্তু যে পর্য্যন্ত গবর্ণমেণ্ট চিহ্নিতাচিহ্নিত উভয় শ্রেণীকে একত্রিত না করিবেন, সেই পর্য্যন্ত গবর্ণমেণ্টের পক্ষপাত মোচন হইবেক না, ঐ প্রভেদ বিবেচনাই তাহারদিগের অতিশয় অন্যায় হইয়াছে, যে ব্যক্তি সিবিলের পদে অভিষিক্ত হইবেন, তাঁহার তাদৃশ বিদ্যা বুদ্ধি থাকুকবা না থাকুক তিনি কার্য্যক্ষম হউন বা না হউন ক্রমে২ যথা নিয়মে তাঁহার পদ বৃদ্ধি ও বেতন বৃদ্ধি হইবেক, তিনি একং সময়ে বিদায় গ্রহণ করিয়া বিলাতে যাইতে পারিবেন, কিন্তু অচিহ্নিত কর্ম্মচারিদিগের মধ্যে যদি কোন ব্যক্তি অত্যন্ত উপযুক্ত হন বিশেষ সুখ্যাতি সহিত কার্য্য নির্ব্বাহ করেন, তথাচ তাঁহার বেতন পাঁচ শত অথবা সাত শত টাকার অধিক হইবেক না, তিনি ছোট আদালতের জজ কিম্বা কলিকাতা পুলিসের মাজিষ্ট্রেটের আসন ব্যতীত আর কোন প্রকার উচ্চ আসন পাইবেন না, গবর্ণমেণ্টের এই ব্যবেচনায় কি সমান্য পক্ষপাত হইয়াছে, পূর্ব্বতন কোর্ট আব ডৈরেক্টর্স সাহেবেরা আপনারদিগের পুত্র পৌত্রাদি মিত্র প্রভৃতির উপকার নিমিত্ত এই অন্যায় নিয়ম করিয়াছিলেন, এদেশের সিবিলিয়ানের পদ বিক্রয় করিয়া তাঁহারদিগের মধ্যে অনেকে অনেক টাকা উপার্জ্জন ও করিয়াছেন, এইক্ষণে যখন সেই কোর্ট আব ডৈরেকটর্স সাহেবদিগের ক্ষমতা বিনষ্ট হইয়া এই রাজ্য মহারাণীর শাসনাধীন হইয়াছে, তখন ঐ ঘৃণিত নিয়ম রহিত করা আদৌ কর্ত্তব্য হইয়াছে।

"ওয়ার্ক্স এইয়ার" অর্থাৎ সংবৎসরে একবার প্রকাশিত এই নামে এক খানি নূতন পুস্তক, মহা প্রভু মেরিনন্দনের জন্ম দিবসে মিলেটরি আর ফেল প্রেশ হইতে প্রকাশ হইয়াছে, তাহাতে তৎসম্পাদক মহাশয়েরা অনেক সৎপ্রসঙ্গ ও আমোদ জনক গল্প ও অনেক উত্তমোত্তম কবিতা লিখিয়াছেন, তৎপাঠে পাঠক বৃন্দ পুলকিত হয়েন, তাহার সন্দেহ নাই, আমরা প্রার্থনা করি এই নূতন পুস্তক প্রতি বৎসর এক২ খণ্ড প্রকাশিত হইয়া পাঠক বৃন্দের হর্ষ প্রদ হউক।

Printed and published by the RAMCHUNDER Goroto at the *Probhakur Pres*

সংবাদ প্রভাকর

প্রাতঃকালীন

135-227

এই প্রভাকর পত্র প্রতিবার বাটীতে প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তর্গত ৫৩ নং ভবনে ৺দ্বারিকানাথ দুর্গাচরণ মুখোপাধ্যায় ষ্ট্রীটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥*॥*॥* সত্যং মনস্তামরস প্রভাকরঃ সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ ॥*॥* ॥*॥*॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥*॥*॥

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিচ্ছ্রুমং ভ্রাম মাতঙ্গমীষদমুতং পীত্বা ক্ষুধাকাতরাঃ। অদ্যোদাদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নগণ্ডোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্ত চতুরস্বান্তদ্বিরেফারসং॥

মূল্য এই পত্রের অগ্রিম মূল্য ১৩ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১৮ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৮১২ সংখ্যা] সোমবার ২৬ পৌষ ১২৬৬ সাল ॥ ইং ৯ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র]

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে, যে সুপ্রিম কোর্ট বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয়ের ধর্ম্ম সম্বন্ধীয় কার্য্যালয়ে একপ এক আবেদন পত্র প্রস্তুত হইয়াছে যে মহানগর কলিকাতা নিবাসি মৃত জছুনাথ মল্লিক মহাশয় এক জন হিন্দু সওদাগর ছিলেন তাঁহার স্থাবর অস্থাবর সম্পত্তির বিভাগ ও বিতবাদির প্রতি কর্ত্তৃত্ব করণের ভারপ্রাপ্তক্ত মহানগর কলিকাতার মেছুয়া বাজার নিবাসি শ্রীযুত রামমণি মল্লিকের প্রতি সমর্পিত হইল, এবং ইনি মৃত জছুনাথ মল্লিকের জ্ঞাতি সম্বন্ধে হিতীয় ভ্রাতষ্পুত্র হয়েন, এবং ঐ মৃত জছুনাথ মল্লিকের পুত্র ব্রজেন্দ্রলাল মল্লিক অপ্রাপ্ত বয়স্ক রহিয়েন।

A. H. Corbett.
Proctor,
এ. এইচ, করবেট।
উকীল।

কলিকাতা।
৩০ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মহানগর কলিকাতার আরমানিয়ান ষ্ট্রিটের মধ্যে ৪৩ নম্বরের বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বাদ ভূমি অনুমান ।৩ আট কাঠা হইবেক তাহা কেহ ক্রয় না করেন অথবা বন্ধক না রাখেন কারণ ঐ বাটী মিনালয়ব মদিনা সাহেবের কারম দ্বারা সিউলাল মতিলালের নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

বিজ্ঞাপন

আফ্রিকা দেশের বাঙ্গালা মানচিত্র প্রস্তুত হইয়াছে তাহাকলিকাতা স্কুলবুক সোসাইটীতে সংস্কৃত ও বাঙ্গালা যন্ত্রের পুস্তকালয়ে এবং কালেজ ষ্ট্রীটে ৯ সংখ্যক বাঙ্গালা পুস্তকালয়ে বিক্রয়ার্থ আছে। প্রত্যেক খণ্ডের মূল্য ৫ পাঁচ টাকা মাত্র ইতি। ২৯ ডিসেম্বর ১৮৫৯।

শ্রীগোপালচন্দ্র বসু।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণ জনগণকে বিদিত করা যাইতেছে যে সুরধনির পশ্চিমপার্শ্ব মালিখার মধ্যে ছেতুয়ার চৌরাস্তায় "জেনুইন মেডিসীন ডিসপেন্সিটরি হল" নাম এক ২ ডিস্পেনসারি সংস্থাপিত হইয়াছে বিলাত হইতেআনীত উত্তম অকৃত্রিম ঔষধ অতি অল্প মূল্যে প্রাপ্ত হইতে পারিবেন তথায় এক জন সুবিজ্ঞ ডাক্তার সর্ব্বদা উপস্থিত আছেন।

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একাডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ

৪৫৪

তিন চারি জন শিক্ষকের প্রয়োজন হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪।১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরুচরণ দত্তের নিকট উপস্থিত হইলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।

২২ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন।

গোলাপকান্ত।

গোলাপকান্ত নামে অভিনব একখানি সরস কাব্য রচিত হইয়াছে এই সুমিষ্ট কাব্য দেখিয়া অনেকে সন্তুষ্ট হইয়াছেন। অতএব আমি সেই উৎসাহকে অবলম্বন করিয়াই গোলাপকান্ত গ্রন্থ মুদ্রিত ও বিচরিত করিলাম ইহার মূল্য ।।০ আট আনা। গ্রন্থকার্য্যালয় প্রভাকর যন্ত্রে অথবা নিমুলিয়ার স্কুকেস ষ্ট্রীট ৩৪ নং বাটীতে বি,ভট্টাচার্য্য কোম্পানির পত্রিকা যন্ত্রে পত্র পাঠাইলে প্রাপ্ত হইবেন।

শ্রীকানাইরাম দাস।

বিজ্ঞাপন।

হালিসহর নিবাসি বিখ্যাত চিকিৎসক শ্রীযুক্ত বামাচরণ বরাট তিদ্দোক্ত সমুদায় প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করিয়া বহু পরিশ্রম ও অর্থ ব্যয় স্বীকার করিয়া সম্প্রতি মকরধ্বজ রসসিন্দুর ওঁ ছাগলাদি ঘৃত ও মাস তৈল প্রস্তুত করিতেছেন। এতদ্ভিন্ন কাস গ্রহণী পুরাতন জ্বর প্লীহা অগ্নিমাস প্রভৃতি বহু প্রকার কঠিন রোগোপশম করণের মহৌষধ সকল প্রস্তুত করা হইয়াছে যাঁহার প্রয়োজন হয় হোগোলকুঁড়িয়ার অন্তঃপাতি শ্রীযুক্ত বাবু শিবচন্দ্র গুহ মহাশয়ের স্থাপিত ৺ কালী বাটীর সম্মুখস্থ ভবনে তাঁহার বাসায় তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

ভারতচন্দ্র রায়ের জীবন চরিত মূল্য	১
প্রবোধ প্রভাকর	১
শুকেতিহাস	॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড	১০
স্বপ্নদর্শন	৵
ললনীকান্ত শৃঙ্গার ও করুণ রাশ্রিত নবীন উপাখ্যান	১

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই ললনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

সংবাদ প্রভাকর

২৬ পৌষ শকাব্দাঃ ১৭৮১ বিজ্ঞাপনদাতা

অনুবাদক সমাজের সাহায্যে শ্রীযুক্ত বাবু কালিদাস মৈত্র বিধ ইংরাজী পুস্তক হইতে সংগ্রহ পূর্ব্বক বঙ্গভাষার খগোল নাম অপর যে এক খানি নূতন পুস্তক প্রকাশ করিয়াছেন, আমরা এখা তাহার প্রতি কোন অভিপ্রায় প্রকা করি নাই, ঐ পুস্তক খানিও বিদ্যা লয়ের ছাত্রদিগের পাঠোপযো হইয়াছে, যদিও তাহাতে সুষ্ঠি খগোল শাস্ত্রের বিস্তারিত বিষ প্রকাশ পায় নাই, তথাচ এই অ নীর দৈনিক এবং বার্ষিক ভ তাহাতে ঋতুদিগের আগম

সৌর মণ্ডলের বিবরণ গৃহাদির গতি ও আহর্ষণ ইত্যাদি বিষয় যাহা বর্ণিত হইয়াছে, তৎপাঠে ছাত্রগণ সৌর জগতের অনেক বিষয় অবগত হইতে পারিবেন, সূর্য্য শশাঙ্ক ও গৃহাদির বিষয়ে এতদ্দেশীয় লোকদিগের বিশেষতঃ রমণীগণের যে গুরতর ভ্রম আছে, এই পুস্তক পাঠে তাহার অনেক মোচন হইবার সম্ভাবনা।

ইদানিন্তন বঙ্গভাষায় অনেক মহাশয় ইংরাজী ও অন্যান্য ভাষা হইতে অনেক পুস্তক রচনা অনুবাদ এবং আলোচনা করিয়াছেন, কিন্তু কোন মহাশয় এপর্য্যন্ত বঙ্গভাষায় অতি প্রয়োজনীয় এবং অতি রমণীয় খগোল শাস্ত্র যাহা পাঠ করিলে সেই সর্ব্ব শক্তিমান পরমেশ্বরের জগত রচনার অত্যাশ্চর্য্য কৌশল সমস্ত অবগত হওয়া যায় এবং তাঁহার প্রতি চিত্তের একাগ্রতা জন্মে, এপর্য্যন্ত কেহই তাহা প্রকাশ করেন নাই, অতএব অনুবাদক সমাজের যথোপযুক্তরূপে এই নূতন পুস্তক প্রকাশ হওয়াতে আমরা পরম পুলকিত হইয়াছি, এবং পাঠ করিয়াও সন্তোষলাভ করিয়াছি, তল্লেখক মহাশয় যত দূর পর্য্যন্ত সরল ভাষায় লেখা হইতে পারে ততদূর পর্য্যন্ত সরল ভাষারই আশ্রয় লইয়াছেন, কোন স্থানে অভিপ্রায়ের গোলযোগ হয় নাই, এবং তিনি খগোল পুস্তকের অভিপ্রায় প্রকাশ করিতে অনাবশ্যক কোন শব্দের আশ্রয় লয়েন নাই, আমরা পাঠক মহাশয়দিগের

পাঠার্থ তাহার কিয়দংশ নিম্নভাগে উদ্ধৃত করিলাম।

আকাশমণ্ডলকে কেন নীলবর্ণ দেখায়।

রাত্রিকালে ঘরের বাহিরে গিয়া দেখিলে হঠাৎ অনুমান হয় যেন তেজোময় মণি মাণিক্যে খচিত এক অতি বড় মন্দিরের মধ্যে প্রবেশ করিয়াছি। তখন ঐ ঘরের বিচিত্র শোভায় মনের মধ্যে এক সুন্দর ভাবের উদয় হইয়া বিবেচনা হইতে থাকে, যে ঐ সমস্ত তেজোময় পদার্থগুলি কি, কোথা হইতে আইসে ও কোথায় বা যায় এবং আকাশে কেনই বা নীলবর্ণ দেখায়? যাঁহারদিগের মন সদা প্রাকৃতিক নিয়ম ও কার্য্যের অনুসন্ধানে তৎপর তাঁহারদিগের রাত্রিকালের নির্ম্মল আকাশ দেখিয়া যত তৃপ্তি হয়, তত বুঝি আর কিছুতেই হয় না। নক্ষত্রের উদয় ও অস্ত এবং মণ্ডলাকার গতি দেখিয়া অজ্ঞ বিজ্ঞ সর্ব্বসাধারণেরই আশ্চর্য্য জ্ঞান হইয়া থাকে। কিন্তু যাহা দেখিয়া সন্তুষ্ট ও চমৎকৃত হইতে হয়, তাহার নিগূঢ় অনুসন্ধান না করিয়া ক্ষান্ত থাকা মনুষ্যের উচিত নহে। আকাশমণ্ডলের ও নক্ষত্রের বিষয় অনুসন্ধান করিয়া যাহাতে মনে অকপট সুখ জন্মায় তাহাই চেষ্টা করা কর্ত্তব্য। খগোল নক্ষত্রের বৃত্তান্ত অতি কঠিন হইলেও মনুষ্যজাতি বহুকালাবধি নিরন্তর যত্ন করিয়া নক্ষত্রাদির গতি অনেক স্থির করিয়াছেন। কিরূপে স্থির হইল, তাহাই পরিচয় দিবার নিমিত্তে এই ক্ষুদ্র পুস্তকখানি লিখিতেছি।

বায়ুর কোন রং নাই, বায়ুর কোন ভার নাই, এই কথা প্রায় অনেকেই বলিয়া থাকেন, প্রাচীন পণ্ডিতেরাও বলিয়াছেন যে বায়ু ভারহীন কেবল স্পর্শদ্বারা অনুভূত কিন্তু অতি সুক্ষ্ম বিবেচনা করিয়া দেখিলে বায়ুর ভার ও বর্ণ দুই আছে।*

বায়ুর রং আছে ইহা অনায়াসে সপ্রমাণীকৃত হইতে পারে, একটি হাঁড়ি পরিপূর্ণ জলে কোন প্রকার রং অল্পাল্প করিয়া মিশ্রিত করিলে ঐ হাঁড়ির ঈষদ বর্ণান্তর হইয়াছে স্পষ্ট বোধ হয়, কিন্তু হাঁড়ি হইতে সেই জল হাতে করিয়া লইলে বোধ হয় না যে ঐ জলের বর্ণান্তর হইয়াছে। হাঁড়িতে যে জলকে বর্ণান্তর দেখায় সেই জল হাতে করিয়া দেখিলে নির্ম্মল দেখায়, এজন্য যে হাতের জলের এক বর্ণ ও হাঁড়ির জলের অন্য বর্ণ নহে, এই বিষয় অতি স্পষ্ট বুঝিবার নিমিত্তে কাচের গ্লাসে জল পূরিয়া সেই জলে ঈষদ আলতা ইত্যাদি গুলিয়া দিয়া দেখিলে গ্লাসের জলে কিছু আলতার আভা প্রকাশ পাইবে কিন্তু সেই গ্লাসের কিঞ্চিৎ জল একটী অতি সরু নলের মত সিশীর মধ্যে রাখিয়া দেখিলে বোধ হইবে যে সিশীর জলে আলতা নাই। এখন বিবেচনা করা

*যে দ্রব্যের মধ্য দিয়া আলোকের গতি হইয়া থাকে অর্থাৎ যাহার মধ্য দিয়া দেখা যায় তাহাকে স্বচ্ছ বলে, যথা।—কাচ ও স্ফটিক, জল ইত্যাদি। যে দ্রব্যের মধ্য দিয়া আলোকের গতি হয় না, অর্থাৎ যাহার মধ্য দিয়া দেখা যায় না তাহাকে অস্বচ্ছ বলে যথা কবাট, প্রাচীর ইত্যাদি।

আবশ্যক হইল, যে গ্লাসে ও সরকাসে শীতে এক জলে এত বিশেষ দেখায় কেন ! শিশীতে জলের ভাগ কম এজন্য সেই জল হইতে আলতার বর্ণের স্পষ্ট আভা বোধ হয় না, গ্লাসে জলের ভাগ বেশী তাহাতেই বর্ণের আভা প্রকাশ পায়। পাঠকবর্গের স্মরণ হইলেও হইতে পারে, যে যখন গঙ্গার বা নদীর জল ঘোলা হয় তখন নদীস্থ জলকে যত ঘোলা দেখায় হাতে করিয়া লইলে সেই জল তত ঘোলা দেখায় না। যখন জল নদীতে থাকে তখন জলের ভাগ বেশী থাকা প্রযুক্ত যত ঘোলা দেখায় হাতে করিয়া লইলে তত জলের ভাগ বেশী না থাকায় তত ঘোলা বোধ হয় না তন্নিমিত্ত, নদীর জলের বর্ণ ভিন্ন এবং হাতের জলের বর্ণ ভিন্ন ইহা যখনই বলিতে পারা যায় না। জলের স্বাভাবিক বর্ণ নীল, এজন্যই বোধ হয় সংস্কৃত ভাষায় জলকে নীল, বলা হইয়া থাকিবে।

৺নঠনিয়া নিবাসি পরমধার্ম্মিকবর পুণ্যাত্মা শ্রীযুক্ত বাবু গোরাচাঁদ দত্তের সুখ্যাতি সৌরভে কেবল কলিকাতা রাজধানী আমোদিতা হইয়াছে, এমত নহে, পল্লীগ্রামের বহু দেশেও তাহার পরিব্যাপ্ত হইয়াছে আন্দুল নিবাসি কোন বিশ্বাসি ব্যক্তি আমাদিগের নিকটে ব্যক্ত করিলেন, যে গত রবিবার দিবসে গোরাচাঁদ বাবু প্রায় দুই শত ব্রাহ্মণ সমভিব্যহারে বাষ্পীয় জল যানারোহণে উক্ত গ্রামে মন্ত্রদাতা গুরুদেবভবনে গমন করিয়া তথায় প্রচুরার্থ ব্যয় করিয়া আসিয়াছেন, রজত থাল পূর্ণ টাকা ও সাল পট্টবস্ত্র ও তৈজসাদি প্রদান পূর্ব্বক বহু উপহারে কেবল গুরুদেবের চরণ পূজা করিয়াছেন এমত নহে, গ্রামস্থ অনেক ব্রাহ্মণ পণ্ডিতকে আহ্বান করিয়াছিলেন, স্বহস্তে তাহার ও সমভিব্যহারি ব্রাহ্মণগণের পদ যুগল যৌতুক করিয়া দিয়াছেন, রজতাঞ্জলি প্রদান পূর্ব্বক পূজা করিয়াছেন আশীর্ব্বাদ লইয়াছেন, এবং প্রচুর উপাদেয় আহারে পরিতুষ্ট হইয়া বাবুকে পুনঃ সাধুবাদ করিয়া বিদায় হইয়াছেন।

আন্দুল ও তন্নিকটবর্ত্তি মৌড়ী প্রভৃতি সকল গ্রামে আবাল বৃদ্ধ বণিতা সকলের মুখে গোরাচাঁদ বাবুর অসাধারণ গুরু ভক্তি সুখ্যাতি প্রতি নিয়তই ব্যক্ত হইতেছে, গোরাচাঁদ বাবু শুভক্ষণে অবনীতে জন্ম গ্রহণ করিয়াছেন, যে প্রচুরার্থ উপার্জ্জন করেন, তাহার অধিকাংশই সৎকার্য্যে ব্যয় করিয়া থাকেন, এমত দিন নাই, যে ব্রাহ্মণেরা তাঁহার মুক্ত হস্ত হইতে দান প্রাপ্ত না হয়েন, অনেক ব্রাহ্মণের উপনয়ন বিবাহ এবং কাশী গমন ও বাটী নির্ম্মাণ বিষয়ে তিনি প্রচুর পরিমাণে সাহায্য করিয়াছেন, এবং করিতেছেন, তাঁহার দান দ্বার অবারিত রহিয়াছে, ইদানিন্তন বাবুদিগের মধ্যে তাঁহার তুল্য দেব দ্বিজানুরক্ত ব্যক্তি আর দেখা যায় না, অতএব আমরা জগদীশ্বরের নিকটে প্রার্থনা করি তিনি অরোগী ও দীর্ঘায়ু হইয়া এই প্রকার সৎকার্য্যের বিধান পূর্ব্বক স্বীয় জীবনের সার্থকতা সাধন করুন, দান বিষয়ে এই বঙ্গ দেশের এক প্রধান দৃষ্টান্ত স্থল হউন।

নিম্নলিখিত বিষয়টি সোম প্রকাশ হইতে উদ্ধৃত হইল।

পূর্ব্ব আমরা প্রকাশ করিয়াছিলাম, যে গবর্ণমেণ্ট অঙ্গীকৃত বার্ষিক নয়টি অবৈতনিক ছাত্র বৃত্তির মধ্যে ১২ ও ১৩ সেপ্টেম্বরের পরীক্ষোত্তীর্ণ তিনটি বালক তিনটি ছাত্র বৃত্তি প্রাপ্ত হইয়াছে। এক্ষণে অবগত হওয়াগেল যে ২০ ও ২১ ডিসেম্বর তারিখে কলিকাতাস্থ নর্ম্মালস্কুলে আর একটি পরীক্ষা গৃহীত হইয়াছে। সেই পরীক্ষায় গবর্ণমেণ্ট বাঙ্গালা পাঠ শালার পাঁচটি এবং আহিরী টোলার সাহায্য কৃত বাঙ্গালা পাঠশালার একটি এই ছয়টি ছাত্র উত্তীর্ণ হইয়া বাকি ছয়টি ছাত্র বৃত্তি প্রাপ্ত হইয়াছে, তাহাদের নাম যথা ক্রমে নিম্নলিখিত হইল।

শ্রীভোলানাথ ঘোষ	গবর্ণমেণ্ট বাঙ্গালা পাঠশালার ছাত্র।
শ্রীভূতনাথ দে	ঐ
শ্রীবলাইচাঁদ মল্লিক	ঐ
শ্রীপূর্ণচন্দ্র বড়াল	ঐ
শ্রীউপেন্দ্রনাথ ঘোষ	ঐ
শ্রীচন্দ্রনাথ সেন	আহিরী টোলার সাহায্য কৃত পাঠশালার ছাত্র।

Printed and published by the RAMCHUNDER GOPOTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

আতঃকরণম্

১২৭

১৩৭

ক্লেশেষ্ট প্রভাকর পত্র ব্যবহার ব্যতীত প্রতি ফর্দ্দ ইলিকাতা সিমুলিয়ার জগন্নাথচন্দ্র ভট্টাচার্য্যের দুর্গাচরণ মুখোপাধ্যায়ের ষ্ট্রীটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত ঈশ্বরচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥*॥*॥ সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু-সমপ্রভাকরঃ ॥*॥ ॥*॥*॥ উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥*॥*॥

নক্তং চক্রকরেণ ভিন্নমুকুলৈর্দ্বিন্দীবরেষু কচিদ্ভ্রাম্যং ভ্রাম মতত্তমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ। অন্যোন্যাহ্বয়মপ্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফাঃ সদা॥

এই পত্রের অগ্রিম মূল্য ১৩ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪১৩ সংখ্যা] মঙ্গলবার ২৭ পৌষ ১২৬৬ সাল। ইং ১০ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যাহারা আপনাপন সন্তান সন্ততিদিগকে ব্যাকসিনেট অর্থাৎ ইংরাজী মতে গোবীজে টীকা দিবার অভিলাষ করেন চৌরঙ্গির রাস্তার ২৭ নং ভবনে সুপরিণ্টেণ্ডেণ্ট জেনেরল আর বা কসিনেসন অর্থাৎ ওড্ডপ্রকার টীকা দিবার কার্য্যের সম্বাধাক্ষ সাহেবের নিকটে প্রর্থনা জানাইবেন।

J. MACPHERSON.
Superintendent General of Vaccinatn.

জে, মেকফার্সন
টীকা দিবার কার্য্যের
সম্বাধাক্ষ

No 27
CHOWRINGHEE ROAD.
Dated 31st October.
1859.

বিজ্ঞাপন

সর্ব্বসাধারণের বিদিতার্থে জ্ঞাত করা যাইতেছে যে গত ৯ ভাদ্র তারিখে আমার অগ্রজ শ্রীযুক্ত শ্যামচাঁদ ঘোষ বহরমপুর হইতে ভবানীপুর প্রবাসি শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র বসুর নামীয় পত্র মধ্যে ৩৩১৯৬ নং কোম্পানির ১০০ এক শত টাকার শেয়ার্দ্ধাংশ বাঙ্গাল ব্যাঙ্ক নোট প্রেরণ করেন ঐ অর্দ্ধাংশ নোট পত্র সহিত খোয়া গিয়াছে যদি কেহ প্রাপ্ত হইয়া থাকেন তবে সহর কলিকাতা ঘোড়াসাঁকর শ্রীমতী রাণী হরসুন্দরীর বাটীতে আমার ভাগিনেয় শ্রীযুত মথুরানাথ দত্তের নিকট অর্পণ করিবেন। তিনি পুরস্কার লাভের বন্দোবস্ত করিলে যথাযোগ্য পুরস্কার দেওয়া যাইবেক।

ইতি তাং ৯ জানুওয়ারি ১৮ সাল।

শ্রীকৃষ্ণচাঁদ ঘোষ।
সাং মঙ্গলপুর।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মহানগর কলিকাতার আরমানিয়ান কিৃষ্টেন মধ্যে ৪৩ নম্বরের বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা হইবেক তাহা কেহ ক্রয় না করেন অথবা বন্ধক না রাখেন কারণ ঐ বাটী মিনালয়র মরিনা সাহেবের ফারম দ্বারা সিউলাল মতিলালের নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

বিজ্ঞাপন

আফ্রিকা দেশের বাঙ্গালা মানচিত্র প্রস্তুত হইয়াছে তাহা কলিকাতা স্কুলবুক সোসাইটীতে, সংস্কৃত ও বাঙ্গলা যন্ত্রের পুস্তকালয়ে এবং কালেজ ষ্ট্রীটে ৯ সংখ্যক বাঙ্গাল

৪৫৬

পুস্তকালয়ে বিক্রয়ার্থ আছে। প্রত্যেক খণ্ডের মূল্য ৫ পাঁচ টাকা মাত্র ইতি। ২৯ ডিসেম্বর ১৮৫৯।

শ্রীগোপালচন্দ্র বসু।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণ জনগণকে বিদিত করা যাইতেছে যে সুরধুনীর পশ্চিমপার শালিখার মধ্যে হেদুয়ার চৌরাস্তায় "জেনুইন মেডিসীন ডিপজিটরি হল" এক ২ ডিস্পেনসার সংস্থাপিত হইয়াছে বিলাত হইতেআনীত উত্তম অকৃত্রিম ঔষধ অতি স্বল্প মূল্যে প্রাপ্ত হইতে পারিবেন তথায় এক জন সুবিজ্ঞ ডাক্তর সর্ব্বদা উপস্থিত আছেন।

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একাডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ তিন চারি জন শিক্ষকের প্রয়োজন হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪।১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরুচরণ দত্তের নিকট উপস্থিত হইলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।

২২ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন।

গোলাপকান্ত।

গোলাপকান্ত নামে অভিনব একখানি সরস কাব্য রচিত হইয়াছে এই সুমিষ্ট কাব্য দেখিয়া অনেকে সন্তুষ্ট হইয়াছেন। অতএব আমি সেই উৎসাহকে অবলম্বন করিয়াই গোলাপকান্ত গ্রন্থ মুদ্রিত ও বিচরিত করিলাম ইহার মূল্য ।।০ আট আনা। গ্রহণার্থিরা প্রভাকর যন্ত্রে অথবা সিমুলিয়ার সুকেস ষ্ট্রীট ৩৪ নং বাটীতে বি, ভট্টাচার্য্য কোম্পানির পত্রিকা যন্ত্রে পত্র পাঠাইলে প্রাপ্ত হইবেন।

শ্রীকানাইরাম দাস।

বিজ্ঞাপন।

হালিসহর নিবাসি বিখ্যাত চিকিৎসক শ্রীযুক্ত রামাচরণ বরাট নিদানোক্ত সমুদায় প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করিয়া বহু পরিশ্রম ও অর্থ ব্যয় স্বীকার করিয়া নষ্টপ্রতি মকরধ্বজ রসসিন্দূর ও ছাগলাদি ঘৃত ও মাস তৈল প্রস্তুত করিতেছেন। এতদ্ভিন্ন কাস গ্রহণী পুরাতন জ্বর প্লীহা অগ্নমাস প্রভৃতি বহু প্রকার কঠিন রোগোপশম করণের মহৌষধ সকল প্রস্তুত করা হইয়াছে যাঁহার প্রয়োজন হয় হোগোলকুঁড়িয়ার অন্তঃপাতি শ্রীযুক্ত বাবু শিবচন্দ্র গুহ মহাশয়ের স্থাপিত কালী বাটীর সম্মুখস্থ ভবনে তাঁহার বাসায় তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা প্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত।

প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

২৭ পৌষ শকাব্দা: ১৭৮১। বিক্টোরিয়াব্দ

স্বদেশের কুশলবর্দ্ধনার্থে যে ব্যক্তি আপনার ধন মন সমর্পণ করেন, তিনি আপনার দুঃখে দুঃখিত হয়েন না, পর দুঃখ সন্দর্শনে কাতর হইয়া থাকেন। স্বদেশহিতার্থি মহোদয় যে কোন অবস্থায় অবস্থান করুন যে কোন বিষয়ে তাঁহার চিত্ত নিবিষ্ট হইবেক, তিনি যদি সেই বিষয়ে আপনার অভিলষিত কার্য্য সম্পাদন করিয়া প্রতিষ্ঠা লাভ করিতে না পারেন, তথাচ তাঁহার অনুকরণে কোন প্রকার ক্লেশ হয় না এই মাত্র ক্লেশ হইতে পারে, যে তিনি স্বদেশের কুশলবর্দ্ধনে চিত্ত নিবিষ্ট করিয়াছিলেন, তাহাতে কৃতকার্য্য

তে পারিলেন না। তাঁহার যে অন্তঃকরণ অন্যান্য ব্যক্তিদিগের প নহে।

আমরা উপরি ভাগে যে অভি লিখিলাম, যদিও এই অবমা লের ভিন্ন২ দেশবাসি ব্যক্তি- রের কার্য্যের দ্বারাই ইহার বি- প্রমাণ প্রাপ্ত হওয়া যায়, তথাচ বঙ্গদেশীয় ব্যক্তিদিগের এই বি- য় প্রকার অননুরাগ দৃষ্টি করা েছে, আমরা বোধ করি অন্য ন দেশ, যেখানকার লোকেরা াবুদ্ধি ইত্যাদি বিবিধ অতি উ- ার জনক বিষয়ে, চিত্ত নিবিষ্ট য়া প্রতিষ্ঠা লাভ করিয়াছেন, বিশেষ গৌরবান্বিত হইয়াছেন, ারা একপ আলসাপরবশ হই- আপনাপন কর্ত্তব্য কার্য্য নির্ব্বাহ ণ বিষয়ের অনুগামি হয়েন আমরা এই বিষয় লিখিয়া শীয় ব্যক্তিদিগের প্রতি দো- াপ করিতেছি, এমত কেহ চনা করিবেন না। স্বদেশীয় গণ দেশের মঙ্গলবিষয়ে অ- প্রকাশ করিলে আমারদিগের যে প্রকার পুলকিত হয়, অন্য ীয় ব্যক্তিগণ আপনাপন দেশের সম্পাদনে চিত্ত নিবিষ্ট করি- আমরা স প্রকার আনন্দানুভব না।

যদিও সম্পাদকীয় ধর্ম্মের মর্ম্মা- রের সর্ব্বদেশীয় হিতেচ্ছু ব্যক্তি- র উৎসাহ বর্দ্ধন বিষয়ে আ- দিগকে লেখনী সঞ্চালন করিতে তথাচ স্বদেশীয় ব্যক্তিদিগকে মঙ্গলজনক বিষয়ে অনুরাগি দেখিলে আমারদিগের চিত্তক্ষেত্র যে প্রকার পুলকিত হইয়া থাকে, অন্য দেশীয় ব্যক্তিদিগের সম্বন্ধে কদাচ তাদৃশ হয় না।

পরন্তু আমারদিগের এই সমস্ত আক্ষেপোক্তি কেবল অরণ্যে রোদন বৎ হইতেছে, অন্যান্য সুসভ্য দেশীয় ব্যক্তিদিগকে স্বদেশের উপকার বিষয়ে যেরূপ অনুরাগি দেখা যাইতেছে। এতদ্দেশীয় ব্যক্তিদিগের মধ্যে যে সকল মহাশয়েরা স্বদেশোপকার জনক বিষয়ে সাহায্যকারি বলিয়া এক প্রকার প্রতিষ্ঠাভাজন হইয়াছেন, আমরা তাঁহারদিগের তদ্রূপ প্রতিষ্ঠা করিতে পারি না।

আমরা যে প্রকার অভিপ্রায় ব্যক্ত করিলাম, স্বদেশ কুশলাভিলাষি ব্যক্তিমাত্রেরই এই অভিপ্রায়। যদিও মনুষ্যদিগের আকৃতি প্রায় এক রূপ, স্বভাবের কিঞ্চিৎ বিভিন্নতা দেখা যায়, তাহা আমরা ধর্ত্তব্য করি না, তথাচ স্বদেশের হিতানুষ্ঠান বিষয়ে যে দেশের লোকেরা অনুরাগ ও সাহায্য দান না করেন, আমরা বোধ করি তাঁহারা কোনক্রমেই মনুষ্যত্ব সম্পাদন করিতে পারেন না।

আমরা দেশীয় ব্যক্তিদিগের প্রতি দোষারোপ করিতেছি পাঠকগণ কদাচ এমত বিবেচনা করিবেন না, দেশমঙ্গলজনক বিষয়ে দেশীয় মহাশয়দিগের সম্ভবমত অনুরাগাবলোকন না করিয়াই এই বিষয় লিখিলাম। যে সকল মহাশয়েরা এ দেশের উপকার সম্বর্দ্ধনে বিশেষানুরাগি আমরা বোধ করি তাঁহারা এই আক্ষেপোক্তি অবশ্যই সত্য বলিয়া স্বীকার করিবেন, এবং ইহা প্রকাশার্থ আমারদিগের সহিত সংযুক্ত হইবেন তাহার সন্দেহ নাই।

৪৫৭

মালোয়ার অধীনস্থ ধার দেশের বিষয়ে সংবাদ পত্রে নানা প্রকার সমাচার ব্যক্ত প্রকাশ হইয়াছে। ঐ রাজ্যের অধিরাজের অধীনস্থ সেনাগণ বিদ্রোহঘটনা সময়ে গবর্ণমেণ্টের প্রতিকূলাচরণে প্রবৃত্ত হইয়াছিল, একথা অতি যথার্থ বটে, কিন্তু তদ্বিষয়ে তথাকার মহারাজ শ্রীলশ্রীযুক্ত বালা সাহেবের কোন অপরাধ নাই, একথা যখন স্পষ্ট রূপে স্বপ্রমাণ হইয়াছে, তখন আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুরের পক্ষে ঐ রাজ্য ব্রিটিস অধিকার ভুক্ত করা কদাচ উত্তম বিবেচনার কার্য্য হয় নাই, বাঙ্গাল হর করা পত্রে কোন পত্র প্রেরক লিখিয়াছেন, যে মান্যবর লার্ড ক্যানিল সাহেব যে সময়ে ভারতবর্ষীয় কৌন্সেলের অধিপতির পদে অভিষিক্ত ছিলেন, সেই সময়ে তিনি ধার রাজ্য তাহার পূর্ব্বাধিকারিকে প্রদান করিতে লিখিয়াছিলেন, শ্রীলশ্রীযুক্ত সেই লেখা মান্য করেন নাই, এই বিষয়ে আমারদিগের যে অভিপ্রায় তাহা পরে লিখিব। অদ্য স্থানের সঙ্কীর্ণতা হইল।

মান্যবর মেং উইলসন সাহেব গবর্ণর জেনেরল বাহাদুরের সহিত সাক্ষাতার্থ উত্তর পশ্চিমাঞ্চলে গমন করিলে অনেকেই অনুমান করিয়াছিলেন যে তাঁহার সহিত শ্রীশ্রীযুতের

সাক্ষাৎ হইলে, লার্ড বাহাদুর আলাহাবাদ প্রভৃতি স্থানে গমন করিবেন না, অবিলম্বেই রাজধানীতে প্রত্যাগমন করিবেন। অধুনা মফস্বলাইট পত্র দ্বারা অবগত হওয়া গেল যে গবর্ণর জেনেরল বাহাদুর যে অভিপ্রায়ে উত্তর পশ্চিম রাজ্যে গমন করিয়াছেন, তাহা সিদ্ধ না করিয়া রাজধানীতে আগমন করিবেন না।

বিগত বিদ্রোহ কাণ্ড উপস্থিত হইলে উক্ত অঞ্চলীয় যে সমস্তপ্রধান লোক গবর্ণমেণ্টের সাহায্য করিয়াছিলেন, তাঁহারদিগকে সম্মানিত করা গবর্ণমেণ্টের পক্ষে আবশ্যক, না করিলে রাজ সম্মান রক্ষিত এবং রাজ পরাক্রম বর্দ্ধিত হইতে পারে না। অতএব লার্ড কেনিং বাহাদুর উত্তমাভিপ্রায়েই উত্তর পশ্চিমাঞ্চলে গমন করিয়াছেন, তাহার কোন সন্দেহ নাই।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

মহাশয় পূর্ব্বপত্রে প্রকাশি ছয়শ্রেণীর মধ্যে অদ্য প্রথম শ্রেণী সম্বন্ধে যে কিঞ্চিৎ বক্তব্য তাহা লিখিয়া প্রেরণ করিলাম। আপনি সংশোধন পূর্ব্বক আপনার জগদুজ্জ্বল প্রভাকর পত্রৈক পার্শ্বে স্থান দান করিয়া বাধিত করিবেন।

এই স্থলে পাঠকবৃন্দ প্রথম শ্রেণী অর্থে সর্ব্বাপেক্ষা উত্তম বা অধম জ্ঞান করিবেন না, কারণ পূর্ব্বোক্ত প্রথম, দ্বিতীয়, তৃতীয়াদি পদ সকল কেবল এক এক শ্রেণীর সংজ্ঞা স্বরূপ ব্যবহৃত হইয়াছে। বর্ত্তমানে বঙ্গদেশে প্রথম শ্রেণীর কথিত রীত্যবলম্বি লোক অনেক। তন্মধ্যে গবর্ণমেণ্ট সংক্রান্ত ও অন্যান্য বিদ্যালয়স্থ অল্পবুদ্ধি বালকই অধিক। তাহারা যৎসামান্য কয়েক খানি ইংরাজী পুস্তক পাঠ করিয়া তাঁহাদিগের অজ্ঞানতার কিছুমাত্র লাঘব না হইতেই আত্ম ধর্ম্মের বিদ্বেষী হয়েন, এবং ইংরাজদিগের স্বভাব ও চরিত্রাদির গুণভাগ পরিত্যাগ করিয়া দোষভাগ গ্রহণ করেন। এইরূপে তাঁহারা যথার্থ পণ্ডিত ও আরাধ্য ব্যক্তিকে অজ্ঞান ও পাষণ্ড বোধে অবজ্ঞা করিয়া শ্বেত পুরুষ পূজক হইয়া একেবারে কাণ্ড জ্ঞান রহিত হইয়া উঠেন। যদি তাঁহারা আপন প্রখর বুদ্ধি শক্তির দ্বারা আপনাদিগের জাতীয় ধর্ম্ম, রীতি, নীতি প্রভৃতির দোষ জ্ঞাত হইয়া অপকৃষ্ট অংশ সমুদয় পরিত্যাগ করেন, তবে তাহাকে কোন মতেই অপকর্ম্ম বলা যায় না, বরং সৎকর্ম্মই বলিতে হয়। এইস্থলে আমার এরূপ অভিপ্রায় নহে, যে এক অজ্ঞান ব্যক্তির পক্ষে আপন অনভিজ্ঞতা বশতঃ স্বজাতীয় মঙ্গলময় ব্যবহারাদি অপকৃষ্ট জ্ঞান করিয়া তৎ সমস্ত পরিত্যাগ করা কর্ত্তব্য বা বিধেয়। তদর্থে ইহা স্পষ্টই প্রতীত হইতেছে, যে আমি পূর্ব্বোক্ত মত কেবল স্বভাব সম্পন্ন অসামান্য বুদ্ধি বিশিষ্ট লোকদিগের নিমিত্তই লিখিয়াছি, কারণ অপূর্ব্ব বুদ্ধি বিশিষ্ট লোকেরা সকল বস্তু অপূর্ব্বরূপে দর্শন করেন, সুতরাং তাঁহারা শিক্ষাগুরু ব্যতিরেকে অসীম জ্ঞানোপার্জ্জন করিয়া অদ্ভুত কর্ম্ম সকল করিয়া এই ভূমণ্ডলে শোকরূপ অক্ষয় কীর্ত্তিপতাকা উড্ডীয়মান করেন। কিন্তু এরূপ লোক অতি বিরল। আর যাঁহারা বিদ্যালয়ে সরল পুস্তক সকল পাঠ করেন তাঁহারদিগের মধ্যে কেহই আপনাদিগের রীতিনীত্যাদির প্রতি ভ্রান্তিমেও নেত্রপাত করেন না, কেবল ইংরাজী পুস্তক পাঠ এবং সাহেবদিগের প্রমুখাৎ শ্রবণ করেন, যে হিন্দুরা পুত্তলিপূজক ও অদ্বৈতধর্ম্মক তাহাদিগের আচার ব্যবহারাদি অত্যন্ত মন্দ ও খৃষ্ট ধর্ম্মই ধরাতে এক মাত্র সত্য ও নির্দ্দোষ ধর্ম্ম ইত্যাদি বালস্বভাবসুলভ উগ্রতা দোষে পতিত হইয়া ঐ সকল বাক্য বাক্য স্বরূপ জ্ঞান করেন, এবং হিন্দু ধর্ম্মের বিদ্বেষী হইয়া উঠেন। অতএব হে পঠদ্দশাবিশিষ্ট হীনবল বালক সকল তোমাদিগের পক্ষে সমগ্রা ধরণীতলকে কম্পিত করিয়া পদ নিক্ষেপ করণেচ্ছা অর্থাৎ যথেষ্ট জ্ঞান লাভ না করিয়া যে পণ্ডিত মণ্ডলীর মধ্যে পাণ্ডিত্য প্রকাশাভিলাষ খর্ব্বের গগন স্পর্শনাভিলাষের তুল্য, তদর্থে তোমরা ব্যগ্রচিত্ত না হইয়া পুস্তক পাঠ যথোচিত জ্ঞানবান হও তাহা হইলে পণ্ডিত সমাজে পূজনীয় হইবে।

পূর্ব্বলিখিত বর্ণনামতে অনেক লোকে এই প্রথম শ্রেণী করা যাইতে পারে, কিন্তু তাহাদিগকে আমি অন্যান্য শ্রেণী অধ্যাপন করণেচ্ছায় ইহাতে কিছুই লিখিলাম না।

লেখক

Printed and published by the RAMCHUNDER GOPOTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাতরিদ্রঃ

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসেনসাহির দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তর্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আন অগ্রিম ৬টাকামাত্র।

৮৪১৪ সংখ্যা। বুধবার ২৮ পৌষ ১২৬৬ সাল। ইং ১১ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

রিসীবর আফিস।

নবকৃষ্ণ মিত্রদিগর বাদী
হরশ্চন্দ্র মিত্রদিগর প্রতিবাদী ইত্যাদি

সকলকে জ্ঞাতকরা যাইতেছে, যে বর্ত্তমান জানুওয়ারি মাহার ২৭ তারিখে শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিমকোর্টের রিসীবর শ্রীযুক্ত জেমস ওয়েলস সাহেব তাঁহার আফিসে সহর কলিকাতা চাঁদনীচক বাজারের ইজারা ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন, উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

আর২ বৃত্তান্ত রিসীবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

রিসীবর আফিস কোর্ট হৌস।
তারিখ ৯ জানুয়ারি ১৮৬০ সাল।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মহানগর কলিকাতার আরমানিয়ান ষ্ট্রিটের মধ্যে ৪৩ নম্বরের বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা হইবেক তাহা কেহ ক্রয় না করেন অথবা বন্ধক না রাখেন কারণ ঐ বাটী নিনালয়ব মদিনা সাহেবের ফারম দ্বারা সিউলাল মতিলালের নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণ জনগণকে বিদিত করা যাইতেছে যে সুরধুনীর পশ্চিমপার শালিখার মধ্যে হেদুয়ার চৌরাস্তায় "জেনুইন মেডিসীন ডিপজিটরি হলক এক ২ ডিস্পেনসার সংস্থাপিত হইয়াছে বিলাত হইতেআনীত উত্তম অকৃত্রিম ঔষধ অতি স্বল্প মূল্যে প্রাপ্ত হইতে পারিবেন তথায় এক জন সুবিজ্ঞ ডাক্তর সর্ব্বদা উপস্থিত আছেন

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একাডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ তিন চারি জন শিক্ষকের প্রয়োজন হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪।১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরুচরণ দত্তের নিকট উপস্থিত হইলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।

২২ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন।

গোলাপকান্ত।

গোলাপকান্ত নামে অভিনব একখানি সরস কাব্য রচিত হইয়াছে এই সুমিষ্ট কাব্য দেখিয়া অনেকে সন্তুষ্ট হইয়াছেন। অতএব আমি সেই উৎসাহকে অবলম্বন করিয়াই গোলাপকান্ত গ্রন্থ মুদ্রিত ও বিচরিত করিলাম ইহার মূল্য ॥০ আট

আনা। গ্রহণার্থিরা প্রভাকর যন্ত্রে অথবা সিমুলিয়ার সুকেস ষ্ট্রীট ৩৪ নং বাটীতে বি,ভট্টাচার্য্য কোম্পানির পত্রিকা যন্ত্রে পত্র পাঠাইলে প্রাপ্ত হইবেন।

শ্রীকানাইরাম দাস।

বিজ্ঞাপন।

হালিসহর নিবাসি বিখ্যাত চিকিৎসক শ্রীযুক্ত বামাচরণ বরাট নিদানোক্ত সমুদায় প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করিয়া বহু পরিশ্রম ও অর্থ ব্যয় স্বীকার করিয়া সম্প্রতি মকরধ্বজ রসসিন্দূর ও ছাগলাদি ঘৃত ও মাস তৈল প্রস্তুত করিতেছেন। এতদ্ভিন্ন কাস গ্রহণী পুরাতন জ্বর প্লীহা অগ্রমাস প্রভৃতি বহু প্রকার কঠিন রোগোপশম করণের মহৌষধ সকল প্রস্তুত করা হইয়াছে যাঁহার প্রয়োজন হয় হোগোলকুঁড়িয়ার অন্তঃপাতি শ্রীযুক্ত বাবু শিবচন্দ্র গুহ মহাশয়ের স্থাপিত ৺ কালী বাটীর সম্মুখস্থ ভবনে তাঁহার বাসায় তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

সংবাদ প্রভাকর

২৮ পৌষ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

বঙ্গাদি প্রদেশ মধ্যে বর্ত্তমান বর্ষে প্রচুর পরিমাণে শস্যোৎপন্ন হওয়াতে আমরা অনুমান করিয়াছিলাম, যে প্রজাপুঞ্জের আহারকষ্ট সম্যক বিধায়ে না হউক অনেকাংশে নিবারণ হইবেক। কিন্তু বোধ হয় আমারদিগের সেই অনুমান সত্য হইল না। তণ্ডুলাদি প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য আবার দিন২ বৃদ্ধি হইয়া আসিতেছে। তণ্ডুলের দর ক্রমে বৃদ্ধি হইয়া প্রত্যেক মণ ৩ তিন টাকা হইয়াছিল, এইক্ষণে ৩।০ তিন টাকা চারি আনা, কোথায় ন্যূন হইবেক, তাহা হওয়া দূরে থাকুক দ্বাদশাংশের একাংশ মূল্য বৃদ্ধি হইয়া উঠিয়াছে, সুতরাং দুঃখি লোকদিগের বদনে হাহাকার ধ্বনি ব্যতীত আর কিছুই শ্রুতিগোচর হয় না। যে২ স্থানে প্রচুর শস্য উৎপন্ন হইয়াছে, সেই সমস্ত স্থলে হইতে এইক্ষণে তাহা আসিবার উপায় নাই। অনেক স্থানে নদনদী সকল শুষ্ক হওয়াতে জলপথে গমনাগমন রহিত হইয়াছে, বর্ষার জলে ঐ নদনদী সকল প্লাবিত হইয়া পরস্পর মিলিত না হইলে তথা হইতে শস্যাদি আসিবার উপায় হইবেক না, একারণ মহাজনদিগের মধ্যে অনেকে অনুমান করিয়াছেন, যে হৌসওয়ালা সাহেবদিগের কাঁটা প্রতিদিবস চলিলে এবং কাঁটার উপর মালদ্বীপ লাক্ষাদ্বীপ প্রভৃতি স্থানের হুড়িওয়ালাদিগের হুড়ির সংখ্যা বৃদ্ধি হইলে তণ্ডুলের মূল্য আরো বৃদ্ধি হইয়া উঠিবেক, একারণ অধিক লাভের প্রত্যাশায় অনেকে অনেক তণ্ডুল সঞ্চয় করিয়া রাখিয়াছেন।

এই শীতসময়ে অনেক স্থানের জলপথ অবরোধ হইয়াছে, কিন্তু স্থলপথ উত্তম না থাকাতে তদ্বারাও গমনাগমনের ব্যাঘাত হয়। অধিক ব্যয়স্বীকার না করিলে এক স্থান হইতে অন্যান্য স্থানে দ্রব্যাদি প্রেরণ করা যায় না, সুতরাং তাহাতে সেই দ্রব্যের মূল্য বৃদ্ধি হয়। বাণিজ্যের দ্বারা রাজ্যের সমূহ উপকার এবং গবর্ণমেণ্টও বাণিজ্যের উৎপন্ন প্রচুরার্থ প্রাপ্ত হইয়া থাকেন। কিন্তু কি পরিতাপ! তাহার উন্নতিবর্দ্ধনার্থ খাল খনন অথবা রাস্তানির্ম্মাণ ইত্যাদি বিষয়ে আমাদের গবর্ণমেণ্ট উচিত রূপ মনোযোগ কিছুই করেন না।

বর্ত্তমান সময়ে যে কেবল তণ্ডুলের মূল্য বৃদ্ধি হইয়াছে, এমত নহে, তৈল যাহা মধ্যে কিঞ্চিৎ সস্তা হইয়াছিল, তাহা আবার পূর্ব্ববৎ হইয়াছে। টাকায় ২৸০ এগারো পো

140 232

...য়া বই পাওয়া যায় না। ব্যবসায়ি ...কেরা বলিতেছে, যে মসিনা ও ...র্ষপের মূল্য ক্রমে যখন অগ্নি তুল্য ...য়া আসিতেছে, তখন তৈল আরো ...হর্ঘ হইবেক, মুগের ডালের শের ...তিন আনা কেহ কখন শ্রবণ ক...ন নাই, অন্যান্য ডালের মূল্যও ...পরিমাণে বৃদ্ধি হইয়াছে। যে ...দা ২৸।৩ তিন টাকা ছিল, তাহা ...পাঁচ টাকা হইয়াছে, ঘৃতের মণ ...টাকা। এত মূল্য বৃদ্ধি কোন কা...ই হয় নাই, ধনাঢ্য পরিবারগণ ...হারা অধিক পরিমাণে ঘৃত ব্যব...র করিতেন তাঁহারাও তাহা ন্যূন ...রিয়াছেন। লবণ সমান মূল্যে বি...য় হইতেছিল, গবর্ণমেণ্টও ধনলো...ক্রান্ত হইয়া তাহার মূল্য বৃদ্ধি ক...তে তাহা পূর্ব্বে প্রত্যেক টাকায় ...এগারো শের বিক্রয় হইয়াছিল। ...ক্ষণে ৴৮ আট শের হইয়াছে, আ...ীয় যাবদীয় বস্তু যখন এমত ...ল্য হইয়াছে, তখন প্রজা সকল ...র্ণবে পতিত হইয়া অবশ্যই হা...কার করিবেক, দুঃখি লোকদিগের ...দূরে থাকুক, নিয়মিত আয়ের ...ক নির্ভর করিয়া যে সমস্ত মধ্যমা...লোক সংসার যাত্রা নির্ব্বাহ ক...য়া থাকেন, তাঁহারদিগের ও য...ট কষ্ট বোধ হইতেছে, সন্তান ...তিগণ আহার করিয়া পরিতোষ ...ভ করিতে পারে না, যে সকল ...ক্ত দৈনিক শ্রম ও উপার্জ্জনের ...ত অশন বসনের নির্ভর করে, ...ন দিবস তাহারদিগের অল্প উ...র্জ্জন হইলে নয়ন জলে ভাসিতে ...গৃহে গমন করিতে পারে না, তাহারদিগের মধ্যে কোন২ পরিবার অনশনে এক২ দিবস যাপন করে।

নদীয়া জিলা হইতে আমারদিগের কোন সংবাদদাতা একজন শ্রমজীবি লোকের আত্মঘাতি হইবার যে বিবরণ লিখিয়াছেন, আমরা তাহা পাঠ করিয়া অতিশয় বিস্ময়াপন্ন হইলাম। আমারদিগের চিত্ত মধ্যে অসীম দুঃখের সঞ্চার হইল। আমরা পাঠক মহাশয়দিগের বিদিতার্থ ঐ দুঃখসংবাদ নিম্নভাগে অতি সংক্ষেপে প্রকাশ করিলাম।

উক্ত স্থানের কোন সামান্য লোক প্রতি দিবস পরিশ্রম করিয়া যাহা উপার্জ্জন করিত, তাহার দ্বারাই অতিকষ্টে তাহার পরিবারের প্রাণ রক্ষা হইত। পরিবারের মধ্যে সে ও তাহার ভার্য্যা একটি কন্যা এবং দুইটী অল্প বয়স্ক পুত্র, তাহার ভার্য্যা ও নানাকার্য্যে পরিশ্রম করিয়া কিঞ্চিৎ২ উপায় করিত। এক দিবস ঐ ব্যক্তি সমস্ত দিবস কার্য্যানুসন্ধানে পরিভ্রমণ করিয়া পরিশেষে মোট বহন পূর্ব্বক ছয়টী পয়সা উপার্জ্জন করিয়া মলিন বদনে গৃহে প্রত্যাগমন করে। শিশু সন্তানের পীড়া হওয়াতে তাহার ভার্য্যা ঐ দিবস গৃহ হইতে বহির্গমনে অক্ষম হওয়াতে সে কিছুই উপার্জ্জন করিতে পারে নাই। ঐ ব্যক্তি সন্ধ্যার সময়ে আপন রমণীর হস্তে ছয়টী পয়সা প্রদান করিলে তাহার স্ত্রী দীর্ঘনিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক বলিল, এই ছয়টী পয়সায় কি হইবেক? চাউলের যে মূল্য হইয়াছে তাহা ক্রয় করিতেই শেষ হইয়া যাইবেক, অতএব আর আহারের আয়োজনের আবশ্যক নাই। অনশনে ক্রমে শীর্ণকায় হইয়া মৃত্যুর সহিত সাক্ষাৎ করাই কর্ত্তব্য ভার্য্যার এইরূপ কাতরোক্তিই শেল স্বরূপ হইয়া ঐ দুঃখি শ্রমজীবির বক্ষঃস্থল ভেদ করিল, তাহার বদন মলিন হইয়া গেল, লোচন হইতে অবিশ্রান্ত অশ্রুধারা নির্গত হইতে লাগিল, তাহার মনে কত প্রকার দুঃখ ও চিন্তা উপস্থিত হইল তাহা লেখনী দ্বারা বর্ণনা করা যায় না ঐ যামিনী অতি কষ্টে যাপন করিয়া পর দিবস প্রাতে শয্যা হইতে গাত্রোত্থান করিয়া কার্য্যোদ্দেশে বহির্গত হইল। পথে যাইতে যাইতে চিন্তা করিতে লাগিল যে যদি আহারোপযোগি অর্থোপার্জ্জনে অক্ষম হই তবে আর গৃহে গমন করিবনা। ভার্য্যার কাতরোক্তি সন্তান সন্ততির ক্রন্দন ধ্বনি আর শ্রবণ করিতে পারি না। এপ্রাণ আর রাখিব না। গ্রামান্তরালে বৃক্ষশাখায় উদ্বন্ধনেই প্রাণ ত্যাগ করিব। এই দুঃখ ও চিন্তায় একেবারে অভিভূত হইয়া সে গঞ্জে ও হট্টে কার্য্যানুসন্ধান করিতে লাগিল ফলতঃ তাহার দুরদৃষ্ট বশতঃ ঐ দিবস চারি পয়সার অধিক উপার্জ্জন হইল না। তাহা লইয়া বাটী গমন সময়ে তাহার অন্তঃকরণে শোক সিন্ধুর প্রবাহ বৃদ্ধি হইল। আর চরণ চালনা করিতে পারিল না। অতিকষ্টে গ্রামের নিকটবর্ত্তি এক বৃক্ষ তলে উপস্থিত হইয়া চিন্তা করিল, অদ্য এই চারিটি পয়সা ভার্য্যার হস্তে কি প্রকারে প্রদান করিব, ইহা প্রাপ্ত হইলে তাহার দুঃখের পরিসীমা থাকিবেক না। তাহার কতরোক্তি শ্রবণে আমার বক্ষো বিদীর্ণ হইয়া যাই-

৪৫৯

বেক। অতএব এরূপ কষ্টভোগ আর কত দিন করিব। একেবারে প্রাণ পরিত্যাগ করিয়া সকল কষ্ট মোচন করাই আবশ্যক। দুঃখি শ্রম জীবি ঐ বৃক্ষ মূলে বসিয়া এইরূপ অনেক চিন্তা করিয়া আত্মঘাতি হইবার প্রতিজ্ঞা করিল, সেই পয়সা চারিটি বস্ত্রে বন্ধন করিয়া গাত্রোত্থান পূর্ব্বক আলম্বিত এক বৃক্ষ শাখা ধরিয়া তাহাতে সেই বস্ত্রের একভাগ বন্ধন করিয়া অন্য ভাগ আপনার গলদেশে দিয়া উদ্বন্ধনে প্রাণ ত্যাগ করিল।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক সমীপেষু।

মহাশয় আপনি অনুগ্রহ করিয়া নিম্নলিখিত কয়েকটী পঁক্তি সংশোধনান্তে আপনার পত্রৈকপার্শ্বে স্থান দান করিয়া চিরবাধিত করিবেন।

আমরা এদেশস্থ সমস্ত জন অপার দুঃখার্ণব হইতে উত্তীর্ণ হইয়া যে কি পর্য্যন্ত সুখসম্ভোগ করিতেছি তাহা মনোমধ্যে চিন্তা করিয়া স্থির করিতে পারিলে কিঞ্চিৎ বর্ণনা করিতাম, তথাপি এবিষয়ে যথাসাধ্য কথঞ্চিৎ রূপে লিখিতেছি। মহানগরী কলিকাতা নিবাসি যশোরাশি পরহিতৈষি ৺ স্বর্গীয় গোপীমোহন ঠাকুর মহাশয় এই বঙ্গ রাজ্য মধ্যে যেরূপ খ্যাত্যাপন্ন অগ্রগণ্য দানী রূপে প্রসিদ্ধ ছিলেন, তাঁহার পাঞ্চভৌতিক কলেবর বহুদিবস ভূতায়ত্ত হইয়াছে, তথাপি "কীর্ত্তির্যস্য সজীবতি" এপদ্যের সার্থকতারূপ উপমাস্পদ হইয়া দেদীপ্যমান রহিয়াছেন। এই বঙ্গভূমি মধ্যে তিনি বহু প্রদেশে দেবতার প্রতিমূর্ত্তি স্থাপন ও সদাব্রত এবং ভূরি ধর্ম্মানুষ্ঠান যোগ্য স্থান সংস্থাপন করিয়াছিলেন। তাহার মধ্যে ৺ ভাগীরথীর পূর্ব্ব তীরস্থ মূলাযোড় সৎপল্লীতে যে সকল দেবমূর্ত্তি স্থাপন করিয়াছিলেন ঐ সকল ঠাকুরের প্রতি ঠাকুর মহাত্মার সাতিশয় অনুরাগ ছিল। পরে উক্ত মহাশয় যত্নাত্মজের ছন্দানন দর্শন করিয়া মানব লীলাসম্বরণ করিলে পর তাঁহার যাবতীয় বস্তু ষড়ংশে বিভক্ত হইল, কিন্তু তাঁহার কৃত স্থাবররূপ কীর্ত্তি বিভাগ হইবার সম্ভাবনা না থাকায় ভাগরূপে বিভক্ত হওয়াতে তদবধি ঐ কীর্ত্তি স্থাবরে অংশরূপ তমোরাশি সংলগ্ন হওয়াতে চিরাচির প্রভার ন্যায় নির্ম্মল দীপ্তিময় যশঃ প্রভাহীনপ্রভা হইয়াছিল। তদনন্তর ষট্‌কুমারের মধ্যে পঞ্চম কুমার স্বীয় তনুত্যাগ করিলে পরে কীর্ত্তি স্থাবর সংলগ্ন তমোরাশি স্বীয় স্থান পরিপূর্ব্বক দূরদেশে গমন করিলে পর ষষ্ঠ কুমার শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর মহাশয় যিনি বৈশ্রবণোপম ধনাধ্যক্ষ ও বিদ্যা বুদ্ধি দ্বারা সুরাচার্য্য তুল্য নম্রতা শীলতা দাতৃত্ব সদ্বক্তৃত্ব পরহিতৈষিতা এই সকল যাঁহার শারীরিক ভূষণ যাঁহার কটাক্ষ কৃপামাত্রে বহুদিনের দীন ভাবের অভাব হইতেছে, যিনি পিতৃকীর্ত্তি উজ্জ্বল ও স্বীয় কীর্ত্তি এরূপ স্থাপন করিয়াছেন যে বাগ্‌দেবতা অনুকম্পা করিয়া যাহার ওষ্ঠাধরে নৃত্য করিতে থাকেন, বোধকরি তিনি তাহার কিয়দংশ বর্ণনা করিতে সক্ষম হইতে পারেন। পূর্ব্বে সত্য ত্রেতা দ্বাপর যুগত্রয়ে যে মহাত্মারা আবির্ভূত হইয়া ভূপাল সংজ্ঞা প্রাপ্ত হইয়া সৎপাত্রে পৃথ্বী রজত কাঞ্চন অশ্ব গজ প্রভৃতি অপরিমিত দ্রব্য দান করিয়া বহু দীন জনের দীনতাতে যে দৈন্যভাব দান করিয়াছিলেন, তাহা নানা শাস্ত্রে প্রচারিত আছে, কিন্তু অকাল মৃত্যু নিবারণের কোন উপায় কেহই করেন নাই। ভূমণ্ডলে অবতীর্ণ হইয়া যাহা করিতে হয়, শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর মহাশয় মহাত্মা ভারতভূমিতে জন্মগ্রহণ করিয়া তাহা কার্য্য করিলেন। এতদ্দেশে অমৃতকুণ্ডের স্বরূপ এক চিকিৎসালয় স্থাপন করিয়া তাহাতে সাক্ষাৎ ধন্বন্তরি তুল্য কবিরাজ মহাশয়গণকে নিযুক্ত করিয়া রোগ ব্যক্তি দগ্ধ পকাল করাল গ্রাস হইতে মুক্ত করিয়া জীবন দান করিতেছেন, যাঁহারা ঐ আলয়ের চিকিৎসক তাঁহাদিগের পাণ্ডিত্য ও নম্রতার কথা পরে লিখিব, তাঁহারা রোগিদিগকে মিষ্ট বাক্য দ্বারা যেরূপ সন্তুষ্ট করেন, বোধকরি বাক্য দ্বারাই রোগের অর্দ্ধেক শান্তি হইয়া যায়। জগদীশ্বর তুমি সর্ব্বান্তর্যামী আমরা সকলে তোমার নিকট প্রার্থনা করিতেছি এই যে, উক্ত শ্রীশ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার ঠাকুর মহাশয় তোমার কৃপাবলম্বন করিয়া সাম্রাজ্যাধিপদিগের সহিত একাসনোপবিষ্ট হইয়া যাদৃশ রাজকার্য্য পর্য্যালোচনা ভার প্রাপ্ত হইয়াছেন, উক্ত মহাত্মা তোমার স্বীয় কুমার সদৃশ হইয়া প্রসন্নভাজন হইলেই আমারা মানস সম্পূর্ণ হয়।

শ্রীযদুনাথ মুখোপাধ্যায়
সাং তেলিনীপাড়া

Printed and published by the RAMCHUNDER GOPOTO at the *Probhakur Pres*

সংবাদ প্রভাকর

পাতাইকগ্রহ

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই প্রভাকর পত্র [illegible] বার ব্যতীত প্রতি [illegible] কলিকাতা সিমু [illegible] অন্তঃপাতি [illegible] দুর্গাচরণ [illegible] ৪২ নং [illegible] সম্পাদক শ্রীযুত [illegible] গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

[illegible]৮৪১৫ সংখ্যা] গুরুবার ২৯ পৌষ ১২৬৬ সাল। ইং ১২ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

যে মোকদ্দমায় হামুদাবিবি বাদিনী ও আগামহম্মদ হোসেন ও অন্যান্য প্রতিবাদী ও অপর মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে এক হাজার আট শত উৎষাইট খ্রীষ্টিয়াব্দের ১৯ সেপ্টেম্বর তারিখে যে ডিক্রী অর্থাৎ চূড়ান্তানুমতি প্রদত্ত হইয়াছে তাহার ক্ষমতানুসারে এবং উক্ত সুপ্রিমকোর্ট বিচারালয়ের মাষ্টার শ্রীযুক্ত ওয়াল্টর মরগান সাহেবের সম্মতি ক্রমে প্রাপ্তক্ত সুপ্রিমকোর্ট নামক বিচারালয়ে তাঁহার দপ্তরখানায় এবং তাঁহার সম্মুখে নিম্নলিখিত সম্পত্তি সকল আগামি ফিব্রুয়ারি শনিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রীত হইবেক।

১ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার আমড়াতলা ষ্ট্রিটের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত একতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ২৮।২৯ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৸১ ষোল কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার এক ভাগে ঐ বাটী নির্ম্মিত হইয়াছে এবং তাহা এই রূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তরদিকে এক বাটী যাহা পূর্ব্বে মৃত আগা করবলাই মহম্মদের সম্পত্তি ছিল এবং যে বাটীতে পূর্ব্বে আগাএব্রেহাম বাস করিতেন, এইক্ষণে যাহা হাজি জিকারিয়ার সম্পত্তি হইয়াছে, দক্ষিণদিকে এক বাটী যাহা পূর্ব্বে সেখ আদমের সম্পত্তি ছিল, এইক্ষণে বাঙ্কর ভাইয়ার সম্পত্তি হইয়াছে, পূর্ব্বদিকে উল্লিখিত আমড়াতলা ষ্ট্রিট এবং পশ্চিমদিকে পোথুল্লা হামা ইস্পাহানির বসতি বাটী।

২ দফা। বিশেষতঃ উল্লিখিত মহানগর কলিকাতার কলুটোলার সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ৪ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ॥১৸০ এগারো কাঠা বারো ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক যাহার এক ভাগে ঐ বাটী নির্ম্মিত হইয়াছে, তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তরদিকে এক প্রকাশ্য রাস্তা যাহা ধর্ম্মতলা লেন নামে বিখ্যাত, দক্ষিণদিকে এক বাটী যাহাতে পূর্ব্বে মেং বেণ্টার সাহেব বাস করিতেন এইক্ষণে বাবু রাজচন্দ্র মল্লিকের সম্পত্তি হইয়াছে, পূর্ব্বদিকে এক বাটী যাহা পূর্ব্বে রাজচন্দ্র নন্দনের সম্পত্তি ছিল, এইক্ষণে মদন্মোহন নন্দনের সম্পত্তি হইয়াছে, পশ্চিমদিকে এক বাটী যাহা পূর্ব্বে আনন্দরাম মণ্ডলের সম্পত্তি ছিল, এইক্ষণে বাবু রামহোন মল্লিকের সম্পত্তি হইয়াছে।

৩ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার আমড়াতলা ষ্ট্রিটের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত তেতালা গৃহ ও বসতি বাটী

৪৬০

নম্বর ২৬ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।২ বার কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহা এই রূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিকে একাংশে এক গলি পথ যাহা উল্লিখিত আমড়াতলা ষ্ট্রিট হইতে বহিষ্কৃত হইয়া ঐ বাটীতে গমন করিয়াছে, ও অপর অংশে এক বাটী যাহা পূর্ব্বে সেখ গোলাম হোসেনের সম্পত্তি ছিল, এইক্ষণে আরাতুন বরতামিসের সম্পত্তি হইয়াছে, পশ্চিমদিকের কিয়দংশে গোপাল বাবুর এক বাটী ও মৃত আগাকরবলাই মহম্মদের ভূমিসম্পত্তি ও অপর অংশে এক বাটী যাহা মহানগর কলিকাতার রোমেন কেথোলিক প্রিস্ত অর্থাৎ পুরহিতের বসত বাটী দক্ষিণদিকের কিয়দংশে এক বাটী যাহা পূর্ব্বে আরাতুন মেকার্টিক মেলিকনে সাহেবের সম্পত্তি ছিল, এইক্ষণে কতুল্লা খামিনা ইস্পাহানির সম্পত্তি হইয়াছে এবং অপরাংশে উক্ত ষ্টেট সম্বন্ধীয় অপর এক বাটী, উত্তরদিকের কিয়দংশে এক বাটী যাহা পূর্ব্বে বিবি হেকমানের সম্পত্তি ছিল, এবং কিয়দংশে অপর এক বাটী যাহা পূর্ব্বে উল্লিখিত গোপাল বাবুর সম্পত্তি ছিল, এবং এইক্ষণে সুধামণি দাসির সম্পত্তি হইয়াছে।

৪ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত মহানগর কলিকাতার আমড়াতলার পবরিরলেন নামক গলির সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ১।২ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।২ দশ কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহা এই রূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে এক প্রকাশ্য রাস্তা যদ্দারা টেরিটি সাহেবের বাজারে যাওয়া যায়, পশ্চিম দিকে কাপ্তেন ওয়াল্টর সাহেবের গৃহাদি, উত্তর দিক এক বাটী যাহা পূর্ব্বে মেং কোন সাহেবের সম্পত্তি ছিল এইক্ষণে হাজিরাবা কাজরাণীর সম্পত্তি হইয়াছে, এবং দক্ষিণ দিকে এক বাটী যাহা পূর্ব্বে সেখ আবদুল্লার সম্পত্তি ছিল এইক্ষণে সৈএদ মহাম্মদের সম্পত্তি হইয়াছে।

৬ দফা। বিশেষতঃ উল্লেখিত মহানগর কলিকাতার আমড়াতলা ষ্ট্রিটের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত তেতালা গৃহ অথবা বসতি বাটী তাহার পূর্ব্ব নম্বর ৪৭ ছিল, এইক্ষণে ২৭ হইয়াছে ও তাহার সঙ্গে যে খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।১ দশ কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তর দিকে প্রকাশ্য রাস্তা দক্ষিণদিকে অপর বাটী যাহা পূর্ব্বে উক্ত মৃত আগাকরবলাই মহম্মদের সম্পত্তি ছিল, এইক্ষণে জাফের মাসার সম্পত্তি হইয়াছে, পূর্ব্ব দিকে এক বাটী যাহা পূর্ব্বে মুজা মেহেদির সম্পত্তি ছিল, এইক্ষণে সিলা জহরের সম্পত্তি হইয়াছে, এবং পশ্চিমদিকে এক বাটী যাহা পূর্ব্বে নিকোলাস ফিল সাহেবের সম্পত্তি ভুক্ত ছিল।

৫ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার হরিণবাড়ী লেনের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটি নম্বর ১৮ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে এক প্রকাশ্য রাস্তা দ্বারা টেরিটি সাহেবের বাজারে যাওয়া যায়, পশ্চিম দিকে কাপ্তেন ওয়াল্টর সাহেবের গৃহাদি, উত্তর দিক এক বাটী যাহা পূর্ব্বে মেং কোন সাহেবের সম্পত্তি ছিল এইক্ষণে হাজিরাবা কাজরাণীর সম্পত্তি হইয়াছে, এবং দক্ষিণ দিকে এক বাটী যাহা পূর্ব্বে সেখ আবদুল্লার সম্পত্তি ছিল এইক্ষণে সৈএদ মহাম্মদের সম্পত্তি হইয়াছে।

৭ দফা। বিবেশেষতঃ পূর্ব্বোক্ত মহানগর কলিকাতার কলুটোলা সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ২৮ ও তাহার সঙ্গে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার এক ভাগে ঐ গৃহ নির্ম্মিত হইয়াছে, এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ, বিশেষতঃ উত্তর দিকে রাজা মোহন মল্লিকের ভূমি সম্পত্তি দক্ষিণ দিকে প্রকাশ্য গলি পথ। পূর্ব্ব দিকে এক বাটি যাহা পূর্ব্বে মৃত বাবু হিঙ্গুরের সম্পত্তি ছিল এইক্ষণে

192 234

সেখ আবদুল্লার সম্পত্তি হইয়াছে, এবং পশ্চিম দিকে এক বাটী যাহা পূর্ব্বে রাজচন্দ্র ঘোষের সম্পত্তি ছিল এইক্ষণে বাবু হিরালাল শীল ও অন্যানের সম্পত্তি হইয়াছে।

৮ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার অন্তঃপাতি পেটগিস ষ্ট্রিট লেন নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটী ঐ স্থানের নাম এইক্ষণে পরিবর্ত্তিত হইয়া আরাকা বলাইষ্ট্রিট হইয়াছে ঐ বাটীর পূর্ব্ব নম্বর ১১ ছিল এইক্ষণে ৫ হইয়াছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা উক্ত রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিকে এক বাটী যাহা পূর্ব্বে আরমনি গির্জ্জা সম্বন্ধীয় বাটী ছিল পূর্ব্ব দিকে এক দোতালা বাটী যাহা পূর্ব্বে গোপাল চাঁদের সম্পত্তি ছিল, এইক্ষণে মৃত রাজা বৈদ্যনাথ রায়ের সম্পত্তি হইয়াছে, এবং পশ্চিম ও দক্ষিণ দিকে উক্ত লেন যাহা পেটগিস চর্চ্চ লেন নামে বিখ্যাত।

৯ দফা। বিশেষতঃ উল্লেখিত মহানগর কলিকাতার বৈঠকখানা নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত এক খণ্ড ও বন্দ ভূমি ও তাহার পরিমাণ অনুমান ১০ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক ও তাহার নম্বর ১০৪ ঐ স্থানকে সর্ব্বসাধারণে অলিখিয়ান গীর্জ্জন অথবা সাহেবের বাগান বলে এবং তাহা এই নামেই বিখ্যাত, এবং তাহা এই রূপ চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিকের কিয়দংশে ভূমি সম্পত্তি যাহা বিশ্বম্ভর দত্তের সম্পত্তি, এবং কিয়দংশে ভূমি যাহা পূর্ব্বে মেং ওলিবিরা সাহেবের সম্পত্তি ছিল, এইক্ষণে বাবু কৃষ্ণকিশোর ঘোষের সম্পত্তি হইয়াছে, দক্ষিণদিকে বিশ্বনাথ মতিলালের ভূমি সম্পত্তি পশ্চিম দিকে প্রকাশ্য নর্দ্দমা এবং মেং কিং সাহেবের বাটী এবং পূর্ব্বদিকে প্রকাশ্য নর্দ্দমা।

সুপ্রিমকোর্টের মাষ্টর আফিসে অথবা আগা মহম্মদ হোসেন ও অন্যানের পক্ষীয় উকীল মিস্যুয়ার্স কেরি বর্ণার্স সাহেবদিগের দপ্তরখানায় অনুসন্ধান করিলে সকলে এই সকল বিষয় বিক্রয়ের অন্যান্য বৃত্তান্ত অবগত হইতে পারিবেন।

W. Morgan
Master
ডবলিউ মর্গান।
মাষ্টার।

Missuers Cury & Burners,
Sollicitor for the Dfendants
Aga Mohamed Hosain & others
মিস্যুয়ার্স কেরিএণ্ড বরনার্স।
প্রতিবাদী আগা মহম্মদ হোসেন ও অন্যান্যের পক্ষীয় উকীল।

কলিকাতা।
সুপ্রিমকোর্ট
মাষ্টার আফিস
৬জানুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন

সতর্ককরণার্থ বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মৃত বীরচন্দ্র সাধুখাঁর পুত্র গিরিশচন্দ্র সাধুখাঁ মহানগর কলিকাতার কালীপ্রসাদ দত্তের ষ্ট্রিটের ৩ নম্বরের বসতি বাটীর অধিকারী হয়েন, ঐ বাটী এইক্ষণে তাহার পূর্ব্বাধিকারিণী কৃষ্ণমণি রাঁড়ের অধিকারে আছে এবং তিনিই তাহাতে বাস করিতেছেন, কিন্তু তাহার প্রতি তাঁহার যে স্বত্ব ও অধিকার এবং সম্পর্ক ছিল তাহা তিনি এক হেবানামা অর্থাৎ দান পত্র দ্বারা উল্লিখিত বীরচাঁদ সাধুখাঁকে প্রদান করিয়াছেন, অতএব ঐ বাটী বিক্রয় করিবার অথবা ভাড়া দিবার কিম্বা অন্য কোন রূপে ব্যবহার করিবার কোন ক্ষমতা উক্ত কৃষ্ণমণি রাঁড়ের নাই, ফলতঃ ঐ বাটীর দলিল পত্রাদি যখন তাঁহার অধিকারে আছে তখন তিনি তাহা আপনার সম্পত্তি বলিয়া আপনার ইচ্ছানুসারে যে কোন রূপে হউক ব্যবহার করিতে পারেন, এই কারণ সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে ঐ বাটীর সম্বন্ধে তাঁহার সহিত উল্লিখিত কোন প্রকার বিষয়ে লিপ্ত হইবেন না, দলিল পত্রাদি গ্রহণ ও বাটী দখল করিবার মোকদ্দমা উক্ত কৃষ্ণমণি রাঁড়ের বিরুদ্ধে যথারীতি অবিলম্বে উপস্থিত করা যাইবে।

R. M. Thomas.
Solicitor for the said Grees chunder Sadookhan
আর, এম, তামস।
উল্লিখি গিরিশচন্দ্র সাধু খাঁর পক্ষীয় উকীল।

কলিকাতা
২৮ডিসেম্বর ১৮৫৯

353

সংবাদপ্রভাকর

২৯ পৌষ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

শ্রীযুক্ত স্যার হিউরোজ সাহেব উত্তর পশ্চিম প্রদেশ হইতে সম্প্রতি মহানগর কলিকাতায় আগমন করিয়াছেন, তিনি চীন দেশীয় সংগ্রামের মহারথী হইয়া গমন করিবেন, ঐ সংগ্রামোপযোগী সৈন্য, তাহারদিগের আহারীয় ও ব্যবহারীয় দ্রব্যাদি ও সামরিক অস্ত্রাদির আয়োজন ও প্রেরণ করণের ভার কৌন্সেলের অধিপতি স্যার জেমস আউটরাম সাহেবের প্রতি সমর্পিত হইয়াছে, তিনি যে প্রকার রণনিপুণ ও রাজকীয় বিষয়ে সুপারগ তাহাতে তাঁহার দ্বারা ঐ সমরানুষ্ঠানের কিছু মাত্র ত্রুটি হইবেক না। পিছু নামক নদ মুখে চীন দেশীয় সেনাগণ দুর্গাশ্রয় করিয়া রুসিয়ান সেনাপতির নির্দ্দেশ মতে সংগ্রাম করিয়া তাহারা সমর বিজয়ী হওয়াতে ইংরাজ ও ফ্রেঞ্চ জাতির বিশেষ অপমান হইয়াছে, স্যার হিউরোজ সাহেব সেই অপমানের প্রতিশোধ গ্রহণ অবশ্য করিবেন, রণতরীর অধ্যক্ষ সাহেব, চীন দেশে গমন পূর্ব্বক নগরাদি প্রবেশের জলপথ অবরোধ করিবেন, কয়েক দল সৈন্য ইতিমধ্যেই চীন দেশে গমন করিয়াছে, কিন্তু তাহারা তথায় উপস্থিত হইয়াই সমরানল প্রজ্বলিত করিবেক, না কেহ সেনাদিগের আগমন প্রতীক্ষা করিবেক তাহা এপর্য্যন্ত অবধারিত হয় নাই। গত মেইল দ্বারা বিলাত হইতে যে সংবাদ আসিয়াছে, তাহাতে জানা গিয়াছে, যে মহারাজ লুইস নেপোলিয়ন বাহাদুর চীন দেশে সংগ্রামার্থ দশ সহস্র সৈন্যকে সজ্জীভূত হইতে আদেশ করিয়াছেন, তাহারাও নানা অস্ত্র ধারণ পূর্ব্বক রণতরী আরোহণ করিয়াছে, অতএব তাহারদিগের আগমনেরও বিলম্ব হইবেক না, বোধ হয় ঐ ফ্রেঞ্চ সেনাদলের আগমন সংবাদ প্রাপ্ত না হইলে সেনাপতি স্যার হিউরোজ সাহেব কলিকাতা রাজধানী পরিত্যাগ করিবেন না। কিন্তু সেনাদল এখান হইতে এবং বোম্বাই ও মান্দ্রাজ রাজ ধানী হইতে চীন দেশে গমন করিবার আদেশ প্রাপ্ত হইয়াছে।

মান্যবর মেং রিকেটস্ সাহেব ভারতবর্ষীয় কৌন্সেলের আসনে অল্প দিবস অবস্থান করিয়াই অত্যন্ত পীড়িত হইয়াছেন ডাক্তর সাহেব বেরা পরামর্শ দিয়াছেন, যে তিনি স্বদেশ গমন না করিলে সাস্থ্যলাভ করিতে পারিবেন না। অতএব তিনি কার্য্য পরিত্যাগ পূর্ব্বক স্বদেশে গমন করণের প্রার্থনাপত্র শ্রীলশ্রীযুত গবর্ণর জেনেরল বাহাদুরের সমীপে প্রেরণ করিয়াছিলেন, শ্রীশ্রীযুত তাহা প্রাপ্ত হইয়া ৪ জানুয়ারি তারিখে যে অনুমতি পত্র লিখিয়াছেন, আমরা তাহা কলিকাতা গেজেটপত্রে পাঠ করিলাম, তিনি রিকেট্স সাহেবের প্রার্থনা গ্রাহ্য করিয়াছেন, বটে কিন্তু তাঁহার বিদায়ে আক্ষেপ করণে ত্রুটি করেন নাই। রিকেটস্ সাহেব অতি উপযুক্ত কার্য্যক্ষমব্যক্তি অবিশ্রান্ত রূপে রাজকার্য্যে পরিশ্রম করাতেই পীড়িত হইয়াছেন, এই ক্ষণে আমরা পরমেশ্বরের নিকটে প্রার্থনা করি যে তিনি স্বদেশে গমন করিয়া সাস্থ্য লাভ করুন।

দিল্লীর বাদসাহের এক পুত্র কি রোজ সাহা ধৃত হইয়াছেন, এই সংবাদ আমরা পূর্ব্বেই লিখিয়াছি। তিনি যেরূপ কুকর্ম্ম করিয়াছিলেন, তাহাতে অনেকেই অনুমান করিয়াছিলেন, তাঁহার প্রাণ দণ্ড হইবেক, অধুনা অবগত হওয়াগেল, গবর্ণর জেনেরল বাহাদুর তাঁহার প্রাণ নষ্ট করিবেন না তাঁহার প্রাণরক্ষণ নির্ব্বাহোপযোগি অল্প টাকা মাসিক বৃত্তি নিরূপণ করিয়া দিয়া এই ব্রিটিস অধিকারের অন্য স্থানে রাখিবেন, কেহং বলিতেছেন যে তিনি রেঙ্গুনে বাদসাহের নিকটে প্রেরিত হইবেন, যাহা হউক ঐ বাদসাহ পরিবারের প্রতি আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুর কিরূপ বিবেচনা করিয়াছেন, তাহা এপর্য্যন্ত কিছুই প্রকাশ হয় নাই, যে সকল রিবেলিরা পূর্ব্বে ধৃত হইয়া গোরক্ষপুরের কারাগারে বদ্ধ হইয়াছিল, তন্মধ্যে কতিপয় বৃদ্ধ ব্যক্তির প্রতি গবর্ণর জেনেরল বাহাদুর দয়া প্রকাশ করিয়া নিষ্কৃতি দিয়াছেন।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

১৯৩

সংবাদপ্রভাকর

সাপ্তাহিকপত্র

এই প্রভাকর পত্র বিবার বাটীতে প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি কে বসুকর্ডিয়ার দুর্গাচরণ মুখের ষ্ট্রিটে ৭২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়

॥*॥*॥ সত্যং শিবমদ্বৈতমসুরং প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ ॥*॥ ॥*॥*॥ উদেতি ভাস্বং সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥*॥*॥

নক্তং চন্দ্রকরেণ তিমিরমুকুলে সিন্ধীবরেষু কচিদ্ভ্রমং ভাম মতক্রমীনদমুতং পীত্বা ক্ষুপাকাতরাঃ। অদোদাদ্বিময় প্রভাকর কর প্রাদ্বিরপদ্মোদয়ে সন্তুষ্টং দিবসে পিবন্তু চতুরস্যাত্তদ্বিরেফাব্রজাঃ॥

মূল্য এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র

৪৪১৬ সংখ্যা শুক্রবার ১ মাঘ ১২৬৬ সাল। ইং ১৩ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ ডাক্ষা মাত্র।

১ মাঘ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

হে জগদীশ্বর, তুমি স্ব স্বরূপ, নির্গুণ অতীন্দ্রিয়, তুমি নিরাধার, অথচ সর্ব্বাধার মনুষ্য কর্ত্তৃক তোমা বর্ণনা কখনই সম্ভবেনা, যেহেতু তুমি বর্ণাতীত ও সর্ব্বাতীত তোমার নির্ণয় নিমিত্ত যিনি যেরূপ ব্যাখ্যা করুন, তর্ক করুন, কিছুতেই কিছু হয় না, মানবগণ তোমার স্বরূপ গুণ জানিতে না পারিয়া ভ্রান্তিভরে বিবিধ প্রকার পুস্তক পাঠানন্তর পরস্পর মিথ্যা বাদানুবাদ দ্বারা মহা মূল্য পরমায়ুকে বৃথায় বিনষ্ট করিতেছেন। তুমি গ্রন্থের গম্য নহ, যে ব্যক্তির যথার্থ চক্ষু আছে তিনি পরিপূর্ণ প্রেমভরে ব্রহ্মাণ্ডরূপ পুস্তকের প্রতি দৃষ্টি নিক্ষেপ করত তোমার অসীম মহিমার কিয়দংশ জ্ঞাত হইয়া ব্রহ্মানন্দ প্রাপ্ত হয়েন। হে প্রভো, এই বিচিত্র বিশ্বের সমস্ত কার্য্য অবিশ্রান্তই তোমার অনন্ত গুণের পরিচয় প্রদান করিতেছেন।

প্রেমানুরাগি জ্ঞাতিজনেরা তোমাকে সর্ব্বত্রই সম্ভোগ করিতেছেন, তোমার শরীর নাই, আকাশ তোমার শরীর হইয়াছে, তোমার রূপ নাই, মহাজ্যোতি তোমার রূপ হইয়াছে, তোমার চক্ষু নাই চন্দ্র এবং সূর্য্য তোমার চক্ষু হইয়াছে, তোমার কর্ণ নাই দিবা এবং রাত্রি তোমার কর্ণ হইয়াছে, তোমার নাসিকা নাই, পবন তোমার নাসিকা হইয়া নিশ্বাস নিঃসৃত করিতেছে, তোমার কেশ নাই, অন্ধকার তোমার কেশ হইয়াছে, তোমার হস্ত নাই, সিতাসিত দুইপক্ষ তোমার হস্ত এবং দশ দিক্ তাহার দশ অঙ্গুলী হইয়াছে, তোমার উদর নাই, ব্রহ্মাণ্ড তোমার উদর হইয়াছে, তোমার পদ নাই, দুই অয়ন তোমার পদ হইয়াছে, তোমার বস্ত্র নাই, ছয় ঋতু তোমার পরিধেয় বস্ত্র হইয়াছে, তোমার অলঙ্কার নাই, নক্ষত্র সকল তোমার অক্ষয় অঙ্গের অলঙ্কার হইয়াছে, হে অশরীরিন্, তোমার এই শরীরের নাশ নাই, ভাবান্তর নাই, ইহাতে রোগ নাই, শোক নাই, দুঃখ নাই, ইহার বার্দ্ধক্য নাই, চিরকালই এক ভাবে সমান শোভায় শোভিত রহিয়াছে।

কিরূপে তোমার উপাসনা করিতে হয় তাহা আমারা জ্ঞাত নহি, যে হেতু তুমি সর্ব্বাতীত হইয়াছ, কিন্তু প্রার্থনা করি তুমি সর্ব্বাতীত হইয়া যেন আমাদিগের মননের অতীত না হও, অতএব হে সর্ব্বশক্তিমান্ করুণাময়, তুমি অস্মদাদির মনোময় হইয়া মোহরূপ ধ্বান্তরাশি বিনষ্ট কর।

কোন অনাদি কালে তুমি কালের সৃষ্টি করিয়াছ তাহা তুমিই জান, কিন্তু কি চমৎকার! এই প্রাচীনকাল চিরকালই অস্মদাদির দৃষ্টি পথে মূর্ত্তি ভেদে নূতনরূপে দৃষ্ট হইয়া নিত্য নূতনং আনন্দ প্রদান করিতেছে।

হে পরমেশ্বর, আহা! তোমার প্রণীত মনোহর প্রভাতকাল কি সুখের কাল, যে কালে বহুরূপা বিভাবরীর বহু প্রকার ক্লেশ হইতে বিমুক্ত হইয়া প্রাণিপুঞ্জ স্বীয়ং সামর্থ্যের

সহিত উৎসাহ যত্ন চেষ্টা ও পরিশ্রম প্রভৃতির সহযোগে স্ব স্ব কার্য্যের সূচনা করত অবনীর আশ্চর্য্য শোভা বৃদ্ধি করিতে থাকে। পূর্ব্বদিক্ হইতে গগণ বিহারি তিমিরারি সরোজ বিকোচকারি দিবসবান্ধব অকস্মাৎ আরক্তিমাবর্ণে টল২ লাবণ্যভরে বিমল কিরণ বিকীর্ণ করত ক্রমে২ অন্ধকারে সংহার করিতে থাকেন, কুমুদকান্ত রজনীকর দিন দৃষ্টে অতি দীনের ন্যায় মলিন ও প্রভাহীন হইয়া স্বদল সমভিব্যাহারে পশ্চিমাভিমুখে গমন করত অপমান বোধে অভিমানে জনক সদনে কনককান্তি গোপন করেন। মৃদু২ মলয় মরুৎ শীতল স্বভাবে নিঃসৃত হইয়া নৃত্য করিতে২ পুষ্প মকরন্দ ভ্রক্ষণ করত পৃথিবীর শরীরে সৌগন্ধ বিস্তার করিতে থাকে এবং সেই পবন হিল্লোলে বোধ হয় যেন তটিনী সকল তরল তর তরঙ্গরূপ বেণীশ্রেণী লম্বিত করত ঈষদ্বক্রভাবে কলকল রবে খলখল হাস্যবদনে জীবনকান্ত জলধিকে আলিঙ্গন প্রদানার্থ আস্তে২ গমন করিতেছে। জ্ঞানশূন্যা গাভী সকল পরিপূর্ণ স্নেহভরে আপনাপন বৎসকে দুগ্ধ দান ও তাহারদিগের কোমলাঙ্গ মার্জ্জন পূর্ব্বক মনুষ্যকে ঐশিক গুণের পরিচয় এবং স্বাভাবিক স্নেহের উপদেশ দিয়া পরমানন্দে তৃণাদি আহার করিয়া তৃপ্ত হইতেছে। স্বীয়২ সাবক সমাজে বিরাজমান হইয়া বিহঙ্গমগণ অতিশয় সুমধুর সুখদ স্বরে সংগীত করত মানবমণ্ডলীর মানস মন্দিরে কি এক অনির্ব্বচনীয় আহ্লাদ বিতরণ করিতে থাকে। পথিক পুঞ্জের পুলকপ্রদাতা ছায়া সমীরণের সংসর্গে থাকিয়া গমনের ক্লেশ নিবারণ করে। হে সর্ব্বশক্তিমন্, এই সুখময় সময়ে প্রকৃতির আকৃতির প্রতি অবলোকন পূর্ব্বক আপনার অনির্ব্বচনীয় রচনার সূচনা বিবেচনা করিলে অন্তঃকরণমধ্যে কত রূপ অদ্ভুতভাবের আলোচনা হইতে থাকে।

হে দয়াময়, তোমার সৃষ্ট মধ্যাহ্নকাল জীবের পক্ষে কি সুখদ ও কল্যাণকর? এই কালে প্রচণ্ড প্রতাপান্বিত প্রতপ্ত প্রভাকর প্রচুর প্রভাবে পরিপূর্ণ প্রভাপুঞ্জ প্রকটন পরঃসর প্রকাণ্ড ব্রহ্মাণ্ডকে অগ্নি দ্বারা উত্তপ্ত করত রসাকর্ষণ পূর্ব্বক জীবের জীবন রক্ষা জন্য জীবিকা নির্ব্বাহের উপায় সূত্র সঞ্চার করিতে থাকেন, ঐ মধ্যাহ্ন সময়ে মার্ত্তণ্ডের এতদ্রূপ প্রখরতর কিরণ না হইলে স্বভাবের শোভা এবং সাংসারিক কোন কার্য্যই ধার্য্য হইত না, এবং প্রাণি সকল বিশ্রাম ও স্নিগ্ধতার সুখ স্বাদন প্রাপ্ত হইত না। তপনের তাপ নিবারণ নিমিত্ত তুমি মনুষ্যকে বাসস্থান এবং আচ্ছাদনীয় দ্রব্য নির্ম্মাণের বুদ্ধি এবং ক্ষমতা প্রদান করিয়াছ। পশু, পক্ষি, কীট পতঙ্গ প্রভৃতির জন্য বন, বৃক্ষ, বিবর ও পর্ব্বতের গুহাদির সৃষ্টি করিয়াছ। তৃষ্ণার শান্তি জন্য নদ নদীকে জলের দ্বারা ভূষিত করিয়াছ। ক্ষুধা ভঞ্জনার্থ ফল, মূল, পত্র শস্য এবং আর আর বহু প্রকার দ্রব্য দ্বারা পৃথিবীকে পরিপূরিতা করিয়াছ। তোমার বিশ্ব নিকেতন সর্ব্ব সুখের আকর হইয়াছে, স্বভাবের ভাণ্ডারে অভাবের বিষয় কিছুই নাই, দেবরাজ ইন্দ্র অবধি ক্ষুদ্র এক কীটপর্য্যন্ত তাকেই তোমার এই অক্ষয় ভাণ্ডার হইতে আপনাপন প্রয়োজনীয় বস্তু সকল প্রাপ্ত হইয়া সমান সুখে অবস্থান করিতেছে, এই মধ্যাহ্নকালে প্রত্যেক পদার্থের প্রতি নেত্র নিক্ষেপ পূর্ব্বক (হে বিশ্বময়) তোমাকে যেন দৃশ্যমান দৃষ্টি করিতেছি।

হে পরমাত্মন্, তোমার নির্ম্মিতা যামিনী কি সুখদায়িনী! রজনীসজনীগণ সমভিব্যাহারে স্বভাবের সিংহাসনে সমারূঢ়া হইলে অবনী মোহিনীর ন্যায় কি এক মনোহর মাধুর্য্য প্রকাশ করিতে থাকেন, এই সংসার অন্ধকারজালে আচ্ছন্ন হইতে থাকে, তখন পূর্ব্বের ভাব আর কিছুই দেখা যায় না, সমীরণ শীতলতাগুণে প্রবাহিত হইয়া সকলের মনে সন্তোষ প্রদান করে, এই সর্ব্ব দুঃখ সংহারকরী সর্ব্বরী সর্ব্ব সময়ে এক প্রকার থাকেন না, কখনো মুরমানা কখনো হাস্যমুখী, জগতের সন্তাপহারি স্নিগ্ধকারি শশধর স্বকর সন্দীপন পূর্ব্বক উদয় চলে উদিত হইলে স্বীয় স্বামির সংপূর্ণ সৌন্দর্য্য সন্দর্শনে স্বামিনী যামিনী ভামিনী কামিনীর ন্যায় প্রেমানুরাগে প্রফুল্লিতা হইয়া সুধাকরের অধর ধরিয়া সুধাপানে তৃপ্ত হইতে থাকেন, তদ্দৃষ্টে ভাবকের মনে যেরূপ আশ্চর্য্য ভাবের আবির্ভাব হয় তাহা অনির্ব্বচনীয়, ঐ কালে মোহকরী মহী নীহারের হারে ভূষিতা হইলে বোধ হয় যেন সর্ব্বরী সখাসঙ্গ আলাপনে অত্যন্ত শ্রান্তা হইয়া মন্দ২ অনিলরূপ নিশ্বাস নিক্ষেপ পূর্ব্বক গাত্র হইতে বিন্দু২ ঘর্ম্ম নির্গত করিতেছেন। ক্রমে মৃদু

দয় নিস্তব্ধ হইতে থাকে, নিদ্রা নয়ন নিকেতনে আবির্ভূতা হইয়া মনের সহিত বিহার করিলে স্বপ্ন নামক এক সুত প্রসূত হইয়া কি অদ্ভুত ভাব সকল ব্যক্ত করে। সুপ্তি তৃপ্তিকে প্রসব করত জীব সকলকে জগতের যাবতীয় যন্ত্রণা হইতে বিমুক্ত করে। হে কৃপাময়, রজনীর শোভা এবং সমুদয় গুণ বিবেচনা করিলে অন্তঃকরণ অমনি কৃতজ্ঞতারসে আর্দ্র হইতে থাকে।

পদ্য।

লঘু ত্রিপদী।

জয় জয় জয়, অক্ষয় অব্যয়,
নিরাময় দয়াময়।
পরিপূর্ণানন্দ, মনোমকরন্দ,
মধুকর মনোময়॥
তুমি নিরাকার, নিত্য নির্ব্বিকার,
নিরাশ্রয় নীরাশ্রয়।
হয়ে নিরাধার, অখিল আধার,
মূলাধার বেদে কয়॥
বিভু বিশ্বরূপ, নহ দৃশ্যরূপ
স্ব স্বরূপ রূপ ধর।
কটাক্ষে সৃজন, কটাক্ষে পালন,
কটাক্ষে সংহার কর॥
অবনী অবধি, অসীম জলধি,
সকলি তোমার লীলা।
খেচর ভূচর, আর জলচর,
কত জীব প্রকাশিলা॥
ভব ভাবে ভব, হয়ে পরাভব,
তব স্তব করে কত।
প্রণয় পুলকে, ভাবেতে ভূলোকে,
ভাবিছে ভাবক যত॥
কলে তাহা নয়, তব পরিচয়,
চরাচর ময় লেখা।
বিমল অক্ষরে, জ্যোতি তাহে ক্ষরে,
ললিত লিপির রেখা॥
প্রেম ভক্তি রূপ, নয়ন অনুপ,
প্রকাশে প্রকাশ হয়।
অপ্রেমির প্রভু, সেইরূপ কভু,
নয়ন গোচর নয়॥
মিছা মূঢ় নরে, পুঁথি পোড়ে মরে,
তাহে নয় জ্ঞানোদয়।
মিছা করে শ্রম, মিছা পরিভ্রম,
মিছা করে আয়ু ক্ষয়॥
পুস্তক ফেলিয়া, নয়ন মেলিয়া,
ব্রহ্মাণ্ড পুস্তক যদি।
দেখে একবার, সুখেতে তাহার,
মন ভাসে নিরবধি॥
অক্ষাদি অক্ষরে, বর্ণনা অক্ষরে,
সম্ভব কখনো নয়।
জয় জয় জয়, অক্ষয় অব্যয়,
নিরাময় দয়াময়॥ ১

প্রভাত সময়, কিবা রসময়,
তরুণ অরুণোদয়।
ঢল ঢল রূপ, রুধিরের কূপ,
পবনে অস্থির হয়॥
কম্পিত কাঞ্চন, করিয়া লাঞ্ছন,
বালার্ক বদন শোভা।
করি বিলোকন কত দ্বিজগণ,
গান করে মনোলোভা॥
সে গানে তোমার, মহিমা প্রচার,
অবলা বিহঙ্গ করে।
প্রাতে যায় রিষ্টি, পুন পায় দৃষ্টি,
রুচির রবির করে॥
চতুষ্পদ সবে, স্বীয় স্বীয় রবে,
করে তব ধন্যবাদ।
মনের ভিতরে, সে স্বরে বিতরে,
অপূর্ব্ব আহ্লাদ স্বাদ॥
যত তরুগণ, করে বিতরণ,
তরল তুহিন ধারা।
যেন অবিকল, প্রেম অশ্রুজল,
হরিষে বরিষে তারা॥
প্রভাতে পবন, জুড়ায় জীবন,
শীতল সুগন্ধ বয়।
ঝুর্ ঝুর্ সুরে, সদা গুণ স্ফুরে,
কুসুম আসনে রয়॥
কিবা মধুকর, কমল উপর,
গুঞ্জরে মধুর স্বরে।
পুষ্প রজোপর, ঢালি কলেবর,
তব আরাধনা করে।
সমীর হিল্লোলে, যায় ঢোলে ঢোলে,
তটিনী তরঙ্গ শ্রেণী।
মনে হেন জ্ঞান, নদী ধরে ধ্যান,
আকুলিত তার বেণী॥
এইরূপ কত, শোভা শত শত,
প্রাতে করি নিরীক্ষণ॥
প্রফুল্ল হৃদয়, জ্ঞানের উদয়,
ভাবেতে মোহিত মন॥
ভক্তিযোগ বশে, কৃতজ্ঞতারসে,
শরীর লোমাঞ্চ হয়।
জয় জয় জয়, অক্ষয় অব্যয়,
নিরাময় দয়াময়॥ ২

দিনের যৌবন, প্রকাশে যখন,
প্রখর প্রহরদ্বয়ে।
তপন তনয়, তপন তনয়,
কেহ নাহি দেখে ভয়ে॥
সঘনে ঘূর্ণিত, গগণে পূর্ণিত,
খরশান চক্র রূপ।
জ্বলে ধক্ ধক্, করে চক্ মক্,
চমকে চঞ্চল রূপ॥
ক্ষরে খর কর, করে জ্বর জ্বর,
হরে প্রাণ গন্ধবাহ।
ক্ষুধা তৃষ্ণা জরা, তিন সহোদরা,
করে আসি দেহ দাহ॥
কিবা অনুপম, তব কৃপা ক্রম,
ভবনে ভূষিত ভোগ।
ক্ষুধা হেতু ফল, তৃষ্ণা হেতু জল,
জরা হেতু নিদ্রা যোগ॥

তব অনুগ্রহে, কেহ দুখি নহে,
জীবচয় শিব লভে ॥
আহার বিহার, সুপ্তি সহকার,
মহা সুখে রয় সবে ॥
শান্ত হোয়ে মনে, রত জীবগণে,
তব গুণ অনুবাদে ।
প্রভাতের রব, ছেড়ে পক্ষি সব,
নবরূপ স্বর সাধে ॥
শুনে সেই গীত, হোয়ে অতি প্রীত,
হরষিত হয় মন ।
কি আছে অভাব; স্বভাবে স্বভাব,
ভাবে ভাবে অনুক্ষণ ॥
তুমি হে বিধাতা, সর্ব্ব সুখদাতা,
বিশ্বপাতা অবিনাশ ।
তুমি কৃপামিন্ধু, জ্ঞানরূপ ইন্দু,
ভ্রম তম কর নাশ ॥
তব জ্যোতি বিনা, হইত মলিনা,
সংসারের শোভা যত ।
দিবা দ্বিপ্রহরে, ক্ষুধা তৃষ্ণা ভরে,
প্রাণি সব হতো হত ॥
দেখি কি আশ্চর্য্য, বিনা পরিচর্য্য,
পূর্ণ কর সমুদয় ।
জয় জয় জয়, অক্ষয় অব্যয়,
নিরাময় দয়াময় ॥ ৩

দিনেশ তপন, করিলে গমন,
অস্তাচল চূড়োপরি ।
দিবসেরে ধরি, ফেলে গ্রাস করি,
নিশাচরী বিভাবরী ।
শশী সেই কালে, ব্যোম অন্তকালে,
দেখা দেন হাসি হাসি ।
সুশীতল করে, ধরা স্নিগ্ধ করে,
সুধা ক্ষরে রাশি রাশি ॥
চকোরী চকোর, ভাবে হোয়ে ভোর,
মৃদুস্বরে শূন্যে ধায় ।
আনন্দ উৎসবে, পিয় পিয় রবে,
তোমার গরিমা গায় ॥
বেড়ি শশধর, শোভে নিরন্তর,
কোটি কোটি কোটি তারা ।
নাহি অনুরূপ, যেন এক ভূপ,
ঘেরিয়া অসংখ্য দারা ॥
প্রস্ফুটিত ফুল, সৌরভে অতুল,
সমীরে বিতরে বাস ।
নাসাপথে ধায়, নিদ্রা বুঝি তায়,
নয়নে করেন বাস ॥
রাখিয়া গৌরব, লুকায়ে সৌরভ,
হৃদয় নিভৃত ঘরে ।
বুঝি তাই সার, নয়নের দ্বার,
নিদ্রা আসি রোধ করে ॥
নিদ্রা সহ মন, করিলে রমণ,
সম্ভবে স্বপন সুত ।
অতি চমৎকার, স্বভাব তাহার,
নানারূপ গুণযুত ॥
অসুখিরে সুখ, সুখিজনে দুখ,
দান করে নিজ বলে ।
যার নাহি খেদ, তার মর্ম্ম ভেদ,
প্রণয়ে বিচ্ছেদ ফলে ॥
এইরূপ তব, লীলা অসম্ভব,
কি কব হে ভব ধব ।
দেখে ভব ভাব, ভাবি তব ভাব,
সে ভাবে সম্ভব সব ।
দিনে দিনকর, রাত্রে নিশাকর,
দেয় তব পরিচয় ।
জয় জয় জয়, অক্ষয় অব্যয়,
নিরাময় দয়াময় ॥ ৪

হে সচ্চিদানন্দময়, তোমার বিচিত্র রচনার কি আশ্চর্য্য কৌশল, এই অপরিমিত ও অপরিচিত কালকে পরিমিত ও পরিচিত করণার্থ রাত্রি এবং দিবা দুই খণ্ডে বিভক্ত করত আবার প্রভাত মধ্যাহ্ন এবং সন্ধ্যা দিকে তাহারদিগের অঙ্গ প্রত্যঙ্গ করিয়াছ, যদ্দ্বারা আমরা কালের গণনা পূর্ব্বক জীবিত কালের সংখ্যা নিরূপণ করিতেছি, এইরূপে অসংখ্যকালের সংখ্যা রক্ষিত না হইলে তোমার অনন্ত লীলার তাৎপর্য্য কখনই মানবের মনে গৃহীত হইত না হে শিল্প বিদ্যাবিশারদ, তুমি অব্যক্ত শিল্পবিদ্যা দ্বারা যে সকল বস্তুর সৃষ্টি করিয়াছ, তাহারা পরস্পর পরস্পরের উপকারের কর্ম্মে ব্যবহৃত হইতেছে, পৃথিবীতে কোন বস্তুই অপ্রয়োজনের নিমিত্ত হয় নাই, মনুষ্য বুদ্ধির এমত উচ্চতর শক্তি নাই যে তোমার সৃজিত সকল বস্তুর সকল গুণ জ্ঞাত হইতে পারে, তবে তোমার অনুগ্রহে যিনি যেপর্য্যন্ত অবগত হইয়াছেন তিনি তাহাতে তদনুরূপ উপকার প্রাপ্ত হইয়া আরও জীবকে উপকৃত করিতেছেন । [illegible] যাহার নাম শুনিলে মনুষ্য [illegible] ভয়ে মৃতবৎ হয়েন, ঐ বিষধরের দন্তের অন্তর্গত হলাহলকে এমত এক মহদ্গুণে পরিপূর্ণ করিয়াছ যে সেই বিষ ঔষধরূপে অমৃতবৎ [illegible] মৃত প্রায় জীবের জীবন রক্ষা করিতেছে কি চমৎকার ! তুমি জীবন নাশক শত্রুকে আমারদিগের জীবনদাতা মিত্রকরিয়াছ ?

145 237

ছাত্র লিখিত ।

নীলাম্বরী ।

উপক্রমণিকা ।

আহা ! এই সুবিস্তীর্ণ ভারতভূমির উত্তরভাগস্থিত হিমালয় পর্ব্বত কি মনোরমা স্থল ! যে স্থান সর্ব্বদা পক্ষিপুঞ্জের কলকল ধ্বনিতে ও বাতসঞ্চালিত বৃক্ষব্যূহের মরমর শব্দে এবং নির্ঝরনিকরের ঝরঝর সলিল সম্পাতে আকুলিত রহিয়াছে, ও যাহার উপরস্থ বৃহদ্ বৃহদ্ তরুস্তোমের শিখরসমূহ অসংকোচে ঊর্দ্ধভাগে গমন করাতে বোধ হয় যেমন আকাশমণ্ডলের উচ্চতা নিরূপণার্থে হিমগিরিই স্বীয় বাহু আকাশ বিসর্পী করিতেছে, এবং তাহা শ্যামবর্ণে নিরত নিবিড়তা প্রযুক্ত দূর হইতে সহসা দৃষ্টি মাত্র হৃদয়ে ভয়ের সঞ্চার হয়, পতনশীলা সরিতাম্বরা অর্থাৎ হিমাদ্রি হইতে পতিত হইতেছে, যে জাহ্নবীর জল তাহা হইতে উত্থিত ফেণ নিচয় তীর ভূমিকে স্পর্শ করিয়া পবিত্র করিতেছে । বিবিধজাতীয় বিহগকুল তত্তীরস্থ ক্ষুদ্র ক্ষুদ্র বৃক্ষোপরি উপবেশন করিয়া সুমধুরস্বরে সঙ্গীত করিতেছে । প্রবল বেগে বায়ু বহিতেছে এ নিমিত্তে সকল শ্রবণ করা দুর্ঘট, কিন্তু এক একবার যখন সেই অস্পষ্ট সুমিষ্ট স্বর সকল শ্রুতিগোচর হয়, তখন আনন্দের আর পরিসীমা থাকে না । অন্তর পুলকিত ও শরীর লোমাঞ্চিত হইতে থাকে । তৎকালে অনুমান হয় যেমন তাহারা অনিল কর্ত্তৃক তাড্যমান হইয়া তাহাকে শান্ত হইতে বলিতেছে । আহা ! কি সুরম্য স্থল, অবনিমণ্ডলের মধ্যে এমত আর কুত্রাপি দৃষ্ট হয় না, অথবা তাহা না হইলে কেন জগত্তারিণী তারিণী যিনি ব্যোমকেশী গঙ্গাধরের হৃদয়সর্ব্বস্বরূপা তিনি এস্থলে জন্ম গ্রহণ করিবেন ?

আহা ! এখানে প্রভাতেই বা কি শোভা যখন পূর্ব্বভাগে লোহিত বর্ণ সূর্য্যদেব যাঁহাকে দেখিলে বোধ হয়, যেমন যামিনী বিহঙ্গিনী দ্বিজরাজরূপ স্বীয় নায়ক দ্বিজরাজের সহিত সমস্ত সর্ব্বরী বিহার করিয়া এক্ষণে রক্তবর্ণ একটী ডিম্ব প্রসব করিল, সেই তরুণ অরুণ আভা পর্ব্বতের প্রাংশু কূটে পতিত হওয়াতে অনুমেয় হয় যেমন হিমগিরিই হেম কিরীট মস্তকে ধারণ করিয়াছে ।

ক্রমে দিবাবসান সময়ে শৈলোপরি হইতে হীনকর দিনকরকে অস্তগমনোন্মুখ ও সুধাকরকে উদিত দেখিয়া অনুভব হয়, স্বভাব নয়ন যুগল বিস্ফারিত করিয়া প্রদোষকালীন শোভাবলোকন করিতেছে । এইরূপ ত দিবসের মনোহারিণী শোভা আবার নিশার সৌন্দর্য্যের কথা কি বলিব । পূর্ণেন্দু যামিনীকান্তের সুধা সদৃশী শীতল ভাতিতে ভাগীরথীর সলিল ঝলমল করাতে বোধ হয়, যেমন সুরতরঙ্গিণী সহস্র চক্ষু উন্মীলন করিয়া প্রকৃতির শোভা বীক্ষণ করিতেছেন নিশাকরের করে শৈল শুভ্রবর্ণ ও বায়ু দ্বারা পর্ব্বত গহ্বরে বেনুর ন্যায় শব্দ এবং তদুপরিস্থ বন বৃক্ষব্যূহ বিধুবন হওয়াতে অনুভূত হয়, হিমগিরিই শ্বেত বসন পরিধান পূর্ব্বক বৃক্ষবৎ বাহু সঞ্চালিত করিতে করিতে গুহারূপ বদনে স্বীয় জামাতৃ দেবাদিদেব মহাদেবর গুণ গান করিতেছে ।

সে যাহা হউক, আমি এই সকল স্বভাবজাত সৌন্দর্য্য সন্দর্শন করিয়া একবারে বিমোহিত প্রায় হইয়া সেই সর্ব্বশক্তিমান জগদীশ্বর যিনি এমন বৃহদ্ বিশ্বকে অনিবার কাল চক্রে ঘূর্ণায়মান করিতেছেন, সূর্য্য সুধাকর যাহার প্রতীচী প্রাচী দিকস্বরূপ কর যুগলস্থ কেলি কন্দুকের ন্যায় দিবা বিভাবরী ক্রীড়া করিতেছে, তাঁহার প্রণীত আশ্চর্য্য কার্য্য কৌশল বিষয়ক চিন্তা করিতেছি এমত সময় হঠাৎ বনানিলের সহিত করুণা জনক ক্রন্দন ধ্বনি আমার কর্ণ কুহরে আসিয়া প্রবিষ্ট হইল কিন্তু পরক্ষণে বায়ুর নিস্তব্ধতা প্রযুক্ত কিছুই আর শুনিতে পাইলাম না । ইহাতে প্রথমতঃ অন্তঃকরণে যেমন দয়ার সঞ্চার হইয়াছিল পরে তেমনি ভয়ও আসিয়া উপস্থিত হইল । যূথচ্যুত মৃগ সদৃশ বিচলিত হইয়া ইতস্ততঃ তাহার কারণানুসন্ধান করিতে লাগিলাম । কিয়দ্দূর গমন করিলে পর অন্তর হইতে ভাগীরথী তীরে এক পর্ণ কুটীর দেখিতে পাইলাম আহা ! তৎকালে সেই অদৃষ্ট পূর্ব্ব যৎসামান্য কুটীরটী আমাকে কি না আনন্দ প্রদান করিয়াছিল দেখিবামাত্র তাহারদিকে চঞ্চল পদে গমন করিতে লাগিলাম যাইতে যাইতে এই সকল বিলাপ ধ্বনি শ্রবণ গোচর হইতে লাগিল । যথা " হে প্রিয় পতে হা জীবনকান্ত তুমি এই হতভাগিনীকে পরিত্যাগ ক-

৪৬৫

রিয়া কোথায় গমন করিলে? তোমার বিরহানল উদ্দীপিত হইয়া মদীয় হৃদয়কে দগ্ধীভূত করিতেছে! হা স্বামিন্! কুমার কি তোমার এতই প্রিয় ছিল যে তুমি তাহার বিয়োগ জনিত শোকে জীবন পর্য্যন্তও পরিত্যাগ করিলে, কিন্তু এ পাপকারিণী তদীয় মাতা হইয়াও এখন জীবিতা রহিয়াছে, হা! সকলি কপালের দোষ তাহা না হইলে এমত হইবে কেন? রে মন্দ ভাগিনি নীলাম্বরে! আমি আশা করিয়াছিলাম, স্নুষাভাবে তোমাকে পরিগ্রহ করিয়া পরম সুখিনী হইব। কিন্তু দগ্ধ বিধি তাহা করিতে দিল না আহা আমার বক্ষঃস্থল মাংসাস্থি দ্বারা বিনির্ম্মিত হইয়াছে, বলিয়া সহ্য হইতেছে নতুবা পাষাণ কিম্বা অন্য কোন কঠিন পদার্থ হইলে এত দিনে বিদীর্ণ হইয়া যাইত।"

হে সুধীবর মহাশয়গণ যৎকালে এই সমস্ত করুণাবহ বাক্য শ্রবণ করিতে ছিলাম তখন করুণা রসে চিত্ত একেবারে আর্দ্রীভূত হওয়াতে যত শীঘ্র যাইতেছিলাম তাহা হইতে অধিক দ্রুত গতিতে উক্ত পর্ণ কুটীরের সমীপস্থ হইয়া দেখিলাম অভ্যন্তরে একটি বৃদ্ধা রমণী স্বীয় বসনাঞ্চল দ্বারা বদনাবরণ করত উচ্চৈস্বরে রোদন করিতেছেন। তিনি কি কারণ এই একান্ত শান্ত প্রদেশে উপবেশন পূর্ব্বক অশ্রু পাতন করিতেছেন ও তাঁহার শোকের কারণ কি জ্ঞাত হইবার নিমিত্ত অত্যন্ত ঔৎসুক্য প্রকাশ করিয়া কহিলাম, মাতঃ কি জন্য আপনি এরূপ শোক পর্য্যাকুলা হইতেছেন, তাহা ব্যক্ত করিয়া মদীয় মানসকে বিতৃষ্ণ করুন আমি এই প্রকার কহিলে তিনি কোন প্রত্যুত্তর প্রদান না করিয়া বরং পূর্ব্বাপেক্ষা অতীব পরিতাপ করিতে প্রবৃত্তা হইলেন। বিনয় সহকারে বারম্বার তাঁহাকে শোকের কারণ জিজ্ঞাসা করিলে কিছুই বলিলেন না, এবং মুখ মণ্ডল হইতেও বসনোন্মোচন করিলেন না। তাঁহার বদন বিগলিত বাক্য শ্রবণ বাসনায় অনেক ক্ষণ সেখানে উপবিষ্ট থাকিয়া অবশেষে তাপিত মনে তথা হইতে গমন করিলাম। তখন দিবা ঠিক দুই প্রহর আকাশ মণ্ডলের মধ্যদেশ হইতে দিনকর তীক্ষ্ণকর বিসর্জ্জন করিতেছেন পক্ষিগণ শাখীর উপরে নিস্তব্ধভাবে বসিয়া রহিয়াছেন। সুরধুনীর সলিলের সহিত সন্তপ্ত সমীরণ সম্মিলিত হইলে তৎদ্বারা উত্থিত যে উর্ম্মিমালা তাহা ইতস্ততঃ সঞ্চালিতা হওয়াতে বোধ হইতে লাগিল, যেমন হরিণী কুল মরীচিকাতে ধাবমানা হইতেছে।

সে যাহা হউক কিয়দ্দূর গমন করিয়া পর্ব্বতস্থ একটী তরু হইতে কতকগুলিন ফলাহরণ পূর্ব্বক তাহা ভোজন ও নির্ঝর বারি পান করিয়া ক্ষুৎপিপাসার শান্তি করিলাম, এবং বিশ্রাম করিবার নিমিত্ত পাটলদ্রুম অর্থাৎ এক পুন্নাগ মহীরুহের শীতল ছায়াতে উপবেশন করিয়া উক্ত আশ্চর্য্য ঘটনার বিষয় মনোমধ্যে ভাবনা করিতে লাগিলাম। তদনন্তর ভ্রমণ করিতে করিতে এক সরোবরের নিকট উপস্থিত হইয়া দেখিলাম তাহার নির্ম্মল নীরোপরি মরালমালা ভাসমান হইয়া কেলি করিয়া বেড়াইতেছে, ও কমল কানন বিকশিত হইয়া কি মনোহারিণী শোভাই সংপ্রকাশ করিতেছে অলিকুল মধু লোভে ব্যাকুল হইয়া গুণ২ রবে ঝঙ্কার করিয়া তদুপরি উপবেশন করিতেছে, এবং তরলতর তরঙ্গনিকর তীরে প্রতিঘাত হইয়া প্রত্যাবৃত্ত হইয়া সুচারু শোভা ধারণ করিতেছে এবংবিধ মনোরমা সরসী কুলে উপনীত হইয়া তাহার দক্ষিণ দিকস্থিত অনতিদূরে একটি গুহা দর্শন করিয়া তদভিমুখে যাইতে লাগিলাম গহ্বরের দ্বার সমীপস্থ হইয়া তদভ্যন্তরে এক যোগী পুরুষকে (যোগাবস্থায় যাহাকে দেখিলে সহসা বোধ হয় যেমন পার্ব্বতী প্রাপ্ত্যাশায় জাহ্নবী জলধর শশি শেখর তীব্র তপস্যায় অনুরক্ত হইয়াছেন) অবলোকন করিলাম। অনেক ক্ষণ পরে ধ্যান ভঙ্গ হইলে তিনি উন্মীলিত নয়নে আমার দিকে প্রশান্ত দৃষ্টিপাত করিয়া কহিলেন। বৎস কোথা হইতে আসিয়াছ ও কি কারণ এখানে দণ্ডায়মান রহিয়াছ তাঁহার এতদ্রূপ বচনাকর্ণনে আমি আপনাকে ধন্য জ্ঞান করিয়া সম্ভ্রম প্রদর্শন পূর্ব্বক কহিলাম পিতঃ আমি এই ভারতবর্ষ বাসী এই স্থানের পরম রমণীয়তা সন্দর্শনে সমুৎসুক মনে আগমন করিয়াছি আকস্মিক আপনকার এই পবিত্রাশ্রম অক্ষি পথে পতিত হওয়াতে অবক্ষান্ত মণি কর্ত্তৃক শিলাত্মজ যদ্রূপ আকর্ষিত হয় তাহার ন্যায় আকৃষ্ট হৃদয় হইয়া আইলাম। এক্ষণে আপনার চরণদ্বয় বিলোকন করিয়া নেত্র যুগল চরিতার্থতা সম্পাদন করিতেছে।

146 238

আমার মুখ হইতে এতাদৃশ ভক্তিযুক্ত বাক্য শ্রবণ করিয়া সেই মহাপুরুষ সন্তোষিত হইয়া বলিলেন বৎস পান্থ তোমার কথায় আমি অতীব আহ্লাদিত হইয়াছি। অধুনা প্রচণ্ড মার্ত্তণ্ডের অগ্নি শিখাবৎ কিরণ হইতে বিরাম লাভার্থ মদীয় গুহার এক প্রদেশে অবস্থান কর সেই যোগিবরের ঈদৃশ অমৃতায়মান বচনে আমার যৎপরনাস্তি আনন্দ উৎপাদিত হইলে কহিলাম হে মহাভাব আপনি আমার প্রতি যে প্রকার অনুগ্রহ প্রকাশ করিলেন তাহাতে পথ ক্লেশ দূরীকৃত হইল পরে অনন্তভাবে সেই গহ্বরের এক প্রান্তে আসীন হইয়া উক্ত মহাত্মার সহিত নানা বিষয়ক কথোপকথন করিতে লাগিলাম অনন্তর কহিলাম পিতঃ আপনি অনুকম্পা করিয়া মৎ প্রতি যদ্রূপ করুণা প্রকাশ করিলেন। তদ্রূপ মদীয় হৃদয়কে যে সংশয় ঘোরান্ধকারে আবৃত করিয়া রাখিয়াছে তাহা বিনষ্ট করিতে অনুমতি হউক তদুত্তরে তিনি কহিলেন বৎস আমি তোমার সন্দেহ ভঞ্জন করিয়া মানসিক ক্লেশ অপনোদন করিতে সাধ্য যত্ন করিব সংশয়ের কারণ সমস্ত প্রকাশ করিয়া বল ইহাতে আমি ভাগীরথী তীরে কুটীর মধ্যে এক বর্ষীয়সী রমণীকে রোরুদ্যমানা অবলোকন করিয়াছিলাম। তদনন্তর বর্ণন করিয়া বলিলাম তাত এই শান্ত প্রদেশেও কি নৃশংসা পিশাচী আসিয়া মানবদিগকে যাতনা প্রদানে বিরতা হয় নাই। আর ঐ দুর্বৃত্তা কি সর্ব্বত্রই সমান অধিকার করিয়াছে যাহা হউক পিতঃ উক্ত শোকের কারণ প্রকাশ করিতে আজ্ঞা হউক আমি তন্মর্ম্মানুধাবনে নিতান্তই বিমূঢ় হইয়াছি।

মহাপুরুষ আমার বদন হইতে এতাদৃশ বচন শ্রবণ করিয়া বিষণ্ণ ভাবে অনেক ক্ষণ নিস্তব্ধ থাকিয়া পরে কহিলেন বৎস তুমি যে অভাগিনীকে ভাগীরথী তীরে শোক করিতে দেখিলে, তাহার বিবরণ নিরতিশয় করুণাবহ যদি একান্ত তাহা শ্রবণ করিতে বাসনা হইয়া থাকে, তবে নিশাকালে তোমাকে তদ্বৃত্তান্ত আনুপূর্ব্বীক বিস্তার করিয়া শুনাইব দেখ দিবাবসান প্রায়া দিনকরের লোহিত আভায় পশ্চিম দিক আরক্ত বর্ণ হইয়াছে। বৎস ঐ শুনা যাইতেছে বারিচয় বিহঙ্গমেরা বিভাবরী আগতা দেখিয়া স্বীয় স্বীয় রবে নদীকূল আকুল করিতেছে ঐ দেখ জগৎতৃপ্তিকর সুধাকর উদিত হইতেছেন। সন্ধ্যা সমাগতা আমাকে সায়ংকালিক সন্ধ্যোপাসনাদি সকল সমাপন করিতে হইবে। আর তুমিও কর্ত্তব্য কর্ম্ম সমাধানান্তর প্রস্তুত হইয়া থাক।

তদন্তরে আমি যোগিবর প্রদত্ত কিঞ্চিৎ ফল ভক্ষণ জল পান করিয়া সন্ধ্যান্তে সেই গুহা সম্মুখস্থ বনভূমিতে অরণ্যাগত যে শীতল সমীরণ তাহা সেবন করি তখন যামিনী জন্য নিশাচর পশুগণেরা গহ্বর হইতে নির্গত হইতেছিল। আকাশ মণ্ডলে তারাগণ দৃষ্ট হওয়াতে বোধ হইল যেমন নিশাতে বৈমানিকেরাই দীপপ্রজ্বালিত করিয়াছে সমুদিত চন্দ্রমার জ্যোৎস্নালোকে তিমির সমূহ বিনষ্ট হইলে দূরগত তরুবল্লী প্রভৃতি পদার্থপুঞ্জ অতি সুন্দর রূপে অবলোকিত হইতে লাগিল। পক্ষিগণের রব আর শুনা যাইতেছিলনা এই রূপ প্রকৃতি স্বভাব বীক্ষণ করিতে করিতে রজনী প্রায় চারি দণ্ড অতীতা হইয়া গেল পরন্তু গুহার মধ্যে প্রবেশ পূর্ব্বক দেখিলাম। তাপস বরের সন্ধ্যোপাসনাদি সমস্ত কর্ম্ম সম্পন্ন হইয়াছে। তাহাতে উক্ত মহাত্মার এক পার্শ্বে উপবেশন করিয়া শুশ্রূষা সহকারে কহিলাম পিতঃ উপযুক্ত সময়ত উপস্থিত প্রায় অতএব দয়া করিয়া সেই বৃত্তান্ত আদ্যোপান্ত বর্ণনা করুন ইহাতে মহাপুরুষ আমাকে সম্বোধিয়া কহিলেন বৎস পথিক তোমার অনুরোধেই আমি সেই ভয়ঙ্কর শোকাকর ঘটনা বলিতেছি। অবিচলিত হইয়া শ্রবণ কর এই বলিয়া সেই ইতিহাস কহিতে আরম্ভ করিলেন।

কথারম্ভ।

বৎস বিংশতি বর্ষ বিগত হইল বৃহদ্রাজ্য পঞ্জাবের অধিকৃত শ্রীনগর নামক জনপদে পরিজন্মা নামা এক বর্ষীয়ান ব্যক্তি বসতি করিত। হিমাদ্রি বিনির্গতা ভাগীরথী যে শ্রীনগরের উপান্ত সীমায় প্রবাহিত হইয়া তত্রস্থ লোক নিচয়কে পবিত্র করিতেছেন। উক্ত বৃদ্ধ পুরুষ দুর্ভাগ্য বশতঃ দুর্জ্জন কর্ত্তৃক ভূপতির ক্রোধ ভাজন হওয়াতে ত্বরায় পরিজনের সহিত তাহার প্রতি তত্রত্য জনসমাজ বিবর্জ্জনানুমতি প্রচারিতা হইল। তাহাতে সে নরনাথের অভিষঙ্গ বহ্নিতে আপনারদিগকে পতঙ্গবৎ বিবে-

৪৬৬

চনা করিয়া লোকালয় পরিত্যাগ পূর্ব্বক মনোদুঃখে এই বিজন শৈল প্রদেশে আগমন করিয়া পরিবারের সহিত এক পর্ব্বতীয় গুহা আশ্রয় পুরঃসর বন্য ফল মূলাহারে জীবন কাল অতিবাহিত করিতে আরম্ভ করে তাহার পরিজনের মধ্যে সে আপনি ও তদীয় সহধার্ম্মিণী এবং একটি শিশু সন্তান ছিল। আর দুই জন প্রিয় সখা যাহারা বন্ধুর ক্লেশে স্ব স্ব বিষয়াদি স্বত্বে ও তাহার সহিত এই বিরল দেশে আগমন করিয়াছিল।

বৎস তুমি আসিবার সময়ে যে সরসী দেখিয়া আসিয়াছ উহা মানস সরোবর নামে প্রসিদ্ধ উহার পশ্চিম দিকে ক্রোশদ্বয় অন্তরে তাহারদিগের আবাস স্থান ছিল বিনা কারণে দেশ বহিষ্কৃত হওয়াতে তাহারা বিষাদে সর্ব্বদা গহ্বর মধ্যে অবস্থিতি করিত সুতরাং বাসস্থলীর বিদূর গত পদার্থ পুঞ্জও তাহারদের পরিচিত ছিল না। এই নিমিত্ত ও মধ্যে একটা দুর্গম অরণ্যানী ব্যবধান থাকাকে ব্যাপক কাল তাহারদিগের সহিত আমার সাক্ষাতের প্রতিবন্ধক ছিল।

সে যাহা হউক অনন্তর কোন সময় আমি ধ্যানে মগ্ন ছিলাম ধ্যান ভঙ্গ হইলে নয়নোন্মীলন করিয়া দ্বার দেশে দণ্ডায়মান এক তরুণকে অবলোকন করিয়া তদীয় নাম ধাম প্রভৃতি পরিচয় নিচয় জিজ্ঞাসা করিলাম সে কহিল মহাশয় মদীয় জনকের নাম পরিজন্মা আমি তাঁহার পুত্র কুমার নামাভিধেয় তিনি পঞ্জাবাধিরাজের অকারণ ক্রোধে শ্রীনগর হইতে নির্ব্বাসিত হইয়া মনস্তাপে এখানে আগমন করিয়া এই বিজন দেশের এক প্রান্তে মাতা ও দুই জন মিত্রের সহিত প্রায় ত্রয়োদশ বর্ষ অতীত হইল অবস্থিতি করিতেছেন অদ্য আমি ভ্রমণ করিতে করিতে সহসা এস্থানে উত্তীর্ণ হইয়া আপনার প্রশান্ত মূর্ত্তি সন্দর্শনে আত্মাকে পবিত্র জ্ঞানে পরম পরিতোষ প্রাপ্ত হইলাম। তাহার এই রূপ বাক্য শ্রবণে আমি অতিশয় আহ্লাদিত হইয়া কহিলাম বৎস তোমার অতি ধীর প্রকৃতি দর্শন করিতেছি। অতএব এই অমূল্য জীবন রত্ন বৃথা বিনষ্ট না করিয়া প্রত্যহ যদি কথঞ্চিৎ ক্লেশ স্বীকার পূর্ব্বক তুমি এখানে আসিতে পার তাহা হইলে তোমাকে জ্ঞানগম্য গ্রন্থের উপদেশ প্রদান করি, আর ক্রমে তাহাতে ব্যুৎপত্তি হইলে পরম পরাৎপর পরমেশ্বরের প্রণীত অত্যাশ্চর্য্য কার্য্য কলাপের মর্ম্মানুধাবনে পরমা প্রীতি প্রাপ্ত হইতে পারিবে। এই রূপ বাক্যে উক্ত যুবক সম্পূর্ণ সন্তোষান্বিত শান্ত হইয়া সম্মত হইয়া গৃহে গমন করিল পর দিন তদ্বৃত্তান্ত বিজ্ঞাত হইয়া তনয় সহিত পরিজন্মা এস্থলে আগমন করিল ও আমাকে অভিবাদন পুরঃসর সমধিক কৃতজ্ঞতা প্রকাশ করিয়া কুমারকে কহিল। পুত্র অলস বর্জ্জন পূর্ব্বক প্রতি দিন এই মহাভাগের সন্নিকর্ষে জ্ঞানোপার্জ্জনার্থ আগমন করিও তদীয় মুখে ঈদৃশ বচন শ্রবণ করিয়া হর্ষ সহকারে সেই বাসরাবধি কুমারকে শিক্ষা দিতে লাগিলাম তাহাতে দিন দিন তাহার বুদ্ধিরও উন্নতি হইতে লাগিল অনবরত সমীপে অবস্থিতি নিমিত্ত আমি তাহাকে পুত্রবৎ স্নেহ করিতে লাগিলাম, কুমার আমার প্রতি যথোচিত শ্রদ্ধা ভক্তি প্রকাশ করিতে লাগিল দেবতাগণের দ্বারা মহর্ষি দত্তাত্রেয় যদ্রূপ শ্রদ্ধনীয় হয়েন, তাহার ন্যায়।

সে যাহা হউক বৎস একটা অবান্তর কথা শ্রবণ কর তৎকালে এতৎ প্রদেশে এই রীতি প্রচলিত ছিল, যে অবিবাহিতা কুমারীগণ এখানে অনীতা হইয়া মানস সরোবর সলিলে অবগাহিতা হইত কারণ তাহা হইলে তাহারা নিজ নিজ মানসানুযায়িক ভর্তৃলাভে চরিতার্থা হইবে এই নিয়ম প্রসিদ্ধ প্রযুক্ত দূর দেশস্থ মানবেরাও অনূঢ়া কন্যাকাগণকে এস্থলে আনায়ন করিত। ইতিমধ্যে সরযূ সরিৎ পরপার সাকেত নগর নিবাসি নীলব্রত নামা এক বৃদ্ধ নীলাম্বরী নাম্নী আপন তনয়াকে লইয়া এখানে উপনীত হয়, যে সময় সে ব্যক্তি আমার আশ্রমে আসিয়াছিল। তখন আমি অঙ্গ সংস্কার নিমিত্ত মানস বাপীতে গমন করিয়াছিলাম, সেখান হইতে প্রত্যাবর্ত্তন করিয়া একটা বৃদ্ধব্যক্তি পরমা সুন্দরী অল্প বয়স্ক এক কুমারীর সহিত মদীয় আশ্রম সন্নিহিত ভূমিভাগে আসীন রহিয়াছে, দর্শন করিলাম, আমাকে দেখিবা মাত্র তাহারা উভয়ে ভূমিষ্ঠ হইয়া প্রণিপাত করিল। আমি পরিচয় জিজ্ঞাসু হইলে বর্ষীয়ান তদ্বৃত্তান্ত ব্যক্ত করিয়া পরে কহিল হে মহাভাগ, অদ্য অনুগ্রহ করিয়া তদীয়

230/147

আশ্রমে অবস্থান জন্য যদি কথঞ্চিৎ স্থান প্রদান করেন, তাহা হইলে কৃতার্থম্মন্য হই বর্ষিষ্ঠের এই বিনীত বচনে আমি অভ্যুপেত হইলে তাহারা ফল মূল ভক্ষণ পূর্ব্বক আমার সন্নিকৃষ্টে উপবিষ্ট হইল, আমিও তাহারদের সহিত অনেক কথা বার্ত্তা কহিতে লাগিলাম। অনন্তর দূর হইতে দেখিতে পাইলাম কুমার আসিতেছে পরে সে নিকটস্থ হইয়া আমাকে অভিবাদন পুরঃসর উপবেশন করিল, এবং কহিল পিতঃ আপনার সম্মুখে সমুপবিষ্ট এই যে বৃদ্ধ ও নবীনা বালাকে অবলোকন করিতেছি, ইঁহারা কে ও কোথা হইতে আসিয়াছেন, ইহা শুনিয়া আমি সমস্ত বিবরণ কহিলাম। কুমার ও কুমারী প্রাগ্ দর্শনাবধিই পরস্পর পরস্পরের প্রতি বিলোকন করিতেছিল, পুণ্যাশ্রম হিরণ্যারণ্যে হিরণ্যারণ্য তমাল নীলতাল ত্রিফল তরুরাজ তাম্রবল্লী নীলতরু পদ্মজ তাম্রপুষ্প রক্তচন্দন নক্ত প্রিয়াম্বু প্রিয়শালক সরসপ্রভ বল্লী শমী শাল্মলী সিংহকেশর প্রভৃতি বৃক্ষ লতা নিবিড়তম তাহাতে বিষ্ণুদের নিত্য অনুষ্ঠীয়মান্ যজ্ঞ কলাপ বিলোপকারি দুর্ব্বৃত্ত নিশাচর নিবহ দমনার্থ পুরুবংশাবতংস দুষ্মন্ত সমাগত হইয়া ভগবান দুহিতা শকুন্তলার সহিত সন্দর্শন ও যদ্রূপ করিয়াছিলেন। বৎস মদনের অসাধ্য কর্ম্ম নাই, যৎকালে কমলাসন বিরিঞ্চিকে সুতা সন্ধ্যা সমীক্ষণে দেবরাজ চন্দ্রকে গৌতম পত্নী অহল্যালোকনে পর মহাদেব নীলকণ্ঠকে মোহন বিলোকনে বিমোহিত করিয়াছে, এবং অসুর কুলোদ্ভব ভবপরায়ণ মমাশূর শুম্ভাসুর ও কৌণপ কুলাবতীর্ণ দুর্জ্জয় দশানন, যাহারা বাসবের সহিত বৃন্দারক বৃন্দকে সুরপুর হইতে নিরাকৃত করিয়া ত্রৈলক্য রাজ্যের অধিপতি হইয়াছিল, তাহারদিগকে যখন স্বীয় শরদ্বারা অভিভূত করিয়াছে তখন সেই কুমার কুমারকে কু-মার পঞ্চবানপ্রহার করিয়া বিমুগ্ধ করিবে, তাহার আশ্চর্য্য কি তদীয় মানসিক চঞ্চলতা অনুভব করিয়া তদ্দূরীকরণার্থ কৌশল ক্রমে তাহাকে সদুপদেশ দান করিতে লাগিলাম।

বৎস অনেক ক্ষণ দীক্ষা দিলেও তাহার যে অন্তরের অস্থিরতা নিবারিত হইয়াছে, তাহা পরিবোধিত হইল না। সমনন্তর সায়ংগত সন্দর্শনে সে চিন্তিত চিত্তে বিদায় গ্রহণ পুরঃসর প্রস্থান করিল, বৃদ্ধ নীলব্রত নিয়মিত কর্ম্ম নিষ্পন্ন জন্য সেখান হইতে বহির্গত হইল, ও আমিও ফলাহরণ নিমিত্ত গহ্বর হইতে বহির্গত হইলাম। কিয়ৎক্ষণ পরে প্রত্যাবৃত্ত হইয়া সায়ন্তনী ক্রিয়া কলাপ সমাধানান্তে ফল মূলাহার ও নির্ঝর নীর পান করিলাম। তৎকালে সর্ব্বরী সমাগতা প্রযুক্ত গগণ তলে তারকা মালা বীক্ষিত মন্দমন্দ মলয় মারুত বাহিত তদ্দ্বারা তরু প্রকর লোলিত অর্থাৎ আন্দোলিত ও ব্যোম বিনিঃসৃত সুশীতল শিশির জল বিন্দুবিন্দু ভাবে সম্পাতিত উড্ডীন খদ্যোত মালা বায়ু রাদ্ধা ইতস্ততঃ চালিত ঝিল্লী ব্রাত মনোরম রব বিযুত এবং শশধর সমুদিত হইলে অনুমিত হইল, যেমন নক্ষত্র রূপ হাস্যাস্য যুক্তা আকাশ রূপ নীল বসন পরিধারণী সহচরীগণ সমভিব্যাহারে যামিনী কামিনী আগতা হইয়া স্বীয় সখা সিত ময়ূখ সুধাকর যে সুধাকরের উদয়াবলোকনে অনুমান হয়, যেমন চন্দ্রকান্তা দিবাগমেই সমুদ্র রসনা অর্থাৎ মেদিনী সরোবরে সমুচ্ছ্রিত উদয় গিরি সংস্থা মৃণাল সংযুক্তময় বিমুদ্রিত ছিল, যে রজনীরাজ রোহিণীপতি রূপ কহল কুসুম তাহা সম্প্রতি সংফুল্ল অর্থাৎ বিকসিত হইয়া আপনোৎসঙ্গোপবেশিত মধু পানোন্মত্ত কজ্জল বর্ণ কলঙ্ক রূপ ভ্রমর প্রকাশিত করিল, সেই শশাঙ্কের সহিত সমুপজোষিতমনাঃ হইয়া কেলি কৌতুকে নিমগ্না হওয়াতে তদীয় কণ্ঠদেশ বিলসিত রশ্মি রিঙ্গন শ্রেণীরূপ রত্ন হার বিচ্ছিন্ন হইয়া পতিত হইতেছে, এবং অবশীই যেমন উক্ত দম্পতীর শ্রান্তি বারণ বাসনায় শিশির সলিলাভিষিক্ত বৃক্ষবৎ জীবন বিধারণ করিয়া মন্দ মেদুর সমীর সদৃশ বীজন করাতে ঝিল্লীরবই তাহার শব্দ হইতেছে। অথবা অনুভব হইল, যামিন্যাগমনে নীলিম আকাশ স্বরূপ সর সংবরে উজ্জ্বলিতা তারকা বৎ উৎফুল্ল কুমুদরাজি নিস্যন্দিত নীহারবৎ মকরন্দের শীতলতা স্বরূপ সৌগন্ধ সমীরণ সঞ্চালিত করিয়া জীব সমূহের শরীর শল্লক অর্থাৎ ত্বগ দৃগ নাসিকায় তাহা সংযোজিত করাতে তাহাতে উন্মত্তপ্রায় ধান্তোন্মেষ খদ্যোত রূপ ভ্রমরনিকর ঝিল্লী বিসরের স্বরের ন্যায় ঝঙ্কার করিতে করিতে যেমন তন্মধ

859

পানেই উড্ডীয়মান হইল, সে যাহা হউক পরে আমি গুহার এক পার্শ্বে সমাসীন হইয়া জপ করিতে প্রবৃত্ত হইলাম সেই বর্ষিষ্ঠ ত্বদীয় দুহিতার সহিত ফল মূল আহার পূর্ব্বক নিদ্রা যাইতে লাগিল, অনন্তর নিশা কৃশা হইলে অরুণ কিরণে দিক সকল আরক্ত বর্ণ হইল, ও পক্ষিপুঞ্জ কলরব করিতে লাগিল, তাহাতে বোধ হইল যেমন সূর্য্যদেবের অর্চ্চনা নিমিত্ত দিগঙ্গনাগণ অরুণবসন পরিধান করিয়া তাঁহার স্তব পাঠ করিতেছে, ক্রমে পূর্ব্বদিক্‌ভাগে অরুণ উৎগত হইলে অনুভব হইল, উষাই যেমন দিগবৎ বাহু বিভূত ব্যোমতল স্বরূপ নীলিমাবগুণ্ঠন মধ্য হইতে স্বীয় নিরুপমেয় লোহিত নলিন বদন বিনির্ম্মুক্ত করিল, শশধর অস্তমিত হওয়ায় প্রিয় বিয়োগে কুমুদিনী বিষাদিনী হইয়া জলবাসে দলবাসে আননাবৃত করিল; ও তন্মধ্যগত মধুব্রত বহির্গত হইতে না পারিয়া গুণ গুণরব করাতে অনুমেয় হইল, যেমত শশিকান্ত বিরহে শশিকান্তই রোদন করিতেছে, যাহা হউক আমি প্রাভাতিকী ক্রিয়া কদম্ব নিষ্পাদন করিয়া অধ্যাসীন রহিয়াছি এমত সময় কুমার আসিয়া সমুপস্থিত হইল, তাহাকে দেখিবা মাত্র বিগত বাসরীয় বিবরণ স্মরণ হওয়াতে আমি পারিজন্মার নিকট গমন করিলাম। সে আমার অসম্ভাবিত আগমন সন্দর্শন পূর্ব্বক সম্যক প্রকারে সংবর্দ্ধনা করিয়া কহিল, হে তাপসপ্রবর মহানুভব আপনকার কি জন্য এঅকিঞ্চনের আলয়ে আগমন হইয়াছে। তাহার এতদ্ প্রশ্নে আমি কুমার সম্বন্ধীয় সমস্ত বৃত্তান্ত বলিলে স্থবির কহিল, মহাশয় ইহাতে আমারত সম্পূর্ণ অভিলাষ আছে. অধুনা কুমারীর পিতার সম্মতি হইলে হয়, এই বলিয়া শোভাঞ্জন নামক পারিষদ সমভিব্যাহারে আমার আশ্রমে আসিল তৎকালে নীলব্রত নন্দিনীর সহিত নিষণ্ণ ছিল। পারিজন্মা তাহাকে সকল বিবরণ কহিল মৎস্য দেশাধিরাট বিরাট স্বীয় ভবনে পাঞ্চালীর সহিত যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতার অজ্ঞাতবাসের পর পরিচয় প্রাপ্ত হইলে পরমাহ্লাদিত হইয়া অর্জ্জুন নামা বীরবর তৃতীয় পাণ্ডব যে তৃতীয় পাণ্ডব করুক্ষেত্র সংজ্ঞ সমরস্থলীতে নিজ প্রচণ্ড ভুজদণ্ড ধৃত মার্ত্তণ্ড প্রভ গাণ্ডীব কোদণ্ড বিবর্জ্জিত বিশিখব্যূহের তাণ্ডব ক্রীড়া অর্থাৎ সায়ক সমূহের নৃত্য দ্বারা কৌরব বরূথিনী স্বামী যোদ্ধ প্রধান ভীষ্ম দ্রোণ কৃপ কর্ণ প্রভৃতি বিখ্যাত বীর-বৃন্দকে বিমোহিত করিয়াছিলেন, তাঁহার সহিত আপন তনয়া উত্তরার পরিণয় নিমিত্ত রাজা যুধিষ্ঠিরকে যদ্রূপ বলিয়াছিলেন। ইহাতে সে সন্তোষিতান্তরে সম্যক প্রকারে সম্মত হইল। তদনন্তর বিবাহের দিবস স্থিরীকৃত হইলে নীলব্রত নিজ নন্দিনীকে মানস সরোবরে অবগাহন করাইয়া পর বাসরেই অযোধ্যা নগরে প্রস্থান করিল, তনয়ের পরিণয় সম্বন্ধীয় বার্ত্তা শ্রবণে সন্তান বৎসলা পারিজন্মার গেহিনী প্রমোদ রাখিতে আর স্থান প্রাপ্ত হইল না, বৎস যৎকালীন এই সকল ঘটনা হয় তখন বসন্তকাল।

বসন্তকালের সমাগমে তরু লতা নিকর বিমল শ্যামল দল ভূষিত তাহাতে পুষ্পকলিকা সমূহ বিকসিত হওয়াতে বর্ষাকালে নী জলদরাজি ক্রোড়ে উড্ডীন বলা শ্রেণীর ন্যায় বোধ হইতে লাগি কদাচিৎ বা তদ্বিপরীতে শ্যামল নিচয়ের নিবিড়তাকে নীলিমাকা কুল্লার বন্দ অর্থাৎ বিকাস শীল প্র সূনচয়কে নক্ষত্রমালা ও অনিলবে বিধূয়মানা বৃক্ষ শাখা হইতে পর্য্য গিত পুষ্পের পতন তারাপাতে ন্যায় অনুভব হইতে লাগিল। সুমন্দ সমীরণোত্থিতোর্ম্মি মিলিত সুশীতল সরোবর সকলে শৈবাল সম্মিলিত সৌগন্ধ সংযুক্ত সংফুল্ল সরোজ সমূ ও তাহাতে শব্দায়মান মধুকর নি করের সুমধুর ধ্বনি শ্রবণে বোধ হইল যেমন সুরকামিনীগণ অবগা নার্থ এই নির্জন প্রদেশে আগম করিয়া তরঙ্গরূপ জলকেলি করি করিতে সলিলকুন্তলরূপ কুন্তল য নলিনানন উত্থাপিত করিয়া অলি কুলের গুণগুণরব রূপ অমৃত নিস্ব পরস্পর কথোপকথন করিতেছে, ক থবা মৃণাল প্রবাল যুক্ত বিকস্বর ক মল রূপ তুম্বী সংলগ্ন যে মনোহর সুন্দর বীণা তাহা ভ্রমর স্বর দ্বারা ঝঙ্কারিত হওয়ায় অনুমতি হইল যেমন গন্ধর্ব্বগণ বিমান ভ্রমণ কালী বসন্তাগমে এতৎপ্রদেশের বিনো জননী শোভাবলোকনে আকৃষ্ট হইয়া কলঘোষকারি কোকিলের কলর শ্রবণ করিয়া আপন আপন বিপ বিরস বোধে অবজ্ঞা পূর্ব্বক সরোব রে বিসর্জ্জন করিয়া গিয়াছে, আ তাহারাও যেমন স্বীয় স্বীয় স্বামী কর্ত্তৃক পরিত্যক্তা হইলেও পিকপু

ঞ্জের বিজয় বাসনায় ভ্রমর সন্নিধানে মধুর ধ্বনি অভ্যাস করিতেছে, বৎস সুখদ সুরভি সময় সমাগত হইয়া এতৎ পর্ব্বতময় প্রদেশ পরিশোভিত করাতে বোধ হইল, যেমন মীনকেতন হিমগিরি করণক তদীয় জামাতৃ ভগবান উমাপতির কোপোপশমন কামনায় স্বীয় প্রিয়সখা বসন্তকে অনুরোধ নিমিত্ত এই স্থানে প্রেরণ করিয়াছে।

সে যাহা হউক এই কালে কুমারের বিমনস্কতা বিলোকনে নিরন্তর তাহাকে মদীয় সমীপেই রাখিতাম, ও নিয়ত নীতিজ্ঞানোপদেশ প্রদান করিতাম, তদীয় মানুসাভিপ্রায় আমি জ্ঞাত হইয়াছিলাম বলিয়া সে আমার নিকট সর্ব্বথা সলজ্জ থাকিত বিকসিত কমলের ন্যায় তাহার পরম সুন্দর ব্রীড়ায়মান বদন মণ্ডল অদ্য পর্য্যন্ত অন্তরে জাগরূক রহিয়াছে, এইরূপ বাক্য বিসরাবসানে সেই মহাপুরুষ বলিলেন, বৎস, তোমার আগ্রহেই আমি তদ্বৃত্তান্তের শেষভাগ কহিতেছি। মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। তদনন্তর ক্রমে ক্রমে বসন্তের অন্ত হইলে ভীষ্ম গ্রীষ্ম সময় আসিয়া উপনত হইল, দিনকরের কিরণ দিনে দিনে তীক্ষ্ণ ও সর্ব্বদা গাত্র হইতে ঘর্ম্মবারি বিনির্গতা হইতে লাগিল, মধ্যাহ্ন কালে মাঠের দিকে দৃষ্টিপাত করিলে বোধ হয়, যেমন দাবানল এত দিন দাব দগ্ধ করিয়া তাহাতে সন্তোষ প্রাপ্ত না হইয়া অধুনা প্রান্তর দাহ করিতে প্রবৃত্ত হইয়াছে, শুষ্কোন্নত স্থান স্থিত বৃক্ষ বল্লীব্যূহ বিশীর্ণায়মান হইতে লাগিল, মৃগ পক্ষিগণ আতপ তাপে তাপিত হইয়া গিরি নদীর বারি পানে স্নিগ্ধ হওত তত্তীরস্থ সুশীতল তরুচ্ছায়াতে বিশ্রান্তি করিতে লাগিল, বোধ বিভাকরের বিবেক বিভাতে অবিদ্যাম্বুবৎ কূপ সকল পরিশুষ্ক হইয়াগেল, প্রবল রূপে বহমান বায়ু দ্বারা তরঙ্গিণী সলিল সম্যক প্রকারে বিলোড়িত হওয়ায় বোধ হইতে লাগিল যেমন চির বিদ্বেষী স্থল বিদ্বেষীর পরাজয় নিমিত্তই তটিনী ব্যায়াম কৌশল অভ্যাস করিতেছে, সেই বর্ষের বিষম গ্রীষ্ম গৌরবে এই হিম প্রদেশও উষ্ণ হইয়া উঠিয়াছিল যাহা হউক এবম্ভূত অভূতপূর্ব্ব নিদারুণ নিদাঘ কালের সহিত তনয়ের পরিণয় সময় আসিয়া উপনীত হইলে স্থবির পরিজন্মা পারিষদ শোভাঞ্জন ও শিলাত্মজ সমভিব্যারে কুমারকে কোশলা নগরীতে প্রেরণ করিল, সমনন্তর আমি এক দিবস অপরাহ্ন সময়ে গহ্বরের বহিঃপ্রাঙ্গনে সমাসীন রহিয়াছি সুদূর হইতে দর্শন করিলাম, নীলব্রত ও শিলাত্মজ কুমারী নীলাম্বরীকে সঙ্গে লইয়া আসিতেছে, কুমারের অনাগামন প্রথমতঃ মনে এক প্রকার সংশয়োপনত করিলে, পরে তাহারা আমার সন্নিধিবর্ত্তি হইলে শিলাত্মজকে জিজ্ঞাসিলাম, ওহে পারিজন্মার পারিষদ, কুমার কোথায় এতদাকর্ণনে সে নীলব্রতের সহিত সংরুদিত হইল অনেক ক্ষণ পরে সন্তাপ সংবরণ করিয়া মৃদুস্বরে আনুপূর্ব্বীক সমুদয় বিষয় বর্ণন করিয়া বলিল হে সদাশয় শোকের কথা কি কহিব বক্ষো বিদীর্ণ হয়, আমরা শমন সম্প্রেরিত স্বরূপ এ স্থান হইতে সংগমন পুরঃসর সমুপযুক্ত সময়ে সরযু সরিতের তীরে সমুত্তীর্ণ হইলাম, সরোজাসন কর্ত্তৃক সমুপদিষ্ট শম্বরারি শিশির শিখরে সমায়াত ভূত ভাবন ভূতিভাবন ভবধব ভগবান ভবানী ভর্ত্তৃ ভরের ভজন ভঙ্গ জন্য যদ্রূপ হইয়াছিলেন, তন্ন্যায় একে গ্রীষ্ম কাল তাহাতে মধ্যাহ্ন সময় অত্যন্ত তরঙ্গ হইতেছিল, উত্থিত ঊর্ম্মি মালা সমূহ চতুর্দিকে গমনাগমন করাতে বোধ হইল ভাব্যা পদাগতালোকনেই নদী যেমন স্বীয় হিল্লোলরূপ বাহু দ্বারা আমারদিগকে যাইতে নিবারণ করিতেছে জগৎপতির অবিচলিত নিয়ম বশতঃই হউক অথবা বিবেক বিহীন বিপৎপাতের অবাধ্যতা বশতঃই হউক তটিনী মধ্যভাগে যখন তরণী গিয়া সমুপস্থিতা হইল তখন সহসা পূর্ব্বদিক হইতে এমত বিপুল বল বেগ বিযুক্ত বাত্যা সমুত্থিত হইল, যে তৎদ্বারা স্রোতস্বতীর তীরগত তরুগণ ভগ্নীভূত হইতে লাগিল তৎকালে প্রবল মারুত বিবেগে ভূপৃষ্ঠে পতনোন্মুখ মহীরুহ বৃন্দ সংদর্শনে অনুভব হইল যেমন অনিল সলিলের তাদৃশ নির্দয়তার কার্য্য বিলোকনে তাহারা শোকে সংজ্ঞা শূন্য হইয়া পতিত হইতেছে, অনন্তর কৃতান্তোদর স্বরূপিনী তুঙ্গ তরঙ্গযুক্তা তরঙ্গিণী তলে তরণী বিলীনা হইয়াগেলে সেই ভয়াবহ ঘটনা কালীন কেবল হতভাগ্য আকি পূর্ব্ব জন্মার্জ্জিত জঘন্য কর্ম্ম জন্য জীবিতাবস্থায় দুর্ধর্ষ জল কল্লোলের ভীষণাঘাতে দৈব বশাৎ তীরে নীত হইয়াছিলাম কিন্তু চৈতন্য ছিল না অনেক ক্ষণ পরে লব্ধ সংজ্ঞ হইলে তথা হইতে উত্থিত হইয়া শনৈঃশনৈঃ নীলব্রতের

৪৬৮

নিলয়ে গমন করিলাম, সেখানে সুবিষণ্ণমনে উপস্থ হইয়া আদ্যপান্ত তাবৎ বৃত্তান্ত ব্যক্ত করিলে তত্রত্য জনগণ বিস্ময় শোকে বিমোহিত প্রায় ও কুমারী নীলাম্বরী একবারে পরিম্লান বদনা এবং নিস্পন্দায়মানা হইয়া রহিল।

ক্রমশঃ প্রকাশ্য।

পৌষমাসের ঘটনাবলীর সংক্ষেপ বিবরণ।

গবর্ণরজেনেরল আগ্রা রাজধানীতে গমন পূর্ব্বক এক প্রকাশ্য দরবারের সভা করেন তাহাতে সিন্ধিয়ার মহারাজ জয়পুরের মহারাজ কোশলের রাজা টংহুর বৃদ্ধ নবাব প্রভৃতি অনেক সম্ভ্রান্ত ব্যক্তি গমন করিয়াছিলেন, উপঢৌকন দ্রব্যাদি সহিত শ্রীশ্রীযুক্ত সকলকে যথাসম্মানে গ্রহণ করিয়া উপাধি ও জায়গীর প্রভৃতি পারিতোষিক প্রদান করিয়াছেন।—বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট আপনারদিগের অধীনস্থ ৭০৩০০টী খাস মহল ইজারা দিবার নিমিত্তে প্রকাশ নীলাম দ্বারা বিক্রয় করণের প্রস্তাব করেন।—হাজিষ্ট্রেটি ও কালেক্টরি কার্য্যালয় একত্র করিয়া এক ব্যক্তির প্রতি মাজিষ্ট্রেট ও কালেক্টরের কার্য্যভার সমর্পণ করিবার প্রস্তাব হয়।—রেইলওয়ের নিকটে কয়েক জন ইংরাজ মদ্য পানে মত্ত হইয়া একজন এতদ্দেশীয় সম্ভ্রান্ত ব্যক্তির অপমান করেন সুবর্ণময় ঘড়ির চেইন ছিঁড়িয়াছেন।—ইংরাজদিগের সহিত ফ্রেঞ্চজাতির যুদ্ধ ঘটনার ভয়ানক কল্পনা হয়।—রাম বক্সের অপরাধ সপ্রমাণ হওয়াতে ফাঁসিকাষ্ঠে তাহার প্রাণ বিনষ্ট করিবার অনুমতি প্রদত্ত হয়।—গবর্ণর জেনেরেল বাহাদুরের তাম্বুতে অনল সংলগ্ন হইয়া বিস্তর দ্রব্যাদি ও এয়েক বাক্স সরকারি কাগজপত্র ভস্মীভূত হয়।—শ্রীযুত ডবলিউ মরগান সাহেব সুপ্রমকোর্টের ইকুইটী সংক্রান্ত মাষ্টরের পদে অভিষিক্ত হয়েন।—বিলাত হইতে আদেশানুসারে বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট মফঃসলের কাজির পদ একেবারে উঠাইয়া দিবার অভিপ্রায় ব্যক্ত করেন, এদেশের বিশেষ হিতৈষি হিন্দু সমাজ ভূষণ শ্রীমন্মহারাজ রাধাকান্ত দেব বাহাদুরের নিকটে কৃতজ্ঞতা স্বীকার পূর্ব্বক তাঁহার স্মরণীয় চিহ্ন স্থাপন নিমিত্ত বাঙ্গাল ব্রিটিস ইণ্ডিয়া সমাজ মন্দিরে হিন্দুদিগের এক সভা হয় এবং ঐ সভাতেই সভ্যেরা চাঁদা পুস্তকে ১৬৮৭ টাকা স্বাক্ষর করেন।—ইংরাজী ১৮৫৯ সালের বিখ্যাত ৮ আইনের কতিপয় ধারা সংশোধন করণের প্রস্তাব ব্যবস্থাপক সভায় উত্থাপিত হয়।—ওকলণ্ড পদাকাঙ্ক্ষিদিগের পরীক্ষা নিমিত্ত যে নিয়ম নির্দ্ধারিত আছে তাহার কোন কোন নিয়ম সংশোধন করা আবশ্যক বঙ্গদেশীয় লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুর তাহা নদরীয় বিচারপতিদিগকে তাহা জিজ্ঞাসা করেন।—নেপাল পর্ব্বতের নিম্নভাগে যে সমস্ত বিদ্রোহি ছিল নেপালীয় রাজমন্ত্রি ও প্রধান সেনাপতি সাহেব সসৈন্যে তাহারদিগের অধিকাংশ সেনাপতি সাহেবদিগের শরণাগত হয় এবং অবশিষ্টাংশ ছিন্নভিন্ন হইয়া পড়ে।—অনুবাদক সমাজের সহকারি সম্পাদক শ্রীযুক্ত বাবু মধুসূদন মুখোপাধ্যায় জীব রহস্য নামে একখানি নূতন পুস্তক প্রকাশ করেন।—বারাণসী মহারাজ আপনার গৃহ রক্ষক কয়েক জন প্রহরিকে অস্ত্র দিবার অভিপ্রায়ে শ্রীযুক্ত গবর্ণর জেনেরল বাহাদুরের নিকটে পত্র লেখাতে তিনি তাহাতে সম্মত প্রদান করেন।—হেনিরিওয়াটস সাহেব যিনি মুন্সেফ এক জন বেহারাকে হত করেন এবং যাহার প্রাণ দণ্ড হইবার অনুমতি হইয়াছিল আমারদিগের লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুর সেই অনুমতি রাখিয়া তাহাকে দ্বীপান্তরে প্রেরণ করণার্থ রিউস অনুমতি পত্র কলিকাতায় সরিফ সাহেবের নিকট প্রেরণ করেন।—বোম্বাই নিবাসি সিলপুনারায়ণ নামক কোন বণিক পুত্র মৃত্তিকার দ্বারা ওথাকার বিখ্যাত বণিক স্যার জেমসেটজি জিজিভায়ের যে প্রতিমূর্ত্তি প্রস্তুত করেন তাহা অতি উৎকৃষ্ট হওয়াতে স্যার করসেটজি জিজিভাই উপযুক্ত মূল্যে তাহা ক্রয় করণের মানস প্রকাশ করেন।—গবর্ণমেণ্টের ধনাগারের কথা শ্রবণ করিয়া আমেরিকান গবর্ণমেণ্ট এরূপ প্রস্তাব করেন যে মহারাণী সম্প্রতি ভারতবর্ষ রাজ্য বিক্রয় করণের অভিপ্রায় করেন তবে উপযুক্ত মূল্যে ক্রয় করণে সম্মত আছেন আর যদ্যপি একেবারে বিক্রয় করণের অভিপ্রায় না হবে তবে এক কোটী বিংশতি লক্ষ বার্ষিক খাজানায় তাহা ইজারা লইতেও পারেন।—গবর্ণরজেনেরল বাহাদুর অনুমতি করেন যে সুপ্রীম কৌন্সেল অবিলম্বে বিলাত গমন করিয়া তথায় আপনার জীবনের অবশিষ্ট কাল যাপন করিবেন।—কাশ্মীরাধিপতিমহারাজ রণবীর সিংহ আপনার অধিকার মধ্যে চারি লক্ষের চাঁদা আরম্ভ করিয়াছেন।—গবর্ণর জেনেরেল বাহাদুরের সহিত সাক্ষাৎ করণার্থ মান্যবর মেং উইলসন সাহেব উত্তর পশ্চিমাঞ্চলে গমন করেন।—বিলাত হইতে এরূপ অনুমতি প্রেরিত হয় বোম্বাই নগরে দুর্গ স্বরূপ যে প্রাচীর আছে গবর্ণমেণ্ট তাহা ভঙ্গ করিয়া তাহার বিনিময়ে নূতন প্রকার প্রাচীর প্রস্তুত করিবেন।—মান্দ্রাজের গবর্ণমেণ্ট হেস নামক অট্টালিকা উদ্ভন্নরূপে মেরামত করণার্থ তথাকার গবর্ণর বাহাদুর রাজস্বের হইতে বিংশতি সহস্র টাকা ব্যয় করণার্থে অনুমতি করেন।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probahkur Press*.

সংবাদ প্রভাকর

আতঃসন্ধ্যা

149, 241

।।।।* সতাং মনস্কামবস *প্রভাকর সদৈব সর্ব্বেষু নমপ্রভাকরঃ *।।*

।।।।* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ মনপ্রভাকরঃ *।।*।।*

এই প্রভাকর পত্র ... বিবার ব্যতীত প্রতি ... দয় কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি ... রের ষ্ট্রিটে ... বনে সম্পাদক শ্রীযুত ... মচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

... নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকলেষ্বিন্দীবরেষু কচিচ্চ্যুতং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ। অন্যোন্যাক্ষিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে ষড়্ঘন্দং দিবসে পিবন্ত চতুরস্যাস্তদ্বিরেফারুতং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪১৭ সংখ্যা] শনিবার ২ মাঘ ১২৬৬ সাল ।। ইং ১৪ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

এত্তেহার।

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে বাবু কানাইলাল দাস সাকম কলুটোলার গলি সহর কলিকাতা অদ্যকার তারিখের লিখিত ইনডেনচর আব সেটেলমেণ্টের দ্বারায় তাঁহার বর্ত্তমান পাওনাদারদিগের দেনার টাকা পরিশোধের জন্য ও অন্যান্য কর্ম্ম সম্পূর্ণ জারণ কোন টাকা ট্রষ্টীগণকে এসাইনমেণ্ট করিয়াছেন তন্নিমিত্তে উক্ত বাবু কানাইলাল দাসের পাওনাদারদিগকে জ্ঞাত করা যাইতেছে যে তাঁহারা যেন আপন পাওনা টাকার হিসাব সহিত উপস্থিত ব্যক্তিগণের নিকট ত্বরায় দাখিল করেন আর যে সকল ব্যক্তি উক্ত বাবু কানাইলাল দাসের সহিত আপন দেনা ও পাওনা করিতেছেন তাঁহারদিগকেও জ্ঞাত করা যাইতেছে যে উক্ত ইনডেনচর আব সেটেলমেণ্ট দ্বারায় যে টাকা লিখিয়া দেওয়া হইয়াছে সে টাকার দায়ি উক্ত বাবু কানাইলাল দাস যে কোন দেনা অদ্যকার তারিখের পর করিবেন তাহা পরিশোধের জন্য নিযুক্ত করা হইবেক না।

জজ, জজ, ও ওয়াটকিন্স।

ট্রষ্টীদিগের উকীলগণ।

নং পুরাতন ডাক ঘরেরগলি।

কলিকাতা ১৬ জানেওয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সুবে বাঙ্গলার অন্তঃপাতি জেলা বারাসতের সামিল ও তন্মধ্যস্থিত মুলাজোড় নামক গ্রাম নিবাসি মৃত রামধন ঘোষ যিনি ইতি পূর্ব্বে মহানগর কলিকাতার গরানহাটার রাজা গুরুদাসের ষ্ট্রিটে বাস করিতেন, এক জন হিন্দু প্রজা ছিলেন তাঁহার শেষ উইল পত্র ও কোডিসিল প্রমাণে তাঁহার স্থাবরাস্থাবর বিষয় ও বিভব ইত্যাদি তাবৎ বিষয়ের কর্ত্তৃত্ব করণের ভার অদ্য তারিখে সুবে বাঙ্গলার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম সুপ্রিমকোর্ট নামক বিচারালয়ের ধর্ম্ম সম্বন্ধীয় কার্য্য গৃহের অনুমত অনুসারে বিশ্বম্ভর বসু এবং বেণীমাধব বসুর প্রতি সমর্পিত হইয়াছে কারণ তাঁহারদিগের উভয়েরই নাম উক্ত উইল পত্রে এক্সিকিউটর অর্থাৎ অজ্ঞি রূপে উল্লেখ করা হইয়াছে। অতএব মৃত ব্যক্তির বিষয়ের প্রতি যাঁহারদিগের পাওনা আছে তাঁহারা ঐ অজ্ঞিদিগকে তাহা জানাইবেন আর যাহারা ঐ ষ্টেটে ঋণি আছেন তাঁহারা অবিলম্বে তাহারদিগের নিকট আপন আপন ঋণ সকল পরিশোধ করিয়া দিবেন।

জামস, ওয়েন।

উকীল।

কলিকাতা।
ওরডসপোট আফিস,
ষ্ট্রিট নম্বর ৩।১ ৯।
জানুওয়ারি ১৮৬০।

৪৬৭

বিজ্ঞাপন।

গোলাপকান্ত।

গোলাপকান্ত নামে অভিনব একখানি সরস কাব্য রচিত হইয়াছে এই সুমিষ্ট কাব্য দেখিয়া অনেকে সন্তুষ্ট হইয়াছেন। অতএব আমি সেই উৎসাহকে অবলম্বন করিয়াই গোলাপকান্ত গ্রন্থ মুদ্রিত ও বিচরিত করিলাম ইহার মূল্য ।।০ আট আনা। গ্রহণার্থিরা প্রভাকর যন্ত্রে অথবা সিমুলিয়ার সুকেস ষ্ট্রীট ৩৪ নং বাটীতে বি,ভট্টাচার্য্য কোম্পানির পত্রিকা যন্ত্রে পত্র পাঠাইলে প্রাপ্ত হইবেন।

শ্রীকানাইরাম দাস।

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একাডেমি নামক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ তিন চারি জন শিক্ষকের প্রয়োজন হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪।১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরুচরণ দত্তের নিকট উপস্থিত হইলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।

২২ ডিসেম্বর ১৮৫৯।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণ জনগণকে বিদিত করা যাইতেছে যে সুরধুনীর পশ্চিমপার শালিখার মধ্যে হেদুয়ার চৌরাস্তায় "জেনুইন মেডিসীন ডিপজিটরি হল ক এক ২ ডিস্পেনসার সংস্থাপিত হইয়াছে বিলাত হইতে আনীত উত্তম অকৃত্রিম ঔষধ অতি স্বল্প মূল্যে প্রাপ্ত হইতে পারিবেন তথায় এক জন সুবিজ্ঞ ডাক্তর সর্ব্বদা উপস্থিত আছেন

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মহানগর কলিকাতার আরমানিয়ান ষ্ট্রিটের ম[illegible] ৪৩ নম্বরের বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা হইবেক তাহা কেহ ক্রয় না করেন অথবা বন্ধক না রাখেন কারণ ঐ বাটী নিনালয়ব মদিনা সাহেবের ফারম দ্বারা সিউলাল মতিলালের নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

বিজ্ঞাপন।

হালিসহর নিবাসি বিখ্যাত চিকিৎসক শ্রীযুক্ত বামাচরণ বরাট নিদানোক্ত সমুদায় প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করিয়া বহু পরিশ্রম ও অর্থ ব্যয় স্বীকার করিয়া সম্প্রতি মকরধ্বজ রসসিন্দূর ও ছাগলাদি ঘৃত ও মাস তৈল প্রস্তুত করিতেছেন। এতদ্ভিন্ন কাস গ্রহণী পুরাতন জ্বর প্লীহা অগ্রমাস প্রভৃতি বহু প্রকার কঠিন রোগোপশম করণের মহৌষধ সকল প্রস্তুত করা হইয়াছে যাঁহার প্রয়োজন হয় হোগোল কুঁড়িয়ার অন্তঃপাতি শ্রীযুক্ত বাবু শিবচন্দ্র গুহ মহাশয়ের স্থাপিত কালী বাটীর সম্মুখস্থ ভবনে তাঁহার বাসায় তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত।

প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

[illegible]রতচন্দ্র রায়ের [illegible]বন চরিত মূল্য	১
[illegible]বোধ প্রভাকর	১
[illegible]কেতিহাস	।।০
[illegible]জস্বসম্পর্কীয় নিয়ম [illegible]মক প্রথম খণ্ড	১।০
[illegible]নীকান্ত শৃঙ্গার ও করুণা [illegible]শ্রিত নবীন উপাখ্যান	১

[illegible]লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ [illegible]রিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা [illegible]স্থলে পাইতে পারিবেন।

সংবাদ প্রভাকর

মাঘ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

এতদিনের পর বিলাতের কর্ত্তৃ[illegible]ক মহাশয়গণ এবং গবর্ণর জেনে[illegible] বাহাদুর প্রভৃতি এখানকার প্র[illegible]নকল্প মহাশয়গণ এরূপ অভি[illegible]য় ধার্য্য করিয়াছেন, যে কেবল [illegible]রা সেনার দ্বারা এই সুবিস্তীর্ণ [illegible]রতরাজ্য রক্ষা করা হইবেক না। [illegible]হাতে বিস্তর ব্যয়বৃদ্ধি হইবার [illegible]ভাবনা। অতএব শীক রেজিমে[illegible]র সংখ্যা বৃদ্ধি করিতে হইবেক, [illegible]ং যে সকল সেপাহি প্রবল বি[illegible]াহ সময়ে রাজপ্রতিকূলতাচরণে [illegible]বৃত্ত হয় নাই, অস্ত্র দিয়াও গবর্ণ[illegible]ণ্টের অনুগত ছিল, তাহারদিগকে [illegible]নর্ব্বার অস্ত্র প্রদান করিবেন, এবং [illegible]দ্রোহ সময়ে স্থানে২ যে সকল দেশীয় রেজিমেণ্ট রক্ষিত হইয়াছিল, তাহারদিগকেও পরিত্যাগ করিবেন না। ভারতবর্ষের সৈন্য সম্বন্ধীয় বিষয়ে বিলাতের অতি প্রধান কতিপয় ব্যক্তি অনেক বিবেচনার পর যে অভিপ্রায় ধার্য্য করিয়াছেন, আমরা তাহার স্থূলমাত্র লিখিলাম। কেবল ইংরাজ সেনার দ্বারা ভারতবর্ষ রক্ষা হইবেক না। এদেশে রাজত্ব ও প্রভুত্ব রক্ষা করিতে হইলে এতদেশীয় ব্যক্তিদিগের প্রতি অবশ্যই বিশ্বাস করিতে হইবেক, যে রাজ্যে রাজা প্রজার পরস্পর বিশ্বাসভঙ্গ হয় সেই রাজ্যের কোন মতেই কুশলবর্দ্ধন হইতে পারে না। ইতিহাস পুস্তকে ইহার ভূরি২ প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। প্রস্তাব বাহুল্য ভয়ে এই স্থলে তাহার কোন প্রমাণ গ্রহণ করা আবশ্যক বোধ করিলাম না।

শীকজাতি বলবান এবং বিশ্বাসী যুদ্ধকার্য্যেও তাহারা অনায়াসে নিপুণতা লাভ করিতে পারে, বিশেষতঃ বিগত বিদ্রোহ সময়ে তাহারা গবর্ণমেণ্টের অনুগত থাকিয়া বিদ্রোহিদিগের দমনার্থ যে প্রকার বীরত্ব প্রকাশ করিয়াছে, তাহাতে তাহারদিগের প্রতি পরিপূর্ণ বিশ্বাস হইয়াছে, এবং বিদ্রোহিদিগকে দমনার্থ আমারদিগের রাজপুরুষেরা যে প্রকার প্রবল পরাক্রম বিস্তার করিয়াছেন, তাহাতে আর ভারতবর্ষে কোন প্রকার বিদ্রোহ ব্যাপার উপস্থিত হইবার সম্ভাবনা নাই।

পরন্তু আমারদিগের রাজপুরুষেরা সেপাহি সেনাদিগের প্রতি যতদূর পর্য্যন্ত বিশ্বাস করিয়াছিলেন, আর ততদূর পর্য্যন্ত বিশ্বাস করিবেন না। রাজ্যের সকল প্রধান স্থানে ইউরোপীয় সেনারা অবস্থান করিবেক, এবং প্রত্যেক দেশীয় দলে ইউরোপীয় সেনানীদিগের সংখ্যা বৃদ্ধি হইবেক, পূর্ব্বতন বিচক্ষণ প্রধান সেনাপতি সর চার্লস জে, পিয়ার সাহেব যে রূপ নিয়ম স্থাপনের অভিপ্রায় করিয়াছিলেন, সেই রূপ নিয়ম অবধারিত হইবেক।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক

সমীপেষু।

শীত বর্ণন।

পয়ার।

হিমাগম কি বিষম, প্রভাব ধরিল।
মোহিনী স্বভাবশোভা হরণ করিল ।।
কোথা আর তরূপরে সে নবীন দল।
মৃদু সমীরণে যাহা হইত চঞ্চল ।।
কোথায় বা মনোহর তৃণ সুকোমল।
যে শোভায় সুশোভিত হোত ক্ষিতিতল
কত ভাব মনোমাঝে হইত তখন।
ধরা বুঝি পরিয়াছে শ্যামল বসন।
লতার সে প্রফুল্লতা নাহি হেরি আর।
সকলেই সমরূপে ধরেছে বিকার ।।
নীরোপরে নীরজিনী বিকাশি বদন।
আর না মোহিত করে মানবের মন ।।
ফুলে ফুলে মধুকর করিছে ভ্রমণ।
কিছুতেই আশা তার না হয় পূরণ ।।
নিরাশায় মনাগুণ জ্বলিছে দ্বিগুণ।
বিষাদে সদাই তাই করে গুণ গুণ ।।
উষ্ক খুষ্ক শুষ্ক সব নাহি কারো রস।
শীতের প্রভাবে সবে সদাই বিরস ।।

150 242
৪৭০

কোথা আর প্রমোদিনী কুমুদিনী চয়।
প্রমুদিতা হবে হেরি নাথ গুণময়॥
কোথায় সে কমনীয় কুসুম নিকর।
সুবাসে উদাস করে নরের অন্তর।
কোথা বা সে সুখকর প্রদোষ পবন।
সাবাস সুবাস নানা করিত বহন।
কোথায় সে প্রীতিকর চন্দ্রিকা বিমল।
হেরি ভাসে হর্ষনীরে মানস কমল॥
নদনদী যে আভায় হয় প্রফুল্লিত।
ধরণী যাহাতে হয় রজতমণ্ডিত॥
যে আভায় বৃক্ষাদি হয় প্রভাময়।
যাহা হেরে হর্ষে আর্দ্র হইত হৃদয়॥
যে সময়ে শশী হেরি চকোর নিকর।
ত্যাজে ক্ষোভে সুধালোভে ধাইত সত্বর
হেন হিমকর করি হেমন্তের ভয়।
মলিন মলিন বেশে হোতেছে উদয়॥
পূর্ণিমায় পূর্ব্বরূপ সুখ নাহি আর।
তুষারে বিরূপ সদা হেরি ধূমাকার॥
স্বপতির ম্লান বেশ দেখি তারাগণ।
মুদি তারা দুঃখে করে যামিনী যাপন॥
বিভাবরী বিভাকরে হেরিয়া মলিন।
বোধ হয় নেত্রনীরে ভাসে প্রতি দিন॥
কোথায় বা কাননের সেরূপ সুরূপ।
কমনীয় কুসুমের অপরূপ রূপ॥
ছিন্ন প্রায় শীর্ণবেশে রহিয়াছে সবে।
উদ্ভিদের রিপু ঋতু বুঝি অনুভবে॥
দগ্ধ প্রায় সমুদায় হোয়েছে বিকৃত।
প্রকৃতি প্রতাপে এর, হোল সঙ্কুচিত॥
ভালরে দুরন্ত শীত ভাল তোর তেজ।
সুপ্রখর রবিকর হইল নিস্তেজ॥
যৌবন প্রতাপ তাপ হত হুতাশন।
বৃদ্ধ প্রায় জড়বড় থাকে অনুক্ষণ॥
তেজোময় বোলে ভয় করিয়াছে যারে
সেবন করিতে এবে ক্রোড়ে রাখে তারে
উপবন বন আদি তৃণ ক্ষেত্র যত।
যেদিকে ফিরাই আঁখি সেই শোভাহত।

নাহি আর সে বরণ শোভার আধার।
আভরণ সম অঙ্গে শোভিত ধরার॥
কত দিনে মধুস্বর সুমধুর স্বরে।
প্রফুল্ল করিবে যত মানব নিকরে॥
বিবিধ মধুরকণ্ঠ বিহঙ্গমগণ।
মৌনভাবে করিতেছে হেমন্ত যাপন॥
সুরথী সারথী এর হিমাদ্রি পবন।
নীরস শীতল বায়ু বহে অনুক্ষণ॥
নিশার তুষার ধরি করাল আকার।
একাই আঁধার করে মহী সুবিস্তার॥
গৃহের অন্তর হোতে, হইলে অন্তর।
হিমের প্রভাবে হয় কম্পিত অন্তর॥
বিবিধ বসনে অঙ্গ কোরে আবরণ।
তথাপি সঙ্কোচ শূন্য নহে কদাচন॥
বাবুগণ হৃষ্ট মন শীত আগমনে।
পোষাক পরেন নানা যাহা লয় মনে॥
পদযুগে ইটাকিন মাথে কম্ফর্টার।
গাত্রে জামা কত মত সালের বাহার॥
অন্যকালে ধনী দীন নাহি যেতে জানা
এসময়ে বাবুদের যত বাবু আনা॥
ইভ্নিং ওয়াক্ আর মরনিং ওয়াক্।
দেখে শুনে কত জনে হয়ে থাকে তাক্
দুঃখিদের কত দুঃখ না হয় বর্ণন।
মহাক্লেশে করে তারা শিশির যাপন॥
শীতেতে কুঞ্চিত কায় বাস নাহি গায়।
নিদ্রাকালে ঢাকে অঙ্গ লতায় পাতায়॥
কুটীরের আচ্ছাদন আচ্ছাদন নয়।
সারানিশি হিমে থেকে হিমঅঙ্গ হয়॥
রসিক প্রেমিক যত বেশ্যা পরায়ণ।
রজনীতে প্রায় সবে বাহির না হয়॥
হিম ভরে বাহিরের প্রেমে দিয়ে ভঙ্গ।
আবাসে বসিয়া করে প্রণয় প্রসঙ্গ॥
আনন্দে সুরতভোগে সারা বিভাবরী।
সুখের তরঙ্গে ভাসে নাগর নাগরী॥
অন্তরে যাহার জ্বলে বিচ্ছেদ অনল।
একাকী এশীতে হয় দারুণ প্রবল॥

নিদ্রাও থাকেনা চক্ষে হোয়ে শবপ্রায়
সারানিশি ভাসে তারা নয়ন ধারায়॥
প্রীত শশী হৃদয়েতে না হয় উদয়।
জীবন তাদের পক্ষে ভার মাত্র হয়॥
কত শত বারনারী ভাবিয়া আকুল।
যন্ত্রণা জলধি জলে নাহি পায় কূল॥
পূর্ব্ব মত বাবুগণ না হন সদয়।
শীত ভয়ে ভীত হোয়ে নিজবাসে রয়॥
ভাবে মনে রসিকের নাহিক সে রস।
নীরস পবনে বুঝি হইয়াছে বস॥
রজনীতে একাকিনী গণিছে প্রমাদ।
ভাবিয়া ভাবিয়া কেহ হইল উন্মাদ॥
একত্র হইয়া সবে কহিছে বচন।
কত দিনে বসন্তের হবে আগমন॥
দুরন্ত হেমন্ত পোড়া কবে হবে দূর।
কবে অবসান হবে যন্ত্রণা প্রচুর॥
হিমেতে বাহার আর দেওয়া নাহি যা
মুড়িদিয়া বসে থাকি শকুনীর প্রায়
আমোদ প্রমোদ যত হোল অবসান
"মদনাগুণ জ্বলছে দ্বিগুণ" এইমাত্র গা
বৃদ্ধ যারা হোল সারা শীতের প্রভাবে
শুদ্ধ তাহাদের চিন্তা করে শীত যাবে
সলিলের শীতলতা সহ্য নাহি হয়।
স্পর্শিলে দংশন করে হেন বোধ হয়
যখন বৃহতী নিশি হয় অবসান।
যখন প্রকাশমান হন অংশুমান।
শিশির তিমির আদি হোল তিরোহি
সমস্ত জীবেতে প্রায় হয় আনন্দিত
বৃক্ষের চক্ষের নীর নাহি পড়ে আর
হেরিলে তপন মুখ হয় সুখাপার

শ্রীত্রৈলোক্যনাথ চট্টোপাধ্যায়
সাং হোগলকুঁড়িয়া

Printed and published by RAMCHUNDER GOORTO at the *Probhakar Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

১৫২৪৩

যুক্ত এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসেনহাটার দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীটে ২২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদনবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রামং মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্রান্তদ্বিরেফারসং॥

যুক্ত এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আন অগ্রিম ৬টাকামাত্র।

৮৭১৮ সংখ্যা। সোমবার ৪ মাঘ ১২৬৬ সাল। ইং ১৬ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

আফিমের ইশ্‌তেহার

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ৭ ফিব্রুয়ারি মঙ্গলবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌সচেঞ্জ ঘরে সন ১৮৫৮।৫৯ সালের পয়দায়শী আফিমের দ্বিতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০

জুমলা সিন্দুক.....১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা বনিউবোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১৩ এবং ২২ ফিব্রুয়ারি এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলাম খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজুরি রসিদ অথবা কোনরকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১৩ ফিব্রুয়ারি সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সবরে কিম্মতের পূরা টাকার দরুন কোন ত্রেজুরি রসিদ সন ১৮৬০ সালের ২২ ফিব্রুয়ারি বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ রদ করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

৪৭১

			বেহারের বানারসের জুমলা সিন্দুক সিন্দুক সিন্দুক।
সন১৮৬০ সালের	১২ মার্চ	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০ ৫১০ ১৭৮০
ঐ	৯ আপ্রিল	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০ ৫১০ ১৭৮০
ঐ	৭ মে	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০ ৫১০ ১৭৮০
ঐ	১১ জুন	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০ ৫১০ ১৭৮০
ঐ	৯ জুলাই	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০ ৫১০ ১৭৮০
ঐ	৬ আগষ্ট	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০ ৫১০ ১৭৮০
ঐ	১০ সেপ্টেম্বর	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০ ৫১০ ১৭৮০
ঐ	৮ আক্টোবর	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০ ৫১০ ১৭৮০
ঐ	৫ নবেম্বর	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০ ৫১০ ১৭৮০
ঐ	৫ ডিসেম্বর	বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭৫ ৫০৯ ৯১৭৮৪
			১২৭০৫ ৫০৯৯ ১৭৮০৪

বিমে জীর হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউফোর্ট উইলিয়ম
সন ১৮৫৯ সাল তারিখ ২৬ নবেম্বর।

A. Eden.
Offg. Juniar Secretary.

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সুবে বাঙ্গলার অন্তঃপাতি জেলা বারাসতের সামিল ও তন্মধ্যস্থিত মুলাজোড় নামক গ্রাম নিবাসি মৃত রামধন ঘোষ যিনি ইতি পূর্ব্বে মহানগর কলিকাতার গরানহাটার রাজা গুরু দাসের ষ্ট্রিটে বাস করিতেন, এক জন হিন্দু প্রজা ছিলেন তাহার শেষ উইল পত্র ও কোডিসিএল প্রমাণে তাহার স্থাবরাস্থাবর বিষয় ও বিভব ইত্যাদি তাবৎ বিষয়ের কর্ত্তৃত্ব করণের ভার অদ্য তারিখে সুবে বাঙ্গলার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয়ের ধর্ম্ম সম্বন্ধীয় কার্য্য গৃহের অনুমত অনুসারে বিশ্বম্ভর বসু এবং বেণীমাধব বসুর প্রতি সমর্পিত হইয়াছে কারণ তাহারদিগের উভয়েরই নাম উক্ত উইল পত্রে এক্সিকিউটর অর্থাৎ অছি রূপে উল্লেখ করা হইয়াছে। অতএব মৃত ব্যক্তির বিষয়ের প্রতি যাঁহারদিগের পাওনা আছে তাঁহারা ঐ অছিদিগকে তাহা জানাইবেন আর যাহারা ঐ ষ্টেটে ঋণি আছেন তাঁহারা অবিলম্বে তাহারদিগের নিকট আপন আপন ঋণ সকল পরিশোধ করিয়া দিবেন।

তামস, ওয়েন।
উকীল।

কলিকাতা
ওল্ডপোষ্ট আফিস
ষ্ট্রিট নম্বর ৩।১৯
জানুওয়ারি ১৮৬০।

এস্তেহার।

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে বাবু কানাইলাল দাস সাকিম কপালিটোলার গলি সহর কলিকাতা অদ্যকার তারিখের লিখিত ইনডেনচর আব সেটেলমেন্ট দ্বারায় তাঁহার বর্ত্তমান পাওনাদারদিগের দেনার টাকা পরিশোধের জন্য ও অন্য২ কর্ম্ম সম্পূর্ণ কারণ কোন টাকা ট্রষ্টীগণকে এসাইনমেন্ট করিয়াদিয়াছেন তন্নিমিত্তে উক্ত বাবু কানাইলাল দাসের পাওনাদারদিগকে জ্ঞাত করা যাইতেছে যে তাহারা আপন আপন পাওনা টাকার হিসাব নিম্নলিখিত ব্যক্তিগণের নিকট দ্বারায় দাখিল করেন আর যে সকল ব্যক্তি উক্ত বাবু কানাইলাল দাসের সহিত কোন দেনা ও পাওনা করিতেছেন তাহাদিগকেও জ্ঞাত করা যাইতেছে যে উক্ত ইনডেনচর আব সেটেলমেন্ট দ্বারায় যে টাকা লিখিয়া দেওয়া হইয়াছে সে টাকার দ্বারায় উক্ত বাবু কানাইলাল দাস যে কোন দেনা অদ্যকার তারিখের পর করিবেন তাহা পরিশোধের জন্য নিযুক্ত করা হইবেক না।

জজ, জজ, ও ওয়াটকিন্স।
ট্রষ্টীদিগের উকীলগণ।

নং পুরাতন ডাক ঘরের গলি।
কলিকাতা ১৬ জানেওয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে, যে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয়ের ধর্ম্ম সম্বন্ধীয় কার্য্যালয়ে এরূপ এক আবেদন পত্র প্রদত্ত হইয়াছে যে মহানগর কলিকাতা নিবাসি মৃত জদুনাথ মল্লি[illegible]নি এক জন হিন্দু সওদাগর [illegible]লেন তাঁহার স্থাবর অস্থাবর সমু[illegible] বিষয় ও বিভবাদির প্রতি কর্ত্তৃত্ব [illegible]রণের ভারপ্রাপ্ত মহানগর কলি[illegible]তার মেছুয়া বাজার নিবাসি শ্রীব[illegible]লি মল্লিকের প্রতি সমর্পিত হইল, [illegible]ং ইনি মৃত জদুনাথ মল্লিকের জ্ঞাতি [illegible]ন্ধে দ্বিতীয় ভ্রাতস্পুত্র হয়েন, এবং [illegible] মৃত জদুনাথ মল্লিকের পুত্র [illegible]জেন্দ্রলাল মল্লিক অপ্রাপ্ত বয়স্ক [illegible]য়েন।

A. H. Corbett.
Proctor,
এ. এইচ, করবেট।
উকীল।

[illegible]লিকাতা।
[illegible]১৮৫৯।

সংবাদ প্রভাকর
[illegible] ১৭৮১। রিক্টোরিয়াদঃ২

ভারতবর্ষে বিদ্যোন্নতি।—যে [illegible]বস ভারতবর্ষে ইঙ্গরেজ রাজপুরুষ[illegible]র অধিকার হইবার সূত্রপাত হয়, [illegible]ই দিবসই ভারতবর্ষীয়দের মঙ্গল [illegible]ম্পরার প্রধান দিবস। সেই দিবস [illegible]তেই ভারতবর্ষে নির্ম্মল সৌন্দর্য্য, [illegible]তার অঙ্গ সৌষ্ঠব, এবং সুখস্বা[illegible]ন্দ্যের কারণ দিন দিনই ক্রমশঃ [illegible]দ্ধি পাইতেছে। ভারতবর্ষের ইঙ্গ[illegible]রাধিকারে বিদ্যাবৃদ্ধিই প্রধান [illegible] সেই বিদ্যাবৃদ্ধিফলই আ[illegible]দের উদ্দেশ্য। রাজপুরুষদের দয়া গুণে এক্ষণে ভারতবর্ষের প্রায় সকল স্থানেই বিদ্যার নির্ম্মলখ্যোতি বিস্তীর্ণ হইয়াছে। ঘরে বসিয়া মূর্খ ও অজ্ঞান হইব, এরূপ প্রতিজ্ঞারূঢ় না হইলে অনেকেই কিছু না কিছু জ্ঞানোপার্জ্জন করিতে পারে। দেশীয়দের গৃহের চতুর্দ্দিকেই বৃহৎ বৃহৎ বিদ্যালয় এবং ক্ষুদ্র ক্ষুদ্র পাঠশালা সকল সংস্থাপিত রহিয়াছে।

বোধ হয়, আমাদের দেশীয় ভ্রাতৃগণের বিদ্যোন্নতিবিষয়ে অদ্যাপি আদর জন্মে নাই। এই নিমিত্তেই বিদেশীয় দয়াবান রাজপুরুষেরা বারবার বিদ্যোন্নতি সাধনে ভগ্নমনোরথ ও বিফলপ্রয়াশ হইতেছেন। কলিকাতা রাজধানীর দিব্যচক্ষু প্রজারা অনেক বিষয়ে আপনাদের অবস্থাকে উন্নত করিয়াছেন বটে, কিন্তু তাহাতে আমাদের কিছুমাত্র আনন্দ হইতেছে না। সুবিস্তীর্ণ ভারতবর্ষ মধ্যে অণুমাত্র রাজধানী কেবল বিদ্যাফল জ্ঞানফল প্রভৃতি বহুবিধ ফলভারে আক্রান্ত হইলে কি হইবে? পুষ্প বৃক্ষে পরিপূর্ণ সুবিস্তীর্ণ উদ্যান মধ্যে একটী বৃক্ষ প্রফুল্ল হইলে কি কখন শোভা হয়। অদ্যাপি রাজধানীর চতুঃপার্শ্বস্থ পল্লীগ্রাম সমূহে বিদ্যার নির্ম্মল সৌন্দর্য্য সমাদৃত বা পরিগৃহীত হয় নাই। সুতরাং সেই সুমহৎ দুঃখই আমাদের রাজধানীর বিদ্যোন্নতি নিবন্ধন অল্প সুখকে আচ্ছন্ন করিয়া রাখিয়াছে।

আমাদের রাজনীতিপরায়ণ রাজপুরুষেরা পূর্ব্বাপেক্ষা এক্ষণে বিদ্যোন্নতির নানাপ্রকার উপায় নিরূপণ করিতেছেন। বিদ্যার্থি প্রজাদিগেরও তাহাতে বিদ্যাবিষয়ে দিন দিন আদর বৃদ্ধি হইতেছে। রাজপুরুষেরা এক্ষণে বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পরীক্ষা এবং উপাধি পরীক্ষার নিয়মাবলী প্রচার করিয়া শিক্ষার্থি বর্গের মনে কি এক আশ্চর্য্য প্রকার উৎসাহ ও যশোলিপ্সা জন্মিয়া দিয়াছেন, তাহা বলা যায় না। ছাত্রেরা দিন দিন আপনাদের জ্ঞানের উন্নতি, দুরবস্থার অবনতি, এবং স্বদেশের অলঙ্কার বৃদ্ধি করিতেছে। এই সকল অসাধারণ সদ্গুণ দেখিয়া অবশ্যই প্রজারঞ্জন রাজার গুণ ব্যাখ্যা করিতে হয়।

কিছুকাল পূর্ব্বে ইঙ্গরেজী ভাষার ছাত্রেরা আরেবিয়ান্ নাইট ততিনামা প্রভৃতি কয়েক খানি সামান্য২ কাব্য পাঠ করিয়াই ইঙ্গরেজী ভাষার পারদর্শিরূপে গণ্য হইতেন। এনিমিত্তে কোন২ অল্পবুদ্ধি অনাত্মজ্ঞ ইঙ্গরেজ বাঙ্গালিদিগকে অকর্ম্মণ্য ও অসার ভাবিয়া বিদ্রূপ করিতেন। তাঁহারা এক্ষণে আর সেরূপ করেন না। বাঙ্গালিরা এক্ষণে ক্রমে২ তাঁহাদের সমকক্ষ হইবার উপক্রম করিতেছেন। অষ্টাদশবর্ষীয় বালকেরা বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বি, এ, উপাধি প্রাপ্ত হইতেছে—অবিলম্বেই এম, এ, উপাধি প্রাপ্ত হইবে। অতএব এক্ষণে দিন দিন বিদ্যাবৃদ্ধি সহকারে দেশের কিঞ্চিৎ কিঞ্চিৎ শ্রীবৃদ্ধি হইতেছে, ইহা অবশ্য স্বীকার করিতে হইবে।

পরিমাণ বিষয়ে ভারতবর্ষের নিকট ইংলণ্ডদেশ দাড়াইতে পারে না। তথাপি ইহার শ্রীবৃদ্ধির বিষয়

বিবেচনা করিলে আশ্চর্য্য হইতে হয়। এই ক্ষুদ্র অলৌকিক দ্বীপে অনূন ২৭ টী বিশ্ববিদ্যালয় আছে। কি দুঃখের বিষয়! এই সুবিস্তীর্ণ বহুজনপরিপূর্ণ ভারতবর্ষে একটীও তাদৃশ বিদ্যালয় ছিল না। রাজপুরুষদের প্রযত্নাতিশয়ে অল্পকাল হইল, একমাত্র বিশ্ববিদ্যালয় স্থাপিত হইয়াছে। হে পাঠক বর্গ! এই এক মাত্র বিশ্ববিদ্যালয়ে ভারতবর্ষের কি হইতে পারে। বৃহৎ রাজপ্রাসাদ কি কখন একটী সামান্য প্রদীপে আলোকিত হয়? আমাবস্যার আকাশে একটী তারকায় কি করিতে পারে? বালুকাপূর্ণ সাবকীণ মরুভূমির মধ্যস্থ এক মাত্র শুষ্ক ছায়া বৃক্ষ পথিকদের কোন কার্য্যেরই হয় না?

কিনিক্স পত্রে অবগতি হইল যে পঞ্জাব গবর্ণমেণ্টের প্রার্থনানুসারে সুপ্রিম গবর্ণমেণ্ট হইতে এমত অনুমতি প্রকাশ হইয়াছে, যে উত্তর পশ্চিম প্রদেশে বিদ্রোহ ঘটনাকালে কাণপুর ও পাটিয়ালা প্রভৃতি স্থানের রাজগণ ও সরদারেরা যে সকল টাকা গবর্ণমেণ্টকে ঋণ প্রদান করিয়াছিলেন, তাহার সুদ শতকরা ৬ টাকা পরিমাণে নির্দ্দিষ্ট করা হয় পরন্তু উক্ত টাকার সংখ্যা ৪০০০০০০ লক্ষের ন্যূন হইবেক না।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

রঙ্গপুর ভূম্যধিকারী সমাজের পুনঃস্থাপন।

সম্পাদক মহাশয় অনুগ্রহ পূর্ব্বক নিম্নলিখিত কতিপয় পংক্তি শোধনান্তে মহাশয়ের প্রভাশালী প্রভাকর-পত্র পার্শ্বে স্থান দানে বাধিত করিবেন।

ইতিপূর্ব্বে রঙ্গপুর জেলাবাসি জমিদার মহাশয়েরা আপনারদিগের এবং দেশের হিতকামনায় ঐ কমতে যে ভূম্যধিকারী সমাজ সংস্থাপন করেন, তাহা অল্প দিবসের মধ্যেই তাঁহারদের অযত্ন ও অনৈক্যে বিলয় প্রাপ্ত হয়, সুতরাং তদ্দ্বারা ভূম্যধিকারি মহাশয়েরা কোন বিশেষ ফল লাভ করিতে পারেন নাই। সম্প্রতি পরমাহ্লাদের সহিত প্রকাশ করিতেছি, ঐ সভা পুনঃস্থাপনের উপক্রম হইয়াছে। রঙ্গপুরান্তঃপাতি কাকিনীয়ার বিখ্যাত ভূম্যধিকারি শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র রায় চৌধুরী মহাশয় এবং তুষভাণ্ডারের জমীদার শ্রীযুত বাবু রমণীমোহন রায় চৌধুরী মহাশয় উক্ত সভার অভাবে দিন দিন দেশের অমঙ্গল উদয় দৃষ্টি পুনরায় ভূম্যধিকারী সমাজ স্থাপন মানসে প্রথমোল্লিখিত চৌধুরী বাবুর রঙ্গপুরস্থ ভবনে গত ১০ পৌষ শনিবার রজনীতে এক সভা করিয়াছিলেন, তাহাতে রঙ্গপুর জেলাবাসি প্রায় সমস্ত ভূম্যধিকারি মহাশয়েরা এবং জেলার প্রধান২ আমলা ও উকীল ও মোক্তার মহাশয়েরা উপস্থিত হইয়াছিলেন, এবং ভূম্যধিকারী মহাশয়েরা সকলেই ভূম্যধিকারী সমাজ পুনঃস্থাপন বিষয়ে সম্মতি দিয়াছেন, এবং সভার ব্যয় নিষ্পন্নার্থ অর্থ দানেও স্বীকৃত হইয়াছেন, আগামী সভায় চাঁদা পুস্তকে ধনদাতাদিগের স্বাক্ষর, নিয়মাদি অবধারণ, এক জন বৈতনিক সহকারি সম্পাদক নিযুক্ত হইবেক। শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র রায় চৌধুরী মহাশয় রঙ্গপুর জেলার ভূম্যধিকারী সমাজ ম[illegible] বুদ্ধি, বিদ্যা, ধন, মান ইত্যাদি স[illegible] বিষয়ে অদ্বিতীয় প্রযুক্ত সভা মহাশয়েরা ঐকমতে তৎপ্রতি সভা[illegible] অবৈতনিক সম্পাদকীয় ভার অর্[illegible] করিয়াছেন, তদ্দ্বারা মাঘ মাসে দ্বিতীয় সভা অদ্ভুত হইয়া সমস্ত কা[illegible] অবধারণ হইবেক। তদ্বিবরণ মহাশয়কে বিদিত করিতে কালবিলম্ব হইবে না।

অপর কুণ্ডিগোপালপুর রঙ্গপুর বার্ত্তাবহ নামক এক সমাচার প[illegible] প্রচার ছিল, তথাকার ভূম্যধিকারী বাবু কালীচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের অকাল মৃত্যুতে ঐ পত্রের অবসান হয়, তৎপরে এদেশে [illegible]ীয় পত্র প্রকাশ হয় নাই। সম্প্রতি কাকিনীয়ার ভূম্যধিকারি দেশ[illegible] বৎসল শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র [illegible] চৌধুরী মহাশয় বহুব্যয়ে কলিকাতা হইতে মুদ্রাযন্ত্র ও তদুপযোগি সমস্ত দ্রব্য এবং কর্ম্মচারি আনাইয়া কাকিনীয়া রাজধানীস্থ ভূগোলোক[illegible] টীতে এক যন্ত্রালয় স্থাপন করিয়াছেন, এই যন্ত্র হইতে অচিরেই "রঙ্গপুর দিক্‌প্রকাশ" নামক এক সংবাদ পত্র প্রকাশ হইবেক এমত সম্ভাবনা আছে।

এদেশে সর্ব্ব প্রকার তক্ষা ব্যবহার্য্য দ্রব্য কলিকাতার দি[illegible] ত্রিগুণ দর, এমনকি কোন পী[illegible] উপদ্রব নাই, শীত ও তৎপর সূর্য্যে না হইলে শয্যা ত্যাগ করা যায় [illegible] নিবেদন ইতি ২০ পৌষ ১২৬৬ [illegible]

কেষাঞ্চিৎ রঙ্গপুর বাসি জনা[illegible]

Printed and published by RAMCHUNDER Goorto at the Probhakur Press

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

[illegible] এই প্রভাকর পত্র [illegible] বিবার ব্যতীত প্রতি [illegible] কলিকাতা সিমু[illegible] [illegible] চূর্ণাচরণ [illegible] ষ্ট্রীটে ৪২ নং [illegible] সম্পাদক শ্রীযুত [illegible] চন্দ্র গুপ্তকর্ত্তৃক প্র[illegible] হয়

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নরপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্রান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আন অগ্রিম ৬টাকামাত্র।

৮৪১৯ সংখ্যা। মঙ্গলবার ৫ মাঘ ১২৬৬ সাল। ইং ১৭ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

MUNICIPAL CMMISSIENS NOTICE.

মিউনিসিপেল কমিসানর সাহেবদিগের করপ্রদাতাদিগের প্রতি বিজ্ঞাপন।

অত্র বিজ্ঞাপন দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সহর কলিকাতার মিউনিসিপাল কমিসনর সাহেব মহাশয়েরা নস ১৮৫৬ সালের ২৫ আইনের ক্ষমতানুসারে সহরের বাটী ও ভূমির উপর কর অবধারণ করিবার জন্য সন ১৮৬০ সালের নিমিত্তে যে বাটীর ও ভূম্যাদির বাৎসরিক ভাড়া নিরূপণ করিয়াছেন, তাহা পুস্তকে লিখিত হইয়া বাটীর দখলিকার কিম্বা ভাড়াটিয়া ও মোক্তার অথবা অছি অর্থাৎ ট্রষ্ট ওগয়রহদিগের দ্বারা আগত ১ ফিব্রুয়ারি বুধবার বেলা ১১ ঘণ্টা অবধি অপরাহ্ন ৪ ঘণ্টা পর্য্যন্ত তারিখ হইতে অবলোকন ও তদ্বিদ করণ জন্য উক্ত কমিসনর সাহেবদিগের আফিসে প্রস্তুত থাকিবে।

এই বিজ্ঞাপন দ্বারা আরও জ্ঞাত করা যাইতেছে যে উক্ত আইনের ১১ ধারানুযায়িক কমিসনর সাহেবানেরা আগত ১৬ ফিব্রুয়ারি তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় পর্য্যন্ত ও তাহার ক্রমশঃ পর২ দিবসাবধি বৈঠক করিয়া টেক্স কমাইবার জন্য যে সকল দরখাস্ত করা হইবে তাহার বিচার করিবেন। অতএব বাটীর বা ভূমির দখলিকারগণ স্বয়ং বা মোক্তার দ্বারা হাজির হইয়া টেক্স নির্দ্ধারিতের উপর যে আপ আপত্তি থাকে তাহা করিবেন। ইতি তারিখ ১৩ জানুওয়ারি

By order of the Board of Municipal Commor's.

৩ নং চৌরঙ্গিরোড
কলিকাতা
১৩ জানুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যাহারা আপনাপন সন্তান সন্ততিদিগকে ব্যাকসিনেট অর্থাৎ ইংরাজী মতে গোবীজে টীকা দিবার অভিলাষ করেন চৌরঙ্গির রাস্তার ২৭ নং ভবনে সুপরিণ্টেণ্ডেণ্ট জেনেরল আব ব্যাকসিনেসন অর্থাৎ উড়প্রকার টীক দিবার কার্য্যের সর্ব্বাধ্যক্ষ সাহেবের নিকটে প্রর্থনা জানাইবেন।

J. MACPHERSON.
Superintendent General of Vaccinatn.

জে, মেকফার্সন
টীকা দিবার কার্য্যের সর্ব্বাধ্যক্ষ

No 27
CHOWRINGHEE ROAD.
deated 31st October.
1859.

বিজ্ঞাপন

হিন্দু মেট্রোপোলিটন একা-

ডেমি নায়ক বিদ্যালয়ের ইংরাজী বিষয়ে এবং অঙ্ক বিদ্যায় সুনিপুণ তিন চারি জন শিক্ষকের প্রয়োজন হইয়াছে। অতএব কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা যোড়াসাঁকস্থ ৩৪।১ নম্বর ভবনে সর্ব্বাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু গুরুচরণ দত্তের নিকট উপস্থিত হইলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীগুরুচরণ দত্ত।

২২ ডিসেম্বর ১৮৫১।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণ জনগণকে বিদিত করা যাইতেছে যে সুরধুনীর পশ্চিম পার শালিখার মধ্যে হেদুয়ার চৌরাস্তায় "জেনুইন মেডিসীন ডিপজিটরি হল" নামক এক ডিস্পেনসরি সংস্থাপিত হইয়াছে বিলাত হইতে আনীত উত্তম অকৃত্রিম ঔষধ অতি স্বল্প মূল্যে প্রাপ্ত হইতে পারিবেন তথায় একজন সুবিজ্ঞ ডাক্তর সর্ব্বদা উপস্থিত আছেন

বিজ্ঞাপন।

গোলাপকান্ত।

গোলাপকান্ত নামে অভিনব একখানি সরস কাব্য রচিত হইয়াছে এই সুমিষ্ট কাব্য দেখিয়া অনেকে সন্তুষ্ট হইয়াছেন। অতএব আমি সেই উৎসাহকে অবলম্বন করিয়াই গোলাপকান্ত গ্রন্থ মুদ্রিত ও বিচরিত করিলাম ইহার মূল্য ।।০ আট আনা। গ্রহণার্থিরা প্রভাকর যন্ত্রে অথবা সিমুলিয়ার সুকেস ষ্ট্রীট ৩৪ নং বাটীতে বি, ভট্টাচার্য্য কোম্পানি পত্রিকা যন্ত্রে পত্র পাঠাইলে প্রাপ্ত হইবেন।

শ্রীকানাইরাম দাস।

বিজ্ঞাপন।

হালিসহর নিবাসি বিখ্যাত চিকিৎসক শ্রীযুক্ত রামাচরণ বরাট নিদানোক্ত সমুদায় প্রয়োজনীয়দ্রব্য সংগ্রহ করিয়া বহু পরিশ্রম ও অর্থ ব্যয় স্বীকার করিয়া সম্প্রতি মকরধ্বজ রসসিন্দুর ও ছাগলাদ্য ঘৃত ও মার্শ তৈল প্রস্তুত করিতেছেন। এতদ্ভিন্ন কাস গ্রহণী পুরাতন জ্বর পীহা অগ্নমাস প্রভৃতি বহু প্রকার কঠিন রোগোপশম করণের মহৌষধ সকল প্রস্তুত করা হইয়াছে যাঁহার প্রয়োজন হয় হোগোলকুঁড়িয়াস্থ অন্তঃপাতি শ্রীযুক্ত বাবু শিবচন্দ্র গুহ মহাশয়ের স্থাপিত ৺কালী বাটীর সম্মুখস্থ ভবনে তাঁহার বাসায় তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা প্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত।

প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে মূল্য পাঠাইলে পাইতে পারিবেন

১৮৭৯ ২৪৬

বোধ প্রভাকর ..... ।৵
ইতিহাস ..... ।৵
জন্মস্থলীয় নিয়ম ..... ১।
মক প্রথম খণ্ড
নিনাকান্ত শূঙ্গার ও কঙ্কণ ১
শ্রিত নবীন উপাখ্যান
গ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ
রলে এই নলিনীকান্ত পুস্তক বিনা
স্থলে পাইতে পারিবেন।

সংবাদ প্রভাকর

বাঙ্গাব্দাঃ ১৭৮১। বিক্রোরিয়াব্দঃ২

বিগত মকর সক্রমণ দিবসে পরম ন্যা পুণ্যশীলা শ্রীমতী রাণী মময়ী প্রচুর শাল বনাত ও মুদ্রা সর্গ করিয়া ব্রাহ্মণ পণ্ডিতদিগকে ন করিতেছেন, যোড়া কর্দ্দ রুমাল ভৃতি আদি কত উৎসর্গ করিয়াম, তাহা আমরা বলিতে পারি রকল পল্লীতেই রাজভৃত্যেরা হা এই কয়েক দিবস ব্যাপিয়া ভরণ করিতেছে। মুজাপুরের রাজ্ঞীর আদেশ প্রতি দিবস এত অধিক লোকের সমাগম হইতেছে, যে দ্বার পর্য্যন্ত প্রবেশ করা যায় না। মহারাণীর আদেশ মতে তাঁহার সুযোগ্য সৎস্বভাব সম্পন্ন সুশীল দেওয়ান শ্রীযুক্ত বাবু রাজীবলোচন মুখোপাধ্যায় মহাশয় যথা সম্মানে সকলকেই ধন করিয়া কাহাকে শাল কাহাকে ও কাহাকেও বা নগদ টাকা প্রদান করিতেছেন, কোন ব্রাহ্মণকে বঞ্চিত করেন নাই, শীতবরণ দান ও অর্থ দানদ্বারা পুণ্য সঞ্চয়ার্থ তিনি ভাণ্ডার দ্বার একেবারে উদ্ঘাটন করিয়া বসিয়াছেন, সুখ্যাতি গৌরবে এই রাজধানী একেবারে আমোদিতা হইয়াছে।

প্রধান কল্প লোকদিগের কর্ম্মই এইরূপ প্রধান হইয়া থাকে, তাঁহারা দানার্থ যত টাকা সঙ্কল্প করেন, কোন রূপেই তাহার পরিমাণ স্থির রাখিতে পারেন না, ক্রমে ব্যয় সংখ্যা বৃদ্ধি হইতেই থাকে, কিন্তু এই বঙ্গদেশ মধ্যে প্রধান লোক অনেক আছেন বটে, কিন্তু পুণ্যশীলা সুশীলা রাণী স্বর্ণময়ীর সমতুল্য দান শীলা অন্য কোন মহিলাকে প্রাপ্ত হওয়া দূরে থাকুক কোন অতুল সাধু শালী যে ব্যক্তিকেও প্রাপ্ত হওয়া যায় নাই, পুণ্যবতী রাণী যখন যে কোন বিষয়ে দান করেন তখনই এইরূপ করিয়া থাকেন, শারদীয় মহোৎসব সময়ে কত ব্রাহ্মণ পণ্ডিত প্রভৃতি বহু ব্যক্তিদিগকে যত টাকা বার্ষিক দিয়া থাকেন, তত টাকা বার্ষিক দান কোন ধনাঢ্য পরিবারেরই নাই, এবৎসর গুণবতী পুণ্যবতী পূজার পূর্ব্বে অর্থাৎ আশ্বিন মাসের প্রথমে নগরস্থ সমুদায় ব্রাহ্মণদিগকে বার্ষিক দিয়া কাশিম বাজারের রাজবাটীতে গমন করেন, ঐ সময়ে বার্ষিক গ্রহণার্থ আমরা তাঁহার সমীপস্থ হইলে তিনি আমারদিগের সম্মুখে বলিলেন যে রাণীর আদেশ মতে ত্রিশ সহস্র টাকা দুই হস্তে বিতরণ করিলেন, এখানে সমস্ত বার্ষিক দান শেষ হয় নাই, ইহার পরে কাসিম বাজারের বার্ষিক দান স্বতন্ত্র। আমরা কোন বিশ্বাসি ব্যক্তি প্রমুখাৎ অবগত হইলাম, যে সুশীলা রাণী যত দিবস কাশিম বাজারের রাজ নিকেতনে অবস্থান করিয়াছিলেন, তত দিবস কত টাকা দান করিয়াছেন, তাহার সংখ্যা হয় না। এখনত দিন নাই, যে ব্রাহ্মণের রাণীর দত্ত দান প্রাপ্ত হয়েন নাই। বিশেষতঃ শুভ কার্ত্তিক মাসে তিনি মুর্শিদাবাদস্থ সমস্ত ব্রাহ্মণদিগকে সিধা দান করিয়াছিলেন, তাহার প্রত্যেক সিধার মূল্য ২৫ টাকার ন্যূন হইবেক না। এইরূপ দান দ্বারা এই পুণ্যবতী রাণী অক্ষয় পুণ্য সঞ্চয় করিতেছেন, তাহার উদারস্বভাব সদ্বিবেচক সূক্ষ্মদর্শি দেওয়ান মহাশয় কেবল তাঁহার সুবিস্তীর্ণ রাজ্যও বিপুল বিভবাদি রক্ষণাবেক্ষণ বিষয়ে বিপুল সুখ্যাতি ভাজন হইয়াছেন, এমত নহে এবম্প্রকার পুণ্যজনক ব্রতানুষ্ঠান বিষয়ে ও পুণ্যবতীর প্রতি সতত সৎপরামর্শ প্রদান করিতেছেন। রাণী যে সময়ে যে ব্রতের অনুষ্ঠান করেন, দেওয়ানজিউ মহাশয় সেই সময়ে সেইরূপ অনুষ্ঠান বিষয়ে বিশিষ্ট প্রকার মনোযোগি হইয়া সর্ব্বাঙ্গসুন্দররূপে তাহা সমাধা করিয়া রাণীর সুখ্যাতি সর্ব্বত্রে পরিব্যাপ্ত করিয়া থাকেন, পুণ্যবতী যথানিয়মে রাজ্য রক্ষণাবেক্ষণ করিয়া পুণ্যসঞ্চয় দ্বারা পরকালে পরম পদ প্রাপ্ত হয়েন, ইহাই তাঁহার একান্ত প্রার্থনা। বিদ্যা দান আহার দান বস্ত্র দান রাণীর ধন দ্বারা দীন

দুঃখি দরিদ্রগণের ক্লেশ মোচন হয়, ইহাই দেওয়ান জিউ মহাশয়ের অভিপ্রায়। অতএব আমরা পরাৎপর পরমেশ্বর সমীপে প্রার্থনা করিতেছি যে পুণ্যশীলা শ্রীমতী রাণী ব্রাহ্মণ পণ্ডিতগণের প্রচুরাশীর্ব্বাদে আরোগ্য লাভ করুন, এবং দীর্ঘায়ু হইয়া এই প্রকার ব্রতধর্ম্ম প্রতিপালনে নিবিষ্টা থাকিয়া আপনার প্রভুত ঐশ্বর্য্যের স্বার্থকতা বিধান করুন দেওয়ান জিউ মহাশয় অরোগী ও দীর্ঘায়ু হউন এবং রাণীকে এরূপে ব্রতপালনের সৎপরামর্শ সতত প্রদান করিয়া আপনার মহত্ব প্রকাশ করুন।

বর্ত্তমান বর্ষে বুলবুল যুদ্ধের বিবিধানুষ্ঠানি কিছুই অবলোকন করা যায় না। উক্ত সংগ্রামামোদি বাবুবর্গের মধ্যে প্রায় সকলেই পরলোক গমন করিয়াছেন। আমারদিগের স্মরণ হইতেছে যে ইতিপূর্ব্বে বড় বাজার নিবাসি শ্রীযুক্ত পঞ্চানন বশাখ, যিনি এই রাজধানী মধ্যে বিখ্যাত, তিনি এই বুলবুল যুদ্ধের এক জন বিশেষামোদী ছিলেন। মৃত রাজা রাজনারায়ণ রায়ের পক্ষিদের সহিত তাহার পক্ষিদিগের সংগ্রাম হইত, উভয় পক্ষের আয়োজন বড় অল্প হইত না। এক পক্ষ সমস্ত শেঠ বশাখ, অন্য পক্ষে প্রায় সমস্ত সুবর্ণ বণিক কুল, পক্ষিদিগের অনুবল হইতেন। পঞ্চু বাবুর বাবু আনা বহু দিন স্থায়ী হয় নাই, সুতরাং তিনি সম্পদ শূন্য হইয়া এক প্রকার গোপনাবস্থায় আছেন, রাজা রাজনারায়ণ রায় অল্প কালের মধ্যেই পরলোক গমন করেন, তাঁহার পোষ্যপুত্র যদিও অবিবেচনা পূর্ব্বক বহুব্যয়ী হইয়া পিতৃসম্পদ সমস্ত বিনষ্ট করিয়াছিলেন, কিন্তু বুলবুল সংগ্রামের আমোদ পরিত্যাগ করেন নাই। যত দিবস জীবিত ছিলেন তত দিবস অতিযত্নে পক্ষিদিগকে রক্ষা করিয়াছিলেন। রাজা ব্রজেন্দ্রনারায়ণ রায় গত বর্ষে পরলোক গমন করিয়াছেন, তাঁহার পালিত পক্ষিরাও নাই।

মৃত বাবু প্রমথনাথ দেব মহাশয় বুলবুল যুদ্ধের এক জন আমোদী ব্যক্তি ছিলেন, তিনি পরলোক গমন সময়েও আপনার উইল পত্রেও লিখিয়া গিয়াছেন যে তাঁহার সঞ্চিত সম্পত্তির উপস্বত্ব হইতে প্রতি বৎসর বুলবুলির পালুই হইবেক, ঐ নিয়ম তাঁহার মৃত্যুর পর অবধি যথা নিয়মে প্রতিপালিত হইতেছে বটে কিন্তু আর পূর্ব্বরূপ আমোদ প্রমোদ নাই।

৺প্রমথনাথ দেব পরলোক গমন করিলে উদারস্বভাব ৺বাবু আশুতোষ দেব পৈতৃক বিভবগণ রক্ষণাবেক্ষণের ভার প্রাপ্ত হইয়া বুলবুল সংগ্রামের আমোদ জাগরূক রাখিয়াছিলেন। প্রকাশ্যরূপে বুলবুল যুদ্ধের আমোদ প্রকাশে ত্রুটি করেন নাই। এক্ষণে বিশুদ্ধ স্বভাব পরম ধার্ম্মিকবর শ্রীযুক্ত বাবু দয়ালচাঁদ মিত্র মহাশয় ঐ বুলবুল যুদ্ধের সমাগমানুষ্ঠান করিয়াছেন কিন্তু প্রতিযোগি পক্ষ কোথায় তাহা আমরা জানিতে পারি নাই। এবারে সংগ্রাম কিরূপ হয় তাহা বলা যায় না।

বিলাতে যে প্রকার অমনিবস কোম্পানি অর্থাৎ নগর মধ্যে গাড়ি চালাইবার স্বতন্ত্র কাম্পানি আছে ফিনিক্স সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে এই রাজধানী কলিকাতার মধ্যও অবিলম্বে ঐ প্রকার এক স্বতন্ত্র কোম্পানি সংস্থাপিত হইবেক তাহারা পরস্পর অর্থাৎ সাহায্য দ্বারা টাকা সংগ্রহ করিবেন তাহার দ্বারা গাড়ি ঘোড়া সকল প্রস্তুত হইবে তাহাই ভাড়া দিবেন, ইংলণ্ড নগরে অমনিবস কোম্পানির দ্বারা অনেক টাকা উৎপন্ন হইতেছে অথচ সাধারণে উত্তম গাড়ি ঘোড়া ব্যবহার করিতেছেন, কলিকাতা রাজধানীতে সেইরূপ হইবার সম্ভাবনা আছে

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

155 247

।।।।* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *।।*
।।।।* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদি নবপ্রভাকরঃ *।।*।।*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসেনকড়িয়ার দুর্গাচরণ মন্ত্রের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪২০ সংখ্যা। বুধবার ৬ মাঘ ১২৬৬ সাল। ইং ১৮ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামী ১৯ জানুয়ারি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিমকোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তরখানার প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব শ্রীযুক্ত করিমন্নেসা ও রহিমন্নেসার বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরয়াওনা ক্ষমতানুসারে পবলিক সেল অর্থাৎ প্রকাশ্য নীলাম দ্বারা নিম্ন লিখিত বিষয় সকল বিক্রয় করিবেন।

বিশেষতঃ মহানগর কলিকাতার মলঙ্গা নামক স্থানের কালেজ ষ্ট্রিটের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ইষ্টক নির্ম্মিত বসতি বাটী নং ৫৭ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০৸৵০ ৩৪ পাঁচ কাটা চোদ্দ ছটাক এবং চৌত্রিশ ফিট তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী করিমন্নেসা ও রহিমন্নেসার যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

বিক্রয়ের অন্যান্য বৃত্তান্ত সকল সরিফের দপ্তরখানায় অনুসন্ধান করিলে জানিতে পারিবেন।

G. BROWN,
Sheriff.
জি, ব্রৌণ।
সরিফ।

কলিকাতা
৬ জানুয়ারি ১৮৬০

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামী ২৯ জানুয়ারি বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিমকোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তরখানার প্রবেশ দ্বারের নিকট কলিকাতা সরিফ সাহেব শ্রীমতী গোবিন্দমনি দেবী যিনি মৃত শ্রীকৃষ্ণ রায় চৌধুরির যথার্থ উত্তরাধিকারিণী তাঁহার বিরুদ্ধে ভেণ্ডিসিওনই একসপোনাশ নামক পরওয়ানার ক্ষমতানুসারে পবলিক সেল অর্থাৎ প্রকাশ্য নিলাম দ্বারা নিম্ন লিখিত বিষয় সকল বিক্রয় করিবেন।

বিশেষতঃ জেলা ২৪ চব্বিশ পরগণার অন্তঃপাতি কলিকাতা পরগণার পানিহাটী নামক গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা পরিবারের বসতি বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি ও তাহাতে এক পুষ্করিণী ও তাহার চতুর্দ্দিকে নানা জাতীয় বৃক্ষাদি আছে, ভূমি পরিমান অনুমান ১০৴ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মৃত শ্রীকৃষ্ণ রায় চৌধুরির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৪৭৫

বিক্রয়ের অন্যান্য বৃত্তান্ত সকল সরিফের দপ্তরখানায় অনুসন্ধান করিলে জানিতে পারিবেন।

C. BROWN
Sheriff
জি, ব্রীণ।
সরিফ।

কলিকাতা
৭ জানুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

রিসীবর আফিস।

নবকৃষ্ণ মিত্রদিগর বাদী
হরিশ্চন্দ্র মিত্রদিগর প্রতিবাদী ইত্যাদি

সকলকে জ্ঞাতকরা যাইতেছে, যে বর্ত্তমান জানুওয়ারি মাহার ২৭ তারিখে শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিমকোর্টের রিসীবর শ্রীযুক্ত জেমস ওয়েলস সাহেব তাঁহার আফিসে সহর কলিকাতা চাঁদনীচক বাজারের ইজারা ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন, উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

আর২ বৃত্তান্ত রিসীবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

রিসীবর আফিস কোর্ট হৌস।
তারিখ ৯ জানুয়ারি ১৮৬০ সাল।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা প্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

সংবাদ প্রভাকর

৬ মাঘ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

নদিয়া জিলার নীলকরদিগের অত্যাচারের বিষয় যদিও আমরা সময়ে সময়ে অনেক প্রকাশ করিয়াছি, অন্যান্য সমাচার পত্র সম্পাদক মহাশয়েরাও লিখিতে ওত্রুটি করেন নাই, কিন্তু গত শনৈশ্চর বাসরীয় হিন্দু পেট্রিয়াট পত্রে যে একটী বিবরণ প্রকাশ হইয়াছে, আমরা তৎপাঠে সাতিশয় অনুতাপিত হইলাম। প্রদেশ মধ্যে রাজশাসন প্রণালী নাই বলিলেই হয়। নীলকরেরাই রাজা এবং হর্ত্তা কর্ত্তা যাহা মনে করেন, তাহাই করিতে পারেন। তাঁহারদিগের অহিতাচার প্রতিকার হইবার কোন প্রকার সদুপায় হওয়া দূরে থাকুক মাজিষ্ট্রেট সাহেবদিগের সমীপে তাহার বিচারও হয় না। আমরা পাঠক মহাশয়দিগের বি[illegible] দিতার্থ ঐ অত্যাচারের সংক্ষি[illegible] বিবরণ হিন্দু পেট্রিয়াট পত্র হইতে নিম্নভাগে গ্রহণ করিলাম। এতৎ পাঠে পাঠক মহাশয়েরা শোকাভি[illegible] ভূত হইবেন।

জিলা নদিয়ার অন্তঃপাতি খাল বুলিয়ার বিখ্যাত নীলকুঠির অধীন ভাজনঘাট কুঠির অন্তঃপাতি বগুলা নামে অপর এক কুঠি আছে। তাহার নিকটে গোয়াপোতা শ্যামনগর বড়চুলুরি নামে তিন খানা গ্রাম আছে। ইংরাজী ১৮৫৮ সালে নীল বৃক্ষাদি উন্নত হইলে এক দিবস কুঠির গোমস্তা আগমন করিয়া অনুমতি প্রচার করেন যে ঐ গ্রামত্রয়ের প্রজারা নীলক্ষেত্রে উপস্থিত হইয়া উত্তমরূপে তাহার নিড়ান করিবেক, অর্থাৎ ক্ষেত্র মধ্যে কোন প্রকার ঘাস বা বৃক্ষাদি কিছুই থাকিবেক না, যত দিবস পর্য্যন্ত ঐ কার্য্য সমাধা না হয়, তত দিবস পর্য্যন্ত তাহারা আপনাপন ক্ষেত্রে কৃষি কার্য্য করিতে পারিবেক না। গোমস্তা মহাশয়ের এই ভয়ানক অনুমতি প্রচার হইলে গ্রামের প্রজাগণ বিষম বিপদ বিবেচনা পূর্ব্বক পরস্পর পরামর্শ করিয়া তাঁহার নিকট উপস্থিত হইয়া নিবেদন করিলেক যে এরূপ কঠিন অনুমতি করিলে আমারদিগের বিস্তর ক্ষতি হয়। অতএব অন্যান্য বর্ষে আমরা যেরূপ নিয়মে নীলক্ষেত্রে নিড়ান করিয়া থাকি এবারেও সেইরূপ করিতে স্বীকৃত আছি। আমরা আপনার পূজার নিমিত্ত তিন গ্রাম হইতে [illegible]

[illegible]ন শত টাকা চাঁদা করিয়া প্রদান [illegible]রিব। গোমস্তা মহাশয় এই প্রস্তাবে সম্মত হইয়া বলিলেন, যে গ্রামের [illegible]ধানকল্প প্রজাদিগকে ঐ টাকা [illegible]গ্রহ করিয়া দিতে হইবেক, এবং [illegible] দিবস পর্য্যন্ত সমস্ত টাকা প্রদত্ত [illegible] হইবেক তত দিবস পর্য্যন্ত প্রজা[illegible]গকে নিড়ানের কার্য্যে নিযুক্ত [illegible]কিতে হইবেক। প্রজারা এই [illegible]স্তাবে সম্মত হইয়া চাঁদার দ্বারা [illegible]জার টাকা সংগ্রহ করণের অনু[illegible]ন করিল।

শ্যামনগর গ্রামের প্রধান লোক [illegible]ল্লু মণ্ডল এবং আমীর মণ্ডল [illegible]ল্লু ঐ সময়ে স্থানান্তরে গিয়াছিল [illegible]মীর মণ্ডল বাটীতে ছিল, সেই [illegible]দা আদায়ে নিযুক্ত হইয়াছিল [illegible]রে কাল্লু বাটীতে আসিয়া সবি[illegible]ষ অবগত হইয়া বলিল যে আ[illegible]রদিগের নামে যে টাকা ধরা হই[illegible]ছে আমরা তাহাই প্রদান করি[illegible] অন্য প্রজার নিকট হইতে পা[illegible]ব না। আমারদিগের সে অবকা[illegible]ও নাই। গোমস্তা এই বিষয় অব[illegible]ত হইয়া কাল্লুকে ডাকাইয়া বলি[illegible]ন, যে তোমার যদি কার্য্যানুরোধ [illegible]ধিক থাকে, তবে এইক্ষণে স্বয়ং [illegible]কল টাকা প্রদান কর। পরে সম[illegible]নুসারে প্রজাদিগের নিকট হইতে [illegible]দায় করিয়া লইবে। ফলতঃ [illegible]ল্লু বাটীতে আসিয়া ঐ অনুমতি [illegible]কিছুই মান্য করিলেক না, ইহাতে [illegible]গোমস্তা মহাশয় ক্রোধাসক্ত হইয়া [illegible]ই জন তাগিদদার ও সড়কিওয়া[illegible] প্রেরণ পূর্ব্বক এইরূপ অনুমতি [illegible]রিলেন যে কাল্লুর বাটীতে প্রবেশ পূর্ব্বক সে যে অবস্থায় আছে সেই অবস্থায় তাহাকে বন্ধন করিয়া প্রহার করিতে করিতে তাহাকে কুঠিতে আনিয়া উপস্থিত করিবে আজ্ঞা মাত্র সড়কীওয়ালারা ঐ যবনের ভবনে উপস্থিত হইয়া তাহাকে ধৃত করিলেক এবং তাহারা বাহুদ্বয় পৃষ্ঠদেশে রজ্জুদ্বারা কঠিনরূপে বন্ধন করিয়া প্রহার করিতে লইয়া চলিল নীল কুঠির অধ্যক্ষ সাহেবের প্রবল প্রতাপে কোন ব্যক্তি তাহারদিগের সম্মুখস্থ হইতে পারিল না, তাহারা গমন সময়ে দেখিল যে মাজ্জুদ্দিন নামক অপর একজন বৃদ্ধ প্রজা আপনার বাটির দ্বারদেশে বসিয়া পাঠ কাটিতেছে একজন সড়কিওয়ালা তাহার নিকটে গিয়া বলিল নীলক্ষেত্রে কার্য্য করিতে যাও নাই, বাটী বসিয়া বড় পাট কাটিতেছ যে, তাহাতে ঐ যবন উত্তর করিল আমার নামে যে টাকা চাঁদা ফেলা হইয়াছিল আমি তাহা দিয়াছি, আর নীলক্ষেত্রে কেন যাইব, এই বাক্য শ্রবণ মাত্র সড়কিওয়ালা তৎক্ষণাৎ তাহাকে ধৃত করিল ঐ ব্যক্তি ধরা সায়ী হইয়া যত পলাইবার চেষ্টা করিতে লাগিল ততই তাহার পৃষ্ঠে প্রহার করিতে লাগিল, ঐ অভাগা যবনের এক ভ্রাতৃপুত্র এই অত্যাচার সন্দর্শন পূর্ব্বক তৎক্ষণাৎ গ্রামে গিয়া প্রজাদিগকে সংবাদ দিলেক, ঐ সময়ে প্রজারা একস্থানে বসিয়া কাল্লু মণ্ডলকে উদ্ধার করিবার পরামর্শ করিতেছিল। তাহারা আবার এই দ্বিতীয় অত্যাচারের বিষয় অবগত হইয়া ক্রোধ সম্বরণ করিতে পারিল না। সকলে গমন পূর্ব্বক ঐ সড়কিওয়ালা এবং তাগিদদারকে প্রহার করিয়া একস্থানে বদ্ধ করিয়া রাখিল, এবং ঐ দুইজন প্রজাকে মুক্তিদান করিল। কিঞ্চিৎক্ষণ পরে তাহারদিগের ক্রোধ কিঞ্চিৎ নিবারিত হইলে বিবেচনা করিলেক যে কুঠির লোকদিগকে প্রহার করিয়া আবদ্ধ রাখা উচিত নহে। অতএব তৎক্ষণাৎ তাহাদিগকে ছাড়িয়া দিলে এবং প্রত্যেক ব্যক্তিকে ৫ টাকা দিয়া বলিল যে তাঁহারা ঐ বিষয় কুঠির অধ্যক্ষ সাহেব কি গোমস্তাকে না বলে, ঐ সময়ে তাহারা নিষ্কৃতি পাইবার নিমিত্ত তাহা স্বীকার করিয়াছিল বটে কিন্তু গ্রাম হইতে বহিষ্কৃত হইয়া তাহারা একেবারে ভাজনঘাটের কুঠির অধ্যক্ষ মেং টুইডি সাহেবকে বাহুল্যরূপে বর্ণনা পূর্ব্বক প্রজাদিগের অত্যাচারের কথাই অবগত করিল, তাহারা গ্রামের দুইজন প্রধানকল্প প্রজার প্রতি যে প্রকার নির্দ্দয় ব্যবহার করিয়াছিল, তাহা কিছুই জানাইল না। ঐ বিবরণ শ্রুতিমাত্র মেং টুইডি সাহেব পরদিবস প্রাতে ১২ জন যষ্টিধারি হিন্দুস্থানীয় লাঠিয়াল লোক সমভিব্যাহারে গ্রামে উপস্থিত হইলেন। সড়কীওয়ালারা দুইজন প্রজার প্রতি যে অন্যায় আচরণ করিয়াছিল, প্রজারা তদ্বিশেষ সাহেবকে জ্ঞাপন করিলে তাহা কিছুই শ্রবণ করিলেন না। প্রধান২ মণ্ডলদিগকে বলিলেন যে তোমরা বগুলার নীলকুঠিতে আইয়া।

কুঠিতে গমন করিলে অত্যন্ত দুরবস্থা হইবেক, প্রজারা তাহা বিশেষরূপে জানিত, একারণ তথায় গমন করিলেক না, সাহেব তাহার দিগের এই ব্যবহার অত্যন্ত অপমানজনক বিবেচনা করিয়া তৎক্ষণাৎ তাহারদিগের বিরুদ্ধে মাজিষ্ট্রেট সাহেবের সমীপে অভিযোগ করিলেন যে তাহারা একমত হইয়া গারাপোতা নামক গ্রামে সাহেব দিগের বাটী লুট করিয়াছে অনেক দ্রব্যাদি ও নগদ টাকা লইয়া গিয়াছে।

সাহেব এই অভিযোগ উপস্থিত করিয়াই যশোহর হইতে ৫০ জন সুশিক্ষিত সড়কীওয়ালা আনয়ন করেন তাহারা নিকটস্থ গ্রামে গোপন ভাবে থাকিয়া অত্যাচারারম্ভ করে।

গ্রামস্থ প্রজারা পরস্পর একতা বন্ধন করিলে কি করিবে? তাহারা সকলেই নির্ধন ধনহীনের স্বপক্ষ কেহই হয় না। তাহারা নীলকর সাহেবের সহিত বিবাদসূত্রে লিপ্ত হইয়া অত্যন্ত ভীত হইল। পরে পরামর্শ পূর্ব্বক ধার্য্য করিল, যে এক জন ধনাঢ্য লোক সাহায্য না করিলে এই বিবাদে তাহাদের রক্ষা নাই। অতএব নিকটস্থ গ্রামাদির জমিদার শ্রীনিবাস নিবাসি বাবু বৃন্দাবন সরকার মহাশয়ের স্মরণাগত হইবার মানস করিল, কিন্তু সে সময়ে তিনি বাটী ছিলেন না। তাঁহার ভাতৃপুত্র ছিলেন, তিনি বলিলেন যে কর্ত্তার অনুমতি ব্যতীত কোন বিষয়ে প্রকাশ্যরূপে সাহায্য করিতে পারিব না, কিন্তু নীলকরের সড়কীওয়ালারা হঠাৎ গ্রামে আসিয়া গৃহাদি লুণ্ঠন করিতে না পারে, এমত উপায় করিয়া দিবেন, ইতিমধ্যে বাবু বৃন্দাবন সরকার বাটী আগমন করিলেন, এবং তিনি ভাতৃপুত্র প্রমুখাৎ সবিশেষ বৃত্তান্ত অবগত হইয়া কহিলেন যে তাঁহার সহিত নীলকরদিগের যে বিবাদ চলিতেছে তাহাতেই তিনি মানরক্ষা করা ভার বিবেচনা করিতেছেন, জিলার বিচারপতি সাহেবেরা সকলেই নীলকরের পক্ষ। অতএব তিনি আর কোন প্রকার নূতন বিবাদে হস্তক্ষেপ করিতে পারিবেন না। গ্রামবাসিরা কোন ধনাঢ্য লোকের সাহায্য পাইবার যে আশা করিয়াছিল, এইস্থলেই তাহা শেষ হইয়া গেল, সুতরাং তাহারা নিরুপায় হইয়া পড়িল। বিপক্ষদল অতি প্রবল, অনেক ভাবিয়া তাহারা এক আবেদন পত্র দ্বারা মাজিষ্ট্রেট সাহেবকে সবিশেষ বৃত্তান্ত অবগত করিলেক, তাহাতেও কোন ফলোদয় হইল না। ইতিমধ্যে সাহেবেরা এক আবেদন পত্র দ্বারা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রার্থনা জানাইলেন যে ২৪ জন অস্ত্রধারি লোক ব্যতীত কুঠির গোমস্তার শরীর রক্ষা হইতে পারেনা বলবানকে ঐরূপ অস্ত্রধারি লোক দেওয়া কত অন্যায় মাজিষ্ট্রেট সাহেব তাহা বিবেচনা না করিয়া সাহেবদিগের ঐ প্রার্থনা তৎক্ষণাৎ গ্রাহ্য করিলেন, গোমস্তার বিক্রমের আর পরিসীমা থাকিল না। ঐ অস্ত্রধারিরা মাজিষ্ট্রেট সাহেবের [illegible] মতি অনুসারে নিয়োজিত জা[illegible] প্রজাদিগকে যে প্রকার পীড়ন [illegible] রণে প্রবৃত্ত হইল, তাহা পাঠক [illegible] শয়েরাই বিবেচনা করিবেন।

প্রজারা সর্ব্ব বিধায়ে [illegible] ইয়া ও অত্যাচার সহ্য করিতে [illegible] পারিয়া এক দিবস দলবদ্ধ [illegible] কুঠির সাহেবের নিকট গমন পূর্ব্ব[illegible] ক্ষমা প্রার্থনা করিল, তাহাতে সাহে[illegible] করাল মূর্ত্তি ধারণ করিয়া বলিলে[illegible] যে এইদণ্ডে এক শত টাকা প্রদান [illegible] লে তোমারদিগের প্রার্থনা গ্রা[illegible] করিব তিনি ঐ প্রজাদিগকে আট[illegible] করিয়া রাখিলেন তাহারদিগের [illegible] ব্যক্তি গ্রামে গিয়া বিবিধ উপায় দ্বা[illegible] ৩ শত টাকা সংগ্রহ পূর্ব্বক সাহে[illegible] বকে প্রদান করিয়া প্রজাদিগ[illegible] কারা মুক্ত করিয়াছে, এবং তাহা[illegible] মুক্তি প্রাপ্ত হইয়া গ্রামে গমন ক[illegible] য়াও অল্প ক্লেশ সহ্য করে নাই, [illegible] মন্ত্রী মহাশয় যে তিন শত টাকা [illegible] হিয়াছিলেন এবং যাহাকে এই [illegible] নার মূল বলিতে হইবেক। প্রজা[illegible] বিশেষ কষ্ট স্বীকার পাইল তা[illegible] কেও সেই টাকা প্রদান করিয়া[illegible] এইক্ষণে নীলকর সাহেবের আজ্ঞা[illegible] হইয়া আছে সাহেব যখন যে [illegible] মতি প্রদান করেন [illegible] র্ব্বক তাহা সহ্য করিতে হয়, এই [illegible] নীলকরের ইতিহাস [illegible] এই বঙ্গদেশের স্থানে [illegible] তএব প্রদেশ মধ্যে [illegible] চার হয়, এতৎ পাঠেই পাঠক মা[illegible] শয়েরা বিবেচনা করিতে পারেন।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিক পত্র

[illegible] এই প্রভাকর পত্র [illegible] ব্যতীত প্রতি [illegible] কলিকাতা সিমু[illegible] অন্তঃপাতি হো[illegible] দুর্গাচরণ [illegible] ষ্ট্রীট ৪২ নং [illegible] সম্পাদক শ্রীযুত [illegible] গুপ্তকর্ত্তৃক প্র[illegible] হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রামমতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্রান্তদ্বিরেফারসং॥

[illegible] এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আন অগ্রিম ৬টাকামাত্র।

[illegible] সংখ্যা] গুরুবার ৭ মাঘ ১২৬৬ সাল। ইং ১৯ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

[illegible] মকোর্টের বিজ্ঞাপন

মাষ্টার সেল।

যে মোকদ্দমায় হামুদাবিবি বাদিনী ও আগামহম্মদ হোসেন ও অন্যান্য প্রতিবাদী ও অপর মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি কোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে এক হাজার আট শত উনষাইট খ্রীষ্টিয়াব্দের ১৯ সেপ্টেম্বর তারিখে যে ডিক্রী অর্থাৎ চূড়ান্তানুমতি প্রদত্ত হইয়াছে তাহার ক্ষমতানুসারে এবং উক্ত সুপ্রিমকোর্ট বিচারালয়ের মাষ্টার শ্রীযুক্ত ওয়াল্টর মরগান সাহেবের সম্মতি ক্রমে প্রাপ্তক্ত সুপ্রিম কোর্ট নামক বিচারালয়ে তাঁহার দপ্তরখানায় এবং তাঁহার সম্মুখে নিম্নলিখিত সম্পত্তি সকল আগামি [illegible] ফিব্রুয়ারি শনিবার বেলা ঠিক দুই [illegible] সময়ে প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রীত হইবেক।

১ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার আমড়াতলা ষ্ট্রিটের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত একতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ২৮।২৯ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৸১ ষোল কাঠা তা কিছু কমী হউক বা বেশী হউক তাহার এক ভাগে ঐ বাটী নির্ম্মিত হইয়াছে এবং তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তরদিকে এক বাটী যাহা পূর্ব্বে মৃত আগা করবলাই মহম্মদের সম্পত্তি ছিল এবং যে বাটীতে পূর্ব্বে আগা এব্রেহাম বাস করিতেন, এইক্ষণে যাহা হাজি জিকারিয়ার সম্পত্তি হইয়াছে, দক্ষিণদিকে এক বাটী যাহা পূর্ব্বে সখ আদমের সম্পত্তি ছিল, এইক্ষণে বাঙ্কর ভাইয়ার সম্পত্তি হইয়াছে, পূর্ব্বদিকে উল্লিখিত আমড়াতলা ষ্ট্রিট এবং পশ্চিমদিকে পোথুল্লা হামা ইস্পাহানির বসতি বাটী।

২ দফা। বিশেষতঃ উল্লিখিত মহানগর কলিকাতার কলুটোলার সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ৪ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ॥১৸০ এগারো কাঠা বারো ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক যাহার এক ভাগে ঐ বাটী নির্ম্মিত হইয়াছে, তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তরদিকে এক প্রকাশ্য রাস্তা যাহা ধর্ম্মতলা লেন নামে বিখ্যাত, দক্ষিণদিকে এক বাটী যাহাতে পূর্ব্বে মেং বেন্টার সাহেব বাস করিতেন এইক্ষণে বাবু রাজচন্দ্র মল্লিকের সম্পত্তি হইয়াছে, পূর্ব্বদিকে এক বাটী যাহা পূর্ব্বে রাজচন্দ্র নন্দনের সম্পত্তি ছিল, এইক্ষণে মদন্মোহন নন্দনের সম্পত্তি হইয়াছে, পশ্চিমদিকে এক বাটী যাহা পূর্ব্বে আনন্দরাম মণ্ডলের সম্পত্তি ছিল, এইক্ষণে বাবু রামহোম মল্লিকের সম্পত্তি হইয়াছে।

৩ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার আমড়াতলা ষ্ট্রিটের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত তেতালা গৃহ ও বসতি বাটী নম্বর ২৬ ও তাহার সঙ্গে যে এক

২৪৯
157
৪৭৭

খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।।২ বারো কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এই রূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিকে একাংশে এক গলি পথ যাহা উল্লিখিত আমড়াতলা ষ্ট্রিট হইতে বহিস্কৃত হইয়া ঐ বাটীতে গমন করিয়াছে, ও অপর অংশে এক বাটী যাহা পূর্ব্বে সেখ গোলাম হোসেনের সম্পত্তি ছিল, এইক্ষণে আরাতুন বরতামিসের সম্পত্তি হইয়াছে, পশ্চিমদিকের কিয়দংশে গোপাল বাবুর এক বাটী ও মৃত আগাকরবলাই মহম্মদের ভূমিসম্পত্তি ও অপর অংশে এক বাটী যাহা মহানগর কলিকাতার রোমেন কেথোলিক প্রিস্ত অর্থাৎ পুরহিতের বসতি বাটী দক্ষিণদিকের কিয়দংশে এক বাটী যাহা পূর্ব্বে আরাতুন মেকারটিক মেলিকনে সাহেবের সম্পত্তি ছিল, এইক্ষণে ফতুল্লা হামিনা ইস্পাহানির সম্পত্তি হইয়াছে এবং অপরাংশে উক্ত ষ্টেট সম্বন্ধীয় অপর এক বাটী, উত্তরদিকের কিয়দংশে এক বাটী যাহা পূর্ব্বে বিবি হেকমানের সম্পত্তি ছিল, এবং কিয়দংশে অপর এক বাটী যাহা পূর্ব্বে উল্লিখিত গোপাল বাবুর সম্পত্তি ছিল, এবং এইক্ষণে সুধামণি দাসির সম্পত্তি হইয়াছে।

৪ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত মহানগর কলিকাতার আমড়াতলার পবরিরলেন নামক গলির সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ২৬ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।।০ দশ কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহা এই রূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তর দিকে প্রকাশ্য রাস্তা দক্ষিণদিকে অপর বাটী যাহা পূর্ব্বে উক্ত মৃত আগাকরবলাই মহম্মদের সম্পত্তি ছিল, এইক্ষণে জাফের মাসার সম্পত্তি হইয়াছে, পূর্ব্বদিকে এক বাটী যাহা পূর্ব্বে মৃজা মেহেদির সম্পত্তি ছিল, এইক্ষণে সিলা জহরের সম্পত্তি হইয়াছে, এবং পশ্চিমদিকে এক বাটী যাহা পূর্ব্বে নিকোলাস ফিল সাহেবের সম্পত্তি ভুক্ত ছিল।

৫ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার হরিণবাড়ী লেনের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটি নম্বর ১৮ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে এক প্রকাশ্য রাস্তা যদ্দ্বারা টেরিটি সাহেবের বাজারে যাওয়া যায়, পশ্চিম দিকে কাপ্তেন ওয়াল্টর সাহেবের গৃহাদি, উত্তর দিকে এক বাটী যাহা পূর্ব্বে মেং কোন সাহেবের সম্পত্তি ছিল এইক্ষণে হাজিবাবা কাজরাণীর সম্পত্তি হইয়াছে, এবং দক্ষিণ দিকে এক বাটী যাহা পূর্ব্বে সেখ আবদুল্লার সম্পত্তি ছিল এইক্ষণে সৈএদ মহাম্মদের সম্পত্তি হইয়াছে।

৬ দফা। বিশেষতঃ উল্লিখিত মহানগর কলিকাতার জানবাজারের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি নম্বর ৯৬ তাহার পরিমাণ অনুমান ।।৪। চৌদ্দ কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তরদিকে এক বাটী আছে, যাহা রামকান্ত সরকারের সম্পত্তি ছিল, এইক্ষণে মধুসদন সরকারের সম্পত্তি হইয়াছে, দক্ষিণদিকে এক বাটী যাহা পূর্ব্বে রহম মুন্সীর সম্পত্তি ছিল, এইক্ষণে রমানাথ ঠাকুরের ভূমি সম্পত্তি হইয়াছে, এবং সরকারি রাস্তার পূর্ব্বদিকে ভূমি যাহা পূর্ব্বে অনুপ বিবির সম্পত্তি ছিল এইক্ষণে পার্ব্বতী ঠাকুরাণীর বাটী হইয়াছে, এবং পশ্চিম দিকে ভূমি যাহা পূর্ব্বে রামমণি ঠাকুরের সম্পত্তি ছিল এইক্ষণে মথুরানাথ ঠাকুর ও রমানাথ ঠাকুরের সম্পত্তি হইয়াছে।

৭ দফা। বিশেষতঃ উল্লিখিত মহানগর কলিকাতার আমড়াতলা ষ্ট্রিটের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটী তাহার পূর্ব্ব নম্বর ৪৭ ছিল, এইক্ষণে ২৭ হইয়াছে ও তাহার সঙ্গে যে খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ উত্তর দিকে এক বাটী যাহা পূর্ব্বে মেং কেরাপিএট সাহেবের সম্পত্তি ছিল এইক্ষণে মেং বরটামিস সাহেবের সম্পত্তি হইয়াছে, এবং এক প্রকাশ্য গলি পথ, দক্ষিণ দিকে ভূমি যাহা পূর্ব্বে মেং তামস সাহেবের সম্পত্তি ছিল, এইক্ষণে উল্লেখিত মৃত আগাকরবলাই মহাম্মদের সম্পত্তি ভুক্ত হইয়াছে, পূর্ব্ব দিকে প্রকাশ্য রাস্তা যাহা আমড়াতলার রাস্তা নামে বিখ্যাত, এবং পশ্চিম দিকে এক বাটী যাহা পূর্ব্বে মির আকবর আলির সম্পত্তি ছিল এবং এইক্ষণে উল্লিখিত সম্পত্তি ভুক্ত হইয়াছে।

৮ দফা। বিবেশেষতঃ পূর্ব্বোক্ত মহানগর কলিকাতার কলুটোলার সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ২৮ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহার এক ভাগে ঐ গৃহ নির্ম্মিত হইয়াছে, এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ, বিশেষতঃ উত্তর দিকে রামমোহন মল্লিকের ভূমি সম্পত্তি দক্ষিণ দিকে প্রকাশ্য গলি পথ। পূর্ব্ব দিকে এক বাটি যাহা পূর্ব্বে মৃত নবাব হিঙ্গণের সম্পত্তি ছিল এইক্ষণে সেখ আবদুল্লার সম্পত্তি হইয়াছে, এবং পশ্চিম দিকে এক বাটী যাহা পূর্ব্বে রাজচন্দ্র ঘোষের সম্পত্তি ছিল এইক্ষণে বাবু হিরালাল শীল ও অন্যান্যের সম্পত্তি হইয়াছে।

৯ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার অন্তঃপাতি পোর্টগিস চর্চ্চ লেন নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ অথবা বসতি বাটী ঐ লেনের নাম এইক্ষণে পরিবর্ত্তিত হইয়া আগাকর বলাইষ্ট্রিট হইয়াছে ঐ বাটীর পূর্ব্ব নম্বর ১১ ছিল এইক্ষণে ৫ হইয়াছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৩ তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহা এই রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিকে এক বাটী যাহা পূর্ব্বে আরমানি গির্জ্জা সম্বন্ধীয় বাটী ছিল পূর্ব্ব দিকে এক দোতালা বাটী যাহা পূর্ব্বে গোপাল চাঁদের সম্পত্তি ছিল, এইক্ষণে মৃত রাজা বৈদ্যনাথ রায়ের সম্পত্তি হইয়াছে, এবং পশ্চিম ও দক্ষিণ দিকে উক্ত লেন যাহা পোর্টগিজচর্চ্চ লেন নামে বিখ্যাত।

১০ দফা। বিশেষতঃ উল্লেখিত মহানগর কলিকাতার বৈঠকখানা নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি ও তাহার পরিমাণ অনুমান ১০ দশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক ও তাহার নম্বর ১০৪ ঐ স্থানকে সর্ব্ব সাধারণে অলিবিরায় গার্ডন অথবা কেরাণির বাগান বলে এবং তাহা ঐ নামেই বিখ্যাত, এবং তাহা এই রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগের কিয়দংশে ভূমি সম্পত্তি যাহা বিশ্বম্ভর দত্তের সম্পত্তি, এবং কিয়দংশে ভূমি যাহা পূর্ব্বে মেং ওলিবিরা সাহেবের সম্পত্তি ছিল, এইক্ষণে বাবু কৃষ্ণকিশোর ঘোষের সম্পত্তি হইয়াছে, দক্ষিণ দিকে বিশ্বনাথ মতিলালের ভূমি সম্পত্তি পশ্চিম দিকে প্রকাশ্য নর্দ্দমা এবং মেং কিং সাহেবের বাটী এবং পূর্ব্বদিকে প্রকাশ্য নর্দ্দমা।

সুপ্রিমকোর্টের মাষ্টর আফিসে অথবা আগা মহম্মদ হোসেন ও অন্যানের পক্ষীয় উকীল মিসুয়ার্স কেরি বর্ণার্স সাহেবদিগের দপ্তরখানায় অনুসন্ধান করিলে সকলে এই সকল বিষয় বিক্রয়ের অন্যান্য বৃত্তান্ত অবগত হইতে পারিবেন।

W. Morgan
Master
ডবলিউ মর্গান।
মাষ্টার।

Missuers Cury & Burners,
Sollicitor for the Dffendants
Aga Mohamed Hosain & others

মিসুয়ার্স কেরিএণ্ড বরনার্স।
প্রতিবদী আগা মহম্মদ হোসেন
ও অন্যান্যের পক্ষীয় উকীল।

কলিকাতা।
সুপ্রিমকোর্ট
মাষ্টার আফিস
৬জানুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে সাবধান ও সতর্ক করা যাইতেছে যে মহানগর কলিকাতার আরমানিয়ান ষ্ট্রিটের মধ্যে ৪৩ নম্বরের বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬৩ আট কাঠা হইবেক তাহা কেহ ক্রয় না করেন অথবা বন্ধক না রাখেন কারণ ঐ বাটী নিনালয়র মদিনা সাহেবের ফারম দ্বারা সিউলাল মতিলালের নিকটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

বিজ্ঞাপন

নম্বর ৩৭৪৩।

বিজ্ঞাপন।

মোমবাতি
মোমজামা
মোম
রজন
শিল করিবার গালা
জালানি কাষ্ঠ
শর্ষপ তৈল
গজি কাপড়
কসবার দড়ি
টুয়াইন দড়ি
পাটের দড়ি
পিচ অর্থাৎ তার তৈল
ডামর
গলাইবার হাঁড়ি
ব্রুস
গোচর্ম্ম
বকলোস
চটি, ও পটি
মাটির পাত্র
পেরেক
চরবি
কেম্বিস

পার্শ্বভাগে যে সকল দ্রব্যাদি লিখিত হইল তাহা কলিকাতার পোষ্ট আফিসে ব্যবহারার্থ এক বৎসরের কারণ আবশ্যক হইয়াছে তাহার সিণ্ডটেণ্ডর অর্থাৎ শিল করা দরখাস্ত সকল আগামি ১ ফিব্রুয়ারি তারিখ পর্য্যন্ত গ্রহণ করা যাইবেক। ২ যে সকল ব্যক্তি উক্ত আবেদন করিবেন তাঁহারদিগের সম্মুখে তত্তাবৎ খুলিয়া পাঠ করা যাইবেক অতএব তাহারদিগকে জ্ঞাত করা যাইতেছে যে তাঁহারা

উক্ত নির্দ্দিষ্ট দিবসে নিম্ন স্বাক্ষরকারির কার্য্যালয়ে উপস্থিত হইবেন।

৩ কাট্‌টক্ অর্থাৎ দ্রব্যাদি যোগাইবার নিয়ম সকল যথারিতি প্রতিপালনের প্রতিভূ স্বরূপ যে টেণ্ডর গ্রাহ্য করা যাইবেক, তাহার সমভিব্যাহারে কোম্পানির ১০০০ এক হাজার টাকা ডিপাজিট অর্থাৎ আমানত করিতে হইবেক, এবং প্রত্যেক দরখাস্তের সহিত ২৫ পঁচিশ টাকা আমানত করিতে হইবেক কিন্তু টেণ্ডর অগ্রাহ্য হইলে ঐ টাকা তৎক্ষণাৎ ফিরিয়া দেওয়া যাইবেক। কলিকাতার পোষ্ট আফিসে দরখাস্ত করিলে সকলে এই বিষয়ের অন্যান্য বিবরণ অবগত হইতে পারিবেন।

T. GARRETT.
Post Master of Calcutta.

টি, গ্যোট।
কলিকাতার পোষ্ট মাষ্টার।

কলিকাতা।
পোষ্ট আফিস
১২ জানুওয়ারি।

সংবাদপ্রভাকর

৭ মাঘ শকাব্দা: ১৭৮১। বিক্টোরিয়াব্দা: ২

যে সময়ে উত্তর পশ্চিম প্রদেশে বিদ্রোহ-বহ্নি অত্যন্ত প্রবলা হইয়া উঠে, সে সময়ে গবর্ণমেণ্ট এই রাজধানী হইতে প্রায় সমুদায় গোরাসেনাকে ভয়ানারণার্থ প্রেরণ করিয়া এবং এখনকার সেপাই সেনাদিগের অস্ত্রাদি কাড়িয়া লইয়া অনেক সেনার অর্থাৎ নাবিকেকে সেনা শ্রেণীভুক্ত করিয়াছিলেন। তাহারা অস্ত্র ধারণ পূর্ব্বক ঐ সময়ে পুলিস টেনরি বাজার বেহ ইত্যাদি স্থানে প্রহরির কার্য্য নির্ব্বাহ করিয়াছিল। পরে জগদীশ্বরের অনুকম্পায় সেই বিদ্রোহ-বহ্নি নির্ব্বাণ প্রাপ্ত হইলে এবং সেনাগণ রণবিজয়ী হইয়া ভিন্ন২ স্থানে আগমন করিলে গবর্ণমেণ্ট প্রযুক্ত নাবিক সেনাদিগকে পদচ্যুত করিয়াছেন। তাহারা অধুনা এইনগরের ভিন্ন২ স্থানে ভ্রমণ করিতেছে, তাহারদিগের কোন অবলম্বন নাই এবং অবস্থানের স্থানও নাই, গবর্ণমেণ্টের অধীনে কার্য্য করিয়া যে টাকা উপার্জ্জন করিয়াছিল, হোটেল ঘরে এবং গণিকাগৃহেই অনেক তাহা শেষ করিয়াছে। এইক্ষণে তাহারদিগের জীবিকা নির্ব্বাহ করিবার কোন পথ নাই, সুতরাং দস্যুবৃত্তি অবলম্বন করিয়াছে, হরকরা ইংলিস্‌ম্যান ফিনিক্স ইত্যাদি সকল সমাচার পত্রেই প্রকাশ হইয়াছে, যে ইংরাজ পল্লীতে গড়ের মাঠে এবং বহু বাজার ও জানবার ইত্যাদি স্থানে দিবাভাগে ও রজনীযোগে পথিকদিগকে আক্রমণ করিয়া দ্রব্যাদি ও নগদ টাকা গ্রহণ করিতেছে। হরকরা পত্রে কোন পত্র প্রেরক লিখিয়াছেন যে অল্প দিবস হইল কয়েক জন নাবিক গোরা জানবাজারে একজনের এক টা ঘড়ি কাড়িয়া লইয়াছে, অপর কয়েক দিবস সন্ধ্যার সময় অর্থ পাইবার লোভে অন্য একজন ইংরাজের গাড়ি আক্রমণ করিয়াছিল, কিন্তু সাহেবের নিকট কিছু না থাকাতে তাহাকে প্রহার করিয়াই প্রস্থান করিয়াছে।

সেনাগণেরা যে কেবল ইংরাজদিগের প্রতি অত্যাচার করিয়া বেড়াইতেছে এমত নহে এতদ্দেশীয় ব্যক্তিদিগের প্রতিও তাহারা অহিতাচরণ করিতেছে। যে সকল ব্যক্তি নানা প্রকার অহারীয় দ্রব্যাদি মস্তকে করিয়া বিক্রয়ার্থ রাজপথে ভ্রমণ করে তাহারদিগের মস্তক হইতে সেই দ্রব্য অনায়াসে লইয়া লয় তাহার মূল্য প্রদান করে না ইচ্ছানুসারে গণিকাগৃহে প্রবেশ পূর্ব্বক তাহারদিগের প্রতি আক্রমণ করে দ্রব্যাদি ভাঙ্গিয়া দেয় এইরূপে নাবিক গোরাদিগের অত্যাচার অত্যন্ত বৃদ্ধি হইয়াছে, পুলিস প্রহরিরা তাহা নিবারণ করিতে পারে না পুলিসে যে সকল শারজন আছে তাহারাই গোরাদিগের সম্মুখবর্ত্তি হইতে পারে, কিন্তু যে সমস্ত এতদ্দেশীয় ও হিন্দুস্থানীয় ব্যক্তি পাল্কী বেহারা ও জমাদার প্রভৃতির পদে নিযুক্ত আছে তাহারা গোরার নিকটবর্ত্তি হইতে পারে না, কোন গোরাকে অত্যাচার করিতে দেখিলে তাহার নিকট হইতে অন্যায় প্রমাণ করে একারণ বাঙ্গাল হরকরা সম্পাদক মহাশয় কলিকাতা পুলিসের অধীনে ইংরাজ রাজপুরুষের সংখ্যা বৃদ্ধি করিবার অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, ইংলিসম্যান সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে সকল উপায় নিরুপায় হইয়া কলিকাতার রাজপথে ভ্রমণ করিতেছে তাহারদিগের কর্ত্তব্য হয় যে ওয়ার্ডসাহেবের সমীপস্থ হইয়া এই দরখাস্ত করে যে তিনি তাহারদিগকে কোন কার্য্যে নিযুক্ত করুন অথবা গ্রাসাচ্ছাদন নির্ব্বাহস্থান নির্দ্দিষ্ট করিয়া দিউন, এই পত্র সম্পাদকদিগের মধ্যে কেহ অহংশব্দের অভিপ্রায় সঙ্গত এইরূপ আমরা তাহার বিচার করিতে মনস্থ করি না। যে কোন উপায় দ্বারা হউক এদেশীয় অত্যাচারি নিবারণ করা পুলিস কমসানর সাহেবের পক্ষে কর্ত্তব্য হইয়াছে।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakar Press*

সংবাদপ্রভাকর

প্রাতঃকালীন

৺ এই প্রভাকর পত্র প্রতিবার বাটীতে প্রতি রবিবার কলিকাতা নিমুলিয়ার অন্তঃপাতিকো মাণিকতলার চৌমাথার উত্তরে ছিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত ঈশ্বরচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥*॥ সভাং মনস্তুমিদং প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ ॥*॥

॥*॥ উদেতি ভানুঃ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥*॥

নক্তং চকোরৈরবলুপ্ত তিমুকলোলচন্দ্রৈরবরুদ্ধ কচিদ্ধ্বংসং ভাম মতল্পমীদৃশমতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥ অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রাচ্যিমপাস্যোদয়ে সচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বাস্তদ্বিরেফারসং॥

৺ এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৵০ আনা অগ্রিম ৩ টাকামাত্র।

৮৪৭২ সংখ্যা] শুক্রবার ৮ মাঘ ১২৬৭ সাল। ইং ২০ জানুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

এস্তেহার।

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে বাবু কানাইলাল দাস সাকিম কপালিটোলার গলি সহর কলিকাতা অদ্যকার তারিখের লিখিত ইনডেনচর আব সেটেলমেণ্টের দ্বারায় তাঁহার বর্ত্তমান পাওনাদারদিগের দেনার টাকা পরিশোধের জন্য ও অন্যং কর্ম্ম সম্পূর্ণ কারণ কোন টাকা ট্রষ্টীগণকে এসাইনমেণ্ট করিয়াদিয়াছেন তন্নিমিত্তে উক্ত বাবু কানাইলাল দাসের পাওনাদারদিগকে জ্ঞাত করা যাইতেছে যে তাহারা আপন আপন পাওনা টাকার হিসাব নিম্নলিখিত ব্যক্তিগণের নিকট ত্বরায় দাখিল করেন আর যে সকল ব্যক্তি উক্ত বাবু কানাইলাল দাসের সহিত কোন দেনা ও পাওনা করিতেছেন তাহাদিগকেও জ্ঞাত করা যাইতেছে যে উক্ত ইনডেনচর আব সেটেলমেণ্ট দ্বারায় যে টাকা লিখিয়া দেওয়া হইয়াছে সে টাকার দ্বারায় উক্ত বাবু কানাইলাল দাস ব্যতিরেক অন্যান্য পাওনাদারদিগের দেনা অদ্যকার তারিখের পর করিবেক তাহা পরিশোধের জন্য নিযুক্ত করা হইবেক না।

জজ, জজ, ওয়াটকিন্স।
ট্রষ্টীদিগের উকীলগণ।
নং পুরাতন ডাক ঘরেরগলি।
কলিকাতা ২৬ জানেওয়ারি ১৮৬০।

MUNICIPAL COMMISSIONERS NOTICE.

মিউনিশিপেল কমিসানর সাহেবদিগের করপ্রদাতাদিগের প্রতি বিজ্ঞাপন।

অত্র বিজ্ঞাপন দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সহর কলিকাতার মিউনিসিপাল কমিসনর সাহেব মহাশয়েরা সন ১৮৫৬ সালের ২৫ আইনের ক্ষমতানুসারে সহরের বাটী ও ভূমির উপর কর অবধারণ করিবার জন্য সন ১৮৬১ সালের নিমিত্তে যে বাটীর ও ভূম্যাদির বাৎসরিক ভাড়া নিরূপণ করিয়াছেন, তাহা পুস্তকে লিখিত হইয়া বাটীর দখলিকার কিম্বা ভাড়াটিয়া ও ভোক্তার অথবা অছি অর্থাৎ ট্রষ্টি ওগয়রহদিগের দ্বারা আগত ১ ফিব্রুয়ারি বুধবার বেলা ১১ ঘণ্টা অবধি অপরাহ্ণ ৪ ঘণ্টা পর্য্যন্ত তারিখ হইতে অবলোকন ও তথিদ করণ জন্য উক্ত কমিসনর সাহেবদিগের আফিসে প্রস্তুত থাকিবে।

এই বিজ্ঞাপন দ্বারা আরও জ্ঞাত করা যাইতেছে যে উক্ত আইনের ৬১ ধারানুযায়িক কমিসনর সাহেবেরা আগত ১৬ ফিব্রুয়ারি তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় পর্য্যন্ত ও তাহার ক্রমশঃ পর২ দিবসাবধি বৈঠক করিয়া টেক্স কমাইবার জন্য যে সকল দরখাস্ত করা হইবে তাহার বিচার করিবেন। অতএব বাটীর বা ভূমির দখলিকার গণ স্বয়ং বা মোক্তার দ্বারা হাজির হইয়া টেক্স নির্দ্ধারিতের উপর যে-

আপ আপত্তি থাকে তাহা করিবেন। ইতি তারিখ ১৩ জানুওয়ারি

ROBT. TURNBUL
রবার্ট টারেণবুল।

By order of the Board of Municipal Commor's.

৩ নং চৌরঙ্গিরোড
কলিকাতা
১৩ জানুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

নম্বর ৩৭৪৩।

বিজ্ঞাপন।

মোমবাতি	পার্শ্বভাগে যে
মোমজামা	সকল দ্রব্যাদি
মোম	লিখিত হইল তা-
রজন	হা কলিকাতার
শিল করিবার গালা	পোষ্ট আফিসে
জালানি কাষ্ঠ	ব্যবহারার্থ এক
সর্ষপ তৈল	বৎসরের কারণ
গজি কাপড়	আবশ্যক হই-
কসবার দড়ি	য়াছে তাহার
টুয়াইন দড়ি	সিলটেণ্ডর অ-
পাটের দড়ি	র্থাৎ শিল করা
পিচ অর্থাৎ তার	দরখাস্ত সকল
তৈল	আগামি ১ ফি-
ডামর	ক্রয়ারি তারিখ
গলাইবার হাঁড়ি	পর্য্যন্ত গ্রহণ কর
ক্রস	যাইবেক।
গোচর্ম্ম	২ যে সকল ব্য-
বকলস	ক্তি উক্ত আবে-
চটি, ও পটি	দন করিবেন
মাটির পাত্র	তাঁহারদিগের স
পেরেক	ম্মুখে তত্তাবৎ
চরবি	খুলিয়া পাঠ করা
কেম্বিস	যাইবেক অত-

এব তাহারদিগকে জ্ঞাত করা যাইতেছে যে তাঁহারা উক্ত নির্দ্দিষ্ট দিবসে নিম্ন স্বাক্ষরকারির কার্য্যালয়ে উপস্থিত হইবেন।

৩ কাণ্ট্রাক্ট অর্থাৎ দ্রব্যাদি যোগাইবার নিয়ম সকল যথাবিধি প্রতিপালনের প্রতিভূ স্বরূপ যে টেণ্ডর গ্রাহ্য করা যাইবেক, তাহার সমভিব্যাহারে কোম্পানির ১০০০ এক হাজার টাকা ডিপাজিট অর্থাৎ আমানত করিতে হইবেক, এবং প্রত্যেক দরখাস্তের সহিত ২৫ পঁচিশ টাকা আমানত করিতে হইবেক, কিন্তু টেণ্ডর অগ্রাহ্য হইলে ঐ টাকা তৎক্ষণাৎ ফিরিয়া দেওয়া যাইবেক। কলিকাতার পোষ্ট আফিসে দরখাস্ত করিলে সকলে এই বিষয়ের অন্যান্য বিবরণ অবগত হইতে পারিবেন।

T. GARRETT.
Post Master of Calucatta
টি, গারেট।
কলিকাতার পোষ্ট মাষ্টার।

কলিকাতা।
পোষ্ট আফিস
১২ জানুওয়রি।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে গোকুল ক্ষেত্রী যিনি ইতিপূর্ব্বে নহানগর কলিকাতায় বাস করিতেন একজন সিন্দু প্রজা ছিলেন তাহার স্থাবরাস্থার বিষয় বিভব দেনা পাওনা পাওনা ইত্যাদি সমুদয় বিষয়ের লেটার্স আব এডমিনিষ্ট্রেশান অর্থাৎ কর্ত্তৃত্ব করণের ভার অদ্য তারিখে সুবে বাঙ্গলার অন্তঃপাতি ফোর্ট উলিয়ম দুর্গের অধীন সুপ্রিম কোর্ট নামক বিচারালয়ের অনুমতি অনুসারে মণিয়া বিবির প্রতি সমর্পিত হইয়াছে, যেহেতু তিনি উক্ত মৃত ব্যক্তির ভগিনী এবং নিকট পরিবারভুক্ত হয়েন অতএব মৃত ব্যক্তির বিষয়ের প্রতি যাঁহারদিগের পাওনা আছে, তাঁহারা তাঁহাকে তাহা জানাইবেন আর যাঁহারা ঋণি আছেন তাঁহারা তাঁহার নিকট অবিলম্বে উপস্থিত হইয়া আপনাপন ঋণ সকল পরিশোধ করিয়া দিবেন।

Macarith Mokerjee
Proctor's
মেকারিথ মুখুয্যা
উকীল।

কলিকাতা
১৮ জানেয়ারি ১৮৬০

বিজ্ঞাপন।

৫০ টাকা পারিতোষিক।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণ জনগণকে জ্ঞাত করা যাইতেছে, যে এক বেল পিসগুড্স অর্থাৎ এক গাঁট কাপড় যাহার মারকা AD ৩৫ নং এবং সি টী আব ইরক নামক জাহাজ যোগে আগত হইয়াছিল, তাহা গত নবেম্বর মাহায় সরকারের মারফৎ পরসিট বাটীতে খোয়া গিয়াছে, অতএব যে কোন ব্যক্তি তাহার অনুসন্ধান করিয়া দিতে পারিবেন, তাহাকে ৫০ টাকা পারিতোষিক দেওয়া যাইবেক।

Mackenon Mackenzie & C.
মেকিনন, মেকিঞ্জি এণ্ড কোং
১৮ জানুয়ারি ১৮৬০ সাল।

160 252

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকল সাবধান ও সতর্ক করা যাইতেছে মহানগর কলিকাতার আরমানি ন ষ্ট্রিটের মধ্যে ৪৩ নম্বরের টী ও তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি অনুমান ।৩ আট কাঠা বেক তাহা কেহ ক্রয় না করেন থবা বন্ধক না রাখেন কারণ ঐ টী নিমালয়র মদিনা সাহেবের রম দ্বারা সিউলাল মতিলালের কটে ঋণ জন্য বন্ধক দেওয়া হইয়াছে।

সংবাদ প্রভাকর

সাং শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

রাজস্ববৃদ্ধি করণাভিপ্রায়ে স্থাপক কৌন্সেলের মেম্বর হেরিটন সাহেব বণিক ব্যবসায়িদিগের আয়ের প্রতি কর স্থাপন প্রস্তাব করিলে বোম্বাই রাজধানী নিবাসি একজন পার্সি বণিক প্রজার পক্ষে ক্লেশকর বিবেচনা করিয়া তাহার বিনিময়ে সর্ব্বজাতিদিগের বিবাহ ও দীক্ষা সময়ে বিবেচনা পূর্ব্বক কর গ্রহণের প্রস্তাব করিয়াছিলেন তদ্বিস্তারিত ইতিপূর্ব্বে প্রভাকরে প্রকাশ করিয়াছি পাঠক মহাশয়েরা পাঠ করিয়া থাকিবেন। পরন্তু শারদীয় সময়ে সদর দেওয়ানি আদালতের সুবিখ্যাত উকীল মুন্সি আমীর আলি পাটনা নগরে আপনার বাটী গমন পূর্ব্বক প্রকাশ্যরূপে এক সভা করিয়া বহু জন সমক্ষে ঐ প্রস্তাবোপলক্ষে যে বক্তৃতা করেন তাহার মর্ম্মও আমরা প্রকটন করিয়াছি। কিন্তু গত গুরুবাসরীয় ফ্রেণ্ড আব ইণ্ডিয়া পত্রে তদ্গুণাকর সম্পাদক মহাশয় ঐ উভয় প্রস্তাবের প্রতি কটাক্ষ করিয়া যে সমস্ত অভিপ্রায় লিখিয়াছেন আমরা তৎপাঠে সাতিশয় বিস্ময়াপন্ন হইলাম। তিনি একেবারেই লিখিয়া বসিয়াছেন যে তিনি রাজকীয় বিষয়ে এতদ্দেশীয় ব্যক্তিগণ সময়ে২ যে সমস্ত অভিপ্রায় প্রকাশ করিয়া থাকেন তাহা কোন বিধায়েই সুসঙ্গত হয় না। গবর্ণমেণ্ট তাঁহারদিগের পরামর্শ গ্রাহ্য করিয়া তদনুসারে কার্য্য করণে প্রবৃত্ত হইলে অভিপ্রায় সিদ্ধ হওয়া দূরে থাকুক, তাহাতে বিপরীত ফলোৎপন্ন হইবার সম্ভাবনা।

মুন্সি আমির আলি বলিয়াছিলেন যে যে বণিক ও ব্যবসায়িদিগের প্রতি চিরস্থায়িরূপে কোন নূতন কর নির্দ্দিষ্ট না করিয়া যদি ধনাঢ্য মধ্যমাবস্থ এবং তন্নিম্নশ্রেণীভুক্ত ব্যক্তিগণ যাহারা নিতান্ত দুঃখি নহেন আপনারদিগের নিয়মিত উপার্জ্জন হইতে কিঞ্চিৎ২ রাজ সাহায্য করিতে পারেন গবর্ণমেণ্টের আপাততঃ যে টাকার আবশ্যক এই তিন প্রকার প্রজাদিগের নিকট হইতে সম্ভবমত চাঁদার দ্বারা অর্থ সংগ্রহ করিলে সেই সেই টাকা অনায়াসে উৎপন্ন হইতে পারে অথচ তাহা প্রজার পক্ষে ক্লেশকর বোধ হয় না। তাঁহারা আপনাদিগের অবস্থানুসারে রাজার সাহায্যার্থ কিঞ্চিৎ কর অর্থ দান করিতে কোন মতে কাতর হবেন না। কিন্তু ঐ কর চিরকালের নিমিত্ত নির্দ্দিষ্ট হইলে প্রজারা অবশ্যই তৎপ্রদানে কাতর হইবেন এবং তাহাতে নানাপ্রকার গোলোযোগ এবং অনিষ্টোৎপন্ন হইবার সম্ভাবনা।

মুন্সি আমীর আলি রাজকোষের ধনাভাব মোচন নিমিত্ত যে প্রস্তাব করিয়াছেন, ইহা এদেশের পক্ষে কোনমতে নূতন বোধ হয় না। কোন বিশেষ কার্য্য নির্ব্বাহ নিমিত্ত অধিক অর্থের প্রয়োজন হইলে পূর্ব্বতন নৃপতিরাও ঐরূপে প্রজার নিকট হইতে অর্থ লইতে এবং সংগ্রাম বা অন্য কোন সময়ে অন্যান্য দ্রব্যাদি ও সংগ্রহ করিতেন। এইক্ষণে হিন্দু রাজগণের রাজপরাক্রম গিয়াছে বটে কিন্তু ঐ প্রথা বিলুপ্ত হয় নাই। প্রধানকল্প জমিদার মাত্রেই আপনাপন অধিকার মধ্যে তাহা বলবৎ রাখিয়াছেন। জমিদারি সংক্রান্ত কোন মোকর্দ্দমা বা অন্য কার্য্যের নিমিত্ত অর্থের আবশ্যক হইলে আপনাপন জমিদারিতে চাঁদা ও মাথট দ্বারা অর্থ সংগ্রহ করেন, পূজার সময়ে অথবা শ্রাদ্ধ বিবাহাদি কার্য্য কালে অনেক জমিদারের জমীদারি হইতে প্রয়োজনীয় অনেক দ্রব্যাদি আসিয়া থাকে। জমিদারের বাটী নিকটস্থ হইলে প্রজারাই তত্তাবৎ মস্তকে বহন পূর্ব্বক তথায় উপস্থিত হয় তাহাতে তাহারা কিছুমাত্র কাতর হয় না, বরং সন্তোষ পূর্ব্বক প্র-

৪৮০

দান করিয়া থাকে, কিন্তু জমিদার নির্দ্ধারিত জমার উপর যদি এক আনা বৃদ্ধি করিবার প্রস্তাব করেন তবে প্রজামণ্ডলী ঐক্য হইয়া তাহার উপরে আপত্তি করিতে ত্রুটি করে না, তাহারা একেবারে জমিদারের বিপক্ষ হইয়া তন্নিবারণার্থ নানা প্রকার চেষ্টা করিয়া থাকে। অতএব সদরের সূক্ষ্মদর্শী উকীল মুন্সি আমীর আলি যে প্রস্তাব করিয়াছেন, তাহা কোন বিধায়েই অসঙ্গত বলা যাইতে পারে না। প্রজারা তাহাতে অনায়াসে সম্মত হইতে পারে। ফ্রেণ্ড আব ইণ্ডিয়া পত্র সম্পাদক মহাশয় লিখিয়াছেন, যে ঐ প্রস্তাবানুসারে চাঁদার দ্বারা টাকা সংগ্রহ করা অত্যন্ত কঠিন হইবেক, কিন্তু তিনি তাহার বিশেষ কোন কারণ অথবা প্রমাণ দেখাইতে পারেন নাই মেং হেরিংটন সাহেব যেরূপ নিয়মে বণিক ও ব্যবসায়ি লোকদিগের প্রতি কর স্থাপনের প্রস্তাব করিয়াছেন তিনি তাহাতেই এক প্রকার সম্মত হইয়াছেন, কেবল তাহার কোন২ ধারা সংশোধনকরণার্থ ব্যবস্থাপক মহাশয়দিগকে অনুরোধ করিয়াছেন। মেং হেরিংটন সাহেবের প্রস্তাবিত নিয়ম কি প্রকারে সুসঙ্গত হইবেক, এবং তাহার বিধানানুসারে রাজস্ব অনায়াসে সংগ্রহ হইবেক কি না, আমরা তাহা বিবেচনা করণে অক্ষম হইয়াছি। বণিক ও ব্যবসায়িরা আপনাপন কার্য্য করিয়া যে টাকা উপার্জ্জন করিয়া থাকে প্রাণান্তেও তাহা প্রকাশ করিতে ইচ্ছা করে না। কারণ প্রকাশ হইলে তাহারদিগের সম্মানের হানি ও কার্য্যের হানি হইতে পারে, এই রাজধানী মধ্যে এমত বণিক বিস্তর আছেন, যাঁহারদিগের নগদ টাকা অধিক নাই কেবল সম্মানের উপর নির্ভর করিয়াই তাঁহারা বাণিজ্য কার্য্য নির্ব্বাহ করিয়া থাকেন তাঁহারদিগের লভ্য অধিক হয় না, কিন্তু বাজারে এমত প্রকাশ তাঁহারা প্রভূত ধনশালি ও অধিক টাকা উপার্জ্জন করিয়া থাকেন তাঁহারদিগকে মহাজনেরা লক্ষ টাকা পর্য্যন্ত বিশ্বাস করিয়া থাকেন ঐ সকল বণিকের বার্ষিক বা মাসিক কত টাকা উপার্জ্জন করিয়া থাকেন তাহা যদি প্রকাশ হয় তবে তাহারদিগের সেই সম্ভ্রম আর থাকে না।

মেং হেরিংটন সাহেবের প্রস্তাবিত কর নির্দ্ধারণের নিয়মের অনেক ধারার এইরূপ আপত্তি হইতে পারে কিন্তু মুন্সি আমীর আলির প্রস্তাবের প্রতি তাদৃশ কোন প্রকার আপত্তি হইতে পারে না। অতএব ঐ প্রস্তাব একেবারে পরিত্যাগ করা কর্ত্তব্য নহে তাহার বিচার ও বিবেচনা করা অবশ্য কর্ত্তব্য হইয়াছে।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

মনের প্রতি উপদেশ।

পদ্য।

সংসার বিপিনে মন ও মন কুরঙ্গ।
ধন পরিজন লোয়ে করিছ কুরঙ্গ॥
নয়নে নিরখি শুধু মায়ার তরঙ্গ।
দিবানিশি করিতেছ তুমি কত রঙ্গ॥
ক্ষণমাত্র নাহি হয় কুআশার ভঙ্গ।
অনিবার পাপানলে দহিতেছে অঙ্গ॥
মিছা কাল হরিতেছ করিয়া কুসঙ্গ।
অহরহ কর মন ঈশ্বর প্রসঙ্গ।
উপদেশ বলি তোরে ওরে মূঢ়মতি।
সাধ্যমতে সুপথেতে সুখে কর গতি॥
মিথ্যা পরিহরি হও সত্যব্রতে ব্রতী।
নিয়ত নিকটে রাখ ক্ষমা শান্তি ধৃতি॥
যাঁহার ইচ্ছায় হইয়াছে বসুমতী।
ভক্তিসহকারে তাঁরে কররে প্রণতি॥
পরিতুষ্ট হোয়ে পরে পৃথিবীরপতি।
সহজে প্রকাশ পাবে প্রবোধেরজ্যোতি॥
কিছুতে তোমার আর না হইবে ক্ষতি।
মানসের চারু লতা হবে ফলবতী॥
প্রিয়তমা হবে তব সুনিবৃত্ত সতী।
আনন্দ কাননে সুখে করিবে বসতি॥
হইবে বিবেক পুত্র পবিত্র প্রকৃতি।
সুকোমল তনুখানি সুন্দর আকৃতি॥
হেরিয়া তাহার মুখ সুখ পাবে অতি।
অসার সংসার প্রতি হইবে বিরতি॥
এরূপ হইলে কিছু দুঃখ না রহিবে।
চরমে পরম ধন অনায়াসে পাবে॥

শ্রীকেদারনাথ চট্টোপাধ্যায়
নিবাস চন্দ্রভাগ

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probyakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

এই প্রভাকর পত্র বিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্যপাতিতে কলিকাতার দুর্গাচরণ পত্রের ছিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্রান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আন অগ্রিম ৬টাকামাত্র।

১৪৩৬ সংখ্যা। সোমবার ২৫ মাঘ ১২৬৬ সাল। ইং ৬ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

যে মোকদ্দমায় তামস ফ্রান্সিস অন্যান্য বাদী এবং জর্জ্জ ডেনিএল ও অন্যান্য প্রতিবাদী সেই মোকদ্দমাবিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি কোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে ১৮৫৯ খৃষ্টীয়াব্দের ১৭ মার্চ্চ তারিখে যে ডিক্রী অর্থাৎ চূড়ান্তানুমতি প্রদত্ত হইয়াছে, তাহার ক্ষমতানুসারে এই বিজ্ঞাপন পত্র দ্বারা বেঞ্জামিন ডেনি এল যিনি ইতিপূর্ব্বে এই বঙ্গ প্রদেশে বাস করিতেন, এবং এক হাজার আট শত সপ্তবিংশ খৃষ্টীয়াব্দে অথবা তৎসম কালে যাঁহার মৃত্যু হইয়াছে, তাঁহার আত্মীয়দিগকে জ্ঞাত করা যাইতেছে তাঁহারা অবিলম্বে উল্লেখিত সুপ্রিম কোর্টের মাষ্টার শ্রীযুক্ত উইলিয়ম মরগান সাহেবের সমীপে প্রাগুক্ত সুপ্রিমকোর্ট নামক বিচারমন্দিরে তাঁহার দপ্তরখানায় উপস্থিত হইয়া আপনাপন পাওনা সকল সপ্রমাণ করিবেন, যদ্যপি তাহা না করেন, তবে প্রাগুক্ত ডিক্রী অর্থাৎ চূড়ান্তানুমতির সুগমতাসূচক উপায় মতে আপনাপন প্রাপ্য সম্পত্তি হইতে বঞ্চিত হইবেন।

W. Morgan.
Master.
ডবলিউ মর্গান।
মাষ্টার।

P. J. PAUL,
Plaintiffs Attorny,
পি, জে, পাল.
বাদিপক্ষের উকীল।
কলিকাতা।
সুপ্রিমকোর্ট
মাষ্টার আফিস
২৭ জানুয়ারি ১৮৬০

এস্তেহার।

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে বাবু কানাইলাল দাস সাকিম কপালিটোলার গলি সহর কলিকাতা অদ্যকার তারিখের লিখিত ইডেনরচ আব সেটেলমেণ্টের দ্বারায় তাঁহার বর্ত্তমান পাওনাদারদিগের দেনার টাকা পরিশোধের জন্য ও অন্য২ কর্ম্ম সম্পূর্ণ কারণ কোন টাকা ট্রষ্টীগণকে এসাইনমেণ্ট করিয়াদিয়াছেন তন্নিমিত্তে উক্ত বাবু কানাইলাল দাসের পাওনাদারদিগকে জ্ঞাত করা যাইতেছে যে তাঁহারা আপন আপন পাওনা টাকার হিসাব নিম্নলিখিত ব্যক্তিগণের নিকট ত্বরায় দাখিল করেন আর যে সকল ব্যক্তি উক্ত বাবু কানাইলাল দাসের সহিত কোন দেনা ও পাওনা করিতেছেন তহাদিগকেও জ্ঞাত করা যাইতেছে যে উক্ত ইণ্ডেনচর আব সেটেলমেণ্ট দ্বারায় যে টাকা লিখিয়া দেওয়া হইয়াছে সে টাকার দ্বারায় উক্ত বাবু কানাইলাল দাস যে কোন দেনা অদ্যকার তারিখের পর করিবেন হাতা পরিশোধের জন্য নিযুক্ত করা হইবেক না।

জজ, জজ, ওয়াটকিন্স।
ট্রষ্টীদিগের উকীলগণ।
পুরাতন ডাক ঘরেরগলি।
কলিকাতা ১৬ জানেওয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

বিজ্ঞাপন পত্র দ্বারা সকল কে জ্ঞাত করা যাইতেছে যে ৺ রাজা বৈদ্য নাথ রায় যিনি ইতিপূর্ব্বে জিলা ২৪ পরগণার অন্তঃপাতি কাশীপুর নামক স্থানে বাস করিতেন, তাঁহার স্থাবরাস্থাবর বিষয় বিভব দেনা ও পাওনা ইত্যাদি সমুদায় বিষয়ের প্রতি কর্ত্তৃত্ব করণের ভার স্বত্বে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিম কোর্ট নামক বিচারালয়ের অনুমতানুসারে উক্ত কাশীপুর নিবাসি শ্রীযুক্ত কুমার রাজকৃষ্ণ রায়, এবং শ্রীযুক্ত কুমার কালীকৃষ্ণ রায়ের প্রতি সমর্পিত হইয়াছে, যেহেতু তাঁহারা উল্লেখিত মৃত রাজা বৈদ্যনাথ রায়ের পুত্র হয়েন, এবং তাঁহারাই তাঁহার বিষয়াদির উত্তরাধিকারি হয়েন অতএব মৃত ব্যক্তির বিভবাদির প্রতি যাঁহারদিগের পাওনা আছে তাঁহারা তাঁহারদিগকে তাহা যানাইবেন আর যাঁহারা ঋণি আছেন তাঁহারা তাঁহারদিগের নিকটে আপনাপন ঋণ সকল অবিলম্বে পরিশোধ করিয়া দিবেন।

C. W. HATCH
Proctor.
সি ডবলিউ, হ্যাচ
উকীল।

কলিকাতা।
২০ জানুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

জেলা রাজসাহীর মহকুমা নাটোরের অধঃপাতি আতাইকুলা গ্রাম নিবাসী অমদ্ ভগিনীপতি শ্রীযুক্ত শ্রীনাথ মৈত্র মহাশয় জেলা তমলুকের নেমক কাছারিতে সদর দফ্‌সী গিরী কর্ম্মে নিযুক্ত ছিলেন। গত ১২৬৮ সালের শেষে কোন অপরাধ হেতু এজেণ্ট বাহাদুর কর্ম্ম চ্যুত করাতে বর্ত্তমান বর্ষের জ্যৈষ্ঠ মাসের প্রথম প্রথম পর্য্যন্ত ঐ তমলুকে অবস্থিতি ছিলেন, পশ্চাৎ বিষয় চ্যুত হওয়া বা সাংসারিক আবশ্যে মনস্তাপিত হইয়া জ্যৈষ্ঠের শেষে তথা হইতে কপটবেশে পলায়ন করিয়াছেন। তদবধি অদ্য পর্য্যন্ত চেষ্টালভ্য না হওয়াতে সর্ব্ব সাধারণ নিকট ব্যক্ত করিতেছ যে যদি কোন মহোদয় এজনের প্রতি দয়া প্রকাশ করিয়া উক্ত মহাশয়ের উদ্দেশ করিতে পারেন তাহা হইলে উদ্দেশকর্ত্তাকে ১৫ পোনের টাকা পারতোষিক প্রদান করা যাইবেক। মৈত্র মহাশয়ের বয়স ৩০।৩২ বৎসর, শ্যামবর্ণ, এবং কপালের উপর দক্ষিণ ভাগে ঘূর্ণিত কেশ আছে, যদি কেহ অনুগ্রহ পুরঃসর প্রভাকর যন্ত্রালয়ে সংবাদ দিলে আমি প্রাপ্ত হইব ইতি।

শ্রীবল্লবীকান্ত ভট্টাচার্য্য।
মোং রামনারায়ণপুর।

বিজ্ঞাপন

কলিকাতা পত্রিকা।

আগামী ফাল্গুন মাস অবধি কলিকাতা পত্রিকার আকর আটপাতা করমার তিন করমা হইবে। তাহার উপরে কাগজের সুদৃশ্য মলাট থাকিবে। এনিমিত্তে ইহার মাসিক মূল্য ।০ চারি আনা, এবং অগ্রিম মূ ২৷৷০ আড়াই টাকা, করে গ্রাহক বা গ্রাহকার্থীরা কলিকাতা হির-সিমুলিয়া সুকেস ষ্ট্রীট ৩৫ নম্ব বাটীতে কলিকাতা পত্রিকার কা র্য্যালয়ে, অথবা প্রভাকর যন্ত্রালয়ে আমার নিকট পত্র লিখিবেন। সকল গ্রাহকদের নিকট পুর্ব্ব বৎস রের ও বর্ত্তমান বৎসরের মূল্য বা আছে, তাঁহারা ঔদাসীন্য ত্যা করিয়া শীঘ্র শীঘ্র তাহা পাঠা বেন।

শ্রীকালীকৃষ্ণ ভট্টাচার্য্য।
কলিকাতা পত্রিকার কার্য্যালয়।
সং বৎ ১৯১৬, ২০ এ মাঘ।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্ব ধারণকে জ্ঞাত করা যাইতেছে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচ রায়ের জীবনচরিত পুস্তক ১ টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, ধারণের উপকারার্থ এইক্ষণে তাহার মূল্য ৸০ বার আনা নি রিত করিলাম, যাহার প্রয়োজন এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোক মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হই পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত ক যাইতেছে যে আমারদিগের য

162-254

যে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পারসী, আরবী, ইত্যাদি নানা প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারী নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি বিদ্যোপার্জ্জনার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা দ্বারা উত্তম কাগজে উত্তমাক্ষরে অল্পযত্নে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

মাঘ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

ব্যবস্থাপক-সমাজের বিখ্যাত সভ্যবর শ্রীযুক্ত হেরিংটন সাহেব বণিক ও ব্যবসায়িদিগের আয়েরপ্রতি কর স্থাপনের যে নিয়ম উত্থাপন করিয়াছেন, ক্রমেং তাহার প্রতি নানা প্রকার আপত্তি উপস্থিত হইতেছে। কেহং বলিতেছেন, কোন্ ব্যক্তির কত টাকা মাসিক বা বার্ষিক আয় তাহা নিরূপণ করা অত্যন্ত কঠিন হইবেক এবং বণিক ও ব্যবসায়িদিগের আয়ের নিরূপণ নাই, কোন মাসে তাঁহারা অধিক উপার্জ্জন করেন কোন মাসে তাঁহারদিগের আয় অতিঅল্প অথবা কিছুই হয় না। বণিক শ্রেণী মধ্যে এমত বণিক বিস্তর আছেন, যাহারা ব্যবসায় দ্বারা উপার্জ্জন করণে অক্ষম হইয়া ক্ষতিগ্রস্ত হইতেছেন। অতএব উভয় শ্রেণীর আয়ের যখন নিরূপণ নাই তখন তাহার প্রতি কিপ্রকারে কর নির্দ্ধারিত হইবেক। বিশেষতঃ এতদ্দেশীয় ব্যক্তিগণ প্রাণান্তেও আপনাদিগের আয়ের বিষয় প্রকাশ করিবেন না। আমাদিগের শ্রীরামপুরস্থ ফ্রেণ্ড সহযোগি মহাশয় লিখিয়াছেন যে গবর্ণমেণ্ট যদি বণিকদিগের বাণিজ্যালয়ের হিসাবাদি দেখিবার নিয়ম করেন তাহা হইলে দেশীয় বণিকেরা কৃত্রিম খাতা রাখিবেক। অতএব মান্যবর মেং উইলসন সাহেবের অভিপ্রায় হইয়াছে প্রস্তাবিত নিয়মপত্র পরিবর্ত্তন করিয়া তাহার বিনিময়ে প্রত্যেক প্রকার বসত বাটীর প্রতি তাহার দিগের অবস্থা বিবেচনা করিয়া কর নির্দ্ধারণের প্রস্তাব করিবেন। যাহার দিগের বার্ষিক আয় এক শত টাকার অধিক নহে তাহারদিগের প্রতি কোন প্রকার কর স্থাপিত হইবেক না। এইরূপ নিয়মদ্বারা রাজস্ব অনায়াসে আদায় হইতে পারিবেক তাহাতে কোন গোলযোগ হইবেক না, অথচ তজ্জন্য রাজকোষ হইতে অর্থ ব্যয়ও অল্প হইবেক, কিন্তু আয়ের কর নির্দ্ধারণ করিতে হইলে কর্ম্মচারিগণকে বেতন প্রদান ও অন্যান্য বিষয়েই বিপুলার্থ ব্যয় হইবার সম্ভাবনা।

বাটীর প্রতি কর নিরূপণ এই শব্দ শ্রবণ করিলেই নগর বাসি পাঠক মহাশয়েরা একেবারে ভটস্থ হইবেন নগর পরিষ্কার রাখিবার ও রজনীযোগে রাজপথে আলোকদিবার নিমিত্ত বাটীর প্রতি যে টাক্স নিরূপিত হইয়াছে তৎপ্রদানেই তাহা বিধিমতে ক্লেশ বোধ করিতেছেন, নগর সৌন্দর্য্যকারি কমিসনরগণ যে এক মাস সাহেবকে সরবেয়ারের পদে অভিষিক্ত করিয়াছেন। তিনি স্বয়ং গমনপূর্ব্বক কোন গৃহের অবস্থা সন্দর্শন করেন না, কিন্তু প্রতি বর্ষে তাঁহার সরবে অর্থাৎ পরীক্ষা দ্বারা প্রায় সকল বাটীরই টাক্স বৃদ্ধি করিতেছেন, ইহার উপর আবার এই ভারতবর্ষবাসি সকল প্রকার প্রজাদিগের আয়ের কর বলিয়া সকল বাটীর প্রজাদিগের পক্ষে কি প্রকার ক্লেশকর হইবেক তাহা পাঠক মহাশয়েরাই বিবেচনা করিবেন। অতএব মান্যবর মাষ্টার উইলসন সাহেব যদি এ প্রস্তাব করিয়া থাকেন আমারদিগের বিবেচনায় তাহা উত্তম বোধ হইল না।

পরন্তু উক্ত বিজ্ঞবর সাহেব সৈন্য সম্বন্ধীয় কর সংক্ষেপ করণের যে প্রস্তাব করিয়াছেন, তাহা উৎকৃষ্ট হইয়াছে রাজনীতিজ্ঞ ব্যক্তি মাত্রেই তাহাতে সম্মতি প্রদান করিবেন। রাজ্য রক্ষার নিমিত্ত নৃপতিদিগের পক্ষে সেনাবলী নিযুক্ত রাখা কর্ত্তব্য বটে কিন্তু আমারদিগের রাজপুরুষেরা যে সৈন্য নিযুক্ত রাখিয়াছেন ইহা অধিক বলিতে হইবেক, ৩০ অথবা ৪০ হাজার সেনা অনায়াসে ন্যূন করা যায় অথচ তাহাতে রাজ্যের কোন বিশেষ অনিষ্ট হইতে পারে না। অতএব মানবর সাহেবের শেষোক্ত প্রস্তাব অবধারণ করা কর্ত্তব্য হইয়াছে।

কমিসরিয়েট সংক্রান্ত কর্ম্মচারিদিগের অত্যাচারঘটিত একটী সংবাদ সম্প্রতি সমাচার পত্রে প্রকাশ হইয়াছে। তদ্বিশেষ এই যে একদল সৈন্যের পশ্চিম গমন সময়ে কোন কমিসরিয়েট গোমস্তা কয়েক খানা নৌকা বেগার ধরিয়াছিলেন। তাহার নাবিকদিগকে পারশ্রমিক বেতন কিছুই প্রদান করেন নাই, অথচ গবর্ণমেণ্টের নিকট হইতে তাহা গ্রহণ করিয়াছেন। ঐই বিষয় গবর্ণমেণ্টের কর্ণগোচর হইলে গবর্ণমেণ্ট কর্ম্মচারিদিগের দ্বারায় সবিশেষ তদন্ত গ্রহণ করিয়া ঐ গোমস্তার অপরাধ সাব্যস্ত করিয়াছেন। সুপ্রিমকোর্টের সেসিয়ানে তাহার বিচার হইবেক।

কমিসরিয়েট সংক্রান্ত কর্ম্মচারিরা এইরূপ অত্যাচার প্রায় করিয়া থাকেন। তাঁহারা সরকারি কার্য্যের নিমিত্তে নৌকা গাড়ি বলদ ও মোট বাহক ব্যক্তিদিগকে বেগার ধরেন, শ্রম করাইয়া লয়েন, কিন্তু তাহারদিগকে উপযুক্ত মূল্য কিছুই প্রদান করেন না। অনেক স্থানে কেবল বলের দ্বারাই কার্য্য নির্ব্বাহ করিয়া থাকেন নৌকাবাহক শকট চালক এবং মোটবাহকগণ দুঃখি লোক তাহারা ঐ অত্যাচারের বিরুদ্ধে গবর্ণমেণ্টের নিকটে কোনপ্রকার অভিযোগ করিতে পারে না, উক্ত কর্ম্মচারিগণ তাহারদিগের কঠোর শ্রমের মূল্য আপনারদিগের উদর সাৎ করিয়া থাকেন। কেও আহ ইণ্ডিয়া সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে বারাকপুর হইতে সেনাদিদিগের স্থানান্তরে গমন যময়ে এই রূপ হইয়া থাকে। অতএব এই অত্যাচার নিবারণ করা গবর্ণমেণ্টের পক্ষে অত্যন্ত কর্ত্তব্য হইয়াছে।

—০০—

ইটালি রাজ্য ও রাজকীয় অন্যান্য বয়ষে পেরিস রাজধানীতে যে কঙ্গ্রেস অর্থাৎ ইউরোপীয় সমস্ত নৃপতিগণের প্রতিনিধি দিগের যে সভা হইবেক তাহাতে নানা বিষয় উপস্থিত হইবার কল্পনা হইতেছে, মানবর মেং করডন সাহেব মহারাণী ইংলণ্ডেশ্বরীর প্রতিনিধি হইয়া গমন করিয়াছেন তাহার সহিত কর ক দিবস ফ্রান্স দেশাধিপতি লুইস নেপোলিয়ানের সহিত সাক্ষাৎ হইয়াছিল। একদিবস তিনি লেডি করডেনের হস্তে বিবাহের চিহ্নস্বরূপ অঙ্গুরীয় দৃষ্টি না করিয়া তাহাকে জিজ্ঞাসা করেন, যে ইংলণ্ড রাজ্যের সকল স্ত্রীলোকেরা সধবার চিহ্নস্বরূপ স্বামিদত্ত অঙ্গুরী ধারণ করিয়া থাকেন আপনি কি নিমিত্ত তাহা ধারণ করেন নাই, মহারাজের এই প্রশ্নোত্তরে লেডি করডেন ব্যক্ত করিয়াছিলেন যে আমার বিবাহ হঠাৎ এমত শীঘ্র নির্ব্বাহ হইয়াছিল যে আমার স্বামী বিবাহের অঙ্গুরী প্রস্তুত করণের সময় প্রাপ্ত হয়েন নাই।

মহারাজ লুইস নেপোলিয়ান বাহাদুর লেডি করডেনের এই উক্তি শ্রবণ করিয়া আপনার অলঙ্কার দ্বারা অতি উৎকৃষ্ট হীরক খচিত এ অঙ্গুরীয় প্রস্তুত করাইয়া পুনর্ব্বা এক দিবস শ্রীমতী লেডি করডেনে সহিত সাক্ষাৎ করিয়া তাঁহাকে উ যৌতুকের স্বরূপ প্রদান করিয়াছেন এবং তৎ প্রদান সময়ে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিয়াছেন যে এই অঙ্গুরী ইংলণ্ড ও ফ্রান্স রাজ্যের চিরবন্ধুত্বের চিহ্নস্বরূপ হইল শ্রীমতী লেডি করডেন যদ্যপি সম্মানে তাহা গ্রহণ করিয়া বাধ্যতা স্বীকার করিয়াছেন।

—

আলাহাবাদ অঞ্চলে এক নূতন প্রকার পীড়া উপস্থিত হইয়াছে, প্রায় তিন সহস্র ব্যক্তি তদ্দ্বারা আক্রান্ত হইয়াছে. ঐ পীড়াকে এদ্দেশীয় লোকেরা পক্ষাঘাত বলিলেই হয় কারণ সর্ব্বাঙ্গ কম্পিত হইয়া থাকে প্রজারা কহিতেছে যে অনাহার জন্যেই লোকে তদ্দ্বারা আক্রান্ত হইতেছে এ অনুভব নিতান্ত অসম্ভব নহে, গবর্ণমেণ্ট ঐ বিষয়ের তত্ত্বাবধারণ নিমিত্ত একজন ইংরাজ চিকিৎসককে নিযুক্ত করিয়াছেন।

—০০—

ফিনিক্স সম্পাদক মহাশয় লিখিয়াছেন, যে আর্ল ইউ কোন সাহে সিবিল ফণ্ডের সেক্রেটারির প অভিষিক্ত হইয়াছেন।

Printed and published by RAMCHUNDE GOOPTO at the *Probahkur Press.*

সংবাদপ্রভাকর

প্রাতঃকিরণ

255

163

এই প্রভাকর পত্র ... র ব্যতীত প্রতি ... কলিকাতা সিমু ... র সংপাতিকে ... তিয়ার দুর্গাচরণ ... র ষ্ট্রীটে ৪২ নং ... র সম্পাদক শ্রীযুত ... গুরুকর্ত্তৃক প্র ... ত হয়।

॥॥* সত্যং মনোহরম প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *।*

॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলে দ্বিপ্তীবরেষু কচিদ্ভৃংস্ত্যং ভ্রাম মতন্দ্রমীষদনতং পীত্বা ক্ষুধাকাতরাঃ। অদোদাদ্বিমল প্রভাকর স্তৎপ্রাতিরূপমোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্ত চতুরস্তাস্তদ্বিরেকারসং॥

প্রতি এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৭ সংখ্যা। মঙ্গলবার ২৬ মাঘ ১২৬৩ সাল। ইং ৭ ফিব্রুয়ারি ১৮৫৬ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

...ম কোর্টের বিজ্ঞাপন

মাটার সেল।

যে মোকদ্দমায় মৃত কেশবচন্দ্র ... র শেষ উইল অর্থাৎ উত্তরাধি ... পত্র প্রমাণে তাঁহার বিষয় ও ... বাদির এক জন অছি বিহারী ... ার চৌধুরী বর্ত্ত ওডোভা ... ব বাদী এবং চার্লস এমাডেল ... লি প্রতিবাদী সেই মোকদ্দমা ... য় সুবে বাঙ্গালার অন্তঃপাতি ... ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রি ... র্ট নামক বিচারালয় হইতে ... ৮ খ্রীষ্টিয়াব্দের ২৩ এপ্রেল তা ... যে অনুমতি প্রদত্ত হইয়াছে ... র ক্ষমতানুসারে এবং উল্লেখি ... সুপ্রিমকোর্টের মাষ্টর শ্রীযুত ... টার মরগেন সাহেবের সম্মু ... যে প্রাপ্তক্ত সুপ্রিমকোর্ট ... ক বিচার মন্দিরে তাঁহার দপ্তর ... য় এবং তাঁহার সম্মুখে নিম্ন ... ত ভূমি সম্পত্তি সকল প্রকাশ্য ... ম দ্বারা আগামি ১৫ ফিব্রুয়ারি বুধবার দিবসে বেলা দুই প্রহরের সময় নিশ্চিতরূপে বিক্রীত হইবেক।

বিশেষতঃ সুবে বাঙ্গালার অন্তঃপাতি জেলা নদীয়ার মধ্যে কুটুরিয়া ইণ্ডিগো কানসারণ নামে যে বিখ্যাত নীলের কুঠি আছে তাহা সমুদায় মৌজা তাহে বিভক্ত জ্ঞান করিয়া উক্ত মৌজাংশের চতুর্থাংশ এবং তালুক কেশরপুর যাহাতে নিম্নলিখিত নীলের কুঠি বা কার্য্যালয় আছে অর্থাৎ প্রাগুক্ত সুবে বাঙ্গালার অন্তঃপাতি নদীয়া জেলার মধ্যস্থিত কুটুরিয়া নীলকুঠি, এবংপূর্ব্বোক্ত জেলা নদীয়ার অন্তঃপাতি পরগণে পলাসীর মধ্যে ডিহি গোবরা সামিল রামনীনাথপুর নামক যে গ্রাম আছে তাহার চতুর্থাংশের একাংশ এবং উক্ত সুবে বাঙ্গলার অন্তঃপাতি জিলা মুরসিদাবাদের অধীন মাউ গাঁ কেটেরি নামে অপর যে এক নীলের কুঠি আছে তাহার চারি অংশের একাংশ এবং জেলা বর্দ্ধমানের অন্তঃপাতি মনোহর সাহি পরগণার সামিল যে সকল গ্রাম বা মৌজা নারায়ণপুর নামে বিখ্যাত অর্থাৎ কেশরপুর যাহা তরফ কেশরপুরের মধ্যে সাজাপুর, ও কানলাবাড়ী যাহা রাণী কাত্যায়নীর লাট কেলার নামক পত্তনি তালুকের আট আনা হিস্যার মধ্যে উক্ত বিবরের চতুর্থাংশের একাংশ, এবং প্রগ... পরগণা মনোহরপুরের অন্তঃপাতি মৌজা হরিপুরের সামিল ও তন্মধ্যস্থিত যে নীলকুঠি আছে, তাহার ও উল্লেখিত অংশ বা হিস্যা এবং জেলা বর্দ্ধমানের অন্তঃপাতি নসীপুর নামক স্থানে যে নীলকুঠি আছে ও যাহা নসীপুর নীলকুঠি নামে বিখ্যাত, এবং সুবে বাঙ্গালার অন্তঃপাতি জেলা বীরভূমের মধ্যে সুতাহাটী নামক সাতটী মৌজবিশিষ্ট যে নীল কুঠি আছে এবং কুটুরিয়া ইণ্ডিগো কানসরণ সম্পর্কে যে কোন ভূমি ইমারত প্রভৃতি স্থাবর ও অস্থাবর বস্তু আছে, তত্তাবতেরই ক্রয়িত অংশ অর্থাৎ চতুর্থ অংশের একাংশ।

৪৬৩

এই সকল বিষয় বিক্রয়ের বিশেষ বৃত্তান্ত ও নিয়মাদি সুপ্রিমকোর্টের মাষ্টার আফিসে অথবা রবার্ট মোসলি টামস সাহেবের পুরাতন পোষ্ট আফিস ষ্ট্রিটের মধ্যস্থ নং ৬ ভবনে অনুসন্ধান করিলে জানিতে পারিবেন।

W. Morgan
Master,
ডবলিউ, মর্গান।
মাষ্টার।

R. M. Thomas.
Plaintiff's Attorneys.
আর, এম, টামস।
বাদিপক্ষয় উকীল।

কলিকাতা
সুপ্রিমকোর্ট
মাষ্টর আফিস
১৪জানুয়ারি ১৮৬৮

MUNICIPAL COMMISSIOERS

NOTICE.

মিউনিসিপাল কমিসনর সাহেবদিগের করপ্রদাতাদিগের প্রতি বিজ্ঞাপন।

অত্র বিজ্ঞাপন দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সহর কলিকাতার মিউনিসিপাল কমিসনর সাহেব মহাশয়েরা সন ১৮৫৬ সালের ২৫ আইনের ক্ষমতানুসারে সহরের বাটী ও ভূমির উপর কর অবধারণ করিবার জন্য সন ১৮৬৮ সালের নিমিত্তে যে বাটীর ও ভূম্যাদির বাৎসরিক ভাড়া নিরূপণ করিয়াছেন, তাহা পুস্তকে লিখিত হইয়া বাটীর দখলিকার কিম্বা ভাড়াটিয়া ও মোক্তার অথবা অছি অর্থাৎ ট্রষ্টি ওগয়রহদিগের দ্বারা আগত ১ ফিব্রুয়ারি বুধবার বেলা ১১ ঘণ্টা অবধি অপরাহ্ণ ৪ ঘণ্টা পর্য্যন্ত তারিখ হইতে অবলোকন ও তদ্বিদ করণ জন্য উক্ত কমিসনর সাহেবদিগের আফিসে প্রস্তুত থাকিবে।

এই বিজ্ঞাপন দ্বারা আরও জ্ঞাত করা যাইতেছে, যে উক্ত আইনের ১১ ধারানুযায়িক কমিসনর সাহেবানেরা আগত ১৬ ফিব্রুয়ারি তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় পর্য্যন্ত ও তাহার ক্রমশঃ পর২ দিবসাবধি বৈঠক করিয়া টেক্স কমাইবার জন্য যে সকল দরখাস্ত করা হইবে তাহার বিচার করিবেন। অতএব বাটীর বা ভূমির দখলিকার গণ স্বয়ং বা মোক্তার দ্বারা হাজির হইয়া টেক্স নির্দ্ধারিতের উপর যে আপ আপত্তি থাকে তাহা করিবেন। ইতি তারিখ ১৩ জানুওয়ারি

ROBT. TURNBUL
রবার্ট টারেণবুল।

By order of the Board of Municipal Commor's.
চৌরঙ্গি রোড
কলিকাতা
১৩ জানুয়ারি ১৮৬৮

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যাহারা আপনাপন সন্তান সন্ততিদিগকে ব্যাকসিনেট অর্থাৎ ইংরাজী মতে গোবীজে টীকা দিবার অভিলাষ করেন চৌরঙ্গির রাস্তার ২৭ নং ভবনে সুপারিণ্টেণ্ডেণ্ট জেনেরল আব ব্যাকসিনেসন অর্থাৎ টীকা দিবারকার্য্যের বরাবর [illegible] হেবের নিকট প্রার্থনা [illegible]

J. MACPHERSON
Superintendent General of Vaccinate
জে, মেকফর্সন
টীকা দিবার কার্য্যে
সর্ব্বাধ্য

বিজ্ঞাপন

জেলা য়াজসাহীর অন্তর্গত নাটোরের অন্তঃপাতি আঁ[illegible] গ্রাম নিবাসী অস্মদ্ ভগিনীপতি শ্রীযুক্ত শ্রীনাথ মৈত্র মহাশয় জমা ওয়াশীলুকের নেমক কারবারে বরখাস্তকসী গিরী কর্ম্মে নিযুক্ত ছিলেন। গত ১২৬৫ সালের শেষে জমাওয়াশীল পরাধ হেতু এজেণ্ট সাহেব কর্ম্মচ্যুত করাতে বর্ত্তমান বর্ষে তিনি মাসের প্রথম পর্য্যন্ত [illegible] লুকে অবস্থিতি ছিলেন, পশ্চাৎ বিষয় চ্যুত হওয়া বশতঃ [illegible] ধন্যে মনস্তাপিত হইয়া [illegible] শেষে তথা হইতে কলিকাতায় গমন করিয়াছেন। তদবধি তাঁহার [illegible] ব্যস্ত চেষ্টা দ্বারা না হওয়াতে [illegible] সাধারণ নিকট ব্যক্ত করিতেছি যদি কোন মহোদয় এতদ্দেশীয় প্রতি দয়া প্রকাশ করিয়া উক্ত মহাশয়ের উদ্দেশ করিতে পারেন তাহা হইলে উদ্দেশকর্ত্তাকে ১৫ পেনেরা টাকা পারিতোষিক প্রদান করা যাইবে। মৈত্র মহাশয়ের বয়স ৩০।৩২ বৎসর শ্যামবর্ণ এবং কপালের উপর

169 256

[illegible] ভাগে ঘূর্ণিত কেশ আছে যদি কেহ অনুগ্রহ পুরঃসর প্রভাকর [illegible] সংবাদ দিলে আমি প্রাপ্ত [illegible] উচিত।

শ্রীবল্লবীকান্ত ভট্টাচার্য্য।
মোং রামনারায়ণপুর।

সংবাদপ্রভাকর

[illegible] মাঘ শকাব্দাঃ ১৭৮৯। বিক্টোরিয়াব্দঃ ২

মনুষ্যের মন কোন সময়ে কোন্ [illegible] ধাবিত হয়, তাহা কিছুই [illegible] যায় না। সকলেই স্বার্থ লাভে [illegible] কুলচিত্ত, একবার এই কলিকাতা রাজধানী মধ্যে কৃতবিদ্য ব্যক্তি [illegible] সংবাদ পত্র ও নীতি প্রবন্ধ এবং বিবাদ পূরিত মাসিক এবং সাপ্তাহিক ও পাক্ষিকি পত্র প্রকাশে অতিশয় অনুরাগি হইয়াছিলেন, কিন্তু তাঁহাদিগের সেই অনুরাগের [illegible] অধিক দিবস প্রবাহিত হয় নাই। তাঁহারা যে কঠিনতর কার্য্য ভার গ্রহণ করিয়াছিলেন, তাঁহার [illegible] তন্নির্ব্বাহ করণের সম্যক্ ক্ষমতা না থাকাতে বিশেষতঃ জাতীয় ভাষার পত্রাদির প্রতি এতদ্দেশীয় [illegible] গণ তাদৃশ অনুরাগ প্রকাশ [illegible] করাতে তাহার অধিকাংশই বিনাশের গ্রাসে পতিত হইয়াছে। [illegible] সাময়িক পত্রিকার মধ্যে তত্ত্ববোধিনী পত্রিকা সমাদৃতা হইয়া [illegible] জীবিতা আছে। বিবিধার্থ সংগ্রহ [illegible] মাসিক পত্রের সম্ভ্রম বড়, তাহার গ্রাহক সংখ্যা অল্প নহে, কিন্তু দুঃখে-

৪৬৪

রি বিষয় এই যে তাহা নিয়মিত সময়ে প্রকাশ হয় না। মাঘ মাস গত হয় এপর্য্যন্ত আমরা কার্ত্তিক মাসের পত্র প্রাপ্ত হই নাই।

পরন্তু অরুণোদয় নামে মিসনরিদিগের যে একখানি পাক্ষিকী পত্রিকা প্রকাশ হইতেছে তাহার অভিপ্রায় স্বতন্ত্র এতদ্দেশীয় লোকেরা ঐ পত্র গ্রহণ করিয়া পাঠ করেন তাহাই তল্লেখক মহাশয়দিগের উদ্দেশ্য। এডুকেসন গেজেট পত্র উত্তমরূপে নির্ব্বাহ হইতেছে, বিশেষ গবর্ণমেণ্ট তাহার বিশেষ সাহায্যকারী, কিন্তু তাহার গ্রাহক সংখ্যা কত হইয়াছে তাহা আমরা খুঁজিতে পারিলাম না।

আমরা যে কয়েক খানি পত্রের কথা উল্লেখ করিলাম। ইহা ব্যতীত আরো কয়েক খানি পত্র সংপ্রতি প্রকাশারম্ভ হইয়াছে, কিন্তু তাহারদিগের অবস্থা কিরূপ তাহা আমরা জানিতে পারি নাই, সুতরাং এইস্থলে লিখিতে পারিলাম না।

সংবাদ পত্র ও মাসিক পত্রিকা প্রকাশ পূর্ব্বক অর্থোপার্জ্জন অথবা সুখ্যাতি লাভ করা অতি কঠিন, এ কারণ এইক্ষণে অনেকে তাহা পরিত্যাগ করিয়া পুস্তক রচনায় চিত্ত নিবেশ করিয়াছেন, কলিকাতা, ও ইহার নিকটস্থ কতিপয় স্থান নিবাসি কতিপয় অতি বিচক্ষণ প্রভূত ধনশালি ব্যক্তি বঙ্গভাষায় নাটক পাঠ ও রঙ্গ ভূমিতে তাহার অভিনয় সন্দর্শন বিষয়ে বিশেষ আমোদ প্রকাশ করাতে প্রাগুক্ত লেখকদিগের মধ্যে অনেকেই এক একখানি নাটক রচনা অথবা সংস্কৃত হইতে অনুবাদ পূর্ব্বক প্রকাশ করিয়াছেন, তন্মধ্যে অতি অল্পসংখ্যক নাটক পাঠকদিগের পাঠোপযোগি হইয়াছে, এবং তাহার লেখক বা অনুবাদকগণ সাধারণ সমাজে প্রতিষ্ঠা লাভ করিয়াছেন। এইক্ষণে নাটক রচনা বিষয়ে লেখকদিগের বড় অনুরাগ দেখা যায়। এইক্ষণে কাব্য লেখকদিগের মধ্যে প্রায় সকলেই বালক তাহারা শত চক্র কবিতা লিখিতে না শিখিয়াই একেবারে গ্রন্থ বিরচক হইতেছেন। এমত দিন নাই যে আমরা দুই এক খানি নূতন পুস্তক প্রাপ্ত হই না, যদিও উৎসাহ বর্দ্ধন র্থ আমরা সময়ে২ নবীন লেখকদিগের প্রশংসা প্রকাশ করিয়া থাকি কিন্তু তাহারদিগের বিরচিত পুস্তক পাঠ আমারদিগের চিত্তে তাদৃশ আমোদের উদয় হয় না।

সম্প্রতি শ্রীযুক্ত বাবু শ্যামাচরণ দে কর্ত্তৃক বিরচিত পয়ারাদি বিবিধ ছন্দে লিখিত এক খানি নূতন পুস্তক প্রাপ্ত হইয়াছি, বিবাহ রজনীযোগে বাসর ঘরে এতদ্দেশীয় ললনাগণ নব দম্পতী লইয়া যে সকল আমোদ প্রমোদ ও রহস্য জনক বাক্যাদি বিন্যাস করেন, পুস্তক লেখক মহাশয় তাহারই প্রতি কটাক্ষ করিয়া পুস্তক বিরচন করিয়াছেন, লেখা নিতান্ত মন্দ হয় নাই। শ্যামাচরণ বাবু অনেক স্থানে বিলক্ষণ কবিত্ব প্রকাশ ও নূতন ভাব এবং নব নব রস সঞ্চার করিয়াছেন।

বিদ্যারত্ন যন্ত্রের অধ্যক্ষ শ্রীযুত বেণীমাধব দে মহাশয় প্রকাশিত অনুবাদ সহিত বাল্মীকি রামায়ণের চতুর্থ সংখ্যা আমরা প্রাপ্ত হইয়াছি

এ সংখ্যার অনুবাদও অতি উত্তম হইয়াছে। আমরা একলে বেণীমাধব বাবুকে একটী পরামর্শ বলি। বাল্মীকি রামায়ণ পদ্য রচিত মহাকাব্য, অতএব তিনি যদি ঐ পদ্য রচিত মহাকাব্য বাঙ্গলা পদ্যেই অনুবাদিত করাইতেন তাহা হইলে এই অনুবাদ অতি উৎকৃষ্ট হইত। কৃত্তিবাস পদ্যে রামায়ণ সংগ্রহ করিয়া গিয়াছেন বটে, কিন্তু তাহা অবিকল অনুবাদ হয় নাই। বাল্মীকিরামায়ণ পদ্যে অবিকল অনুবাদিত হইলে বাঙ্গলা সমাজে অধিক পরিগৃহীত ও সমাদৃত হইবে সন্দেহ নাই।

কি ধর্ম্ম সংক্রান্ত কানবট সুবিখ্যাত শ্রীযুক্ত রেবেরেণ্ড লাল বিহারি দে একজন পার্সি খৃষ্টানের দুহিতার পাণি গ্রহণ করিয়াছেন, এ সম্প্রতি নূতন সংযোগ বলিতে হইবেক, এতদ্দেশীয় অনেক খৃষ্টান ও ইংরাজ ও ফিরিঙ্গি বালার পাণি গ্রহণ করিয়াছেন বটে, কিন্তু এপর্য্যন্ত কানবট বোম্বাই নগর নিবাসি কোন পার্সি কন্যা বিবাহ করেন নাই।

মহীশুর রাজ্য।

মহীশুর রাজ্য একণে নির্ব্বিঘ্ন ও স্বচ্ছন্দ আছে। মহীশুরের উন্নতি সাধনের নিমিত্তে মহীশুরের রাজা বহুঅর্থব্যয় ও পরিশ্রম করিতেছেন। রাজা হইয়া প্রজার সুখ স্বাচ্ছন্দের নিমিত্তে আজীবকাল কে এরূপ প্রযত্ন করিয়াছেন। তদবধি অদ্যাপর্য্যন্ত চেষ্টালক্ষ্য না হওয়াতে সর্ব্বসাধারণ নিকট ব্যক্ত করিতেছি যে যদি কোন মহোদয় এজনের প্রতি দয়া প্রকাশ করিয়া উক্ত মহাশয়ের উদ্দেশ করিতে পারেন তাহা হইলে উদ্দেশকর্ত্তাকে ১৫ পোনের টাকা পারতোষিক প্রদান করা যাইবেক। মৈত্র মহাশয়ের বয়স ৩৫।৩৬ বৎসর, শ্যামবর্ণ, এবং কপালের উপর দক্ষিণ ভাগে ঘূর্ণিত কেশ আছে. যদি কেহ অনুগ্রহ পুরঃসর প্রভাকর যন্ত্রালয়ে সংবাদ দিলে আমি প্রাপ্ত হইব ইতি।

শ্রীবল্লবীকান্ত চট্টোপাধ্যায়।
মোং রামনারায়ণপুর।

বিজ্ঞাপন

কলিকাতা পত্রিকা।

আগামী ফাল্গুন মাস অবধি কলিকাতা পত্রিকার আকর আটপাতা করমার তিন করমা হইবে। তাহার উপরে কাগজের সুদৃশ্য মলাট থাকিবেক। এই পত্রের অগ্রিম মূল্য ১৮ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা ভাদ্রমাসের প্রথম দিবসের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টী কাগজ।

ছাপরা নগরী।

ছাপরা নগরীতে পূর্ব্বে যেরূপ পীড়োপদ্রব ও মারীভয় উপস্থিত হইয়াছিল, এক্ষণে আর সেরূপ নাই। আমাদের ছাপরাস্থ সংবাদ দাতা লিখিয়াছেন, "ছাপরার নূতন সংবাদ আর কিছুই নাই। এক্ষণে এপ্রদেশে আর ক্লেশ মাত্র নাই। বিদ্রোহিতা সময়ে ও প্রজা পুঞ্জের ধন গিয়া প্রাণ রক্ষা হইয়াছিল, কিন্তু দুর্ভাগ্য বশতঃ এক্ষণে পীড়োপদ্রবে অনেকে ধন প্রাণে নিহত হইয়াছে। এক্ষণে এই বিস্তৃত ছাপরা নগরীতে পীড়োপদ্রব অনেক পরিমাণে উপশান্ত হইয়াছে বটে, কিন্তু নাগরিকেরা এপর্য্যন্ত স্বাস্থ্য লাভ করিতে পারে নাই। ফলতঃ এক্ষণে এখানে পূর্ব্বরূপ পীড়োদ্রব ও মারী ভয় নাই বলিলেই হয়।

এ বৎসর এখানে অত্যন্ত শীতের প্রাদুর্ভাব হইয়াছিল।

প্রেরিত পত্র

পরম কল্যানীয় শ্রীযুক্ত সংবাদ প্রভাকর সম্পাদক মহাশয় পরম কল্যাণ বরেষু।

যথাবিহিত সম্বেধনানন্তর আশীর্ব্বাদ বিজ্ঞাপন করিয়া থাকি? আমরা কোন ভ্রমণকারী নর্ম্মসীর মুখে শুনিলাম, মহীশূরের বেদজ্ঞ রাজা সব্বদাই "দিদা বৈজ্ঞানায় থনং বৈদ্যনায়" এই অশ্রুতপূর্ব্ব দুইটী শ্রুতি আবৃত্তি করিয়া থাকেন। ফলতঃ তিনি যেমন ক্ষুদ্র রাজা, তাঁহার বুদ্ধি সেরূপ ক্ষুদ্র নহে।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Prabhakur Press*.

সংবাদপ্রভাকর

সাপ্তাহিকপত্র

।।।।* সহাং মনস্তামরস প্রভাকর, সরোব সন্দেযু সমপ্রভাকরঃ *।।*

।।।।* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *।।*।।*

নকুং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্যুনং ভ্রাম্যন্মতঙ্গজমীষদস্যতং পীত্বা ক্ষুধাকাতরাঃ।
অন্যোন্যাধিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে সঙ্কল্পং দিবসেপরস্ত চতুরস্যাদ্বিরেফোরসং।

৮ সংখ্যা। বুধবার ২৭ মাঘ ১২৬৬ বাঙ্গালা। ইং ৮ ফিব্রুয়ারি ১৮৬০ খ্রীষ্টাব্দ মাসিক মূল্য [১৲ টাকা মাত্র।

এস্তেহার।

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে বাবু কানাইলাল দাস সাকিম কপালিটোলার গলি সহর কলিকাতা অদ্যকার তারিখের লিখিত ডিসচার্জ আর সেটেলমেণ্টর দ্বারা তাঁহার বর্ত্তমান পাওনাদারদিগের দেনার টাকা পরিশোধের জন্য অন্যান্য কর্ম্ম সম্পূর্ণ কারণ কোন ট্রষ্টীগণকে এসাইনমেণ্ট করিয়াছেন তন্নিমিত্তে উক্ত বাবু কানাইলাল দাসের পাওনাদারদিগকে জ্ঞাত করা যাইতেছে যে তাঁহারা যেন আপন আপন পাওনা টাকার হিসাব লিখিত ব্যক্তিগণের নিকট ত্বরায় দাখিল করেন আর যে সকল ব্যক্তি উক্ত বাবু কানাইলাল দাসের সহিত কোন দেনা ও পাওনা করিতেছেন তাঁহাদিগকেও জ্ঞাত করা যাইতেছে যে উক্ত ইনডেনচর আর সেটেলমেণ্ট দ্বারায় যে টাকা লিখিয়া দেওয়া হইয়াছে সে টাকার দ্বারায় উক্ত বাবু কানাইলাল দাস যে কোন তারিখের পর করিবেন না।

জজ, জজ, ওয়াটকিন্স।
ট্রষ্টীদিগের উকীলগণ।
পুরাতন ডাক ঘরেরগলি।
কলিকাতা ১৭ জানেওয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

জেলা যাজসাহীর মহকুমা নাটোরের অন্তঃপাতি আলাইকুলা গ্রাম নিবাসী অস্মদ্ ভগিনীপতি শ্রীযুত শ্রীনাথ মৈত্র মহাশয় জেলা তমলুকের নেমক কাছারিতে সদর বক্সী গিরী কর্ম্মে নিযুক্ত ছিলেন। গত ১২৬৫ সালের শেষে কোন অপরাধ হেতু এজেণ্ট বাহাদুর কর্ম্ম চ্যুত করাতে বর্ত্তমান বর্ষের জ্যৈষ্ঠ মাসের প্রথম পর্য্যন্ত ঐ তমলুকে অবস্থিতি ছিলেন, পশ্চাৎ বিষয় চ্যুত হওয়া বা সাংসারিক আবশ্যকে মনস্তাপিত হইয়া জ্যৈষ্ঠের শেষে তথা হইতে কপটবেশে পলায়ন করিয়াছেন। তদবধি অদ্যাপর্য্যন্ত চেষ্টালক্ষ্য না হওয়াতে সর্ব্বসাধারণ নিকট ব্যক্ত করিতেছি যে যদি কোন মহোদয় এজনের প্রতি দয়া প্রকাশ করিয়া উক্ত মহাশয়ের উদ্দেশ করিতে পারেন তাহা হইলে উদ্দেশকর্ত্তাকে ১৫ পোনের টাকা পারতোষিক প্রদান করা যাইবেক। মৈত্র মহাশয়ের বয়স ৩৫।৩৬ বৎসর, শ্যামবর্ণ, এবং কপালের উপর দক্ষিণ ভাগে ঘূর্ণিত কেশ আছে. যদি কেহ অনুগ্রহ পুরঃসর প্রভাকর যন্ত্রালয়ে সংবাদ দিলে আমি প্রাপ্ত হইব ইতি।

শ্রীবল্লবীকান্ত চট্টোপাধ্যায়।
মোং রামনারায়ণপুর।

বিজ্ঞাপন

কলিকাতা পত্রিকা।

আগামী ফাল্গুন মাস অবধি কলিকাতা পত্রিকার আকর আটপাতা করমার তিন করমা হইবে। তাহার উপরে কাগজের সুদৃশ্য মলাট থা-

কিবে। এনিমিত্তে ইহার মাসিক মূল্য ।০ চারি আনা, এবং অগ্রিম মূল্য ২।।০ আড়াই টাকা, করা গেল। গ্রাহক বা গ্রহণার্থীরা কলিকাতা বাহির-সিমুলিয়া সুকেস ষ্ট্রীট ৩৪ নম্বর বাটীতে কলিকাতা পত্রিকার কার্য্যালয়ে, অথবা প্রভাকর যন্ত্রালয়ে আমার নিকট পত্র লিখিবেন। যে সকল গ্রাহকদের নিকট পূর্ব্ব বৎসরের ও বর্ত্তমান বৎসরের মূল্য বাকী আছে, তাঁহারা ঔদাসীন্য ত্যাগ করিয়া শীঘ্র শীঘ্র তাহা পাঠাইবেন।

শ্রীকালীকৃষ্ণ ভট্টাচার্য্য।
কলিকাতা পত্রিকার কার্য্যালয়
সংবৎ ১৯১৬, ২০ এ মাঘ।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত,
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

২৭ মাঘ, শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

কলিকাতা পবলিক থিয়েটর অর্থাৎ মহানগর কলিকাতার প্রকাশ্য নাট্যশালা স্থাপনাভিপ্রায়ে শ্রীযুক্ত বাবু রাধামাধব হালদার তথা শ্রীযুক্ত বাবু যোগীন্দ্রনাথ চট্টোপাধ্যায় ইংরাজী ভাষায় এক খানি অনুষ্ঠান পত্র মুদ্রাঙ্কন করিয়া আমারদিগের নিকটে প্রেরণ করিয়াছেন। আমরা তাহা পাঠ করিয়া সন্তোষরসে অতিষিক্ত হইলাম। সাধারণের আমোদার্থ এই রাজধানীমধ্যে একটী প্রকাশ্য নাট্যালয় হয় এবং তাহার রঙ্গভূমিতে এতদ্দেশীয় কৃতবিদ্য ব্যক্তিগণ বিবিধ নাটক গ্রন্থের অভিনয় দেখাইয়া সকলকে সন্তুষ্ট করেন, ইহা অনেকেরই প্রার্থনা, নাটকাভিনয় প্রদর্শনের সুবিমল প্রথা পূর্ব্বকালে এই রাজ্যমধ্যে প্রকৃষ্টরূপে প্রচলিতা ছিল ইহা ঐতিহাসিক বিবরণ দ্বারা এবং বহুবিধ কবিবর গুণাকরের বিরচিত নাটক দ্বারাই বিশিষ্টরূপে প্রকাশ আছে। অতএব এতদ্দেশীয় বিদ্যামোদি ব্যক্তিগণ সম্প্রতি নাটকাভিনয় প্রদর্শন বিষয়ে উৎসাহ প্রকাশ করিতেছেন ইহাতে কোনমতে নূতন বলা যাইতে পারে না, এবং তাহাতে তাঁহারা ইংরাজদিগের দৃষ্টান্তের অনুগামি হইয়াছেন, আমরা একথাও বলিতে পারি না।

হিন্দু নৃপতিগণ রঙ্গভূমির সম্মুখে পরিবার অমাত্য এবং কর্ম্মচারিগণ কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া উপবেশন পূর্ব্বক সংস্কৃত বিরচিত অনেক নাটকের অভিনয় সন্দর্শন করিয়াছেন, এবং নটগণের অঙ্গভঙ্গী ও করুণা বীভৎস প্রভৃতি বিবিধ রস মিশ্রিত বক্তৃতাদি শ্রবণে কোন সময়ে পুলকে পরিপূর্ণ এবং কোন সময়ে বা শোকাভিভূত হইয়াছেন, ইহারও অনেক প্রমাণ সংস্কৃত গ্রন্থাদিতে প্রাপ্ত হওয়া যাইতেছে। পূর্ব্বপূর্ব্ব রাজগণ রাজ্যচ্যুত হওয়াতেই ঐ বিশুদ্ধ আমোদ প্রমোদের নিয়ম লোপ প্রাপ্ত হইয়াছে ইহা সকলেই স্বীকার করিবেন।

অধুনা ভারতবর্ষ সৌভাগ্যক্রমে সভ্য ইংরাজ জাতির শাসনাধীন হইয়াছে। বিদ্যানুশীলন ও আমোদ প্রকাশ ইত্যাদি সকল বিষয়েই তাঁহারা আমারদিগকে সম্পূর্ণ স্বাধীনতা দিয়াছেন। বিশেষতঃ নাটকাভিনয়

166258

বিষয়ে তাঁহারা যখন বিশেষামোদি ও তজ্জন্য অর্থব্যয় বিস্তর করিতেছেন, তখন আমারদিগের পক্ষেও সেই পূর্ব্ব প্রদর্শিত নিয়মের অনুগামি হওয়া অত্যন্ত কর্ত্তব্য হইয়াছে। ইহাতে কেবল নাটকাভিনয়ে রুচির নিয়ম হিন্দু সমাজে পুনঃপ্রচলিত হইবেক এমত নহে, অন্যান্য সভ্য জাতিগণ তাঁহারা তদ্বিষয়ে বিশেষামোদ প্রকাশ করিয়া থাকেন তাঁহারাও জানিতে পারিবেন যে হিন্দু জাতিকে যদ্রূপ অসভ্য বিবেচনা করেন, তাহারা তদ্রূপ নহে। এইক্ষণে তাঁহারা যে নাটকাভিনয় বিষয়ে পরিপূর্ণ আমোদ প্রকাশ করিতেছেন, অন্যত্র বৎসর পূর্ব্বে এই হিন্দুস্থানের সকল রাজধানীতেই তাহা হইয়াছে, এবং এইক্ষণেও হিন্দু যুবকগণ নাটকের অভিনয় বিষয়ে অক্ষম হইতেছে।

এই কলিকাতা রাজধানী এবং তাহার নিকটস্থ স্থাননিবাসি কতিপয় অতি সম্ভ্রান্ত ধনাঢ্য পরিবারের বিশেষানুকূল্যে কয়েকবার কয়েক স্থানে নাটকাভিনয় হইয়াছিল, তাহার বিস্তারিত বিবরণ আমরা প্রতি করে প্রকাশ করিয়াছি। পাঠক মহাশয়েরা পাঠ করিয়া থাকিবেন। অতএব ঐ সকল মহাত্মারা কেবল আপনারদিগের ও আত্মীয়গণের আমোদার্থ তাহা করিয়াছিলেন, সাধারণের নিমিত্ত তাহা হয় নাই। এই রাজধানী মধ্যে সাধারণের আমোদ নিমিত্ত এক নাট্যশালা হয় এবং সাধারণের সাহায্যে তাহার অর্থ ব্যয় ও অন্যান্য প্রয়োজনীয় কার্য্যাদি নির্ব্বাহ হইতে পারে এই অভিপ্রায়েই শ্রীযুক্ত বাবু রাধামাধব হালদার তথা শ্রীযুক্ত বাবু যোগীন্দ্রনাথ চট্টোপাধ্যায় পূর্ব্বোক্ত অনুষ্ঠান পত্র প্রকাশ করিয়াছেন যে নিয়মে ঐ নাট্যশালা হইবেক তাহার সংক্ষেপ মাত্র আমর উক্ত অনুষ্ঠান পত্র হইতে অনুবাদ পূর্ব্বক নিম্নভাগে প্রকটন করিলাম।

প্রস্তাবিত নাট্যশালা এই রাজধানীর এমত প্রকাশ্য স্থানে স্থাপিত হইবেক যথায় ইংরাজ ও দেশীয় মহাশয়েরা অনায়াসে গমনাগমন করিতে পারেন।

উৎকৃষ্ট২ লেখকদিগের বিরচিত উত্তমোত্তম নাটকাভিনয় সকল ঐ নাট্যশালার রঙ্গভূমিতে প্রদর্শিত হইবেক।

উত্তম চিত্রকরেরা রঙ্গভূমিতে প্রয়োজনীয় চিত্রাদি প্রস্তুত করিবেন, এবং তাহার নিমিত্ত এতদ্দেশীয় এক সম্প্রদায় বাদ্যকর নিরূপিত থাকিবেন এবং তাঁহার প্রয়োজনীয় বাদ্যাদ্যোম শিক্ষা করিবেন।

প্রিন্স আব ওয়েলস্ থিয়েটর নামক ইংরাজী নাট্যশালার পূর্ব্বতন সেক্রেটারি মেং ডবলিউ বি কালিন্স সাহেব রঙ্গভূমির শোভা সন্দীপণ ও অন্যান্য কার্য্যাদি নির্ব্বাহ করণের ভার গ্রহণ করিবেন, অনুষ্ঠানকারিরা সংক্ষেপে ব্যক্ত করিয়াছেন যে নাট্যশালাকে সাধারণের সাহায্যের উপযোগিনী করণার্থ তাহার অর্থ ব্যয় ও পরিশ্রম করণে কিছুমাত্র কাতর হইবেন না।

যে কোন মহাশয়েরা নাটকাভিনয় প্রদর্শনার্থ গমন করিবেন তাঁহারদিগকে টিকিটের মূল্য দিতে হইবেক এবং তাহাতে যে টাকা উৎপন্ন হইবেক অনুষ্ঠান কারিরা তাহা হইতে গায়কদিগের কর বাটী ভাড়া আলো দেওয়া পুলিসের সারজনের ব্যয় ইত্যাদি নির্ব্বাহ করিবেন।

পরন্তু প্রকাশ্য নাট্যালয় স্থাপন ও তাহার প্রয়োজনীয় কার্য্যাদি নির্ব্বাহ নিমিত্ত যে অর্থ ব্যয়ের প্রয়োজন কেবল টিকিট বিক্রয় দ্বারা আপাততঃ তাহা সংগ্রহ হইবার কোন সম্ভাবনা নাই। অতএব অনুষ্ঠানকারিরা স্বাক্ষরিত প্রেরণ দ্বারা সাধারণের নিকটে সাহায্য প্রার্থনা করিয়াছেন, সাহায্যকারি মহাশয়দিগের নিকট হইতে ২৫ টাকার ন্যূন দান গ্রহণ করিবেন না, এবং তাঁহারা যত টাকা দান করিবেন, তাহারদিগকে তত টাকার টিকিট দিবেন, অপিচ যাঁহারা সাহায্য করিবার মানস করেন, তাঁহারা মেনেজর অর্থাৎ কার্য্যাধ্যক্ষ শ্রীযুক্ত রাধামাধব হালদারের নামে পত্র লিখিয়া আহিরীটোলা ষ্ট্রীটে ১২৭ নম্বর ভবনে প্রেরণ করিবেন।

প্রাগুক্ত নাট্যশালায় ইংরাজী কি বাঙ্গলাভাষায় বক্তৃতা কি গানাদি হইবেক তাহা অনুষ্ঠান পত্রে কিছুই বিশেষ করিয়া লিখিত হয় নাই। অনুষ্ঠানকারিরা অনুষ্ঠান পত্র যখন ইংরাজীতে লিখিয়াছেন, তখন অনেকেই এমত বিবেচনা করিতে পারেন যে তত্তাবৎ ইংরাজী ভাষাতেই হইবেক, কিন্তু অনুষ্ঠান পত্রের স্থানে স্থানে যখন "হিন্দু থিয়েটর,,

এই উভয় শব্দ পু ঃ২ উল্লেখিত হইয়াছে তখন তাহা বঙ্গ ভাষাতেই হইবারই সম্ভাবনা। যাহা হউক এই বিষয় স্পষ্ট করিয়া লেখা আবশ্যক।

অনুষ্ঠানকারিরা অতি উত্তম বিষয়ের প্রস্তাব করিয়াছেন, যদি সুনিয়মে কার্য্যাদি নির্ব্বাহ করিতে পারেন তবে প্রস্তাবিত নাট্যশালা সাধারণের পরম আদরণীয় হইবার সম্ভাবনা, অতএব বিদ্যামোদি ব্যক্তিগণ বিশেষতঃ যে সকল মহাশয়েরা নাটকাভিনয় প্রদর্শন ও তাহা সন্দর্শন বিষয়ে বিশেষামোদ প্রকাশ করিয়া থাকেন, অধনা আমরা তাঁহারদিগকে সবিনয়ে অনুরোধ করিতেছি যে তাঁহারা এই বিষয়ে সাহায্য করণে কৃপণতা অবলম্বন করিবেন না। যেহেতু বহু লোকের পরিশ্রম ও যত্ন এবং সাহায্য ব্যতীত কোন প্রকার সাধারণ সুখজনক বা আমোদজনক কার্য্য নির্ব্বাহ হইতে পারে না। অতএব কলিকাতায় প্রকাশ্য নাট্যশালা সংস্থাপন বিষয়ে যে যে মহাশয়েরা উৎসাহি হইয়া প্রেরিত স্বাক্ষরিকায় নাম স্বাক্ষর করিবেন তাঁহারাই তাহার প্রয়োজনীয় নিয়মাদি নির্দ্ধারণার্থ এক কমিটী রূপে নিযুক্ত হইবেন, এবং তাঁহারদিগের সম্মতি ক্রমেই সকল কার্য্য নির্ব্বাহ হইবেক আমরা যে প্রস্তাব করিলাম বোধ করি অনুষ্ঠানকারিরা ইহার প্রতি কোন আপত্তি করিবেন না।

কলিকাতা রাজধানী।

কলিকাতা রাজধানীর দীর্ঘসূত্রী শোভাসম্পাদনকারি কমিসনর সাহেবেরা প্রায় পাঁচ বৎসর হইল রাজধানীর শোভা সম্পাদনার্থ নিযুক্ত হইয়াছেন। এই সুদীর্ঘ পাঁচ বৎসর কালের মধ্যে কিছুমাত্র শোভা সম্পাদিত হইল না। এই পাঁচ বৎসর কাল কমিসনর সাহেবদের কল্পনায়২ কাটিয়া গেল। ইহা অত্যন্ত আশ্চর্য্যের বিষয়। সম্প্রতি তাঁহারা ঘোষণা দিয়াছেন, রাজধানীতে যত জল-প্রণালী আছে, সে সকল আবরণ দ্বারা আচ্ছাদিত করিবেন,—বাঙ্গালি টোলার অন্ধকার নিবারণার্থ গাসলাইট অর্থাৎ বাষ্পালোক দিবেন—এবং অবিলম্বেই বাঙ্গালিদের জলকষ্ট ও রাজপথে উড্ডীয়মান ধূলি ক্লেশ নিবারণার্থ লহর ১ কাটিয়া গঙ্গা হইতে জল আনিবার সুবিধা করিয়া দিবেন। আমরা কমিসনর সাহেবদের এই মঙ্গলময় ঘোষণা পাঠ করিয়া যার পর নাই, আহ্লাদিত হইলাম। তাঁহারা যে বাঙ্গালিদের সুখস্বাচ্ছন্দ্যের নিমিত্তে এত অর্থ ব্যয় ও পরিশ্রম স্বীকার করিবেন, ইহা স্বপ্নের অগোচর। আমরা বোধ করি, অন্যান্যবারের উদ্যোগেরমত কমিসনরগণের এ উদ্যোগ নিতান্ত নিষ্ফল হইবেক না।

আমারদিগের লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুর স্পর্শনাথ পর্ব্বত সন্দর্শন করিয়া এবং তথাকার অ[illegible] পরিষ্কার করণের অনুমতি দিয়া রাজাবিয়াগঞ্জে আগমন করিয়াছেন সম্প্রতি তাঁহার শিবির হইতে যে পত্র আসিয়াছে তৎপাঠে জানা গেল যে তিনি ধর্ম্মদা নামক স্থানে এক প্রকাশ্য দরবারে তথাকার সম্ভ্রান্ত রাজা ও জমিদারদিগকে যথাসম্মানে আহ্বান করিয়াছিলেন, বিদ্রোহ সময়ে সকল প্রধান লোক গবর্ণমেণ্টের সাহায্য করিয়াছিলেন তিনি খেলাৎ দিয়া তাঁহারদিগকে সন্তুষ্ট করিয়াছেন, পোড়াহাটের রাজার সমস্ত সম্পত্তি রাজকোষভুক্ত হইয়াছে।

এবারে সুপ্রিকোর্টের সেসিয়ানে ৫১ ব্যক্তির বিরুদ্ধে নানা প্রকার গুরুতর অভিযোগের মোকদ্দমা উপস্থিত হইয়াছে তন্মধ্যে ২৬ জন হিন্দু ১১ জন ইংরাজ ১১ আমেরিকা দেশীয় ব্যক্তি ৪ জন ফিরিঙ্গি ১ জন আরমানি ১ জন দিশ খৃষ্টান এবং ৭ জন যবন।

কমিসরিএট সংক্রান্ত গোমস্তাদিগের অত্যাচার মধ্যাহ্ন কালের মার্ত্তণ্ডের ন্যায় প্রকাশ রহিয়াছে, তথাকার গবর্ণমেণ্ট তাহারদিগের দমনার্থ কোন সদুপায় করেন না কি আশ্চর্য্য তাহারা সামান্য বেতনে এক এক রেজিমেণ্টের সহিত পশ্চিমাঞ্চলে কি অন্যত্রে গমনাগমন করিয়া একেবারে ধনাঢ্য হইয়া আইসে।

Printed and published by RAMCHUNDE GOOPTO at the *Probahhur Press.*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকগণ

॥॥* সত্যং মনস্ত্বামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

২৩৯ সংখ্যা গুরুবার ২৮ মাঘ ১২৬৬ সাল। ইং ৯ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন দ্বারা সর্ব্বসাধারণকে সংবাদ করা যাইতেছে যে রাজী বর্ত্তমান সনের আগত ১ [illegible]ষ্টক ৫ বৎসর মেয়াদে সহরের [illegible]ওয়া রাস্তা সকল মেরামত এবং [illegible]ার ও খোওয়া সরবরাহ করণ [illegible] কণ্ট্রাক্ট দেওয়া যাইবেক, তদন্য অত্র মাহার ২৮ তারিখ মঙ্গলবার বেলা দুই প্রহর পর্য্যন্ত মিউনিসিপাল কমিসনর সাহেবেরা [illegible]এণ্ড টেণ্ডর গ্রহণ করিবেন।

অন্যান্য বিস্তারিত বিবরণ নিম্নলিখিত সাহেবের নিকট স্বয়ং উপস্থিত হইয়া দরখাস্ত করিলে [illegible]গত হইতে পারিবেন।

By order of the Board
ROBT. TURNBUL
[illegible]retary to the Municipal Commor's.

[illegible]ঙ্গি রোড
[illegible]কাতা
[illegible]জানুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন

জেলা রাজসাহীর মহকুমা নাটোরের অন্তঃপাতি আতাইকুলা গ্রাম নিবাসী অস্মদ্ ভগিনীপতি শ্রীযুত শ্রীনাথ মৈত্র মহাশয় জেলা তমলুকের নেমক কাছারিতে সদর বক্সী গিরী কর্ম্মে নিযুক্ত ছিলেন। গত ১২৬৫ সালের শেষে কোন অপরাধ হেতু এজেণ্ট বাহাদুর কর্ম্মচ্যুত করাতে বর্ত্তমান বর্ষের জ্যৈষ্ঠ মাসের প্রথম পর্য্যন্ত ঐ তমলুকে অবস্থিতি ছিলেন, পশ্চাৎ বিষয় চ্যুত হওয়া বা সাংসারিক আবশ্যে মনস্তাপিত হইয়া জ্যৈষ্ঠের শেষে তথা হইতে কপটবেশে পলায়ন করিয়াছেন। তদবধি অদ্য পর্য্যন্ত চেষ্টালভ্য না হওয়াতে সর্ব্বসাধারণ নিকট ব্যক্ত করিতেছি যে যদি কোন মহোদয় এজনের প্রতি দয়া প্রকাশ করিয়া উক্ত মহাশয়ের উদ্দেশ করিতে পারেন তাহা হইলে উদ্দেশকর্ত্তাকে ১৫ পোনের টাকা পারিতোষিক প্রদান করা যাইবেক। মৈত্র মহাশয়ের বয়স ৩০।৩২ বৎসর, শ্যামবর্ণ, এবং কপালের উপর দক্ষিণ ভাগে ঘূর্ণিত কেশ আছে, যদি কেহ অনুগ্রহ পুরঃসর প্রভাকর যন্ত্রালয়ে সংবাদ দিলে আমি প্রাপ্ত হইব ইতি।

শ্রীবল্লবীকান্ত ভট্টাচার্য্য।
মোং রামনারায়ণপুর।

বিজ্ঞাপন

কলিকাতা পত্রিকা।

আগামী ফাল্গুন মাস অবধি কলিকাতা পত্রিকার আকর আটপাতা ফরমার তিন ফরমা হইবে। তাহার উপরে কাগজের সুদৃশ্য মলাট থাকিবে। এনিমিত্তে ইহার মাসিক মূল্য ।০ চারি আনা, এবং অগ্রিম মূল্য ২॥০ আড়াই টাকা, করা গেল। গ্রাহক বা গ্রহণার্থীরা কলিকাতা বাহির-সিমুলিয়া সুকেস ষ্ট্রীট ৩৪ নম্বর বাটীতে কলিকাতা পত্রিকার কার্য্যালয়ে, অথবা প্রভাকর যন্ত্রালয়ে আমার নিকট পত্র লিখিবেন। যে

সংবাদপ্রভাকর

২৮ মাঘ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

সমাচার পত্রে প্রচার হইয়াছে যে মার্চ্চ মাস গত হইলেই সিবিল আডিটর মেং পামর সাহেব একেবারে কার্য্য পরিত্যাগ করিয়া বিলাত গমন করিবেন। এমত কল্পনা আছে যে শ্রীযুক্ত বাবু ক্ষেত্রমোহন চট্টোপাধ্যায় মহাশয় তাঁহার পদে অভিষিক্ত হইবেন। এই সংবাদ অস্মদাদির পক্ষে কেবল আনন্দ জনক নহে এদেশের পক্ষে বিশেষ গৌরব জনক বলিতে হইবেক। এতদ্দেশীয় কৃতবিদ্য ব্যক্তিগণ গবর্ণমেণ্টের অধীনে অনেক সম্ভ্রান্ত কার্য্য প্রাপ্ত হইয়াছেন বটে, কিন্তু এ পর্য্যন্ত কেহই সিবিল আডিটর অথবা তত্তুল্য অন্য কোন সম্ভ্রান্ত পদাভিষিক্ত হয়েন নাই। বাবু ক্ষেত্র মোহন চট্টোপাধ্যায় মহাশয় অতি উপযুক্ত এবং বিশেষ কার্য্যক্ষম, বিশেষতঃ তিনি যে পর্য্যন্ত প্রতিনিধি রূপে সিবিল আডিটরের পদে নিযুক্ত হইয়াছেন সেই পর্য্যন্ত অতি উত্তমরূপে কার্য্য নির্ব্বাহ করাতে তাঁহার যথেষ্ট সুখ্যাতি হইয়াছে, যেং ব্যক্তি কার্য্যালয় বিশেষে এই রূপে কার্য্য করিয়া সুখ্যাতিভাজন হইয়াছেন গবর্ণমেণ্ট তাঁহারদিগের পদ বৃদ্ধি করিয়া দিলে যথার্থই সুবিবেচনার কার্য্য হয়।

হরকরা পত্র পাঠে অবগত হওয়া গেল যে নিম্নলিখিত সিবিল সম্পর্কীয় কর্ম্মচারিদিগের পদ পরিবর্ত্তন হইবেক যথা রেবিনিউ বোর্ডের মেং মেং ষ্টেনিকোর্ট সাহেব বিলাত গমন করিবেন, মেং গ্রোট সাহেব তাঁহার পদে অভিষিক্ত হইবেন, মেং সীটন কার সাহেব বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের সেক্রেটারির কার্য্য ভার গ্রহণ করিবেন, মেং ই, টি, বর সাহেব রাজসাহীর কমিসনর হইবেন, মেং ই, লসিংটন সাহেব সদর বোর্ড রেবিনিউর সেক্রেটারির কার্য্য ভার গ্রহণ করিবেন। মেং বকলেণ্ড সাহেব বর্দ্ধমানের জজ হইবেন এবং মেং রিড সাহেব নদিয়া বিভাগের কমিসনর হইবেন কলিকাতা পুলিসের কমিসনর মেং ওয়্যাকোপ সাহেবের নাম লিখিত হয় নাই অতএব তাঁহার কমিসনরের পদাভিষিক্ত হইবার যে সংবাদ প্রকাশ হইয়াছিল তাহা সত্য হইল না তিনি আরো কিছু দিবস কলিকাতার পুলিসের উচ্চ আসনে উপবিষ্ট থাকিবেন।

এত দিনের পর বাঙ্গালি পল্লীতে বুঝি গ্যাসের আলোক দিবার অনুষ্ঠান হইল। চিৎপুরের প্রধান রাজা যাহা বড় রাস্তা নামে বিখ্যাত তাঁহার পূর্ব্ব ভাগে মানিকতলা ষ্ট্রীট যাহা বাবু আশুতোষ দেবের শয়ের বাটীর সম্মুখ দিয়া গিয়াছে বারাণসী ঘোষ ষ্ট্রীট যাহা সাঁকোর চৌরাস্তা হইতে বাবুদিগের বাটীর সম্মুখ দিয়া রাস্তার নূতন রাস্তার নিকটে ষ্ট্রীটের সহিত মিলিত হইয়াছে গ্যাস কোম্পানির কর্ম্মচারিরা উভয় প্রকাশ্য রাস্তায় গ্যাসের বসাইতেছে। বারাণসী ঘোষ ষ্ট্রীটে শ্রীযুত রায় কৃষ্ণচন্দ্র বাটীর নিকট পর্য্যন্ত নল হইয়াছে।

ঐ উভয় ষ্ট্রীটের পশ্চিমভাগে যে সকল ষ্ট্রীট ও লেন তথায় পথ আছে ক্রমে তাহাতেও নল সিলে গ্যাসের আলো নগরের পল্লীতেই হইবেক।

রেইলওয়ে কোম্পানিরা আর একখানি নূতন বাষ্পীয় জাহাজ সাইয়াছেন, তাহার নাম কুইন রদিকাটজেস ঐ জাহাজের পরিমাণ দীর্ঘে ২২৭ ফিট প্রস্থে ২৭ ফিট নিম্নে ফিট এবং তিন ইঞ্চি অঙ্গের উপর ভাসিতেছে।

গবর্ণনর জেনেরল বাহাদুর আলার যে দরবার করিয়াছিলেন তাহাতে পাতিয়ালা দেশীয় মহারাজ শতদ্রুনদ কুলসহ ও অন্যান্য রাজা ও সরদারগণ উপস্থিত হইয়াছিলেন শ্রীশ্রীযুক্ত যথা সম্মানে তাঁহাদিগের সকলকে গ্রহণ করিয়া

168260

সূচক উপাধি ও বিবিধ জরিপাদি পারিতোষিক দিয়াছেন পাতিয়ালা দেশীয় মহারাজকে লিখিয়াছেন যে তাঁহার এবং তাঁহার বংশাবলীর মধ্যে যদ্যপি সন্তানাদি না জন্মে তাঁহারা পোষ্যপুত্র গ্রহণ করিতে পারিবেন এবং সেই পুত্রেরাই রাজ্যাধিকারি হইবেন পাতিয়ালা রাজ্য কোনকালে বিলুপ্ত হইবেক না।

ইলাকটীক টেলিগ্রাফ সংক্রান্ত কোন কর্ম্ম নামক এক জন ইংরাজ বলের দ্বারা একটী দেবমন্দির ভিন্নিয়াছিলেন এবং কয়েকটী পিংপল ক্ষ ছেদন করিয়াছিলেন, তাঁহার যথেষ্ট সপ্রমাণ হওয়াতে গবর্ণমেণ্ট তাঁহাকে কার্য্যচ্যুত করিয়াছেন।

ফিনিক্স সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে বোম্বাই রাজধানীর পুলিসের সুপ্রিণ্টেণ্ডেণ্ট মহাশয় প্রজাকার অধ্যাপিগণের বিদিতার্থ রূপ ঘোষণা পত্র প্রকাশ করিয়াছেন যে তাহারা যদি কোন স্থাবর ব্যাধি নগরে রাখিয়া স্থানান্তরে গমন করেন, এবং তাহার কোন সন্ধান না থাকে তবে তিনি পুলিস কর্ম্মচারিদিগের দ্বারা তত্তাবৎ রক্ষা করিবেন, এ নিয়ম অতি উত্তম কারণ ইহাতে বোম্বাই নগরবাসিদিগের বিশেষোপকার সম্ভাবনা, কার্য্যানুরোধ বশতঃ কোন ব্যক্তির স্থানান্তর গমনের আবশ্যক হয় তবে দ্রব্যাদি কাহার রাখিয়া যাইবেন, এই চিন্তাই তাহার অধিক হয়। অতএব পুলিসের অধ্যক্ষ সাহেব সেই ভার গ্রহণ করিলে তাঁহার আর কোন চিন্তা থাকে না।

বঙ্গদেশ মধ্যে কোন কোন ব্যক্তি মহারাজ এবং রাজা উপাধি প্রাপ্ত হইয়াছেন তাহা জানিবার নিমিত্তে বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট ভারতবর্ষের গবর্ণরমেণ্টকে পত্র লেখাতে আমারদিগের গবর্ণর জেনরেল বাহাদুরের আদেশানুসারে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটারি সাহেব অযালা হইতে মহারাজা ও রাজাদিগের নাম লিখিয়া প্রেরণ করিয়াছেন, তাহাতে প্রকাশ পাইয়াছে যে ৩০ ব্যক্তি মহারাজোপাধি এবং বিংশতি ব্যক্তি রাজোপাধি প্রাপ্ত হইয়াছেন।

ময়মনসিংহের ডেপুটিমাজিষ্ট্রেট ও ডেপুটিকালেক্টর মৌলবি রায়ান আলির নিয়মিত পরীক্ষা গৃহীত হয় নাই তিনি গবর্ণরমেণ্টের নিকটে প্রতিজ্ঞা করিয়াছেন যে প্রত্যেক বারেই উক্ত পদাভিষিক্ত হইবে তাহাতে যদি অক্ষম হয়েন তবে কার্য্যভ্যক্ত হইতে সম্মত আছেন গবর্ণমেণ্ট তাহার এই বাক্যের প্রতি নির্ভর করিয়াই এবারে তাঁহার পরীক্ষা গ্রহণ করণের অনুমতি প্রদান করেন।

সিংহল দ্বীপ।

কয়েক জন বাঙ্গালি জাহাজ আরোহণ করিয়া সিংহলে গিয়াছিলেন, বলিয়া তথাকার টাইমস সম্পাদক বাঙ্গালিদিগকে নূতন সভ্য বলিয়া অনেক উপহাস করিয়াছেন। আমরা ইহার বিররণ পরে লিখিব।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

বসন্তবর্ণন।

শিশির সুশীল অতি,
স্নেহ তায় নিশাপতি,
নিজ রাজ্য করেন প্রদান।
রাজ্য পেয়ে হেমকুট,
গিয়া গিরি হেমকুট,
হিমাঙ্গির রাখেন সম্মান॥
প্রিয়তম প্রজাগণে,
সমাচার জনে জনে,
শুনাইল নব আবির্ভাব।
প্রজাগণ হরষিত,
শীতে হিম প্রকাশিত,
নবীন রাজ্যের প্রাদুর্ভাব॥
রজনীতে করি রাজ্য,
সাধি সদা নিজ কার্য্য,
প্রজাপুঞ্জে করি উৎপীড়ন।
বিচার না করে রাজ,
অবিচারে মারা যায়,
রাজ্যের যতেক প্রজাগণ॥
এই সমাচার শুনি,
সুবসন্ত নৃপমণি,
সুমধুর স্বরে স্মরে কামে।
করে রণ আয়োজন,
একে একে সৈন্যগণ,
যেতে হবে হেমন্তের ধামে॥
হরি তার রাজ্যখণ্ড,
করি তারে লণ্ড ভণ্ড,
পরাক্রম করিব প্রচার।
সমুচিত কর হিত,
প্রজা হবে হরষিত,
তবে হবে বিহিত বিচার॥
সাজাইয়া সৈন্যদলে,
শ্রীমন্ত বসন্ত চলে,
হেমন্তেরে দমন করিতে।

বসন্তের আগমন,
শুনি হেমন্ত রাজন,
মোহে পড়ে সিংহাসন হতে।
হেমন্তের পারিষদ,
সবে হয়ে সবিষাদ,
যায় রাজ্য কার্য্য পরিহরি।
বসন্ত শ্রীমন্ত বেশে,
উপনীত হলো এসে,
হেমন্তের সিংহাসনোপরি ॥
পুষ্পময় সিংহাসন,
কুসুমের আভরণ,
করে কার শর শরাসন।
মদনে ডাকিয়া বলে,
জানাও প্রজা সকলে,
বসন্তের শুভ আগমন ॥
পেয়ে রাজ অনুমতি,
মলয়া মাতিয়া অতি,
মৃদু মৃদু গতি ভরে যায়।
পিকবর ঝঙ্কারিয়া,
সুসংবাদ রাজ্যে গিয়া,
প্রেমানন্দে সকলে ভাষায় ॥
অলি গুণগুণ করি,
কুসুম কানন ভরি,
গৌরবে সৌরভ নিতে এল।
বুঝ তার মনোগত,
কুসুম বিটপী যত,
হর্ষ মনে প্রফুল্লিত হল ॥
অতসী অশোক চাঁপা,
সৌরভ না করি ছাপা,
গৌরব করিয়া সদা রয়।
গোলাপ প্রলাপ করি,
সৌরভ করিয়া চুরি,
মন্দ মন্দ গন্ধ ভরে বয় ॥
কুসুম কামিনী জাতি,
বহে গন্ধ জাতি জাতী,
নবীন পল্লব সহকারে।

যূথি বেল গন্ধরাজ,
গৌরবে করিয়া সাজ,
সৌরভে সবার মন হরে ॥
বকুল ব্যাকুল হয়ে,
নিজ বাস হারাইয়ে,
ভূতলে করিছে গন্ধময়।
মল্লিকা মালতি ফুল,
এলাচি লবঙ্গ কুল,
সৌরভেতে মন হরি লয় ॥
হসীক রজনী গন্ধ,
পারিজাত দ্রোণ কুন্দ,
মন্দ মন্দ গন্ধ করে দান।
কৃষ্ণ চূড়া কৃষ্ণ কেলী,
সুরভি সুরম্য বেলি,
কেলি করে করে মৃয়মান ॥
শাখা তুলি সহকারে,
করি কহে অহঙ্কারে,
মধু করে করে সম্বোধন।
বনের বিটপী যত,
গন্ধ পুষ্পে বিকশিত
তোমায় করিবে আলিঙ্গন ॥
জলাশয় হর্ষকায়,
পেয়ে দৃঢ় মলয়ায়,
শ্বেত রক্ত নীলাক্ত নলিনী।
বিস্তারিয়া শতদল,
রসরঙ্গে টলমল,
ধন্য দেয় বসন্তেরে ধনী ॥
হেরি হরষিত মন,
অলি করে আলিঙ্গন,
জনে জনে মন যোগাইয়া।
লুণ্ঠন করিয়া মধু,
নববালা কুলবধূ,
কামিনীর হৃদে লুকাইয়া ॥
তমালেতে শাখোপরি,
বসি সবে সারি সারি,
সুখে গান করে শুক শারী।

চকোর চতুর বেশে,
ভ্রমে ভরি দেশে দেশে,
রাজ আজ্ঞা উপলক্ষ করি ॥
নানা জাতি পক্ষিকুল,
রব করি কুল কুল,
ধেয়ে যায় দলবদ্ধ হয়ে।
বিরহি জনার মন,
করিবারে উচাটন,
মদন রাজার আজ্ঞা লয়ে ॥
তুরঙ্গ কুরঙ্গ করি,
যূথে যূথে নৃত্য করি,
কাননে কৌতুক কোলাহলে।
মলয়া মাতিয়া মদে,
মন্দ মন্দ গন্ধ সাধে,
মহীরে মোহিত করি তুলে ॥
ভৃঙ্গ আর পিকবরে,
ত্বরায় আদায় করে,
সুসংবাদ নগরে নগরে।
দেখি সুখি সর্ব্বজন,
বিনা বিরহির মন,
রঙ্গরসে বহে অনিবারে ॥
আতর কাতর অতি,
গন্ধ বহে মন্দ গতি,
বিরহীর বিরহ বিপিনে।
হৃদয়ে না হয় সুখ,
কমলে কমলে সুখ,
মদন দমনকারি বিনে ॥
সব নবকুলবালা,
বিরহ দুরূহ জ্বালা,
সইতে নারে রৈতে কুলে কুলে।
বাসে বাস তেয়াগিয়া,
অনঙ্গেরে ধেয়ে গিয়া,
কটু কহে রসরঙ্গ ছলে।

শ্রীহৃদয়কমল দাস।
ভবানীপুর।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probahkur Press.*

সংবাদপ্রভাকর

প্রাত্যহিকপত্র

২৬১
169

এই প্রভাকর পত্র ... ব্যতীত প্রতি ... কলিকাতা সিমু ... অসংপ্রতি ... ডিয়ার দুর্গাচরণ ... ষ্ট্রীটে ৪২ নং ... সম্পাদক শ্রীযুত ... গুপ্তকর্ত্তৃক প্র ...

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

... সংখ্যা শুক্রবার ২৯ মাঘ ১২৬৬ সাল। ইং ১০ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [ ] তঙ্কা মাত্র।

MUNICIPAL COMMISSIOERS NOTICE.

...নিসিপাল কমিসনর সাহেব ...গের করপ্রদাতাদিগের প্রতি বিজ্ঞাপন।

অত্র বিজ্ঞাপন দ্বারা সর্ব্ব সাধা... জ্ঞাত করা যাইতেছে যে ... কলিকাতার মিউনিসিপাল ...সনর সাহেব মহাশয়েরা নস ...৬ সালের ২৫ আইনের ক্ষমতা... সহরের বাটী ও ভূমির উপর ... অবধারণ করিবার জন্য সন ... সালের নিমিত্তে যে বাটীর ...দির বাৎসরিক ভাড়া নির্দ্ধা... করিয়াছেন, তাহা পুস্তকে লি... হইয়া বাটীর দখলিকার কিম্বা ...টিয়া ও মোক্তার অথবা অছি ... টাট ওগয়রহদিগের দ্বারা ... ১ ফিব্রুয়ারি বুধবার বেলা ...ঘণ্টা অবধি অপরাহ্ন ৪ ঘণ্টা ... তারিখ হইতে অবলোকন ও ... করণ জন্য উক্ত কমিসনর সা-হেবদিগের আফিসে প্রস্তুত থাকিবে।

এই বিজ্ঞাপন দ্বারা আরও জ্ঞাত করা যাইতেছে, যে উক্ত আইনের ১১ ধারানুযায়িক কমিসনর সাহেবানেরা আগত ১৬ ফিব্রুয়ারি তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় পর্য্যন্ত ও তাহার ক্রমশঃ পর২ দিবসাবধি বৈঠক করিয়া টেক্স কমাইবার জন্য যে সকল দরখাস্ত করা হইবে তাহার বিচার করিবেন। অতএব বাটীর বা ভূমির দখলিকার গণ স্বয়ং বা মোক্তার দ্বারা হাজির হইয়া টেক্স নির্দ্ধারিতের উপর যে আপ আপত্তি থাকে তাহা করিবেন। ইতি তারিখ ১৩ জানুওয়ারি

ROBT. TURNBUL
রবার্ট টারেণবুল।
By order of the Board
Secretary to the Municipal Commor's.

৩ নং চৌরঙ্গি রোড।
কলিকাতা
১৩ জানুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

ফরাসডাঙ্গা অতি ভয়ানক স্থান ফরাসডাঙ্গা ব্যাঘ্র, ভল্লূক, সিংহ প্রভৃতি হিংস্র জন্তু হইতে ও ভয়ানক ব্যাঘ্র ভল্লূক বনে থাকা প্রযুক্ত সর্ব্বক্ষণ মনুষ্যদিগের সংহার করিতে পারে না, কিন্তু ফরাসডাঙ্গা মাদক দ্রব্যের প্রলোভনদ্বারা নিয়তই মনুষ্যদিগকে সংহার করিয়া থাকেন কত২ বিদ্বান ব্যক্তি ফরাসডাঙ্গার কুহকে পড়িয়া বিনাশপ্রাপ্ত হইয়াছেন, কত২ ধনাঢ্য ব্যক্তিকে ফরাসডাঙ্গা নির্ব্বাসিত করিয়াছেন, ফরাসডাঙ্গার নানা স্থানে বারোয়ারি পূজা উপলক্ষে বিপুল অর্থ ব্যয় হইয়া থাকে কিন্তু ফরাসডাঙ্গায় একটী উত্তম বিদ্যালয় বা চিকিৎসালয় নাই, দাতব্য সমাজও নাই, ব্রহ্মসমাজ নাই, এবং ফরাসডাঙ্গায় পথ ঘাট স্থানে ও উত্তম নহে। অতএব ফরাসডাঙ্গায় মাদক দ্রব্যের যাহাতে দৌরাত্ম্য হ্রাস হয়, লোকেরা যাহাতে সচ্চরিত্র হয় এবং

৪৮৯

বিদ্যা ও ধর্ম্মের প্রতি যাহাতে অনুরাগ হয়, আর বারোয়ারি পূজার পরিবর্ত্তে কোথাও বা বিদ্যালয় কোথাও বা পুস্তকালয়, কোথাও বা চিকিৎসালয় কোথাও বা দাতব্য সমাজ কোথাও বা পথ ঘাট পরিষ্কার হয় এই মহা উদ্দেশ্যে আমরা একটী ফরাসডাঙ্গায় ব্রাহ্ম সমাজ স্থাপন করিবার মানস করিয়াছি অতএব বিদ্যানুরাগি ও ধর্ম্মানুরাগি মহাত্মাগণ কিঞ্চিৎ২ ব্যয়ের আনুকূল্য করিয়া এই মহৎ কার্য্য উৎসাহ প্রদান করিবেন।

শ্রীহারানচন্দ্র চট্টোপাধ্যায়।
সাং ফরাসডাঙ্গা লালবাগান।

কলিকাতা পত্রিকা।

আগামী ফাল্গুন মাস অবধি কলিকাতা পত্রিকার আকর আটপাতা ফরমার তিন ফরমা হইবে। তাহার উপরে কাগজের সুদৃশ্য মলাট থাকিবে। এনিমিত্তে ইহার মাসিক মূল্য ।০ চারি আনা, এবং অগ্রিম মূল্য ২॥০ আড়াই টাকা, করা গেল। গ্রাহক বা গ্রহণার্থীরা কলিকাতা বাহির-সিমুলিয়া সুকেস ষ্ট্রীট ৩৪ নম্বর বাটীতে কলিকাতা পত্রিকার কার্য্যালয়ে, অথবা প্রভাকর যন্ত্রালয়ে আমার নিকট পত্র লিখিবেন।

শ্রীকালীকৃষ্ণ ভট্টাচার্য্য।

কলিকাতা পত্রিকার কার্য্যালয়
সংবৎ ১৯১৬, ২০ এ মাঘ।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পাসী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

সংবাদ প্রভাকর

২৯ মাঘ শকাব্দা ১৭৮১ বিক্টোরিয়া

আমরা ইংলিসমান পত্রের [illegible] ন্দালস্থ সংবাদদাতার পত্র পাঠে [illegible] বগত হইলাম যে কুকী নামক [illegible] দল পাহাড়িয়া মনুষ্য ত্রিপুরা [illegible] র্ব্বতমালা হইতে অবতরণ পূর্ব্ব [illegible] বৃটিস অধিকারস্থ কতিপয় [illegible] লুণ্ঠন এবং প্রায় সহস্র প্রজার [illegible] সংহার করিয়া পুনর্ব্বার পর্ব্বতে [illegible] পরি প্রত্যাগমন করিয়াছে। তাহা [illegible] দিগের হঠাৎ এরূপ অত্যাচারে [illegible] কারণ এপর্য্যন্ত জানা যায় নাই [illegible] কিন্তু যখন মাজিষ্ট্রেট এবং কমিস [illegible] নর সাহেব তথায় গমন করিয়াছেন [illegible] তখন তাহার কারণানুসন্ধান অতি শীঘ্রই হইবেক, তাহার সন্দেহ নাই [illegible] তাঁহারদিগের সমভিব্যাহারে প্রায় ৫০০। ৬০০ সৈন্য গমন করিয়াছে [illegible] এবং একদল ঢাকা ব্যাটেলিয়ন [illegible] থায় অতি শীঘ্র পৌঁছিবেক।

সংবাদদাতা আরও লেখেন যে কুকীদিগের জঙ্গল হইতে বহিষ্কৃত করিয়া তাহারদিগের আক্রমণ পূর্ব্বক প্রাণসংহার করা রাজপুরুষদিগের অতীব কর্ত্তব্য হইয়াছে। কেহ কহিতেছেন যে, উহাদিগের সংখ্যা প্রায় ৪ সহস্র হইবেক। যাহা [illegible] বোধ হইতেছে যে অবশ্যই স্বাধীন ত্রিপুরার কোন সেনাপতি সেনাপতির পদ ধারণ পূর্ব্বক তাহারদিগের এতৎকার্য্যে পদচালনা করাইতে

ছেন। আমরা কুকীদিগের চরিত্রের বিষয় বিশেষ জ্ঞাত আছি, তাহারা গ্রামাদি লুণ্ঠন পূর্ব্বকই সংসারযাত্রা নির্ব্বাহ করিয়া থাকে। এস্থলে ত্রিপুরার রাজার প্রতি আমরা কোন দোষারোপ করিতে পারি না। যাহা হউক শ্রীযুত কমিসনর মেং ষ্টিয়ার সাহেবের সম্মুখে কিছুই অপ্রকাশ থাকিবে না, তিনি তাহার বিশেষ অনুসন্ধান অবশ্যই করিবেন। আমরা বোধকরি যতক্ষণ পর্য্যন্ত রাজার অপরাধ সাব্যস্ত না হইবে ততক্ষণ পর্য্যন্ত তাঁহার স্বাধীন রাজ্য রাজপুরুষেরা বিনা অপরাধে গ্রহণ করিবেন না।

আমরা শ্রুত হইলাম যে শ্রীযুত মেং সিটন কার সাহেব বাঙ্গাল গবর্ণমেণ্টের সেক্রেটরির পদে নিযুক্ত হইবেন। শ্রীযুত মেং গ্রোট সাহেব বোর্ড আর রেবিনিউর মেম্বরী পদে নিযুক্ত হইয়াছেন, এবং শ্রীযুত মেং ই, এইচ, লসিংটন সাহেব তথাকার সেক্রেটরী হইবেন। শ্রীযুত ই, ট্রেবর সাহেব রাজসাহী বিভাগের কমিসনরী পদে নিয়োজিত হইয়াছেন, এবং শ্রীযুত মাং রীড সাহেব [illegible] দিয়া বিভাগের কমিসনরী পদে অভিষিক্ত হইয়াছেন।

আমরা ফিনিক্স পত্র পাঠে অবগত হইলাম যে সর আর নেপিয়ার সাহেব চীন দেশে যে সকল সৈন্য প্রেরিত হইবেক তাহার তত্ত্বাবধারণ করিবেন।

এলাহাদে ইতিমধ্যে যে এক কোর্ট মার্সিএল হইয়াছিল আমরা ইংলিসান পত্র পাঠে তাহার এক আশ্চর্য্য বিবরণ অবগত হইলাম। পদাতিক দলের কাপ্তেন গ্রীফীন, লেপ্টেনেণ্ট টরনর সাহেবকে ১৬০ টাকায় একটা ঘড়ি বিক্রয় করেন। লেপ্টেনাণ্ট টরনর সাহেব ঐ টাকার এক বরাতি চিটি দিল্লী ব্যাঙ্কের উপর দেন এবং যাহার টাকা অর্পণমাত্র প্রাপ্ত হন। তিন মাস পরে উডেসিয়ন ক্যাভেলরী দলের লেপ্টেনণ্টে গ্রীফীন সাহেব ১৬৭ টাকার এক হুণ্ডী দিল্লী ব্যাঙ্কে প্রেরণ করেন, এবং তদপরে এই অভিপ্রায়ে এক পত্র লেখেন যে এই টাকা লেপ্টেনেণ্ট টরণর সাহেব লইতে পারিবেন। কিন্তু এইক্ষণে অবগত হওয়া গেল যে লেপ্টেনণ্টে টরনর নামক সাহেব কেহ জীবিত নাই। কাপ্তেন গ্রীফীন ঐ হুণ্ডী প্রাপ্ত হন, এবং চিটি জাল করিয়া টাকা প্রাপ্ত হন।

বিলাত হইতে নিমিসীস্ নামা বাষ্পীয় তরণীযোগে যে সংবাদ আসিয়াছে আমরা তাহা পাঠক মহাশয়দিগের বিদিতার্থ নিম্নভাগে প্রকাশ করিলাম।

চীনদেশের বিরুদ্ধে নূতন যুদ্ধ যাত্রার বিষয় লইয়া বিলাতে অনেক আন্দোলন হইতেছে। ফ্রেঞ্চ সেনাপতি অদ্য চীনদেশের অভিমুখে গমন করিলেন।

মৃত মহাত্মা জেনেরল সর চারল্স নেপিয়র সাহেবের প্রস্তর স্তম্ভ সেণ্টপলে স্থাপিত হইয়াছে।

জেনেরল সর উ নিয়ম নেপিয়র সাংঘাতিক পীড়িত হইয়াছেন।

মাং হিউজেস যিনি ব্যাঙ্ক হইতে টাকা অপহরণ করিয়াছিলেন। তিনি অষ্ট্রিলিয়া হইতে আনিত হইয়াছেন এইক্ষণে তাঁহার প্রতি দশ বৎসরের জন্য কঠিন পরিশ্রমের সহিত কারাগারে বাস করণের আদেশ হইয়াছে।

মৃত মহাত্মা লার্ড মেকালে সাহেবের সমাধি কার্য্য ওএষ্টমিনিষ্টর আবে নামক স্থানে অতি সমারোহ পূর্ব্বক নির্ব্বাহ হইয়াগিয়াছে।

সংবাদ পত্র পাঠে অবগত হওয়া গেল যে গবর্ণমেণ্ট কিয়নঘরের রাজার প্রতি সন্তুষ্ট হইয়া এক খেলাৎ এবং মহারাজা উপাধি প্রদান করিয়াছেন, কি কারণে তিনি এই উপাধি ও খেলাৎ প্রাপ্ত হইয়াছেন, আমরা পূর্ব্বে জ্ঞাত ছিলাম না। অধুনা অবগত হওয়া গেল যে তিনি পোড়াহাটের রাজাকে ধৃত করণ কালে গবর্ণমেণ্টকে বিশেষ সাহায্য করিয়াছিলেন।

বিদ্রোহি প্রধান হরকিষণ সিংহের ফাঁসিকাষ্ঠে প্রাণদণ্ড হইয়াছে, নানার প্রধান সেনাপতি জওলাপ্রসাদ এইক্ষণে কানপুরের কারাগারে রুদ্ধ হইয়া বিচারের প্রতীক্ষা করিতেছেন।

৪৯০

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুত সংবাদ প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

জনক জননীর প্রতি ভক্তি।

কায় মন চিত্তে পরমহিতৈষি জনক জননীর প্রতি ভক্তি করিলে পরিণামে সর্ব্বাভীষ্ট মোক্ষপদ প্রাপ্ত হওয়া যায়, দেখ পরমপিতা পরমেশ্বর কি এক অনির্ব্বচনীয় স্নেহ বীজ মাতার চিত্তক্ষেত্রে বপন করিয়াছেন, সেই স্নেহ বীজের অসদ্ভাব হইলে আর কেহই সর্ব্বব্যাপী সর্ব্ব গুণাকরের ভূরাজ্যে আসিয়া জীবিত থাকিতে পারিতেন না কেবল মাতার অপত্যস্নেহ যাহার প্রভাবে জীবগণ দিন দিন অত্যল্প ক্রমে পরিবর্দ্ধন হইয়া পূর্ণ শশধরের ন্যায় কলাপূর্ণ হইতেছেন। মনুষ্যাপেক্ষা সহস্র গুণে হীনবুদ্ধি যে পক্ষিজাতি তাহারদিগের সন্ততি প্রতি স্নেহভাব দেখিলে আমাদের মনে কতরূপ আশ্চর্য্য আবোদয় হয় পক্ষিমাতা আপন প্রাণাধিক প্রিয় সন্তানকে রক্ষণার্থ অশেষবিধ ক্লেশ স্বীকার এবং অঙ্গ বিশীর্ণ করিয়াও শুদৃশ্য কুলায় নির্ম্মাণ করে এবং তথায় প্রিয় সাবক গুলিকে রাখিয়া প্রাণধারণের যে হেতুভূত আশ্চর্য্য সামগ্রী তাহা আহরণার্থে শূন্য মার্গে উড্ডীয়মান চতুর্দ্দিক হইতে আশ্চর্য্য দ্রব্য আহরণ করিয়া প্রিয় সাবকে আহার করেন, স্নেহের কি প্রভাব প্রবল ঝড় এবং প্রখর আতপ যখন আমাদের শরীরে লাগিলে ক্লেশ হয় তাহারা সেই আতপে স্নেহপাশে বদ্ধ হইয়া বিচরণ করে, যৎকালে সূর্য্যগণ মণ্ডলের মধ্যবর্ত্তী হইয়া অগ্নিস্ফুলিঙ্গ সম তীক্ষ্ণাংশু সমূহ বিস্তার করেন, যখন ধরা পৃষ্ঠে পাদ ক্ষেপ করিতে কাহার সাধ্য হয় না। যখন লোক সমূহ আপন আপন গৃহে উপবিষ্ট থাকে সেকালেও তাহারা শূন্যমার্গে উত্থিত হইয়া বহুদূর গমন করিয়া আহার অন্বেষণ করে শাবক গণ তাহার প্রত্যাগমন প্রতিক্ষা করিয়া থাকে যদ্যপি তৎকালে স্বত্বরগামি দিবাকর একেবারে মেঘাচ্ছন্ন হইয়া ঘনঘন নিস্বন হইতে এবং মহা বেগবান বায়ু সঞ্চালনে বৃক্ষের শাখা প্রশাখা সকল ভঙ্গ মড়মড় করিতে থাকে, তাহারা ঘোরতর নীরদ নীনাদ শ্রবণে এবং চপলা বিলসন চমকিত হইয়াও প্রাণসমধনকে রক্ষার্থে ঐ ভয়ঙ্কর বিষম সময়ে উড্ডীন হইয়া স্বীয় পরমায়ুকে দেহ পিঞ্জর হইতে বহির্গত হওনের আশঙ্কা ত্যাগ করিয়া নীড়ে উপনত হয় তখন তাহারা সন্তানের চন্দ্রবদন দর্শন এবং সুধাভিসিক্ত স্বর শ্রবণ করিয়া উভয় ইন্দ্রিয়ের সার্থক সাধন করে। তদীয় পক্ষদ্বয়দ্বারা শীতে জর্জ্জীভূত ভয়ে কম্পিত কলেবর শাবক দিগকে অনাহারে শুষ্কাগত প্রাণ হইয়াও আপন পক্ষপুটদ্বারা আচ্ছন্ন করে এবং আপনি ঝঞ্ঝাবাতে সেই আন্দোলায় মান শাখায় উপবেশন পূর্ব্বক তল্লিখিত দুঃসহ দারুণ ক্লেশ সহ্য করিতে থাকেন, যাবৎ সন্তান গুলিন উড্ডীয়মান হইতে সক্ষম না হয়, তাবৎ পক্ষিমাতা আপনি বিষম নিষ্করুণ ক্লেশ স্বীকার করেন, যদ পক্ষিমাতা নীড়ে প্রাণ প্রিয় সন্তান রক্ষকে রাখিয়া তাহারদিগের আহারীয় দ্রব্য অন্বেষণার্থে স্থানান্তরে গমন করিলে যদ নৃশংস লোকেরা ঐ শাবক হরণ করিয়া স্বাপন গৃহে পিঞ্জর বদ্ধ করিয়া রাখে তবে চারি নী মাতা আপন কুলায় শাবক শূন্য দেখিতে পাইয়া একেবারে শোক সাগরে নিমগ্ন হইয়া অনবরত বিলাপ সূচক চিৎকার ধ্বনি করত তাহারদের উদ্দেশে ইতস্ততঃ পর্য্যটন করেন যদিস্যাৎ পিঞ্জরে বদ্ধ থাকতে দেখিতে পান তবে সেখানেও আহারীয় দ্রব্য আহরণ করিয়া চঞ্চুপুটে তাহারদিগের মুখে প্রদান করিতে যত্নবান হন। শিখরাবঢ় না হয়েন ততক্ষণ কেবল অনবরত একাকি ক্রমে সেই পিঞ্জর সমীপে গমনাগমন করেন, পরে স্বস্ব গামি দিবাকর অস্তাচলে পক্ষিমাতা অপত্য বিচ্ছেদে অতি দুঃখে আর্ত্তনাদ করিয়া পুনর্ব্বার দিবাকর উদয় শিখরেরই হইবামাত্র অন্য প্রাণি সমূহের সখা হইতে গাত্রোত্থান করিয়াই খাদ্য দ্রব্য সমাহরণ পূর্ব্বক পিঞ্জর সমীপে উপস্থিত হন।

ক্রমশঃ প্রকাশ্য।

Printed and published by RAMCHUNDER Goopto at the Probahkur Press.

সংবাদ প্রভাকর

আহ্নিকপত্র

৯৬৩

১৭১

॥*॥*॥ সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ ॥*॥

॥*॥*॥ উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥*॥*॥

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষিন্দীবরেষু কচিচ্ছ্রেয়ং ভাসি মতঙ্গমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরা।
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্ত চতুরস্বাত্তদ্বিরেফাবলং॥

এই পত্রিকা প্রতি সপ্তাহে ৩ বার প্রকাশ হইতেছে ইহার মূল্য ১ টাকা ভাবাহীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।৵০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

১১ সংখ্যা] শনিবার ৩০ মাঘ ১২৬৬ সাল। ইং ১১ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

এস্তেহার।

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে বাবু কামাইলাল দাস সাং কপালিটোলার গলি সহর কলিকাতা অদ্যকার তারিখের লিখিত দলিলদ্বারা আর সেটেলমেণ্টের দ্বারা তাঁহার বর্ত্তমান পাওনাদারদিগের দেনার টাকা পরিশোধের জন্য আপনার কর্ম্ম সম্পূর্ণ কারণ কোন ২ ট্রষ্টীগণকে এসাইনমেণ্ট করিয়াছেন তন্নিমিত্তে উক্ত বাবু কামাইলাল দাসের পাওনাদারদিগকে এতদ্বারা জানান যাইতেছে যে, তাঁহারা যেন আপন পাওনা টাকার হিসাব সহিত উক্ত ট্রষ্টিগণের নিকট স্বরায় পাঠান করেন আর যে সকল ব্যক্তি উক্ত বাবু কামাইলাল দাসের সহিত আপন দেনা ও পাওনা করিতেছেন তাঁহারদিগকেও জ্ঞাত করা যাইতেছে যে উক্ত ইনডেনচর আর সেটেলমেণ্ট দ্বারায় যে টাকা লিখিয়া দেওয়া হইয়াছে সে টাকার দ্বারায় উক্ত বাবু কামাইলাল দাস যে কোন দেনা অদ্যকার তারিখের পর করিবেন তাহাতা পরিশোধের জন্য নিযুক্ত করা হইবেক না।

জজ, জজ, ওয়ার্টার্কস্।
ট্রষ্টীদিগের উকীলগণ।
পুরাতন ডাক ঘরের গলি।
কলিকাতা ১৬ জানেওয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন দ্বারা সর্ব্বসাধারণকে সংবাদ করা যাইতেছে যে ইংরাজী বর্ত্তমান সনের আগত ১ মার্চ্চইস্তক ৫ বৎসর মেয়াদে সহরের খোওরা রাস্তা সকল মেরামত এবং তৈয়ার ও খোওয়া সরবরাহ করণ জন্য কণ্ট্রাক্ট দেওয়া যাইবেক, তজ্জন্য অত্র মাহার ২৮ তারিখ মঙ্গলবার বেলা দুই প্রহর পর্য্যন্ত মিউনিসিপাল কমিসনর সাহেবেরা টেণ্ডর গ্রহণ করিবেন।

অন্যান্য বিস্তারিত বিবরণ নিম্ন লিখিত সাহেবের নিকট স্বয়ং উপস্থিত হইয়া দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

ROBT. TURNBUL
By order of the Board
Secretary to the Municipal Commr's.

মিউনিসিপাল কমিসনরদিগের আদেশানুসারে।
রবর্ট টর্ণবুল।
কমিসনরদিগের সেক্রেটারী।
৩ চৌরঙ্গি রোড।
কলিকাতা
৭ ফেব্রুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন

ফরাসডাঙ্গা অতি ভয়ানক স্থান ফরাসডাঙ্গা ব্যাঘ্র, ভল্লুক, সিংহ প্রভৃতি হিংস্র জন্তু হইতে ও ভয়ানক ব্যাঘ্র ভল্লুক বনে থাকা প্রযুক্ত সলক্ষণ মনুষ্যদিগের সংহার করিতে পারে না, কিন্তু ফরাসডাঙ্গা মাদক দ্রব্যের প্রলোভনদ্বারা নিয়তই মনুষ্যদিগকে সংহার করিয়া থাকেন কতং বিদ্বান ব্যক্তি ফরাসডাঙ্গার কুহকে

পড়িয়া বিনাশপ্রাপ্ত হইয়াছেন, তত্তৎ ধনাঢ্য ব্যক্তিকে ফরাসডাঙ্গায় নির্ব্বাসিত করিয়াছেন, ফরাসডাঙ্গার নানা স্থানে বারোয়ারি পূজা উপলক্ষে বিপুল অর্থ ব্যয় হইয়া থাকে কিন্তু ফরাসডাঙ্গায় একটী উত্তম বিদ্যালয় বা চিকিৎসালয় নাই, দাতব্য সমাজও নাই, ব্রহ্মসমাজ নাই, এবং ফরাসডাঙ্গায় পথ ঘাট স্থানে ও উত্তম নহে। অতএব ফরাসডাঙ্গায় মাদক দ্রব্যের যাহাতে দৌরাত্ম্য হ্রাস হয়, লোকের যাহাতে সচ্চরিত্র হয়, এবং বিদ্যা ও ধর্ম্মের প্রতি যাহাতে অনুরাগ হয়, আর বারোয়ারি পূজার পরিবর্ত্তে কোথাও বা বিদ্যালয় কোথাও বা পুস্তকালয়, কোথাও বা চিকিৎসালয় কোথাও বা দাতব্য সমাজ কোথাও বা পথ ঘাট পরিষ্কার হয় এই মহা উদ্দেশ্যে আমরা একটী ফরাসডাঙ্গায় ব্রাহ্ম সমাজ স্থাপন করিবার মানস করিয়াছি অতএব বিদ্যানুরাগি ও ধর্ম্মানুরাগি মহাত্মাগণ কিঞ্চিৎ২ ব্যয়ের আনুকূল্য করিয়া এই মহৎ কার্য্য উৎসাহ প্রদান করিবেন।

শ্রীহারানচন্দ্র চট্টোপাধ্যায়।
সাং ফরাসডাঙ্গা লালবাগান।

বিজ্ঞাপন

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸৹ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

৩০ মাঘ শকাব্দাঃ ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ২

আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুর কি অশুভক্ষণে ভারতবর্ষে আগমন করিয়াছিলেন, [illegible] সাধন নিমিত্ত এত পরিশ্রম করিতেছেন, কিন্তু কিছুতেই তিনি [illegible] লাভ করিতে পারিলেন না, [illegible] জাতীয় ব্যক্তিগণ [illegible] আছেন তাঁহারা প্রায় [illegible] তেছেন যে তাঁহার বিবেচনা [illegible] প্রবল বিদ্রোহানল [illegible] রূপে প্রজ্জ্বলিত [illegible] ও গবর্ণমেণ্টের বিস্তর [illegible] ভূত রহিয়াছে, যে সময় [illegible] বিস্ফুলিঙ্গ এই রাজধানীর [illegible] কট বারাকপুরে প্রজ্বলিত [illegible] সময়ে যদি তিনি [illegible] নিয়মের অনুগামী হইয়া [illegible] সেপাহিদিগের প্রতি [illegible] বিধান করিতেন তবে [illegible] সেপাহিদিগের প্রতি [illegible] বিধান করিতেন [illegible] ভারতবর্ষের বহু [illegible] হইয়া এপ্রকার [illegible] কারণ হইত না।

লার্ড কেনিং বাহাদুরের বিপক্ষগণ এই প্রকার নানা [illegible] লন করিতেছেন, কিন্তু [illegible] হিদিগের শাসনার্থ [illegible] কঠিন নিয়মের অনুগামী [illegible] তে তাঁহার কেবল সাধন [illegible] কাশ হইয়াছে, একথা [illegible] কার করিবেন, পরে ঐ [illegible] প্রজ্বলিত হইলে [illegible] নিমিত্ত তিনি যেপ্রকার [illegible] শ করিয়াছেন, তাঁহার [illegible] গাম্ভীর্য্য ও বিচার [illegible] প্রাপ্ত হওয়া গিয়াছে [illegible] ক্ষণ ব্যক্তি মাত্রেই তাঁহার [illegible] করিবেন ঐ প্রশংসা [illegible]

172 264

[illegible] গোপন হইবেক না, সজ্জনগণের [illegible] রূপ পবন ভরে তাহা সর্ব্ব প্রকাশ হইয়াছে, মহারাণী [illegible] শ্বরীও তাঁহার অধীনস্থ [illegible] প্রধান কর্ম্মচারি তাবতেই [illegible] লার্ড কেনিং বাহাদুরের যথে [illegible] প্রশংসা করিতেছেন।

[illegible] দেশীয় প্রজারাও চিরকাল [illegible] লার্ড বাহাদুরের সুখ্যা [illegible] ঘোষণা করিবেন, যে সময়ে [illegible] এদেশের সকল প্রজাকে [illegible] বিপক্ষ বিবেচনা করিয়া রা [illegible] সকল স্থানে মার্সিএললা [illegible] যুদ্ধ সময় নৃপতিরা বিপক্ষ [illegible] দেশ মধ্যে যে নিয়ম প্রচার [illegible] থাকেন সেই নিয়ম প্রচার [illegible] গবর্ণমেণ্টকে অনুরোধ করে [illegible] সময়ে বিজ্ঞবর গবর্ণর জেনে[illegible] তাহা অকর্ত্তব্য বিবেচনা [illegible] করেন তাহাতে কি তাঁহার [illegible] বিচার বুদ্ধি প্রচার হইয়া[illegible] লিখিয়াছিলেন, অপরাধির [illegible] বিধান ও অপরাধিদিগ[illegible] শাসন করা কর্ত্তব্য, [illegible] অপরাধিদিগের প্রতি কোন [illegible] পীড়া প্রদান করা কর্ত্তব্য, [illegible] যেপ্রকার সুখানুভব [illegible], যেরূপ স্বাধীন আছে [illegible] দিগকে সেইরূপ অবস্থায় [illegible] কর্ত্তব্য হইয়াছে।

[illegible] বাহাদুরের এই বিবেচনা [illegible] হইয়াছে তাহা [illegible] মহাশয়েরাই বিবেচনা করি [illegible] বিদ্রোহ সময়ে মার্সিএললা [illegible] সর্ব্বত্র প্রকাশ হইলে নিরপ[illegible] প্রজাদিগের ক্লেশের পরিসীমা থাকিনা। শিকারিরা অরণ্য মধ্যে যে প্রকার পশ্বাদি শিকার করিয়া থাকে, বিদ্বেষি সাহেবেরা এতদ্দেশীয় ব্যক্তিদিগকে সেই রূপে সংহার করিতেছেন।

আমরা বিজ্ঞবর লার্ড কেনিং বাহাদুরের বিপক্ষদিগের অন্যায়াপত্তি খণ্ডন নিমিত্ত অদ্য একটীমাত্র দৃষ্টান্ত লিখিলাম, এবিষয়ে পুনর্ব্বার লেখনী ধারণ করিব। অদ্য স্থানাভাব হইল।

কলিকাতা বিশ্ববিদ্যালয়।

প্রায় তিন বৎসর অতীত হইল, কলিকাতা বিশ্ববিদ্যালয় স্থাপিত হইয়াছে। এই বিশ্ববিদ্যালয় স্থাপন করিয়া তিন বৎসর কালের মধ্যে দেশীয়দের কতদূর উপকার হইয়াছে, তাহা বিবেচনা করা উচিত। এই তিন বৎসরের মধ্যে বাঙ্গলা দেশে প্রায় ২১০০ জন ইঙ্গরেজী ছাত্র প্রবেশ পরীক্ষায় এবং প্রায় ২২ জন কৃতবিদ্য ছাত্র বি, এ, উপাধি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের এই ত্রৈবাৎসরিক ফল দেখিয়া বিবেচনা করা উচিত, ইহাতে দেশীয়দের সামাজিক কোন উপকার দর্শিয়াছে কি না? বিশ্ববিদ্যালয়সমাজের অধ্যক্ষ ও সভ্যেরা ইহার কি উত্তর করিবেন? অবশ্যই বলিবেন, বাঙ্গলা দেশের সৌভাগ্য দিনদিন বর্দ্ধিত হইতেছে দেশীয় ছাত্রবর্গের ভ্রান্তিসঙ্কুল প্রাচীন মত পরিবর্ত্তিত হইয়া সুসংস্কৃত মত প্রতিষ্ঠিত হইতেছে, এবং ক্রমে ক্রমে সকলেরই মনে বিদ্যাভ্যাসের বাসনা বলবতী হইতেছে। ইহাই বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রধান ফল। হে পাঠকবর্গ! আপনারা ইহার কি বিবেচনা করেন? বিশ্ব বিদ্যালয়ের অধ্যক্ষ ও সভ্যদের এ সিদ্ধান্ত সত্য কি না? বোধ হয় এ সিদ্ধান্ত সম্পূর্ণ সত্য নহে। বিশ্ব বিদ্যালয় স্থাপনের পূর্ব্বে আমরা যে সকল আশা ভরসা করিয়াছিলাম, এক্ষণে দেখিতেছি, সে সকল কোন কার্য্যেরই হইল না। আমরা মনে করিয়াছিলাম রাজধানীতে ইঙ্গলণ্ডীয়রীতিমতে বিশ্ববিদ্যালয় স্থাপিত হইলে আমাদের দেশীয় ভাষার শ্রীবৃদ্ধি সহকারে তাহার আদর ও গৌরব বৃদ্ধি হইবে, সকলেই পূর্ব্ববৎ ঘৃণা পরিত্যাগ করিয়া আদর পূর্ব্বক দেশীয় ভাষার অনুশীলন আরম্ভ করিবে, এবং অবিলম্বেই দেশীয় ভাষা ও বিদ্যা সুসংস্কৃত ও সুসম্পন্ন হইয়া উঠিবে। কৈ এক্ষণে তাহার কিছুই দেখিতে পাই না, বরং দিন দিন দেশীয় ভাষার শ্রীহ্রাস সহকারে তাহার সঞ্চিত গৌরবের হানি হইতেছে ইহা সাধারণ দুঃখের বিষয় নহে।

বিশ্ববিদ্যালয় স্থাপন দেশের মঙ্গল সাধনের এক প্রধান উপায়। ইহা আমরা অবশ্য স্বীকার করি। তবে কেন দুর্ভাগ্য বাঙ্গলা দেশে বিশ্ববিদ্যালয়বৃক্ষে এরূপ কুফল ফলিতেছে? হে পাঠকবর্গ! কলিকাতা রাজধানীতে এই বিশ্ববিদ্যালয় স্থাপনাবধি বিদ্যালয়ের সমুদায় ছাত্রগণেরই মন ইঙ্গরেজী ভাষার প্রতি আসক্ত হইয়াছে। ইংরাজী ভাষায় ব্যুৎপত্তি লাভ করিয়া উপাধি পরীক্ষায় উত্তীর্ণ হইব, ইহাই সক

ল ছাত্রের ইচ্ছা। আমাদের বিশ্ব বিদ্যালয়ের সুবিজ্ঞ অধ্যক্ষ মহাশয়েরা নিয়ম করিয়াছেন, ছাত্রদিগকে দুইটী ভাষায় পরীক্ষা দিতে হইবে। ইঙ্গরেজী ভাষাই পরীক্ষার প্রধান অঙ্গ। ইহা না হইলে চলিবে না। তাহার সঙ্গে অন্য কোন একটী ভাষার আবশ্যক। তাঁহাদের নিয়মানুসারে সকল ছাত্রেরাই অগ্রে কেবল ইঙ্গরেজী ভাষায় নৈপুণ্য লাভ করিতে অগ্রসর হয় দেশীয় ভাষার প্রতি তাহাদের আর তাদৃশ মনোযোগ থাকে না। অতএব যাহাতে দেশীয় ভাষার কোন প্রকারে অবনতি না হইয়া উন্নতি হয়, বিশ্ব বিদ্যালয়ের অধ্যক্ষগণের সে বিষয়ে মনোযোগ করা নিতান্ত কর্ত্তব্য।

দেশীয় ভাষার উন্নতি সাধন করা গবর্ণমেণ্টের ও কলিকাতা বিশ্ব বিদ্যালয়ের অগ্রে কর্ত্তব্য। ইঙ্গরেজী ভাষা ও আমাদের সংস্কৃত ভাষার যেরূপ উপাধি পরীক্ষা ও উপাধি গ্রহণের রীতি আছে, আমাদের মতে বাঙ্গলা ভাষাতে ও সেইরূপ রীতি প্রচারিত করা অতি আবশ্যক। বাঙ্গালা ভাষার স্বতন্ত্র রূপে উপাধি পরীক্ষার রীতি প্রচারিত হইলে বড় এক দেশের মঙ্গল সাধনের উপায় হয়। বোধ হয় তাহা হইলে আমাদের দেশীয় দশ বার বৎসরের বালকেরা অনায়াসে প্রথম উপাধি পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিবে। সেই সকল মাতৃভাষা নিপুণ বালকেরা যদি পরে ইঙ্গরেজী ভাষা নিপুণ হইয়া ইঙ্গরেজী উপাধি পরীক্ষায় উত্তীর্ণ হয় তাহা হইলে কি এক পরমাহ্লাদেরই বিষয় হইবে। অতএব আমাদের কলিকাতা বিশ্ব বিদ্যালয়ের অধ্যক্ষ মহাশয়েরা যদি বিবেচনা পূর্ব্বক বাঙ্গলা ভাষার উপাধি পরীক্ষার নিয়ম প্রচার করেন তাহা হইলে অতি শীঘ্রই বাঙ্গলা ভাষার উন্নতি হইয়া উঠিবে।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

গতবারের শেষ।

ইহা সকলেই বিদিত আছেন যে জনক জননী শিশুকালে প্রাণাধিক সন্তানকে স্নেহ পূর্ব্বক রক্ষণাবেক্ষণ ও প্রতিপালন করেন এবং কোন উপাদেয় সুমিষ্ট স্বাদু দ্রব্যাদি প্রাপ্ত হইলে আপনারা লোভশূন্য হইয়া বালক বদনে সমর্পণ করিয়া পরম পরিতোষ লাভ করিয়া থাকেন, আর অজ্ঞানাবস্থাতে সর্ব্বদা জীবন বিনাশ ভয়ে ভীত হইয়া লালন পালন এবং দুগ্ধপোষ্য বালক পীড়ায় পীড়িত হইলে বৈদ্যশাস্ত্র মতে প্রসূতীর উপবাস করণের ব্যবস্থা হয় আর জনকের উপবাস চিকিৎসা শাস্ত্র বিহিত না হইলেও তিনি আহার নিদ্রা পরিত্যাগ করিয়া থাকেন; যদি জনক জননী তৎকালে প্রাণাধিক প্রিয় পুত্রকে রক্ষা না করিতেন তাহা হইলে সকলেই সেই ভীষণ অন্তক যাহার নামে সংসার স্তব্ধ হয় তাহার করাল গ্রাসে পতিত হইতে হইত জন্ম গ্রহণের পূর্ব্বে পিতা মাতা সন্তানাকাঙ্ক্ষী হইয়া প্রতিদিন তদ্বিষয়ে যে যাহা বলি তাহা দুঃসাধ্য হইলেও সমাধা করিয়া অহরহঃ পরমেশ্বর সমীপে সন্তান প্রার্থনা করেন পরমেশ্বরের সৃষ্টি দৃষ্টি করণের প্রধান কারণ পিতা মাতা যদি পিতা মাতা সেই প্রাণপ্রিয় সন্তানকে লালন পালন পূর্ব্বক বন্ধন করিয়া [illegible] হেতুক বিদেশে প্রেরণ করেন এবং তথায় সে উৎকট পীড়ায় পীড়িত হয় তাহা হইলে তাহার মাতার মন বিষম বিষাদ সাগরে নিমগ্ন হইয়া সদা সাশ্রু নয়নে দিন যাপন করে যত দিবস সেই সন্তানের [illegible] ও সুস্থ শরীর না দেখেন তৎকাল তাহারা লোকসহ বাক্যালাপ করেন না যেমন সর্প সুতীক্ষ্ণ বর্ষা দ্বারা বিদ্ধ হইয়া যাদৃশ অবস্থায় অবস্থিত থাকে তাদৃশী দশাপন্ন হইয়া তাহারা ক্লেশ ভোগ করেন যেমন প্রজ্বলিত বহ্নি জল সিঞ্চন করিলে নিদ্রাগত জননীও তদ্রূপ প্রবাসি সন্তানের শরীর নিরাময় দেখিলে তাহার চক্ষু নল এক কালে সত্য গুণে পরিণত হয়, হায় এতাদৃশী হিতৈষিণী জননী প্রতি ভপ্রিভাব প্রদর্শন করিয়া কৃতজ্ঞতা স্বীকার পূর্ব্বক তাঁহাদের [illegible] যায় নিয়ত এক চিত্তে [illegible] জিত থাক যাহাতে যে [illegible] বর্ত্তী হইলে বিশ্ব পিতা [illegible] তাঁহার প্রতি সন্তুষ্ট থাকেন, এবং চরমে পরম মুক্তি পদার্থ লাভ হয়।

[illegible]

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probahkur Press*.

173 · 265

[illegible]কারী হরধনুর্ভঙ্গ করিয়া স্বীয় [illegible]নারম শ্যামল রূপে বিমুগ্ধা [illegible]না পৃথ্বী প্রমোদিকা প্রিয়ার হৃদয় [illegible] সংশয়াশঙ্কার সহিত বিপক্ষ [illegible]ক্ষর গর্ব্ব চূর্ণীকৃত করিয়া সাগর [illegible] দুরাধর্ষা অরণ্যানী গিরিগুহা [illegible]দিগ্ বলয় মুখরিত করিয়াছিলেন [illegible] যামাতৃ হরগুরু রঘুপতি [illegible]ণাদির বন যাত্রা বার্ত্তা শ্রবণ [illegible] তুষারবৃন্দ সমাচ্ছন্ন শিশি[illegible] কালীন তারকামালা বিনি[illegible] সুধাকর সন্নিভ সখী সংবৃতা [illegible] যদ্রূপ ম্লানমুখী ও স্পন্দ হীনা [illegible]ছিলেন, কিম্বা সত্যকালে বীর [illegible]সুত মূর্ত্তিমান ধর্ম্মের ন্যায় পুণ্য[illegible] নিষধাধিপতি নল রাজা যিনি [illegible] সুমহৎ ঔদার্য্য স্বভাবের প্রভা[illegible] বিষমতম যাতনাপ্রদ দুরাচার [illegible]কালকে ধৃত করিয়াও পরিত্যা[illegible]রিয়াছিলেন, যিনি স্বপ্ন সংদৃষ্টা [illegible]নী লাভের নিমিত্ত বিদর্ভ ন[illegible] গমন পূর্ব্বক বরুণ বহ্নি বাসব ও [illegible]জের বাক্যে দূতরূপে দয়মন্তী [illegible]ধানে সমুপনীত হইয়া যাঁহার [illegible] পূর্ব্বে অনিবার নেত্র নীর বি[illegible] হইয়া কপোল দেশকে আ[illegible]করিত, তাঁহাকে সম্মুখে সন্দ[illegible]করিলেও সরলতা ও ধার্ম্মিকতা [illegible] স্বীয় সুকঠিন প্রণয়াশা সং[illegible] পুরঃসর দেবতাদিগের পক্ষা[illegible] করিয়া বৈদর্ভীকে স্বীয় প্রিয় [illegible] প্রীতি রাগিণী হইতে রোদন [illegible]ছিলেন, সেই নলরাজাকে ত[illegible]প্রিয়া দয়মন্তী সতী ঘোর বিজন [illegible] নিদ্রাপগমের পর অবলোকন [illegible]রিয়া যে রূপ নিস্পন্দিতা ও বি[illegible]দনা হন, অথবা দ্বাপর যুগাবসানে কুরু রাজ সংস্থাপিত কুরুক্ষেত্র নামক রণস্থলীতে ধার্ত্তরাষ্ট্র ও পাণ্ডবদিগের পরস্পর ঘোর তর সমর, যে সমরে শর নিহত হয় কুঞ্জর রথী পদাতি পুঞ্জের প্রকাণ্ড শাল প্রকাণ্ড সদৃশ আয়ুধ বিযুজ্ঞ গাত্র বিখণ্ড বিগলিত রক্তধারা প্রবহমানা ও তদুপরি পরিভাসিত শুভ্রোষ্ণীষ বিশিষ্ট সেনাসমূহের খণ্ডীকৃত মুণ্ড মক্ষিকা দ্বারা ধ্বনিত হওয়াতে শব রাশি শৈল স্বরূপ পুঙ্খরূপ পত্রযুক্ত যদ্ সংবিদ্ধ শর সংঘই তরুচয়ের ন্যায় ও যাহা নিশামৃগ দৃগ মৃগপতি এবং রুধির প্রিয়দ্রোণ কাক গৃধ্র প্রভৃতি বিহঙ্গব্রাতবৎপশুবেশ বিধারণ করিয়াছিল, তন্নিঃসৃত শোণিতবৃন্দ সরিৎ সলিলের ন্যায় অপর তাহাতে বল নিবহের নিকৃত্ত মস্তকের কুন্তল জালোপরি শুক্ল বর্ণ উষ্ণীষ শৈবাল সম্মিলিত বিকসিত শতদলের ন্যায় এবং তদুপবিষ্ট শব্দকারি মক্ষিকা নিচয় গুণ২ রবকর ভ্রমর নিকরের ন্যায় হইয়াছিল সেই সুভীষণ সমর ভূমিতে সপ্তরথী কর্ত্তৃক অনুচিদ্রূপে নিহত কর্ণজিৎ অর্জ্জুন ও নবতরুণ বীরবর অভিমন্যুর সংযুগ শায়ী সংবাদ শ্রবণে তদীয় প্রণয়িনী বিরাট পুত্রী যদ্রূপ মলিনাননা ও হতস্ফুরণা হইয়াছিলেন তাহার ন্যায়।

সে যাহা হউক ভূরি ভূরি শোক তাপের পর পরিজন্মার শান্ত্বনা নিমিত্ত নীলব্রত হিমাচল প্রদেশে আগমন করিতে উৎসুক হইলে মন্দরাগিনী নীলাম্বরী ও আমারদের সঙ্গ ত্যাগ করিল না, তাহাকে অনেক নিবারণ করিলেও সকলি বিফল হইল, তদনন্তর সেই দিবসেই আমরা ভবন হইতে বিনির্গত হইলাম, বৎস পথিক, দুর্ভাগ্য কপিলাত্মজ এই পর্য্যন্ত ইতিহাস কহিয়া রোদন করিতে লাগিল, এতাবৎ বিবরণ শ্রবণে আমি সম্পূর্ণরূপে বিষাদিত হইলাম, সে যৎকালীন এই সকল বচন বিভাষিত করে, তখন নীলাম্বরী গুহার সম্মুখস্থ ঐ বীতশোক তরুর একটী অবনতা শাখাবলম্বিনী হইয়া স্পন্দ হীননেত্রে দণ্ডায়মানা ছিল, কিন্তু তাহার বাক্যাবশেষ হইলে সে একবারে বিচেতনা হইয়া ভূতলে পতিতা হইল, সমূহ শুশ্রূষা দ্বারা সংবিৎ সংপ্রাপ্তা হইলে পর শোক মোহ মুহ্যমান উক্ত ব্যক্তি বিষম ব্যাকুলিত চিত্তকে শান্ত করিবার নিমিত্ত আমি কহিতে লাগিলাম। এই অখিল সংসার মধ্যে প্রাণিপুঞ্জের উদয় অস্ত যদি বিমোদ বিষাদকর তথাপি জীব শ্রেষ্ঠ মানবমণ্ডলীর তাহাতে বিমুগ্ধ হওয়া কোনক্রমেই বিধেয় নহে, পশুকুলের জ্ঞানাভাব প্রযুক্ত ক্ষণিক মিলন বিচ্ছেদ শোক সন্তোষ অনুভূত হইতে পারে কিন্তু সেই বরেণ্য বিজ্ঞান সম্পন্ন মনুজ বৃন্দ যদি তাহাতে প্রমুগ্ধ হয়, তবে পশু ও মনুষ্যদিগের কি প্রভিন্নতা রহিল, প্রাণসমা প্রিয়তমা প্রাণাধিক প্রিয় পুত্র এবং আত্মীয় বান্ধবজনের কলেবর বিসর্জ্জনে যদিও অনুলঙ্ঘনীয় শোক অন্তরকে স্পর্শ করে, তথাচ বিভু প্রদত্ত প্রজ্ঞা প্রভাবে তাহারা তাহা দমন করিতে সক্ষম হয়। অতএব তোমারা সেই সংজ্ঞা সংশক্ত হইয়াও সংতাপ করিতে প্রবৃত্ত হইতেছ কেন? এই সং

সার সাগর প্রবাহে ভাসমান তৃণ-পুঞ্জের ন্যায় জীব যূথের পরস্পর সংলগ্ন ও বিলগ্ন হওয়ায় আবার শোক সংহ্লাদ কি, এতদ্ধেতু শান্তি-অবলম্বন কর, আমি বিবিধ প্রকার প্রবোধ বাক্য প্রয়োগ করিলে তাহারা কথঞ্চিৎ ধৈর্য্য ধারণ করিল, এইরূপ বিবেক বিষয়ক কথোপকথন রসাস্বাদনে সে দিবস অতিবাহিত হইল, পরদিন পরিজন্মার একমাত্র জীবনধন নিবন্ধন স্বরূপ তনয়ের নিধনবার্ত্তা সহসা তাহাকে বিজ্ঞাত করিতে অনিচ্ছুক হইয়া শিলাত্মজকে কিয়দ্দিবসের নিমিত্ত মদীয় আশ্রমে অবস্থান ও পরিজন্মার সহিত নীলব্রতের সন্দর্শন হইলে সমধিক শোক সমুন্নতির বিবেচনায় তৎপূর্ব্বে তাহাকে স্বদেশ প্রেরণ জন্য পরিজন্মার ভবনে গমনোৎসুক চিত্ত তাহাদিগকে অকস্মাৎ তথায় যাইতে প্রতিষেধ পূর্ব্বক কিয়ৎকালের কারণ আমার আশ্রমে স্থিতি নিমিত্ত অনুরোধ করিলাম, ইহাতে তাহারা সম্মত হইল।

এতদ্রূপে ষষ্ঠ দিবস অতিবাহিত হইলে সপ্তম বাসর প্রভাত সময়ে পরিজন্মাকে আগমন করিতে দেখিয়া এই হৃদয় বিদারণ সংবাদ শ্রবণে তদীয় জীবিত থাকা অসম্ভব বোধে আমি দুঃখায়মান চিত্ত হইলাম, মহর্ষী বাল্মীকি সমাধি ভঙ্গের পর রামদয়িতা বৈদেহী তনয় লবের দর্শন বিরহে যেরূপ কাতর হইয়াছিলেন, সে আসিয়া কুমারের অনাগমন আমাকে বিষণ্ণ ভাবাপন্ন শিলাত্মজ ও নীলব্রতকে রোরুদ্যমান এবং নির্ব্বাতা নিশাকালীন নলিনীর ন্যায় নিস্পন্দ নিমীলিত নয়না নীলাম্বরীকে নিরীক্ষণে নীরাকুল নেত্রে বিবরণ জিজ্ঞাসু হওয়াতে শিলাত্মজ খিদ্যমান বদনে তৎতাবৎ বৃত্তান্ত বিজ্ঞাপন করায় সে একবারে বিমূর্চ্ছিত হইয়া পড়িল, বদনে বারি প্রোক্ষণাদি দ্বারা চেতন প্রাপ্তি হইলে পর নয়নোন্মীলন করত নীলব্রতের প্রতি অবলোকন করাতে উভয়েই অন্তর্বাষ্প ভরে অবরুদ্ধ কণ্ঠ হইয়া কেবল নেত্রবারি বিমোচন করিতে লাগিল, একটী মাত্রও বাঙ্ফুট করিতে পারিল না, আমি তাহাদের শনৈঃ শনৈঃ শোক সমুদ্ভব সন্দর্শন করিয়া পরিজন্মাকে প্রবোধন বচনে শিলাত্মজের সহিত তদীয় গৃহে প্রেষণ পূর্ব্বক নীলব্রতকেও বুঝাইয়া অযোধ্যা নগরীতে প্রেরণ করিলাম, সে গমন সময়ে নীলাম্বরীকে লইয়া যাইবার নিমিত্ত অনেক যত্ন করিয়াছিল, কিন্তু হতভাগ্যা বালা কোন রূপে সম্মতা হইল না, তাহাতে সে আমাকে কহিল, হে জ্ঞান গুরু মহাশয়, মদীয় দুর্ভাগিনী দীনা কুমারী অচিরগত নিদারুণ ব্যাপারে বিষাদ বিহ্বলান্তকরণ বশতঃ সহসা ভবন গমনে অনভিমতা হইতেছে, একারণ মৎ প্রতি যদি উদীর্ণানুগ্রহ প্রকাশ পূর্ব্বক এই বালাকে কিয়ৎবাসর নিমিত্ত ভবদীয় আশ্রমে স্থানদান করিয়া জ্ঞানোপদেশ প্রদান করেন তাহা হইলে অনুভব হয়, এই অপ্রকৃতিস্থা পূর্ব্বস্বভাব প্রাপ্তা হইতে পারে, মাসত্রয় বিগতে আমি পুনর্ব্বার এখানে আগমন করিয়া ইহাকে লইয়া যাইব। অতএব কৃপাবিতরণে আমার প্রতি কৃপণতা যেন না রেন। বৎস পথিক, তৎকালে [illegible] রের এই বিনীত বাক্যে আমি [illegible] পেত হইলে সে প্রস্তুত হইল, [illegible] দিকে বিষম শোক বহ্নিতে [illegible] ধ্যায়মান হইয়া পরিজন্মা চতুর্থ [illegible] বর্ষ রজনী সময়ে জীবন পরিহার [illegible] রিল, কৈকেয়ীর মন্ত্রনানুসারে [illegible] দশরথ ভুবন বিজয়ী স্বীয় তনয় [illegible] চন্দ্রকে যিনি কপিকুলের সহিত [illegible] লিত হইয়া সুদুস্তর জলধি [illegible] পূর্ব্বক দুর্ব্বৃত্ত দশানন রূপ [illegible] ভুজঙ্গের সংহার করিয়া অমূল্য [illegible] রূপিনী জনকাত্মজার উদ্ধার বিধা[illegible] করিয়াছিলেন, সেই বিশিষ্ট [illegible] গুণ বিশিষ্ট রামচন্দ্রকে চতুর্দ্দশ [illegible] সর জন্য বননিবাসে প্রেরণ [illegible] সর তদীয় বিরহে যেমন জীবন [illegible] ত্যাগ করিয়াছিলেন, তাহার [illegible] বৎস যে সময় এতন্ন্যায় শোকা[illegible] ব্যাপার ব্যূহ সংঘটিত হয় [illegible] গ্রীষ্মের শেষ হইয়া বর্ষা আসি[illegible] ছিল, বর্ষাকালের সমাগমে [illegible] দল অম্বুদ পটলীতে অন্ধকারা[illegible] ও নীরদ নিঃসৃত নিসম্বরা নীর[illegible] দ্বারা সমুদ্রাম্বরা ঘোরা ঘোরা[illegible] রণ্যানীবর চমৎকার কর বন্ধুর [illegible] ন্ধুর কুট কন্ধর ও নিবিড়তম [illegible] যুক্ত ভয়ঙ্কর কন্দরোদর বিষুত [illegible] ধরাদি স্থল বিসর নিরন্তর সংসেচি[illegible] হইতে লাগিল, নিকর বার বার [illegible] বেগে নিপতিত, বালবারিদ বিলো[illegible] কনে বলাকা বিহঙ্গব্যূহ বিমানোপরি [illegible] উড্ডীন, অপিচ বারম্বার বিদ্যু[illegible] পুঞ্জ বারিধর বিনির্গত ও বিষম [illegible] বণ বেধন বারিরাহ বিরাবোৎ[illegible] এবং বিহঙ্গব্রাত শৈলাগ্রে বি[illegible]

তাহাতে ইন্দ্রায়ুধ উদিত হওয়া[illegible] অনুভূতি হইতে লাগিল, যেমন [illegible]দম্বিনী কামিনীগণেরা ক্রৌঞ্চদল [illegible]লা রূপ মুক্তাদাম ও সুরধনুঃ স[illegible] শিরোভূষণ পরিধান করিয়া বারি [illegible]ণবৎ প্রেমাশ্রু বিনিপাত যাহা [illegible]ক্ষণে যেন বিষমতম বিচ্ছেদ ব[illegible]তে স্বামির বিদহ্যমান বপুঃ সুস্নি[illegible] বাসনায় তাহাই সম্পাদন করি[illegible]ছে, বোধ বয় তাহা ও দ্যোতিত [illegible]দ্যুৎ কলনার সহিত জলদ গর্জ্জন [illegible]প প্রিয়সম্ভাষা করিতে পর্ব্বত [illegible]মূহকে প্রাণয়ালিঙ্গন করিতেছে, [illegible]বংগিরি নিকরও যেমন নির্ঝর নীর [illegible]নপাতের কল কল রব রূপ খল [illegible]ল হাস্য করিয়া নীলকণ্ঠ নিবহের [illegible]নিনাদ ছলে তাহাদিগের মিষ্ট স[illegible]ম্ভাষণের প্রতিভাষণ করিতেছে, [illegible]কিম্বা হিমাদ্রিই যেমত সিংহাসনের [illegible]ন্যায় ও তদুপরি পতিত সিত-পুষ্প [illegible]কর করণক শোভমানামল শ্যা[illegible]ল বাল শৈবাল দল দল চিত [illegible]ল মুক্তা খচিত চিত হারিত হরিত [illegible]র্ণিত বসব বসনের ন্যায়, জলদ [illegible]রাজী চন্দ্রাতপের ন্যায় শৈলশিখা [illegible]তারণীয়দন্তের ন্যায় ও উড্ডীন [illegible]বিহগাবলী মুক্তালতার ন্যায় তদীয় [illegible]প্তি বিধান করিতেছে, কৃষ্ণ শ্বেত [illegible]পীত নীল লোহিতবর্ণের এল কুসুমে [illegible]তরুনিকর অনির্ব্বচনীয়া কান্তি বি[illegible]শ করাতে অনুমান হইল, যেমন [illegible]রাজানুচরেরা বৈদূর্য্য সূর্য্যকান্ত নী[illegible]লকান্ত পদ্মরাগমণির সুশোভন হার [illegible]দীপিত পল্লবরূপ বল্কলবসনে পরি[illegible]শোভিত যে শাখা সঙ্কাশ ধ্বজাদণ্ড [illegible]তদ্রূপ বৈজয়ন্তীই ধারণ করিয়াছে [illegible]নুদস পুচ্ছ বিস্তীর্ণ কল কেকাকুজন কর লার্ষামদ অর্থাৎ ময়ূরগণ কোলাহলকারী অসিহেতি সেনা সমূহের ন্যায় অনিলাধ্মাত গহ্বর গিরিবরবৃন্দ ভূপাভিষেকের শঙ্খধ্বা ভামিনীর ন্যায় এবং নীরদ নির্ঘোষের সহিত নীর বর্ষণ ও ক্ষণে ক্ষণে ক্ষণ প্রভা প্রকাশিতা হওয়াতে যেমন ঐরাবতই আনন্দ নিনাদ করিতে করিকে স্বর্গ সরিদ্বরা সলিলে প্রাবৃড় রাজকে অভিষিক্ত করিতেছে, আর নীলাঞ্জসা অর্থাৎ বিদ্যুৎই যেমন তদারোপিত দেবেন্দ্র বাসবের কর কলিত বজ্র বিভার ন্যায় বিলোকিত হইতেছে, বিবেচনা হইল, সমীরণ বীজনকারীর ন্যায় খদ্যোতমালা আলোকের ন্যায় নীলকণ্ঠ নিচয় নর্ত্তকের ন্যায় অনুমিত হইল, এবং মধুকর নিকরের গুণ গুণ গুঞ্জন রূপ বীণাতন্ত্রী ঝঙ্কারের সহিত বর্ষাভূ সকলই যেমন নব নাথের গুণ গাথা সঙ্গীত ও বিহঙ্গ সঙ্ঘ যেমন কলনাদ নিমীলিকায় তদীয় স্তুতি পাঠ করিতেছে অনুভব হইল।

নির্ঝর সকল প্রবল রূপে প্রবাহিত হইয়া ভূধর ভৃগু হইতে শিলাখণ্ডের উপর পতিত হওয়াতে তাহা হইতে প্রথিত ফেণপুঞ্জ প্রফুল্লিত পদ্ম বনের শোভা ধারণ করিল কাননে বন খর্জ্জুর ভূমিজম্বু তাল জম্বীর জম্বু নিকুঞ্জ পরিণত ফলে সুশোভিত হইল, বৎস পথিক এই কালে বিষম শোকাব্ধি নীরে নিমগ্নভূতা নিহতভাগিনী নীলাম্বরী মদীয় আশ্রমেই থাকিল, শ্রীরাম কর্ত্তৃক বনে নির্ব্বাসিতা সীতাদেবী যে সীতা দেবী কৌনপ কুল বৎ গহন কান্তারে দাবানল সদৃশা হইয়াছিলেন তিনি মহর্ষি বাল্মীকির পবিত্র আশ্রমে যদ্রূপ অবস্থিতি করিয়াছিলেন তাহার ন্যায় ভবিত ভাবি ভর্ত্তৃর জননী কর্ত্তৃক তদ গৃহেনীতা হইবার নিমিত্ত আহূতায়মানা হইলেও সে গমন করিল না, তাহার মনের ভাব যে জীবন বল্লভ যেখানে সর্ব্বদা অবস্থিতি করিয়া কাল যাপন করিয়া গিয়াছে সেই স্থানের সন্দর্শনে আত্মাকে পরিতৃপ্ত করিতে পারিব, কিন্তু তাহা না হইয়া তদীয় বিরহ বহ্নিতে তাহাই ঘৃতাহুতির ন্যায় হইল, অর্থাৎ তাহার অবস্থান স্থান অবলোকনে বিচ্ছেদানল শান্তি না হইয়া ক্রমে বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল, প্রিয়তমের অনুধ্যানে নিরন্তর নিরত থাকাতে নীলাম্বরী উত্তরোত্তর ক্ষিপ্ত প্রায়া হইয়া উঠিল সে দিবসে বন্যফল মূলাহার করিয়া বনে বনে পরিভ্রমণ পূর্ব্বক রাত্রিকালে এই গুহায় আসিয়া অবস্থিতি করিত, তাহাকে প্রকৃতিস্থা করিবার কারণ প্রতি দিনই প্রবোধ দিতাম কিন্তু কোন প্রতিভাষ ভাষিত করিত না।

(ক্রমশঃপ্রকাশ্য)

মাঘ মাসের ঘটনাবলির সংক্ষেপ বিবরণ।

বিলাতীয় রাজসভার কর্ত্তৃপক্ষেরা ভারতবর্ষীয় গবর্ণরমেণ্টকে সৈন্যদলে কেবল গোরা ও শিক সৈনিকদিগকে নিযুক্ত করিতে আদেশ করেন।—বিলাতের অমনিবাস কোম্পানির ধারানুসারে কলিকাতা রাজধানীতে ভাড়াটিয়া গাড়ী ব্যবসায়ী একটি কোম্পানি হইবার কল্পনা হয়।—নদীয়া জেলায় কোন নীলকর সাহেব অন্যায় পূর্ব্বক কাল্লু মণ্ডল নামে এক ব্যক্তিকে পীড়ন

৪৯৪

করে, নীলকর সাহেব তাহাতে যথোচিত প্রতিফল প্রাপ্ত হইয়াছে।—কর্ম্মচ্যুত গোরা সৈনিকেরা আহারাভাবে কলিকাতার স্থানে স্থানে অত্যাচার করে।—ধর্ম্মসংস্থাপক সমাজের মেম্বর মেং হারিংটন সাহেব আস্থবিষয়ক করের প্রস্তাব করিলে বোম্বাই রাজধানীর এক জন পার্সি প্রজা পরামর্শ দেন আয়ের কর না করিয়া ভারতবর্ষীয় প্রজাবর্গের ক্রিয়া কলাপের প্রতি কর স্থাপন করিলে ভাল হয়।—ফ্রান্সদেশীয় সম্রাট লুইসনেপোলিয়ান কয়েক জন রাজার সহিত এক মত হইয়া সুয়েজ খনন করিবার অনুরোধে তুরস্কের সম্রাট সুলতানকে একখানি পত্র লেখেন।—ভরতপুরের রাজা দিল্লীনগরে গবর্ণরজেনেরেল বাহাদুরের সহিত সাক্ষাৎ করেন গবর্ণর বাহাদুর তাহাকে দশ সহস্র মূল্যের একটি মনোহর পরিচ্ছদ প্রদান করেন।—কান্দাহার প্রদেশে একটী নূতন স্বর্ণখনি আবিষ্কৃত হইয়াছে।—ডেপুটিমাজিষ্ট্রটগণের যোগ্যতা ও কার্য্যক্ষমতা জানিবার নিমিত্তে গবর্ণমেণ্ট তাহাদের পরীক্ষা গ্রহণ করেন, তাহাতে কয়েক জন ইঙ্গরেজ ও বাঙ্গালি অনুপযুক্ত বোধে সম্পাশু হইয়াছেন।—কেলি নামক এক জন মদমত্ত গোরা রেলি নামক এক জন নিরপরাধী গোরাকে মংহার করে তাহাতে সে কারা রুদ্ধ হয়।—বাঙ্গালব্যাঙ্কের অধ্যক্ষ মেং লী সাহেব বিলাত গমনের আয়োজন করেন।—শ্রীযুক্ত বাবু কিশোরী চন্দ্র মিত্র রাজধানীর পুলিসের দুরবস্থা বিষয়ে একখানি পুস্তক প্রকাশ করেন।—শোণ নদের উপর সেতু বন্ধন হইতেছে।—কলিকাতা ইউনিবারসিটির বি, এ, উপাধি পরীক্ষায় ত্রয়োদশ জন ছাত্র উত্তীর্ণ হইয়াছে।—আলাহাবাদ প্রদেশে এক প্রকার নূতন পীড়োপদ্রব উপস্থিত হয় তাহাতে অনেক লোক অকালে কালগ্রাসে পতিত হইয়াছে।—বিখ্যাত খৃষ্টনি রেভরণ্ড লালবিহারী দে এক জন পার্সি খৃষ্টানের কন্যাকে বিবাহ করেন।—লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুর স্পর্শনাথ পর্ব্বতে গিয়াছেন তথায় অত্যন্ত ঘন জঙ্গল দেখিয়া তাহা ছেদনার্থ অনুমতি করিয়াছেন।—কলিকাতা রাজধানীতে পবলিক থিয়েটর নামে একটী প্রকাশ্য নাট্যশালা স্থাপনের উদ্‌যোগ হয়।—বাঙ্গালি পল্লীতে গ্যাস আলো দিবার সূত্র পাতহইয়া প্রথমে বারাণসী ঘোষের ষ্ট্রিটে আরম্ভ হয়।—য়ারোইলণ্ডয়ে কোম্পানি আর এক খানি নূতন জাহাজ ভাসাইয়াছেন তাহার নাম কুইন।—গবর্ণরজেনেরেল বাহাদুর আষালা প্রদেশে গমন করাতে তৎপ্রদেশীয় রাজগণ তাহার নিকট উপস্থিত হইয়াছিলেন।—ইলেকট্রিক টেলিগ্রাফ সংক্রান্ত ফক্স নামক এক জন ইঙ্গরেজ স্বীয় বল প্রকাশ পূর্ব্বক একটী দেব মন্দির ও কয়েকটি পিপুলবৃক্ষ ভঙ্গ করাতে তাহাকে কার্য্যচ্যুত করা হইয়াছে।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের বঙ্গালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা প্রকার অভি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নিষ্পন্ন হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর	১
শুকেতিহাস	৸০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড	৸০
নলিনীকান্ত শূঙ্গার ও করুণা রাশ্রিত নবীন উপাখ্যান	৸০
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক খানা মাসুলে পাইতে পারিবেন।	

printned and published by RAMCHUNDER GOOPto at the *Probhakur Press*.

175-267

পতিব্যূহের নিকট প্রতিপন্ন বা পরিচিত হওয়া তদ্রূপ আবশ্যক নহে।

পদ্য

উপদেশ মম, শুন নৃপতয়।
রাজ্যের কার্য্যে কভু, না কর প্রত্যয়।
নিজির অন্যে কার্য্য, দিওনা হে ভার।
হও সে কার্য্য ভার, না করে স্বীকার॥

রাজ্য, ধন ও বিদ্যা এই বিষয় নিম্নলিখিত তিনটি কারণ ব্যতীত স্থায়ী হইতে পারে না। যথা শাসন, বাণিজ্য, বিচার, বা অনুশীলন। ভিন্ন কখনো অন্য কোন ক্রমে স্থায়ী হয় না।

পদ্য

রাজ্য অধীন বিদ্যা, জানে সর্ব্বজনে।
যেখানে থাকেনা বিদ্যা, বিচার বিহনে॥
প্রজার প্রতি মম, এই নিবেদন।
করিবে বিচারে যেন, করেন যতন॥
প্রজা ধনের হয় পরম কারণ।
রাজাতে ঘটে বহু, অর্থ উপার্জ্জন॥
প্রজা বিহীনে ধন, রক্ষা নাহি হয়।
প্রজা রাজ্যের শুভ, সর্ব্বলোকে কয়॥
প্রজার বশ রাজা, হয় সুনিশ্চিত।
প্রজার গুণে দেশে, জন্মে নানা হিত।
প্রজা অভাবে রাজ্য, যায় ছারখার।
প্রজা প্রতিবলী, করে অত্যাচার॥

কুমার্গগামি স্বেচ্ছাচারিকে অনুচিত কোন কার্য্যে নিযুক্ত করিলে সেই কার্য্যের সম্পাদন হওয়া দূরের মত বরং তদ্দ্বারা সমূহ ব্যাঘাত জন্মিয়া থাকে।

পদ্য

[illegible] হয় দশা, খিন্ন কলেবর।
[illegible] সীমা, দেহে চিন্তা জ্বর।
[illegible] পায়, অদৃষ্টের দোষে।
[illegible] পাপে পড়ে, সকলের রোষে॥
প্রতি অনুগ্রহ, করিলে প্রচার।
[illegible] বিনিময়ে, করে অপকার॥
[illegible] স্থানে, আশ্রয় সে পায়।
[illegible] মনে, ভাগী হোতে চায়॥

ক্রোধান্ধকটুবাদির প্রতি বিশ্বাস ও তাহাকে কোন বিষয়ের ভার অর্পণ করা অকর্ত্তব্য, কারণ সে ব্যক্তি বিদ্যা বুদ্ধি সত্ত্বেও স্বভাব দোষে সকল নষ্ট করে।

পদ্য

মিষ্টভাষী সুশীল, আলাপী যেই হয়।
যুবা বৃদ্ধ সবে তাঁর, বশীভূত রয়॥
রাগোদ্বেষী কটুভাষী, হয় যেই [illegible]
যদিও তাহার থাকে, বহু গুণ
এ সকল সহে তার [illegible]
কোন [illegible]

[illegible]
প্রতি দয়া প্রকাশ করা, কোন অংশে
সেই শ্রেয়স্কর নহে বরং তাহারা যদি
হৎ ও সৎপথ [illegible] বিনাশ করিতে
[illegible] অনিষ্ট ও উৎপাত করিতে পারে।

পদ্য

[illegible] দণ্ড করা, না হয় উচিত।
[illegible] তাহার কভু, করেনা সে হিত॥
কুলোদ্ভব যদি কর, বহু উপকার।
তবু সে করিবে তোমা, প্রতি অত্যাচার॥
সততা করিলে ভাই, নষ্টের সহিত।
কষ্টের নাহিক সীমা, নিজের অহিত॥
অসতের ধারেনাকো, কৃতজ্ঞতা ধার।
উপকারে হয় শুধু, স্বীয় অপকার॥
যত্নভাবে বিষবৃক্ষে, সেচন সমান।
অসতের উপকারে, নাহি থাকে মান॥
প্রাণপণ ধন দিয়া, যদি তোষ মন।
তবু নাহি বশীভূত, হয় দুষ্টজন॥

প্রবল পরাক্রমি দেশাধিপতিগণের কৃপা, ও দুগ্ধপোষ্য বালক ও বালিকাবৃন্দের সুশ্রাব্য মধুর স্বর, ইহরা উভয়েই ক্ষণিক ও অস্থায়ী সূক্ষ্মদর্শী জ্ঞানী মাত্রেই কখনো ইহারদের প্রতি বিশ্বাস করেন না কেননা রাজগণ যে কোন্ সময়ে কোন্ কৌশলে দয়া শূন্য হইবেন তাহার কিছুই নিশ্চয় নাই, ইহার তাৎপর্য্য এই যে কোন এক সামান্য সূত্রেই ইঁহারদিগের সৎভাবের অভাব হইয়া যায়, বালক দিগের মিষ্ট স্বর ও তদ্রূপ অর্থাৎ যৌবনের প্রাক্কালে পরিবর্ত্তিত হয়।

পদ্য

সুজন আর্য্যনীয়, প্রিয় যেই হয়।
মন্দ করা তারে, যুক্তি কভু নয়॥
দেবে যদি তার সহ, করহ সংপ্রীতি।
সেপ্রীতি ভঞ্জন করা, না হয় সুনীতি॥
রাজাদের অনুগ্রহ, না হয় সুস্থির।
অল্পেই নিগ্রহ হইয়া হয় তার॥
অধিরাজ অনুগ্রহে, নাহিক বিশ্বাস।
কালক্রমে হতে পারে, তাহারে বিনাশ॥
অতএব রাজাদের, চঞ্চল কৃপায়।
বিপদ ঘটিতে পারে, সদা পায় পায়॥
বালকের মৃদুস্বর, স্বভাবে সুন্দর।
কালক্রমে নাহি থাকে, সে মধুর স্বর॥
বালকের মিষ্টস্বরে, রাজার কৃপায়।
পণ্ডিতেরা এ উভয়ে, বিশ্বাস না যায়॥

আপন গোপন কোন বিষয় আত্মীয় বন্ধুর নিকটে ব্যক্ত করা অনুচিত যেহেতু তিনি কাল বিশেষে শত্রু হইতে পারেন এবং বিপক্ষপক্ষেও যে পর্য্যন্ত অনিষ্ট করণের ক্ষমতা হয় তাহাও করা উচিত হয় না কারণ তাঁহার সহিতও কোন সময় মিত্রতা হইতে পারে পরন্তু কোন গুপ্ত কথা কাহারো নিকট ব্যক্ত করিয়া তাহাকে তৎপ্রকাশ নিষেধ করা অপেক্ষা বরং তাহা অপ্রকাশ না করাই যুক্তি সিদ্ধ হয়।

পদ্য।

মিত্রভাবে কার কাছে,গোপন বিষয়।
প্রকাশিত করা কভু, যুক্তি সিদ্ধ নয়॥
কালে যদি সেই মিত্র, ধরে শত্রুভাব।
যদি হয় তার সহ,মনের অভাব॥
তবে ত ঘটিতে পারে, বিষম সঙ্কট।
সহজে ঘটিতে পারে,অঘট দুর্ঘট॥
শত্রু প্রতি শত্রুতাও,যুক্তি যুক্ত নয়।
কালে যদি সেই শত্রু,সাধুমিত্র হয়॥
অতএব সাধুজন,সদা সমভাবে।
শত্রু মিত্র উভয়েই,সদা সম ভাবে॥

মানস-ফানস।

মানস ফানস মম, উঠিল আকাশে।
তটিনী তরণী সম,আশে পাশে ভাসে॥
ক্রমেক্রমে ঊর্দ্ধগামী, বায়ুর উল্লাসে।
দীপ্২ করে শূন্যে প্রদীপের ভাষে॥
কতশত মনোমত,পূর্ণ অভিলাষে।
যত আসেসে আকাশে,বদ্ধ হয় পাসে॥
আশা পাশ সর্ব্বনাশ,পড়ে সেই আশে।
বদ্ধ হয় আপনিই,কল্পনার পাশে॥
ক্রমে২ মনোরাজ্য,আকাশেতে আসে।
নাহি আর দৃষ্টি করে,আপনার বাসে॥
প্রথমতঃ ধৃতি শান্তি,ক্ষান্তিগুণ নাশে।
অল্পে২ কল্পনার, জল্পনা প্রকাশে॥
প্রকৃতি নিকৃতি পেয়ে,বিকৃতি স্বভাব।
বুদ্ধিশুদ্ধি জ্ঞানাদির, হইল অভাব॥
অখিল হইল পূর্ণ,কল্পনার জালে।
রিপুগণ নৃত্য করে, অবকাশ কালে॥
মনে২ মনোরাজ্য, করিয়া স্থাপন।
ক্ষণিক সুখের ভাগী, হয় মাত্র মন॥

এমন সুখের জন্য, ব্যগ্র হয়ে আশে।
মানস-ফানস মম, উঠিল আকাশে।
তাটিনী তরণী সম,আশে পাশে ভাসে॥

হৃদয় আকাশে উঠে,পড়িল বিষমে।
ক্রমে২ ভ্রমে২, ভ্রম নাহি কমে॥

উড়ু২ করে সদা, আকাশের মাজে।
নানামত ভাবভরে, রহে কাজে২॥
উৎসাহ বায়ুর ভরে, সদা নৃত্যকরে।
দীপ্২ করে সুখে, আকাশ উপরে॥
মানস-ফানস ভাবে,একি হলো দায়।
সুখের রজনীকাল,বৃথা চলে যায়॥
আমার অধীন এই, যত জীবলোক।
আমার অধীন এই,ভূলোক দ্যুলোক॥
ভূলোকের সর্ব্বনাশ,করিতেও পারি!
হারি মানে সর[illegible]আমি দর্পহারী॥
মনে২ হতে [illegible]তের পতি।
সাধি[illegible]রুক[illegible]আমারে প্রণতি॥
চন্দ্রসূর্য্য হইতেও আমার প্রকাশ।
নাশিলে নাশিতে পারি,তাহাদের ভাষ।
আমার বলের কথা,কে বলিতে পারে।
পৃথিবীতে ভয় আমি,নাহি করি কারে।
এইরূপ নানাভাবে,নির্ম্মল আভাসে।
মানস ফানস মম,উঠিল আকাশে॥
তটিনী তরণী সম,আশে পাশে ভাসে॥

মানস-ফানস সদা, ভাবে মনে২।
নানা ধনে ধনী আমি, হইব কেমনে॥
ধনীহলে আসিয়া যুটিবে কত ধনী।
ধনী হয়েহব আমি, ধনী শিরোমণি॥
এখনি যাইব আমি,কুবেরের কাছে।
গুপ্তভাবে যেতে হবে,পলায় সে পাছে॥
আছে নানা সদুপায়,যদি আমি করি।
যত চাই তত পাই,যদি আমি ধরি॥
করিব জগতে আমি,ধনের বর্ষণ।
যেমন তেমন নয়,আমার এ মন॥
এ মন কেমন মম, কে বুঝিবে আর।
এবারে হইব আমি, নানা ধনাধার॥
দেদার কেদার বেঁধে,রাখিব সে টাকা।
বাঁকা ভাব ধরে সদা, হব আমি বাঁকা॥
জাঁকাইব পৃথিবীকে,নানাবিধ জাঁকে।
লাখে২ লোক এসে, পুজিবে আমাকে॥

হইলাম নানা ধনে, ধনী এইবার।
এবার আমারে আঁটে,আর সাধ্যকার
ক্ষণ পরে চৈতন্যের,কিঞ্চিৎ আভাসে
মানস ফানস মম, উঠিল আকাশে
তটিনী তরণী সম, আশে পাশে ভাসে

আবার লজ্জিত হয়ে,মনে মনে ভাবে
ধনাভাবে ভবে আমি,রব কেন ভাবে
বিদ্যাধন মহাধন, যদি তাহা পাই।
জগতে তাহার তুল্য,অন্য ধন নাই॥
অতএব সেই ধন,করিব অর্জ্জন।
সর্ব্বশাস্ত্রপারদর্শী,হইব এখন॥
এখনি যাইব আমি, নানা শাস্ত্র পারে
শাস্ত্র শস্ত্র হাতে হলে,কে আমারে পা
কারে আমি ভয় করি,শাস্ত্রে হলে বী
বিচার-সমরে আমি, ছড়াইব তীর॥
ধীর হয়ে বীরভাবে, জুঝিব সমরে।
অল্পজ্ঞানি ক্ষীণগণ,পালাইবে ডরে॥
জ্ঞান যুদ্ধে যোদ্ধা বোদ্ধা,আমার মত
কৈ আছে আমি তারে,দেখি না কখন
বিচার-সমরে গিয়া,করিব বিচার।
কেহই আঁটিতে মোরে, পারিবেনা আ
সার ধন বিদ্যা ধন, জ্ঞান অধিকারী
বিদ্যাবলে যাহা ইচ্ছা,আমি সব পারি
চৈতন্য হঠাৎ তার,আইল সকাশে।
মানস ফানস মম, উঠিল আকাশে।
তটিনী তরণী সম,আশে পাশে ভাসে

লজ্জা পেয়ে মানস, ফানস ফিরে চা
হায়২ মম দুঃখ কহিব কাহায়॥
একি দায় জ্ঞান যায়, কল্পনার জা
হীন পথ মনোরথ,ভগ্ন এককালে॥
ভ্রম জালে মম দেহ,হয়েছে আচ্ছন্ন
বুদ্ধিশুদ্ধি সব গেছে,একি মতিভ্রম
হিমকর উপরেতে,উঠিয়াছে ক্রমে।
তাহার সেশোভা আমি,নাহি দেখি

176 268

[illegible]বতী বাসনার,একি মোহ জাল।
[illegible]খানে সেখানে ধরে,নাহি কালাকাল
[illegible]হা মরি নিশীথিনী,কিবা শোভা পায়
[illegible]তের জীবগণ, সুখে নিদ্রা যায়॥
[illegible]২ আমার ঘটিল একি দায়।
[illegible] সুখে সুখী হতে, মন সদা চায়॥
[illegible] জল্পনা সুখ,অতি মনোহর।
[illegible]ন্য হইলে হয়,দেহ জ্বর জ্বর॥
[illegible]কর খরকর, বোধ হয় মনে।
[illegible] কঁসনা মম,হইল নিধনে॥
[illegible]রূপ লজ্জা পেয়ে,পুন মনে আশে।
[illegible]স-ফানস মম,উঠিল আকাশে।
[illegible]নী তরণী সম,আশে পাশে ভাসে॥

[illegible]বীর একি ভাব, বিভাবনা সার।
[illegible] আমি আশা পথে,যাই বার২॥
[illegible]বার আশা পথে,কণ্ঠক বিস্তার।
[illegible]নের নিকটে আর,নাহি যে নিস্তার॥
[illegible] করিব কোথা যাব,কি হইবে পরে।
[illegible]ন বলিয়া মোরে,কহিবেক পরে॥
[illegible] পরে বিসম্বাদ,কি হইল দায়।
[illegible]মার দুঃখের কথা,কহিব কাহায়॥
[illegible] থাক্ থাকে থাক্,এ বিষম প্রাণ।
[illegible] দেশে এইবার,করিব প্রস্থান॥
[illegible]ব নির্জ্জন দেশে,গগণে গগণে।
[illegible] সুখে সুখী আমি, হব মনে২॥
[illegible] আর কাজ নাই,বৃথা ভাবি ধন।
[illegible]তেও আর আমি,নাহি দিব মন॥
[illegible] তখন করে,গেল সব রাতি।
[illegible] প্রমোদ বনে, মনে২ মাতি॥
[illegible]তে ভাবিতে এই,মানস ফানস।
[illegible] চলে যায়,যেন মহানস॥
[illegible]ভরে ঊর্দ্ধে যায়,মনের উল্লাসে।
[illegible]নস-ফানস মম,উঠিল আকাশে।
[illegible]নী তরণী সম,আশে পাশে ভাসে॥

লজ্জা পেয়ে মানসেতে,মানস লুকায়।
বায়ু বেগে ক্রমে২, ঊর্দ্ধমুখে ধায়॥
পরামর্শ জিজ্ঞাসিতে,লোক নাহি পায়
মনোদুঃখেমনে২, করে হায়২॥
কেন বা এলাম শূন্যে,হইয়া বিমূঢ়।
হৃদয় আমার ভয়ে,করে দুড়্॥
যেদিকেতে যেতে চাই,যেতে নাইপাই।
যেদিকেতে বায়ু যায়,সেই দিকে যাই॥
আপনার বল নাই,বায়ু বলে বলী।
বায়ু বলে এই বল,হয়েছে সকলি॥
একি পাপ বা[illegible]তে না পারি।
বায়ুর নিকটে [illegible],মানিয়াছি হারি॥
হারি আর নাই [illegible]র,পারে যেতে পারি
কল্পনা জল্পনা বলে,সকলি আমারি॥
এখনি বায়ুরে পারি,করিতে বিনাশ।
এখনি আসিয়া হবে,সে আমার দাস॥
তথাপি সে বায়ু ভরে,ক্রমে ঊর্দ্ধে উঠে।
জোর জোর নাহি খাটে,বাক্য নাহি ফুটে
ক্রমে২ ঊর্দ্ধে যায়,চক্ষুনীরে ভাসে।
মানস-ফানস মম, উঠিল আকাশে।
তটিনী তরণী সম আশে পাশে ভাসে

লজ্জা পেয়ে পুনর্ব্বার, ভাবে মনে২।
বায়ু হতে ত্রাণ আমি,পাইব কেমনে॥
বায়ু বল বড়বল,আঁটিতে না পারি।
ইহার নিকটে আমি,মানিয়াছি হারি॥
সারি২ দুইধারি,আছে সব তারা।
চিক্‌মিক্ ঝিক্‌মিক্,করিতেছে তারা॥
কেমন উজ্বল শোভা, আহা মরি২।
ইচ্ছা হয় লম্ফ দিয়া,তারাবলী ধরি॥
ক্রমে২ যাই আমি,আকাশ উপরি।
ধরিয়া তারকাবলী, এই গলে পরি॥
আমিও এসেছি এই,আকাশমণ্ডলে।
আমার যে কত শোভা,দেখিছে সকলে
আমার উদরে জ্বলে,উজ্বল প্রদীপ।
মানস রঞ্জন হেতু, জ্বলে দীপ্ দীপ্॥

আমার যে কত শোভা,কহিব কাহারে।
অগণন তারাগণ; আমারে কি পারে॥
আমি আছি আর আছে,এই তারাগণ।
দেখুক সকল লোকে,শোভে কে কেমন
ভাবিতে২ ইহা,মনের উল্লাসে।
মানস-ফানস মম,উঠিল আকাশে।
তটীনী তরণী সম,আশে পাশে ভাসে।

যারা বলে তারাপতি,হয় শশধরে।
যারা বলে এক চাঁদে,সব তমোহরে॥
তাহারা দেখুক এসে,আমার এ দেহ।
যে দেখিবে সে ভুলিবে,নিন্দিবে না কেহ
মর২কিবা কর,ধর তারাপতি।
আমার এ শোভা দেখে,তুমি খিন্নমতি
আমার শোভায় তুমি,হয়েছ শোভিত।
আমার আলোকে তুমি,হও আলোকিত
শিতকর ভীত হয়ে যদি কর জাঁক।
এরীত উচিত নয়, সব হবে ফাঁক॥
সব জাঁক হবে ফাঁক,হবে অন্ধকার।
আলো নিয়ে যাব আমিরহিবনা আর॥
মানস-ফানস মম, অহঙ্কার ভরে।
অভিমানে এইরূপে,আপনি গুমরে॥
এমন সময় হল, মেঘের উদয়।
কোথা তারা কোথা চন্দ্র,নাহি দৃষ্ট হয়।
চতুর্দ্দিক অন্ধকার, হল ক্রমে২।
মানস ফানস মম,আকাশেতে ভ্রমে॥
ক্রমে২ জড় সড়,ভয়ের আভাসে।
মানস-ফানস মম,উঠিল আকাশে।
তটিনী তরণী সম,আশে পাশে ভাসে॥

মনে২ বড় লজ্জা,পাইল সেবার।
অন্তরেতে বড় ভয়,হইল আবার॥
বার দিয়া ছিল এই,পূর্ণ শশধর।
দুধার যে ছিল এই, তারকা নিকর॥
কি হইল২,কোথা গেল সব।
মেঘমালা করিতেছে,ভয়ঙ্কর রব॥

নীরব হইয়া আছে,দ্যুলোক ভূলোক।
পুলক নাহিক আর,গিয়াছে আলোক।
খামকা দমকা বায়ু,লাগিতেছে গায়।
এমন সাধের আলো বুঝি নিবে যায়॥
হায়২ একি দায়,ঘটিল আমায়।
এইবার প্রাণ বুঝি,হল যায় যায়॥
কৈ মম সেই আলো,সেই রহিয়াছে।
তথাপি এ দুর্নিবার, অন্ধকার আছে॥
বুঝিলাম তারাপতি,অতি বলবান।
কেন বা তাহারে আমি,করি অপমান॥
বার২ এ বাসনা, হইয়া উদিত।
শেষে করে দুঃখ বাণে মোরে জর্জ্জরিত
ভীত আমি তবু নই,মনের উল্লাসে।
মানস-ফানস মম, উঠিল আকাশে।
তটিনী তরণী সম,আশে পাশে ভাসে॥

ক্রমে২ সরে মেঘ,সুবায়ুর ভরে।
আকাশের অন্ধকার,ক্রমে২ মরে॥
তারাপতি তারা সঙ্গে,প্রকাশিছে করে।
ক্রমে২ নিজ ভাব সকলেই ধরে॥
ফুটিল তারকা ফুল,আকাশ আকরে।
জুটিল তাহাতে চন্দ্র,ভ্রমর কাতরে॥
যেন নব চন্দ্রোদয়,হইল উপরে।
ফিক্২ হাসে তারা,ঝিক্২ করে॥
লজ্জা পেয়ে মানসের,বাক্য নাহি সরে।
মনোরথ ভঙ্গ হল অন্তরে২॥
বায়ুভরে ক্রমে২,নানা দেশে যায়।
নানারূপ স্বভাবের,নিদর্শন পায়॥
যেদিকে সে বায়ু যায়,সেইদিকে যায়।
যেদিকেতে দৃশ্য ভাল,সেই দিকে চায়॥
বিশ্বময় এইরূপ,উড়ে উড়ে ধায়।
তথাপি সে মনোমত,সুখ নাহি পায়॥
অপায় নাহিক তার, উপায় রহিত।
বিনা পায় চলে যায়,হয়ে তিরোহিত॥
মানসে মানসে সদা,আনসেতে আশে।
মানস ফানস মম,উঠিল আকাশে।
তটিনী তরণী সম,আশে পাশে ভাসে॥

দূর হতে দেখে পরে,সমুদ্র অকূল।
একূল ওকূল তার, দেখে হয় ভুল॥
মানস ভাবিছে মনে,হইয়া আকুল।
এবার যে দেখি বড়, হইল প্রতুল॥
ব্যাকুল হইয়া মনে,গেলরে দুকুল।
নাহি কূল নাহি তুল,নাহি অগ্র মূল॥
কুল২ করিতেছে,অকূল পাথার।
ঊর্ম্মীকুল যেন সব,দিতেছে সাঁতার॥
চাঁদের কিরণ জলে,করে ঝিক্ মিক্।
হলকরা জল যেন,হইয়াছে ঠিক্॥
দিক্ সব জলময়, [illegible] বোধ হয়।
তারাবলী কমলিনী, [illegible] সে জলময়॥
এসময় ভয় হয়,মনে অতিশয়।
স্বভাবের শোভাগুণে,কিন্তু নাহি রয়॥
নির্ভয় হইয়া কয়,মানস তখন।
ভাগ্যক্রমে যদি হেথা,এসেছি এখন॥
সাধন করিব কার্য্য,অবশ্য তখন।
ধন রত্নে চিরকাল,করিব যাপন॥
শূন্যপথে এইরূপ, ধনরত্ন আশে।
মানস ফানস মম,উঠিল আকাশে।
তটিনী তরণী সম,আশে পাশে ভাসে॥

শুনিয়াছি এ অর্ণব, হয় রত্নাকর।
ইহাতেই আছে সব, রতন নিকর॥
যত্নধন রত্নবলে, রত্নাকর বর।
মহাবল হইয়াছে, জলের ভিতর॥
জল জাল আচ্ছাদিয়ে,হইয়াছে বলী।
অবিলম্বে বলাবল, জানিব সকলি॥
গুপ্তকোরে গর্ভ মধ্যে, মহারত্ন সব।
লুপ্তভাবে রাখিয়ছে, হয়েছে নীরব॥
আমার বাসনা অতি, লইতে সে ধন।
যদি নাই পাই ধন, হইব নিধন॥
সমুদ্র হইল মম, পেটিকা, স্বরূপ।
হইলাম জগতের, এক ছত্র ভূপ॥
আর কি ভাবনা আছে,সংসার সঙ্কটে।
পৃথিবীর সারধন, আমার নিকটে॥

বটে বটে আমার নিকটে আছে সব।
দশদিক্ ছুটিবেক,আমার সুরব॥
আমি বই আর ধনী, মানী নাই আর।
আমার নিকটে আছে, ধন রত্ন বার॥
ভাবিতে ভাবিতে ইহা বায়ুর উল্লাসে।
মানস ফানস মম, উঠিল আকাশে।
তটিনী তরণী সম,আশে পাশে ভাসে॥

ভাবিতে ভাবিতে ইহা, চঞ্চল হৃদয়।
ধনলাভ আশা মনে, হয় অতিশয়॥
জলেতে নামিতে চায়,রত্ন লালসায়।
বায়ুভরে ক্রমে ক্রমে, [illegible]
গতিভঙ্গ দেখে বড়, তাপ পায় মনে।
ক্রমে ক্রমে উঠে যায়, নির্ম্মল গগনে॥
গতিভঙ্গ আশা ভঙ্গ, দুই এককালে।
মানস পড়িল বড়, বিপদের জালে॥
বায়ুবল মহাবল, বুঝিল অন্তরে।
সুস্থির হইল বহু, কল্পনার পরে॥
এমন সময়ে সেই, সমুদ্র উপর।
উঠিল ঝটিকা এক, অতি ভয়ঙ্কর॥
বায়ুর প্রবল বেগে, হল বেগ ভঙ্গ।
থর থর কাঁপিতে, লাগিল তার অঙ্গ॥
দীপ্ দীপ্ ভাব তেজে,প্রদীপ নিবিল।
হঠাৎ ঝটিকা বেগে, ফানস ছিঁড়িল॥
আশা জাল ছিন্ন হল, ভিন্ন কলেবর।
মতিছন্ন দোষে খিন্ন, [illegible]॥
আশার সমুদ্রে পড়ে,শেষে প্রাণনাশে।
মানস-ফানস মম, উঠিল আকাশে।
তটিনী তরণী সম,আশে পাশে ভাসে॥

নীলাম্বরী।
(গতমাসের শেষ)

ত্রেতাবতারে পূর্ণব্রহ্মভগবান্
রামচন্দ্রের রাজ্যাভিষেকের দিবস
যে রামচন্দ্র স্বয়ং লক্ষ্মী সীতাদেবীর
পাণিগ্রহণ নিমিত্ত নৃপতি নিচয়

সংবাদ প্রভাকর

প্রাত্যহিক পত্র

[illegible] প্রভাকর পত্র [illegible] ব্যতীত প্রতি [illegible] কলিকাতা [illegible] অন্তঃপাতি [illegible] ভবানীচরণ [illegible] ২৩ নং [illegible] সম্পাদক শ্রীযুত [illegible] গুপ্তকর্ত্তৃক প্র[illegible]

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ দর্পসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিচ্ছ্রমং ভ্রা[illegible] যতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ।
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং [illegible] সে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফায়সং॥

[illegible] এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

[illegible] সংখ্যা] মঙ্গলবার ১০ ফাল্গুণ ১২৬৬ সাল। ইং ২১ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মহানগর কলিকাতার বিভুক্ত খাসমহলের নিম্নলিখিত হোল্ডিং সকল এক বৎসরের নিমিত্ত ইজারা দেওয়া যাইবেক। যে ব্যক্তি অধিক টাকা ডাকিবেন তিনিই ইজারা পাইবেন এবং ১৮৬০ সালের ৪ মার্চ্চ তারিখে [illegible] কমিসনর সাহেবের অনুমত্যনুসারে কলিকাতার কালেক্টরি [illegible] ঐ ডাক গৃহীত হইবেক।

হোল্ডিং নম্বর	নম্বর ও ষ্ট্রীটের নাম	পরিমাণ। বিঘা	কাঠা	ছটাক	কাঁচ্চা	স্থানের বিবরণ
১৩	কালেজ ষ্ট্রিটে মাধব দত্তের বাজারের ঠিক উত্তরাংশে।	৩	২	০	০	কাঁচা বস্তি ঐ ভূমির একাংশ ভাড়া দেওয়া হইয়াছে, অবশিষ্টাংশ কিছু দিনের নিমিত্ত ভাড়া দেওয়া যাইতে পারে ও তাহাতে বিশেষ লভ্য হইতে পারে।

HUSHUM
Deputy collector
ডবলিউ, হেসাম।
ডিপিউটি কালেক্টর।

[illegible] কালেক্টরি আফিস [illegible] ফিব্রুয়ারি [illegible] সাল।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

মাষ্টার সেল।

যে মোকদ্দমায় রাণী সুরভকুমারী দাসী বাদি [illegible] এবং প্রসন্ননারায়ণ দেব ও অন্যান্য প্র[illegible] আদি সেই মোকদ্দমা বিষয়ে সুবে [illegible] বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে ১৮৫৭ খৃষ্টাব্দের ৩ মে তারিখে যে অনুমতি প্রদত্ত হইয়াছে, তাহার ক্ষমতানুসারে এবং উল্লেখিত সুপ্রিমকোর্টের মাষ্টর শ্রীযুক্ত উইলিয়ম মরগান সাহেবের সম্মতিক্রমে উক্ত সুপ্রিমকোর্ট নামক বিচার মন্দিরে তাঁহার দপ্তরখানার নিম্নলিখিত সম্পত্তি সকলের প্রতি রাজা সীতানাথ বসু বাহাদুরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা আগামী ১০ মার্চ্চ শনিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে নিশ্চিতরূপে বিক্রীত হইবেক।

নম্বর ১। বিশেষতঃ মহানগর

কলিকাতায় শ্যামপুকুরের সামিল ও তন্মধ্যস্থিত এক দোতালা পরিবারের বসতি বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ২ দুই বিঘা এবং তাহা এইরূপে চতুসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ এবং পূর্ব্বদিকে প্রকাশ্য রাস্তা উত্তরদিকে কন্দর্প গুঙের বাটী এবং পশ্চিমদিকে রতন চট্টোপাধ্যায়ের বাটী।

নম্বর ২। বিশেষতঃ মহানগর কলিকাতার শ্যামপুকুরের অন্তঃপাতি ও তন্মধ্যস্থিত এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৴৩ তিন কাঠা এবং তাহার চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তরদিকে উক্ত কন্দর্প গুঙের বাটী, দক্ষিণদিকে মনোহর মিত্রের ভূমি পশ্চিমদিকে এক গলি পথ যদ্দ্বারা গঙ্গা[illegible]য়ণ গঙ্গোপাধ্যায়ের বাটী [illegible]াওয়া যায় এবং পূর্ব্বদিকে [illegible] রাজা সীতানাথ বসুর পরিবারের বসতি বাটী।

নম্বর ৩। বিশেষতঃ জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শুকচর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক বাগান তাহাতে পুষ্করিণী নানা জাতীয় বৃক্ষাদি ও আটচালা অথবা বাঙ্গালা ঘর এবং তাহা ইষ্টক নির্ম্মিত প্রাচীর দ্বারা পরিবেষ্টিত ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ১২৴৪ বারো বিঘা চারিকাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিমদিকের কিয়দংশে এক বাগান যাহা গোপাল বাগান নামে বিখ্যাত এবং যাহা শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেব বাহাদুরের সম্পত্তি এবং কিয়দংশে রামমোহন বন্দ্যোপাধ্যায়ের খরিদা বাগান দক্ষিণদিকে প্রকাশ্য রাস্তা পূর্ব্বদিকে রাম চাঁদচট্টোপাধ্যায়ের আ[illegible]াই অর্থাৎ রাইয়তি ভূমি।

নম্বর ৪। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা চব্বিশ পরগণার শুকচর নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত এক খণ্ড সা[illegible] ভূমি তাহার পরিমাণ অনু[illegible]ন ২৷৷০ দুই বিঘা দশ কাঠা [illegible]ং তাহা এইরূপে চতুঃসীমা[illegible] বিশেষতঃ পূর্ব্বদিকে মধুসূদন ঘোষের ভূমি। উত্তরদিগের কিয়দংশে গঙ্গাই ঠাকুরের ভূমি এবং কিয়দংশে গঙ্গাধর গঙ্গোপাধ্যায়ের ভূমি পশ্চিমদিকে প্রকাশ্য রাস্তার নদ্দামা অথবা নয়ানজুলি এবং দক্ষিণদিকে কৃষ্ণমোহন সেনের বাগান।

নম্বর ৫। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শুকচর নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত এক খণ্ড সালি ভূমি তাহার পরিমাণ অনুমান ৩৷৪ তিন বিঘা নয় কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে রাম মোহন বন্দ্যোপাধ্যায়ের ব্রহ্মোত্তর ভূমি উত্তরদিকের কিয়দংশে শম্ভু ঘোষের ভূমি এবং কিয়দংশে ভগীরথ সরদারের ভূমি পশ্চিমদিকে প্রকাশ্য রাস্তা এবং দক্ষিণদিকের কিয়দংশে রামধন ভট্টাচার্য্যের জমি এবং কিয়দংশে স্বরূপ সাহার ভূমি।

নম্বর ৬। বিশেষতঃ জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শালিখা নামক স্থানের সামিল এক বাগান তাহাতে পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার প[illegible]মাণ অনুমান ১৩৷৩ তেরো বিঘা [illegible] কাঠা এবং তাহা এইরূপে চতুঃসী[illegible]বদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে চৈতন[illegible]রণ কুণ্ডুর বাগান উত্তরদিকে কা[illegible] ইলাল বাবুর ও হুটুলাল বাবুর [illegible]গান পশ্চিমদিকে রামমোহন [illegible]দারের এবং বৈদ্যনাথ ঘোষের [illegible] এবং দক্ষিণদিকে জানকীবিবির [illegible] এবং প্রকাশ্য রাস্তা।

নম্বর ৭। বিশেষতঃ উল্লে[illegible] স্থানের সামিল ও তন্মধ্যস্থিত [illegible] বাগান ও তাহার সঙ্গে যে এক [illegible] ও বন্দ ভূমি তাহার পরিমাণ [illegible]মান ৸১ ষোল কাঠা। এবং তাহা [illegible]রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূ[illegible]দিকে প্রকাশ্য রাস্তা পশ্চিমদি[illegible] এক বিবির বাগান উত্তরদিকে [illegible] পুষ্করিণী যাহা হেদো নামে বিখ্যা[illegible] এবং দক্ষিণদিকে হরমোহন বাবু[illegible] বাগান।

নম্বর ৮। বিশেষতঃ জিলা মুর্শি[illegible]দাবাদের অন্তঃপাতি মৌজা মধু[illegible]রের বাবুলবোনা নামক স্থানের [illegible]মিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নি[illegible]র্ম্মিত বাটী তাহাতে পুষ্করিণী ও [illegible]ক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এ[illegible] খণ্ড ও বন্দ ভূমি অনুমান পরিমা[illegible] ৩২৷৩ বত্রিশ বিঘা আট কাঠা এ[illegible] তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ [illegible]দিকে এক রাস্তা নামে বিখ্যাত উ[illegible]রদিকে কিয়দংশে নারায়ণ মুদি[illegible] দোকান ও কিয়দংশে অনাবা[illegible] ভূমি ও বাগান তাহা পরাণ সেখে[illegible] সম্পত্তি এবং জামাল খানসামা[illegible] বাগান পশ্চিমদিকে চণ্ডীচরণ সর[illegible]রের বাটী ও জীলন আলীর বাটী এ[illegible]

178.270

[illegible]ণ পিক্র সাহেবের অধীন আছে [illegible]ং দক্ষিণদিকে অনাবাদি ভূমি [illegible] পাকারাস্তার পার্শ্বভাগে [illegible]ছে।

নম্বর ৯। বিশেষতঃ পূর্ব্বোক্ত [illegible]লা মুর্শিদাবাদের অন্তঃপাতি [illegible]জ মধুপুরের বাবুলবোনা নামক [illegible]নের সামিল এক খণ্ড রাইয়তি [illegible] বিবি নামে বিখ্যাত ভূমি তা[illegible]র পরিমাণ অনুমান ৭৷৷০ সাত [illegible] দশ কাঠা এক পাই তাহাতে [illegible]ষ্করিণী ও নানা জাতীয় বৃক্ষাদি [illegible]ছে, এবং তাহা এইরূপে চতুঃসী[illegible]বদ্ধ। দক্ষিণদিকে কবিরহাটীর [illegible] যাহা লারেন্স সাহেবের ভূমি [illegible] পূর্ব্বদিগে উক্ত মেংলারেন্স [illegible]হেবের বাগান এবং ধাঙড়ের [illegible]টী। উত্তরদিগে চারুয়া ধাঙড়ের [illegible]বাদী ভূমি, এবং বন্দুয়া ধাঙড়ের [illegible]তি বাটী এবং পাহাড় ভূমি এবং [illegible] খানসামার বসতি বাটী পশ্চিম [illegible]গে গুহা খানসামার ভূমি এবং [illegible] রাস্তা।

নম্বর ১০। বিশেষতঃ মহানগর [illegible]লিকাতার পাতুরিয়াঘাটার অন্তঃ[illegible]তি এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি [illegible]হার পরিমাণ অনুমান ১৴০ এক [illegible] এবং তাহা এইরূপে চতুঃসীমা [illegible] উত্তরদিকে মৃত রাজচন্দ্র প্রা[illegible]দিকের ভূমি। দক্ষিণদিকে গো[illegible]ন বাবুর ভূমি। পূর্ব্বদিকে দরমা [illegible] এবং পশ্চিমদিকে ফ্রাণ্ড [illegible] অর্থাৎ গঙ্গাতীরের রাস্তা।

নম্বর ১১। বিশেষতঃ মহানগর [illegible]লিকাতার শ্যামবাজারের সামিল [illegible]ন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি তাহার পরিমাণ অনুমান ৯৷১ নয় কাঠা, এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ উত্তর পূর্ব্বদিকে প্রকাশ্য রাস্তা। পশ্চিমদিকে এক মন্দির যাহা কৃষ্ণরাম বসুর শিবের মন্দির।

এই সকল বিষয়ের বিক্রয়ের অন্যান্য বিবরণ প্রিমকোর্টের মাষ্টার আফিসে অথ[illegible] প্রতিবাদী প্রসন্ননারায়ণ দেবের প[illegible]য় উকীল মেং এনলি সাহেবের আফি[illegible] তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

W Morga[illegible]
Master.
ডবলিউ, মর্গান।
মাষ্টার

W. ANLEY
Diffendant's Solicitor
ডবলিউ এনলি।
প্রতিবাদীর পক্ষীয় উকীল।
কলিকাতা।
সুপ্রিমকোর্ট।
মাষ্টার আফিস।
৪ ফিব্রুয়ারি ১৮৬০

নম্বর ৪৩৪৮।

পোষ্ট আফিসের বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে কলিকাতার পোষ্ট আফিসের ব্যবহার নিমিত্ত চারি বৎসরের জন্য ২১ টা ঘোটক ও তাহার পরিচালক সহিস ও সাজ সমুদয়ের আবশ্যক হইয়াছে, তদ্দ্বারা ডাক চিটির হরকরা দিগকে প্রতি দিবস তিনবার লইয়া যাইতে হইবেক, রবিবার একবার লইয়া যাইতে হইবেক, কিন্তু ঐ রবিবার দিবসে বিলাতীয় মেইল উপস্থিত হইলে কিম্বা অন্য কোন অতি প্রয়োজনীয় বিষয় উপস্থিত হইলে, তাহার পত্রাদি সকলকে দিবার নিমিত্ত অনেকবার পত্রাদি বিতরণ করিতে হইবেক।

২ দফা। ঐ অশ্ব প্রভৃতি যোগাইবার টেণ্ডার ১৮৬০ সালের মার্চ্চ মাসের ১০ তারিখ বেলা দুই প্রহরের সময় পর্য্যন্ত গ্রহণ করা যাইবেক ইহার নিয়মাদি যথানিয়মে রক্ষা করিবার নিমিত্ত প্রত্যেক টেণ্ডরের সমভিব্যাহারে ২০০০ দুই হাজার টাকা জমা দিতে হইবেক।

T. GARRET
Post Master of Calcutta
টি, গেরেট।
কলিকাতার পোষ্ট মাষ্টার।
কলিকাতা
পোষ্ট আফি[illegible]
১৭ ফিব্রুয়ারি ১৮[illegible]

বিজ্ঞাপন

চুরি বা খোয়া গিয়াছে।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মৃত [illegible] মথনাথ দেবের কনিষ্ঠা স্ত্রী শ্রীমতী ছাতুমণি দাসীর নামাঙ্কিত শিল মোহর খোয়া গিয়াছে।

যে ব্যক্তি ঐ শিলমোহর তাঁহার নিকটে অথবা আমরা তাহার উকীল আমারদিগের নিকটে উপস্থিত করিবেক, অথবা যে কোন উপায় দ্বারা তাহা প্রাপ্ত হওয়া যায়, তাহা জানাইতে পারিবেক, কিম্বা যাহাতে তাহার অপহারকের প্রতি রীতিমত অভিযোগ করা যাইতে পারে

৪৯৮

এমত উপায় করিয়া দিবেক তাহাকে বিশেষ পুরস্কার প্রদান করা যাইবেক।

SWINHOE BEEBY
Attornie's at Low for Sreemutty
Sautoomony Dasee
সুইন হো বিবি।
শ্রীমতী সাতুমণি দাসীর পক্ষীয়
উকীল।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যাহারা আপনাপন সন্তান সন্ততিদিগকে ব্যাকসিনেট অর্থাৎ ইংরাজী মতে গোবীজে টীকা দিবার অভিলাষ করেন চৌরঙ্গির রাস্তার ২৭ নং ভবনে সুপরিন্টেণ্ডেণ্ট জেনেরল আব ব্যাকসিনেট অর্থাৎ উডপ্রকার টীকা দিবারকার্য্যের সর্ব্বাধ্যক্ষ সাহেবের নিকট প্রর্থনা জানাইবেন।

J. MACPHERSON.
Superintendent General of Vaccinatn.
জে, মেকফার্সন
টীকা দিবার কার্য্যের
সর্ব্বাধ্যক্ষ

সংবাদ প্রভাকর

১০ ফাল্গুণ শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

পশ্চিম প্রদেশ।—প্রায় তিনবৎসর হইল পশ্চিম প্রদেশের দক্ষিণ দশার উপক্রম হইয়াছে। অকালোত্থিত বিদ্রোহবহ্নিই উক্ত ক্ষীণ দশার প্রধান কারণ। যে দিন অবধি পশ্চিম দেশের প্রতি আমাদের রাজপুরুষদের কোপদৃষ্টি পড়িয়াছে, সেই দিন অবধিই ইহার অমঙ্গলের সূত্রপাত হইয়াছে। দুর্বৃত্ত কৃতঘ্নেরা আপনা আপনই আপনারদিগের সর্ব্বনাশ করিল। এ অল্পকালের মধ্যেই পশ্চিম দেশের বৃহৎ বৃহৎ অলঙ্কৃত প্রাসাদ কঠিন কঠিন দুর্গম্য দুর্গ প্রভৃতি কীর্ত্তি চিহ্ন সকল এককালে ধ্বংস হইয়াছে সেখানে এক্ষণে আর সেরূপ রমণীয় শোভা নাই, সেরূপ সৌন্দর্য্য নাই, সেরূপ কিছুই নাই। পশ্চিম প্রদেশের এক্ষণে সকল স্থানই প্রান্তরময় ও জঙ্গল ময় হইয়াছে। ফলতঃ পশ্চিম প্রদেশের এক্ষণে আর সেরূপ শোভা নাই, তাহা একবারে তিরোহিত হইয়াছে।

পশ্চিমদেশের এরূপ দুরবস্থা ঘটিয়াছে বটে, কিন্তু তথাপি অদ্যাপি তাহার প্রতি রাজপুরুষদের কিঞ্চিন্মাত্র স্নেহের ন্যূনতা হয় নাই। যে পশ্চিম দেশের নাম শুনিলেই ইংলণ্ডীয় ও ভারতবর্ষীয় কর্ত্তৃপক্ষেরা ক্রোধে প্রজ্বলিত হইতেন, এক্ষণে সেই পশ্চিম দেশেরই অঙ্গ সংস্কার ও শোভাবৃদ্ধির নিমিত্তে তাঁহারা যত্নবান হইয়াছেন। প্রজারঞ্জন রাজার এরূপ দয়া প্রচার অবশ্য কর্ত্তব্য তাহার আর সন্দেহ নাই। আমাদের প্রধান রাজনীতি ও ধর্ম্মনীতি প্রণেতা মহর্ষিগণ রাজগণের প্রতি উপদেশ দিয়াছেন, "রাজ্যও প্রজার প্রতি এক চক্ষে অগ্নি বর্ষণ ও অপর চক্ষে সুধাবর্ষণ করা রাজগণের উচিত। অতএব আমরা ইংলণ্ডীয় কর্ত্তৃপক্ষ গণের এই মঙ্গলময় অভিপ্রায় পাঠ করিয়া যার পর নাই প্রীত ও আহ্লাদিত হইলাম। মহাকবি কালিদাস লিখিয়াছেন।—

"বিষবৃক্ষোপি সম্বর্দ্ধ্য
স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্।"

অর্থাৎ স্বপ্রতিপালিত বিষবৃক্ষকেও নাশ করা উচিত নহে। বস্তুতঃ ভারতবর্ষ এক্ষণে বৃটিশ গবর্ণমেণ্টেরই সম্বর্দ্ধিত। অতএব ইহার অজ্ঞানান্ধ প্রজাগণের অজ্ঞতা নিন্ধন অপরাধ গ্রহণ না করিয়া তাহা মার্জ্জনা করাই উচিত। বোধ হয় অতি অল্প কালের মধ্যেই পশ্চিম প্রদেশ পুনর্ব্বার সুশোভিত হইবে।

পত্র প্রেরকের জ্ঞাতব্য।

কয়েক দিবস হইল, আমরা "কস্যচিৎ প্রভাকর পাঠকস্য" স্বাক্ষরিত পত্র প্রাপ্ত হইয়াছি। পত্র প্রেরক আক্ষেপ করিয়া লিখিয়াছেন, তাঁহার কোন প্রেরিত পত্র আমরা অগ্রাহ্য করিয়া প্রকাশ করি নাই। বস্তুতঃ তাঁহার প্রেরিত পত্র যদ্যপি আমাদের যন্ত্রালয়ে আসে নাই। এই নিমিত্তেই প্রকাশ হয় নাই। পত্র প্রেরক আরো কিঞ্চিৎ শ্রম স্বীকার করিয়া তাহা পুনর্ব্বার লিখিয়া পাঠাইবেন।

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

এই প্রভাকর পত্র [illegible] প্রতি [illegible] কলিকাতা [illegible] অন্তঃপাতি [illegible] দুর্গাচরণ [illegible] ২২ নং [illegible] সম্পাদক শ্রীযুত [illegible] গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকা মাত্র।

৪৫০ সংখ্যা। বুধবার ১১ ফাল্গুন ১২৬৬ সাল। ইং ২২ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সুবে বাঙ্গলার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিম কোর্ট নামক কার্য্যালয়।

ইকুটিপক্ষ।

মৃত কেশবচন্দ্র রায়ের শেষ উইল পত্রের এক মাত্র জীবিত এগ্জিকিউটর বিহারীলাল রায় চৌধুরী ও রবার্ট ও ডৌডা বাদী।

চার্লস এমেডিন্স, সেন বলি।

প্রতিবাদী।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যে উল্লিখিত মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গলার অন্তঃপাতি সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে এক হাজার আটশত আটান্ন খৃষ্টীয়াব্দের ২৩ এপ্রেল তারিখে যে অনুমতি প্রদত্ত হইয়াছিল তাহার ক্ষমতানুসারে উল্লিখিত প্রতিবাদির বিষয় ও বিভবাদি যাহার ষোল ভাগের চারি ভাগ অর্থাৎ চারি আনা অংশ অথবা রকম তালুক কেশবপুর ও কটোরিয়া নীলকুঠি নামে বিখ্যাত নীলকুঠির ও যাহা বিক্রীত না হইয়া ১৫ ফিব্রুয়ারি তারিখের বিক্রয়ের ক্রেতারা বিক্রয়ের নিয়মাদি প্রতিপালন না করাতে আগামি ২২ ফিব্রুয়ারি বুধবার তারিখ পুনর্ণিলাম দিনস্থির করা গেল ঐ দিবসে উক্ত বন্ধকি বিভবাদি প্রকাশ্য নীলামদ্বারা প্রথম বিক্রয়ের বিধান ও নিয়মানুসারে পুনর্ব্বার নীলাম করা যাইবেক।

এই বিষয়ের অন্যান্য বিবরণ জানিতে হইলে সুপ্রিমকোর্টের মাষ্টার আফিসে অথবা বাদি পক্ষের উকীল আর, এম, তামস সাহেবের কার্য্যালয়ে অর্থাৎ ওল্ড পোষ্ট আফিস ষ্ট্রীটে ৬ নম্বর ভবনে তত্ত্ব করিলেসকলে জানিতে পারিবেন।

W. Morgan
Master.
ডবলিউ মর্গান।
মাষ্টার।

R. M. Thomas.
Plaintiff's solisitor
আর, এম, তামস।
বাদিপক্ষের উকীল।
কলিকাতা।
সুপ্রিমকোর্ট
মাষ্টার আফিস
১৭ ফিব্রুয়ারি ১৮৬০

নম্বর ৪৩৪৮।

পোষ্ট আফিসের বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে কলিকাতার পোষ্ট আফিসের ব্যবহার নিমিত্ত চারি বৎসরের জন্য ২১ টি ঘোটক ও তাহার পরিচালক সহিস ও সাজ সমুদয়ের আবশ্যক হইয়াছে, তদ্দ্বারা ডাক চিটির হরকরা দিগকে প্রতি দিবস তিনবার

লইয়া যাইতে হইবেক, রবিবার এক বার লইয়া যাইতে হইবেক, কিন্তু ঐ রবিবার দিবসে বিলাতীয় মেইল উপস্থিত হইলে কিম্বা অন্য কোন অতি প্রয়োজনীয় বিষয় উপস্থিত হইলে, তাহার পত্রাদি সকলকে দিবার নিমিত্ত অনেকবার পত্রাদি বিতরণ করিতে হইবেক।

২ দফা। ঐ অশ্ব প্রভৃতি যোগ্যা ইবার টেণ্ডার ১৮৬০ সালের মার্চ্চ মাসের ১০ তারিখ বেলা দুই প্রহরের সময় পর্য্যন্ত গ্রহণ করা যাইবেক ইহার নিয়মাদি যথানিয়মে রক্ষা করিবার নিমিত্ত প্রত্যেক টেণ্ডরের সমভিব্যাহারে ২০০০ দুই হাজার টাকা জমা দিতে হইবেক।

T. GARRET
Post Master of Calcutta
টি, গেরেট।
কলিকাতার পোষ্ট মাষ্টার।

কলিকাতা
পোষ্ট আফিস
৭ ফিব্রুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন

চুরি বা খোয়া গিয়াছে।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মৃত প্রমথনাথ দেবের কনিষ্ঠা স্ত্রী শ্রীমতী ছাতুমণি দাসীর নামাঙ্কিত শিল মোহর খোয়া গিয়াছে।

যে ব্যক্তি ঐ শিলমোহর তাঁহার নিকটে অথবা আমরা তাহার উকীল আমারদিগের নিকটে উপস্থিত করিবেক, অথবা যে কোন উপায় দ্বারা তাহা প্রাপ্ত হওয়া যায়, তাহা জানাইতে পারিবেক, কিম্বা যাহাতে তাহার অপহারকের প্রতি রীতিমত অভিযোগ করা যাইতে পারে এমত উপায় করিয়া দিবেক তাহাকে বিশেষ পুরস্কার প্রদান করা যাইবেক।

SWINHOE BEEBY
Attornie's at Low for Sreemutty
Sautoomony Dasee
সুইন হো বিবি।
শ্রীমতী সাতুমণি দাসীর পক্ষীয় উকীল।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন দ্বারা সর্ব্বসাধারণকে সংবাদ করা যাইতেছে যে ইংরাজী বর্ত্তমান সনের আগত ১ মার্চ্চইস্তক ৫ বৎসর মেয়াদে সহরের খোওয়া রাস্তা সকল মেরামত এবং তৈয়ার ও খোওয়া সরবরাহ করণ জন্য কণ্ট্রাক্ট দেওয়া যাইবেক, তজ্জন্য অত্র মাহার ২৮ তারিখ মঙ্গলবার বেলা দুই প্রহর পর্য্যন্ত মিউনিসিপাল কমিসনর সাহেবেরা শীলএণ্ড টেণ্ডর গ্রহণ করিবেন।

অন্যান্য বিস্তারিত বিবরণ নিম্নলিখিত সাহেবের নিকট স্বয়ং উপস্থিত হইয়া দরখাস্ত করিলে অবগ হইতে পারিবেন।

By order of the Board
Secretary to the Municipal Commor's.
ROBT. TURNBUL
মিউনিসিপাল কমিস্যনর দিগের আদেশানুসারে।
রবর্ট টরণবুল।
কমিসনরদিগের সেক্রেটরী।

৩ চৌরঙ্গি রোড।
কলিকাতা
৭ ফিব্রুয়ারি ১৮৬০।

সংবাদপ্রভাকর

১১ ফাল্গুণ শকাব্দা ১৭৮১। বিট্টোরিয়াব্দ

গত শনিবার দিবসে ব্যবস্থাপক সভায় মান্যবর মেং উইলসন সাহেব রাজকীয় ব্যয় বিধান এবং রাজস্ব বৃদ্ধি করণের সদুপায় বিষয়ে যে সুদীর্ঘ বক্তৃতা করিয়াছেন আমরা তৎপাঠে বিস্ময়াপন্ন হইয়াছি তাঁহার মনোগত ভাব দীপকের ন্যায় প্রকাশ পাইয়াছে।

তিনি বলিতেছেন যে বাণিজ্য কার্য্যের প্রাচুর্য্য নিমিত্ত হাসিল অর্থাৎ শুল্কের হার ন্যূন করিবেন কিন্তু প্রত্যেক বণিক ও ব্যবসায়ী এবং কর্ম্মচারী যাঁহারদিগের বার্ষিক আয় ১০০ এক শত টাকার অধিক তাহারদিগের ভাবতের প্রতি রাজস্ব নিরূপিত হইবেক। সাহেব তাহারদিগকে চারি শ্রেণীতে বিভক্ত করিয়া চারি প্রকার হারে কর নির্দ্দিষ্ট করিবেন, ঐ কর চারি পর সেণ্টের ন্যূন হইবেক না, তামাকের প্রতি রাজস্ব নিরূপিত হইবেক। তিনি আরো বলিয়াছেন যে সিবিল সম্পর্কীয় কর্ম্মচারিগণের বেতন ন্যূন করা হইবেক না, কিন্তু সৈন্য সম্বন্ধীয় ব্যয় অনেক ন্যূন হইতে পারিবেক, রাজকোষে ধনাভাব হইলে প্রজাদিগের নিকট হইতেই তাহা সংগ্রহ করিতে হয়, রাজার অভাব প্রজারাই মোচন করেন এই নিয়ম সর্ব্বকালে ও সর্ব্বদেশেই প্রচলিত

১৪০ ২৩২

...ছে মহর্ষি মনুপ্রণীত সংহিত পু...কেও ঐরূপে অর্থ সংগ্রহ করিবার ...ধান লিখিত আছে, মেং উইলসন ...হেব আপনার প্রস্তাব রক্ষার নি...ত্ত বাক্ কৌশল প্রকাশে কিছু ...ত্র ত্রুটি করেন নাই। আমরা তা...র স্থূল মর্ম্ম সঙ্ক্ষেপে অনুবাদ ...র্ব্বক শীঘ্রই পাঠক মহাশয়দিগ...ক বিদিত করিব।

মেং উইলসন সাহেব যে সময়ে ...ল্যাত হইতে এ দেশে আগমন ক...ন, সেই সময়ে সংবাদ পত্র সম্পা...ক মাত্রেই তাঁহার যথেষ্ট সুখ্যাতি ...খিয়াছিলেন, তিনি ব্যয় সঙ্ক্ষেপ ...রণে বিলক্ষণ নিপুণ, অতএব আম...ভাবিয়াছিলাম তিনি প্রজাদিগের ...তি কোন প্রকার ক্লেশকর কর ...পন না করিয়া ব্যয় সঙ্ক্ষেপ পু...ক ধনাগারের অভাব মোচন ক...রেন, কিন্তু এইক্ষণে আমরা নি...য় জানিলাম যে প্রথমতঃ আমরা ...বিবেচনা করিয়াছিলাম তাহা ...ছুই সত্য নহে, মেং হারিংটন সা...ব কেবল বণিক্ ও ব্যবসায়িদি...র প্রতিই কর স্থাপনের প্রস্তাব ...রিয়াছিলেন, ফলতঃ মেং উইলসন ...হেব একেবারে সকল বণিক্ ও ...বসায়ী ও শ্রমজীবী লোক যা...রদিগের বার্ষিক আয় এক ...টাকার অধিক তাঁহারদিগের ...বতের প্রতি কর নির্দ্ধারণের প্র...স্তাব করিয়াছেন, অতএব মহা...ণী ইংলণ্ডেশ্বরী ভারতবর্ষের রাজ্য ...র গ্রহণ করিবার পরেই যখন ...ই আয়ের প্রতি কর স্থাপনের নি...ম নির্দ্ধারণের প্রস্তাব হইল তখন ...র রক্ষা নাই, সহস্রকর প্রভাকর যে প্রভাকর কর প্রাসারণ পূর্ব্বক অবনীর সকল রস শোষন করেন, মান্যবর মাষ্টার উইলসন সাহেব আপনার বিদ্যাবলে সেই প্রভাকর তুল্য তেজস্বী হইয়াছেন, কিন্তু মহাকর প্রভাকর অবনীর রস শোষন করেন বটে, কিন্তু অবনীর উপকারার্থ তাহা বর্ষণ করিয়া থাকেন। কর গ্রহণ বিষয়ে আমরা প্রভাকরের দৃষ্টান্তেই মান্যবর মেং উইলসন সাহেবের উদাহরণ লিখিলাম।

মান্যবর মেং উইলসন সাহেব যদি প্রভাকর তুল্য উপকারি হইতে পারেন, এই কর দানে আমরা পরম পুলকিত হইব তাহার সন্দেহ নাই।

প্রভাকর নানা প্রকার কর গ্রহণ করেন বটে কিন্তু তিনি সেই কর গ্রহণ পূর্ব্বক আপনার উদরস্থ করেন না, কি আশ্চর্য্য, কি পরিতাপ, যেং উইলসন সাহেব স্বয়ং সিবিলিয়ান দল বিভুক্ত এই নিমিত্তই আনার বহুতর ব্যক্ত করিয়াছেন, যে সিবিলিয়ানদিগের বেতন কর্ত্তন করা হইতে পারে না কিন্তু প্রজাদিগের আয়ের প্রতি অনায়াসেই কর সংস্থাপিত হইতে পারে।

অদ্য আমররা কোন সৎবিদ্য ও সম্ভ্রান্ত আপ্ত বন্ধু লিখিত পত্র প্রাপ্ত হইয়া অবিকল নিম্নভাগে প্রকাশ করিলাম। পাঠক মহাশয়েরা অগ্রে তাহা পাঠ করুন, পরে আমাদিগের সম্পাদকীয় অভিপ্রায় পাঠ করিবেন।

"আমরা শ্রুত হইয়া অতি দুঃখিত হইলাম, জেলা বারাসতের অন্তর্গত নৈহাটীগ্রামের বাজার অকস্মাৎ অগ্নি লাগিয়া দগ্ধ হওয়াতে উক্ত পরগণার জমিদার কলিকাতা নিবাসি বিখ্যাত ধনশালী শ্রীযুক্ত বাবু গোবিন্দচন্দ্র সেনের অধীনস্থ দুরাত্মা লাঠিয়ালগণ নানাপ্রকার অত্যাচার করিতেছে। এই সুযোগ উক্ত দুঃসাহস লাঠিয়ালগণ অপরাপর ক্ষুদ্র ক্ষুদ্র হীনবল ভূম্যধিকারি বর্গের ভূম্যাদি বল পূর্ব্বক অধিকার করিতেছে। ঐ বাজার নৈহাটী থানার অতি নিকট হওয়াতে ও লাঠিয়ালগণ নিঃশঙ্কে প্রজাপীড়ন করিতেছে। প্রজাগণ দূরে থাকুক, থানার কর্ম্মচারিরাও লাঠিয়ালগণের ভয়ে কম্পান্বিত কলেবর। সম্প্রতি দুর্বৃত্ত দস্যুরা গের্দ্দোওয়ারির পান্সী সংক্রান্ত গবর্ণমেণ্ট নিযুক্ত কোন লোকের টাকা ও শয্যাদি লুণ্ঠন করাতে অদ্যাবধি তাহাদের কোন রূপ শাসন হয় নাই। এবিষয় মাজিষ্ট্রেট সাহেবে কর্ণগোচর হইয়াছে কি না, তাহা আমরা বলিতে পারি না। আমরা শুনিয়াছি মাজিষ্ট্রেট শ্রীযুক্ত কক্‌রেণ সাহেব অতি বিচক্ষণ ও বিচার দক্ষ এ বিষয় তাহার বিদিত হইলে জমিদারের কর্ম্মচারিগণের অত্যাচার অবিলম্বে তিরোহিত হইয়া উক্ত গ্রামের সর্ব্বত্র শান্তি সংস্থাপন হইবে। প্রজাপীড়ন জমিদারের পরে মঙ্গল দায়ক নহে। অনুরোধ করি, গোবিন্দ বাবু এবিষয়ের সবিশেষ অনুসন্ধান করিয়া যথা কর্ত্তব্য করিবেন।

*"

আমাদের সদ্বিদ্য বন্ধু প্রথমেই লিখিয়াছেন, "আমরা শ্রুত হইয়া দুঃখিত হইলাম" ইত্যাদি। অতএব এ দুঘট। শ্রবণ যদি যথার্থ হয় তবে

দুঃখের বিষয় বটে, ফলতঃ বোধ হয় এবিষয়ে শ্রীযুক্ত গোবিন্দ বাবুর সাক্ষাৎ সম্বন্ধে কোন দোষ নাই, তবে পরম্পরা সম্বন্ধে থাকিতে পারে। আমরা জানি, গোবিন্দবাবু অতি নিরীহ মানুষ তাঁহার তুল্য ভদ্র জমিদার রাজধানীতে অতি অল্প আছে। যাহা হউক আমাদের পত্রপ্রেরক মহাশয়ের এই পত্রপাঠ করিয়া গোবিন্দবাবু যদি অধীন ভৃত্য বা কর্ম্মচারিবর্গকে শাসিত করিয়া দেন, তবে আর প্রজাগণের কোন প্রকার ক্লেশ আর থাকিবে না। ফলতঃ আমরা নিশ্চয় বলিতে পারি এ অত্যাচার কখনই গোবিন্দবাবুর জ্ঞাতসারে হয় নাই।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুত সংবাদ প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

গত পরশ্ব দিনে শেষ!

বালেশ্বর পৌঁছিয়া প্রথম পাহাড় দৃষ্টিগোচর হয়, এবং ব্রাহ্মণী নদীর পার্শ্ব হইতে কটক পর্য্যন্ত দেশ পর্ব্বতময় বলিলেও বলা যায়, বোধ হয় ইহার স্থানে২ যে সকল পাহাড় আছে, তাহা কোন কালে কোন সুবিস্তীর্ণ পর্ব্বত শ্রেণী ছিল এক্ষণে দৈব অথবা অন্য কোন কারণে বিভিন্ন হইয়া গিয়াছে, এই বিভাগের স্থানে স্থানে নিবিড় বন ও বন্য পশু আছে।

ভ্রমণকালীন যে সকল প্রধান নগর দর্শন করিয়াছি তন্মধ্যে মেদিনীপুর সকল বিষয়ে সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। এই জেলা অতি বৃহৎ এবং এখান হইতে অধিক রাজস্ব সংগ্রহ হয়। কটাকের দৃশ্য অতি রম্য। মহানদী ও কাটজুড়ির স্রোত ইহার চতুঃপার্শ্বে থাকাতে এক দ্বীপাকার বোধ হয়। এবং কাটজুড়ির ধারে যে প্রস্তরময় বাঁধ আছে তাহা দর্শন করিলে হলণ্ড মধ্যে যে প্রসিদ্ধ বাঁধ আছে তাহার আভাস মাত্র পাওয়া যায়। অপর দুই নগর মধ্যে বালেশ্বর পুরি অপেক্ষা ভাল এখানে অনেক ধনবন্ত সদাগর বাস করেন। পুরি হিন্দুদিগের এক প্রধান তীর্থ স্থান। এখানে অনেক লোকের বসতি আছে কিন্তু কলিকাতার কোন২ ভাগ যেরূপ কদর্য্য ও অস্বাস্থ্যকর পুরিও সেই প্রকার। জগন্নাথ দেবের মন্দিরের অতি আশ্চর্য্য গঠন বটে, এবং জনশ্রুতিতে যেরূপ উচ্চতা কহিয়া থাকে, তদ্রূপ নহে। বোধ হয় কলিকাতার ময়দানে যে স্তম্ভ আছে সেই প্রকার উচ্চই হইতে পারে। সমুদ্র অধুনা অতি স্থির।

পথিমধ্যে চাউল অতি শস্তা পাওয়া যায় কোন২ স্থানে ১।০ করিয়া মণ। কিন্তু সে চাউল সর্ব্বত্রেই কাঁকর মিশ্রিত সুতরাং অন্নাহার কালীন অত্যন্ত অসুখ হয়। সোণামুগ অথবা গোল আলু কোন খানে মিলে না। কেবল পাঁচ প্রকার মিশ্রিত দাল, বীজময় বেগুণ, এবং মৎস্য পাওয়া যায়। ঘৃত ও সকল স্থানে দেখা যায় না, পথিমধ্যে যে দুগ্ধ ও দধি বিক্রয়ার্থ আইসে তাহা অতি ভয়ানক ভক্ষণ করিলেই অসুখ উপস্থিত হয়।

পুরি অবধি রাস্তা এখন কাঁচা অর্থাৎ মৃন্ময় আছে, এবং এসময়ে যে প্রকার কদর্য্য অবস্থায় আছে তাহাতে বর্ষাকালে কিরূপ ভয়ঙ্কর হয় সহজে বুদ্ধিগম্য হইবার নহে। মধ্যে২ ১০।২০ হাত জলের স্রোতে সমভূমি হইয়া গিয়াছে, কাজেই গাড়ি ঘোড়া চলিবার সময় যৎপরোনাস্তি কষ্ট হয়। এতদ্ব্যতীত কোন২ স্থান অতি উচ্চ এবং কোন২ স্থান অতি নিম্ন। সরকার ডাক এই পথ দিয়া গতায়াত করে অতএব সরকারের পক্ষে এই পথের প্রতি মনোযোগ করা অতি উচিত। জনরবে এমত শুনা যাইতেছে এই বর্ত্মের পার্শ্ব দিয়া রেলগাড়ি চলিবার কল্প হইতেছে। আঃ রেলওয়ে হইলে লোকের যে কত উপকার হইবে তাহা সহজে নির্দ্ধারণ করা দুরূহ বাণিজ্যেরতো সুগমতা হইবেক, এতদ্ব্যতীত সাধারণ লোকের ভয়ানক পথ কষ্ট দূরীকৃত বিশেষত হিন্দুতীর্থ যাত্রিকদিগের অতিশয় সুবিধা হইবেক। তাহাতে বোধ হয় অন্যান্য রেলওয়ের দ্বারা এক বৎসর কাল মধ্যে যে লাভ হয় এখানে শুদ্ধ রথের সময়েই সেই প্রকার হইতে পারিবে অতএব রেলওয়ে কোম্পানি এবিষয়ে আশু মনোযোগ করিলে বিলক্ষণ লাভ করিতে পারিবেন।

ক চ র

পুরী প্রবাসী

Printed and published by RAMCHUNDER GOOPTO at the Probhakur Press

সংবাদ প্রভাকর

প্রাতঃহিকপত্র

এই প্রভাকর পত্র [illegible] বার ব্যতীত প্রতি [illegible] কলিকাতা সিমু [illegible] অন্যপাতি [illegible] দুর্গাচরণ [illegible] ৪২ নং [illegible] সম্পাদক শ্রীযুত [illegible] প্রকর্ত্তৃক প্রকাশিত হয়

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীযদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বাস্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আন অগ্রিম ৬টাকামাত্র।

[illegible] সংখ্যা] গুরুবার ১২ ফাল্গুণ ১২৬৬ সাল। ইং ২৩ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

নম্বর ৪৩৬৮।

পোষ্ট আফিসের বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে কলিকাতার পোষ্ট আফিসের ব্যবহার নিমিত্ত চারি বৎসরের জন্য ১০টা ঘোটক ও তাহার পরিচালক সহিস ও সাজ সমুদয়ের আবশ্যক হইয়াছে, তদ্দ্বারা ডাক চিটির [illegible] দিগকে প্রতি দিবস তিনবার লইয়া যাইতে হইবেক, রবিবার এক [illegible] লইয়া যাইতে হইবেক, কিন্তু রবিবার দিবসে বিলাতীয় মেইল উপস্থিত হইলে কিম্বা অন্য কোন [illegible] প্রয়োজনীয় বিষয় উপস্থিত হইলে, তাহার পত্রাদি সকলকে [illegible] নিমিত্ত অনেকবার পত্রাদি [illegible] করিতে হইবেক।

২ দফা। ঐ অশ্ব প্রভৃতি যোগাযোগ টেণ্ডার ১৮৬০ সালের মার্চ্চ [illegible] ১০ তারিখ বেলা দুই প্রহরের সময় পর্য্যন্ত গ্রহণ করা যাইবেক [illegible] নিয়মাদি যথানিয়মে রক্ষা করিবার নিমিত্ত প্রত্যেক টেণ্ডরের সমভিব্যাহারে ২০০০ দুই হাজার টাকা জমা দিতে হইবেক।

T. GARRET
Post Master of Calcutta
টি, গেরেট।
কলিকাতার পোষ্ট মাষ্টার।

কলিকাতা
পোষ্ট আফিস
৭ ফিব্রুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন

চুরি বা খোয়া গিয়াছে।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মৃত প্রমথনাথ দেবের কনিষ্ঠা স্ত্রী শ্রীমতী ছাতুমণি দাসীর নামাঙ্কিত শিল মোহর খোয়া গিয়াছে।

যে ব্যক্তি ঐ শিলমোহর তাঁহার নিকটে অথবা আমরা তাঁহার উকীল আমারদিগের নিকটে উপস্থিত করিবেক, অথবা যে কোন উপায় দ্বারা তাহা প্রাপ্ত হওয়া যায়, তাহা জানাইতে পারিবেক, কিম্বা যাহাতে তাহার অপহারকের প্রতি রীতিমত অভিযোগ করা যাইতে পারে এমত উপায় করিয়া দিবেক তাহাকে বিশেষ পুরস্কার প্রদান করা যাইবেক।

SWINHOE BEEBY
Attornie's at Low for Sreemutty
Sautoamony Dasee
সুইন হো বিবি।
শ্রীমতী সাতুমণি দাসীর পক্ষীয় উকীল।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন দ্বারা সর্ব্বসাধারণকে সংবাদ করা যাইতেছে যে ইংরাজী বর্ত্তমান সনের আগত ১ মার্চ্চইস্তক ৫ বৎসর মেয়াদে সহরের খোওয়া রাস্তা সকল মেরামত এবং তৈয়ার ও খোওয়া সরবরাহ করণ জন্য কণ্ট্রাক্ট দেওয়া যাইবেক, তজ্জন্য অত্র মাহার ২৮ তারিখ মঙ্গলবার বেলা দুই প্রহর পর্য্যন্ত মিউ-

নিসিপাল কমিসনর সাহেবেরা শীলএণ্ড টেণ্ডর গ্রহণ করিবেন।

অন্যান্য বিস্তারিত বিবরণ নিম্ন লিখিত সাহেবের নিকট স্বয়ং উপস্থিত হইয়া দরখাস্ত করিলে অবগ হইতে পারিবেন।

By order of the Board'
ROBT. TURNBULL
Secretary to the Municipal Commor's.

মিউনিসিপাল কমিস্যনর দিগের আদেশানুসারে
রবর্ট টরণবুল।
কমিসনরদিগের সেক্রেটরী।

৩ চৌরঙ্গি রোড।
কলিকাতা
৭ ফিব্রুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸৹ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

১২ ফাল্গুণ শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

এতদিনের পর ভেকের রাজ্যে সারসের আগমন হইয়াছে, মেং হেরিংটন সাহেবকেবল বণিক ও ব্যবসায়িদিগের প্রতি কর নির্দ্ধারণের প্রস্তাব করিয়াছিলেন মেং উইলসন সাহেব কি বণিক কি ব্যবসায়ী কি পরিশ্রম দ্বারা যাহারা অর্থাহরণ করিয়া থাকেন সকলের প্রতি কর নির্দ্ধারণের প্রস্তাব করিয়াছেন, অতএব এতদিনের পরে গবর্ণমেণ্টের লোভ দৃষ্টি সকল প্রজার প্রতিই সমভাবে পতিত হইয়াছে, আর রক্ষা নাই।

আমরা মান্যবর মেং উইলসন সাহেবের যেরূপ সুখ্যাতি শ্রবণ করিয়াছিলাম তিনি সেইরূপ সুখ্যাতির মনুষ্য বটেন তাহার সন্দেহ নাই, তিনি তিন ঘণ্টা পর্য্যন্ত দণ্ডায়মান হইয়া বক্তৃতা করিয়াছেন শ্রোতৃবর্গ মনোযোগ পূর্ব্বক তাঁহার সকল [illegible] শ্রবণ করিয়াছেন তিনি সকল [illegible] কের আয়ের প্রতি কর নির্দ্ধারণের নিয়ম করিয়াছেন বটে কিন্তু [illegible] বেতন ভোগি সিবিলিয়ানদিগের বেতনের উপর কর তাঁহার বিবেচনা সিদ্ধ হয় নাই, তিনি যখন স্বয়ং সিবিলিয়ানের দলভুক্ত তখন তাঁহার দিগের বেতন ন্যূন করিলে তাঁহার বেতন ন্যূন হইবেক, এই নিমিত্ত তদ্বিষয়ক প্রস্তাব ব্যবস্থাপক সমাজে উত্থাপন করেন নাই, গবর্ণমেণ্ট মান্যবর মেং রিকেটস সাহেবকে সিবিলিয়ানদিগের বেতন কর্ত্তন বিষয়ের বিবেচনা জন্য কমিসনররূপে নিযুক্ত করিয়া যে বিত্ত ব্যয় করিলেন তাহা ভস্মে ঘৃতাহুতির ন্যায় বিফল হইয়াছে, যেমন কাকের মাংস কাকে গ্রহণ করে না, সেইরূপ সিবিলিয়ানের দ্বারা সিবিলিয়ানের বেতনের উপর কর হইবার সম্ভাবনা নাই।

মেং উইলসন সাহেব আপনার বক্তৃতা মধ্যে আর এক বিষয় [illegible] করিয়াছেন, দেশের সকল লোকের প্রতি কর নির্দ্ধারিত হইবেক, কিন্তু নীলকরদিগের প্রতি কোন প্রকার কর অবধারিত হইবেক না, সাহেবের এই অভিপ্রায় দ্বারা স্বজাতির প্রতি তাঁহার বিলক্ষণ সদ্বিবেচনা প্রকাশ পাইয়াছে তিনি এতদ্দেশীয় প্রজাদিগের শরীরস্থ শোণিত মোক্ষ করিয়া রাজকোষের অভাব মোচন করিবেন, কিন্তু স্বজাতীয় ব্যক্তিদিগকে কিছুই বলিবেন না স্বচ্ছন্দে [illegible] বেন, তাঁহারদিগের প্রতি কোন প্রকার কর নির্দ্ধারণ করিলে স্বদেশে অখ্যাতির সীমা থাকিবেক না, মান্য

[illegible] মেং উইলসন সাহেব রাজকীয় [illegible] ব্যয়ের বিষয় বিবেচনা করণে [illegible] পণ্ডিত বটেন তাঁহার ন্যায় আর [illegible] এক ব্যক্তি এদেশে শুভাগমন [illegible] রিলে গবর্ণমেণ্টের আর কিছুরই [illegible] ভাব থাকিবেক না। তাঁহারা বুদ্ধি [illegible] যে যত প্রকার বিপদে আবৃত [illegible] যত টাকা বিনষ্ট করুন মেং [illegible] উইলসন সাহেব প্রজাদিগের রক্ত [illegible] করিয়া তাহা প্রদান করি[illegible] ন।

মান্যবর গবর্ণর জেনেরল লার্ড [illegible] সাহেব ছল বল এবং [illegible] দ্বারা এতদ্দেশীয় স্বাধীন [illegible] দিগের রাজ্য ও সম্পত্তি হরণ [illegible] রিয়া গিয়াছেন, মেং উইলসন সা[illegible] সর্ব্ব সাধারণের রক্ত মোক্ষণ [illegible] রিতে আসিয়াছেন।

বিবিধ উপায় দ্বারা এই বিস্তৃত [illegible] হইতে যে টাকা উৎপন্ন হইয়া [illegible] কে তাহার দ্বারা রাজকীয় ব্যয় [illegible] হয় না, কি আশ্চর্য্য! কি [illegible] শ্চর্য্য! মনুষ্যের আয়ের প্রতি কর [illegible] পন যাহা এদেশের লোকেরা কো[illegible] কালেই জানিতেন না, এতদিনের [illegible] তাহাও হইল, ইহার পরে আরো [illegible] হয়, তাহা কিছুই বলা যান না।

এক শত বর্ষ অতীত হইল এই [illegible] রাজ্য ইংরাজদিগের অধীন হইয়া [illegible] অনেক মহানুভব ব্যক্তি এখান [illegible] র ব্যবস্থাপকের পদে অভিষিক্ত [illegible] য়া আসিয়াছিলেন, কিন্তু তাহার [illegible] কোন মহাশয়ই প্রজাপুঞ্জের [illegible] য়ের প্রতি কর নির্দ্ধারণের প্রস্তাব [illegible] রেন নাই, তাঁহারদিগের কোন [illegible] ক্তির সে সাহসও হয় নাই, অত [illegible] মেং উইলসন সাহেব সাহসিক পুরুষ বটেন, তিনি সুখ্যাতি অখ্যাতির ভয় না করিয়া একেবারে গবর্ণমেণ্টের হিত সাধনেই নিযুক্ত হইয়াছেন এদেশে তাঁহার কোন খ্যাতি না হউক স্বদেশে সুখ্যাতি হয় এদেশের ধন দ্বারা স্বদেশীয় ব্যক্তিদিগের লম্বোদর পরিপূর্ণ করেন ইহাই তাঁহার একান্ত ইচ্ছা।

মেং উইলসন সাহেব কেবল প্রজাদিগের আয়ের প্রতি কর নির্দ্ধারণের প্রস্তাব করিয়াছেন, এমত নহে, তিনি আরো বলিয়াছেন যে তামাক মনুষ্যের আহারীয় বস্তু নহে বিলাস ও আমোদের নিমিত্তই সকলে তাহার ব্যবহার করিয়া থাকে। তামাক ব্যতীত কালযাপন করা যায় না। একথা কেহ বলিবেন না। অতএব তামাকের প্রত্যেক শেরের প্রতি আট আনা কর নিরূপণ করিবেন, তাহাতে প্রতি বৎসর গবর্ণমেণ্টের অনেক টাকা আয় হইতে পারিবেক।

তিনি আরো একটী অপূর্ব্ব প্রস্তাব করিয়াছেন। এই ভারতবর্ষের সর্ব্ব স্থানে মুদ্রার পরিবর্ত্তে কাগজ চালাইবেন মুদ্রা প্রস্তুত করিতে অনেক ব্যয় অথচ কালবিলম্ব হয়, কাগজ মুদ্রাঙ্কন পূর্ব্বক তাহাতে সাহেব বিশেষের স্বাক্ষর করাইয়া প্রচার করিলেই হইবেক। কাগজ প্রচলিত করা যে কত দোষ সাহেব তাহা কিছুই বিবেচনা করেন নাই, তাহা যদি বিবেচনা ও রাজনীতি সঙ্গত হইত তবে অবনীর সমস্ত সুসভ্য দেশে এত দিনে তাহার ব্যবহার হইতে পারিত, রাজকীয় আয় ব্যয় বিষয়ে মেং উইলসন সাহেব কিরূপ সুপণ্ডিত মনুষ্য আসিয়াছেন তাহা বলা যায় না, ইহাঁর মনের ভাব সকল অদ্যাপি প্রকাশ হয় নাই, প্রকাশ হইলে আমরা আরো চমৎকৃত হইব।

গ্যাসআলোক।

গ্যাসআলোকের নল এত দিনের পর বাঙ্গালী পল্লীতে প্রবেশ করিয়াছে। আমাদের রাজনিযুক্ত আলোকাধ্যক্ষ সাহেবেরা প্রথমে বারাণসী ঘোষের ষ্ট্রীটে আলোকের নল ও স্তম্ভ সকল প্রোথিত করিতে আরম্ভ করিয়াছেন। আমরা স্বচক্ষে দৃষ্টি করিয়া আসিয়াছি উক্ত গলি অতি উত্তমরূপে আলোকমালায় আলোকিত ও সুশোভিত হইয়াছে। আমরা ইনিস্পেক্টর সাহেবকে জিজ্ঞাসা করিলাম তিনি বলিলেন বারাণসী ঘোষের ষ্ট্রীট শেষ হইল। এক্ষণে সুকেসষ্ট্রীট সুশোভিত করিতে আরম্ভ হইবেক। আমরা বোধ করি এইরূপে ক্রমে ক্রমে মধ্য রাজপথের কের্ণেওয়ালিস ষ্ট্রীট, কালেজ ষ্ট্রিট লসিংটন ষ্ট্রীট ইত্যাদির উভয় পার্শ্বস্থ সকল গলিতেই শীঘ্র শীঘ্র আলোক প্রদত্ত হইবে।

মৌলমেনের একজন মিসনরি একটি বিদ্যালয় সংস্থাপন পূর্ব্বক তাহার ব্যয় নির্ব্বাহ নিমিত্ত গবর্ণমেণ্টের নিকটে কিঞ্চিৎ ভূমি প্রার্থনা করিয়াছেন, গবর্ণমেণ্ট তদুত্তরে লিখিয়াছেন যে বিদ্যা দান নিমিত্ত ভূমি প্রদানের নিয়ম এপর্য্যন্ত

তাহারা কোন দেশে প্রচলিত করেন নাই এবং তাহা দেওয়াও বিবেচনা সিদ্ধ নহে, অতএব কলিকাতার লার্ড বিসাপ সাহেব ঐ আবেদনকারি মিসনরি সাহেবের সাহায্যার্থে যদি পত্র লেখেন তবে বিদ্যাধ্যাপন কার্য্যের অর্থ হইতে নিয়মিতরূপে কিঞ্চিৎ২ সাহায্য করিতে পারেন।

ত্রিপুরা হইতে পত্র আসিয়াছে তদ্দ্বারা অবগত হওয়া গেল যে কুকি দিগের অত্যাচার অনেক নিবারণ হইয়াছে কোন্দল নামক স্থানে তাহারা আর কোন ব্যক্তির প্রাণ হনন করে নাই, কিন্তু কমিল্লায় এক দিবস এমত জনরব হইয়াছিল যে ভয়ানক কুকিরা পর্ব্বত হইতে আগমন পূর্ব্বক কমিল্লানগরের সকল লোককে আহার করিতে আসিতেছে থানার নাগরার দ্বারা এই সংবাদ সর্ব্বত্র ঘোষিত হওয়াতে সকল লোকে ইতস্তত পলায়ন করিতেছে সাহেবেরা সকলে এক স্থানে একত্র হইয়া বন্দুক ও পিস্তল ধরিয়াছিলেন কমিল্লা নগরে যে সকল নগদ টাকা ছিল তাহা মহাজনেরা ঢাকানগরে প্রেরণ করিয়াছেন, এপর্য্যন্ত ভয় নিবারণ হয় নাই।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুত সংবাদ প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

জ্ঞান।

জগৎপিতা জগদীশ্বর সকল চেতন পদার্থকেই নানাপ্রকার মনোবৃত্তি দিয়া বিভূষিত করিয়াছেন, কিন্তু বিশেষরূপে বিবেচনা করিয়া দেখিলে তন্মধ্যে জ্ঞানকে এক প্রকার সর্ব্বোৎকৃষ্ট বলিয়া পরিগণিত করিতে হইবেক। জ্ঞানরূপ রত্নে ভূষিত না থাকিলে এই নশ্বর মানব দেহ ধারণ করা এক প্রকার বিড়ম্বনা মাত্র বলিতে হয়। অবনীমণ্ডলে আগমন করিয়া যদি পরমার্থ তত্ত্ব জ্ঞানে বঞ্চিত হইয়া কেবল পশুবৎ জীবন ধারণ করিতে হইল, তবে আর এ নর দেহ ধারণের ফল কি। অপিচ চতুষ্পদের সঙ্গেই বা কি ভেদ রহিল? তাহারাও আহার, নিদ্রা, প্রভৃতি কার্য্য করিয়া অনায়াসে জীবনযাত্রা নির্ব্বাহ করিতেছে অতএব জ্ঞান কি অমূল্য ধন, ইহা অতি অল্প পরিশ্রমে প্রাপ্ত হওয়া অতিশয় কঠিন ব্যাপার, কিন্তু যথার্থ তত্ত্ব জ্ঞান বিদ্যা শিক্ষা না করিলে কোন প্রকারে প্রাপ্ত হওয়া যায় না যেমত একটী শিশুকে যদি এক গৃহ মধ্যে দ্বার রুদ্ধ করিয়া কিছু কাল রাখা যায়, এবং কিছু দিনান্তে যদি উক্ত শিশুকে দ্বারমুক্ত করিয়া দেওয়া হয়, তাহা হইলে সে কখনই জ্ঞানি হইতে পারে না, সেইরূপ শাস্ত্র পাঠ ব্যতীত কোনক্রমেই জ্ঞানি মধ্যে পরিগণিত হইতে পারে না, কিন্তু ইহাও বলিতে বাধ্য হইলাম যে অধিক বিদ্যা উপার্জ্জন করিলেই যে তিনি মহাতত্ত্ব জ্ঞানি হয়েন, ইহাও নিতান্ত অবিশ্বাস্য, কারণ কত কত মহা মহিদ্বান (তত্ত্ব জ্ঞানের কথা দূরে থাকুক) সময়ে২ এমত কুকার্য্য করিয়া থাকেন, যে তাহা শ্রবণ করিবামাত্র এতদ্দেশীয় আশ্চর্য্যান্বিত হইতে হয় তাহাকি প্রকারে স্বীকার করিতে পারি যে বিদ্যাবান হইলেই জ্ঞানবান হইতে পারে, কিন্তু ইহা অবশ্যই সম্ভাবিত হইতে পারে, যদি কেহ বহুবিদ্যা শিক্ষা করিয়া যথার্থ সেই মতে চলিতে পারেন, এবং দ্বেষ, হিংসা, মায়া, মর্য্যাদাদি রিপুচয়কে জয় করিয়া কেবল পরমার্থ তত্ত্বজ্ঞান সাধনে যত্নবান হন, তাহা হইলে অবশ্যই তিনি পরম জ্ঞানি মধ্যে পরিগণিত হইতে পারেন, ইহাই শাস্ত্রমতে ও যুক্তিযুক্ত বলিয়া বোধ হয়, যাহাহউক জ্ঞানি কখনই মানব রিবর্জ্জিত হওয়া যায় না। যেমত একটী সামান্য কথায় বলিয়া থাকে, "ধনে অহঙ্কার নহে অহঙ্কার মনে" বয়সেতে বিজ্ঞ নয় বিজ্ঞ হয় জ্ঞানে" সেইরূপ যদি ধন হইলেই জ্ঞানবান হওয়া যাইত তাহা হইলে বোধকরি এক্ষণে অবনীমণ্ডলে অজ্ঞানি মনুষ্যের অল্প সংখ্যা দৃষ্টিপথে পতিত হইত এবং অনেকেই মহাতত্ত্ব জ্ঞানি প্রতীয়মান হইয়া অনায়াসে জীবন যাত্রা নির্ব্বাহ করিতে পারিত কিন্তু এবং জ্ঞান কোন প্রকারে ধনাদি বস্তুর সহিত ঐক্য হইতে পারে না, তজ্জন্য মানব বৃন্দের এই সামান্য বিষয়ে মনোনিবেশ না করিয়া অগ্রে পরমার্থ তত্ত্বজ্ঞানেই পারজ্ঞমে যত্নবান হয়েন, কারণ সেই জ্ঞান প্রাপ্ত হইলে অনায়াসে ঈশ্বরকে সাধন করিতে পারা যায়, অপিচ তিনিও আমাদিগকে স্বর্গ রাজ্য বাস প্রদানে কৃপণতা প্রকাশ করেন না।

শ্রীদেবেন্দ্রনাথ বসু।
জ্ঞানান্বিত সভা
এক জন সভ্য।

অধিকল প্রকাশ হইল প্রাং সং

Printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাতঃকাল

২৭৫
183

*এই প্রভাকর পত্র প্রতিবার ব্যতীত প্রতি রবিবার প্রাতঃকালে সিমুলিয়ার ৺পূর্ণচন্দ্র দে মহাশয়ের ভবনে ৺পূর্ণচন্দ্র দে কর্ত্তৃক প্রকাশিত হয়

।।।।* সত্যং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *।।*।।* *।।*।।* উদেতি ভাস্বৎ সকলা প্রভাকরঃ সদর্থসংবাদ নরপ্রভাকরঃ *।।*।।*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভৃংগ্রাম মতন্দ্রমীমদদতং পীত্বা ক্ষুধাকাতরাঃ।
অদ্যোদ্বাহিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্তান্বিরেফাস্তরঃ॥

*এক্ষণে এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।৵০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৪৫২ সংখ্যা] শুক্রবার ১৩ ফাল্গুন ১২৬৬ সাল। ইং ২৪ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মহানগর কলিকাতার বিভুক্ত খাসমহলের নিম্নলিখিত হোল্ডিং সকল এক বৎসরের নিমিত্ত ইজারা দেওয়া যাইবেক। যে ব্যক্তি অধিক টাকা ডাকিবেন তিনিই ইজারা পাইবেন এবং ১৮৬০ সালের ৪ মার্চ্চ তারিখে বিনট কমিসনর সাহেবের অনুমত্যনুসারে কলিকাতার কালেক্টরি কাছারিতে ঐ ডাক গৃহীত হইবেক।

হোল্ডিং নম্বর	মহর ও ষ্ট্রীটের নাম	পরিমাণ। বিঘা	কাঠা	ছটাক	কাঙ্কা	স্থানের বিবরণ
১৩	কালেজ ষ্ট্রিটে নাথব দত্তের বাজারের ঠিক উত্তরাংশে।	৩	২	০	০	কঁচা বস্তি ঐ ভূমির একাংশ ভাড়া দেওয়া হইয়াছে, অবশিষ্টাংশ কিছু দিনের নিমিত্ত ভাড়া দেওয়া যাইতে পারে ও তাহাতে বিশেষ লভ্য হইতে পারে।

HUSHUM
Dputy collector
ডবলিউ. হেসাম।
ডিপিউটি কালেক্টর।

কলিকাতা কালেক্টরি আফিস ১৬ ফিব্রুয়ারি ১৮৬০ সাল।

৫০১

মুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামী ১ মার্চ্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিমকোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব শ্রীমতী জানু বিবির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরওয়ানার ক্ষমতানুসারে পরলিক সেলে অর্থাৎ প্রকাশ্য নীলাম দ্বারা এই সকল বিষয় বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার মুক্তাপুরের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ২।৪ দুই বিঘা চৌদ্দ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জানু বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তাহা

উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২ দফা। বিশেষতঃ উল্লেখিত মহানগর কলিকাতার মৃজাপুরের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জানু বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উল্লেখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৩ দফা। বিশেষতঃ মহানগর কলিকাতার বড়বাজারের শিলপটী নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক দরগা আছে, ভূমি অনুমান /৪ চারি কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী জানু বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৪ দফা। বিশেষতঃ উল্লেখিত মহানগর কলিকাতার মৃজপুরের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহাতে এমামবাটী আছে, ভূমির পরিমাণ অনুমান ৪॥০ চারি বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী জানুবিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৫ দফা। বিশেষতঃ উল্লেখিত মহানগর কলিকাতার মৃজাপুরের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান পোনের কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী জানু বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উল্লেখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৬ দফা। এবং বিশেষতঃ উল্লেখিত মহানগর কলিকাতার মৃজাপুরের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ ।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী জানু বিবির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তাহা উল্লেখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরখানায় অনুসন্ধান করিলে সকলেই এই বিক্রয়ের অন্যান্য বিবরণ অবগত হইতে পারিবেন।

G. BROWN.
Sheriff
জি, ব্রৌণ।
সরিফ।

কলিকাতা
১১ ফিব্রুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন

যে মোকদ্দমায় মুন্সি বজলূর রহিম বাদী দেবেন্দ্রনাথ ঠাকুর এবং গিরীন্দ্র নাথ ঠাকুর প্রতিবাদী সে[illegible] মোকদ্দমা বিষয়ে ও তদুপলক্ষে সুবে বাঙ্গলার অন্তঃপাতি ফো[illegible] উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকো[illegible] নামক বিচারালয় হইতে ১৮৫[illegible] এক হাজার আটশত উনষাইট খৃ[illegible]ষ্টীয়াব্দের ৫ সেপ্টেম্বর তারিখে মৃ[illegible] নগেন্দ্রনাথ ঠাকুর যিনি ইতিপূর্ব্বে মহানগর কলিকাতায় বাস করিতে[illegible] তাহার ক্ষমতানুসারে এই বিজ্ঞাপ[illegible] পত্র দ্বারা উক্ত মৃত নগেন্দ্রনাথ ঠা[illegible]কুর ১৮৫৮ এক হাজার আট শ[illegible] আটান্ন খৃষ্টিয়াব্দের ২৪ আক্টোব[illegible] তারিখে অথবা তৎসমকালে যাঁহা[illegible] মৃত্যু হইয়াছে তাঁহার মহাজন[illegible]গকে জ্ঞাত করা যাইতেছে যে তাঁ[illegible]হারা উক্ত সুপ্রিমকোর্টের মাষ্টার শ্রীযুক্ত ডবলিউ, মরগেন সাহেবের সমীপে উক্ত সুপ্রিমকোর্ট নামক বি[illegible]চার মন্দিরে তাঁহার দপ্তরখানায় আগামী ২৪ ফিব্রুয়ারি তারিখে [illegible] থবা তৎপূর্ব্বে উপস্থিত হইয়া আ[illegible]নাপন পাওনা সকল সপ্রমাণ ক[illegible]বেন, যদি তাহা না করেন, তা[illegible] প্রাগুক্ত অনুমতির সুগম সূচক উপা[illegible]য় মতে আপনাপন প্রাপ্য সম্পত্তি হইতে নিশ্চিতরূপে বঞ্চিত হইবেন।

W. Morgan
Master
ডবলিউ মর্গান।
মাষ্টার

C, W, Hatch
Plaintiff's Attorny.
সি, ডবলিউ হ্যাচ।
বাদি পক্ষের উকীল।

কলিকাতা।
সুপ্রিমকোর্ট
মাষ্টার আফিস
১৪জানুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন।

আমড়াতলা ষ্ট্রীটের সেখ আ[illegible] কোম্পানিদিগের অংশি সেখ [illegible]রভাই এই বিজ্ঞাপন পত্র দ্বারা [illegible]কে বিজ্ঞাপন করিতেছেন যে [illegible]র পুত্র আবদুল সায়েদ বিটাল [illegible] কোন ব্যক্তির নিকট কোন [illegible] দ্রব্য অথবা ঋণাদি গ্রহণ [illegible] অথবা ঋণগ্রস্ত হয়েন তবে [illegible] তাহার দায়ী হইবেন না।

[illegible] ফিব্রুয়ারি ১৮৬০।

[illegible]dge Judge Watkins
[illegible]ilitor for said Shaik
[illegible]anker Bloy
[illegible] জজ, ওয়াটকিন্স।
[illegible] সেখ বেঙ্কের ভায়ের
[illegible] পক্ষীয় উকীল।

সংবাদ প্রভাকর

[illegible] শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

[illegible] ব্যবস্থাপক সমাজের মেম্বর মা[illegible] মেং উইলসন সাহেব সকল [illegible] প্রতি চতুর্ব্বিধ কর স্থাপ[illegible] প্রস্তাব করিয়াছেন, কিন্তু [illegible] আশ্চর্য্য ইংরাজী সংবাদ পত্র [illegible]দিগের মধ্যে কেহই তাঁহার [illegible] বৈরক্তি প্রকাশ করেন নাই, [illegible] তাঁহাকে অতি উপযুক্ত [illegible] সূক্ষ্মদর্শি রাজনীতিজ্ঞ বলিয়া [illegible] সুখ্যাতিই লিখিতেছেন কেহ [illegible]ছেন যে এত কালের পরে [illegible]তবর্ষে একজন উপযুক্ত মনুষ্য আ[illegible]ছেন, অভাবরূপিনী রাক্ষসী বহু কাল পর্য্যন্ত রাজকোষে বসিয়া সকল রাজস্ব উদরস্থ করিতেছিল, আমারদিগের রাজপুরুষেরা বিবিধ উপায় দ্বারা বিপুল বিত্ত সংগ্রহ করিয়া যাহার জঠর জ্বালা নিবারণ করিতে পারেন নাই, মেং উইলসন সাহেব অল্প দিবস এদেশে আগমন করিয়াই সেই নিশাচরীর কণ্ঠদেশ ধারণ করিয়াছেন, কররূপ শাণিতাস্ত্রে তাহার শিরশ্ছেদন করিবেন, রাজকোষে আর অভাব থাকিবেক না, তিনি যে চারি প্রকার কর স্থাপনের প্রস্তাব করিয়াছেন, তাহাতে কৃতকার্য্য হইতে পারিলে রাজকোষ একেবারে ধন পূর্ণ হইবেক ধনাভাব জন্য গবর্ণমেণ্টকে আর কোন চিন্তা করিতে হইবেক না।

মেং উইলসন সাহেব তিন ঘণ্টা পর্য্যন্ত দণ্ডায়মান হইয়া বক্তৃতা করাতে অনেকে তাঁহার বক্তৃতাশক্তিরও সাধুবাদ করিতেছেন, ফলতঃ তাঁহার প্রস্তাবানুরূপ কর অবধারিত হইলে প্রজাপুঞ্জের পক্ষে কিপ্রকার ক্লেশকর হইবেক তাহা কেহই বিবেচনা করেন নাই।

তিনি যে চারিপ্রকার কর স্থাপণের প্রস্তাব করিয়াছেন, আমরা ভিন্ন২ রূপে তাহা নিম্নভাগে প্রকাশ করিলাম, ধীমান পাঠকবর্গ মনোনিবেশ পূর্ব্বক পাঠ করিলেই মান্যবর সাহেবের রাজনীতিদর্শিতা গুণ বিশেষরূপে বিবেচনা করিতে পারিবেন।

প্রথমতঃ তিনি প্রস্তাব করেন যে জাহাজি দ্রব্যাদির শুল্ক কিঞ্চিৎ পরিবর্ত্তন করিতে হইবেক গত বৎসর যে নিয়ম অবধারিত হইয়াছে তাহাতে যথেষ্ট উপকার দর্শিয়াছে সমস্ত ভারতবর্ষে কেবল শুল্ক দ্বারা ২০৭৩০০০০ টাকা হইতে ৩৪৩০০০০০ টাকা পর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে, অতএব ঐ বিষয়ের অপেক্ষাকৃত প্রত্যাশার অধিক লভ্য হইয়াছে, কিন্তু মাসুলের নিয়ম কোন২ আমদানী দ্রব্যের প্রতি অধিক পরিমাণে নিরূপিত হওয়াতে তাহার বাণিজ্য অনেক ন্যূন হইয়া আসিয়াছে। অতএব তামাক ব্যতীত অন্যান্য দ্রব্যাদির শুল্ক ন্যূন করিয়া ১০ পরসেণ্টের হারে নিরূপণ করা যাইবেক, রপ্তানি মধ্যে পসম, চামড়া, শোণ, পাট, চা, ছাপা কাগজ ও পুস্তক, এবং ম্যাপ ইত্যাদির মাশুল ন্যূন হইবেক, এবং প্রত্যেক মণ সোরার প্রতি দুই টাকা মাশুল অবধারিত হইবেক।

দ্বিতীয়তঃ প্রত্যেক মণ দোক্তা তামাক যাহা অন্যরূপে প্রস্তুত করা হয় নাই অর্থাৎ গুড়ুক তামাক নহে, তাহার প্রত্যেক শেরের প্রতি ॥০ আনা আর যাহা অন্যরূপে প্রস্তুত হইবেক তাহার প্রত্যেক শেরের প্রতি স্বতন্ত্ররূপে কর স্থাপনের বিষয় এক নূতন বিলের দ্বারা উপস্থিত করা যাইবেক।

তৃতীয়তঃ। লাইসেন্স টাক্স তিন শ্রেণীতে বিভক্ত হইবেক, ব্যাঙ্কের অধ্যক্ষগণ যাঁহারা রোকোড়ের কার্য্য করিয়া থাকেন, ও যাঁহারা বিবিধ দ্রব্যাদি প্রস্তুত করিয়া বিক্রয় করেন, বড়২ বণিক এবং যাহারা ব্যবসায়ি, তাঁহারা প্রথমশ্রেণীভুক্ত হইবেন, এবং দশ টাকা হারে ঐ রাজস্ব

দিবেন, যাঁহারা অন্যের নিকটহইতে দ্রব্যাদি ক্রয় করিয়া বিক্রয় করেন, তাহারদিগকে চারি পরসেণ্টের হারে এবং যাহারা শিল্পকর তাহারা তৃতীয় শ্রেণীভুক্ত হইয়া এক টাকা হারে ঐ রাজস্ব প্রদান করিবেক।

চতুর্থতঃ প্রজাদিগের আয়ের প্রতি রাজস্ব নিরূপণ। প্রজাদিগকে ভিন্ন ভিন্ন শ্রেণীভুক্ত করিয়া ঐ রাজস্ব গ্রহণ করা যাইবেক। প্রতি বৎসর যাঁহারদিগের আয় ২০০ শত টাকা অবধি ৫০০ টাকা পর্য্যন্ত হইয়া থাকে, তাঁহারদিগের প্রতি ২ টাকা হারে কর নিরূপিত হইবেক, এবং তাঁহারা শেষ শ্রেণীভুক্ত হইবেন।

তদ্ভিন্ন অন্য সকলে চারি পরসেণ্টের হিসাবে অর্থাৎ ইংরাজী নিয়ম প্রমাণে প্রত্যেক পোনে ৮ পেন্স প্রদান করিবেন।

কোন ব্যক্তি ঐ কর হইতে নিষ্কৃতি পাইবেন না, ধনাঢ্য লোক সকল জমিদার ও কোষাধ্যক্ষ অথবা যাঁহারা অন্য লোকের কার্য্য করেন তাঁহারদিগের প্রত্যেক ব্যক্তিকে পৃথক পৃথক রূপে এই রাজকর প্রদান করিতে হইবেক। উত্তর পশ্চিম প্রদেশীয় জমিদারদিগের প্রতি এই করের অর্দ্ধাংশ নির্দ্ধারিত হইবেক। যদি কেহ কোন আয়ের বিষয় গোপন করেন তাহা নিবারণ নিমিত্ত শপথ করণের নিয়ম প্রচলিত করা হইবেক। এবং নগরের প্রতি নির্দ্দিষ্ট টাকা অবধারিত হইবেক, প্রজারা নিয়মানুসারে তাহা প্রদান করিবেক।

আমরা উপরি ভাগে যে চারি টী ধারঠ লিখিলাম ইহাই উইলসন সাহেবের দীর্ঘ বক্তৃতার স্থূল মর্ম্ম। তিনি রাজকোষের ধনাভাব প্রসঙ্গে রাজ্যের যে ব্যয় বৃদ্ধি হইয়া আসিয়াছে, এবং সেই ব্যয় নির্ব্বাহ নিমিত্ত গবর্ণমেণ্ট সময়ে সময়ে যে রূপ বিপদগ্রস্ত হইয়াছেন, যে প্রকার সুদ দিয়া ঋণ করণে বাধ্য হইয়াছেন, সেং উইলসন সাহেব তাহাও ব্যক্ত করণে ত্রুটি করেন নাই। যাহা হউক বিবিধ বিড়ম্বনা ও বিকল্প ঘটনা এবং রাজকার্য্যের অধ্যক্ষগণের বিবেচনা দোষেই আয়াপেক্ষা ব্যয় বৃদ্ধি হইয়াছে, তাহার সন্দেহ নাই, অতএব সূক্ষ্মদর্শি রাজনীতিজ্ঞ ব্যক্তিদিগের পক্ষে সর্ব্বাগ্রে ব্যয় সংক্ষেপ করাই কর্ত্তব্য হয়। রাজকীয় বিষয়ে অনর্থক ব্যয় বিস্তর আছে। যাহা অনায়াসে ন্যূন করা যাইতে পারে, অথচ রাজকার্য্যের কোন ব্যাঘাত হয় না, কয়েক বৎসর ব্যাপিয়া সৈন্য সম্বন্ধীয় ব্যয় অতি ভয়ানক রূপে বৃদ্ধি হওয়াতে সকল লোকেই সৈন্য সংখ্যা ন্যূন করিতে বলিতেছেন, রাজ্যের সকল স্থানে যখন শান্তি ও কুশল সংস্থাপিত হইয়াছে তখন প্রয়োজনীয় সৈন্য সামন্ত রাখিয়া অপ্রয়োজনীয় সৈন্য ও সেনানীদিগকে বিদায় করাই কর্ত্তব্য হয়। কিন্তু কি পরিতাপ! ধনাভাব মোচন নিমিত্ত যে সকল বিষয়ে মনোযোগ করা অতি কর্ত্তব্য মেং উইলসন সাহেব আপনার দীর্ঘ বক্তৃতায় তৎপ্রসঙ্গ কিছুই উত্থাপন করেন নাই। কেবল এই মাত্র বলিয়াছেন যে সেনাদিগের ব্যয়ও অনেক ন্যূন করা যাইতে পারিবেক। ব্যবস্থাপক সভায় দণ্ডায়মান হইয়া কেবল প্রজাদিগের প্রতি কর নির্দ্ধারণ নিমিত্ত কর প্রসারণে উদ্যত হইয়াছেন প্রকাশ্যতঃ কিন্তু স্থায় অবস্থান করিতেছে, এবং বিচার বিতরণ ও তাহার দণ্ডের প্রাণ রক্ষা নিমিত্ত কি একার নি ম্যাদি নির্দ্ধারণ করিয়া দিয়াছেন তাহারদিগের সম্পদ বৃদ্ধি নিমি গবর্ণমেণ্টের দ্বারা কি নিয়ম অবধারিত হইয়াছে, তাহার কিছুমাত্র মুখাগ্রে আনেন নাই।

প্রজাদিগের সুখ বৃদ্ধি সম্ভতা বৃদ্ধি বিষয়েই সমস্ত বক্তৃগণ সর্ব্বাগ্রে সুনিয়মাদি নির্দ্ধারণ করেন, কেবল সুতমং কর স্থাপন দ্বারা কোন কালে কোন রাজ্য অবনী সমাজে যশোভাজন হয়েন নাই, যে মুহূর্ত্তে প্রজার অর্থাগমের প্রতি দৃষ্টি করেন না, কেবল কর গ্রহণার্থ কর আধারণ পুনঃ পুনঃ ক্রম প্রচার করেন, তাঁহারদিগকে প্রজাশোষক বলিয়া থাকে, এবং এব মেং উইলসন সাহেব এদেশে আগমন করিয়াই প্রজাদিগের অর্থ য়ের প্রতি কর, ব্যবসায়ি ও বণিগদিগের প্রতি কর, মহাজনো প্রতি এক প্রকার কর ও ক্ষুদ্র ব্যবসা দোকানদারদিগের প্রতি অন্য প্রকার কর ভামুকুটের প্রতি কর এই প্রকার কর স্থাপনের প্রস্তাব করায় মহারাণী ইংলণ্ডেশ্বরীর যশঃ সুধাকরে কলঙ্ক সঞ্চার আরম্ভ হইবার উপক্রম হইয়াছে, মহারাণী ইংলণ্ডেশ্বরী এই রাজ্যের শাসন ভার গ্রহণ করাতে আমারদিগের নিতান্ত প্রত্যাশা হইয়াছিল যে চুঙ্গিকর রহিতাদি সংশোধিত হইয়া প্রজাদিগের কর সুখের মুখাবলোকন করিয়া আনন্দ চিত্তে মুক্তকণ্ঠে মহারাণীর যশোঘোষণা করিবেন, অথচ মেং উইলসন সাহেবের আগমনে অমারদিগের সেই শুভ প্রত্যাশা বিলুপ্ত হইয়াছে।

printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদপ্রভাকর

প্রাতঃকিরণ

এই প্রভাকর পত্র বিনামূল্যে বিতরিত প্রতি সোমবার কলিকাতা ও অন্যান্য অংশস্থ গ্রাহকদিগের বাটীতে ডাকযোগে প্রেরিত হইয়া থাকে। মফঃস্বলস্থ গ্রাহকদিগের নিকট ডাকমাশুল সমেত মূল্য অগ্রিম ৩ টাকা ধার্য্য হইয়াছে। ইতি সম্পাদক শ্রীঈশ্বরচন্দ্র গুপ্তস্যকৃতস্য প্রভাকরস্য।

॥*॥*॥ সত্যং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ ॥*॥

॥*॥*॥ উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥*॥*॥

নক্তং চক্রুকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতদ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরঃ॥ অন্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্ত চতুরস্বারুদ্ধিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৫০ সংখ্যা] শনিবার ১৪ ফাল্গুণ ১২৬৬ সাল। ইং ২৫ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১১ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

মাষ্টার সেল।

যে মোকদ্দমায় রাণী সুরতকুমারী নাম্নী বাদিনী এবং প্রসন্ননারায়ণ ও অন্যান্য প্রতিবাদী সেই মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গলার অন্তঃপাতি কোর্ট উয়িলিয়ম দুর্গের অধিষ্ঠান সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে ১৮৫৭ খৃষ্টাব্দের ৩ মে তারিখে যে অনুমতি প্রদত্ত হইয়াছে, তাহার ক্ষমতানুসারে এবং উল্লেখিত সুপ্রিমকোর্টের মাষ্টার শ্রীযুক্ত উইলিয়ম মরগান সাহেবের সমভিব্যাহারে সুপ্রিমকোর্ট নামক বিচার মন্দিরে তাঁহার দপ্তরখানার নিম্নলিখিত সম্পত্তি সকলের প্রতি রাজা রাধাকান্ত বহু বাহাদুরের যে স্বত্ব অধিকার ও সম্পর্ক আছে তাহা আগামী ১০ মার্চ্চ শনিবার বেলা ১২ ঘণ্টা হইতে ২ ঘণ্টার সময়ের মধ্যে নিশ্চিতরূপে বিক্রীত হইবেক।

নম্বর ১। বিশেষতঃ মহানগর কলিকাতার শ্যামপুকুরের সামিল ও তন্মধ্যস্থিত এক দোতালা পরিবারের বসতি বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ২ দুই বিঘা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ এবং পূর্ব্বদিকে প্রকাশ্য রাস্তা উত্তরদিকে কন্দর্প গুণ্ডের বাটী এবং পশ্চিমদিগে রতন চট্টোপাধ্যায়েরবাটী।

নম্বর ২। বিশেষতঃ মহানগর কলিকাতার শ্যামপুকুরের অন্তঃপাতি ও তন্মধ্যস্থিত এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৵৩ তিন কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তরদিকে উক্ত কন্দর্প গুণ্ডের বাটী, দক্ষিণদিকে মনোহর মিত্রের ভূমি পশ্চিমদিকে এক গলি পথ যদ্দ্বারা গঙ্গানারায়ণ গঙ্গোপাধ্যায়ের বসতি বাটীতে যাওয়া যায় এবং পূর্ব্বদিকে রাজা সীতানাথসুর পরিবারের বসতি বাটী।

নম্বর ৩। বিশেষতঃ জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শুকচর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত এক বাগান তাহাতে পুষ্করণী নানা জাতীয় বৃক্ষাদি ও আটচালা অথবা বাঙ্গলা ঘর এবং তাহা ইষ্টক নির্ম্মিত প্রাচীর দ্বারা পরিবেষ্টিত ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ১২/৪ বারো বিঘা চারি কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিমদিকের কিয়দংশে এক বাগান যাহা গোপাল বাগান নামে বিখ্যাত এবং যাহা শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেব বাহাদুরের সম্পত্তি এবং কিয়দংশে রামমোহন বন্দ্যোপাধ্যায়ের খরিদা বাগান দক্ষিণদিকে প্রকাশ্য রাস্তা পূর্ব্বদিকে রামচাঁদ চট্টোপাধ্যায়ের আকাই অর্থাৎ রায়তি ভূমি।

নম্বর ৪। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা চব্বিশ পরগণার শুকচর নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত এক খণ্ড শালি ভূমি তাহার পরিমাণ অনুমান ২৷৷০ দুই বিঘা দশ কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে মধুসূদ

ঘোষের ভূমি। উত্তরদিকের কিয়দংশে গদাই ঠাকুরের ভূমি এবং কিয়দংশে গঙ্গাধর গঙ্গোপাধ্যায়ের ভূম পশ্চিমদিকে প্রকাশ্য রাস্তার নর্দ্দামা অথবা নয়ানজুলি এবং দক্ষিণদিকে কৃষ্ণমোহন সেনের বাগান।

নম্বর ৫। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি গুচকর নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত একখণ্ড শালি ভূমি তাহার পরিমাণ অনুমান ৩।৪ তিন বিঘা নয় কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে রাম মোহন বন্দোপাধ্যায়ের ব্রহ্মোত্তর ভূমি উত্তরদিকের কিয়দংশে শম্ভু ঘোষের ভূমি এবং কিয়দংশে ভগী রথ সরদারের ভূমি পশ্চিমদিকে প্রকাশ্য রাস্তা এবং দক্ষিণদিকের কিয়দংশে রামধন ভট্টাচার্য্যের জমি এবং কিয়দংশে স্বরূপ সাহার ভূমি।

নম্বর ৬। বিশেষতঃ জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শালি খা নামক স্থানেরসামিল এক বাগান তাহাতে পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ১৩।৩ তেরো বিঘা আট কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে চৈতন্যচ রণ কুণ্ডুর বাগান উত্তরদিকে কানা ইলাল বাবুর ও ছটুলাল বাবুর বা গান পশ্চিমদিকে রামমোহন হাল দারের এবং বৈদ্যনাথ ঘোষের বাটী এবং প্রকাশ্য রাস্তা।

নম্বর ৭। বিশেষতঃ উল্লেখিত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত এক বাগান ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৸১ ষোল কাঠা এবং তাহা এই রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিকে প্রকাশ্য রাস্তা পশ্চিমদিকে এক বিবির বাগান উত্তরদিকে এক পুষ্করিণী যাহা হেদো নামে বিখ্যাত এবং দক্ষিণদিকে রামমোহন বাবুর বাগান।

নম্বর ৮। বিশেষতঃ জিলা মুর্শিদাবাদের অন্তঃপাতি মৌজা মধুপুরের বাবুলবোনা নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত বাটী তাহাতে পুষ্করিণী ও বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান পরিমাণ ৩২।৩ বত্রিশ বিঘা আট কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ পূর্ব্ব দিকে এক রাস্তা নামে বিখ্যাত উত্তরদিকে কিয়দংশে নারায়ণ মুদির দোকান ও কিয়দংশে অনাবাদি ভূমি ও বাগান তাহা পরাণ সেখের সম্পত্তি এবং জামাল খানসামার বাগান পশ্চিমদিকে চণ্ডীচরণ সরকারের বাটী ও জীমল আলীর বাটী এই ক্ষণে পিদ্রু সাহেবের অধীন আছে এবং দক্ষিণদিকে অনাবাদি ভূমি যাহা পাকারাস্তার পার্শ্ব ভাগে আছে।

নম্বর ৯। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা মুর্সিদাবাদের অন্তঃপাতি মৌজা মধুপুরের বাবুলবোনা নামক স্থানের সামিল এক খণ্ড রাইয়তি জোত বিবি নামে বিখ্যাত ভূমি তাহার পরিমাণ অনুমান ৭।৸ সাত বিঘা দশ কাঠা এক পাই তাহাতে পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষাদি আছে, এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ। দক্ষিণদিকে কবির হাজির ভূমি যাহা লারেন্স সাহেবের ভূমি এবং পূর্ব্বদিকে উক্ত মেং লারেন্স সাহেবের বাগান এবং ধাওতে বাটী। উত্তরদিগে চারুরা খাওতে আবাদী ভূমি, এবং বন্ধুরা খাওতে বসতি বাটী এবং পাহাড় ভূম এবং গুহা খানসামার বসতি বাটী পশ্চিম দিগে গুহা খানসামার ভূমি এবং কাঁচা রাস্তা।

নম্বর ১০। বিশেষতঃ মহানগর কলিকাতার পাতুরিয়াঘাটার অন্তঃপাতি এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূম তাহার পরিমাণ অনুমান ১/০ এক বিঘা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ। উত্তরদিকে মৃত রাজচন্দ্র প্রামাণিকের ভূমি। দক্ষিণদিকে গোবর্দ্ধন বাবুর ভূমি। পূর্ব্বদিকে দরমাহাটা ষ্ট্রীট এবং পশ্চিমদিকে ষ্ট্রীট রোড অর্থাৎ গঙ্গাতীরের রাস্তা।

নম্বর ১১। বিশেষতঃ মহানগর কলিকাতার শ্যামবাজারের অন্তঃপাতি ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূম তাহার পরিমাণ অনুমান ৯।১ নয় বিঘা ছয় কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ উত্তর পূর্ব্বদিকে প্রকাশ্য রাস্তা। পশ্চিম দিকে এক মন্দির যাহা কৃষ্ণময় বসুর শিবের মন্দির।

এই সকল বিষয়ের বিক্রয়ের অন্যান্য বিবরণ সুপ্রিমকোর্টের

১৪৮ ৩৭৪

র আফিসে অথবা প্রতিবাদী লক্ষ্মনারায়ণ দেবের পক্ষীয় উকীল ং এলিল সাহেবের আফিসে তত্ত্ব রণে জানিতে পারিবেন।

W Morgan
Master.
ডবলিউ, মর্গান।
মাষ্টার

ANLEY
dienstantcit Solsoi'
রিণ্ট এনলি।
ডিরারীর পক্ষীয় উকীল।

লকাতা।
মকোর্ট।
টর আফিস।
নুয়ারি ১৮৬৩।

বিজ্ঞাপন।

আমড়াতলা ষ্ট্রীটের সেখ আ- কোম্পানিদিগের অংশি সেখ ভাই এই বিজ্ঞাপন পত্র দ্বারা কে বিজ্ঞাপন করিতেছেন যে র পুত্র আবদুল সায়েদ বিটাল পি কোন ব্যক্তির নিকট কোন র দ্রব্য অথবা ঋণাদি গ্রহণ ন অথবা ঋণগ্রস্ত হয়েন তবে ি তাহার দায়ী হইবেন না।

কুয়ারি ১৮৬৩।

dge Judge Watkins
ditor for said Shaik
nker Bloy
জ, ওয়াটকিন্স।
সেণ্ট জেভিয়ের
পক্ষীয় উকীল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা-প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

১৪ ফাল্গুণ শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

বাঙ্গাল চেম্বর আব কমর্সের সভাপতি শ্রীযুক্ত মেং ডি মেকিনলে সাহেব আপনার কার্য্য পরিত্যাগ করিয়া অবিলম্বে বিলাত গমন করিবেন। অতএব তাঁহার নিকট কৃতজ্ঞতা ও বাধ্যতা স্বীকার নিমিত্ত উক্ত সমাজের মেম্বর মহাশয়েরা তাঁহাকে এক এড্রেশ দিয়াছেন। তন্মধ্যে তাঁহারা মেং মেকিনলে সাহেবের গুণ গরিমা বর্ণনা করণে ত্রুটি করেন নাই। মেং মেকিন লে সাহেব তদুত্তরে বাধ্যতা স্বীকার সুচক যে বক্তৃতা করিয়াছেন, তাহাতে তিনি মানাবর মেং উইলসন সাহেবের প্রস্তাবিত কর স্থাপনের নিয়ম নিচয় উৎকৃষ্ট বলিয়াছেন। উইলসন সাহেব আপনার প্রস্তাব মধ্যে স্বদেশীয় ব্যক্তিদিগের প্রতি কোন বিশেষ ভার প্রদান করেন নাই। চা, পাট, ইত্যাদি ইংলণ্ডের প্রয়োজনীয় দ্রব্যাদির শুল্ক ন্যূন করণের অভিপ্রায় প্রকাশ করাতে বণিক্ মণ্ডলীর প্রতি বিশেষ দয়া প্রকাশ হইয়াছে, অতএব বণিক্ সমাজের অধিপতি সাহেব তাঁহার প্রস্তাবে সম্মতি প্রদান করিবেন ইহা কোনরূপে বিচিত্র বোধ হয় না। মেং হেরিংটন সাহেব প্রজাপুঞ্জের আয়ের প্রতি কর নির্দ্ধারণের যে প্রস্তাব করিয়াছিলেন, তাহাতে তিনি জমিদারদিগের প্রতি কর স্থাপনের কথা উল্লেখ করেন নাই। যে হেতু তিনি বিশেষানুসন্ধান এবং আপনার স্থির বিবেচনার দ্বারা জানিতে পারিয়াছেন যে গবর্ণমেণ্ট সুবিখ্যাত দশসালা বন্দোবস্তের দ্বারা জমিদারি সকলের চিরস্থায়ী রাজস্ব নিরূপণ পূর্ব্বক এক প্রকার প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছেন, তিনি জমিদারি সম্বন্ধে আর কস্মিন কালে কোন প্রকার নূতন কর নিরূপণ করিবেন না। যে কর নির্দ্দিষ্ট হইয়াছে, এই রাজ্য যত কাল পর্য্যন্ত ব্রিটিশ জাতির শাসনাধীন থাকিবে তত কাল পর্য্যন্ত জমিদারেরা তাহা প্রদান করিবেন। মেং হেরিংটন সাহেব গবর্ণমেণ্টের প্রতিজ্ঞা প্রতি-

পালন নিমিত্ত আপনার প্রস্তাবে জমিদারগণের নামোল্লেখ না করাতে সাহেবেরা তাঁহার প্রতি এক প্রকার বিরক্ত হইয়াছিলেন। টৌন হালে যে সভা হয়, তাহার বক্তৃতা সময়ে উক্ত প্রস্তাবকর্ত্তা সাহেবের প্রতি বৈরক্তি প্রকাশে ত্রুটি করেন নাই। অধুনা মেং উইলসন সাহেব জমিদার প্রজা সকলের প্রতি কর স্থাপনের প্রস্তাব করাতেই সাহেবেরা তাঁহার প্রতি পরম পরিতুষ্ট হইয়াছেন, তাহারদিগের মনোরথ সিদ্ধ হইয়াছে, তাঁহারা টৌনহালে সভা করিয়া মেং হেরিংটন সাহেবের প্রস্তাবিত নিয়মের যে যে বিষয়ের প্রতি আপত্তি করিয়াছিলেন, মেং উইলসন সাহেব স্বদেশীয় সমাজে প্রতিষ্ঠা লাভের নিমিত্ত সেই২ আপত্তির অনেক বিষয় স্বীকার করিয়ালইয়াছেন, কিন্তু তাহাতে তাঁহার কি অল্প অবিবেচনা হইয়াছে? তিনি একেবারে দশ সালের বন্দোবস্তের প্রবল প্রতিজ্ঞা ভঙ্গ করণে উদ্যত হইয়াছেন। আয়বৃদ্ধি করাই তাঁহার মুখ্য উদ্দেশ্য যে কোন উপায় দ্বারা হউক ধনাগম তৃষ্ণা নিবারণ করিবেন। প্রতিজ্ঞা অবহেলন করা তিনি যখন সামান্য বিবেচনা করিয়াছেন, তখন এদেশের আর নিস্তার নাই। কিছু দিনের পরে তিনি দশসালের বন্দোবস্ত পরিবর্ত্তন করণের প্রস্তাবও করিতে পারেন, যেহেতু তাহাতেও অনেক আয় বৃদ্ধি হইবেক, এদেশের বিপুল সম্পত্তি যাহা জমিদারিতে আবদ্ধ হইয়াছে, তাহা একেবারে উদরস্থ করিয়া ফেলিবেন, জমিদারির রাজস্ব বৃদ্ধি হইলে জমিদারগণের আয় ন্যূন হইবেক, সুতরাং তাহা যে মূল্যে ক্রয় করিয়াছেন তাহা আর থাকিবেক না। একবারে শূন্যে২ উড়িয়া যাইবেক। অতএব এতদিনের পর ভেকের রাজ্যে সারসের আগমন আগমন হইয়াছে। তিনি লেজিসলেটিব কৌন্সেলের আসনে উপবেশন পূর্ব্বক সর্ব্ব প্রকার প্রজাদিগের রক্ত মোক্ষণ নিমিত্ত বিশাল চঞ্চু বিস্তার করিয়া বসিয়াছেন, তাঁহার জাতীয় ভাতৃগণও তাঁহার স্বপক্ষ হইয়াছেন, যেহেতু তিনি তাঁহারদিগের প্রতি সেই চঞ্চু বড় উন্মীলন করেন না। কলিকাতা হইতে লাহোরে গমন এবং লাহোর হইতে প্রত্যাগমন সময়ে প্রায় সকল দেশ বহু জনাকীর্ণ দেখিয়া তাঁহার করাল লোচন রক্তিমাবর্ণ হইয়াছে, তিনি একেবারে স্থিরসিদ্ধান্ত করিয়াছেন যে ঐ অসংখ্য লোকদিগের রক্ত মোক্ষণ ও মাংস ভোজন করিলেই তাঁহার ধনাগম তৃষ্ণা ও লোভ ক্ষুধা নিবারণ হইতে পারিবেক।

মেং উইলসন সাহেব একেবারে নানাপ্রকার ক্লেশকর কজালে প্রজামণ্ডলী বন্ধন করিয়া তাঁহারদিগের শরীরস্থ শোণিত শোষণে উদ্যত হইয়াছেন। অতএব তাঁহার কঠোর ব্যবহারে রাজকোষের ধনাভাব মোচন হয়, তথাচ তিনি এই ষড়জাল বিস্তার জন্য অন্য লোক সমাজে কেবল অখ্যাতি ভাজন হইবেন। সকল প্রকার প্রজারাই তাঁহাকে আপনারদিগের বিবিধ দুঃখের কারণ বিবেচনা করিবেন। একে আহারাভাবে প্রজা সকল ক্লেশ পাইতেছে, চারিদিকে হাহাকার শব্দ উঠিয়াছে, আহারাভাব জন্য অনেক স্থানে অনেকে প্রাণত্যাগ করিয়াছে এসময় কোনরূপ নূতন প্রকার কর স্থাপনের সময় নহে, এ সময় আহার দিয়া প্রজাদিগকে রক্ষা করিবার সময়। পাঠকবর্গ এক বিষয় লিখিতেই অদ্য প্রস্তাব বাহুল্য হইল। অতএব আমরা উইলসন সাহেবের বক্তৃতার মর্ম্মানুবাদ করণের যে অভিপ্রায় লিখিয়াছিলাম তাহা অদ্য লিখিত হইল না।

কুমার সিংহের ভ্রাতা অমর সিংহ গোরক্ষপুরের কারাগারে মৃত্যুর সহিত সাক্ষাৎ করিয়াছে, তারাই নামক স্থানে তাহার যে জয় হইয়াছিল, তাহাই তাহার মৃত্যুর কারণ হইয়াছে, ঐ ব্যক্তি যেরূপ সাহসের প্রতি নির্ভর করিয়া মধ্য ভারতবর্ষ হইতে নেপাল পর্ব্বতে গমন করিয়াছিল বিদ্রোহি দলের অধিপতিদিগের মধ্যে কোন ব্যক্তি তদ্রূপ সাহস প্রকাশ করিতে পারে নাই।

printed and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

২৭৭

187

এই প্রভাকর পত্র [illegible] ব্যতীত প্রতি [illegible] কলিকাতা সিমু [illegible] অন্তঃপাতি [illegible] দুর্গাচরণ [illegible] ষ্ট্রিটে ৪২ নং [illegible] সম্পাদক শ্রীযুত [illegible] গুপ্তকর্ত্তৃক প্র[illegible]

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*

॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফায়সং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৪৫৪ সংখ্যা। সোমবার ১৬ ফাল্গুণ ১২৬৬ সাল। ইং ২৭ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কামাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাতকরা যাইতেছে, যে মোকদ্দমায় মৃত আনন্দনারায়ণ ঘোষের বিষয় ও বিতবাদির অছি গিরীন্দ্রচন্দ্র ঘোষ ও শ্রীমতী নবরঙ্গিণী দাসী বাদী ও বাদিনী এবং শ্রীমতী সখিমণি দাসী বিশ্বেশ্বর 'পালচৌধুরী' পরমেশ্বর পাল চৌধুরী এবং রাজরাজেশ্বর পাল চৌধুরী প্রতিবাদিনী ও প্রতিবাদীগণ সেই মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে এক হাজার আটশত উনাসাইট খৃষ্টাব্দের ৩ মে তারিখে যে অনুমতি প্রদত্ত হইয়াছে তাহার ক্ষমতানুসারে এবং উল্লেখিত সুপ্রিমকোর্টের মাষ্টার শ্রীযুক্ত ওয়ালটার মরগান সাহেবের সম্মতিক্রমে উক্ত সুপ্রিমকোর্ট নামক বিচারমন্দিরে তাঁহার দপ্তরখানায় নিম্নলিখিত ভূমি সম্পত্তি সকল প্রকাশ্য নিলাম দ্বারা বিক্রীত হইবেক বিক্রয়ের দিবস নির্দ্দিষ্ট করিয়া পরে প্রকাশ করা যাইবেক, বিশেষতঃ সুবেবাঙ্গালার অন্তঃপাতি জেলা যশোহরের ইশলপুর পরগণার সামীল ও তন্মধ্যস্থিত যে এক তালুক অথবা জমিদারী যাহা সিঙ্গিপাসা নামে বিখ্যাত তাহার সমুদয় অংশ ঐ তালুকের বার্ষিক রাজস্ব কোং২৩৩৫।৬ টাকা গবর্ণমেণ্টকে প্রদান করিতে হয়।

সুপ্রিমকোর্টের মাষ্টার আফিসে অথবা বাদির পক্ষের উকীল মাষ্টার নিল। ফ্রিডিরিক ওয়াটকিন্স সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে সকলে এই বিষয় বিক্রয়ের বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

W. Morgan.
Master.
ডবলিউ, মার্গান।
মাষ্টার।

Josceline Frederic Watknis.
plaintiffs attorny.
জোসিলিন, ফ্রিডিরিক ওয়াটকিন্স
বাদী পক্ষের উকীল।
কলিকাতা
সুপ্রিমকোর্ট
মাষ্টার আফিস
১৭।ফব্রুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন

যে মোকদ্দমায় তামস ফ্রান্সিস ও অন্যান্য বাদী এবং জর্জ্জ ডেনিএল ও অন্যান্য প্রতিবাদী সেই মোকদ্দমাবিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে ১৮৫৯ খৃষ্টীয়াব্দের ১৭ মার্চ্চ তা-

৫০৭

রিখে যে ডিক্রী অর্থাৎ চূড়ান্তানুমতি প্রদত্ত হইয়াছে, তাহার ক্ষমতানুসারে এই বিজ্ঞাপন পত্র দ্বারা মৃত বেঞ্জামিন ডেনিএল যিনি ইতি পূর্ব্বে এই বঙ্গ প্রদেশে বাস করিতেন, এবং এক হাজার আট শত পঞ্চবিংশ খৃষ্টীয়াব্দে অথবা তৎসমকালে যাঁহার মৃত্যু হইয়াছে, তাঁহার মহাজনদিগকে জ্ঞাত করা যাইতেছে যে তাঁহারা অবিলম্বে উল্লেখিত সুপ্রিম কোর্টের মাষ্টার শ্রীযুক্ত উইলিয়ম মরগান সাহেবের সমীপে প্রাগুক্ত সুপ্রিমকোর্ট নামক বিচার মন্দিরে তাঁহার দপ্তরখানায় উপস্থিত হইয়া আপনাপন পাওনা সকল সপ্রমাণ করিবেন, যদ্যপি তাহা না করেন, তবে প্রাগুক্ত ডিক্রী অর্থাৎ চূড়ান্তানুমতির সুগমসূচক উপায় মতে আপনাপন প্রাপ্য সম্পত্তি হইতে বঞ্চিত হইবেন।

W. Morgan
Master,
ডবলিউ, মর্গান।
মাষ্টার

P. J. PAUL
Plaintiffs Attorny
পি, যে পাল,
বাদীর পক্ষীয় উকীল।
কলিকাতা।
সুপ্রিমকোর্ট।
মাষ্টার আফিস।
২৭ জানুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাতকরা যাইতেছে যে সুবেবাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয়ের অদ্য তারিখে এরূপ এক অদ্দাশ পত্র প্রদত্ত হইয়াছে যে মহানগরকলিকাতার যোড়াসাঁকো নিবাসী মৃত বৃন্দাবন পাল যিনি একজন হিন্দুপ্রজা ছিলেন তাঁহার বিষয় বিভব দেনা পাওনা ইত্যাদি সমুদয় বিষয়ের কর্ত্তৃত্ব করণের ভার উল্লেখিত মহানগর কলিকাতার অন্তঃপাতি সিমুলিয়া নিবাসিনী শ্রীমতী ইচ্ছামণি দাসির প্রতি সমর্পিত হইবেক যে হেতু তিনি উল্লেখিত মৃত ব্যক্তির বিধবা স্ত্রী ও উত্তরাধিকারিণী হয়েন।

Etter & Payne.
Proctor
পিটার পেইন।
উকীল।
কলিকাতা
২৩ ফিব্রুয়ারি

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন দ্বারা সর্ব্বসাধারণকে সংবাদ করা যাইতেছে যে ইংরাজী বর্ত্তমান সনের আগত ১ মার্চ্চইস্তক ৫ বৎসর মেয়াদে সহরের খোওয়া রাস্তা সকল মেরামত এবং তৈয়ার ও খোওয়া সরবরাহ করণ জন্য কণ্ট্রাক্ট দেওয়া যাইবেক, তজ্জন্য অত্র মাহার ২৮ তারিখ মঙ্গলবার বেলা দুই প্রহর পর্য্যন্ত মিউনিসিপাল কমিসনর সাহেবেরা শীলএণ্ড টেণ্ডর গ্রহণ করিবেন।

অন্যান্য বিস্তারিত বিবরণ নিম্নলিখিত সাহেবের নিকট স্বয়ং উপস্থিত হইয়া দরখাস্ত করিলে অবগ হইতে পারিবেন।

By order of the Board
ROBT. TURNBULL
Secretary to the Municipal Commons
মিউনিসিপাল কমিসনরদিগের
আদেশানুসারে
রবর্ট টরনবুল।
কমিসনরদিগের সেক্রেটরী
৩ চৌরঙ্গি রোড।
কলিকাতা
৭ ফিব্রুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন।

আমড়াতলা ষ্ট্রীটের সেখ আদম কোম্পানিদিগের অংশি সেখ বেঙ্করভাই এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে বিজ্ঞাপন করিতেছেন যে তাহার পুত্র আবদুল সায়েদ বিটাল যদ্যপি কোন ব্যক্তির নিকট কোন প্রকার দ্রব্য অথবা ঋণাদি গ্রহণ করেন অথবা ঋণগ্রস্ত হয়েন তবে তিনি তাহার দায়ী হইবেন না।

২৬ ফিব্রুয়ারি ১৮৬০।

Judge Judge Watkins
Solitor for said Shaik
Banker Bloy
জজ, জজ, ওয়াটকিন্স।
উক্ত সেখ বেঙ্কের ভায়ের
পক্ষীয় উকীল।

বিজ্ঞাপন।

সহর কলিকার বড়বার সাকিনের পায়েরাটোলার গলির মধ্যে ৯ নম্বর

যে দাতালা বাটী মায় কমবেশী ৵৷৷ বারোছটাক জমী আছে যাহা কুল্যসম্পূর্ণ মালক ও স্বামি বলিয়া শ্রীদ্বারিকানাথ দত্ত দাবি করেন উক্ত দ্বারিকানাথ দত্ত উক্ত বড়বা ... সাকিনের শ্রীরামলোচন আউ ... উক্ত বাটী ও জমী বিক্রয় করিবে ... যদি উক্ত বাটী ও জমী কাহারো ... ও অধিকার বা সম্বন্ধ থাকে ... হইতে এক সপ্তাহের মধ্যে উক্ত ... প্রকাশ করিবেন নচেৎ উক্ত ... গতে উক্ত রামলোচন আ ... উক্ত সম্পত্তি খরিদ করিবেন ... তখন কাহারো আপত্তি দাবি ... গণ্য হইবেক না।

শ্রীরামলোচন আইচ।
সাং বড়বাজার।
৭ ফিব্রুয়ারি ১৮৬০।

সংবাদ প্রভাকর

... শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

রাজার মঙ্গলচিন্তা আমরা সর্ব্ব ... করিয়া থাকি রাজভাণ্ডার ধন ... থাকিলে, রাজা নিশ্চিন্তভাবে ... বিবেচনা পূর্ব্বক আপনার কার্য্যা ... নির্ব্বাহ করিলে প্রজাদিগের সুখ ... বিধান হইয়া থাকে ক্রমশঃ ... রাজার উন্নতি ও মঙ্গল হয়, ... রাজকোষে সম্ভবমত বিত্ত স ... না থাকিলে রাজা অর্থ চিন্তায় ... হইলে যুদ্ধ বিগ্রহ ও বিদ্রোহ ... অনিষ্টঘটনা রাজ্যমধ্যে উপস্থিত হইলে প্রজাদিগের সুখস্বাচ্ছন্দ বিধান হওয়া দূরে থাকুক কেবল অনিষ্ট হইয়া থাকে, আমারদিগের বর্ত্তমান কীর্ত্তিমান রাজপুরুষগণ এই রাজ্যের অধিকাংশ অধিকার পূর্ব্বক নিকটস্থ নৃপতিদিগের সহিত সন্ধিপত্র নিবন্ধন পূর্ব্বক যদবধি রাজকার্য্য নির্ব্বাহ করণে প্রবৃত্ত হইয়াছিলেন তদবধি প্রজারা এক প্রকার সুখে কালযাপন করিয়াছেন, ধনাগারে ধনাভাব হয় নাই, তাহা ধনপূর্ণ থাকাতে দেশের বিবিধ হিতকর কার্য্যে অকাতরে ব্যয় করিয়াছেন, কিন্তু যদবধি তাঁহারা রাজ্য বৃদ্ধি জন্য লোলুপ হইয়া ছলবল ও কৌশলদ্বারা সেই সন্ধিপত্রের বিধানাদি অমান্য করিয়া নিকটস্থ নৃপতিদিগের রাজ্য ও সম্পদ হরণে প্রবৃত্ত হইয়াছেন তদবধি এক দিবসের নিমিত্ত তাঁহারা নিশ্চিন্তভাবে প্রজানিচয়ের মঙ্গল বিধান করিতে পারেন নাই, রাজ্য বৃদ্ধির সহকারে ব্যয় বৃদ্ধি ও নূতন২ শত্রুবৃদ্ধি হওয়াতে রাজভাণ্ডার ধনপূর্ণ হইয়াছে, রাজপুরুষগণ অকূল চিন্তার্ণবে নিমগ্ন হওয়াতে প্রজার হিত বিধান বিষয়ে আর চিত্তনিবিষ্ট করিতে পারেন নাই, অতএব পর রাজ্যগ্রহণের লালসাই আমারদিগের রাজপুরুষগণের সমূহ অনিষ্টের মূল হইয়াছে গবর্ণমেণ্ট যদ্যপি রাজ্যবৃদ্ধি না করিতেন নিকটস্থ নৃপতিদিগের সহিত সদ্ভাব রাখিতেন তবে রাজকোষ ধনশূন্য হওয়াতে বিগত বিদ্রোহ ঘটনারও কোন সম্ভাবনা ছিল না।

স্যার জান মালকম প্রভৃতি যে সকল মহাশয়েরা ভারতবর্ষের বিষয় বিশিষ্টরূপে অবগত ছিলেন তাঁহারা তাবতেই বলিয়াছেন এবং আপনাপন প্রকাশিত পুস্তকে লিখিয়াছেন যে ভারতবর্ষের ব্রিটিস অধিকারের নিকটে যে সকল স্বাধীন নৃপতি আছেন, যাঁহারদিগের সহিত সন্ধিপত্রাদি অবধারিত হইয়াছে তাঁহারা এদেশে বৃটিস পরাক্রম রক্ষার স্তম্ভস্বরূপ হইয়াছেন, ঐ রাজগণে রাজ্য হরণ ও সম্পদ গ্রহণের লালসা করিলেই গুরুতর বিপদ হইবেক, আমাদিগের রাজ্য রক্ষা ভার হইয়া উঠিবেক, ঐ সাহেবেরা যাহা লিখিয়াছিলেন তাহা এইক্ষণে দৈববাণীর ন্যায় সত্য হইয়াছে, যদিও তাঁহারা যে গুরুতর বিপদের প্রতি কটাক্ষ করিয়া ঐ অভিপ্রায় ব্যক্ত করিয়াছিলেন, আমারদিগের রাজপুরুষেরা যদিও বুদ্ধি ও পরাক্রম বলে তাহা হইতে উত্তীর্ণ হইয়াছেন বটে, কিন্তু তাহা এ পর্য্যন্ত সম্পূর্ণরূপে শেষ হয় নাই, রাজকোষে ধন শূন্য হওয়াতে আবার নূতন বিপদ উপস্থিত হইয়াছে, আয়াপেক্ষা ব্যয় বৃদ্ধি হইলে যখন সামান্য লোকে সংসার যাত্রা নির্ব্বাহ পূর্ব্বক সম্মান রক্ষা করিতে পারেন না, তখন গবর্ণমেণ্ট কিপ্রকারে রাজকীয় সমস্ত ব্যয়ের বিধান পূর্ব্বক উচ্চ গৌরব রক্ষা করিবেন।

রাজপরাক্রম বিনাশ নিমিত্ত ভিন্ন২ স্থানের রাজা ও সরদার এবং সেনা ও প্রজাগণ যে ভয়ঙ্কর অভিসন্ধি করিয়াছিলেন, সেনাদিগের বাহুবলে ও অনেক কৌশলে তাহার মূলচ্ছেদন হইয়াছে বটে, কিন্তু ধনাভাব মোচন হয় নাই, এখানে যে সকল সাহেবেরা রাজকার্য্যের

অধ্যক্ষের পদে অভিষিক্ত আছেন, তাঁহারা বিবিধ উপায় দ্বারা তৎসম্পাদনে অক্ষম হওয়াতে মহারাণী ইংলণ্ডেশ্বরীর প্রধান কর্ম্মচারিরা সম্প্রতি মান্যবর মেং উইলসন সাহেবের প্রতি সেই সুকঠিন কার্য্যের ভারার্পণ করিয়া তাঁহাকে এদেশে প্রেরণ করিয়াছেন।

উইলসন সাহেব যে প্রকার উপায় দ্বারা রাজকোষের ধনাভাব নিবারণের মানস করিয়াছেন তাহার সংক্ষেপ বিবরণ ইতিপূর্ব্বে আমারদিগের অভিপ্রায়ের সহিত কএক দিবসীয় প্রভাকরে প্রকাশকরিয়াছিলাম।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

অদ্য দ্বিতীয় শ্রেণী সম্বন্ধে যে কিঞ্চিৎ বক্তব্য তাহা লিখিলাম, সম্পাদক মহাশয়, সংশোধনান্তে আপনকার জগৎ প্রফুল্লকর পত্রৈক পার্শ্বে স্থান দান করিয়া বাধিত করিবেন।

এইক্ষণে বঙ্গদেশে দ্বিতীয় শ্রেণীর রীত্যবলম্বী লোকের কিছু প্রাদুর্ভাব হইয়াছে। এই শ্রেণীভুক্ত লোক যে কেবল বালক এমত নহে, যুবা, বৃদ্ধ আদি সকল বয়সের লোক কেই এই পথের পথিক দেখা যায়। তন্মধ্যে সকলেরই বাল্যকালকৃত কর্ম্মাদি হইতে এই ঘোরতর মানসিক ও শারীরিক ক্লেশপ্রদ অবস্থা উৎপত্তি হইয়াছে। পিতা মাতারা আপনাপন স্নেহাস্পদ পুত্রদিগের শুভানুষ্ঠানে সর্ব্বদা নিযুক্ত থাকেন, এবং তাহাদিগকে ভবিষ্যতে সুখ স্বাচ্ছন্দশালী করণেচ্ছায় সমধিক যত্ন সহকারে বিদ্যাভ্যাসে নিযুক্ত করেন কিন্তু ইহা অতি দুঃখের বিষয় বলিতে হইবে, যে ঐ সকল বালক তাহাদিগের পরমপূজনীয় শ্রেষ্ঠতরসুহৃদের শুভাভিপ্রায়ে ক্ষণমাত্র নেত্রপাত না করিয়া কদাচার সহবাসি সকলকে অনায়াসে অকপট হৃদয়ে সৌহৃদ্যে বরণ করত আপন২ অকলঙ্ক দুর্ল্লভ স্বভাব শশীকে অতি জঘন্য চরিত্ররূপ মশিতে আবৃত করে। এইরূপে সরল স্বভাব বালকগণ কদাচার কুকর্ম্মিদিগের সঙ্গি হইয়া বিদ্যালয় হইতে পলায়ন ও কুস্থানে গমন করে এবং ঐ সুহৃৎ রূপধারি ঘোরতর শত্রুদিগের "তুমি ইয়ার হলে না,, এই বাক্য এড়াইবার জন্য ক্রমে২ মদ্য আফিম ও নানা প্রকার মাদক দ্রব্য পান ও ভক্ষণ করিতে আরম্ভ করিয়া সুখ ও স্বাস্থকে একেবারে জলাঞ্জলি দেয়। শিশুদিগের কোমলদেহ অত্যন্ত উৎপাদিকা শক্তি সম্পন্না ভূমির ন্যায়, এবং উর্ব্বরা ভূমিতে যে বৃক্ষ রোপণ করা যায় তাহাই শীঘ্র রোপকের অত্যল্প পরিশ্রমেই পল্লবে পরিপূরিত হইয়া যত্নবতী হয় ও বৃহৎ না হইলে সহজেই উৎপাটিত হইতে পারে, কিন্তু বৃহৎ হইলে তাহা উত্তোলন করা দুরূহ, সেইরূপ কাম, ক্রোধ লোভ, বুদ্ধিবৃত্তি জ্ঞান প্রভৃতি নানা প্রকার উৎপাদিকা শক্তি সম্পন্না বালকদিগের কলেবররূপ মৃত্তিকার স্বভাব স্বরূপ যে প্রকার বৃক্ষ রোপিত হয় তাহাই শীঘ্র বৃহৎ হইয়া উঠে, আর তাহা দৃঢ়তর না হইলে সহজেই উৎপাটিত হয়, কিন্তু বলবান হইলে উত্তোলন করা দুষ্কর হয়। এইরূপে নরগণ বাল্যকালার্জ্জিত কুস্বভাবের বশীভূত হইয়া বৃদ্ধাবস্থাতেও তাহা পরিত্যাগ করিতে পারে না, সুতরাং তাহারা আত্মকৃত অপরাধ বশতঃ পরম পূজনীয় বিশ্বপাতার এই মানস-মোহিতকর বিশ্বরাজ্যে আসিয়া সুখভ্রষ্ট ও অকালে কাল কবলে পতিত হয়, ইহা অতি আক্ষেপের বিষয়। যে বুদ্ধি বিশিষ্ট মানব জন্মগ্রহণ করিয়াও অনেকে আপনাদিগের অপযশের লাঘবতা করণার্থ কহে "আমাদিগের বাল্যকালাবধি অভ্যাস হইয়াছে, তদর্থে এক্ষণে তাহা পরিত্যাগ করিলে প্রাণ বিয়োগের সম্ভাবনা,, তাহারা বিবেচনা করে, যে এই বাক্য বলিলেই এক্ষণে নিরপরাধিরূপে গণ্য হইব, কিন্তু তদ্বিপরীতে তাহাদিগের এই বাক্যেতেই আপনাদিগকে প্রবঞ্চক রিপুপরবশ পশুপ্রায় বলিয়া পতিত সমাজে পরিচিত করে, কারণ তাহাদিগের পূর্ব্বোক্ত বাক্যটী সম্পূর্ণরূপে অমলূক। মনুষ্যমাত্রেই পরিচ্ছদ পরিত্যাগের ন্যায় মানসিক দৃঢ়তা রূপ ইচ্ছামাত্রেই অনায়াসে কুচরিত্র ত্যাগ করিয়া মেঘমুক্ত মিহিরের ন্যায় পরম পবিত্র স্বভাবগ্রহণ করিতে পারে।

আমি পাঠকবৃন্দের সমক্ষেই হার অনেক প্রমাণস্থল প্রদর্শন করিতে পারি কেবল নাম প্রকাশের ভয়েই এ বিষয়ে আর অধিক লিখিলাম না। যাহাহউক, যুবা বৃদ্ধ সকলের পক্ষেই কুস্বভাব পরিত্যাগ করা কর্ত্তব্য। আর বালকদিগের পক্ষে কুপথে গমন করা অতি গর্হিত কর্ম্ম, কারণ অল্পবয়সেই কুপথের পথিক হইলে স্বাস্থ রক্ষা হয় না, এবং যে জনকজননী হইতে আমরা এই অপূর্ব্ব জগৎ সংসারে আসিয়াছি, তাঁহাদিগের মুখোজ্জ্বল ও আহ্লাদকর না হইয়া মনঃপীড়াদায়ক ও ক্লেশকর হওয়া আমাদিগের কর্ত্তব্য নহে। অতএব হে বালকগণ, তোমাদিগের মনক্ষেত্রে কুস্বভাব রূপ বিষবৃক্ষ রোপণ করিয়া এই দুর্ল্লভ কোমল কলেবরকে চিরকালের নিমিত্ত শারিরীক ও মানসিক অসুখসাগরে নিমগ্ন করিও না।

...ued and published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*.

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

২৪১

১৪৭

এই প্রভাকর পত্র ...বিবার ব্যতীত প্রতি ...কলিকাতা সিমু ...অন্তঃপাতি কো... দুর্গাচরণ ...ষ্ট্রিটে ৪২ নং ...সম্পাদক শ্রীযুত ...গুপ্তকর্ত্তৃক প্র...শিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের প্রিয়ম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আন অগ্রিম ৬টাকামাত্র।

...৫৫ সংখ্যা] মঙ্গলবার ১৭ ফাল্গুন ১২৬৬ সাল। ইং ২৮ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মহানগর কলিকাতার বিভুক্ত খাসমহলের নিম্নলিখিত হোল্ডিং সকল এক বৎসরের নিমিত্ত ইজারা দেওয়া যাইবেক। যে ব্যক্তি অধিক টাকা ডাকিবেন তিনিই ইজারা পাইবেন এবং ১৮৬০ সালের ৪ মার্চ্চ তারিখে রেবিনিউ কমিসনর সাহেবের অনুমত্যনুসারে কলিকাতার কালেক্টরি কাছারিতে ঐ ডাক গৃহীত হইবেক।

	হোল্ডিং নম্বর	নম্বর ও ষ্ট্রিটের নাম	পরিমাণ।				স্থানের বিবরণ
			বিঘা	কাঠা	ছটাক	কাঁচ্চা	
[illegible]	১৩	কালেজ ষ্ট্রিটে মাধব দত্তের বাজারের ঠিক উত্তরাংশে।	৩	২	০	০	কাঁচা বস্তি ঐ ভূমির একাংশ ভাড়া দেওয়া হইয়াছে, অবশিষ্টাংশ কিছু দিনের নিমিত্ত ভাড়া দেওয়া যাইতে পারে ও তাহাতে বিশেষ লভ্য হইতে পারে।

HUSHUM
Dputy collector
ডবলিউ, হেসাম।
ডিপিউটি কালেক্টর।

কলিকাতা
কালেক্টরি আফিস
৬ ফিব্রুয়ারি
১৮৬০ সাল

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাতকরা যাইতেছে, যে মোকদ্দমায় মৃত আনন্দনারায়ণ ঘোষের বিষয় ও বিভবাদির অছি গিরীন্দ্রচন্দ্র ঘোষ ও শ্রীমতী নবরঙ্গিনী দাসী বাদী ও বাদিনী এবং শ্রীমতী মণিমণি দাসী বিশ্বেশ্বর 'পালচৌধুরী' পরমেশ্বর পাল চৌধুরী এবং রাজরাজেশ্বর পাল চৌধুরী প্রতিবাদিনী ও প্রতিবাদীগণ, সেই মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে এক হাজার আটশত উনাসাইট খৃষ্টাব্দের ৩ মে তারিখে যে অনুমতি প্রদত্ত হইয়াছে তাহার ক্ষমতানুসারে এবং উল্লেখিত সুপ্রিমকোর্টের মাষ্টার শ্রীযুক্ত ওয়ালটার মরগান সাহেবের সম্মতি ক্রমে উক্ত সুপ্রিমকোর্ট নামক বিচারমন্দিরে তাঁহার দপ্তরখানায় নিম্নলিখিত ভূমি সম্পত্তি সকল প্র

কাশ্য নিলাম দ্বারা বিক্রীত হইবেক বিক্রয়ের দিবস নির্দ্দিষ্ট করিয়া পরে প্রকাশ করা যাইবেক, বিশেষতঃ সুবেবাঙ্গালার অন্তঃপাতি জেলা যশোহরের ইশলপুর পরগণার সামীল ও তন্মধ্যস্থিত যে এক তালুক অথবা জমিদারী যাহা সিঙ্গিপাসা নামে বিখ্যাত তাহার সমুদয় অংশ ঐ তালুকের বার্ষিকরাজস্ব কোং২৩৩৫।৬ টাকা গবর্ণমেণ্টকে প্রদান করিতে হয়।

সুপ্রিমকোর্টের মাষ্টার আফিসে অথবা বাদির পক্ষের উকীল মাষ্টার নিলাম ফ্রি ডিরিক ওয়াটকিন্স সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে সকলে এই বিষয় বিক্রয়ের বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

W. Morgan.
Master.
ডবলিউ, মার্গান।
মাষ্টার।

Josceline Frederic Watkis.
plaintiffs attorny.
জোসিলিন, ফিডিরিক ওয়াটকিন্স
বাদী পক্ষের উকীল।

কলিকা
সুপ্রিমকোর্ট
মাষ্টার আফিস
১৭ ফিব্রুরি ১৮৬০

বিজ্ঞাপন।

সহর কলিকার বড়বার সাকিনের পায়েরাটোলার গলির মধ্যে ৯ নম্বর যে দোতালা বাটী মায় কমবেশী ৵৸ বারোছটাক জমী আছে যাহা কুল্যসম্পূর্ণ মালিক ও স্বামি বলিয়া শ্রীদ্বারিকানাথ দত্ত দাবি করেন উক্ত দ্বারিকানাথ দত্ত উক্ত বড়বাজার সাকিনের শ্রীরামলোচন আউচকে উক্ত বাটী ও জমী বিক্রয় করিবেন যদি উক্ত বাটী ও জমী কাহারো সত্ব ও অধিকার বা সম্বন্ধ থাকে অদ্য হইতে এক সপ্তাহের মধ্যে উক্ত দাবি প্রকাশ করিবেন নচেৎ উক্ত মেয়াদ গতে উক্ত রামলোচন আউচ উক্ত সম্পত্তি খরিদ করিবেন আর তখন কাহারো আপত্তি দাবি মধ্যে গণ্য হইবেক না।

শ্রীরামলোচন আইচ।
সাং বড়বাার।
২৭ ফিব্রুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন।

আমড়াতলা ষ্ট্রীটের সেখ আদম কোম্পানিদিগের অংশি সেখ বেঙ্করভাই এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে বিজ্ঞাপন করিতেছেন যে তাহার পুত্র আবদুল সায়েদ বিটাল যদ্যপি কোন ব্যক্তির নিকট কোন প্রকার দ্রব্য অথবা ঋণাদি গ্রহণ করেন অথবা ঋণগ্রস্ত হয়েন তবে তিনি তাহার দায়ী হইবেন না।

২৬ ফিব্রুয়ারি ১৮৬০।

Judge Judge Watkins
Solitor for said Shaik
Banker Bloy
জজ, জজ, ওয়াটকিন্স।
উক্ত সেখ বেঙ্কের ভায়ের
পক্ষীয় উকীল।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্ত প্রণীত শর্ম্মিষ্ঠা নাটক ... ... ঐ (English Kauslation ... বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রস্থান) একেই কি বলে সভ্যতা? (ঐ) ...

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

বর্ণসংযোজকের অনবধানতা বশতঃ গত-বাসরীয় প্রভাকরের ৩য় পৃষ্ঠ ২য় স্তম্ভ চতুর্বিংশতি তম পংক্তিতে "ধনপূর্ণ" হইয়াছে ইহার পরিবর্ত্তে ধনশূন্য হইবে।

সংবাদ প্রভাকর

১৭ ফাল্গুন শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াবাদ

শ্রীযুক্ত উইলসন সাহেব।—অতি অল্প দিন হইল, আয় ব্যয় বিষয়ে একটী অপূর্ব্ব বুদ্ধিমান রাজপুরুষ রাজধানীতে পদার্পণ করিয়াছেন। পদার্পণ করিয়াই প্রজাদিগকে একবারে শীতল করিয়া তুলিয়াছেন। প্রজারা তাঁহার এই অনির্ব্বচনীয় গুণে যারপর নাই বাধ্য হইয়াছেন। তিনি প্রজাদিগকে এমনি শীতল করিয়াছেন যে প্রজারা শীতে কাঁপিয়া মরিতেছে। এক্ষণে সকলপ্রকার প্রজারাই তাঁহার বিবরণ শুনিতে চায়। বিলাতে "একোনমিষ্ট" নামে

190 ২৪২

একখানি সংবাদ পত্র আছে। এই অপূর্ব্ব বুদ্ধিশুদ্ধিমান গুণপুরুষ উইলসন সাহেব সেই সংবাদ পত্রে এই একজন সম্পাদক ছিলেন। একোনমিষ্ট সংবাদ পত্রে ইউরোপের আয় ব্যয় সংক্রান্ত সকল বিষয়ই প্রকাশিত হইত। তিনি মধ্যে মধ্যে ইউরোপীয় রাজগণকে আয় ব্যয় বিষয়ে নানাপ্রকার সৎপরামর্শ প্রদান করিতেন। এনিমিত্তে আমাদের মহারাণীর নিকটে তিনি ক্রমে ক্রমে পরিচিত ও সমাদৃত হইয়াছিলেন।

আমাদের বুদ্ধিমতী শ্রীশ্রীমতী মহারাণী নিশ্চয় জানেন, আয় ব্যয় বিষয়ে উইলসন সাহেবের পরামর্শই সর্ব্বোৎকৃষ্ট। বস্তুতঃ উইলসন সাহেব ইউরোপীয় বলিয়া ইউরোপের রাজগণের আয় ব্যয় বিষয়ে সৎপরামর্শ দিতে পারিতেন, তাহা মিথ্যা নহে। কিন্তু যাহা হউক, সম্প্রতি ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট পশ্চিম দেশীয় বিদ্রোহ ব্যাপারে ঋণগ্রস্ত হওয়াতে মহারাণীর মনে মনে কিছু অসন্তোষ জন্মে। নিমিত্তে ভারতবর্ষের অধিক আয় বৃদ্ধি ও কোষ পূরণের নিমিত্তে ব্যস্ত সমস্ত হইয়া এই মহাত্মাকে প্রেরণ করিয়াছেন, উইলসন সাহেবের আগমনের পূর্ব্বে আমরা মনে করিয়াছিলাম, তাহা হইতে আমরা যথেষ্ট উপকার লাভ করিব, কিন্তু কি! তাহার কিছুই হইল না, বরং তিনি আসাতে ভারতবর্ষের হর্ষ একেবারে তিরোভূত হইতেছে।

হে পাঠকবর্গ!—উইলসন সাহেবের কি কঠিন কর! তাঁহার যে কঠিনকর, তাঁহার কর প্রস্তাব ও সেইরূপ দুঃখকর। প্রজারা কর কর করিয়া হাহাকার করিতেছে—কর জ্বালায় মর মর হইতেছে—প্রজাদের চক্ষু ঝর ঝর করিয়া অশ্রুপাত করিতেছে—বক্ষঃদর দর ধারায় ভাসিয়া যাইতেছে—সর্ব্ব শরীর কর দ্বারায় জ্বর জ্বর হইতেছে—এক্ষণে বিপদে পড়িয়া প্রজারা আর কাহাকে ধর ধর বলিয়া সম্বোধন করিবে?

কিছুকাল পূর্ব্বে শ্রীযুক্ত হারিংটন সাহেব করের বিষয়ে যে রূপ প্রস্তাব করেন, সে কর বরং মঙ্গল কর ছিল। কিন্তু এক্ষণে উইলসনের প্রস্তাবিত কর ঠিক যেন সহস্র কর হইয়াছে। প্রাচীনকালে ভারতবর্ষীয় রাজগণ প্রজাদের নিকট কেবল আয়ের কর লইতেন বটে কিন্তু অন্য কোন রূপ কর লইতেন না। পূর্ব্বকালে কেবল বণিকেরাই বাণিজ্য ব্যবসায় করিত। তাহদের নিকট হইতেই রাজগণ কৃষির ষড়ংশের একাংশ মাত্র লইতেন। ব্রাহ্মণ ও শূদ্রেরা কখনই রাজার করের ভাবনা ভাবিতেন না। ব্রাহ্মণেরা নির্ব্বিঘ্নে যজন যাজন, অধ্যয়ন, অধ্যাপন এবং শূদ্রেরা ব্রাহ্মণগণের সেবা শুশ্রূষা লইয়াই কাল যাপন করিত। আর ক্ষত্রিয়েরা রাজবংশ, সুতরাং তাঁহাদের আর কোন প্রকার রাজকর প্রদান করিতে হইত না। তথাপি পূর্ব্ব২ রাজগণ এই অল্প মাত্র ষষ্ঠাংশ কর লইয়াই প্রভূত ধনশালী হইতেন। অতএব উইলসন সাহেব যখন মনুর মতানুসারে ভারতবর্ষে রাজকর স্থাপনের কথা উল্লেখ করিয়াছেন, তখন আর প্রজারা শাস্ত্রবিচারে পরাঙ্মুখ হইবে না। অবশ্যই উইলসন সাহেবের দেশীয় উকীল, স্মার্ত্ত অধ্যাপকবর্গের সহিত বিচার করিতে হইবে। পূর্ব্ব২ রাজগণ ব্রাহ্মণগণের কোন প্রকার কর লইতেন না। অতি মনীষী উইলসন সাহেব কি তাহাদের নিত্য নৈবেদ্য, হোমের হাতঝাড়া ঘৃত, শ্রাদ্ধের নারিকেললাড়ু, বিদায়ের ঘড়া গাড়ু ইত্যাদির ষড়ংশ লইবেন? যদি লন, তবে আমাদের ব্রাহ্মণ পণ্ডিতেরা গড়ের মাঠের রাজবাটীতে গিয়া হাঁসিতে২ তাঁহাদের নিত্য আয় সসা কলা রাজপুরুষদের হস্তে দিয়া আসিবেন—তবে আর শূদ্রেরা কি করিবে? তাহারাও তদনুসারেই চলিবে;—

মহাকবি কালিদাস রঘুবংশ মহাকাব্যে দিলীপের রাজগুণ বর্ণোপলক্ষে লিখিয়াছেন।

"প্রজানামেব ভূত্যর্থম্
সতাভ্যো বলিমগ্রহীৎ।
সহস্রগুণমুৎস্রষ্টুম্
আদত্তে হিরসংরবিঃ।"

অর্থাৎ সূর্য্য যেমন দিবার নিমিত্তেই পৃথিবী হইতে রসাকর্ষণ করেন তেমনি দিলীপ রাজা প্রজাদিগের মঙ্গল সাধনের নিমিত্তেই কর গ্রহণ করিতেন, (আপনার কোষ পরিপূরণের নিমিত্তে নহে)। অতএব আমাদের উইলসন সাহেব প্রজাদের নিমিত্তে কোন সৎকার্য্য করুন তবে অধিক প্রার্থনা করিবেন। এরূপ না

করিলে রাজধর্ম্মের অন্যথা হয়। রাজধর্ম্মে লিখিত আছে :—

"বলিমিচ্ছন্তি রাজানো
প্রজানাং কুশলং তথা।"

অর্থাৎ রাজারা প্রজাদের নিকট কর লইবেন বটে, কিন্তু কুশল চিন্তা করিবেন, (প্রজাদের সঙ্গতি অসঙ্গতি ইত্যাদি কুশল চিন্তা না করিয়া কেবল কর গ্রহণে লোলুপ হওয়া উচিত নহে)। অতএব আয় ব্যয় বিধাতা পুরুষ উইলসন সাহেব যখন কর স্থাপন বিষয়ে মনুর বচনের ইঙ্গরেজী অনুবাদ উদ্ধৃত করিয়াছেন। তখন তিনি সহজে বিচারজয়ী হইতে পারিবেন না।

উইলসন সাহেব যদি সকলপ্রকার প্রজার ও ব্যবসায়িগণের আয় বিবেচনা করিয়া সকলের প্রতি এই কর নিরূপণ করিতেন, তাহা হইলে বরং দেশীয় প্রজাগণ কোন্ প্রকারে সেই কর ভার বহন করিতে পারিতেন। কিন্তু উইলসন সাহেব সে পথ একেবারে অবরুদ্ধ করিয়াছেন। এক্ষণে লেজিস্ লেটিব কৌন্সেলের শেষ বিবেচনায় কি স্থির হয় আমরা কেবল সেই আশাপথ নিরীক্ষণ করিয়া রহিলাম।

নর্থ-ওএষ্ট গেজেট পত্রে অবগতি হইল গত ৭ ফিব্রুয়ারি মঙ্গলবার রাত্রি দুইপ্রহরের সময়ে এলাহাবাদস্থ দুর্গের প্রাচীরের নিম্নে জনেক ব্রাহ্মণ ও তাহার স্ত্রী হঠাৎ প্রাণত্যাগ করিয়াছে, এই ঘটনা অনেক লোকের সম্মুখে হইয়াছে, তাহারা এক কার্ষ্ঠের চিতা প্রস্তুত ও তাহাতে অগ্নি সংযোগ পূর্ব্বক উভয়ে তন্মধ্যে প্রবেশ করিয়াছিল, পরন্তু উক্ত পত্রে ব্যক্ত করে যে তাহারদিগের উভয়ের বয়ঃক্রম অধিক হয় নাই, ও তাহারা অযোধ্যা রাজ্য হইতে গঙ্গাস্নান ও অন্যান্য তীর্থ দর্শনার্থে এলাহাবাদে উপস্থিত হইয়াছিল, তথা হইতে তাহারদিগের বাসস্থান দশ ক্রোশ পথর অধিক নহে।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীলশ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়!

অনুগ্রহ পূরঃসর মল্লিখিত এই ক্ষুদ্র প্রবন্ধটী সংশোধনান্তে ভবদীয় জন সমূহের আদরণীয় হিতোপদেশক প্রভাকর পত্রৈক পার্শ্বে স্থান দানে চির বাধিত করিতে আজ্ঞা হইবেক।

মনঃশিক্ষা।

পদ্য।

ওহে ভ্রান্তমন, তুমি না শুন বারণ।
নিয়ত ভ্রমের পথে করিছ গমন॥
সতত বিষয় তত্ত্বে মত্ত হয়ে তুমি।
করিছ সম্ভোগ আশা, নিত্য তত্ত্বভূমি॥
ওহে মন এসংসারে কিছু নাহি সার।
বৃথাকেন তুমি তারে বলিছ নিজার॥
যে সকল সুখ তুমি কর অন্বেষণ।
সে সকল সুখ শুধু, দুঃখের কারণ॥
এসংসারে যত কিছু হেরিতেছ মিতা।
সে সকল নহে নিত্য সকলি অনিত্য॥
দেহ রূপ গেহ তব নহেরে আপন।
সদা তারে হয় জনে, করিছে শাসন॥
ভ্রাতৃবর্গ আদি করি আছে যতজন।
অসারসে সব, হয় মায়ার কারণ॥
সদা যারে মায়াভরে কহিছ আপন।
সময় হইলে কারে, না পাবে তখন॥
এ সংসার মায়া জালে মুগ্ধ হয়ে মন।
নিরন্তর করিতেছ সুখ অন্বেষণ॥
সুখ পাইবার আশা করিয়া অন্তরে।
সেই নিত্যধনে তুমি রেখেছ অন্তরে॥
যেরূপে একাকী তুমি এসেছ সংসারে।
সেই রূপে একাকী যাইতে হবে ফিরে॥
অতএব ওহে মন, শুন সাবধানে।
দিবানিশি চিন্ত কর সেই নিরঞ্জনে॥
যাঁহারে ভজিলে তুমি পাবে মোক্ষফল।
তুচ্ছ হবে তার কাছে বিষয় সকল॥
যদিভুমি যেতে চাও সুখের আগারে।
যদি তুমি পার হবে এ ভব সাগরে॥
যদি তুমি বাঞ্ছা কর পেতে মুক্তিপদ।
তবে তুমি যত্ন করে ভজ বিভু পদ॥
অনায়াসে ভব সিন্ধু পারে তরিবে।
ভয় না থাকিবে তব, ভয়না থাকিবে॥
মানস পুষ্পেতে আর ভক্তিরূপ জলে।
আরাধ্য পূরিয়া পূজা কর কুতূহলে॥

নিতান্তভক্ত
শ্রী তারণীকান্ত ভট্টাচার্য্য।
রামনারায়ণ পুর।
জেলা পাবনা।
১২৬৬ সাল ২৮ মাঘ।

Printned and published by RAMCHUNDER GOOPTO at the *Prohhakur Press*

২৪৩
১৯।

সংবাদপ্রভাকর

দাপ্তহিকপত্র

এই প্রভাকর পত্র ... বর্ষিবর রাজভক্ত প্রতি ... কলিকাতা সিমু ... নিবাস অধ্যাপক্তি হো ... কুলতিলার দুর্গাচরণ ... স্কুল ষ্ট্রিটে ৪৫ নং ... ভবনে সম্পাদক শ্রীযুত ... হরিশ্চন্দ্র গুপ্তকর্তৃক প্র ... কাশিত হয়।

॥*॥*॥ সভ্যং মনস্কামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ ॥*॥
॥*॥*॥ উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥*॥*॥

নকং চক্র ... শীরবেব্ কচিন্ত্রমং, জাম মতঙ্গমীমদমুতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদোদা ... প্রাহিমগুহোদরে স্বচ্ছন্দং দিনসে পিবন্ত চতুরস্বাত্তিরেফারমং॥

এই পত্রের গ্রিঅম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিবসের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৪৬ সংখ্যা] বুধবার ... সাল। ইং ২৯ ফিব্রুয়ারি ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

মুনসেফকোর্টের বিজ্ঞাপন

মাষ্টার সেল।

যে মোকর্দ্দমায় রাণী সুরতকুমারী দাসী বাদিনী এবং প্রসন্ননারায়ণ দেব ও অন্যান্য প্রতিবাদী সেই মোকর্দ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি কোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে ১৮৫৭ খৃষ্টাব্দের ৩ মে তারিখে যে অনুমতি প্রদত্ত হইয়াছে, তাহার ক্ষমতানুসারে এবং উল্লেখিত সুপ্রিমকোর্টের মাষ্টার শ্রীযুক্ত উইলিয়ম মরগান সাহেবের সম্মতিক্রমে উক্ত সুপ্রিমকোর্ট নামক বিচার মন্দিরে তাঁহার দপ্তরখানার নিম্নলিখিত সম্পত্তি সকলের প্রতি রাজা সীতানাথ বসু বাহাদুরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা আগামী ১০ মার্চ্চ শনিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে নিশ্চিতরূপে বিক্রীত হইবেক।

নম্বর ১। বিশেষতঃ মহানগর কলিকাতার শ্যামপুকুরের সামিল ও তন্মধ্যস্থিত এক দোতালা পরিবারের বসতি বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ২ দুই বিঘা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ এবং পূর্ব্বদিকে প্রকাশ্য রাস্তা উত্তরদিকে কন্দর্প গুণ্ডের বাটী এবং পশ্চিমদিগে রতন চট্টোপাধ্যায়েরবাটী।

নম্বর ২। বিশেষতঃ মহানগর কলিকাতার শ্যামপুকুরের অন্তঃপাতি ও তন্মধ্যস্থিত এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৵৩তি নকাঠা এবং তাহা এইরূপ চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তরদিকে উক্ত কন্দর্প গুণ্ডের বাটী দক্ষিণদিকে মনোহর মিত্রের ভূমির পশ্চিমদিকে এক গলি পথ যদ্দ্বারা গঙ্গানারায়ণ গঙ্গোপাধ্যায়ের বসতি বাটীতে যাওয়া যায় এবং পূর্ব্বদিকে রাজা সীতানাথ বসুর পরিবারের বসতি বাটী।

নম্বর ৩। বিশেষতঃ জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শুকচর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে বাগান তাহাতে এক পুষ্করিণী নানা জাতীয় বৃক্ষাদি ও আটচালা অথবা বাঙ্গলা ঘর এবং তাহা ইষ্টক নির্ম্মিত প্রাচীর দ্বারা পরিবেষ্টিত ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ১২৲৪ বারো বিঘা চারি কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিমদিকের কিয়দংশে এক বাগান যাহা গোপাল বাগান নামে বিখ্যাত এবং যাহা শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেব বাহাদুরের সম্পত্তি এবং কিয়দংশে রামমোহন বন্দ্যোপাধ্যায়ের খরিদা বাগান দক্ষিণদিকে প্রকাশ্য রাস্তা পূর্ব্বদিকে রামচাঁদ চট্টোপাধ্যায়ের আকাই অর্থাৎ রায়তি ভূমি।

নম্বর ৪। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা চব্বিশ পরগণার শুকচর নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত এক খণ্ড শালি ভূমি তাহার পরিমাণ অনুমান ২৷৷০ দুই বিঘা দশ কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে মধুসূদন

ঘোষের ভূমি। উত্তরদিকের কিয়দংশে গদাই ঠাকুরের ভূমি এবং কিয়দংশে গঙ্গাধর বন্দ্যোপাধ্যায়ের ভূমি পশ্চিমদিকে প্রকাশ্য রাস্তা নর্দ্দামা অথবা নয়ানজুলি এবং দক্ষিণদিকে কৃষ্ণমোহন সেনের বাগান।

নম্বর ৫। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শুকচর নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত একখণ্ড শালি ভূমি তা পরিমাণ অনুমান ৩।৪ তিন বিঘা নয় কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে রামমোহন বন্দ্যোপাধ্যায়ের ব্রহ্মোত্তর ভূমি উত্তরদিকের কিয়দংশে ভগীরথ সরদারের ভূমি পশ্চিমদিকে প্রকাশ্য রাস্তা এবং দক্ষিণদিকের কিয়দংশে রামধন ভট্টাচার্য্যের জমি এবং কিয়দংশে স্বরূপ সাহার ভূমি।

নম্বর ৬। বিশেষতঃ জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শালিখা নামক স্থানের সামিল এক বাগান তাহাতে পুষ্করিণী ও নানা জাতীয় বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ১৩।৩ তেরো বিঘা আট কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে চৈতন্যচরণ কুণ্ডুর বাগান উত্তরদিকে কানাইলাল বাবুর ও ছটুলাল বাবুর বাগান পশ্চিমদিকে রামমোহন হালদারের এবং বৈদ্যনাথ ঘোষের বাটী এবং একাশ্য রাস্তা।

নম্বর ৭। বিশেষতঃ উল্লেখিত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত এক বাগান ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৸১ ষোল কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে প্রকাশ্য রাস্তা পশ্চিমদিকে এক বিবির বাগান উত্তরদিকে এক পুষ্করিণী যাহা হেদো নামে বিখ্যাত এবং দক্ষিণদিকে রামমোহন বাবুর বাগান।

নম্বর ৮। বিশেষতঃ জিলা মুর্ষিদাবাদের অন্তঃপাতি মৌজা মধুপুরের বাবুলবোনা নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত বাটী তাহাতে পুষ্করিণী ও বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান পরিমাণ ৩২।১ বত্রিশ বিঘা আট কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ পূর্ব্বদিকে এক রাস্তা নামে বিখ্যাত উত্তরদিকে কিয়দংশে নারায়ণ মুদির দোকান ও কিয়দংশে অনাবাদি ভূমি ও বাগান তাহা পরাণ সেখের সম্পত্তি এবং জামাল খানসামার বাগান পশ্চিমদিকে চণ্ডীচরণ সরকারের বাটী ও নীমল আলীর বাটী এই ক্ষণে পিক্রু সাহেবের অধীন আছে এবং দক্ষিণদিকে অনাবাদি ভূমি যাহা পাকারাস্তার পার্শ্ব ভাগে আছে।

নম্বর ৯। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা মুর্ষিদাবাদের অন্তঃপাতি মৌজা মধুপুরের বাবুলবোনা নামক স্থানের সামিল এক খণ্ড রাইয়তি জোত বিবি নামে বিখ্যাত ভূমি তাহার পরিমাণ অনুমান ৭॥০ সাত বিঘা দশ কাঠা এক পাই তাহাতে পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষাদি আছে, এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ। দক্ষিণদিকে কবির হাটীর ভূমি যাহা লারেন্স সাহেবের ভূমি এবং পূর্ব্বদিকে উক্ত মেং লারেন্স সাহেবের বাগান এবং ধাওড়ের বাটী। উত্তরদিগে চারুয়া ধাওড়ের আবাদী ভূমি, এবং বন্দুয়া ধাওড়ের বসতি বাটী এবং পাহাড় ভূমি এবং গুহা খানসামার বসতি বাটী পশ্চিমদিগে গুহা খানসামার ভূমি এবং কাঁচা রাস্তা।

নম্বর ১০। বিশেষতঃ মহানগর কলিকাতার পাতুরিয়াঘাটার অন্তঃপাতি এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি তাহার পরিমাণ অনুমান ১/০ এক বিঘা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ। উত্তরদিকে মৃত রাজচন্দ্র প্রামাণিকের ভূমি। দক্ষিণদিকে গোবর্দ্ধন বাবুর ভূমি। পূর্ব্বদিকে হরমা হাটা ষ্ট্রীট এবং পশ্চিমদিকে ট্রাণ্ড রোড অর্থাৎ গঙ্গাতীরের রাস্তা।

নম্বর ১১। বিশেষতঃ মহানগর কলিকাতার শ্যামবাজারের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি তাহার পরিমাণ অনুমান ৯।১ নয় বিঘা ছয় কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ উত্তর পূর্ব্বদিকে প্রকাশ্য রাস্তা। পশ্চিমদিকে এক মন্দির যাহা কৃষ্ণরাম বসুর শিরের মন্দির।

এই সকল বিষয়ের বিক্রয়ের অন্যান্য বিবরণ সুপ্রিমকোর্টের মাষ্টার আফিসে অথবা প্রতিবাদী প্রসন্ননারায়ণ দেবের পক্ষীয় উকীল

192 2.84

মেং এনলি সাহেবের আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

W Morgan
Master.
ডবলিউ, মর্গান।
মাষ্টার

W ANLEY
Diffendantcit Solsoi
ডবলিউ এনলি।
[illegible]দীর পক্ষীয় উকীল।
[illegible]লিকাতা।
[illegible]প্রিমকোর্ট।
[illegible]ষ্টার আফিস।
[illegible] ফিব্রুয়ারি ১৮৬০

বিজ্ঞাপন।

সহর কলিকার বড়বার সা[illegible] [illegible]য়েরাটোলার গলির মধ্যে ৯ নম্বর [illegible] দোতালা বাটী মার কমবেশী [illegible] বারোছটাক জমী আছে যাহা [illegible]সম্পূর্ণ মালিক ও স্বামি বলিয়া [illegible]দ্বারিকানাথ দত্ত দাবি করেন [illegible] দ্বারিকানাথ দত্ত উক্ত বড়বা[illegible]র সাকিনের শ্রীরামলোচন আউ[illegible] উক্ত বাটী ও জমী বিক্রয় করিবে[illegible] যদি উক্ত বাটী ও জমী কাহারো [illegible] ও অধিকার বা সম্বন্ধ থাকে [illegible] হইতে এক সপ্তাহের মধ্যে উক্ত [illegible] প্রকাশ করিবেন নচেৎ উক্ত [illegible] গতে উক্ত রামলোচন আ[illegible] উক্ত সম্পত্তি খরিদ করিবেন [illegible] কাহারো আপত্তি দাবি [illegible] গণ্য হইবেক না।

শ্রীরামলোচন আইচ।
সাং [illegible]
[illegible] ফিব্রুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন।

আমড়াতলা ষ্ট্রীটের সেখ আদম কোম্পানিদিগের অংশি সেখ বেঙ্করভাই এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে বিজ্ঞাপন করিতেছেন যে তাহার পুত্র আবদুল সায়েদ বিটাল যদ্যপি কোন ব্যক্তির নিকট কোন [illegible]র দ্রব্য অথবা ঋণাদি গ্রহণ [illegible]ন অথবা ঋণগ্রস্ত হয়েন তবে [illegible] তাহার দায়ী হইবেন না।

২৬ ফিব্রুয়ারি ১৮৬০।

Judge Judge Watkins
Solitor for said Shaik
Banker Bloy
জজ, জজ, ওয়াটকিন্স।
উক্ত সেখ বেঙ্কের ভায়ের
পক্ষী উকীল।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তপ্রণীত শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation....) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।৵
একেই কি বলে সভ্যতা ? (ঐ) ... ॥০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমাদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

সংবাদ প্রভাকর

১৮ ফাল্গুণ শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

পুণ্যকর্ম্মে উৎসাহ।—জন্মান্তরীণ পুণ্য না থাকিলে ধনিগণের পুণ্যকর্ম্মে উৎসাহ হয় না। প্রভূত ধন ও পুণ্য কর্ম্মে মন, এ উভয়ের একত্র সংঘটন হইলে বড়ই আহ্লাদের বিষয় হয় ফলতঃ পরমেশ্বর, সৎ বিষয়ের উৎসাহ, সৎকর্ম্মের অনুষ্ঠান, এবং সৎপাত্রে দান, ইত্যাদি সৎকার্য্য সাধনের নিমিত্তেই ধনিগণকে প্রভূত ধনের অধিকারী করিয়াছেন। অতএব ধনি মহাশয়েরা যদি পরমেশ্বরের সেই নির্ম্মল অভিপ্রায়ানুসারে দান ধ্যান ক্রিয়া কলাপে ধনের সার্থকতা সম্পাদন করেন, তাহা হইলে পৃথিবী এক পরমানন্দের স্থান হইয়া উঠে। আমরা ঠনঠনিয়া নিবাসী

মহাধন সম্পন্ন অতি বদান্য শ্রীযুক্ত বাবু গোরাচাঁদ দত্ত মহাশয়ের পুণ্য কর্ম্মে অবিচলিত উৎসাহ দেখিয়াই এই প্রাগুক্ত বচন গুলি বলিলাম। গোরাচাঁদ বাবু পুণ্যকর্ম্মের একজন প্রধান উৎসাহী। সম্প্রতি তাঁহার নূতন বাটীতে কোন পুণ্য কর্ম্ম উপলক্ষে যে এক অদ্ভুত ঘটনা হইয়াছে তাহা অতি আশ্চর্য্য বিগত ভাদ্রমাসে কোন কর্ম্মোপলক্ষে তাঁহার বাটীহইতে একটী রৌপ্যমণ্ডিত হুঁকা, তাহার পর জগদ্ধাত্রী পূজা উপলক্ষে প্রতিমার সম্মুখ হইতে একটী কপার গাড়ু, তাহার পর রাসযাত্রার সময়ে বহু জনতায় ঠাকুরের সিংহাসনস্থ সুবর্ণ ছত্র, পরিশেষে এক যোড়া বহুমূল্য শাল অপহৃত হইয়াছিল। ধার্ম্মিকবর গোরাচাঁদ বাবু দেবতা ব্রাহ্মণের প্রতি অত্যন্ত ভক্তি করিয়া থাকেন। এনিমিত্তে যদি কোন ব্রাহ্মণে চুরিকরিয়া থাকে, এই ভাবিয়া কোন প্রকার কটূক্তি বা উচ্চবাচ্য করেন নাই। হে পাঠকবর্গ ধার্ম্মিকের ধন চোরের উদরে পরিপাক পায় না। কয়েক মাস পরে সেই হুঁকা অপহারক কোন আনন্দচনীয় মনোবৃত্তির বশীভূত হইয়া হুঁকাটী গুপ্তভাবে গোরাচাঁদ বাবুর নিকটে প্রেরণ করিয়াছে। গোরাচাঁদ বাবু ইহাতে যৎপরোনাস্তি আহ্লাদিত হইয়া মহাসমারোহ পুরঃসর শ্রীশ্রী৺ কালীঘাটে দলবল সহিত গমন করিয়াছিলেন। আমরা অনুমান করি হুঁকা অপহারকের মত অন্যান্য অপহারকেরাও স্বীয়২ অপহৃত দ্রব্যাদি উপস্থিত করিয়া দিবে।

লাহোর কোনিকেল পত্রে অবগতি হইল কাবেলাধিপতি আমির দোস্ত মহম্মদ খাঁ গত ২ জানুয়ারি দিবসে এক দরবার অর্থাৎ প্রকাশ্য সভা করিয়াছিলেন, সরদার পির মহম্মদ খাঁ ও গোলাম ওসমান খাঁ প্রভৃতি কতিপয় সম্ভ্রান্ত ব্যক্তি যাঁহারা ঐ সভায় উপস্থিত ছিলেন তাঁহারদিগের নিকট এমত ব্যক্ত করেন যে শ্রীযুক্ত গবর্ণর জেনেরল বাহাদুর অতি শীঘ্র পেসোয়ার প্রদেশে প্রত্যাগমন করিবেন, অতএব তাঁহার উপঢৌকন নিমিত্ত কয়েকটী উত্তম অশ্ব ও কতকগুলি ভাল উষ্ট্র ও তুরস্ক দেশীয় গালিচা ইত্যাদি অবিলম্বে প্রস্তুত করিতে হইবেক, এই সকল দ্রব্যাদি ক্রয় করণের অনুমতিও সেই দিবস প্রদান করিয়াছেন, পরন্তু সভাস্থ প্রধানেরা শ্রীযুক্ত গবর্ণর বাহাদুরের সহিত স্বয়ং সাক্ষাৎ করিবেন, কি না এ বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন, তিনি উত্তর করিয়াছেন সরদার অশ্রী খাঁকে উল্লেখিত দ্রব্যাদির সহিত শ্রীযুতের নিকট যাইতে হইবে।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীলশ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়। আমাদের সকলেরই এই প্রার্থনা যে এতদ্দেশীয় লোকেরা বিদ্যারত্নে ভূষিত হইয়া দেশের উন্নতিসাধন করেন। অতএব বিদ্যালয়ে সুশিক্ষিত শিক্ষক নিযুক্ত করিয়া ছাত্রগণকে শিক্ষিত করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য। যদিও গবর্ণমেণ্ট স্কুল ও পাঠশালা স্থানেং সংস্থাপিত হওয়াতে এদেশের যথেষ্ট মহোপকার হইতেছে, তথাপি এমত দেখা যাইতেছে যে উপযুক্ত শিক্ষক অভা[illegible] হিন্দুবালকের উন্নতি হ[illegible] হেছে না। সম্পাদক মহাশয়, চাঁ[illegible] পোগস্ স্কুলের ও বর্ত্তমানাবস্থা শ্রবণ করিলে সকলেই বিবেচনা করিতে পারিবেন। এই স্কুল সংস্থাপন হওয়া পর্য্যন্ত একটী ছাত্রও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রবেশ-পরীক্ষাতে ৬ জন ছাত্র কৃতকার্য্য হইয়াছেন। ইহার কারণ সূক্ষ্মরূপে বিবেচনা করিলে স্পষ্ট প্রতীতি হইবে যে উত্তম শিক্ষক অভাবেই এত[illegible] বস্ত উক্ত স্কুলের উন্নতি হয় নাই। আপাততঃ শ্রীযুক্ত এম, পি পোগস্ সাহেব ঢাকা কালেজের চতুর্থ বর্ষের শিক্ষিত ছাত্র শ্রীযুক্ত কালীকান্ত মুখোপাধ্যায় মহাশয়কে উক্ত স্কুলের প্রথম শিক্ষকের পদ প্রদান করাতে স্বল্প সময়ের মধ্যে ইহার এত উন্নতি হইয়াছে, যে অধুনা [illegible] রিলে উক্ত মহাত্মার গুণকীর্ত্তন করিতে অভিলাষ হয়। কিন্তু অবগত হইলাম উক্ত কালীকান্ত মুখোপাধ্যায় মহাশয় কোন গবর্ণমেণ্ট স্কুলের প্রথম শিক্ষকের পদ প্রাপ্ত হওয়াতে ঢাকা হইতে শীঘ্রই গমন করিবেন। সম্পাদক মহাশয়! যদি একথা সত্য হয়, তবে অত্যন্ত দুঃখের বিষয় [illegible] লিতে হইবে, কেননা শ্রীযুক্ত কালীকান্ত মুখোপাধ্যায় মহাশয় যদি স্বস্থানে থাকেন তবে পূর্ব্বোক্ত পোগস্ স্কুল পূর্ব্বাবস্থা প্রাপ্ত হইবেক সন্দেহ নাই। অতএব আমাদের এই প্রার্থনা যে শ্রীযুক্ত পোগস্ সাহেব উক্ত মহাত্মার বেতন বৃদ্ধি করিয়া তাঁহাকে স্বীয় স্কুলেই তাঁহাকে রাখেন। অ[illegible] পিচ, আমরা অবগত হইয়া অতীব সন্তুষ্ট হইলাম, যে ঢাকা বাজারের স্কুলের ও দুইটী হাই[illegible] প্রবেশ-পরীক্ষাতে কৃতকার্য্য হইয়াছেন।

শ্রীকেশবচন্দ্র রা[illegible]
প্রেসিডেন্সি কালেজ।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Prabhakur Press*.

সংবাদ প্রভাকর

প্রাতঃক্ষিণ

১৭৩

২৪৫

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবলের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

সংখ্যা] গুরুবার ১[illegible] ৬৬ সাল। ইং ১ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

আমড়াতলা ষ্ট্রীটের সেখ আ[illegible] রোশ্যানিদিগের অংশি সেখ [illegible]ভাই এই বিজ্ঞাপন পত্র দ্বারা [illegible]কে বিজ্ঞাপন করিতেছেন যে [illegible]র পুত্র আবদুল সায়েদ লিটাল [illegible]ি কোন ব্যক্তির নিকট কোন [illegible]র দ্রব্য অথবা ঋণাদি গ্রহণ [illegible]ন অথবা ঋণগ্রস্ত হয়েন তবে [illegible]তাহার দায়ী হইবেন না।

[illegible] ফিব্রুয়ারি ১৮৬০।

[illegible]ge Judge Watkins
[illegible]tor for said Shaik
[illegible]aker Bloy
[illegible]জজ, ওয়াটকিন্স।
[illegible]বের বেঙ্কের ভাম্বের
[illegible]কীর উকীল।

বিজ্ঞাপন।

[illegible]র মাইকেল মধুসূদন দত্তপ্রণীত
[illegible]ী নাটক ৸০

ঐ (English Translation.....) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ। (প্রহসন) ।৵
একেই কি বলে সভ্যতা? (ঐ)..... ॥০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

বিজ্ঞাপন।

সহর কলিকাতা বড়বার সাকিনের পাথুরেঘাটোয়ার গলির মধ্যে ৯ নম্বর যে দোতালা বাটী [illegible] কমবেশী ৵৮ যারোছটাক জমী [illegible] অদ্যাহা কুল্যসম্পূর্ণ মালিক ও স্বত্বাধিকারিণী শ্রীদ্বারিকানাথ দত্ত দাবি করেন উক্ত দ্বারিকানাথ দত্ত উক্ত বড়বাজার সাকিনের শ্রীরামলোচন আইচকে উক্ত বাটী ও জমী বিক্রয় করিবেন যদি উক্ত বাটী ও জমী কাহারো স্বত্ব ও অধিকার বা সম্বন্ধ থাকে অদ্য হইতে এক সপ্তাহের মধ্যে উক্ত দাবি প্রকাশ করিবেন নচেৎ উক্ত মেয়াদ গতে উক্ত রামলোচন আইচ উক্ত সম্পত্তি খরিদ করিবেন আর তখন কাহারো আপত্তি দাবি মধ্যে গণ্য হইবেক না।

শ্রীরামলোচন আইচ।
সাং বড়বাজার,
২৭ ফিব্রুয়ারি ১৮৬০।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ..... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ১৷০
নলিনীকান্ত পূজার ও করুণাশ্রিত নরাম উপাখ্যান ১

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাশুলে পাইতে পারিবেন।

সংবাদ প্রভাকর

১৯ ফাল্গুণ শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

রাজকোষের ধনাভাব নিবারণ নিমিত্ত ব্যবস্থাপক কৌন্সেলের মেম্বর মান্যবর মেং উইলসন সাহেব যে দীর্ঘ বক্তৃতা করেন তাহার স্থূল বিবরণ আমারদিগের অভিপ্রায়ের সহিত ইতিপূর্ব্বে প্রভাকরে প্রকাশ করিয়াছি, পাঠক মহাশয়েরা মনোযোগ পূর্ব্বক পাঠ করিয়া থাকিবেন. ঐ বিষয়ে আমারদিগের কোন সম্ভ্রান্ত পত্র প্রেরক যে এক পত্র লিখিয়া প্রেরণ করিয়াছেন, আমরা অত্যন্ত সমাদর পূর্ব্বক তাহা নিম্নভাগে প্রকটন করিলাম।

"সম্পাদক মহাশয়! কি ভয়ানক কাল উপস্থিত হইল, এই রাজ্যের শাসনভার মহারাণী ইংলণ্ডেশ্বরী কোম্পানিদিগের হস্ত হইতে গ্রহণ করাতে আমরা অনুমান করিয়াছিলাম, যে ভারতবর্ষবাসি প্রজাদিগের দুঃখ নিশা প্রভাতা হইয়া এতদিনের পর সুখ সূর্য্যের উদয় হইল, কোম্পানিরা যে সমস্ত ক্লেশকর নিয়মাদি নির্দ্দিষ্ট করিয়াছিলেন তাহা আর কিছুই থাকিবেক না, মহারাণীর প্রেরিত রাজকর্ম্মচারিগণ প্রজাদিগের সুখ স্বচ্ছন্দতা ও সভ্যতা বৃদ্ধি নিমিত্ত সুচারু নিয়মাবলী নিরূপণ করিবেন! কিন্তু মহাশয়ের পত্রে মহারাণীর কর্ম্মচারি মান্যবর মেং উইলসন সাহেবের অপূর্ব্ব বক্তৃতার তাৎপর্য্য অবগত হইয়া আমারদিগের সেই দীর্ঘ প্রত্যাশা শেষ হইয়াছে, মহারাণীর শাসনাধীনে কপালে কি রূপ ক্লেশ ঘটনা হয় তাহা কিছুই বলা যায় না, রাজকোষে ধনাভাব হইয়াছে, একথা অতি যথার্থ বটে, রাজকর্ম্মচারিরা একাল পর্য্যন্ত তাহা গোপন করিয়া রাখিয়াছিলেন, মান্যবর মেং উইলসন সাহেব তাহা প্রকাশ্যরূপে ব্যক্ত করাতে যথার্থই দেশের বন্ধুর ন্যায় কার্য্য করিয়াছেন, একথাও আমরা স্বীকার করি, আমারদিগের রাজপুরুষেরা সম্ভ্রম রক্ষার নিমিত্ত বিবিধ অতি প্রয়োজনীয় বিষয় গোপন করণের যে প্রথাবলম্বন করিয়াছেন তাহাতেই রাজ্যের অশেষ বিধ অনিষ্ট হইতেছে, কিন্তু প্রজাদিগের আয়ের প্রতি কর নিরূপণ ব্যতীত সেই ধনাভাব মোচনের কি অন্য উপায় নাই? কি আশ্চর্য্য! আয়ের প্রতি রাজস্ব নিরূপণ কাহাকে বলে তাহা আমরা কিছুই জানি না, কোন কালে কোন রাজা কর নির্দ্দিষ্ট করেন নাই, যাবতীয় এত অত্যাচারিছিলেন, তাঁহারা ও ভূমির কর ও বাণিজ্যের শুল্ক ব্যতীত অন্য কোন প্রকার রাজস্ব গ্রহণ করেন নাই, [illegible] আমারদিগকে সহজেই বলিতে [illegible] ইল যে ইংরাজ অধিকার অপেক্ষা বরং যবনাধিকার ভাল ছিল, তাঁহারদিগের শাসন সময়ে প্রজাদিগের আহার কষ্ট হয় নাই, তাঁহারা অনেক সম্ভ্রান্ত পদে এতদ্দেশীয় উপযুক্ত লোকদিগকে নিযুক্ত করাতে ধনাঢ্য লোকদিগের সংখ্যা অনেক বৃদ্ধি হইয়াছিল, সরোবর খনন, পুল বন্ধন, রাস্তা নির্ম্মাণ, খাল খনন ইত্যাদি সাধারণ হিতকর [illegible] য়ে তাঁহারা অকাতর অর্থ ব্যয় [illegible] য়া গিয়াছেন, তথাচ এক [illegible] নিমিত্ত রাজকোষে ধনাভাব [illegible] নাই। বহুকাল হইল যবনদি[illegible] অবসান হইয়াছে, কিন্তু অদ্যা[illegible] রাজ্যের বিবিধ স্থানে তাঁহারদি[illegible] কীর্ত্তিস্তম্ভ দেদীপ্যমান রহিয়া[illegible] ফলতঃ ইংরাজেরা প্রজার হিত[illegible] বিষয়ে অনেক সদনুষ্ঠান করিয়া[illegible] একথা আমরা স্বীকার করি কিন্তু [illegible] কাল স্থায়ী হয় এমত কোন [illegible] তাঁহারা এপর্য্যন্ত করিতে পা[illegible] নাই, অথচ মেং উইলসন সা[illegible] আপনার বক্তৃতায় ব্যক্ত করিয়া[illegible] যে ইংরাজী ১৮২৩ সাল অর্থাৎ [illegible] র জেনেরল লার্ড এমহরিষ্ট সা[illegible] শাসন সময়াবধি এপর্য্যন্ত রাজ[illegible] আয়াপেক্ষা কেবল ব্যয় বৃদ্ধি [illegible] আসিয়াছে, এবং সেই ব্যয় নি[illegible] নিমিত্ত গবর্ণমেণ্ট সময়ে২ কেবল [illegible] করণেই বাধ্য হইয়াছেন, অ[illegible] এই ঘটনার মূল কারণ শুদ্ধ [illegible] কার্য্যের অধ্যক্ষদিগের অবিবে[illegible] বলিতে হইবেক।

রাজভাণ্ডারে যখন ধন নাই [illegible] ছলক্রমে নিকটস্থ স্বাধীন মুপ[illegible] গের সহিত বিবাদ উপস্থিত [illegible] যুদ্ধে প্রবৃত্ত হইবার কি প্র[illegible] ন ছিল! গবর্ণমেণ্ট রণজয়ী [illegible] য়া পাঞ্জাব প্রভৃতি যে [illegible] রাজ্য প্রাপ্ত হইয়াছেন তাহা [illegible] যুদ্ধের ব্যয় সংগ্রহ করিতে [illegible] নাই, এবং ঐ সমস্ত রাজকীয় [illegible] দ্বারা ব্যয় নির্ব্বাহ হইয়া এক্ষণে [illegible] ই বা কোথায় হইতেছে, অ[illegible] মহাশয় যথার্থই লিখিয়াছেন [illegible]

রাজকর্ম্মচারিগণের বিবেচনা [illegible] কার্য্য দোষেই রাজভাণ্ডারে [illegible] হইয়াছে, অধুনা মেং উইলসন সা[illegible] হেব প্রজাদিগের কঠোর পরিশ্রম জাত অর্থের অংশ গ্রহণ করিয়া সেই ধনাভাব মোচন করণের অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন।

তিনি প্রজাদিগের আয়ের প্রতি দুই প্রকার কর স্থাপন করিবেন [illegible] লাইসেন্স কর অর্থাৎ বাঁ[illegible] [illegible]জ্য ও অন্যান্য ব্যবসা[illegible] আছেন তাঁহারদিগের প্রত্যেক [illegible] [illegible]কে লাইসেন্স অর্থা[illegible] [illegible]রান্তে আপনাপন [illegible] ব্যবহার করণের রা[illegible] গ্রহণ করিতে হইবেক [illegible] অনুমতিপত্র গ্রহণ সময়ে এক প্রকার কর দিবেন, তদ্ভিন্ন ঐ ব্যবসায় ও বাণিজ্য দ্বারা প্রতি বৎসর তাঁহারদিগের যে আয় হইবেক তাহার আবার স্বতন্ত্র টাক্স দিবেন, প্রজারা একে এক প্রকার কর প্রদানেই অক্ষম তাহাতে আবার দুই প্রকারে কর কি প্রকারে প্রদান করিবেক, যে ব্যবস্থাপক আপন কৃত ব্যবস্থা দ্বারা প্রজাপুঞ্জের ক্লেশ নিবারণ পূর্ব্বক তাহারদিগের সুখ স্বচ্ছন্দতা বিধান করিতে পারেন প্রজা সমাজে তিনিই যশোভাজন হইয়া থাকেন, এবং যাঁহার কৃত ব্যবস্থার দ্বারা প্রজার ক্লেশ বৃদ্ধি হয় তিনি কোনক্রমে প্রজা সমাজে যশোভাজন হইতে পারেন না, মেং উইলসন সাহেব যে সময়ে এই রাজধানীতে আগমন করেন সেই সময়েই অনেকে ভাবিয়াছিলেন যে সংবাদ পত্র সম্পাদকেরা যখন তাঁহার এত সুখ্যাতি লিখিতেছেন তখন তিনি অবশ্যই একজন অতি বিচক্ষণ ও উপযুক্ত মনুষ্য হইবেন তিনি অবশ্য এমত কোন ব্যবস্থা নির্দ্ধারণের প্রস্তাব করিবেন যদ্দ্বারা প্রজাদিগকে কোন প্রকার কষ্ট স্বীকার করিতে হইবেক না অথচ রাজকোষের ধনাভাব মোচন হইয়া যাইবেক কিন্তু তিনি গত পূর্ব্ব শনৈশ্চর বাসরীয় ব্যবস্থাপক সমাজে তথাকার মেম্বর ও বহুজন দর্শক সমীপে আপনার মনোগত অভিপ্রায় ব্যক্ত করাতেই সকলের চক্ষু স্থির হইয়া গিয়াছে তিনি রাজক্ষমতাবলে প্রজার উপার্জ্জনের অংশ গ্রহণ করিয়াই রাজভাণ্ডারের অভাব মোচন করিবেন আপাততঃ রাজকীয় কার্য্য কিছুই ন্যূন করিতে পারিবেন না, নগদ টাকার বিনিময়ে রাজ্যমধ্যে কাগজ চালাইবেন, প্রজারা এইক্ষণে রৌপ্য কাঞ্চন দেখিতেছেন মেং উইলসন সাহেবের প্রসাদে তাহার বিনিময়ে সুবিচিত্র কাগজ দেখিবেন।

তামাক অতি সামান্য বস্তু কিন্তু এতদ্দেশীয় ব্যক্তিদিগের মধ্যে প্রায় তাবতেই [illegible] ব্যবহার করিয়া থাকেন [illegible] অধুনা তামাক ব্যবহারবস্তু করিয়াছেন মেং উইলসন সাহেব সেই তামাকের প্রত্যেক সেরের প্রতি আট আনা মাশুল নিরূপণের প্রস্তাব করিতেছেন যে বস্তুর মূল্য ৵০ দুই আনার অধিক নহে তাহার প্রতি আট আনা রাজস্ব কি প্রকারে নিরূপিত হইতে পারে অতএব রাজস্ব নিরূপণ বিষয়ে মান্যবর মেং উইলসন সাহেব যে রূপ পরিণামদর্শী তাঁহার এই প্রস্তাব দ্বারাই সকলে বিবেচনা করিবেন।

মহাশয়! মেং উইলসন সাহেবের বক্তৃতার যে তাৎপর্য্য প্রকাশ করিয়াছেন তাহার এক স্থানে মহাশয়ের ভ্রম হইয়াছে, আর লিখিয়াছেন যে প্রত্যেক সের দোক্তার প্রতি ।।০ আট আনা এবং ঐ দোক্তা যাহা অন্য প্রকারে প্রস্তুত হইবেক তাহার প্রত্যেক সেরের প্রতি ১ এক টাকা রাজস্ব নিরূপিত হইবেক আপনার এই লেখা সত্য বটে কিন্তু যাহা সমুদ্র পথে রপ্তানি হইবেক মেং উইলসন সাহেব তাহার প্রতিই ঐ রূপ কর নির্দ্ধারণের প্রস্তাব করিয়াছেন দেশ মধ্যে যে তামাক ব্যবহৃত হইবেক তাহার প্রতি ঐ কর নিরূপিত হইবেক না, মেং উইলসন সাহেব আপনার বক্তৃতায় ব্যক্ত করিয়াছেন যে তজ্জন্য ব্যবস্থাপক সমাজে এক নূতন বিল উপস্থিত করিবেন।

অদ্য প্রস্তাব বাহুল্য হইল, মেং উইলসন সাহেবের বক্তৃতা বিষয়ে আমার আর২ যে অভিপ্রায় আছে তাহা পরে লিখিয়া প্রেরণ করিব।

আনোরের পত্রে অবগত হইল যে তথাকার রাজকোষে সমূহ ধনাভাব হওয়াতে প্রজামণ্ডলী আশ্চর্য্য জ্ঞান করিয়াছেন, ও তাঁহারা কহিতেছেন রাজা অতি অল্প বয়স্ক এই ক্ষণেই তাঁহার এরূপ অর্থাভাব হইল ইহার পরে নাজানি আবার কি হইবেক, ঐ পত্রে আরো লিখিত আছে যে সম্প্রতি তত্রস্থ রাজকার্য্য

সকলি বিশৃঙ্খল হইয়াছে ও রাজ খাজীর মধ্যে সর্ব্বদা চুরি হইতেছে রাজবাটীর অন্তরেও এক দি বস চুরি হইয়াছিল তদ্দ্বারা কএক বাক্স স্বর্ণমুদ্রা ও বহুমূল্য হিরকাদি অপহৃত হইয়াছে।

ভারতপুর হইতে আগত পত্রে গতি হইল যে তত্রস্থ মহারাজা আগরা নগরে শ্রীশ্রীযুক্ত গবর্ণর জে নেরল বাহাদুরের সহিত সাক্ষাৎ করিয়া যে দিবস স্বীয় রাজধানীতে প্রত্যাগমন করেন তাহার পর দিব সেই অধীনস্থ কর্ম্মাধ্যক্ষ দিগের নিকট একপ অভিপ্রায় ব্যক্ত করি য়াছেন যে তাঁহার অধিকার মধ্যে সর্ব্বত্র ইংরাজী রীত্যনুসারে কার্য্য নির্ব্বাহ হয়, কিন্তু তাঁহার মন্ত্রিগণ এ বিষয়ে অত্যন্ত অসম্মত হই য়াছেন।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীলশ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

মহাশয়, ইহা সর্ব্বত্রেই প্রকাশ আছে যে বঙ্গ রাজ্যমধ্যে সর্ব্বাগ্রে অত্র স্থলে রাজার মহল নির্ম্মাণ হয় তদ বধি ইহার নাম রাজমহল নামে বিখ্যাত হইয়াছে যদ্দ বচ্ছকালা বধি রাজার স্থানান্তরিত হওন বি ধায়ে এইস্থল কেবল অরণ্যময় হইয়া হিংস্রক পশুদিগের আবাসস্থল হই য়াছে তত্রাপি একেবারেই যে মনি ষ্যের লোকের সমাগম বিহীন হই য়াছে এমত নহে, কিন্তু বৎসরের কারে ব্যয় করিলে সম্যক্ ফল হওয়া কার জানটী অত্যন্ত হইতে একে বারে পলায়ন পরায়ণ হইয়াছেন। আমরা এই স্থানে প্রায় পাঁচ বৎ সর কাল অতীত হইল অবস্থিতি করিতেছি কিন্তু এই দীর্ঘ কাল মধ্যে কোন সৎক্রিয়া কি দেব দেবীর অ র্চ্চনা বিধান কোন মহৎ কার্য্যের অনুষ্ঠান দেখিতেছি না অতএব উক্ত পরমোপকারী প্রধান প্রবৃত্তি এত দ্দেশস্থ লোকদিগকে প্রদান জন্য নিয়ত কতিপয় রেইলওয়ের কর্ম্ম চারি মহোদয়েরা যথোচিৎ অর্থব্যয়ে মুক্তহস্ত হইয়া আপাততঃ ৺ বাসন্তী মহামায়ার পূজার পদ্ধতি প্রদর্শন করাইতে প্রবর্ত্ত হইলেন, এবং এতৎ কার্য্যে যেং ব্যক্তিকে অধ্যক্ষ এবং সহকারী অধ্যক্ষ নিযুক্ত করিলেন তাহা নীচে লেখা যাইতেছে, এক ণে জগদীশ্বরের অনুকম্পায় কর্ম্মটি সুসম্পন্ন হইলেই পরম সন্তুষ্টি লাভ করা যায় অলমতি বিস্তরেণ।

ধনদাতা এবং প্রবর্ত্তক।

শ্রীযুক্ত বাবু চন্দ্রকান্ত চক্রবর্ত্তি।
শ্রীযুক্ত বাবু গোবিন্দচন্দ্র দত্ত।
শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
শ্রীযুক্ত বাবু রামজয় চক্রবর্ত্তি।
শ্রীযুক্ত বাবু মতিলাল চক্রবর্ত্তি।
শ্রীযুক্ত বাবু শিবচন্দ্র শিল।
শ্রীযুক্ত বাবু লোকনাথ সরকার।
শ্রীযুক্ত বাবু মহেশচন্দ্র মজুমদার।

অধ্যক্ষ।

শ্রীযুক্ত বাবু কালীকুমার মজুমদার।

সহকারী অধ্যক্ষ।

শ্রীযুক্ত বাবু উমেশচন্দ্র মজুমদার।
শ্রীযুক্ত বাবু ষষ্ঠনাথ চট্টোপাধ্যায়।
শ্রীযুক্ত বাবু রামকুমার চক্রবর্ত্তি।
শ্রীযুক্ত বাবু ষষ্ঠনাথ কর।
শ্রীযুক্ত বাবু উমেশচন্দ্র মুখোপাধ্যায়।
শ্রীযুক্ত বাবু হারায়ন চট্টোপাধ্যায়।
শ্রীযুক্ত মুন্সী করবক্স।
শ্রীযুক্ত বাবু অমদাপ্রসাদ চট্টোপাধ্যায়।

আপনা দিগের আশীর্ব্বাদাকাঙ্ক্ষি

শ্রীগোবিন্দচন্দ্র দাস দত্তস্য।

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

নিম্নলিখিত কতিপয় পঙ্ক্তি সংশোধনান্তর ভবদীয় ভুবন বিখ্যাত প্রভাকর পত্রিকায় একটন করিয়া অনুগৃহীত করিবেন।

সম্পাদক মহাশয়! আপনকার পত্রের গুণাকর কবিবন্ধুদিগের কবি তাশক্তি দর্শন করিবার নিমিত্ত এক ন্ত কৌতূহলাক্রান্ত হইয়া নিম্ন এই দুইটি সমস্যা পূরণ করিবার নিমিত্ত অনুরোধ করিতেছি কবিবন্ধুরা আমার মনের মানস পূরণ করিবেন।

সমস্যা। বধূ।

১ম। চরণতুখানি হেরি, রাঙ্গা উহ। ২য়। দেখিয়াছি একবার, আর ইহা আছে।

শ্রীকৃষ্ণ দাস বং সাং কলিকাতা সোভাবাজার

Printed and Published by RAMCHUNDER Goopto at the *Probhakur Press*;

সংবাদপ্রভাকর

প্রাতঃকালীন

২৪৭

১৯৫

॥ ॥ ॥ সতাং মনস্কামবর প্রভাকর সর্ব্বেষু সমপ্রভাকরঃ ॥ ॥ ॥ ॥ ॥ উদেতি ভাস্বৎ নকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥ ॥ ॥

এই পত্রের অগ্রিম মূল্য ১৩ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৩টাকামাত্র।

নকল চক্রকরেণ ভিন্নমুকুলেবিন্দীবরেষু কচিদ্ভ্রমং ভ্রাম মতঅমীষদমুতং পীত্বা ক্ষণাকাতরাঃ॥ মদোদ্দামদিগল প্রভাকর করপ্রোদ্ভিতপঙ্কোরুহে সঙ্কন্দং দিবসে পিবন্তি চতুরস্তাদ্বিরেফাব্রজাঃ॥

৫৫৯ সংখ্যা] শনিবার ২১ ফাল্গুন ১২৬৬ সাল। ইং ৩ মার্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

আমড়াতলা ষ্ট্রীটের শেখ আ- ব্দুল কোম্পানিদিগের অংশি শেখ মেহেরুল্লাহ এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে বিজ্ঞাপন করিতেছেন যে তাঁহার পুত্র আবদুল নারেম বিটাল যদি কোন ব্যক্তির নিকট কোন প্রকার দ্রব্য অথবা ঋণাদি গ্রহণ করেন অথবা ঋণগ্রস্ত হয়েন তবে তিনি তাহার দায়ী হইবেন না।

২৪ ফিব্রুয়ারি ১৮৬০।

Judge Judge Watkins
Solitor for said Shaik
Banker Bloy

শ্রীযুক্ত জজ, ওয়াটকিন্স।
উক্ত শেখ মেহের ভায়ের
পক্ষীয় উকীল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমাদিগের যন্ত্রা- লয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা- প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুক্লেতিহাস ..... ॥০
রাজবল্লভকীর্ত্তির নিয়ম ১০
নামক প্রথম খণ্ড
নলিনীকান্ত শূজার ও করুন ১

প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সা ধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র দিয়া লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

সংবাদ প্রভাকর

২১ ফাল্গুন শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

গবর্ণমেণ্টের ধনাগমতৃষ্ণা বিকারগ্রস্থ রোগীর পিপাসাপেক্ষাও অতি ভয়ানক হইয়াছে। কিরূপে এই তৃষা কৃশা হইয়া ঐ বিষম রোগের শান্তি হইবেক। আমরা তাহা বিবেচনা করণে অক্ষম হইয়াছি। যে কোন উপায় দ্বারা রাজকোষে প্রজার ধনাকর্ষণ হইতে পারে, অধুনা তত্তাবতেরই প্রতি মান্যবর মেং উইলসন সাহেবের উজ্জ্বল দৃষ্টি বিস্তীর্ণ হইয়াছে। তিনি একেবারে প্রতিজ্ঞা করিয়াছেন, রাজ্যের আয়াপেক্ষা যে টাকা ব্যয় বৃদ্ধি হইয়াছে ভিন্ন২ বিষয়ে রাজস্ব বৃদ্ধি ও নূতন২ বিষয়ে কর স্থাপন করিয়া প্রজাদিগের নিকট হইতেই তাহা সংগ্রহ করিবেন। তাহাতে যদি প্রজাদিগের ক্লেশ হয়, তথাচ দয়া প্রকাশ করিবেন না। সাহেবের এই প্রতিজ্ঞা অতি ভয়ানক। অন্যান্য যেসকল সাহেবো রাজস্ব সংগ্রহ করণের ভার প্রাপ্ত হইয়াছেন, তাঁহারাও বিশেষ মনোযোগী হইয়া ঐ অন্যায় মতের পোষকতা করিতেছেন। আমরা অবগত হইলাম, আবগারি সুপ্রিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমত্যনুসারে এই কলিকাতা রাজধানীতে ও প্রদেশ মধ্যে আবকারি কর যে পরিমাণে নিরূপিত ছিল, তাহা দ্বিগুণ হইয়াছে। প্রথমতঃ রমসরাপের কর প্রত্যেক গ্যালন ১৵০ হার হয়। পরে কিছু দিবস তাহা ২।০ হইয়াছিল, এইক্ষণে ৩ টাকা হইয়াছে। কাঁচা সরাপ যাহা এদেশে ধান্য ও অন্যান্য শস্য হইতে প্রস্তুত হইয়া থাকে, তাহার শুল্ক পূর্ব্বে প্রত্যেক গ্যালনের প্রতি ।।০ আনা অবধারিত ছিল, এইক্ষণে ১।০ হইয়াছে, এতদ্ভিন্ন চরস, গাঁজা, গুলি প্রভৃতি যে সকল বুদ্ধিভ্রংশকর মাদক দ্রব্য বাজারে বিক্রয় হইয়া থাকে, তাহার রাজস্ব দ্বিগুণ হইয়াছে, কিন্তু ব্রাণ্ডি, বিয়ার প্রভৃতি বিলাতীয় সরাপ যাহা সাহেবেরা ব্যবহার করিয়া থাকেন, তাহার কর কিছু মাত্র বৃদ্ধি হয় নাই। মেং উইলসন সাহেব আপনার বক্তৃতায় ব্যক্ত করিয়াছিলেন, যে তিনি যেপ্রকার কর স্থাপন ও কর বৃদ্ধি করিবার প্রস্তাব করিবেন, তাহা সকল প্রকার প্রজার প্রতি সমভাবে অবধারিত হইবেক, তদ্বিষয়ে জাতিভেদ বিবেচনা করিবেন না। অতএব আবগারির কর ইংরাজ ও এতদ্দেশীয় ব্যক্তিদিগের প্রতি যেপ্রকার সমভাবে অবধারিত হইয়াছে, তাহা পাঠক মহাশয়েরা অনায়াসে বিবেচনা করিতে পারিবেন।

মাদক দ্রব্য ব্যবহারে মনুষ্যের কোন উপকার নাই, বরং বিবিধ প্রকার অপকার হইয়া থাকে, তাহাতে বুদ্ধিনাশ হয়, বিবেচনার স্থিরতা থাকে না, আলস্য বৃদ্ধি হইয়া থাকে, এবং অল্পকালের মধ্যে বিবিধ প্রকার পীড়ার সঞ্চার হইয়া মৃত্যুগ্রাসে নিক্ষেপ করে। মাদক দ্রব্যের এই সমস্ত ভয়ানক দোষ জন্য সকল জাতির ধর্ম্মশাস্ত্রে তাহা ব্যবহার নিষিদ্ধ হইয়াছে, কিন্তু কি চমৎকার! মদিরা প্রভৃতি দ্রব্যের কি [illegible] যে অবনীমণ্ডলে এমত দেশ নাই, এবং এমত জাতি নাই, যাহারা কোন না কোন প্রকার মাদক দ্রব্য সেবন না করে। যে সকল অসভ্যেরা [illegible] দেশের অরণ্য মধ্যে ও পর্ব্বত শৃঙ্গে বাস করিয়া থাকে, তাহারাও [illegible] প্রভৃত দ্রব্য ব্যবহার করিয়া মত্ততা প্রকাশ করিয়া থাকে।

মাদক দ্রব্যের ব্যবহার রহিত করা অত্যন্ত কঠিন বিবেচনা করিয়াই সর্ব্বদেশীয় নৃপতিরা তাহার প্রতি রাজস্ব নিরূপণ করিয়াছেন, অর্থাৎ মাদক দ্রব্যের কর বৃদ্ধি হইলে তাহার মূল্য বৃদ্ধি হইবেক, সুতরাং সাধারণে তাহা সুলভ মূল্যে ক্রয় করিয়া ব্যবহার করিতে পারিবেক না। আমারদিগের রাজপুরুষেরাও এই রুচির অভিপ্রায়ের অনুগামী হইয়া এদেশে আবকারি কর নিরূপণ করিয়াছেন, কিন্তু তাহাতে মাদক দ্রব্যের ব্যবহার [illegible] হইয়া ক্রমশঃ বৃদ্ধি হইয়াই আসিতেছে। দুষ্ট দুরাত্মা তস্কর প্রভৃতি [illegible] রা হীন বৃত্তি অবলম্বন পূর্ব্বক [illegible] যাত্রা নির্ব্বাহ করিয়া থাকে। তাহারা প্রায় ভাবতেই মাদক দ্রব্যের ব্যবহার করে। রাজস্ব বৃদ্ধি করিলে মাদক দ্রব্যের ব্যবহার যদি ন্যূন হয়, তবে আমরা গবর্ণমেণ্টকে অবশ্য তাঁহার পরামর্শ প্রদান করিতে পারি, কিন্তু আমরা যখন স্থির বিবেচনায় দেখিতেছি, যে মদিরাদি ব্যবহার করা অনেকের একপ্রকার অভ্যাস হইয়াছে, তাহারা তাহার ব্যবহার

196 288

[illegible]তীত কাল যাপন করিতে পারে না, শরীরে পীড়া বোধ হয়, তখন গবর্ণমেণ্ট তাহার যত রাজস্ব নিরূপণ করিয়া মূল্যবৃদ্ধি করুন, তাহারা অবশ্য তাহা ক্রয় করিয়া ব্যবহার করিবেক। তাহার উপযোগী মূল্য সংগ্রহ করণে অক্ষম হইলে চুরি ডাকাইতি প্রভৃতি হীনবৃত্তিতে প্রবৃত্ত হইবেক। অতএব আবগারির কর একেবারে [illegible] পরিমাণে বৃদ্ধি করা গবর্ণমেণ্টের উত্তম বিবেচনার কার্য্য হয় নাই।

নদীয়া জেলার নীলকরদিগের অত্যাচার বিবরণ, যাহা ইতিপূর্ব্বে হিন্দুপেট্রিয়ট পত্রে প্রকাশ হইয়াছিল, তাহার কিয়দংশের তাৎপর্য্য আমরা ইতিপূর্ব্বে অনুবাদ পূর্ব্বক প্রভাকরে প্রকাশ করিয়াছি। ঐ অহিতাচরণের কথা কিছুই অসত্য নহে, বিশেষতঃ প্রজাদিগের বাক্যদ্বারা মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যালয়ের [illegible] সম্বন্ধীয় বিবরণ দ্বারা স্পষ্টরূপই তাহা সপ্রমাণ হইয়াছে। ফলতঃ নীলকর সাহেবগণের অন্যায়াচরণের অনেক গোপনীয় বিষয় প্রেট্রিয়ট সম্পাদক মহাশয় অনেক অনুসন্ধান দ্বারা সংগ্রহ করিয়া প্রকাশ করাতে নদীয়া জেলার নীলকরদিগের মধ্যে ভাবতেই সাতিশয় বিরক্ত হইয়াছেন, এবং কেহ২ ইংলিশ [illegible] প্রভৃতি পত্রে লিখিয়াছেন, যে প্রেট্রিয়ট সম্পাদক যদি সাহসিক রূপে লেখনী সঞ্চালনে বিরত হইয়া নীলকরদিগের সুখ্যাতি ঘোষণা না করেন, তবে তাঁহারা অবিলম্বে তাহার প্রতি অভিযোগ করিয়া সমুচিত প্রতিফল প্রদান করিবেন। নীলকরদিগের এই সমস্ত ভয়প্রদর্শন মূলক বাক্য পাঠ করিয়া আমারদিগের বিজ্ঞ সহযোগী মহাশয় লিখিয়াছেন, যে লোকের প্রতি অন্যায় অত্যাচার নিবারণ এবং রাজনিয়মের শৃঙ্খলা বন্ধন করাই সংবাদ পত্র প্রকাশের প্রধান উদ্দেশ্য, আমরা যখন সেই উদ্দেশ্য সাধনে প্রবৃত্ত হইয়াছি, তখন আপনারদিগের কর্ত্তব্য কার্য্য করিতেছি, ইহাতে যদি আমারদিগের প্রতি রাজদ্বারে কোন প্রকার অভিযোগ হয়, তাহাতে আমরা কিছুমাত্র ভীত নহি। সজ্জন মাত্রেই সত্যের [illegible] এবং নীলকরদিগের অত্যাচারের বিষয় যখন বিশেষ রূপেই প্রকাশ আছে তখন আমরা সেই অভিযোগের ব্যয় নির্ব্বাহ নিমিত্ত যদি এক টাকা করিয়া চাঁদা প্রার্থনা করি, তবে অনায়াসে পঞ্চাশৎ সহস্র মুদ্রা সংগ্রহ হইতে পারিবেক। সহযোগী মহাশয় এরূপ সাহসিক হইয়া লেখনী সঞ্চালন করাতে আমরা যথেষ্ট পরিতুষ্ট হইয়াছি, এতৎ পত্রের পূর্ব্বতন সম্পাদক ৺ ঈশ্বরচন্দ্র গুপ্ত মহাশয়ও নীলকরদিগের অত্যাচার নিবারণ নিমিত্ত এই প্রকার সাহস প্রকাশ করিয়াছিলেন। তিনি স্বয়ং অনেক স্থান ভ্রমণ করিয়া ঐ সাহেবদিগের অত্যাচার ঘটিত অনেক বিষয় সংগ্রহ করিয়াছিলেন। বিশেষতঃ তাঁহারদিগের মধ্যে যাহারা প্রজার হিতবর্দ্ধন বিষয়ে উদ্যোগী হইয়া অর্থব্যয় করিয়াছিলেন, প্রভাকর করে তাঁহারদিগেরও সুখ্যাতি প্রকাশে ত্রুটি করেন নাই, বিশেষতঃ তিনি মৃত্যুর কিয়দ্দিবস পূর্ব্বে নীলকরগণের অত্যাচার বিষয়ে কয়েকটী গীত রচনা পূর্ব্বক যাহা প্রভাকরে প্রকাশ করিয়াছিলেন, অনেকে তাহা কণ্ঠস্থ করিয়া রাখিয়াছেন।

প্রভাকরের লেখার দ্বারা নীলকরের অত্যাচার বিবরণ সর্ব্বত্রে প্রকাশ হইয়াছে বটে, কিন্তু আমারদিগের রাজপুরুষেরা ঐ বিষয়ে বিশিষ্ট রূপ মনোযোগ না করাতে তৎপ্রতিকারের কোন সদুপায় হয় নাই। অধুনা আমরা শ্রবণ করিয়া পরম সন্তুষ্ট হইলাম, যে আমারদিগের বিজ্ঞ সহযোগী হিন্দু পেট্রিয়ট সম্পাদক মহাশয়ের লেখার দ্বারা ঐ বিষয়ে বিজ্ঞবর লেপ্টেলাণ্ট গবর্ণর বাহাদুরের চিত্ত আকৃষ্ট হইয়াছে। তিনি স্বয়ং মনোযোগী হইয়া অনেক বিষয়ের অনুসন্ধান করিতেছেন। অতএব সহযোগী মহাশয় সংবাদ পত্র সম্পাদকের এই অতি কর্ত্তব্য কার্য্যসাধন করিয়া যশোভাজন হয়েন, ইহা আমারদিগের একান্ত প্রার্থনা।

আমরা পূর্ব্ব পত্রে প্রকাশ করিয়াছি, যে আমারদিগের বিজ্ঞবর গবর্ণর জেনেরল বাহাদুর লাহোর রাজধানী হইতে ডাকযোগে পেসোয়ার গমন করিয়াছেন। তাঁহার তাম্বু ও পারিষদ লোক সকলে কেহই সমভিব্যাহারে যান নাই। কার্য্যানুরোধ নিমিত্ত শ্রীশ্রীযুতের নিকটে উপস্থিত থাকা যাঁহাদিগের অত্যাবশ্যক, কেবল তাঁহারাই গিয়াছেন। পেসোয়ারে যে সকল রাজসেনা আছে, তাহারাই সজ্জীভূত হইয়া তাঁহার সম্মুখে দণ্ডায়মান হইবেক। সংবাদ পত্রে প্রকাশ হইয়াছে, যে

কাবেলাধিপতি আমির খোজ মহম্মদ খাঁ বাহাদুর অনেক মূল্যবান দ্রব্যাদি উপঢৌকন সহিত এক জন উপযুক্ত সম্ভ্রান্ত ব্যক্তিকে দূতস্বরূপে শ্রীশ্রীযুতের সমীপে প্রেরণ করিয়াছেন। বোধ হয় ঐ দূত এত দিনে পেসোয়ারে উপস্থিত হইয়া থাকিবেন।

পেসোয়ার ব্রিটিশ অধিকারের শেষ সীমা তথা হইতে শতদ্রুনদ অধিক দূর নহে, অতএব গবর্ণর জেনেরল বাহাদুর আপনার অধিকারের সীমা ভাগে গিয়াছেন। ব্রিটিশজাতি পরাক্রম বলে এই ভারতবর্ষ কিরূপ দীর্ঘরাজ্য প্রাপ্ত হইয়াছেন, এত দিনের পর তাহা স্বচক্ষে সন্দর্শন করিলেন, বোধ হয় গবর্ণর জেনেরল বাহাদুর আগমন সময়ে কাশ্মীর ও জম্মু নগর দেখিয়া আসিবেন।

আমরা কলিকাতা গেজেট পত্রে পাঠ করিলাম, যে আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুর অযোধ্যা রাজ্যের তালুকদারদিগের প্রতি মাজিষ্ট্রেটি কার্য্যের ভারার্পণ করিয়াছেন। তাঁহারা জমসোপবিষ্ট হইয়া অপরাধিদিগের বিচার করিবেন, এবং সাক্ষিদিগকে আনাইতে পারবেন, তাঁহারদিগের অধীনে কয়েকজন চাপরাসি নিযুক্ত থাকিবেক, তাঁহারা সামান্য অপরাধিদিগের প্রতি দণ্ড বিধান করিতে পারিবেন, গুরুতর অপরাধিদিগকে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন, এবং মোকদ্দমা বিবরণ সকল উর্দ্দু ভাষায় লিখিয়া মাজিষ্ট্রেটকে প্রদান করিবেন। তালুকদার যদি স্বয়ং উর্দ্দু জানেন, তবে তাঁহার পুত্র অথবা আমীর যাহা তাঁহার প্রতিনিধি স্বরূপ তাঁহার সমীপে উপস্থিত হইয়া তাহা লিখিয়া দিবেন, তালুকদার যদি স্বয়ং উর্দ্দু ব্যতীত অন্য কোন ভাষায় মোকদ্দমার বিবরণ লেখেন তবে তাহার সহিত তাহার উর্দ্দু অনুবাদ প্রস্তুত করিয়া কেলার সাহেবের নিকটে পাঠাইবেন।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত সংবাদ প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

মান্যবর মেং উইলসন সাহেব বঙ্গাপক সমাজের আসনে উপবেশন করিয়াই সমস্ত প্রজার উপার্জ্জনের প্রতি কর স্থাপনের যে ভয়ানক প্রস্তাব করিয়াছেন, তাহাতে অধুনা সর্ব্বসাধারণ প্রজারা অকূল চিন্তার্ণবে নিমগ্ন হইয়া এইরূপ বিবেচনা করিতেছেন, যে কোম্পানিদিগের শাসনাধীনে আমরা বরং উত্তমাবস্থায় ছিলাম, রাজ্য মহারাণীর শাসনাধীন হওয়াতে এ কি বিপদ উপস্থিত হইল? মহারাণী কোথা হইতে এই উইলসন সাহেবকে প্রেরণ করিলেন? বোধ হয় ইহারশরীরে দয়া মায়া নাই, যদি কিঞ্চিৎ থাকে, তাহা অদ্যে শীঘ্র ব্যক্তিদিগের প্রতিই প্রকাশ করিবেন। তুমি কর বাণিজ্যের কর ও অন্যান্য যে সকল বিষয়ে কর হইতে পারে, নৃপতি তাহার উপরে কর স্থাপন পূর্ব্বক যথা নিয়মে রাজকার্য্য নির্ব্বাহ করিবেন। প্রজার আয়ের প্রতি কর স্থাপনের নিয়ম এই অবনীর কোন দেশেই নাই, কেবল ইংলণ্ড দেশেই চলিত আছে, যদি সাহেবদিগের মধ্যে কোন ব্যক্তি বিশেষের ঐক্য হয় না, তখন ইংলণ্ড ঐ নিয়ম অদ্যদেশে কিপ্রকারে প্রচলিত হইবেক তাহা আমরা বলিতে পারি না। ঐ নিয়ম প্রচলিত হইলে প্রজাদিগের অসন্তোষের সীমা থাকিবেক না।

পয়ার।

কোথা হতে আইলেন এ উইলসন।
শরীরে লোকের বায়ু নহে সম্বরণ॥
চারিদিকে উঠিয়াছে তরঙ্গ তুফান।
বার বার এই বার যায় বুঝ প্রাণ॥
আহা কিবা অপরূপ বক্ত তার মোহ।
চারিদিকে তারি কিবা অবোধ সমোহ॥
কি প্রস্তাব করেছেন আহা মরে যাই॥
রাজকর লইবেন সকলের ঠাঁই।
আয়ের উপরে কর করিবার তরে॥
দিবেন পণ্ডিত অল্প প্রজাদের গলে॥
রাজকোষ ধনাভাব করিতে মোচন॥
করিবেন প্রজাদের শোণিত শোষণ॥
কার্য্য পথ পরিক্রম করি প্রজাগণ॥
দিন অন্তে যেবা যাহা করিবে অর্জ্জন॥
সেই উপজ্জন অংশ করিয়া গ্রহণ॥
করিবেন ভেবেছেন প্রতিজ্ঞা পালন॥
এতধন করতলে করিয়া গ্রহণ।
তথাচ হলোনা হায় লোভ সম্বরণ॥
এদিকেতে প্রজাগণ করে হায় হায়।
রাজার নিকটে গিয়া বিচার না পায়॥
প্রকারণা প্রবঞ্চনা বিচারের স্থলে।
উৎকোচ তরঙ্গ স্রোত অবিশ্রান্ত চলে॥
ভস্কর দুরাত্মা দুষ্ট দাস্তিকের দল।
দলে দলে দেশ মধ্যে জন্মেছে কেবল॥
প্রতিদিন করি তারা নানা অত্যাচার।
করিতেছে যে অনিষ্ট কহিব কি আর॥
তাহাদের শাসনের অনুষ্ঠান নাই।
রাজার বাসনা শুষ্ক করি খাই খাই॥
উইলসন বদন করিয়া প্রসারণ।
লইতেছেন প্রজাগণে করিয়া চর্ব্বণ॥
একেবারে নিবারণ উপায় আমার।
দেশে আর রক্ষা নাই পালাও সবার॥

কস্যচিৎ পাঠকস্য

Printed and Published by RAMCHUNDER Goopto at the *Probhakur Press*

সংবাদপ্রভাকর

প্রাতঃপ্রকাশ

১৭৭

॥॥* সুহৃৎ মনস্তামরস প্রভাকরঃ সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রাম্যং ভ্রাম মত্তভ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অন্যোদাদিমল প্রভাকর করপ্রাপ্তিপ্রমোদোদয়ে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বাস্তদ্বিরেফাঃ পয়ঃ॥

এই প্রভাকর পত্র প্রতি সপ্তাহে ৩ দিবস প্রকাশ হয়। ইহার মাসিক প্রতি ... ১ টাকা। ... ১৫ ... ১৫ ... ১৫

লেটিব কৌন্সেলে পেপার কারেন্সি অর্থাৎ টাকার পরিবর্ত্তে যেরূপ কাগজ ব্যবহৃত হইবেক, তদ্বিষয় বিস্তারিত রূপে যাহা ব্যক্ত করিয়াছেন তাহা পাঠক মহাশয়দিগের বিদিতার্থ নিম্নভাগে প্রকটন করিলাম।

"এক প্রকার পেপার কারেন্সি যাহার টাকা রাজভাণ্ডারে প্রার্থনা মাত্র প্রাপ্ত হওয়া যাইবেক, বাণিজ্যে রাজকর বা অন্যান্য যে কোন বিষয়ে হউক সকল বিষয়েই ব্যবহৃত হইতে পারিবেক।

ঐ পেপার কারেন্সি ৫ টাকা হইতে ১০০০ এক হাজার টাকা পর্য্যন্ত প্রচলিত হইবেক।

কলিকাতা প্রেসিডেন্সিতে ৩জন কমিসানর স্বাধীনরূপে নিযুক্ত হইবেন, তাঁহারদিগের অধীনে এক২ মিন্ট আফিস অর্থাৎ টাঁকশাল সংস্থাপিত হইবেক।

এই বিষয়ের আইন প্রচলিত হইলে এই ভারত ভূমি কয়েক খণ্ডে বিভক্ত, এবং এক২ খণ্ডের মধ্যস্থলে এক২ জন ডেপুটী কমিস্যনর নিযুক্ত ও তাঁহাদিগের অধীনে এক২ রাজকোষ সংস্থাপিত হইবেক।

যে২ স্থানীয় রাজকোষ হইতে ঐ সকল কাগজ বাহির হইবেক কেবল সেই২ স্থান হইতেই যে তাহার টাকা প্রাপ্ত হওয়া যাইবেক এমত নহে সেই২ খণ্ডের প্রেসিডেন্সিতেও প্রাপ্ত হওয়া যাইবেক।

বাণিজ্য ব্যবসায়িরা যেরূপ বিলাতস্থ রাজকোষে টাকা দিয়া তৎক্ষণাৎ কাগজ প্রাপ্ত হইয়া থাকেন সেইরূপ এই ভারতবর্ষের মধ্যেও প্রাপ্ত হইতে পারিবেন।

এই আইনানুসারে যে সকল কমিস্যনর নিযুক্ত হইবেন তাঁহারা যত কাগজ বাহির করিবেন তাহার তিন অংশের একাংশ টাকা আপন আপন অধীনস্থ প্রধান স্থানীয় রাজকোষে রাখিবেন। ঐ টাকার মধ্যে যাহা বাকি থাকিবেক তাহারদ্বারা সময়ে২ কোম্পানির কাগজ ক্রয় করিবেন ঐ কাগজ ও ঐ কাগজের যে সুদ হইবেক তাহা গবর্ণমেণ্টেরলাভ বলিয়া গণ্য করা যাইবেক।

গবর্ণমেণ্টের এমত অভিপ্রায় নহে, যে এতদ্দ্বারা বাণিজ্য ব্যবসায়ী অর্থাৎ যাঁহারা ব্যাঙ্ক সংস্থাপনপূর্ব্বক বাণিজ্য করিয়া থাকেন তাঁহারদিগের কোন হানি হয়, বরং বোম্বাই ও মান্দ্রাজ গবর্ণমেণ্ট সময়ে২ যথাসাধ্য তাঁহারদিগের সাহায্য প্রদান করিবেন। কিন্তু ঐ প্রকার কাগজ ব্যতীত অপর আর কোন প্রকার কাগজ ব্যবহৃত হইতে পারিবেক না।

ঐ কাগজের প্রতি লিপি যাহাতে কেহ না করিতে পারে এরূপ সতর্কতার সহিত তাহা প্রস্তুত করা যাইবেক।

আমরা রেঙ্গুন টাইমস্ নামক সম্বাদ পত্র পাঠে অবগত হইলাম, যে সীডনি নামক বাষ্পীয় জাহাজযোগে যে সকল বিয়ারিং পত্র আসিয়াছিল, তথাকার ডাকঘরের হেড কেরাণী তাহারয হিসাব দিতেঅপারক হইবায় তাঁহার প্রতি দুইবৎসরের জন্য কারাগারে অবস্থান করিবার আদেশ এবং ২০০ টাকার দণ্ডবিধান হইয়াছে। যদি তিনি সেই টাকা দিতে অপারক হন তবে তাঁহাকে আর ছয়মাস কারাবাস করিতে হইবেক। আর যে কেরাণী পত্র সকল রেজেষ্টরী করিতেন, তিনি রেজেষ্টরী ফিসের অনেক টাকা লইয়া পলায়ন করিয়াছিলেন, তজ্জন্য তাঁহাকেও এক বৎসরের নিমিত্ত কারাগারে অবস্থিতি করিতে হইবেক।

আমরা দিল্লী গেজেট পত্রপাঠে অবগত হইলাম যে মন্নু বাঁ নামক জনেক বিদ্রোহি প্রধান যিনি স্যার এম জ্যাক্সন, এবং কয়েক জন গোরার প্রাণহত্যা অপরাধে ধৃত হইয়াছিলেন, তিনি এক্ষণে কাশীরবাগে কারারুদ্ধ হইয়াছেন। বোধ হয় অতি শীঘ্রই ফাঁসিকাষ্ঠে তাঁহার প্রাণ বিনষ্ট হইবেক।

মাং মরিনেট নামক মিস্যার্স উইলিয়ম মোরাণকোম্পানির জনেক কর্ম্মচারি যিনি বালিগঞ্জে অবস্থিতি করিতেন, তিনি গত শুক্রবার রজনীযোগে আত্মঘাতি হইয়া প্রাণ ত্যাগ করিয়াছেন। তাঁহার এরূপ মৃত্যুর কারণ এপর্য্যন্ত কেহ জ্ঞাত হইতে পারে নাই।

ঢাকা নিউস সম্পাদক লেখেন যে ফরিদপুরের মাজিষ্ট্রেট শ্রীযুক্ত রেবেন সাহেবের বিরুদ্ধে যে২ অভিযোগ হইয়াছে তন্মধ্যে তিনি পথিকদিগের উপর আপন কুকুর সকল নেলাইয়া দিয়া যে আমোদ করিতেন তাহাই গুরুতর। যেহেতুক তদ্দ্বারা প্রায় দুইশত লোকের প্রাণবিয়োগ হইয়াছে।

আমাদিগের বিজ্ঞসহযোগী হরকরা সম্পাদক মহাশয় লিখিয়াছেন, বিলাতের কর্ত্তৃপক্ষের আদেশমত ইণ্ডিয়া গবর্ণমেণ্ট সব ট্রেজরির উপর আদেশ করিয়াছেন। যে অযোধ্যার পূর্ব্বতন নবাবের যে সকল জহরাত রাজকোষে ছিল, তাহা মেজর হারবার্ট দ্বারা তাঁহার নিকট পুনঃপ্রেরিত হয়।

আমারদিগের বিজ্ঞ সহযোগী ইংলিসম্যান সম্পাদক মহাশয় লিখিয়াছেন, যে গবর্ণমেণ্ট কলিকাতা নগর মধ্যে আলোক দিবার জন্য আর চারিশত গ্যাসের লণ্ঠন ক্রয় করণের অনুমতি প্রদান করিয়াছেন

মফঃসলাইট পত্র সম্পাদক বিলাতস্থ কোন সংবাদদাতার পত্রের প্রতি বিশ্বাস করিয়া লিখিয়াছেন, যে ইংলণ্ডেশ্বরী এবং ফ্রান্সাধিপতি চীনদেশের বিরুদ্ধে আর অস্ত্রধারণ করিবেন না, কিন্তু যে২ ব্যক্তি চীনদেশের বিরুদ্ধে অস্ত্র ধারণ পূর্ব্বক তথায় গমন করিয়াছেন তাঁহারদিগের প্রতি ক্ষান্ত হইবার কোন আদেশ হয় নাই।

মাতলার সন্নিকটস্থ ইলেনগঞ্জ নামক স্থানে ব্যাঘ্রের অত্যন্ত দৌরাত্ম্য হইয়াছে তন্নিবারণার্থ তথাকার প্রজারা তত্রস্থ লেপ্টনাণ্ট গবর্ণর বাহাদুরের নিকট আবেদন পত্র প্রেরণ করিয়াছেন।

আমারদিগের দিল্লীস্থ সংবাদদাতার পত্র পাঠে অবগত হওয়াগেল যে শ্রীল শ্রীযুক্ত গবর্ণর জেনেরেল বাহাদুর গত ১৮ ফেব্রুয়ারি তারিখে লাহোর হইতে উষ্ট্রের গাড়িতে আরোহণ পূর্ব্বক পেসোয়ারাভিমুখে গমন করিয়াছেন।

আমরা শ্রুত হইলাম যে আগামী ৭ মার্চ্চ তারিখ হইতে তিন দিবস ব্যাচুলার অফ আর্টস নামক উপাধি প্রাপনাকাঙ্ক্ষিদিগের পরীক্ষা হইবেক।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর, সম্পাদক মহাশয় সমীপেষু।

হায় রে দোক্তা।

সম্পাদক মহাশয় শুনে পাই ভয়।
দোক্তার করেন কর কোনো মহোদয়॥
আসিয়া আসিয়া তাঁর এই ছিল মনে।
দ্বেষেতে দেশেতে তাঁর লোভ কিকারণ।
উইলের উই হলো দোক্তার উপরে।
আর বা কি করে কর কিছু দিন পরে।
মনে ছিল আশা বড় করিবেন ভাল।
বাহিরেতে সাদা তাঁর ভিতরেতে কাল॥
ক্ষেত্র মাঝে জন্ম লয় পাতারূপ ধরে॥
উপকারী হয় দোক্তা চতুর্বিধ নরে॥
তোমার গুণের দোক্তা নাহি হয় সীমা।
এক মুখে কত কব তোমার মহিমা॥
শির শূল মহারোগ ঊর্দ্ধকেতে হয়।
তব পাতা দিলে তাঁর রোগ নাহি রয়।
কফ্‌কাশ শ্লেষ্মা আদি করিতে বিনাশ।
নস্যরূপে পৃথিবীতে করিয়াছে বাস॥
বাবুগণ কাছে রাখে অতি সমাদরে।
ফিরিতেছে ঘড়িতুল্য টেঁকের ভিতরে॥
ব্রাহ্মণ পণ্ডিতগণ পুঁথি পাঠ করে।
নিদ্রা নাহি যায় কভু তব গুণ তরে।
করে যত্ন নস্য প্রতি নষ্ট হয় পাছে।
যত্ন করে রাখে তাঁরা ঠাকুরের কাছে॥
সামুকেতে বাস হয় এত স্বল্প মূল্য।
স্থান গুণে বোধ হয় শ্রীধরের তুল্য॥
উভয়ের আছে চক্র জানা নাই যায়।
কেবা দেব কেবা নস্য বলা বড় দায়॥
শ্বেতাঙ্গ ইংরাজ কাছে কত নাম হয়।
মেনেলা পিনিস আদি আর কত কয়॥
বদনে চুরুট দিয়ে ধোঁয়া করে পান।
কত ভাব মনোমধ্যে হয় অধিষ্ঠান॥
দক্ষিণদেশেতে বাস জাতি হয় উড়ে।
দিবানিশি খায় তারা শালপাতা জুড়ে
যত উড়ে তব পাতা করিয়া গ্রহণ।
পিকা নাম রাখিয়াছে করিয়া যতন।
গাঁজার সঙ্গেতে যদি নাই যোগ হয়।
যিনি খান তাঁর আর নাহি জ্ঞান রয়॥
অন্ধকার দেখে পৃথ্বী দোক্তার কারণ।
অধিক খাইলে যায় শমন ভবন॥
মেয়েদের রুচি কর পানের ভিতরে।
মুখের ভিতরে তার কত তার করে॥
একবার তুষ্ট যেই দোকতার তারে।
অন্যদ্রব্য আর নাহি ভাললাগে তারে
সুমধুর মিষ্টতার গুণকব কত।
রসনা রসিক হয় রস খায় যত॥
অধিক খাইলে তারে মাথাঘোরে তায়
বল হয় তৃপ্তি হয় কফনাড়ি যায়॥
পোড়ালে পরেতে দোক্তা নামহয় গুল।
পীযূষের রসে গুল হয় সমতুল॥
পূর্ব্বদেশী মেয়েগণ খায় অতিশয়।
অন্য অন্য দেশবাসী ততোধিক নয়।

গুড়ের সন্ধেতে যদি দোকাপাতা মেখে
তমাকু বলিয়া কয় এই বঙ্গদেশে ॥
হায় হায় কি কহিব কত রস তায়।
বাঙ্গালি হয়েছে সুখী যাহার কৃপায় ॥
মনে কর সে তমাকু কি রূপ প্রকার।
যে তমাকু ব্যাপ্ত এই অখিল সংসার ॥
একবার মুক্ত মুখে গাওতার যশ।
তমাকু মন্ত্রেতে যিনি দিয়াছেন রস ॥
যেখানেসেখানে দেখ খায় লোকজন।
কেমনে দেখিব ওকে তব অদর্শন ॥
দিবানিশি বাঙ্গালির হয় প্রয়োজন।
দোকানে দোকানে হয় তমাকু ওজন ॥
খেটে খুটে বাঙ্গালিরা খায় এক টান।
বলবীর্য্য তেজ হয় পূর্ব্বের সমান ॥
এমন যে পরিশ্রম হয় অবসান।
বাঙ্গালি বাঙ্গালি হয় প্রাণের সমান ॥
চাসা হয় জাতি কড়া যদি কড়া খায়।
শ্রমমাহি যানে কভু তমাকু কৃপায় ॥
ভেলসা অম্বরি আদি ধরে কত নাম।
বড় বড় বাবুদের আলো করে ধাম ॥
আলবোলা গুড়গুড়ি হুকার উপরে।
পাতসা নবাব আদি রাখে যত্ন করে ॥
কুটম্ব রাজব জন আসিলে হে ঘরে।
মানরক্ষা করা হয় তমাকুর তরে ॥
আগুনেতে পুড়ে মরি তাহে ক্ষতি নাই
একবার ধোঁয়া তব খেতে যদি পাই ॥
এক হুকা টানিতেছে শত শতজন।
উচ্ছিষ্ট নাহিক হয় তমাকু কারণ ॥
যোগী ভোগী রোগী আদি দীনহীনজন।
সকলেই করিতেছে তোমাকে সাধন ॥
তোমার অশেষ গুণ রয়েছে প্রকাশ।
কফ পিত্ত অম্ল আদি করিতেছে নাশ ॥
দীপ্তিমান গুণময় কি কব বিশেষ।
পর উপকারে হও তুমি ভস্ম শেষ ॥
ক্ষণেকাল তমাকুকে নাহি যদি খাই।
অবসন্ন হয় দেহ মুখে উঠে হাই ॥
কোন খানে যদি পাই তমাকুর গন্ধ।
টানিবার জন্য তারে করি কাজ বন্ধ ॥
হায় একি অপরূপ বিধাতার খেলা।
নাহি যায় ফেলা কিছু নাহি যায় ফেলা
ভস্ম হয়ে ছাই লয়ে মুখ ধোঁয় তায়।
অনেক প্রকার লোকে তমাকুকে খায় ॥
খেয়েছে যেজন তারে খেয়েছে যেজন।
ভুলিতে না পারে আর তার আস্বাদন
কাশরোগ পক্ষে যদি শুভকর নয়।
তথাপিও অনেকের উপকারী হয় ॥
হায়রে তমাকু তোর কত কব যশ।
দ্রব্যগুণে অপরূপ হইতেছে রস ॥
অনুমতি কর দোক্তা উদরেতে গিয়া।
অন্তে যেন প্রাণ যায় তব নাম নিয়া ॥
মুখে বলি নারায়ণ গঙ্গা ব্রহ্ম হরি।
গুড়ুক্ গুড়িকিয়া যেন বিছানায় মরি ॥
এমন তামাকু পরে বসাইবে কর।
বৃদ্ধি হবে দর তার বৃদ্ধি হবে দর ॥
বিজাতীয় রাজা হয়ে নষ্ট করে দেশ।
আমাদের ভাগ্য দোষ মিছে করি দ্বেষ

শ্রী রু, গো, বন্দ্যোপাধ্যায়।
সাং কলিকাতা কম্বলিয়া টোলা।

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

আপনকার ১৯ ফাল্গুণ দিবসীয় প্রভাকর পত্রে শ্রীযুক্ত দাং বং নামক মহাশয় রাজা কৃষ্ণচন্দ্র রায়ের কবিতা পরীক্ষার আড়ম্বরের ন্যায় যে স্বল্প চরণদ্বয় প্রকটন করিয়াছেন, তাহার পাদপূরণ করা যদিও সাধারণের বিশেষতঃ অস্মদের ন্যায় ছাত্রদিগের পক্ষে বিষম বিপজ্জনক ব্যাপার, তত্রাচ অস্মদের সাধ্য অনুসারে ঐ স্বল্প চরণদ্বয় পূরণ করিয়া তদবলীর সহিত বিখ্যাত পত্র মধ্যে প্রকাশ করার্থে প্রেরণ করিতেছি: অনুগ্রহ পূর্ব্বক সংশোধনান্তে প্রকাশ করিয়া উৎসাহ বর্দ্ধন করিবেন।

১ম। সমস্যা।

দেখিয়াছি একবার আর ইচ্ছা নাহি।

২য়। বাল্যাবস্থা।

হায় হায় খেদে প্রাণ বহির্গত হয়।
স্মরণ হইলে সেই মধুর সময়॥
যখন সকল দ্রব্য ছিল সুখাধার।
বিহরিত সদানন্দ চিত্তে অনিবার॥
বিচিত্র পুতলি কিবা বস্ত্রমলা ধন।
দুর্ব্বর্ণ সদৃশ বর্ণ কি কাল বরণ॥
সকলি আনন্দপ্রদ ছিল নিরন্তর।
চিন্তার চিন্তায় মন আছিল অন্তর॥
হৃদয়ের প্রফুল্লতা ছির বিদ্যমান।
অনুক্ষণ হাস্যাননে দিত দেখা প্রাণ॥
এরূপ সুখের কাল হয়েছে বিগত।
সদানন্দ নিরানন্দে কষ্টক নিয়ত॥
হয়েছে গিয়াছে কাল আর কি কখন।
দরশন দিবে তাই ভাবি অনুক্ষণ॥
ভাবিতে ভাবিতে কালহরে লয় প্রাণে।
দেখিয়াছি একবার আর ইচ্ছা নাহি॥

৩য়। যমসা।

চরণ দুখানি হেরি রাঙ্গা টুক্‌টুক্।
রক্তবীজ রক্ত উঠে মুখে ভুরি ভুরি॥
করমালা কটিপরে হাতে খোঁড়ে মুণ্ড।
রক্ত পদ্ম সম যার যুগল চরণ॥
ধূলায় মলিন বর্ণ করয়ে ধারণ।
সেই ভয়ে এসে কেশা পেতে বিলম্বিত
চরণ দুখানি হেরি রাঙ্গা টুক টুক॥

শ্রী বিপিনমোহন সেন গুপ্ত।
কলুটোলা স্কুল ১ম শ্রেণীর ছাত্র।

Printed and Published by Ramchunder Goopto at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাতঃ ৪ ঘণ্টা

২৩। ১৭৭

এই প্রভাকর পত্র প্রতিবার বাতীত প্রতি বুধ ও রবিবারে কলিকাতা সিমুলিয়া অন্তর্গত ৬ নং কলুটোলার ষ্ট্রীটস্থ নিজ বাটীতে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত ঈশ্বরচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥*॥*॥* সতাং মনস্তামরস প্রভাকর: সদৈব সর্ব্বেষু সমপ্রভাকর: *॥*॥*॥

॥*॥*॥* উদেতি ভাস্বৎ সকলপ্রভাকর: সদর্থসংবাদ নবপ্রভাকর: *॥*॥*॥

নকং চন্দ্রকরেণ তিমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভৃংগ ভ্রাম মতন্দ্রমী মধুমুতং পীত্বা ক্ষুধাকাতরা॥ অন্যোন্যাবিষম প্রভাকর করপ্রাপ্তিপ্রমোদোদরে মজ্জন্তং দিবসে পিবন্ত চতুরবাঞ্ছিত্বিকাশোদয়ং॥

ইহা এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা ২৪ মাসের প্রথম দিনের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৵০ আনা অগ্রিম ৩টাকামাত্র।

১৪৬১ সংখ্যা। মঙ্গলবার ২৪ ফাল্গুণ ১২৬৬ সাল। ইং ৬ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমাদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্শী, আরবী, ইত্যাদি নানা প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে স্বল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর	১
শুকেতিহাস	॥০
রাজস্বরসম্পর্কীয় নিয়ম, নামক প্রথম খণ্ড	১৷০
নলিনীকান্ত শৃঙ্গার ও করুণ রাশিত নবীন উপাখ্যান)	১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।	

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৵০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তপ্রণীত
শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation.....) ১
বৃদ্ধশালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।৵
একেই কি বলে সভ্যতা ? (ঐ) ... ॥০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

সংবাদপ্রভাকর

২৪ ফাল্গুণ শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দ ২

গতশনিবার দিবসে ব্যবস্থাপক সমাজে মান্যবর মেং উইলসন সা-

হেব আ। একটি নূতন বিষয়ের প্রস্তাব করিয়াছেন, গতকল্য স্থানাভাবে আমরা তাহার সংক্ষেপ প্রকাশ করিয়াছি, অদ্য তাহার বিবরণ প্রকাশ করিতেছি। গবর্ণমেণ্টের ধনাগার হইতে বাঙ্গাল বেঙ্কের নোটের ন্যায় ভিন্ন২ প্রকার মূল্যের নোট প্রকাশ করিবেন, মুদ্রার পরিবর্ত্তে তাহা সর্ব্বত্রে প্রচারিত হইবেক, রাজস্বগ্রহণ সময়ে গবর্ণমেণ্ট ঐ নোট গ্রহণ করিবেন, এবং বাণিজ্যস্থলে ও কর্ম্মচারিদিগের বেতন প্রদান সময়েও তাহা ব্যবহৃত হইবেক, ঐ নোটের মূল্য প্রদানের কোন নিরূপণ থাকিবেক না। যেমন বাঙ্গাল বেঙ্কের নোট বেঙ্কে ও অন্যান্য বেঙ্কে ও রোকোড়ের ব্যবসায় স্থলে প্রাপ্ত হওয়া যায়, গবর্ণমেণ্টের প্রকাশিত নোটের মূল্য ও সেই প্রকার গবর্ণমেণ্টের ধনাগারে ও অন্যান্য স্থলে প্রাপ্ত হওয়া যাইবেক, যত টাকার নোট প্রকাশ হইবেক, তাহার সমুদয় অংশের মূল্য না হউ, অধিকাংশের মূল্য গবর্ণমেণ্টের ধনাগার সকলে সঞ্চিত থাকিবেক।

রাজকোষের ধনাভাব মোচন নিমিত্ত মান্যবর মেং উইলসন সাহেব এক সুগোমোপায় নিরূপণ করিয়াছেন, ইহা আমরা স্বীকার করি, কারণ মুদ্রার কোন মূল্য নাই, মনুষ্যের প্রয়োজনীয় দ্রব্যাদির পরস্পর বিনিময় করিবার নিমিত্তই তাহা সর্ব্বদেশে সর্ব্বজাতি মধ্যে প্রচলিত হইয়াছে, কেবল মুদ্রার দ্বারা কোন ব্যক্তি দিনযাপন করিতে পারেন না, কোন ব্যক্তিকে যদি অবনীর সকল ধন দিয়া এমত কোন স্থানে রাখা যায়, যেখানে তাহার আহারীয় কোন দ্রব্যের উৎপন্ন হয় না, তবে তিনি সেই প্রচুর অর্থ স্বত্বেও অনাহারে অতি কষ্টে মৃত্যুর সহিত সাক্ষাৎ করিবেন।

মুদ্রাদি মনুষ্যের প্রয়োজনীয় বস্তু নহে। তিনি যে দ্রব্য আহার বা ব্যবহার করেন, এবং যাহা তাহার সুখ সেবা বা শরীরের স্বাস্থ্য বিধান নিমিত্ত হয়, অর্থের দ্বারা তত্তাবৎ প্রাপ্ত হইবার উপায় নিরূপিত হওয়াতেই তাহা সাধারণের পরম আদরণীয় হইয়াছে। কিন্তু মেং উইলসন সাহেব রজতাদি ধাতু নির্ম্মিত মুদ্রার পরিবর্ত্তে লোট অর্থাৎ কাগজ প্রকাশের প্রস্তাব করাতে প্রজাদিগের মনে নানা প্রকার উদ্বেগ উপস্থিত হইবার সম্ভাবনা। কারণ রজতাদির মুদ্রা পৃথিবীর প্রথম সময়াবধি সকল দেশে প্রচলিত হইয়া আসিয়াছে, কোন কালেই তাহার অনাদর হয় নাই, দেশ বিশেষ সময়ে২ রাজশাসনের নিয়ম পরিবর্ত্তন হইয়াছে, এক দেশের নৃপতি বাহুবলে অন্য দেশের অধীশ্বর হইয়াছেন কিন্তু সেই শাসন প্রণালীর পরিবর্ত্তন হইয়াও রজতাদি নির্ম্মিত মুদ্রার কোন কালেই অপমান হয় নাই।

সুবর্ণ রজত তাম্র ইত্যাদি অল্প পরিশ্রমে সংগ্রহ হয় না, একারণ তত্তাবৎ অত্যন্ত আদরণীয় বস্তু হইয়াছে সুবিখ্যাত যবনমহীপাল আকবরসাহ অতি যত্নে ঐ নিভাঁজ উৎকৃষ্ট সুবর্ণ দ্বারা স্বনামাঙ্কিত মোহর প্রস্তুত করিয়াছিলেন এজন্য সেই মোহরের আদর ক্রমে বৃদ্ধি হইয়াই আসিয়াছে। আমারদিগের রাজপুরুষেরা সুবর্ণমুদ্রার ব্যবহার করেন না, অন্যান্য মূল্যবান বস্তু যেরূপ বাজারে বিক্রয় হইয়া থাকে, সুবর্ণ অধুনা সেইরূপ মূল্যে বিক্রয় হইতেছে, তথায় মোহরের মূল্য ন্যূন হয় নাই। কোন সময়ে তাহার এক খণ্ড ২৫ টাকা মূল্যেও বিক্রয় হইতেছে, মেং উইলসন সাহেব সুবর্ণ দ্বারা চিত্র বিচিত্র করিয়া অতি মনোহররূপে যদি নোট প্রস্তুত করিয়া প্রকাশ করেন, তথাচ তাহার এরূপ আদর হইবেক না, এই বঙ্গাদি প্রদেশ মধ্যে যদিও তাহার ব্যবহার হয়, তথাচ উত্তর পশ্চিম প্রদেশীয় খোট্টা লোক সকল যাহারা বাঙ্গাল বেঙ্কের নোট গ্রহণ করিতে সঙ্কুচিত হয় তাহারা কোনক্রমেই ঐ নোট গ্রহণ করিবেক না।

পরন্তু গবর্ণমেণ্টের ধনাগার হইতে নোট প্রচার হইলে আর এক বিষয়ে বিবিধপ্রকার গোলযোগ উপস্থিত হইবার সম্ভাবনা, এইক্ষণে এই রাজ্য মধ্যে বাঙ্গাল ব্যাঙ্কের নোট ব্যতীত অন্য কোন প্রকার নোট প্রচার নাই, হিন্দুস্থান বেঙ্ক ইউনিয়ান বেঙ্ক, ইত্যাদি ভিন্ন২ বেঙ্কের যে নোট প্রচলিত হইয়াছিল, তাহা কেবল রহিত হইয়াছে, এমত নহে, তাহাতে অনেকে ক্ষতিগ্রস্ত ও হইয়াছে, যাহা হউক গবর্ণমেণ্ট নোট প্রচার করিলে বাঙ্গাল বেঙ্কের নোটের আর সেই প্রকার আদর থাকিবেক না। সুতরাং অনেকাংশে বাঙ্গাল বেঙ্কের আনষ্ট হইবারও সম্ভাবনা।

মেং উইলসন সাহেব ঐ নোট প্রচারের প্রস্তাব ও আপনার বক্তৃতাই ব্যক্ত করিয়াছেন, তদ্বিষয়ক আইন প্রস্তুত করিবার প্রস্তাব পরে উপস্থিত করিবেন, আমরা তাহার সেই বক্তৃতার তাৎপর্য্য ও আইনের মর্ম্ম অনুবাদ পূর্ব্বক পাঠক মহাশয়দিগকে পরে বিদিত করিব।

পাইকপাড়া নিবাসি গুণরাশি ধনীন্দ্র সুবিখ্যাত ভূম্যধিকারি শ্রীমন্মহারাজ প্রতাপচন্দ্র সিংহ বাহাদুরের জ্যেষ্ঠা দুহিতার শুভোদ্বাহ আগামি ২৫ ফাল্গুণ বুধবার হইবেক, তাহার মঙ্গলাচরণ ও আনন্দ প্রকাশজন্য গত দিবসাবধি রাজ নিকেতনে নৃত্যগীতারম্ভ হইয়াছে, এই রাজধানীতেও ইহার নিকটস্থাপনাদি নিবাসি প্রভূত ধনশালি অতি সম্ভ্রান্ত জমিদার ও আঢ্যগণ সকলেই নিমন্ত্রিত হইয়া ঐ নাচের সমাজে গমন করিতেছেন, সভামণ্ডলের শোভা বর্ণন করা যায় না, পাইকপাড়ার রাজভবন ইন্দ্রভবন তুল্য সজ্জীভূত হইয়াছে, সুশীল স্বভাব যদুদারচরিত শ্রীযুক্ত রাজা প্রতাপচন্দ্র সিংহ বাহাদুর ও তদনুজ বিমলান্তঃকরণ শ্রীযুক্ত রাজা ঈশ্বরচন্দ্র সিংহ বাহাদুর ও তদীয় অমাত্যগণ যথাসম্মানে সকল ব্যক্তিকে গ্রহণ পূর্ব্বক সদালাপদ্বারা সন্তুষ্ট করাতে তাঁহারদিগের সুখ্যাতিতে দেশ আমোদিত হইয়াছে।

দুহিতার বিবাহের নিমিত্ত নৃপতি বাহাদুর কত টাকা ব্যয় করণের সংকল্প করিয়াছেন তাহা কিছুই বলা যায় না। রাজভৃত্যেরা কয়েক দিবস রাজনিকেতন হইতে তৈলপূর্ণ বড়২ ঘড়া [illegible]দের সাটী ও থালপূর্ণ গেঁদড়া কন্দ ও বিবাহের মাঙ্গলিক ও অন্যান্য দ্রব্যাদি ভারেই বহন পূর্ব্বক নগরের সকল রাজপথ আচ্ছন্ন করিয়া নগরবাসিদিগকে বিতরণ করিয়া বেড়াইতেছে, নৃপতিরা দল বিচার করেন নাই। সকল দলস্থ ব্যক্তিদিগকেই তাহা প্রদান করিতেছেন, কন্যায় উদ্বাহ বিষয়ে এরূপ সমধিক দান কোন সময়ে আমারদিগের নয়নগোচর হয় নাই। বড়২ নৃপতিরা পুত্রের বিবাহ সময়ে এরূপ ব্যয় করিতে পারেন নাই।

সমাজিক ব্যতীত নানা সমাজে চলিত পত্র প্রেরিত হইয়াছে, বিবাহ দিবসে রাজ নিকেতনে ব্রাহ্মণ পণ্ডিতদিগের সভা হইবেক সেই সভায় নানা সমাজস্থ ব্রাহ্মণ পণ্ডিতগণ উপস্থিত হইবেন তাঁহারদিগকেও রাজা বাহাদুর প্রচুরার্থ প্রদান করিবেন, নৃপতিদিগের কার্য্যই এইরূপ হয় অন্য কোন কার্য্যের সহিত তাহার তুলনা হইতে পারে না, বিবাহ শেষ হইলে অন্যান্য বিবরণ আমরা পাঠক মহাশয়দিগকে বিদিত করিব।

উত্তর পশ্চিম প্রদেশীয় রাজভক্ত ভূম্যধিকারিগণ বিদ্রোহ সময়ে বৃটিস গবর্ণমেণ্টের বিশেষ সাহায্য করাতে তাঁহাদের মধ্যে অনেকেই রাজোপাধি প্রাপ্ত হইয়াছেন। আমাদের রাজনীতি পরায়ণ গবর্ণমেণ্ট উক্ত সম্ভ্রান্ত রাজভক্ত প্রজাগণের এরূপ উৎসাহ বৃদ্ধি করিয়া ভালই করিয়াছেন। সম্প্রতি আমারদিগের বিচক্ষণ গবর্ণর জেনেরল বাহাদুর উক্ত জমিদারগণের রাজোপাধি ও তদ্বিষয়ক ব্যয়বিবরণ লিখিয়া ইংলণ্ডীয় মহারাণীর নিকট প্রেরণ করিয়াছেন। তাহাতে প্রকাশ হইয়াছে, উত্তর পশ্চিম দেশীয় জমিদারগণের এই রাজোপাধি ও উপঢৌকন বিষয়ে গবর্ণমেণ্টের ক্ষতি বই কিছুই লাভ হয় নাই। [illegible] জমিদারগণকে উপঢৌকন [illegible] গবর্ণমেণ্টের যত টাকা ব্যয় [illegible] জমিদারগণের রাজদর্শনী টাকা দ্বারা তাহার অর্দ্ধেক ও [illegible] নাই। ফলতঃ এ বিষয়ের [illegible] গবর্ণমেণ্টের ক্ষতি বোধ করা উচিত নয়। ভয়ঙ্কর রাজবিদ্রোহ সময়ে এই রাজভক্ত জমিদারগণ দ্বারা গবর্ণমেণ্টের যথেষ্ট উপকার হইয়াছে।

মালতা নগরীতে বড় ব্যাঘ্রের উৎপাত হইয়াছে; প্রজাগণ দিবারাত্রিই ব্যাঘ্রভয়ে সশঙ্কিত রহিয়াছে। মালতা নিবাসী কতকগুলি ভীত প্রজামণ্ডলী এ নিমিত্তে ভারতবর্ষীয় লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট একখানি আবেদন পত্র প্রেরণ করিয়াছিলেন। যাহাতে ব্যাঘ্রভয় নিবারণ হয়, প্রজাগণ আবেদন মধ্যে কেবল সেই বিষয়েরই অনুরোধ করিয়াছিলেন। এক্ষণে আমাদের লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুর এ বিষয়ে কি করেন বলা যায় না।

একি অসভ্যতা?—আমরা সংবাদ পত্র পাঠে অবগত হইলাম, যে ছাপরাস্থ প্রধান সদরামীনের কাছারী

তে একটী বড় আশ্চর্য্য ব্যাপার হইয়া গিয়াছে। একদিন বেলা দুই প্রহর সময়ে প্রধান সদরামীন বাহাদুরের নিকট কোন মোকদ্দমা উপলক্ষে দুইজন অনভিজ্ঞ মোক্তার যথাক্রমে বক্তৃতা করিতেছিল। বক্তৃতা করিতে করিতে পরস্পর অত্যন্ত বিবাদ করিয়া উঠিল। সে বিবাদ ক্রমে ক্রমে তুমুল বিবাদ হইয়া উঠিল। দুইজন মোক্তারই আপনং পায়ের জুতা খুলিয়া পরস্পর সম্মুখীন হইল, এবং অবিলম্বেই দুই জনে জুতাযুদ্ধে প্রবৃত্ত হইল। উক্ত দুই অসভ্য মোক্তারের ১০০ করিয়া দণ্ড হইয়াছে।

ফিনিক্স পত্র পাঠে জানাগেল, ডেলহৌসি ইনিষ্টিটিউসন সংক্রান্ত কার্য্যাধ্যক্ষেরা কিঞ্চিৎ ভূমি প্রার্থনায় ভারতবর্ষীয় গবর্ণর জেনেরল বাহাদুরের নিকট একখানি আবেদন পত্র প্রেরণ করিয়াছিলেন। আমাদের গবর্ণর বাহাদুর ভরসা করিয়া সে আবেদন পত্রে অনুমোদন করিতে পারেন নাই, তিনি বলিয়াছেন, এবিষয়ের নিষ্পত্তি শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে জানান উচিত, তিনি যাহা ইচ্ছা তাহাই করিবেন। আবেদনকারিরা এক্ষণে গবর্ণমেণ্টের অনুমত্যানুসারে ইংলণ্ডে মহারাণীর নিকট আপনাদিগের আবেদন পত্র প্রেরণ করিয়াছেন।

আমরা মফস্বলাইট পত্র পাঠে আশ্চর্য্য হইলাম। কয়েক জন দুষ্ট বিদ্রোহি একজন গৃহস্থের গৃহে প্রবেশ পূর্ব্বক যথাসর্ব্বস্ব অপহরণ করিয়াছে। গৃহস্থের পরিবার বর্গকেও প্রহার করিয়াছে। গৃহস্থের প্রায় ১০,৫৫ ৸৵৭ টাকা ক্ষতি হইয়াছে। ইহার মধ্যে নগদ টাকাই অধিকাংশ গিয়াছে। হিন্দু পেট্রিয়ট সম্পাদক অনুমান করেন, এই দুষ্ট ডাকাইতেরা লালা ঈশ্বরের প্রেরিত হইবে। আমরা বোধ করি, লালা ঈশ্বরী প্রসাদ এক্ষণে তাদৃশ বলবান নাই, তাহার এরূপ দুঃসাহস ও আর নাই।

বিগত ২ মার্চ্চ তা রখে শিবপুরের গঙ্গাতীরের নিকট একখানি আগিলা গিয়াছিল তাহাতে ব্রাউন এণ্ড কোম্পানিদের শালকাষ্ঠের বৃহৎ বৃহৎ গোলা সকল প্রজ্বলিত হইয়া অগ্নি আকাশবিসর্পী হইয়াছিল।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

বিনয় পুরঃসর নিবেদন মিদং অস্মদের প্রণীত নিম্নলিখিত কয়েক পংক্তি সংশোধনানন্তর ভবদীয় সুবিখ্যাত প্রভাকর পত্রের প্রান্তভাগে স্থান দানে এই নবলেখকের উৎসাহ বৃদ্ধি করিবেন।

পদ্য।

এজগতে যত কিছু দেখিতেছ মন।
সকলি মায়ার খেলা এই জেন সার॥
বারেক তাঁর নিজ জন সে নয় তোমার।
সকলি মায়ার খেলা এই জেন সার॥
তোমার মায়ারে বশ করিবার হেতু।
ফেঁদেছে বিষম ফাঁদ আছে মাত্র সেতু॥
সে সেতুর নাম মন বিদ্যা মহা মহাধন।
করহ সত্বরে তাতে ওমন গমন॥
সে সেতুতে পদার্পিলে ভয় নাহি রবে।
মায়াময় ভবনদী অনায়াসে তরিবে॥
কিন্তু মন সেই সেতু অতি ভয়ানক।
আলস্য কুমতি আদি তাহাতে আটক॥
নিরাপদে তারিবারে পার যদি মন।
নিশ্চয় পাইবে ভূমি অমূল্য রতন॥
পরিশ্রম যত্ন আদি আর আর যত।
সে সব করিতে হবে আগে অনুগত॥
তার পর ধীরে ধীরে করিবে গমন।
ব্যস্ত হলে সুনিশ্চয় জানিবে মরণ॥
সে সেতুতে ক্রোধ যদি করে মন।
সহিষ্ণুতা নামে ব্যক্তি করিবে দমন॥
তথে কেন মমমন মিছে ভাব আর।
বিদ্যা ধন মহা ধন তাই কর সার॥
মন্দ পথে সুখ তুমি কভু নাহি পাবে।
মায়াতে মোহিত হয়ে বহু দুঃখ হবে॥
এ পথের ফল হয় নরক কুণ্ডল।
যথা আছে কীট আদি উরগ অনল॥
কিন্তু বিদ্যা সেতু লয়ে যায় স্বর্গভূমি।
সে স্থানের সুখ সব কিবর্ণিব আমি॥
অতএব মমমন বিদ্যা কর সার।
সকলি অসার সার সকলি অসার॥

শ্রীহ, চ, ঘো,
ভবানীপুর নিবাসী

Printed and Published by RAMCHUNDR GOOPTO at the *Probhakar Press*

সংবাদ প্রভাকর

প্রাতঃস্মরণ

২৯৩

২০১

শুদ্ধ এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার ৬নং ভাড়াটিয়া ভবনে ৺নন্দকিশোর চূড়ামণির দ্বিতীয় ষ্ট্রীটে ৩২ নং ভবন সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্কামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*

নক্তং চক্রস্করেণ ভিন্নমুকুলোদ্বিন্দীবরেষু কচিদ্ভূমং ভ্রান মতল্পমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদাদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং বিবসে শিবন্ত চতুরস্তান্তদ্বিরেফারসং॥

শুদ্ধ এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৪৪৩ সংখ্যা] বুধবার ২৫ ফাল্গুন ১২৬৬ সাল। ইং ৭ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ ডঙ্কামাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

৩৫৩

রিশীবর আফিল।

মৃত রাজা রাজকৃষ্ণ বাহাদুরের ইষ্টেটের জমিদারিদিগের ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সদরহালের ১৯ মার্চ্চ সোমবার বেলা দুই প্রহরেরএক ঘণ্টার সময় সুপ্রিমকোর্টের রিশীবর শ্রীযুক্ত জেমেশ ও এলচসাহেব তাঁহার আফিসে উপরোক্ত ইষ্টেটের নীচের লিখিত জমিদারিদিগের ৫ খণ্ড করিয়া ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হইবেন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

১ খণ্ড।

জিলা ত্রিপুরা পরগণে গঙ্গামণ্ডল। ওগায়রহ।

২ খণ্ড।

জিলা চব্বিশ পরগণার পরগণে মুড়াগাছা ও পরগণে হাতিয়াঘর দিগর নাম পানা ও রঘুনাথপুরের লাখেরাজ জমি ইস্তক বেহালা লাগা ইদ কুলপির রাস্তার দুই ধারের মহাল জমি মায় জলকর ও মৌজা পাণিহাটি আগড়পাড়া ভবানীপুর ও নাটাগড় ও নাটাগড়ের বাগান ও আগড়পাড়ার হাট।

৩ খণ্ড।

আগড়পাড়ার পুষ্করিণী ও ফলবান বৃক্ষ।

৪ খণ্ড।

জিলা চব্বিশ পরগণার কিশমৎ বারাকপুরদিগর মায় গুদি মহল ও কিশমত বাজে শ্রীরামপুর ও জিলা হুগলির সামিল কিশমত বাঁশাই স্বর্ণপাড়া, মহেন্দ্রপুর ও কিশমত বেণিপর।

৫ খণ্ড।

সহর কলিকাতার তালুক সুতানুটী ও বাজার সুতানুটী মায় রাইয়তি জমি বাঁশুরাহাটার জমি ও চারলশ বাজার ও শ্যামবাজারের ও বাগবাজারের জায়গা ও কুলিমহল ও ধর্ম্মতলার কিচেলওয়ালা জায়গা ও চাঁদনির জায়গা ও ষোড়াসাঁকোর বায়গা ও শোভাবাজারের বৈঠকখানা মহালের জমি ও মনোহর মুখোপাধ্যায়ের মহলের বাটী ও জমি ও মাতা গোস্বামির জমি ও কালীশঙ্কর সেউগীর জমি ও রাধাবাজারের বায়গা ও তুলাবাজারের রাণীওয়ালা বাটী ও ঘোড়াবাগানের জমি ও হোগোল কুঁড়িয়ার গোপী বাগানদিগরের জমি মায় জলকর ও কটালির ও সিন্দুরিয়াপটীর বায়গা দিগর ও জিলা ২৪ পরগণার বরাহনগরের ও দক্ষিণেশ্বরের বাগান মায় রাইয়তি জমি মৌজা সিঁতি ও মৌজা জয়পুর ও সাতগাছির ও দক্ষিণরাড়ির জায়গা ও জেলা কৃষ্ণনগরের কাঁচরাপাড়ার সন্নিকটস্থ মল্লিকবাগ নামক জটি।

আরং বৃত্তান্ত রিশীবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা
সুপ্রিমকোর্ট হৌস
তাং ২৮ ফিব্রুয়ারি

সংবাদ প্রভাকর

২৫ ফাল্গুণ শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

মান্যবর মেং উইলসন সাহেব প্রজাদিগের উপার্জ্জনের প্রতি কর স্থাপনের যে প্রস্তাব করেন, তাহার পোষকতা করণার্থ শ্রীরামপুরস্থ ফ্রেণ্ড সহযোগী মহাশয় এতদ্দেশীয় সংবাদ পত্র সম্পাদক মহাশয়দিগের প্রতি কটাক্ষ করিয়া অনেক বিদ্বেষ ভাব ব্যক্ত করিয়াছেন। আমরা তৎ পাঠে বিস্ময়াপন্ন হইয়াছি। তিনি লিখিয়াছেন, যে মেং উইলসন সাহেব কি নিমিত্ত প্রজার আয়ের প্রতি করস্থাপনে উদ্যত হইয়াছেন, বাঙ্গালি সম্পাদকেরা তাহার মূল কারণ কিছুই বিবেচনা করিবেন না। তাঁহারা কেবল বলিতেছেন, যে কোম্পানিদিগের লোভ বরং অল্প ছিল মহারাণীই এই রাজ্য আপনার হস্তে গ্রহণ করাতে তাঁহার লোভ ভয়ানক হইয়াছে। অতএব যাহারদিগের কোন জ্ঞান নাই, যাহারা উপস্থিত ঘটনাবলীর মূল কারণ অবধারণে অক্ষম এবং যথার্থ যুক্তি ও বিচারমার্গ সন্দর্শনে অন্ধ, তাহারদিগের অন্যায়োক্তি সকলের নিরুত্তরই সদুত্তর।

ফ্রেণ্ডসহযোগী মহাশয়ের এই লেখাতে তাঁহার যেপ্রকার অসভ্যতা ও অবিবেচনা প্রকাশ পাইয়াছে, তাহা বিজ্ঞবর পাঠক মহাশয়েরাই বিবেচনা করিবেন। প্রজাদিগের উপার্জ্জনের প্রতি কর নির্দ্ধারণের নিয়ম অবনীর প্রথম সময়াবধি এপর্য্যন্ত কোন দেশে হয় নাই, কেবল ইংরাজ প্রভৃতি ইউরোপখণ্ডের দুই এক জাতি যাঁহারা রাজকীয় বিষয়ে বহু ব্যয় জন্য বিপুল পরিমাণে কেবল রাজঋণ বৃদ্ধি করিয়াছেন, তাঁহাদিগের প্রতিই ঐ কর নিরূপিত হইয়াছে। রাজকীয় আয় ব্যয় বিবেচনা করণে যে সকল ব্যক্তি বিলক্ষণ পারদর্শি তাঁহারদিগের মধ্যে কেহই প্রজার আয়ের প্রতি করস্থাপন করা কর্ত্তব্য বিবেচনা করিবেন না। যাহাতে প্রজাদিগের আয় বৃদ্ধি হয় তাহারা এক প্রকার সুখ স্বাচ্ছন্দে কালযাপন করে, বিচক্ষণ ব্যবস্থাপক মহাশয়েরা তদুদ্দেশে নিয়মাদি নির্দ্দিষ্ট করিয়া থাকেন। কিন্তু মহারাণী ইংলণ্ডেশ্বরী এই রাজ্যের শাসনভার স্বয়ং গ্রহণ না করিতেই মান্যবর মেং উইলসন সাহেব যখন প্রজার আয়ের প্রতি কর স্থাপনের প্রস্তাব করিয়াছেন, তখন দূরদর্শি বিজ্ঞ লোক মাত্রেই বলিবেন যে কোম্পানিদিগের অধিকার সময়ে প্রজারা উত্তমাবস্থায় ছিলেন, প্রজার আয়ের উপর কর স্থাপনের প্রস্তাব হয় নাই। অধুনা মহারাণীর শাসনাধীনে যখন নানা বিষয়ে ক্লেশকর কর স্থাপনের প্রস্তাবের সূত্রপাত হইতে লাগিল, তখন ক্রমে দেশের দশা কিরূপ হয় তাহা কিছুই বলা যায় না।

রাজকোষে ধনাভাব হইয়াছে এবং সেই ধনাভাব মোচন নিমিত্তই আমাদিগের রাজপুরুষেরা প্রজার প্রতি কর নির্দ্ধারণের প্রস্তাব করিয়াছেন, একথা অতি যথার্থ বটে, কিন্তু প্রজার উপার্জ্জনের অংশ গ্রহণ না করিলে অন্য কোন উপায় দ্বারা রাজভাণ্ডারের ধনাভাব মোচন হয় না, কি আশ্চর্য্য! রাজ্যশাসনভার বহন করণে আমারদিগের রাজপুরুষেরা যখন পদে২ প্রজাপীড়ন করিতে ও নূতন২ ঋণজালে জড়িত হইতে লাগিলেন, তখন কোন ব্যক্তি তাঁহারদিগের বিবেচনার প্রশংসা করিবেন আয়াপেক্ষা কোন সামান্য পরিবারের ব্যয়বৃদ্ধি হইলে তাহার অধ্যক্ষ মহাশয় কোন্ বিষয়ে ব্যয়াধিক্য হইয়াছে যেমন সর্ব্বাগ্রে তাহা নিরূপণ করেন, রাজ্যাধ্যক্ষকেও সেইরূপ করিতে হয় এবং পরিবারের অধিপতি মহাশয় যেমন নানা বিষয়ে ব্যয় সংক্ষেপ করিয়া সেই দুর্ঘটনা নিবারণ করেন, রাজাকেও সেইরূপ করিতে হইবেক, কারণ যে ব্যক্তির যেরূপ আয় তাঁহার সেইরূপ ব্যয় বিধান করা আবশ্যক।

ফলতঃ কি পরিতাপ মান্যবর মেং উইলসন সাহেব এই ভারতবর্ষের আয় ব্যয় বিষয়ের বিবেচনা করণের ভার গ্রহণ পূর্ব্বক এদেশে পদার্পণ না করিয়াই কেবল আয় বৃদ্ধি করণে সচেষ্ট হইয়াছেন। ব্যয় সংক্ষেপ করণের কথা মুখাগ্রেও আনেন নাই। অতএব আয় ব্যয় বিষয়ে তিনি যেপ্রকার পরিণামদর্শি তাঁহার এই কার্য্যের দ্বারাই পাঠক মহাশয়েরা বিবেচনা করিতে পারিবেন।

এই স্থলে কেহ২ বলিতে পারেন যে আয়বৃদ্ধি বিষয়ে যখন মনুষ্য মাত্রেই মনোযোগী হইয়া থাকেন তখন ধনাভাব মোচন সময়ে নৃপতিও তদ্বিষয়ে অবশ্য মনোযোগ করিবেন, আমরা একথা অবশ্য স্বীকার করি, কিন্তু প্রজাদিগকে ক্লেশ প্রদান করিয়া নৃপতি আয়বৃদ্ধি করিবেন, কোন জাতির রাজনীতি শাস্ত্রে এরূপ উপদেশ লিখিত নাই, বরং প্রজার দুঃখমোচন করাই রাজার যথার্থ ধর্ম্ম সর্ব্ব প্রকার রাজনীতি পুস্তকে ইহার ভূরি২ উপদেশ প্রাপ্ত হওয়া যাইতেছে, নৃপতি ভূমির কর বাণিজ্যদ্রব্যের কর প্রভৃতি ভিন্ন২ প্রকার কর গ্রহণের নিয়ম যাহা সর্ব্বদেশে প্রসিদ্ধ আছে, তাহাই গ্রহণ করিবেন, আয়ের প্রতি কর স্থাপন করিবেন, ইংলণ্ডদেশ ব্যতীত অন্যত্র ইহার প্রমাণ প্রাপ্ত হওয়া যায় না, অতএব যে নিয়ম একদেশে প্রচলিত আছে, অন্য কোন দেশে নাই, মেং উইলসন সাহেব রাজকোষের ধনাভাব মোচন নিমিত্ত কি বিবেচনায় তাহা এদেশে প্রচার করণে উদ্যত হইয়াছেন, একারণ আমরা আক্ষেপ পূর্ব্বক লিখিয়াছিলাম, যে কোম্পানিদিগের অধিকার বরং উত্তম ছিল তাঁহারা এতকাল পর্য্যন্ত এদেশের শাসনভার বহন করিয়াছেন, কিন্তু এক দিবসের নিমিত্ত প্রজাদিগের আয়ের প্রতি করস্থাপনের কথা মুখে আনেন নাই, কিন্তু এইদেশে এক বৎসর মহারাণীর শাসনভুক্ত না হইতেই ব্যবস্থাপক সমাজে সর্ব্ব প্রকার বণিক ও ব্যবসায়িদিগের প্রতি লাইসেন্স কর ও উপার্জ্জনের প্রতি আবার স্বতন্ত্র প্রকার কর দোক্তা তামাকের যে মূল্য নিরূপিত আছে তাহার চতুর্গুণ কর, রজত ও তাম্র মুদ্রা যাহা সর্ব্বদেশে প্রচলিত তাহার বিনিময়ে কাগজ চালাইবার যখন প্রস্তাব হইল তখন মহারাণীর শাসনাধীনে দেশের অশেষ প্রকার দুর্দ্দশা হইবেক, প্রজাদিগের দুর্দ্দশার সীমা থাকিবেক না, আমরা বিবেচনার দ্বারা সত্য কথাই লিখিয়াছিলাম, ইহাতে যদি ফ্রেণ্ড সহযোগী মহাশয়ের বিবেচনায় আমরা অসভ্য অবিবেচক ও যুক্তি ও বিচারমার্গ সন্দর্শনে অন্ধ হই তবে আমারদিগের কোন উপায় নাই, সহযোগী মহাশয় সুসভ্য ও সদ্বিবেক এবং যুক্তি ও বিচারমার্গ সন্দর্শনে উজ্জ্বল দৃষ্টি সম্পন্ন হইয়া কি করেন দেখা যাউক।

মেং উইলসন সাহেব প্রকাশ্য কার্য্যালয়ের কেরাণী ও অন্যান্য কর্ম্মচারিদিগের প্রতি কর স্থাপণের যে প্রস্তাব করিয়াছেন, তাহা রহিত করিবার প্রার্থনায় অনেক কার্য্যালয়ের কেরাণীরা এক আবেদন পত্র প্রস্তুত করিয়াছেন, এবং তাহাতে স্বাক্ষর করিয়া ব্যবস্থাপক সমাজে পাঠাইয়াছেন, তাহাতে তাঁহারা লিখিয়াছেন, যে অবিশ্রান্ত রূপে পরিশ্রম করিয়া থাকেন, অনেকে নিয়মিত সময়ে বিদায় প্রাপ্ত হয়েন না, যে দিবস কার্য্যালয়ে গমন করিতে কিঞ্চিৎ বেলা হয়, সেই দিবসের বেতন কর্ত্তন হয়, তাঁহারা সাহেব বিশেষের অনুমতির অধীন হইয়া কার্য্য করেন, এত পরিশ্রম ও উত্তেজনা সহ্য করিয়া যে বেতন প্রাপ্ত হইয়া থাকেন, তদ্দ্বারা তাহারদিগের সংসার যাত্রা নির্ব্বাহ করা অত্যন্ত কঠিন হইয়া থাকে। অতএব এরূপ শ্রমজীবি লোকদিগের সামান্য উপার্জ্জনের প্রতি করস্থাপন করা কোন বিধায়ে কর্ত্তব্য নহে, ব্যবস্থাপক সমাজের মেম্বরগণ বিশেষতঃ মান্যবর উইলসন সাহেব এই আবেদন পত্র প্রাপ্ত হইয়া কিরূপ বিবেচনা করেন, তাহা বলা যায় না, ফলতঃ অনেকে অনুমান করিতেছেন, কেরাণীদিগের প্রার্থনা পরিপূর্ণ হইবার কোন উপায় নাই, মান্যবর মেং উইলসন সাহেব একেবারে প্রতিজ্ঞা করিয়াছেন, প্রজাদিগের আয়ের প্রতি কর স্থাপনের নিয়ম রাজপরাক্রম বলে রাজ্যের সকল স্থানে প্রচলিত করিবেন তাহাতে সুখ্যাতি বা অখ্যাতির বিষয় কিছুই বিবেচনা করিবেন না।

ইংলিসম্যান সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে কুকী নামক অসভ্য জাতি যাহারা ত্রিপুরা পর্ব্বতের নিম্ন ভাগে অবরোহণ পূর্ব্বক বৃটিশ অধিকারের প্রান্তভাগ নিবাসি প্রজাদিগকে আক্রমণ করিয়াছিল, তাহারা অনায়াসে আপনারদিগের মনোভীষ্ট সিদ্ধ করিয়া পুনর্ব্বার পর্ব্বতে আরোহণ পূর্ব্বক নিবিড় অরণ্য মধ্যে প্রবেশ করিয়াছে, তাহারদিগের প্রতিকূলে যে একদল রাজসেনা প্রেরিত হইয়াছিল, তাহারা কিছুই করিতে পারেন নাই। পত্রপ্রেরক লিখিয়াছেন যে কুকিরা অতি ভয়ানক জাতি এমত স্থানে বাস করে যে তথায় অন্য লোকের গমন করা অত্যন্ত কঠিন, অতএব যাহারা নিবিড় অরণ্যমধ্যে প্রবেশ পূর্ব্বক সংগ্রাম

করিতে পারে, তাহাদিগকে সৈন্য শ্রেণীতে নিযুক্ত করিয়া প্রেরণ না করিলে গবর্ণমেণ্ট অসভ্য কুকিদিগকে দমন করিতে পারিবেন না অপিচ বোধ হয় আমাদিগের রাজপুরুষেরা এবিষয়ে ত্রিপুরার মহারাজাকে অবশ্যই পত্র লিখিবেন. তিনি ঐ অত্যাচারিদিগকে ধৃত করিয়া গবর্ণমেণ্টের হস্তে প্রদান করিতে না পারিলে কোন ক্রমেই নিষ্কৃতি পাইবেন না, আমারদিগের বিজ্ঞ সহযোগী ইংলিসম্যান সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে ত্রিপুরার অধিরাজ আপনার অধীনস্থ প্রজাদিগকে শাসনে রাখিতে অক্ষম হইয়াছেন, তাহা না হইলে কুকিরা ত্রিপুরার পর্ব্বত হইতে ব্রিটিশ অধিকার মধ্যে কোন ক্রমে আগমন করিতে পারিত না।

আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুর যেরূপ সমারোহ পূর্ব্বক লাহোর রাজধানীতে প্রবেশ করেন তাহার বিস্তারিত সমাচার নগরীয় প্রায় সমুদায় সমাচার পত্রে প্রকাশ হইয়াছে, লার্ড ডেলহৌসী সাহেব বহু সৈন্য ও সামন্তগণ কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া যে পথ দিয়া গমন করিয়াছিলেন, লার্ড কেনিং বাহাদুরও সেই পথ দিয়া গিয়াছিলেন, নগরবাসিরা অত্যন্ত সমাদর পূর্ব্বক তাঁহাকে গ্রহণ করিয়া যথেষ্ট সম্মান করিয়াছেন। তিনি কোন নিকেতনে অবস্থান করেন নাই, কেল্লার নিকটে ঘোড়দৌড়ের মাঠে অনেক তাম্বু ফেলা হইয়াছিল তাহাতেই কয়েক দিবস অবস্থান করিয়াছিলেন সম্ভ্রান্ত রাজ পরিবার ও সরদারগণ ও রাজকর্ম্মচারিরা সেই তাম্বুতেই শ্রীশ্রীযুতের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন, শ্রীশ্রীযুতকে গ্রহণার্থ পঞ্জাবের কমিসনর শ্রীযুক্ত রবার্ট টেম্পল সাহেব সর্ব্ব বিষয়ে সুনিয়মাদি নির্দ্দিষ্ট করাতে তাঁহার যথেষ্ট সুখ্যাতি হইয়াছে।

আমারদিগের বিজ্ঞবর লেপ্টেনাণ্ট গবর্ণর মানাবর মেং গ্রাণ্ট সাহেব কয়েক দিবস পাটনানগরে অবস্থান করিতেছেন, তথায় এক দরবার হইয়াছিল, তাহাতে তথাকার সম্ভ্রান্ত রাজা ও ভূম্যধিকারি এবং সিবিল ও মিলেটরি কর্ম্মচারি সাহেবেরা উপস্থিত হইয়াছিলেন, শ্রীশ্রীযুত সকলকেই যথা সম্মানে গ্রহণ করিয়াছিলেন. শ্রীশ্রীযুত পাটনা হইতে গয়াধামে যাত্রা করিবেন, এমত কল্পনা আছে।

কলিকাতা রাজধানীতে গ্যাস লাইট লণ্ঠনের যতগুলি সংখ্যা নির্দ্দিষ্ট হইয়াছিল, আমাদিগের গবর্ণমেণ্ট তাহার উপর আরো চারিশত গ্যাসলাইট লণ্ঠন বৃদ্ধি করিবার আদেশ প্রচার করিয়াছেন। তাহার দুইশত লণ্ঠন বাঙ্গালি পল্লীতে থাকিবে। আর বক্রী দুই শত ইঙ্গরেজ পল্লীতে যাইবে গবর্ণমেণ্ট এবিষয়ে নিরপেক্ষ সদ্বিচার করিয়াছে।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় প্রতিপালকেষু।

ধনবান হয়ে যদি সে ধন।
দান না করিয়া হয় কৃপণ॥
কেবল ধনেতে হইয়া ধনি।
ধনমদে মত্ত হয় অমনি॥
বিফল হইবে করিলে দান।
দান ধ্যান জলে ফেলা সমান॥
আনিব মদিরা মনের মত।
হইবে আমোদ আহ্লাদ কত॥
আসিলে বান্ধব আমার কাছে।
বোতল ধরিয়া দিব হে কাছে॥
খাইয়া তাঁহারা কহিবে ভাল।
সফল হইবে আমার ভাল॥
কি হবে পূজায় আমার জয়।
অনর্থ কেবল অর্থের ব্যয়॥
পূজাতে আমার নাহিক কাজ।
রমণী লইয়া শুধু বিরাজ॥
ঘুচিবে মনের সকল দুঃখ।
কেবল দেখিব রমণী মুখ॥
রমণী আমার সকল হয়।
রমণী ব্যতীত কিছুই নয়॥
রমণী রমণী রমণী জয়।
রমণী তুষিলে সকল হয়॥
ভজন পূজন কেবল ফাঁকি।
সুখেতে থাকুক রমণী পাকি॥
রাখিব তাহায় হৃদ আগারে।
যাইতে দিবনা মনের দ্বারে॥
কি জানি কখন উড়িয়া যাবে।
তখন আমার কি দশা হবে॥
কালীকা আসিয়া দিবে কি ধরে।
কালীস্মরণে কি পাবহে তারে॥
ভবেত কালীর চরণে স্মরি।
কালীনাম করি দিবা বর্ব্বরী।
তবে যে ভাবা কালির চরণ।
মনের বাসনা না হয় পূরণ॥

শ্রীপ্রিং নাং দাং
সাং আন্দুল

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the Prabhakur Press

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

২০১

২০৩

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসেনকড়িয়ার দুর্গাচরণ মিত্রের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফায়সং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৬২ সংখ্যা] গুরুবার ২৬ ফাল্গুন ১২৬৬ সাল। ইং ৮ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

২০০ দুইশত মুদ্রা পারিতোষিক।

"তারাহরণ"

ইত্যভিধেয় একখানি উৎকৃষ্ট নাটক যিনি ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের লিখিত মতে সুললিত বঙ্গভাষায় গদ্য পদ্যে রচনা করিবেন, তিনি উপরোক্ত পারিতোষিক প্রাপ্ত হইবেন। দেবগুরু বৃহস্পতি দ্বারা তারা তারানাথ দ্বারা অপহৃতা হওনের আখ্যায়িকা এই নাটকের উপাখ্যান হইবেক। পুস্তকের পরিমাণ ৮ পেজি করবার দুইশত পৃষ্ঠার ন্যূন না হয়। রচনার উৎকৃষ্ট ত্বাপকষত্ব পরীক্ষা জন্য ভাস্কর যন্ত্রালয়ে কমিটী স্থাপন হইবে। ১২৬৭ সালের আশ্বিন মাসের মধ্যে রচনা উক্ত যন্ত্রে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না। যাঁহার রচনা মনোনীত হইবেক তিনি স্বীয় ব্যয়ে নাটক মুদ্রিত করিলে গ্রন্থ স্বত্ব পাইবেন। তদন্যথায় পারিতোষিক প্রদাতা স্বত্বাধিকারী হইবেন।

শ্রীশম্ভুচন্দ্র রায় চৌধুরী।
জমীদার।

বাকীনীয়া, ভূগোলোক বাটী,
জেলা রঙ্গপুর
১৫ ফাল্গুন
১২৬৬ শাল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ..... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ..... ১৲
নলিনীকান্ত শৃঙ্গার ও করুণ রাশ্রিত নবীন উপাখ্যান ১

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাঁহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র-গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

২৬ ফাল্গুণ শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

মান্যবর মেং উইলসন সাহেব সামান্য ব্যবসায়িদিগের এক পর সেণ্টের হিসাবে কর স্থাপনের প্রস্তাব করাতে এতদ্দেশীয় কোন২ মহাশয় এরূপ অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, যে সামান্য ব্যবসায়িগণ যাহারা অল্প উপার্জ্জন দ্বারা জীবিকা নির্ব্বাহ করিয়া থাকে, তাহারদিগের প্রতি রাজস্ব নির্দ্ধারণ করা কোনমতেই বিচার বা রাজনীতিসিদ্ধ হইতে পারে না। আমারদিগের ফ্রেণ্ডসহযোগী মহাশয় এতদুত্তরে লিখিয়াছেন, যে "কর্ম্মকার, স্বর্ণকার, সূত্রধার, কুম্ভকার, চিত্রকর ইত্যাদি সামান্য ব্যবসায়িগণই বৃটিশ অধিকারে ক্রমেং উচ্চ মর্য্যাদা প্রাপ্ত হইতেছে, উপার্জ্জন করিয়া থাকে, তাহারদিগের পূর্ব্বে মৃত্তিকার পাত্র, সামান্য শয্যা, ও ছিন্ন বস্ত্র, এবং পর্ণ কুটীর ছিল, তাহার বিনিময়ে এইক্ষণে কাংশ তৈজস, উত্তম পরিষ্কার শয্যা সুবিচিত্র বস্ত্র এবং উৎকৃষ্ট অট্টালিকা হইয়াছে ক্রমেং তাহারদিগের অবস্থা এমত পরিবর্ত্তন হইয়া আসিয়াছে যে ইউরোপ খণ্ডে যাহারা তাহারদিগের ন্যায় বিবিধ ব্যবসায় নিযুক্ত আছে তাহারাও তদ্রূপ উত্তমাবস্থা প্রাপ্ত হয় নাই। বৃটিশ গবর্ণমেণ্টের শাসনাধীনে ঐ সকল ব্যবসায়িগণ এত সুখভোগ করিতেছে, তাহার দিগের বাণিজ্য কার্য্যের প্রাচুর্য্য হইয়া আসিতেছে গবর্ণমেণ্ট তাহার দিগের ধন প্রাণ রক্ষা ও স্বাচ্ছন্দ বিধান নিমিত্ত এত অর্থ ব্যয় ও পরিশ্রম স্বীকার করিতেছেন, কিন্তু তাহারা কিছুমাত্র রাজস্বপ্রদান করে না। কেবল যে লবণ আহার করিয়া থাকে, তাহার কর স্বরূপ রাজাকে যৎসামান্য কিঞ্চিৎ প্রদান করিয়া থাকে, অতএব ঐ সকল ব্যবসায়ি দিগের প্রতি কর নিরূপণ করা অতি আবশ্যক হইয়াছে।,,

ফ্রেণ্ডসহযোগী মহাশয়ের এই লেখা যেরূপ যুক্তি সঙ্গত তাহা পাঠক মহাশয়েরাই বিবেচনা করিবেন সামান্য ব্যবসায়িগণ পূর্ব্বাপেক্ষা এই ক্ষণে অধিক উপার্জ্জন করিতেছে, একথা যদিও স্বীকার করা যায় তথাচ তাহারদিগের প্রতি কোন নূতন প্রকার রাজস্ব নিরূপিত হইতে পারে না। পূর্ব্বাপেক্ষা তাহারদিগের কিঞ্চিৎ আয় অধিক হইতেছে বটে কিন্তু সংসার যাত্রা নির্ব্বাহ নিমিত্ত তাহারদিগের ব্যয়ও বিলক্ষণ বৃদ্ধি হইয়া উঠিয়াছে। সামান্য ব্যবসায়ে পরিশ্রম করিয়া যে অর্থ উপার্জ্জন করে অগ্নি তুল্য মূল্য দিয়া আহারীয় দ্রব্যাদি ক্রয় করিতেই তাহার অংশ শেষ হইয়া যায়।

গবর্ণমেণ্ট ঐ সকল ব্যবসায়িদিগের ধন প্রাণ রক্ষা ও সুখ স্বাচ্ছন্দ বিধান নিমিত্ত আয় ব্যয় সুনিয়মাদি স্থাপন করিয়াছেন, একথা অস্বীকার যথার্থ বটে, ঐ প্রকার রাজশাসনের উপকার সম্ভোগ বহুকাল পর্য্যন্ত তাহারা করিতেছে, এই রাজ্য যখন স্বাধীন ছিল অর্থাৎ স্বজাতীয় নৃপতিরা যখন এই রাজ্যের সিংহাসনারূঢ় হইয়া শাসনদণ্ড বিধান করিয়াছিলেন, এবং পরে এই রাজ্য যখন জাতির শাসনাধীন হইলেও তাহার দিগের আয়ের প্রতি কোন প্রকার কর নির্দ্ধারিত হয় নাই, কোম্পানি এই রাজ্যের অধীশ্বর হইয়া একশত বর্ষ পর্য্যন্ত এখানকার রাজকার্য্য বিধান করিলেন। তাহারাও বণিক ও ব্যবসায়িদিগের আয়ের প্রতি কর স্থাপনের প্রস্তাব কোন সময়ে উত্থাপন করেন নাই, অতএব যে নিয়ম কোন কালে কোন নৃপতির শাসন সময়ে হয় নাই। মান্যবর মেং উইলসন সাহেব রাজপরাক্রম বলে তাহা প্রচলিত করিলে তিনি তাঁহার সুখ্যাতি করিবেন না। সকলেই তাঁহাকে প্রজাশোষক বলিবে ন তাহার সন্দেহ নাই।

ফ্রেণ্ড সহযোগী মহাশয় মারে

দিয়াছেন যে প্রাক্তন বণিকেরা গবর্ণমেণ্টকে কেবল গবণের কিঞ্চিৎ কর প্রদান করিয়া থাকেন অন্য কোন বিষয়ে কর দান করিবেন না, কি আশ্চর্য্য ভূমির কর যাহা সকল দেশে রাজস্বের প্রধানোপায় বলিয়া গণ্য হইয়াছে ঐ বণিকেরা যখন নিয়মিতরূপে তাহা প্রদান করিতেছে, গবর্ণমেণ্ট বাণিজ্য দ্রব্যের প্রতি শুল্ক নিরূপণ করিয়াছেন তাহা যখন সকল প্রকার প্রজার প্রতি সমভাবে স্থিত হইতেছে, তখন বণিকেরা নব কর ব্যতীত অন্য কোন প্রকার কর প্রদান করিবেন না। এ কথা কোন ব্যক্তি স্বীকার করিবেন? ফ্রেণ্ড সহযোগী মহাশয় নিশ্চয় জানিয়াছেন যে মান্যবর মেং উইলসন সাহেব বিবিধ বিষয়ে কর স্থাপনের যে প্রস্তাব করিয়াছেন ইহা অবিলম্বেই অবধারিত হইবেক। প্রজারা তাহার প্রতি প্রাণপণে আপত্তি করিলেও তাহা গ্রাহ্য হইবেক না। অতএব তিনি মেং উইলসন সাহেবের অন্যায়মতের পোষকতা করণেই প্রবৃত্ত হইয়াছেন।

আমরা পূর্ব্ব পত্রে প্রকাশ করিয়াছি, ব্যবস্থাপক কৌন্সেলের বিজ্ঞ মেম্বর মান্যবর মেং উইলসন সাহেব প্রস্তাব করিয়াছেন, যে গবর্ণমেণ্ট ভিন্নং স্থানের ধনাগার হইতে ৫ টাকা অবধি ১০০০ টাকা পর্য্যন্তের নোট প্রকাশ হইবেক, গবর্ণমেণ্ট ব্যতীত অন্য কোন বেঙ্কের কোন প্রকার নোট প্রচার করিতে পারিবেন না, উইলসন সাহেবের এই প্রস্তাব বাঙ্গাল বেঙ্কের পক্ষে অত্যন্ত কঠিন হইয়াছে, কারণ ঐ বেঙ্কের অধ্যক্ষগণ ব্যতীত অন্য কোন বেঙ্কের অধ্যক্ষেরা এই রাজ্য মধ্যে নোট প্রচারের ক্ষমতা প্রাপ্ত হয়েন, নাই অতএব বাঙ্গাল বেঙ্কের যে সকল নোট প্রচলিত আছে ঐ বেঙ্কের অধ্যক্ষ দিগকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তত্তাবৎ সংগ্রহ করিয়া তাহার টাকা প্রদান করিতে হইবেক, ঐ নোট সংগ্রহ নিমিত্ত গবর্ণমেণ্ট কতদিনের সময় প্রদান করেন তাহা কিছুই বলা যায় না, বোধ হয় অধিক সময় দিতেই হইবেক, তাহা না দিলে সকল নোট সংগ্রহ হইতে পারিবেক না।

নোট প্রচলিত থাকাতেই এই ক্ষণে বাঙ্গাল বেঙ্কের কোষে বিস্তর টাকা আছে তত্তাবৎ বহিষ্কৃত হইয়া গেলে তাহার কর্ম্মাধ্যক্ষদিগকে কেবল মূলধনের উপর নির্ভর করিয়া কার্য্য করিতে হইবেক, সুতরাং তাহাতে আর অধিক পরিমাণে কার্য্য হইয়া অধিক লভ্য হইবার সম্ভাবনা নাই, ওরিএণ্টেল বেঙ্কে চার্টর্ড বেঙ্ক প্রভৃতি প্রকাশ্য বেঙ্ক সকলের কার্য্যাধ্যক্ষরা যে নিয়মে কার্য্য করিতেছেন, বাঙ্গাল বেঙ্কের কর্ম্মধ্যক্ষেরা সেই রূপে কার্য্য করিয়া লভ্য সম্ভোগ করিবেন।

পরন্তু বাঙ্গাল বেঙ্কের নোট অপ্রচলিত হইলে তথাকার কার্য্য অনেক ন্যূন হইবেক, ডৈরেকটর সাহেবেরা, কর্ম্মচারিদিগের মধ্যে অনেক ব্যক্তিকে কার্য্য হইতে বহিষ্কৃত করিয়া দিতে বাধ্য হইবেন, তাহার সন্দেহ নাই।

নীলকরদিগের অধীনে প্রদেশীয় রাইয়তেরা কি কারণ কার্য্য স্বীকার করেনা, সংবাদ পত্র সম্পাদক ও পত্র প্রেরকেরা বাহুল্যরূপে আন্দোলন করিতেছেন, ইংলিসম্যান পত্রে কোন এতদ্দেশীয় পত্র প্রেরক লিখিয়াছেন, যে রাইয়তেরা যে প্রকার পরিশ্রম করিয়া থাকে, তাহার উপযুক্ত বেতন প্রাপ্ত হয় না, রাইয়তেরা যে ভূমিতে নীলবৃক্ষ রোপণ করিয়া থাকে, নীলকরেরা তাহার প্রত্যেক বিঘার নিমিত্ত রাইয়তকে দুই টাকা এডবেন্স অর্থাৎ অগ্রিম প্রদান করিয়া থাকেন, কিন্তু তাহারা সেই দুইটাকার সমুদায়াংশ প্রাপ্ত হয় না, গোমস্তা অথবা নীলকুঠির দেওয়ান বা অন্য কোন প্রকার কর্ম্মচারি যাঁহারদিগের প্রতি কর্তৃত্ব করণের ভার সমর্পিত আছে, তাঁহারা দস্তুরি বলিয়া প্রত্যেক টাকার ৵ আনার হিসাবে কাটিয়াছেন তদ্ভিন্ন আমিন ও অন্যান্য কর্ম্মচারি যাহারা ক্ষেত্রের কার্য্যের অবধারণ করিয়া থাকে, তাহারা সেই অবশিষ্ট টাকা হইতে আরো চারি আনা গ্রহণ করে, কুঠির সেলামি দস্তুরি দিয়া দুঃখি রাইয়তের যাহা থাকে তাহাতে তাহার এক পক্ষের উদরান্ন নির্ব্বাহ হওয়া কঠিন হয়, সেই নামান্য অর্থেই প্রজাকে নীলবীজ বপণ করণ ভূমি প্রস্তুত করিতে হইবেক, এবং তাহারা যে বীজবপণ করিবেক তাহা আবার ঐ কুঠি হইতেই ক্রয় করিতে হইবেক, এইরূপ অল্প আয়

দ্বারা অবিশ্রান্ত রূপে পরিশ্রম করিয়া থাকে, তাহা প্রত্যেক টাকার ছয় বাণ্ডিলের হিসাবে কুঠির অধ্যক্ষ সাহেবকে বিক্রয় করিতে হইবেক, সুতরাং নীলবৃক্ষ রোপণ করিয়া রাইয়তদিগের কোন প্রকার লভ্য হয় না, একারণ নীলকরের কার্য্য করণে প্রজারা অস্বীকার করে, পত্র প্রেরক মহাশয় এইরূপ যেং কথা লিখিয়াছেন, তত্তাবৎ অতি যথার্থ বলিতে হইবেক, মেং ফোরলাং সাহেব ইহার কিরূপ উত্তর প্রদাদ করেন, তাহা বলা যায় না।

মান্দ্রাজ গবর্ণমেণ্টের অধীনে তাঞ্জোর নামে রাজ্য আছে, তথাকার অধিরাজ সম্প্রতি পরলোক গমন করাতে ঐ রাজ্য এক প্রকার মান্দ্রাজ গবর্ণমেণ্টর কর্ত্তৃত্বাধীন হইয়াছে, যেহেতু মহারাজের পুত্র সন্তান নাই। চতুর্দ্দশ বর্ষ বয়স্কা এক অবিবাহিতা কন্যা আছে। তিনি বয়ঃপ্রাপ্তা হইলেই রাজ্যাধিকারিণী হইবেন। অল্প দবস কন্যার মাতা ও অন্যান্য পরিবারেরা মান্দ্রাজর রাজ্যের বিজ্ঞবর গবর্ণর শ্রীযুক্ত স্যার চারেলস ট্রিবিলিয়ান সাহেবের সমীপে তাহার পরিণয় সম্পাদনের প্রস্তাব করিয়াছিলেন, যে রাজকন্যা স্বয়ম্বরা হইবেক। পরন্তু ঐ কন্যার এক জ্যেষ্ঠা সহোদরা ছিল, অনেক দিবস হইল তিনি পরলোক গমন করিয়াছেন, কিন্তু তাঁহার স্বামী জীবিত আছেন, ঐ ব্যক্তির বয়স অনেক হইয়াছে, একারণ কন্যার মাতাও আত্মীয়বর্গ তাঁহাকে কন্যা দান করণে সম্মতি প্রদান করিয়াছিলেন, কিন্তু স্যার চারেলস ট্রিবিলিয়ান সাহেবের মনেং অভিপ্রায় ছিল, যে রাজকন্যা আপনার জ্যেষ্ঠাসহোদরার স্বামিকে বরণ করিলে সর্ব্ব বিধায়ে উত্তম হয়। সাহেবের সন্তোষ বিধান নিমিত্ত রাজকন্যা তাঁহারই পাণিগ্রহণ করিয়াছেন।

এই ঘটনা জন্য তাঞ্জোর বাসি হিন্দুগণ সকলেই মান্দ্রাজ রাজ্যের গবর্ণর বাহাদুরের প্রতি অসন্তোষ প্রকাশ করিতেছেন, তাঁহারা বলিতেছেন, যে পর্য্যন্ত কন্যাবয়ং প্রাপ্ত না হইবেন সেই পর্য্যন্ত তাঁহার বিষয়াদি গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে থাকিবেক, তাঞ্জোরের মহারাজের মৃত্যুর পর গবর্ণমেণ্টের সহিত এইরূপ নিয়ম অবধারিত হইয়াছে, কিন্তু গবর্ণমেণ্টের অভিমত ক্রমে রাজকন্যার বিবাহ নির্ব্বাহ হইবেক, এরূপ কোন নিয়ম নির্দ্ধারণ হয় নাই বিশেষতঃ কন্যা পুত্রের বিবাহ বিষয়ে জনকজনীর অভিমতই গ্রাহ্য হইয়া থাকে, অতএব রাজ দুহিতার জ্যেষ্ঠা ভগ্নির স্বামির সহিত তাঁহার বিবাহ নির্ব্বাহ হয়, যখন রাজ পরিবার সংক্রান্ত কোন ব্যক্তির এরূপ অভিপ্রায় নহে, তখন ঐ বিষয়ে স্যার চারলেস ট্রিবিলিয়ান সাহেবের সম্মতি প্রদান করা কোনমতেই সুবিবেচনায় কার্য্য হয় নাই।

বিলাতীয় সংবাদ পত্র সম্পাদকদিগের লিখনাভাস দ্বারা স্পষ্টরূপে প্রকাশ হইতেছে, যে চীনদেশীয় সমরানল প্রজ্বলিত হইবেক, না ঐ সংগ্রামারম্ভ হয় কোন ব্যক্তির এমত অভিপ্রায় নহে কিন্তু এদিকে ভারতবর্ষ হইতে সৈন্য সকল প্রেরিত হইতেছে, গবর্ণমেণ্ট বণিকদিগের অনেক জাহাজ ভাড়া লইয়াছেন, তাহাতে বিস্তর টাকা ব্যয় হইতেছে, বিলাত হইতে নূতন প্রকার যুদ্ধাস্ত্র সকল প্রেরিত হইয়াছে সংগ্রাম সময়ে সেনারা তাহার ব্যবহার করিবেক, অতএব চীনদেশীয় সংগ্রামানুষ্ঠান বিষয়ে আমারদিগের রাজপুরুষেরা কিরূপ বিবেচনা করিয়াছেন, আমরা তাহার নিশ্চয় অবধারণ করিতে পারি নাই, ফ্রেণ্ড অব ইণ্ডিয়া সম্পাদক মহাশয় লিখিয়াছেন, রাজ সেনারা চীনদেশে উপস্থিত হইবেক বটে কিন্তু সংগ্রাম হইবেক না, আমেরিকার গবর্ণমেণ্ট এই বিবাদ নিষ্পত্তি নিমিত্ত মধ্যস্থ হইয়াছেন, সন্ধিপত্র অবধারণ সময়ে ব্রিটিস গবর্ণমেণ্ট যেরূপ অভিমত ব্যক্ত করিবেন, সেই রূপেই তাহা অবধারিত হইবেক, একজন ব্রিটিশ রাজদূত নগরে গমন পূর্ব্বক তথাচ অবস্থান করিতে পারিবে না।

হণ্ট ও ব্রোন সাহেবের বিষয় যাহা আমরা ইতিপূর্ব্বে প্রভাকরে প্রকাশ করিয়াছিলাম, ঐ ঘটনা উত্তর পশ্চিম প্রদেশে হয় নাই, বোম্বাই গবর্ণমেণ্টের অধিকার মধ্যে হইয়াছিল, এবং তাহার বিচার বোম্বাই রাজধানীর সুপ্রিমকোর্টেই উপস্থিত হইয়াছে।

Printed and Published by RAMCHUNDE GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

২৯৭

২০৫

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসেনকুড়িয়ার দুর্গাচরণ মিত্রের ষ্ট্রিটে ৪৯ নং ভবনে সম্পাদক শ্রীযুক্ত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আন অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৩৩ সংখ্যা] শুক্রবার ২৭ ফাল্গুণ ১২৬৬ সাল। ইং ৯ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

২০০ দুইশত মুদ্রা পারিতোষিক।

"ভারাহরণ"

ইত্যভিধেয় একখানি উৎকৃষ্ট নাটক যিনি ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের লিখিত মতে সুললিত বঙ্গভাষার গদ্য পদ্যে রচনা করিবেন, তিনি উপরোক্ত পারিতোষিক প্রাপ্ত হইবেন। দেবগুরু বৃহস্পতি দারা তারা তারানাথ দ্বারা অপহৃতা হওনের আখ্যায়িকা এই নাটকের উপাখ্যান হইবেক। পুস্তকের পরিমাণ ৮ পেজি করমার দুইশত পৃষ্ঠার ন্যূন না হয়। রচনার উৎকৃষ্ট স্বাপকষত্ব পরীক্ষা জন্য ভাস্কর যন্ত্রালয়ে কমিটী স্থাপন হইবে। ১২৬৭ সালের আশ্বিন মাসের মধ্যে রচনা উক্ত যন্ত্রে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না। যাঁহার রচনা মনোনীত হইবেক তিনি স্বীয় ব্যয়ে নাটক মুদ্রিত করিলে গ্রন্থ স্বত্ব পাইবেন। তদন্যথায় পারিতোষিক প্রদাতা স্বত্বাধিকারী হইবেন।

শ্রীশম্ভুচন্দ্র রায় চৌধুরী।
জমীদার।

বাকীনীয়া, ভূগোলোক বাটী,
জেলা রঙ্গপুর
১৫ ফাল্গুণ
১২৬৬ শাল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্শী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস .... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ..... ১।
নলিনীকান্ত শৃঙ্গার ও করুণ রাশ্রিত নবীন উপাখ্যান ১

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

৫২৫

সংবাদপ্রভাকর

২৭ কার্ত্তিক শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

বঙ্গভাষানুবাদক-সমাজ।—কয়েক বৎসর অতীত হইল, কলিকাতা রাজধানীতে বঙ্গভাষানুবাদক সমাজ প্রতিষ্ঠিত হইয়াছে। সম্প্রতি উক্ত সমাজের অধ্যক্ষ শ্রীযুক্ত কাউয়েল সাহেব তাহার একখানি অষ্টাদশ মাসিক বিবরণ মুদ্রিত ও প্রচারিত করিয়াছেন। সে বিবরণ আমাদের নিকটে একখানি পাঠাইয়াছেন। আমরা সে বিবরণের আদ্যান্ত পাঠ করিলাম।

বঙ্গভাষার উন্নতি ও মূল গ্রন্থের সংখ্যা বৃদ্ধিই বঙ্গভাষানুবাদক সমাজের প্রধান উদ্দেশ্য। শ্রীযুক্ত ই, বি, কাউয়েল ঐ বিবরণের প্রথমেই তাহা স্বীকার করিয়াছেন। সমাজের এ উদ্দেশ্য অতি উত্তম। বাঙ্গলা ভাষার গ্রন্থ সংখ্যা বৃদ্ধি হইলেই যদি বাঙ্গলা দেশের মঙ্গল হইত, তাহা হইলে আর আমাদের কিছুই ভাবনা ছিল না। বাঙ্গলাভাষার যথেষ্ট গ্রন্থ রচিত, মুদ্রিত ও প্রচারিত হইয়াছে। কিন্তু সে সকল গ্রন্থ ভদ্রলোকের পাঠযোগ্য নহে। অতএব বোধ হইতেছে, ভদ্রলোকের ও বালকবালিকাদের পাঠোপযোগী সুপ্রণালীসিদ্ধ গ্রন্থ প্রচারই বঙ্গভাষানুবাদক সমাজের প্রধান উদ্দেশ্য। যদি এরূপ উদ্দেশ্যই হয় তবে সমাজিকদের এতদ্বিষয়ে কত উপদেশ দেওয়া কর্ত্তব্য। সমাজ সংস্থাপনাবধি সামাজিকেরা যত গুলি গ্রন্থ ও পুস্তক প্রকাশ করিয়াছেন, তাহার অধিকাংশই নিষ্প্রয়োজন ও অকিঞ্চিৎকর হইয়াছে। আপনার দোষ গুণ আপনার হৃদয়ঙ্গম হয় না। এ নিমিত্তে বঙ্গভাষানুবাদক সমাজ তাহা বুঝিতে পারেন নাই। সমাজের প্রকাশিত অধিকাংশ পুস্তকেরই রচনার প্রণালী ও রীতি এক স্বতন্ত্রপ্রকার। তাহা পাঠ করিলে বালকবালিকারা সহজে পাঠ করিতে ও বুঝিতে পারে বটে, কিন্তু বালকবালিকাদের সুরীতিশুদ্ধ রচনা পাঠ জন্য বিশেষ ফল লাভ হয় না।

আমরা পাঠ করিয়া দেখিয়াছি অনুবাদক সমাজের প্রকাশিত কয়েকখানি পুস্তকে সন্তানকে ক্রোড়ে "লওতঃ,, ভাত "খাওতঃ,, একপ অসমাপিকা ক্রিয়ার ভূরি প্রয়োগ আছে। এ কি সুপ্রণালীসিদ্ধ ও রীতিবিশুদ্ধ রচনার নিদর্শন! না সুকুমারবুদ্ধি বালকবালিকাদের ভাষা শিক্ষার সদুপায়? অবশ্যই বলিতে হইবে, বালকবালিকাদের ইহা পাঠ করিলে কুসংস্কার বৃদ্ধি হইবে। অতএব উক্ত সমাজের সামাজিকদের গ্রন্থ ও পুস্তকের সংখ্যা বৃদ্ধি বিষয়ে আর মনোযোগ দিবার প্রয়োজন নাই, যাহাত বিশুদ্ধরচনার উত্তম উত্তম পুস্তক সকল প্রকাশ হয় এরূপ বিষয়ে মনোযোগ দেওয়া আবশ্যক। পাণ্ডিতেরা বলিয়া থাকেন।

"গ্রন্থী ভবতি পণ্ডিতঃ।,,

যাঁহার অধিক গ্রন্থ সংগ্রহ আছে, তিনিই পণ্ডিত। বোধ হয় বঙ্গভাষানুবাদক সমাজ নিশ্চয় করিয়াছেন, বাঙ্গালিদিগকে অধিক গ্রন্থ সংগ্রহ করিয়া দিলেই তাহারা সুশিক্ষিত হইবে। কলতঃ তাহা নহে, উক্ত সমাজ যদি প্রতিবৎসর দুর্ভাগা দেশীয়দের জন্য দুই তিন খানি করিয়া গ্রন্থের মত গ্রন্থ প্রকাশ করিতে পারেন, তাহা হইলে তাহাদের ভাবানুশীলন জন্য যথেষ্ট ফল লাভ হইবে, তাহার আর সন্দেহ নাই।

বঙ্গভাষানুবাদক সমাজ হইতে রীতিবিশুদ্ধ উৎকৃষ্ট গ্রন্থ প্রকাশিত হয় না, ইহার কারণ কি? বোধ হয়, সমাজিকদের অমনোযোগিতাই ইহার প্রধান কারণ। সামাজিকেরা প্রতিজ্ঞা করিয়াছেন, গ্রন্থ সমাজের মনোনীত হইলে গ্রন্থকর্ত্তাকে ২০০ টাকা পারিশ্রমিক বা পারিতোষিক দিব। সামাজিকদের এ নিয়ম অন্যায় নিয়ম। এ নিয়মানুসারে কোন সৎলেখক এই অসাধারণ পরিশ্রমে অগ্রসর হইবেন? তবে যাঁহারা নূতন লেখক, বাঙ্গলাভাষার তাদৃশ অধিকারী নহেন, তাঁহারাই রচনাশিক্ষার্থে ও তাহার সঙ্গেই অর্থোপার্জ্জনলালসায় এই দুরূহ কর্ম্মে প্রবৃত্ত হন। যথাসাধ্য রচনা করিয়া সমাজে প্রেরণ করেন। সমাজ ও তাহা অনায়াসে গ্রাহ্য করেন। বাঙ্গালা ভাষার রসজ্ঞ ও বিশেষজ্ঞ লোক প্রায় নাই। যাঁহারা গ্রন্থের বিবেচকরূপে নির্দ্দিষ্ট আছেন, তাঁহারা ইঙ্গরেজী বিষয়ে একজন অতি প্রধান বটেন, কিন্তু বাঙ্গলাভাষায় সেরূপ নহেন। সুতরাং সমাজের মধ্যে কেহই প্রচারযোগ্য গ্রন্থের দোষগুণ বুঝিতে পারেন নাই। গ্রন্থ ইঙ্গরেজী মতের অনুযায়ী হইলেই তাহা প্রকাশ করিয়া থাকেন। সমাজের প্রচারিত সকল গ্রন্থই যে এইরূপ মন্দ হইতেছে, এমন নহে, কয়েকখানি গ্রন্থ উৎকৃষ্ট হইয়াছে, তথাপি সে সকল গ্রন্থ পাঠশালা বা বিদ্যালয়ের উপযোগী হয় নাই।

সমাজের আয় বুঝিয়া ব্যয় করা উচিত। অতএব সামাজিকেরা বলিতে পারেন, সমাজের অধিক আয় না থাকিলে গ্রন্থকর্ত্তাদিগকে কি রূপে অধিক পারিতোষিক দেওয়া যায়? বস্তুতঃ একথাও প্রমাণ বটে; কিন্তু আমরা বলি, উক্ত সমাজের অধ্যক্ষেরা যে পাঁচখানি সামান্য গ্রন্থের ব্যয় বহন করিতেছেন, একখানি উৎকৃষ্ট গ্রন্থের উপর স্বীকার করেন। তাহা হইলে আর সেরূপ হয় না। তাহা হইলে অবশ্যই জগৎ লেখকেরা ভালভাল গ্রন্থ সকল প্রস্তুত করিতে প্রবৃত্ত হইবেন। অতএব অনুবাদক সমাজের দ্বারা বাঙ্গালা দেশের কিতসাধনের ইচ্ছা থাকে, তবে অবিলম্বে সমাজের প্রাচীন নিয়মাবলী পরিবর্ত্তিত করিয়া নূতন নিয়মাবলী প্রবর্ত্তিত করুন।

ক্রেও অফ্ ইণ্ডিয়া সম্পাদক লিখিয়াছেন, "বাঙ্গালিরা মূলগ্রন্থ রচনায় যারপর বিফলপ্রযত্ন হইতেছে তথাপি বঙ্গভাষানুবাদক সমাজ তাহাদের উৎসাহ দানের নিমিত্তে যারপর চেষ্টা করিতেছে।" হে পাঠকবর্গ! ক্রেও সম্পাদকের কি নির্ম্মল বুদ্ধি! কি যথার্থেরই অনুমান করিয়া তুলিয়াছেন! তিনি মনে করিয়াছেন, বাঙ্গালিরা কেবল ইঙ্গরেজী গ্রন্থের অনুবাদেই পটু, তাহাদের আর মূল গ্রন্থ রচনার শক্তি নাই। বোধ হয় তিনি অনুবাদক সমাজের এই সকল মূলগ্রন্থ সৃষ্টি করিয়া বাঙ্গালিদিগকে মূল গ্রন্থরচনায় অক্ষম নিশ্চয় করিয়াছেন। সে যাহা হউক, তাঁহার এ অনুমান নিতান্ত অমূলক। তিনি যদি ইঙ্গলণ্ডীয় দরিদ্র গ্রন্থকর্ত্তৃগণের গ্রন্থস্বত্ব বিক্রয় ও ধনোপার্জ্জনের বিষয় গুলি কিঞ্চিৎ শ্রম স্বীকার করিয়া একবার স্মরণ করিতেন, তাহা হইলে আর এরূপ অযৌক্তিক বচনবিন্যাস করিতেন না।

আমরা প্রার্থনা করি, এই অনুবাদক সমাজ চিরস্থায়ী হউক। সমাজ হইতে উৎকৃষ্ট গ্রন্থ প্রচারিত হয়, ইহাই আমাদের ইচ্ছা। অতএব উক্ত সমাজের বাঙ্গালি সভ্য মহাশয়েরা তদ্বিষয়ে মনোযোগী হইবেন। ভারতবর্ষীয় গবর্ণর জেনেরল শ্রীযুক্ত লার্ড কেনিং বাহাদুর এই সমাজের সাহায্যকারী। লার্ড বাহাদুরের রাজত্ব সময়ে যদি এই সমাজদ্বারা বঙ্গীয় পুস্তকালয়ের কিঞ্চিন্মাত্র শ্রীবৃদ্ধি হয়, তথাপি তাঁহার অক্ষয়কীর্ত্তি ভারতবর্ষে চিরস্থায়িনী হইবে।

মান্যবর মেং উইলসন সাহেব রাজকীয় আয়বৃদ্ধি বিষয়ে বিশেষ মনোযোগী হইয়া ব্যবস্থাপক সমাজে নানা প্রকার প্রস্তাব উপস্থিত করিয়াছেন, কিন্তু কিং উপায় দ্বারা প্রজাদিগের সুখস্বচ্ছন্দতা বৃদ্ধি হইতে পারে, তদ্বিষয়ে তিনি কোন প্রসঙ্গ উত্থাপন করেন নাই। যে কোন মহাশয় প্রথমতঃ রাজকার্য্যের অধ্যক্ষতাপদে অভিষিক্ত হয়েন তিনি সর্ব্বাগ্রেই প্রজাসমাজের সুখ্যাতিলাভের আশায় প্রজার উপকারব্রত পালনেই নিযুক্ত হইয়া থাকেন, কিন্তু মান্যবর মেং উইলসন সাহেব তদ্বিপরীতাচরণে প্রবৃত্ত হইয়াছেন। প্রজার বিদ্যানুশীলন বিষয়ে সুসভ্য নৃপতিগণ সর্ব্বাগ্রে মনোযোগ করেন, কিন্তু আমারদিগের রাজপুরুষেরা প্রজার বিদ্যানুশীলনের কথা এক্ষণে আর মুখাগ্রেও আনেন না। বিলাতের কর্ত্তৃপক্ষ মহাশয়েরা ইতিপূর্ব্বে অনুমতি প্রেরণ করিয়াছিলেন, যে বিলাতের অনুমতি ব্যতীত বিদ্যাদান বিষয়ে গবর্ণমেণ্ট একটী পয়সাও ব্যয় বৃদ্ধি করিতে পারিবেন না। ঐ অনুমতিই বলবতী আছে, গবর্ণমেণ্টের অধীনস্থ বিদ্যালয় সকলে ছাত্রদিগের বেতন বিলক্ষণ বৃদ্ধি হইয়াছে। পূর্ব্বে হিন্দুকালেজের ছাত্রদিগের মাসিক বেতন পাঁচ টাকাছিল মৃতমহাত্মা হ্যার সাহেবের বিদ্যালয়ের ছাত্রদিগের বেতন পূর্ব্বে কিছুই নিরূপিত ছিল না। পরে দুই টাকা হইয়াছিল। কিন্তু ক্রমে২ হিন্দুকালেজের বেতন আট টাকা হ্যার সাহেবের স্থাপিত বিদ্যালয়ের ছাত্রীয় বেতন চারি টাকা এই রূপ সকল বিদ্যালয়ের মাসিক বেতন বৃদ্ধি হওয়াতে মধ্যমাবস্থ ব্যক্তিগণ যাঁহারা অল্প আয়ের প্রতি নির্ভর করিয়া সংসার যাত্রা নির্ব্বাহ করেন, তাঁহারা আপনাপন সন্তানগণের বিদ্যানুশীল বিষয়ে বিলক্ষণ চিন্তাকুলিত হইয়াছেন।

এইস্থলে যদি কেহ বলেন যে রাজকীয় আয় ব্যয় বিষয়ের বিবেচনা

নিমিত্ত সম্প্রতি রাজকোষের যে অ-
নাভাব হইয়াছে তাহা মোচন করি-
বার অভিপ্রায়েই মহারাণী ইংলণ্ডে-
শ্বরী ও তাহার অধীনস্থ প্রধান ক-
র্ম্মচারিরা মেং উইলসন সাহেবকে
এদেশে প্রেরণ করিয়াছেন, এবং
তিনি এদেশে আগমন করিয়া স্বীয়
সঙ্কল্পিত বিষয়েই মনোযোগী হই-
য়াছেন, কিন্তু স্থিরতররূপে বিবে-
চনা করিলে এই কথা কোন মতেই
স্বীকার করা যাইতে পারে না। মৃত
মহাত্মা বিটন সাহেব যে পদে অ-
ভিষিক্ত ছিলেন, মেং উইলসন সা-
হেব যখন সেই কার্য্যের ভার গ্রহণ
করিয়াছেন, তখন ব্যবস্থা নির্দ্ধারণের
সকল কার্য্যেই তাঁহাতে সমর্পিত হ-
ইয়াছে আমরা অবশ্যই বলিব
যে তিনি কেবল রাজকীয় আয় ব্যয়
বিষয়ের ভার গ্রহণ করিয়া এ-
দেশে আগমন করিয়াছেন এমত
নহে। ব্যবস্থাপন কার্য্যের ভারও
তাঁহার উপর পড়িয়াছে তিনি
এই রাজ্য মধ্যে ব্যবস্থাপক
সভায় দণ্ডায়মান হইয়া যেক
প বক্তৃতা করিয়াছেন, আমরা
অবশ্য বলিব যে এই ভারতবর্ষীয়
ব্যবস্থাপক সমাজ সংস্থাপন হওয়া
বধি এপর্য্যন্ত কোন ব্যক্তি ঐরূপ ব
ক্তৃতা করিতে পারেন নাই। কিন্তু
এই বিষয়ে আমারদিগের একমাত্র
আক্ষেপ আছে, এই রাজ্যের রাজ
কোষ ধনপূর্ণ ছিল এবং যে স
ময়ে যুদ্ধ বিগ্রহ ও অন্য কোন প্র
কার কিরূপ ঘটনা হয় নাই, মেং
উইলসন যদি সেই সময়ে রাজে
র ব্যবস্থাপকের পদে অভিষিক্ত হই
য়া এদেশে আগমন করিতেন তবে
তাহার দ্বারা দেশের কত প্রকার
উপকার হইত তাহা আমরা লিখি
য়া ব্যক্ত করিতে পারি না।

অতএব মেং উইলসন সাহে
ব এদেশে অশুভক্ষণে পদা
র্পণ করিয়াছেন, একথা আমরা
অবশ্য বলিব মহারাণী ইংলণ্ডেশ্বরী
যখন দেখিলেন যে বিদ্রোহ ঘটনা
ও বহুব্যয় জন্য তাঁহার অধিকার
ভুক্ত সুবর্ণ ভূমি এই ভারত রাজ্য
উচ্ছিন্ন যাইবার উপক্রম হইয়াছে,
নানা প্রকার বিপদ ঘটনা জন্য আ
রদিগের বিজ্ঞবর গবর্ণর জেনেরল
লার্ড কেনিং বাহাদুর অতিশয় ক্ষু
ভূতাপিত হইয়াছেন, তখন মহারাণী
এই দীর্ঘ রাজ্য আপনার শাসনা
ধীনে গ্রহণ করিয়া ইহার মঙ্গল ও কুশ
ল নিমিত্ত মান্যবর মেং উইলসন সা
হেবকে ব্যবস্থাপ পদে অভিষিক্ত
করিয়া এদেশে প্রেরণ করিয়াছেন,
অতএব তিনি যে কার্য্যের ভারগ্রহণ
করিয়াছেন তাহা সামান্য নহে।

বিদ্রোহী বাহাদুর খাঁর কাগজ
পত্র হইতে যে একখানি পত্র পাও
য়া গিয়াছিল, তাহা সকলেই অবো
ধ্যার বাদসাহের লিখিত মনে করি
য়াছিলেন। এক্ষণে প্রকাশ হইয়াছে,
সে পত্র তাঁহার লিখিত নহে, তাঁহার
পুত্রের লিখিত। তাঁহার পুত্রের
নাম মির্জা খাক্। সে পত্রের মো
হরে এইরূপ লিখিত আছে;—"সে
কেন্দর-উল-মুলুক মির্জা খাক্ সুল
তান বাহাদুর ইবুল মুজফর সিরাজ
উদ্দীন মহম্মদ বাহাদুর সাহা বাদ

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক
মহাশয় প্রতিপালকেষু।

সম্পাদক মহাশয়! আপনকার
গত বৃহস্পতিবারের প্রভাকর পত্র
পাঠে অবগত হইলাম, যে কোন
মান্যবর দুইটী প্রশ্ন পূরণার্থে স
কলকে আদেশ করেন তাহাতে আমি
অনেক যত্ন সহকারে উক্ত প্রশ্নদ্বয়
পূরণ করিয়া প্রেরণ করিতেছি, যদি
প্রকাশ যোগ্য হয় তবে সংশোধন
করিয়া প্রকাশে চিরবাধিত করি-
বেন।

১ ম। প্রশ্ন।

চরণ দুইখানি হেরি রাঙ্গা টুক টুক।
সকল শরীর শুভ্র দেখী সরস্বতী।
শিরোপরী কৃষ্ণকেশ শোভাকরে অতি
তরুণ অরুণ প্রায় করে ধুক ধুক।
চরণ দুখানি হেরি রাঙ্গা টুক টুক॥

২ য়। প্রশ্ন।

একবার দেখিয়াছি আর ইচ্ছা আছে।
শিখরে মহিনী রূপ হেরি দৈতাচর।
দ্রুতআসি কহে শুম্ভ রাজার গোচর॥
শুন প্রভু কেরিলাম নারী অপরূপা।
ত্রিভুবন মধ্যে নাহি তাঁহার স্বরূপা॥
রূপের প্রভাবে গিরি আলো করিয়াছে।
একবার দেখিয়াছি আর ইচ্ছা আছে॥

শ্রীদেবেন্দ্রনাথ রায়।
সাং দমদমা।

Printed and Published by RAMCHUNDR GOOPTO at the *Probhakur Press*

সংবাদপ্রভাকর

প্রাতঃকাল

২৯৭ ২০৭

এই প্রভাকর পত্র প্রতিবার রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তর্গতি ভূতীচরণ শীলের ষ্ট্রীটে ৩২ নং ভবনে সম্পাদক শ্রীযুত হরকান্ত গুপ্তকর্তৃক প্রকাশিত হয়

॥*॥*॥* সতাং মনস্কামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*॥

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রাম্যং ভ্রাম্যতভ্রমরীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অন্যোদ্যাদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে সন্ধুক্ষং দিবসৈগিবস্তু চতুরস্বাস্তদ্বিরেফারয়ং॥

গুরু এই পত্রের অগ্রিম মূল্য ১৲ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।৹ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৪৯৪ সংখ্যা] শনিবার ২৮ ফাল্গুন ১২৬৬ সাল। ইং ১০ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কামাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

মাক্কার সেল।

যে মোকদ্দমায় রাণী সুরতকুমা
রীদাসী বাদিনী এবং প্রসন্ননারায়ণ
দেব ও অন্যান্য প্রতিবাদী সেই মো
কদ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃ
পাতি কোর্ট উইলিয়ম দুর্গের অ
ধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয়
হইতে ১৮৫৭ খৃষ্টাব্দের ৩ মে তারি
খে যে অনুমতি প্রদত্ত হইয়াছে, তা
হার ক্ষমতানুসারে এবং উল্লেখিত
সুপ্রিমকোর্টের মাষ্টারশ্রীযুক্ত উইল
য়ম মর্গান সাহেবের সম্মতি ক্রমে
উক্ত সুপ্রিমকোর্ট নামক বিচার ম
ন্দিরে তাঁহার দপ্তরখানার নিম্নলি
খিত সম্পত্তি সকলের প্রতি রাজা
সীতানাথ বসু বাহাদুরের যে স্বত্ব
ও অধিকারকার ও সম্পর্ক আছে
তাহা আগামী ১০ মার্চ্চ শনিবার বেলা
ঠিক দুই প্রহরের সময়ে নিশ্চিতরূপে
বিক্রীত হইবেক।

নম্বর ১। বিশেষতঃ মহানগর
কলিকাতার শ্যামপুকুরের সামিল
ও তন্মধ্যস্থিত এক দোতালা পরি
বারের বসতি বাটী ও তাহার সঙ্গে
যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার প
রিমাণ অনুমান ২ দুই বিঘা এবং
তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশে
ষতঃ দক্ষিণ এবং পূর্ব্বদিকে প্রকাশ্য
রাস্তা উত্তরদিকে কন্দর্প গুণ্ডের
বাটী এবং পশ্চিমদিগে রতন চট্টো
পাধ্যায়ের বাটী।

নম্বর ২। বিশেষতঃ মহানগর
কলিকাতার শ্যামপুকুরের অন্তঃপা
তি ও তন্মধ্যস্থিত এক খণ্ড ও বন্দ
ভূমি তাহার পরিমাণ অনুমান ৵৩ তি
নকাঠা এবং তাহা এইরূপ চতুঃসীমা
বদ্ধ বিশেষতঃ উত্তরদিকে উক্ত ক
ন্দর্প গুণ্ডের বাটী, দক্ষিণদিকে ম
নোহর মিত্রের ভূমি পশ্চিমদিকে
এক গলি পথ যদ্দ্বারা গঙ্গানারায়ণ
গঙ্গোপাধ্যায়ের বসতি বাটীতে যা
ওয়া যায় এবং পূর্ব্বদিকে রাজা সী
তানাথবসুর পরিবারে বসতি বাটী।

নম্বর ৩। বিশেষতঃ জিল চ
ব্বিশ পরগণার অন্তঃপাতি শুকচর
নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত
যে এক বাগান তাহাতে পুষ্করিণী
নানা জাতীয় বৃক্ষাদি ও আটচালা
অথবা বাঙ্গলা ঘর এবং তাহা ইষ্টক
নির্ম্মিত প্রাচীর দ্বারা পরিবেষ্টিত ও
তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ
ভূমি তাহার পরিমাণ অনুমান
১২/৪ বা রা বিঘা চারি কাঠা এবং
তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশে
ষতঃ পশ্চিমদিকের কিয়দংশে এক
বাগান যাহা গোপাল বাগান নামে
বিখ্যাত এবং যাহা শ্রীযুক্ত রাজা
রাধাকান্ত দেব বাহাদুরের সম্পত্তি
এবং কিয়দংশে রামমোহন বন্দ্যো
পাধ্যায়ের খরিদা বাগান দক্ষিণদি
কে প্রকাশ্য রাস্তা পূর্ব্বদিকে রাম
চাঁদ চট্টোপাধ্যায়ের আকাই অর্থাৎ
রায়তি ভূমি।

নম্বর ৪। বিশেষতঃ পূর্ব্বোক্ত
জিলা চব্বিশ পরগণার শুকচর না
মক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত
এক খণ্ড শালি ভূমি তাহার পরি
মাণ অনুমান ২।৹ দুই বিঘা দশ
কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমা
বদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে মধুসূদন
ঘোষের ভূমি। উত্তরদিকে কিয়

দংশে এদই ঠাকুরের ভূমি এবং কিয়দংশে গঙ্গাধর গঙ্গোপাধ্যায়ের ভূমি পশ্চিমদিকে প্রকাশ্য রাস্তার নর্দ্দমা অথবা নয়ানজুলি এবং দক্ষিণদিকে কৃষ্ণমোহন সেনের বাগান।

নম্বর ৫। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শুকচর নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত একখণ্ড শালি ভূমি তাহার পরিমাণ অনুমান ৩।৪ তিন বিঘা নয় কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে রামমোহন বন্দ্যোপাধ্যায়ের ব্রহ্মোত্তর ভূমি উত্তরদিকে কিয়দংশে শম্ভু ঘোষের ভূমি এবং কিয়দংশে ভগীরথ সরদারের ভূমি পশ্চিমদিকে প্রকাশ্য রাস্তা এবং দক্ষিণদিকের কিয়দংশের মধন ভট্টাচার্য্যের জমি এবং কিয়দংশে স্বরূপ সাতরার ভূমি।

নম্বর ৬। বিশেষতঃ জিলা চব্বিশ পরগণার অন্তঃপাতি শালিখা নামক স্থানের সামিল এক বাগান তাহাতে পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ১৩।৩ তেরো বিঘা আট কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে ৺চৈতন্যচরণ কুণ্ডুর বাগান উত্তরদিকে কানাইলাল বাবুর ও ছবিলাল বাবুর বাগান পশ্চিমদিকে রামমোহন হালদারের এবং বৈদ্যনাথ ঘোষের বাটী এবং প্রকাশ্য রাস্তা।

নম্বর ৭। বিশেষতঃ উল্লেখিত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত এক বাগান ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৫১ পাঁচ কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিকে প্রকাশ্য রাস্তা পশ্চিমদিকে এক বিবির বাগান উত্তরদিকে এক পুষ্করিণী যাহা হেদো নামে বিখ্যাত এবং দক্ষিণদিকে রামমোহন বাবুর বাগান।

নম্বর ৮। বিশেষতঃ জিলা মুর্সিদাবাদের অন্তঃপাতি মৌজা মধুপুরের বাবুলবোনা নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত বাটী তাহাতে পুষ্করিণী ও বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান পরিমাণ ৩২।৯ বত্রিশ বিঘা আট কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ পূর্ব্বদিকে এক রাস্তা নামে বিখ্যাত উত্তরদিকে কিয়দংশে নারায়ণ মুদির দোকান ও কিয়দংশে অনাবাদি ভূমি ও বাগান তাহা পরাণ সেখের সম্পত্তি এবং জামাল খানসামার বাগান পশ্চিমদিকে চণ্ডীচরণ সরকারের বাটী ও জীমল আলীর বাটী এই ক্ষণে পিড্রু সাহেবের অধীন আছে এবং দক্ষিণদিকে অনাবাদি ভূমি যাহা পাকারাস্তার পার্শ্ব ভাগে আছে।

নম্বর ৯। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা মুর্সিদাবাদের অন্তঃপাতি মৌজা মধুপুরের বাবুলবোনা নামক স্থানের সামিল এক খণ্ড রাইয়তি জোত বিবি নামে বিখ্যাত ভূমি তাহার পরিমাণ অনুমান ৭৷৷০ সাত বিঘা দশ কাঠা এক পাই তাহাতে পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষাদি আছে, এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ। দক্ষিণদিকে কবির বাটীর ভূমি যাহা লারেন্স সাহেবের ভূমি এবং পূর্ব্বদিকে উক্ত মেং লারেন্স সাহেবের বাগান এবং ধাঙড়ের বাটী। উত্তরদিকে চাকরা ধাঙড়ের আবাদী ভূমি, এবং বন্দুরা ধাঙড়ের বসতি বাটী এবং পাহাড়ি ভূমি এবং গুহা খানসামার বসতি বাটী পশ্চিমদিকে গুহা খানসামার ভূমি এবং কাঁচা রাস্তা।

নম্বর ১০। বিশেষতঃ মহানগর কলিকাতার পাতুরিয়াঘাটার অন্তঃপাতি একখণ্ড ও বন্দ রাইয়তি ভূমি তাহার পরিমাণ অনুমান ১/ এক বিঘা এবং তাহা এইরূপ চতুঃসীমাবদ্ধ। উত্তরদিকে মৃত রাজচন্দ্র প্রামাণিকের ভূমি। দক্ষিণদিকে গোবর্দ্ধন বাবুর ভূমি। পূর্ব্বদিকে মহামা হাটা ষ্ট্রীট এবং পশ্চিমদিকে ষ্ট্রাণ্ড রোড অর্থাৎ গঙ্গাতীরের রাস্তা।

নম্বর ১১। বিশেষতঃ মহানগর কলিকাতার শ্যামবাজারের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি তাহার পরিমাণ অনুমান ৯।১ নয় বিঘা ছয় কাঠা এবং তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ উত্তর পূর্ব্বদিকে প্রকাশ্য রাস্তা। পশ্চিমদিকে এক মন্দির যাহা কৃষ্ণরাম বসুর শিবের মন্দির।

এই সকল বিষয়ে বিক্রয়ের অন্যান্য বিবরণ সুপ্রিমকোর্টের শা মাষ্টার আফিসে অথবা প্রতিবাদী প্রসন্ন নারায়ণ দেবের পক্ষীয় উকীল

২০৪ ৩০০

মেং এনলি সাহেবের আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

WMorgan
Master.
ডবলিউ, মর্গান।
মাষ্টার

W ANLEY
Plaintiff's Solsoi
ডবলিউ এনলি।
বাদীর পক্ষীয় উকীল।
কলিকাতা।
সুপ্রিমকোর্ট।
মাষ্টার আফিস।
৫ ফেব্রুয়ারি ১৮৬৩।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে জনেক ইউরোপিয়ান সাহেব স্বর্ণ কপার কর্ম্মাদিতে অতিশয় নিপুণতা ও সুবিচক্ষণতা প্রযুক্ত পুরাতন চিনাবাজারের ৩১ নম্বর বাটীতে স্বর্ণ কপা এবং পুরাতন গহনা ইত্যাদি এবং নানাপ্রকার স্বর্ণ কপার মুরাদি খরিদ ও বদলাই করণের এক কারখানা প্রচার করিয়াছেন, যাহাদিগের আবশ্যক হইবেক নিরূপিত বাটীতে উক্ত দ্রব্যাদি লইয়া গেলে যথার্থ মূল্য প্রাপ্ত হইতে পারিবেন।

নং ১৮৬৩...
২ মার্চ
সন১২৬৩ সাল
২ ফাল্গুন

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তপ্রণীত
শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation.....) ১

বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।৶
একেই কি বলে সভ্যতা? (ঐ)..... ॥০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

সংবাদ প্রভাকর

২৮ ফাল্গুন শকাব্দা ১৭৮১। রিকোরিয়াব্দ ২

সময়ের নৃপতিদিগের পরস্পর যে সংগ্রামোপস্থিত হইয়া থাকে তাহা অবনীর পক্ষে অল্প অনিষ্ট জনক নহে। পরপ্রাণ বিনাশ করণা পেক্ষা গুরুতর পাপের কার্য্য আর নাই। একারণ হন্তার প্রাণদণ্ডের নিয়ম সর্ব্ব দেশে প্রচলিত হইয়াছে, কিন্তু কি পরিতাপ! সংগ্রামোন্মুখ নৃপতিরা সেই ভয়ানক কার্য্যকে পর মধর্ম্ম বলিয়া পরিগণ্য করেন। যে ব্যক্তি সহজে শত২ ব্যক্তির মস্তক ছেদন করিতে পারেন, যাঁহার যুদ্ধ কৌশল বা ষড়যন্ত্র দ্বারা বহু প্রাণি হানি হইয়া থাকে, তাঁহারই পদ বৃদ্ধি মর্য্যাদ বৃদ্ধি এবং বেতন বৃদ্ধি হইয়া থাকে, তিনিই নৃপতি সমাজে প্রতিষ্ঠা লাভ করেন। এই নিয়ম যে ইদানীন্তনকালে সংস্থাপিত হই হইয়াছে, এমত নহে, অবনীর প্রথম সময়াবধি প্রচলিত হইয়া আসিয়াছে। যে দেশের পুরাবৃত্ত পাঠ করা যায় তাহাতেই আমরা ভয়ানক যুদ্ধ বিবরণ অবগত হইয়া থাকি।

অবনীর সমূহ অনিষ্টকর যুদ্ধ ঘটনা নিবারণ নিমিত্ত জ্ঞানবান্ সাধু ধান পণ্ডিতগণ সময়েং কতপ্রকার অনুষ্ঠান করিয়াছেন, তাহার ইয়ত্ত পণ করা যায় না, কিন্তু কিছুতেই তাঁহারা কৃতকার্য্য হইতে পারেন নাই। তাহারদিগের সকল চেষ্টাই ব্যর্থ হইয়াছে। অল্প দিবস হইল জরম্যান, ফ্রেঞ্চ, ইংরাজ প্রভৃতি কতিপয় জাতীয় কয়েক জন বিদ্বান লোক, যুদ্ধবিগ্রহ নিবারণ নিমিত্ত একমত হইয়া এক সভা করিয়াছেন, এবং সেই সভা হইতে একপ প্রস্তাব ইউরোপের সমুদয় নৃপতিদিগের নিকটে প্রেরিত হইয়াছে, যে কোন বিষয়ে তাঁহারদিগের পরস্পর কোন প্রকার বিরোধ উপস্থিত হইলে তাঁহারা আর সংগ্রামে প্রবৃত্ত

হইতে পারিবেন না। সর্ব্বজাতীয় বিদ্বান লোকদিগের দ্বারা ইউরোপ খণ্ডে পিসসোসাইটি অর্থাৎ শান্তি বিধায়িনী সভা নামে যে সভা সংস্থাপিতা হইবেক, সেই সভার মেম্বর মহাশয়দিগের বিবেচনার দ্বারা সেই বিরোধ নিষ্পত্তি হইবেক। ইউরোপখণ্ডের নৃপতিগণ এই প্রস্তাবের প্রতিপোষক এবং দিন২ সমাজের উন্নতি সাধন হইলে আমরা বিবেচনা করিয়াছিলাম, যে প্রাণি নাশক যুদ্ধ বিগ্রহ নিবারণের সদুপায় এত দিনের পর বুঝি অবধারিত হইল করুণাপূর্ণ পরমেশ্বর মনুষ্যজাতির প্রতি অনুকূল হইলেন, কিন্তু কি আক্ষেপ, আমারদিগের সেই প্রত্যাশা কিছুই সিদ্ধ হয় নাই। রুষিয়াধিপতির সহিত তুর্কি ও ফ্রেঞ্চ রাজ্যের অধিকারির এবং মহারাণী ইংলণ্ডেশ্বরীর অল্প দিবস হইল যে বিরোধ উপস্থিত হইয়াছিল, তাহাতেই উক্ত সভার জ্ঞানিবর মেম্বর মহাশয়দিগের সমুদায় ক্ষমতার পরীক্ষা হইয়াছে। ঐ সংগ্রাম নিবারণার্থ সমাজ সংক্রান্ত মেম্বর মহাশয়েরা চেষ্টা করিতে ত্রুটি করেন নাই অভিমানি নৃপতিদিগের মান এমত বলবান এবং রাজ্য বৃদ্ধি করিবার অভিপ্রায় এমত প্রবল, যে সমাজের মেম্বর মহাশয়েরা এত সৎপরামর্শ প্রদান করিয়াও বিবাদোন্মত্ত নৃপতিদিগকে সংগ্রামে নিবৃত্ত করিতে পারেন নাই, প্রবল সমরানল কয়েক মাস ব্যাপিয়া ক্রিমিয়া ক্ষেত্রে প্রজ্বলিত থাকাতে বিস্তর লোকের প্রাণ বনষ্ট হইয়াছে তাহাতে কত ব্যক্তি কত প্রকারে ক্ষতিগ্রস্ত হইয়াছেন তাহার সংখ্যা করা যায় না। ফলতঃ ঐ সংগ্রাম দ্বারা বিবাদকারি নৃপতিদিগের বিশেষ কি উপকার দর্শিয়াছে, তাহা আমরা কিছুই নিরূপণ করিতে পারি নাই।

ক্রিমিয়ার সংগ্রামের উষ্ণতা কিঞ্চিন্মাত্র শীতল হইতেই আবার ইটালিতে ঘোরতর সংগ্রামানুষ্ঠান হয়, ঐ সংগ্রামের মূল আমরা এপর্য্যন্ত কিছুই বুঝিতে পারি নাই। ফ্রান্স দেশাধিপতি মহামতি মহারাজ লুই সনেপোলিয়ান বাহাদুর আপনার প্রভুত্ব স্থাপন নিমিত্ত ঐ সংগ্রামে প্রবৃত্ত হইয়াছিলেন, এবং সারডেনিয়ার অধিরাজ বাহাদুর তাহার ফলভোগী হইয়াছেন। টস্কেনী প্রভৃতি কতিপয় দেশ যাহা ইটালীর অধীন ছিল, এবং অষ্ট্রিয়ার অধিরাজ যাহার অধিকারী ছিলেন তাহা তিনি প্রাপ্ত হইয়াছেন। পিসসোসাইটি স্বত্বেও যখন পুনঃ২ সংগ্রামোপস্থিত হইতেছে। সমাজের মেম্বর মহাশয়েরা সংকল্পিত বিষয়ে কৃতকার্য্য হইতে পারেন নাই তখন আমারদিগকে অবশ্যই স্বীকার করিতে হইবেক। যে অবনীর এমত অবস্থা হয় নাই। মনুষ্যগণ এপর্য্যন্ত এমত উৎকৃষ্ট বুদ্ধি প্রাপ্ত হয়েন নাই, যে আমারদিগের বিবেচনানুসারে সংগ্রাম নিবারণ করিতে পারেন। সম্প্রতি ইংলণ্ড ও ফ্রান্স রাজ্যের ওরণতরীর সংখ্যা প্রতিদিন বৃদ্ধি হইতেছে, এবং তাহা সন্দর্শন করিয়া অনেকে বিবেচনা করিয়াছেন, যে অল্প কালের মধ্যে ঐ উভয় রাজ্যের পরস্পর সমর সংঘটনা হইবেক তাহাতে অবনীর পক্ষে অল্প অনিষ্ট হইবেক না।

নৃপতিদিগের সময়ে২ যে বিরোধ উপস্থিত হইয়া থাকে তাহাতে তাঁহারা অস্ত্রধারণ পূর্ব্বক যদি সংগ্রামে অগ্রেসর না হয়েন এবং বিচার ও বিবেচনা দ্বারা সেই বিবাদ নিষ্পত্তি করেন, তবে অবনীর পক্ষে উপকারের সীমা থাকে না। নৃপতিদিগের যে সকল অধিকার নিরূপিত আছে, তাহারও কোন হানি হইতে পারে না। এই উত্তমাভিপ্রায়ের অনুগামি হইয়াই জরম্যান ফ্রেঞ্চ ও ইংরাজ প্রভৃতি জাতিদিগের কতিপয় বিদ্বান ব্যক্তি পিসসোইটি নামে উক্ত সভা সংস্থাপিত করিয়াছেন তাঁহারদিগের উদ্দেশ্য অতি মহৎ এক থা অবশ্যই স্বীকার করিতে হইবেক, কোন স্থানে নৃপতিদিগের পরস্পর বিরোধের সূত্রপাত হইলে ঐ সভার মেম্বর মহাশয়েরা তাহা নিবারণের চেষ্টা করিয়া থাকেন, তাহাতে তাঁহারা কৃতকার্য্য হইতে পারেন নাই বটে, কিন্তু তাঁহারদিগের অভিপ্রায়ের প্রশংসা করিতে হইবেক।

দিল্লী গেজেট পত্রপাঠে অবগতি হইল মূলতানে বহুকাল বৃষ্টি হয় নাই। দশ বৎসর অতীত হইল মূলতানে চন্দ্রভাগা নদীর জল উচ্ছ্বসিত হইয়া বড় ঝড় ও বৃষ্টি হইয়াছিল। তাঁহার পর আর সে দেশের জলের সঙ্গে সম্পর্ক নাই। এরূপ অনাবৃষ্টি বহুকাল দেখা যায় নাই।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

৪৪৫ এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি ক্রোশলকুড়িয়ার দুর্গাচরণ মিত্রের ষ্ট্রিটে ৪৭ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফায়সং॥

৪৪৫ এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷৹ আন অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৬৫ সংখ্যা] সোমবার ৩০ ফাল্গুণ ১২৬৬ সাল। ইং ১২ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।



গবর্ণমেণ্টের বাষ্পীয়জাহাজের বিজ্ঞাপন।

যমুনা নামে বাষ্পীয় জাহাজ গোমতী নামে নৌকাকে আকর্ষণ পূর্ব্বক আগামী ১৫ তারিখে অপরাহ্ণ সময়ে উল্লেখিত স্থানাদিতে গমন করিবেক। পেকেজ অর্থাৎ পুলিন্দাদি তাহার ভাড়ার টাকার সহিত একেবারে পাঠাইতে হইবেক।

মেরিণের সুপ্রিণ্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞানুসারে

W, White
Clerk of the Government
Boat Office

ডবলিউ, হোয়াইট
গবর্ণমেণ্টের বোট আফিসের ক্লার্ক।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

মাষ্টার সেল।

যে কয়েক মোকদ্দমার অরিজিনেল বিল অর্থাৎ আদি বিলের দ্বারা গোবিন্দচন্দ্র চট্টোপাধ্যায় বাদী এবং আলফ্রেড গৌজার উইলিয়ম এডমণ্ড জেঙ্কিন্স ও মহানগর কলিকাতার পূর্ব্বতন সরিফ হেনরি ডণ্ডাস সাহেব প্রতিবাদী এবং উল্লেখিত আলফ্রেড গৌজার উইলিয়ম এডমণ্ড জেঙ্কিন্স বাদী এবং গ্রাগুক্ত গোবিন্দচন্দ্র চট্টোপাধ্যায় প্রতিবাদী সেই মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে এক হাজার আট শত উনষাইট খৃষ্টীয়াব্দের ৭ জুলাই তারিখে যে ডিক্রী অর্থাৎ চূড়ান্তানুমতি প্রদত্ত হইয়াছে, তাহার ক্ষমতানুসারে এবং উল্লেখিত সুপ্রিমকোর্ট নামক বিচার মন্দিরের মাষ্টার শ্রীযুক্ত ডব্লিউ মর্গান সাহেবের সম্মতি ক্রমে উক্ত সুপ্রিমকোর্ট নামক বিচার গৃহে তাঁহার দপ্তরখানায় এবং তাহার সম্মুখে নিম্নলিখিত ভূমি সম্পত্তি সকল প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রীত হইবেক, বিক্রয়ের দিবস নির্দ্দিষ্ট করিয়া পরে প্রকাশ করা যাইবেক।

বিশেষতঃ মহানগর কলিকাতার বৌবাজার ষ্ট্রীটের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত এক দোতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ১১০ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৸০ পোনের কাঠা তাহা কমী হউক বা বেশী হউক।

সুপ্রিমকোর্টের মাষ্টার আফিসে অথবা মিসুয়ার্স গৌজার এবং জেঙ্কিন্স সাহেবের পক্ষীয় উকীল মিসুয়ার্স কেরি এবং বর্নার্স সাহেবদিগের দপ্তরখানায় অনুসন্ধান করি

301
209
৫২৯

লে এই বিষয় বিক্রয়ের অন্যান্য বৃত্তান্ত অবগত হইতে পারিবেন।

W Morgan
Master.
ডবলিউ, মর্গান।
মাষ্টার।

Carey and Burners
Solicitor for A Gowger &c.
কেরি এণ্ড বর্ণস
এ, গোজার ও অন্যান্যের পক্ষীয়
উকীল।

কলিকাতা
সুপ্রিমকোর্ট
মাষ্টার আফিস
৫ মার্চ্চ ১৮৬৮

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাতকরা যাইতেছে যে সুরেবাঙ্গালার অন্তঃপাতি কোর্ট উইলিয়ম ছুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয়ে অদ্য তারিখে একপ এক আবেদনপত্র প্রদত্ত হইয়াছে যে মহানগর কলিকাতার যোড়াসাঁকো নিবাসী মৃত বৃন্দাবন পাল যিনি একজন হিন্দুপ্রজা ছিলেন তাঁহার বিষয় বিভব দেনা পাওনা ইত্যাদি সমুদয় বিষয়ের কর্ত্তৃত্ব করণের ভার উল্লেখিত মহানগর কলিকাতার অন্তঃপাতি সিমুলিয়া নিবাসিনী শ্রীমতী ইন্দ্রমণি দাসীর প্রতি সমর্পিত হইবেক যেহেতু তিনি উল্লেখিত মৃত ব্যক্তির বিধবা স্ত্রী ও উত্তরাধিকারিণী হয়েন।

Pitter & payne
Proctor
পিটার পেইন
উকীল।

কলিকাতা
২৬ ফিব্রুয়ারি

বিজ্ঞাপন

২০০ দুইশত মুদ্রা পারিতোষিক।

"তারাহরণ"

ইত্যভিধেয় একখানি উৎকৃষ্ট নাটক যিনি ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের লিখিত মতে সুললিত বঙ্গভাষায় গদ্য পদ্যে রচনা করিবেন, তিনি উপরোক্ত পারিতোষিক প্রাপ্ত হইবেন। দেবগুরু বৃহস্পতি দারা তারা তারানাথ দ্বারা অপহৃতা হওনের আখ্যায়িকা এই নাটকের উপাখ্যান হইবেক। পুস্তকের পরিমাণ ৮ পেজি ফরমার দুইশত পৃষ্ঠের ন্যূন না হয়। রচনার উৎকৃষ্ট স্বাপকৃষ্টত্ব পরীক্ষা জন্য ভাস্কর যন্ত্রালয়ে কমিটী স্থাপন হইবে। ১২৬৭ সালের আশ্বিন মাসের মধ্যে রচনা উক্ত যন্ত্রে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না। যাঁহার রচনা মনোনীত হইবেক তিনি স্বীয় ব্যয়ে নাটক মুদ্রিত করিলে এহ স্বত্ব পাইবেন। তদন্যথায় পারিতোষিক প্রদাতা স্বত্বাধিকারী হইবেন।

শ্রীশম্ভুচন্দ্র রায় চৌধুরী।
জমীদার।

বাকীনীয়া, ভূগোলোক বাটী,
জেলা রঙ্গপুর
১৫ফাল্গুন
১২৬৬শাল।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তপ্রণীত
শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation.....) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।৵

এহেই কি বলে সভ্যতা? (ঐ) ... ।৵

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই. সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ৸০
শুকেতিহাস ৸০
রাজস্বসম্পর্কীয় নিয়ম) ৸০
নামক প্রথম খণ্ড)
নলিনীকান্ত শৃঙ্গার ও করুণ রসাশ্রিত নবীন উপাখ্যান ১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমাদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর, পার্সী, আরবী, ইত্যাদি নানা প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা নিতান্ত অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজে উত্তমাক্ষরে

লোঅরে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপনপত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমাদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাঁহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

৬ কার্ত্তিক সোমবার ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

মদীয়া জিলার নীলকরদিগের সহিত রাইয়তগণের বিবাদ দিন২ বৃদ্ধি হইয়া আসিতেছে, তাহা নিবারণের কোন সদুপায় হয় নাই। ছাব্বিশ বৎসর হইল, আহার ও ব্যবহারীয় বিবিধ দ্রব্যের মূল্যাধিক্য হওয়াতে প্রজাদিগের পরিশ্রমের বেতন বৃদ্ধি হইয়াছে। পূর্ব্বে দুই আনা পয়সা এবং জলযোগ জন্য কিঞ্চিৎ তণ্ডুল দিলে এক ব্যক্তিকে সমস্ত দিবসের নিমিত্ত ক্ষেত্রের কার্য্যে নিযুক্ত করা যাইত, এইক্ষণে চারি আনা পয়সা না দিলে কোন ব্যক্তি আর সেই কার্য্য স্বীকার করে না। তাহারা অম্লানবদনে বলিয়া থাকে, যে আহারীয় দ্রব্যাদি যখন দুর্ম্মূল্য হইয়াছে, তখন তদুপযুক্ত বেতন প্রাপ্ত না হইলে কোনক্রমে আমাদের জীবিকা নির্ব্বাহ হইতে পারে না। যাঁহারদিগের শ্রমজীবি লোকের আবশ্যক হইতেছে, তাঁহারা স্বতরাং অধিক বেতন প্রদানে বাধ্য হইয়াছেন, এই নিয়ম যে কেবল কৃষক সমাজে প্রচলিত হইয়াছে, এমত নহে, সকল প্রকার ব্যবসায়ি সমাজেই ইহা চলিত হইয়াছে, কিন্তু কি পরিতাপ, নীলকুঠির অধ্যক্ষ সাহেবেরা বহুকাল হইল, নীলের নিমিত্ত ভূমি প্রস্তুত ও তাহাতে বীজ বপন, বৃক্ষ প্রস্তুত এবং তাহা ছেদন করিবার নিমিত্ত যে ব্যয় নিরূপণ করিয়া রাখিয়াছেন, নীলকুঠির এডবন্স দিবার নিয়ম চিরকাল সমান, যে ব্যক্তি তাহা গ্রহণ করিয়া থাকে, তাহার আর নিস্তার নাই, সুতরাং জিলার দুঃখি লোক সকলে অল্প বেতনে নীলকরদের অধীনে কার্য্য স্বীকার করে না, যেহেতু এইক্ষণে যে সময় উপস্থিত হইয়াছে, তাহাতে তাহারদিগের উদরান্ন নির্ব্বাহ হওয়া কঠিন হয়। এই কারণে সুতরাং নীলকরদিগের সহিত প্রজাগণের গুরুতর বিবাদ উপস্থিত হইয়াছে। নীলকরেরা দুঃখি কৃষকদিগকে ক্ষেত্রের কার্য্যে নিযুক্ত করিবার নিমিত্ত বল প্রকাশ ও নানা প্রকার অত্যাচার প্রচার করিতে ছেন, এবং প্রজারাও একত্র হইয়া ধর্ম্ম সংস্থাপন করিয়াছে, অল্প বেতনে আর নীলকরদিগের কার্য্য স্বীকার করিবেক না। উভয়পক্ষের এই প্রকার প্রতিজ্ঞা জন্য স্থানেং বিবাদ বিসম্বাদ এবং দাঙ্গা হাঙ্গামা হইতেছে। পুলিসের লোকেরা বিশেষ সতর্কভাবে থাকিয়াও তাহা নিবারণ করিতে পারে নাই। নীলকরদিগের বাহুবল অত্যন্ত প্রবল, তাঁহারদিগের ভিন্নং কুঠিতে বিস্তর যষ্টিধারি লোক আছে। তাহারা সাহেবের গোমস্তা মহাশয়ের অনুমতি পাইলে অনায়াসে গ্রামমধ্যে প্রবেশ পূর্ব্বক প্রজাদিগকে বন্ধনাবস্থায় আনয়ন করে। গ্রাম বিশেষের প্রজারাও স্থানেং নীলকরের অত্যাচার নিবারণ নিমিত্ত এপ্রকার একতা নিবন্ধন করিয়াছেন, যে নীলকুঠির যষ্টিধারি লোকেরাও তাহারদিগের সম্মুখবর্ত্তি হইতে পারে না। পরন্তু সেই বিবাদ নিমিত্ত কোন পক্ষ দোষী তাহা পাঠকমহাশয়েরা অনায়াসেই বিবেচনা করিতে পারিবেন। যখন কোন দ্রব্যেরই মূল্য চিরকাল সমভাবে থাকে না, সময়েং তাহা অবশ্যই পরিবর্ত্তন হয়, তখন শ্রমজীবি লোকদিগের বেতন কি প্রকারে সমভাব থাকিবেক? বিশেষতঃ এইক্ষণে আহারীয় সমস্ত দ্রব্যাদি যখন অগ্নিমূল্য হইয়া উঠিয়াছে, তখন কৃষকগণ অল্প বেতনে কার্য্য স্বীকার করিলে তাহারদিগের উদরান্ন নির্ব্বাহ হওয়া অত্যন্ত কঠিন হইবে।

টাইম্‌স সম্পাদক লেখেন, এক্ষণে ভারতবর্ষে দিন দিন বিদ্যার উ

নতি ও সভ্যতা বৃদ্ধি হইয়াছে। টাইমস সম্পাদক কাহার মুখে এই সংবাদ শুনিয়াছেন, আমরা তাহা বলিতে পারিলাম না। হা, পরমেশ্বর, আমরা কোথায় বিদ্যাবুদ্ধির নিমিত্তে বারংবার চীৎকার করিতেছি, না, টাইমস সম্পাদক তাহার বিপরীত টী মহারাণীর কর্ণগোচর করাইয়া দিলেন।

ন্যানাস্থানীয় সংবাদ প্রেরকেরা এক্ষণে গন্ধদাই নীড়োপদ্রবের সংবাদ প্রেরণ করিতেছেন। এই বর্ত্তমান ফাল্গুণ মাসের মধ্যেই পশ্চিম প্রদেশে ভয়ঙ্কর গ্রীষ্মের প্রাদুর্ভাব হইয়াছে। কলিকাতা রাজধানীতে এই কয়েক দিনের মধ্যে কম গ্রীষ্ম হয় নাই। এক্ষণে বৈশাখ জৈষ্ঠ বাকী। অতএব বোধ হয়, এবার বড় ভয়ঙ্কর গ্রীষ্মের প্রাদুর্ভাব হইবে। আমরা সংবাদ পত্র পাঠ করিলাম, এবার উত্তর পশ্চিম প্রদেশে ভয়ঙ্কর গ্রীষ্ম হওয়াতে বড় মারীভয় উপস্থিত হইয়াছে। নিত্য নিত্য অনেক লোক ওলাউঠা প্রভৃতি ভয়ঙ্কররোগে আক্রান্ত হইয়া অকালে কালগ্রাসে পতিত হইতেছে। পশ্চিমদেশীয় লোকেরা ইংরাজীমতের চিকিৎসা বা ঔষধ ব্যবস্থা মান্য করে না। সুতরাং তাহারা ধর্ম্মনাশ ভয়ে ভয়ঙ্কর মারী

ক্রমে পীড়া অধিকতর প্রাদুর্ভূত হইতেছে। ডাক্তারদিগকে তাকে না। সুতরাং এ সকল পীড়ায় পশ্চিমদেশীয় কোন রোগীই নীরোগ হইতেছে না।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

মনকে প্রবোধ।

করপুটে বলি তোরে শুন ওরে মন।
কি ভাব ভাবিয়া মিছে করিছ ভ্রমণ
যত দেখ ভ্রান্তনেত্রে কিছু নহে সার।
অসার সকলি কিন্তু এক বস্তু সার॥
ত্যাজি সব মিছামায়া করহ শ্রবণ।
যথা পাবে সে জগৎ পতি দরশন॥
ভাই বন্ধু দারা সুত কেহ কার নয়।
সেই সার যেই করে সৃষ্টিস্থিতি লয়॥
সেযে অন্তরঙ্গ এই জগৎ সংসারে।
আর যত দেখ সব সুখভোগ তরে॥
মিছা মায়া ত্যাগ কর ওরে দুষ্ট মন।
কিছুর ভাবিয়ে কর ধন অন্বেষণ॥
ধনজন আদি করি সকলি রহিবে।
তোমার এ দেহ শুদ্ধ চলিয়া যাইবে॥
শোকতাপ করিবেক যত বন্ধুগণ।
ক্ষণকাল পরে সব আশার কারণ॥
ভাবিয়ে দেখিলে দেখ কেহ কার নয়।
মায়া ভ্রমে কেবল রে পাপ বোঝা যায়।
দুর্লভ মানব জন্ম করিয়া ধারণ।
কেন মিছে পাপ কর্ম্মে রত অনুক্ষণ॥
ইহকাল পরকাল যায় অকারণ।
কুমতি ভাবের কর্ম্ম মনের মতন॥
যাতে সুখে স্বর্গ ভোগে রবে চিরকাল।
নিশ্চিন্ত রহিবে ত্যাজি সকল জঞ্জাল॥
এতবুঝি ওরে মন কর নিজকর্ম্ম।
যাতে লাভ হবে তবে চতুর্ব্বর্গ ধর্ম্ম॥
কি ভাবিয়ে রহিয়াছ নিশ্চিন্ত হইয়ে।
যখন নরে রবিসুত লইবে ধরিয়ে॥
অনেক যন্ত্রণা তুমি পাইবে তখন।
প্রহার করিবে কত মনের মতন॥
দুরন্ত কৃতান্ত সেযে নাইদয়া লেশ।
পাপীবলি তোমাকে সে করিবেক শেষ॥
কি উপায় করিবে তখন পাপ মন।
তার হিত একবার না কর চিন্তন॥
চিন্তা সদামনে মনে করিতে অধর্ম্ম।
তিলেক না ভাব যাতে হয় ধর্ম্ম কর্ম্ম॥
পরকাল ভাবনা না কর একবার।
কেবল অসৎ কর্ম্ম করহ প্রচার॥
ধনজন মদেমত্ত রয়েছ বসিয়ে।
কিসে পরকাল হবে তাহা না ভাবিয়ে।
পাপকর্ম্ম ত্যজে হও সৎকর্ম্মে রত।
অবিলম্বে হও তুমি সৎধর্ম্ম পথ॥
সুখভোগে যাবে তবে তব পরকাল।
ত্যজিয়ে সংসার মায়া রবে চিরকাল॥
অতএব ওরে মন ধরি তোর পায়।
ধর্ম্ম কর্ম্ম করে যেন ইহকাল যায়॥

শ্রী পূর্ণচন্দ্র গুপ্ত।

নয়নমণি সিন্ধু সর্ব্বদেবই কুলের ছাত

সন ১২৬৬ সাল
তারিখ ২৫ ফাল্গুন।

Printed and Published by RAMCHUNDR GOOPTO at the *Probhakur* Press

সংবাদ প্রভাকর

প্রাতঃদিনপত্র

৩৭। ৪০৩

এই প্রভাকর পত্র প্রতিবার রাত্রি প্রতি ৪টার সময় কলিকাতা সিমুলিয়ার অন্তর্গত ৫৭ নং ঘরকড়িয়ার দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়

॥*॥*॥* সত্যং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু নমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ*॥*॥*

নক্তং চক্রকরেণ ভিন্নমুকুলেষিন্দীবরেষু ক্ষচিদ্ভৃঙ্গঃ সং ভ্রাম মতদ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে সচ্ছন্দং দিবসে পিবন্ত চতুরস্বাণ্ডদ্বিরেফাবলিং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৬৭ সংখ্যা] মঙ্গলবার ১ চৈত্র ১২৬৬ সাল। ইং ১৩ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তুল্য মাত্র

১ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দাঃ ২০

স্তোত্র।

হে পরমেশ্বর!—তুমি সর্ব্বেশ্বর! —তুমি মনের ঈশ্বর!—তুমি ধ্যানের ঈশ্বর!—তুমি জ্ঞানের ঈশ্বর!—হে সর্ব্বেশ্বর! ঈশ্বরেশ্বর!—তুমিই আমাদের গর্ব্বেশ্বর!—তুমিই আমাদের পর্ব্বেশ্বর!—এবং তুমিই আমাদের সর্ব্বেশ্বর!—হে মহেশ্বর তোমার ঈশ্বর আর কেহই নাই। তোমার দেহই নাই!—তোমাকে কি রূপে ভাবনা করিব!—হে পরমাত্মন্!—তোমার দেহ নাই!—তোমার গেহ নাই! তোমার স্নেহ নাই!—তোমার কেহ নাই!—অথচ হে সর্ব্বব্যাপিন্!—তুমি দেহী—তুমি গেহী—তুমি স্নেহী আবার তুমিই সকল জীবের আশ্রয়।

হে দীনবন্ধো! কৃপাসিন্ধো!—তুমি দীন জনের বন্ধু এবং অপার কৃপার সিন্ধু! তোমার বিন্দু মাত্র কৃপাতে এই কোটি কোটি ব্রহ্মাণ্ড প্রতিপালিত হইতেছে। হে ব্রহ্মন্! তোমার অপার কৃপার অকূপারের পার নাই! তোমার আচিন্ত্য মহিমা আনিমালঘিমার* প্রধান আশ্রয়! হে পরমেশ! তোমার বেশ নাই! তোমার শেষ নাই! হে হৃষীকেশ! তোমার কেশ নাই! গুণের লেশ নাই!—হে আদিপুরুষ! তোমার আদিও নাই! তোমার অন্তও নাই! তুমি নিরন্তক! তোমার অন্ত নাই; তোমার মধ্য নাই! তুমি কাহারো বধ্য নও; কাহারো বোধ্য নও! তুমি কেবল এক মাত্র অববোধ্যের† পাত্র; তুমি সর্ব্বদা সজ্ঞান অথচ সর্ব্বদা শজ্ঞান‡ আর তুমিই স্বজ্ঞান§। হে স্বর্গাধিপতে! আমি তোমাকে বারবার সহস্রবার নমস্কার করি! হে জগৎপতে! তুমি কেবল জগতের পতি নও; তুমি স্বর্গের পতি; আবার তুমিই সর্গেরও¶ পতি; তুমি অপবর্গের* মতি; চতুর্ব্বর্গের গতি; তুমি যতিগণের† রতি‡, তুমি সর্ব্বদাই মনের উন্নতি ও অবনতি বিধান করিতেছ সুখ সম্পত্তি দিতেছ, শোক তাপ হরিতেছ, সর্ব্বত্র সমভাবে অথচ শমভাবেও বিচরন করিতেছ! হে পরমাত্মন্! তোমাকে আর আমি কি রূপে বর্ণনা করিব? তোমার বর্ণও নাই। কি বর্ণন করিব? তোমার বর্ণ‖ নাই, কি বর্ণ নির্দ্দেশ করিব? বর্ণই* বা তোমাকে কি রূপে বর্ণন করিব? তুমি বর্ণাতীত! তুমি গুণাতীত, তোমার কোন গুণ নাই, কোন্ গুণ বর্ণনা করিব! হে নির্গুণ পুরুষ! গুণ না থাকিলে দোষাশ্রয় হইতে হয়? অতএব তুমি দোষাশ্রয়?† অথচ তুমিই প্রদোষাশ্রয়!

*অপবর্গের——মোক্ষ নির্ব্বাণ।
†যতি——যশী, যাঁহারা ইন্দ্রিয় রিপুগণকে বশ করিয়াছেন!
‡রতি——ইচ্ছা মত
§শম——শান্তিগুণ।
¶বর্ণ——রঙ্গ
‖বর্ণ——জাতি।
*বর্ণ——অক্ষর
†দোষা——সন্ধ্যাকাল।
*অনিমালঘিমা——আনিমালঘিমা প্রভৃতি ঈশ্বরের তিন গুণ।
†অববোধ্য——সংসারে জাগরণ করিয়া অর্থাৎ তপস্যার দ্বারা যাঁহাকে প্রাপ্ত হওয়া যায়।
‡শজ্ঞান——শিব মঙ্গল শিব জ্ঞান।
§স্বজ্ঞান——স্বস্বরূপ।
¶সর্গ——সৃষ্টি সংসার।

হে মহাপুরুষ! তুমি পুরুষকারের* প্রধান আকর। তুমি স্বয়ং নিরাকার। হে জ্ঞানময়! তুমি বিশ্বময় ভ্রমণ করিরেছ; অথচ তুমি দৃশ্য নও। স্পৃশ্য নও; তুমি শ্রব্যও নও। তোমাকে কি রূপে ভাবনা করিব? কি রূপে ভজনা করিব? তুমি মানুষের অন্তরাত্মা! হে অন্তরাত্মন্ তুমি আমাদের অন্তরেও আছ তুমি আমাদের অন্তরেও আছ। তোমার অন্তরা কে বুঝিবে? তোমার অন্তরঙ্গ কে হইবে? তোমার অন্তরঙ্গ বহিরঙ্গ কেহই নাই। হে সর্ব্বান্তর্যামিন্ আর কত দিন তোমার মায়াময় পৃথিবীতে বাস করিব? বোধ হয়, অবিলম্বেই মরিব? আমি মৃত্যুর পর মরিব? না বাঁচিব? লোকে বলে আমি মরিব? আমি বলি আমি বাঁচিব যদি পুণ্য থাকে, তোমার নিত্যধামে প্রবেশ করিব, সুখে কাল হরিব।

হে পরমাত্মন্ তোমার রচিত এই রসময় সংসার একখানি সরস কাব্য। এ কাব্য সাধারণ কাব্য নহে ইহার কাব্যত্ব সাব্যস্ত করিতে হইলে, মানুষের মস্তক ঘূর্ণিত বুদ্ধি ভ্রংশিত এবং নয়নদ্বয় স্তিমিত হয়। প্রাচীন কালের আলঙ্কারিকেরা রসাত্মকবাক্যS কাব্যের দুই প্রকার ভেদ কহিয়াছেন। কাব্য দুই প্রকার শ্রব্য ও দৃশ্য। যে কাব্য অন্যে পাঠ করিলে শ্রবণ বা আপনি অধ্যয়ন করা যায়, তাহার নাম শ্রব্য কাব্য; আর যাহা নট নটী ও কুশীলবেরা নাট্যশালায় প্রবেশ ও অভিনয় করিয়া সামাজিকদের শ্রুতিসুখ সম্পাদন করে, তাহার নাম শ্রব্য কাব্য। কিন্তু হে পরমাত্মন্ তোমার এই সংসারকাব্য সে রূপ দৃশ্য কাব্য ও নয়, আর শ্রব্য কাব্যও নয়; এ সংসারকাব্য এক অনির্ব্বচনীয় কাব্য। এ কাব্য পাঠে বড় বড় সহৃদয় মহাকবিরাও যেমন অধিকারী, জরন্মীমাংসক* তর্করসিক তার্কিকেরাও ইহাতে তেমনি অধিকারী। গণিতজ্ঞেরা কখনই বাক্য কাব্যামোদের অধিকারী নহে; কিন্তু হে পরমাত্মন্ সেই গণনরসিক গণিতজ্ঞেরাও তোমার এই বিশ্বকাব্যের সমান অধিকারী! হে বিশ্বকবে তোমার কি অনির্ব্বচনীয় কবিত্ব শক্তি কি আশ্চর্য্য কৌশলেই এই সুদৃশ্য বিশ্বকাব্য রচনা করিয়াছ তোমার এই বিশ্বকাব্যের এমনি এক মচৎকার গুণ, তাহা বলা যায় না। কি জন্মান্তরীণ অখণ্ড পুণ্যশালী মহাকবি, কি অর্থোপার্জ্জনলোলুপ রাজনীতিজ্ঞ, কি গ্রহনক্ষত্রসর্ব্বস্ব গণননিপুণ গণিতবিদ্, কি নদনদী গিরিগুহা গবেষক ভূগোলবিদ্, কি বা বিষয়াশক্তমনা বিষয়ী, সকলেই মনে করিলে তোমার এই মনোরম কাব্য বিনোদনে কাল যাপন করিতে পারে। হে সুদৃশ্য বিশ্বকাব্যকর ইহা অপেক্ষা অধিক আশ্চর্য্যের, আহ্লাদের, এবং পরম সুখের, বিষয় আর কি আছে?

হে জীবিতেশ পরমেশ বাসনা বড় এক চমৎকারিণী শক্তি তোমার প্রতি ভক্তি বা অনুরক্তি থাকিলেই সে শক্তি হয় না। হে পরমাত্মন্ পূর্ব্বতন আলঙ্কারিকেরা কাব্যামোদি সামাজিকদের দুই প্রকার বাসনা নির্দ্দিষ্ট করিয়াছেন। তাহারদের মতে বাসনা দুই প্রকার: ইদানীন্তনী ও প্রাক্তনী*। এবং অধ্যাত্মবিদেরাও দুই প্রকার বাসনা লিখিয়াছেন শুদ্ধা ও মালিনা†। হে পরমাত্মন্ আমি এই পরস্পর অসম্বদ্ধ বাসনার বিষয় কিছুই বুঝিতে পারি না। হে মনোময় তোমার প্রতি বাসনাই আমার একান্ত বাসনা। বাসনা ইদানীন্তনীই হউক, আর প্রাক্তনীই হউক, শুদ্ধাই হউক, আর মলিনাই হউক, আমার বাসনা একই বাসনা। তোমার এই বিচিত্র বিশ্বকাব্য রচনার কল্পনা জল্পনা এবং ভাবনাই ভাবজ্ঞ রসিকের এক মাত্র বাসনা।

হে দীনবন্ধো কৃপাসিন্ধো হে সুদৃশ্য বিশ্বকবে তোমার এই অনির্ব্বচনীয় কাব্য মনে বসিয়া পাঠ করিব? না বনে বসিয়া পাঠ করিব? আমি মনে করি মনে বসিয়া পাঠ করিব। হে মনোময় তুমি আমার মনের আসনে নির্জ্জনে বসিয়া আছ। বনে যাইবার আর প্রয়োজন কি! মনে মনে, মনেই তাহা পাঠ করিব কিন্তু হে জ্ঞাননিধে পুরাতন মুনি ঋষিগণ তোমার এই কাব্য ধন বনে বসিয়াই অধ্যয়ন করিয়াছেন। হে সর্ব্বব্যাপিন্ তুমি মনেও আছ, বনেও আছ, তবে আমার নির্জ্জন বনে যাইবার প্রয়োজন কি!

* পুরুষকার——পৌরুষ।
† অন্তর——দূর
‡ অন্তর——ভেদ
S "কাব্যং রসাত্মকং বাক্যম্" অর্থাৎ রসযুক্ত কাব্যকে বাক্য বলে। সাহিত্য দর্পণ।

* জরন্মীমাংশক——বিদগ্ধমীমাংশক দর্শন শাস্ত্রের সম্প্রদায় বিনোদ ভুক্ত পরিপক্ব তার্কিক।

* "বাসনা চেদিদানীন্তনী প্রাক্তনীচ"——সাহিত্য দর্পণ।
† "বাসনা——দ্বিবিধাপ্রোক্তা শুদ্ধা মালিনা তথা" যোগবাসিষ্ঠ।

212 304

হে পরমাত্মন্ আমি মনে মনে, মনে নির্জ্জনে তোমার বিশ্বকাব্য রচনা অধ্যয়ন করিলাম কিন্তু ইহার কিছুই তাৎপর্য্য বুঝিতে পারিলাম না। ইহারই বা তাৎপর্য্য কি! হে পরাৎপর তুমিই ইহার অবধার্য্য এবং তুমিই ইহার তাৎপর্য্য, অনিবার্য্য ভ্রমই ইহার প্রতিবন্ধক। হে নাট্যকুশল মহাত্মন্ তোমার এই বিশ্বকাব্য দৃশ্যকাব্য* নয় বটে, তথাপি এই সংসার কাব্য বই সঙ্সার কাব্য বই, আর কিছুই বোধ হয় না। হে অববোধ স্বরূপ তুমি স্বরূপ, আবার তুমিই বিরূপ, কি রূপ করিয়া এই বিশ্বরূপ দৃশ্যরূপ দৃশ্যকাব্য রচনা করিলে? তুমি এই বিশ্বনাটকের অদৃশ্য নট বট, এবং আমরাই ইহার নাট্যদক্ষ কুশীলব। হে বিশ্বরূপিন্ যেমন নট বা সূত্রধার প্রথমে রঙ্গস্থলে আসিয়া নাট্যের প্রস্তাবনা† আরম্ভ করিয়া দিয়া যায়, আপনি মাধ্যস্থ অবলম্বন করে, সেই রূপ তুমিও এই বিশ্বনাটকের সূত্রধার হইয়া সূত্রপাত করিয়া কূটস্থ হইয়া রহিয়াছ? আমরা সঙ্সার হইয়া সংসার রঙ্গস্থলে রঙ্গ ভঙ্গ করিয়া তিন প্রকার রঙ্গ‡ করিতেছি, তুমি কূটস্থ হইয়া তাহার ভাল মন্দ পরীক্ষা করিতেছে। হে রসভাবদীক্ষীগুরো যখন আমাদের এই সংসার যাত্রার সহিত যাত্রা ভঙ্গ হইবে তখন কি হইবে? এই ভয়েই আমরা আকুল হইতেছি; এই ভয়েই আমারা ব্যাকুল হইতেছি। হে অভয় হেদ তুমি সদয় হইয়া আমাদিগকে অভয় দেহ। আর যেন আমর দেহ জাল, গেহ জাল, ও স্নেহ জাল, চিরকাল থাকে না??

ওহে দীননাথ গেল হে দিন।
দিন দিন আমি হতেছি দীন।
আশানদী জলে আমি হে মীন।
দিন দিন আমি হতেছি ক্ষীণ॥
সুদিন কুদিন আমি বিহীন।
আমি হই অতি কুমতি হীন।
দুঃখেতে হয়েছি আমি প্রবীণ।
তোমারি আমি হে আছি অধীন॥
ঋণ করিয়াছি তোমার কাছে।
সে ধাক আমার আছে হে আছে।
বিপদে আপদে পড়িহে পাছে।
মনেতে এ ভয় হে রহিয়াছে॥
পাছে আমি নাথ নরকে যাই।
সদাই আমি হে ভাবি হে তাই।
যাই যাই তবু ফিরিয়া চাই।
আশার সুফল যদি হে পাই॥
নাই খাই পুন শরীর সারি।
তোমার মহিমা হেরি দুধারি।
বুঝিতে আমি হে পারি নাপারি।
গুণ গাই আমি শুধু তোমারি॥
আমরি তোমার কিবা মহিমা।
সদাই আছে হে অনিমা লঘিমা।
নাহি দেখি আমি তাহার সীমা।
এ কি হে তোমার গুণ গরিমা॥
গুণাতীত তুমি যে গুণ ধর।
চরাচর ময় তুমি হে চর।
ভূচর খেচর তুমি হে কর।
পাপ তাপ নাথ হর হে হর॥
হর হর নাথ ত্রিগুণ হর।
আমার মানসে এসে বিহর!
ওহে নাথ তুমি বসে কি কর।
পড়েছি বিপদে ধর হে ধর॥
সংসার সাগরে পেয়েছি ভয়।
বিভীষিকা দেখি যে অতিশয়।
ভীত দেহে ভয় নাহি হে সয়।
অভয় দেহ হে হউক জয়॥
এই চরাচর তব অধীন।
তুমি হে নবীন তুমি প্রবীণ।
ওহে দীননাথ গেল হে দিন।
দিন দিন আমি হতেছি দীন॥

সংসার বিপিন হরিণ আমি।
বন বিচরণে আমি হে কামী।
সকলি জানি হে ত্রিলোক গামী।
এই পৃথিবীর তুমি হে স্বামী॥
ওহে নাথ তুমি জগতময়।
তথাপি আছ হে জগতময়।
দয়া কর প্রভু হে নিরাময়।
ভব ভয় যেন নাহি হে রয়॥
জয় জয় জয় তুমি হে জয়।
অজয় বিজয় তুমি অক্ষয়।
তুমি ওহে নাথ ভয়ের ভয়।
জয় জয় জয় ওহে অব্যয়॥
বন্য মৃগ আমি বনেতে ভ্রমি।
ক্ষণে ক্ষণে নাথ হতেছে ভ্রমি।
গেল না হে নাথ রহিল ভ্রমি।
ভ্রমেতে বাঁচাও ত্রিলোকভ্রমি॥
সংসার গহন দুর্গম অতি।
বিচলিত হয় যতির মতি।
ভব বনে ভয় হয় এমতি।
রতি মাত্র নাই তোমাতে রতি॥
কি রূপে চলিব ভীষণ বনে।
কিছুই সাহস নাহি হে মনে।
ভজিতে কি ধনে ভজি নিধনে।
করি কেশরীর পড়িয়া রণে॥
মাতিয়া আমি হে বাসনা মহে।
পদে পদে আমি পড়ি বিপদে॥
পড়িয়াছি নাথ পাপের হ্রদে।
পদে পদে ভাবি তোমার পদে॥
ভাবনা হর হে ধর হে ভার।
আমি কি তোমার এতই ভার!
খুলে দেহ নাথ বনের দ্বার।
ধাই হে যাই হে কাছে তোমার॥
যদি বল নাথ তুমি কাহার।
বাসনা আছে হে মনে যাহার।
জেনেছি বুঝিছি ভাব মায়ার।
আর কেন দেহ দহ আমার॥
আমি ওহে নাথ তব অধীন।
বিষয় বনেতে ভ্রমিয়া ক্ষীণ।

* দৃশ্যকাব্য——নাটক নাটিকাদি গ্রন্থ
† প্রস্তাবনা এহার উপলক্ষে নাটকের প্রস্তাব আরম্ভ হয়।
‡ আঙ্গিক বাচিক মানসিক।

ওহে দীননাথ গেল হে দিন।
দিন দিন আমি হতেছি দীন॥

ওহে হরি আমি মরিহে মরি।
দেহ পদতরী সুখেতে তরি।
ভাবপূর্ণ তব কিবা আমরি।
প্রণিপাত তাত আমি হে করি॥
সংসার সলিলে আমি হে মীন।
সদাই আছি হে সলিলাধীন।
ধীবরের কাছে আছে হে ক্ষণ।
কাল জাল ভয়ে আমি হে ক্ষীণ॥
বকরূপী কাল ভ্রমিছে তীরে।
সাঁতার দিতেছি আমি হে নীরে।
আসিয়া ধরে হে সে ধীরে ধীরে।
ধরিছে গ্রাসিছে আমার শিরে॥
আমরি আমরি সে সরোবর।
জীব মীনগণ সুখে সন্তরে।
আছে কাল জাল সলিলোপরে।
জানি না কখন কিবা সে করে॥
অশু বসু* মম যতন ধন।
তাতেই আমার কেবল মন।
সেই ধন বলে করে হরণ।
ওহে নাথ তুমি কর বারণ॥
জলেতে জ্বলিছে আমার দেহ।
শান্ত না করিতে নাহি হে কেহ।
জলাশয় মম হয়েছে গেহ।
পদতরী মোরে অদেহ দেহ॥
হায় হায় আমি কহিব কায়।
শীতল হলো না জলেতে কায়।
নব নব সুখে মানস ধায়।
প্রাণ বুঝি মম যায় হে যায়॥
আমোদ প্রমোদ নাহি হে আর।
পড়েছে এবার ভাবনা ভার।
শরণ লইব আমি হে কার।
বার বার আমি ভ্রমিছি বার‡॥
এত যে বিপদে পড়িছি আমি।
এত যে বিষয়ে হয়েছি কামী।
এত যে যেতেছে আয়ুষ যামী§।
তবু আমি ডাকি জগত স্বামী॥

*বসু——ধন
†গেহ——গৃহ
‡বার——জল
§যামী——দিন

ভাবিয়া ভাবিয়া হই হে ক্ষীণ।
মায়া জলে ভাসি হইয়া মীন।
ওহে দীননাথ গেল হে দিন।
দিন দিন আমি হতেছি দীন॥

হরি হরি হরি কি করি এবার,
কর কর প্রভু কর হে নিস্তার,
এভব সংসার কেবল সংসার,
সারাৎসার মোরে তার হে।
বার বার নাথ ঘুরে আমি মরি,
কুকাজ সুকাজ সকলি হে করি,
দেহ পদতরী যাই আমি তরি,
তুমি নাথ কর্ণধার হে॥
আশা বাসা গেল পাইয়া বাতাস,
ব্যাকুল করে হে মনের হুতাস,
হলো বুঝি নাথ এবার বিনাশ,
নাহি আশ মোর আর হে।
ভাবনা কতই হয় হে উদয়,
মুখে সদা বলি জয় জয় জয়,
ত্রাণ কর প্রভু তুমি দয়াময়,
বার বার কেন মার হে॥
সংসার সঙ্কট ভয়ের আবাস,
জীবগণ তার হয়ে আছে দাস,
ওহে চিদাভাস একি সর্ব্বনাশ,
এজগতে কেবা কার হে।
মিছা পরিজন মায়ার কারণ,
মিছা মায়া আমি করি হে ধারণ,
ত্রাণ কর প্রভু জগত তারণ,
ধর প্রভু মোর ভার হে॥
বাসনা ফাঁসনা হয়েছে আমার,
রিপুগণ তাহে টানিছে আবার,
ভরসা করি হে কেবল তোমার,
ধর নাথ এইবার হে।
কার আমি নাথ আমারই কেবা,
কে আমার নাথ করিতেছে সেবা,
সেবা যে করে হে সেই বা কেবা,
মায়াময় এ সংসার হে॥
ওহে নাথ আমি নাহি চাই ধন,
তুমি হে আমার অমূল্য রতন,
তোমাতে আমার কেবল যতন,
আশা নাহি মোর আর হে।
নাহি ভালবাসি আমি ধ্যান তান,
তুমি হে আমার মনোগত জ্ঞান,
নাহি ভালবাসি আমার এ প্রাণ,
তুমি মম প্রাণাধার হে॥

হরি হে ধরি হে তোমার ও পায়,
হলো বুঝি নাথ আমার অপায়,
তোমারে ভাবি হে দিবস ক্ষপায়,
মানসে কর বিহার হে।
ধারি আমি প্রভু তোমারি হে ধার,
ওহে নাথ তুমি জগত আধার,
তোমা হীন মন কেবলি আঁধার,
দেখ দেখ মূলাধার হে॥
ভব ভাব দেখি ভবের ভাবন,
কেহ নাই হেথা স্বজন আপন,
অখিল সংসার যেন হে আপন*,
গোপন সকল সার হে।
তোমার মহিমা সুখে মুখে গাই,
তোমার নিকটে যেতে আমি চাই,
তবু নাহি প্রভু দেখিতে হে পাই,
মনে থাক অনিবার হে॥
যাহা করি আমি তোমারি সে বল,
প্রবৃত্তি নিবৃত্তি তোমারি কেবল,
আমি যাহা করি সকল বিফল,
বল বল সে তোমার হে।
বলাও তুমি হে আমি যাহা বলি,
তুমি দেহ বল আমি হই বলী,
কি দিন কি আছে তোমাকে হে বলি,
সকলি করিতে পার হে॥
তোমার কৌশলে আমি হে কৌশলী,
তোমার কুশলে আমিও কুশলী,
তোমার বলেতে হতেছে সকলি,
ধর ধর মম ভার হে।
পঞ্চভূতময় আমার এ দেহ,
পরিপূর্ণ আছে মানসিক স্নেহ,
চঞ্চল মনের এই হে গেহ,
যতন করিছি তার হে॥
ধর ধর নাথ ওহে ভবধর,
শরীর কাঁপিছে সদা থর থর,
আঁখিতে পড়িছে অশ্রু ঝর ঝর,
মর মর এইবার হে।
পাপে তাপে হল দেহ জর জর,
হইলাম প্রভু বুঝি ঘর ঘর,
মরি হে মরি হে ধর ধর ধর,
ধর ধর এইবার হে॥

*আপন——বাজার
†বলি——পূজা

হিতাবলী।

খল লোকের বিদ্যা বিবাদের ধন অহঙ্কারের এবং বল পরপীড়নের নিমিত্তে হয়; কিন্তু সাধুলোকের বিদ্যা জ্ঞানের, ধন দানের, এবং বল পররক্ষণের নিমিত্তে হয়।

খল লোক যদি হয়, বিদ্যাধনে ধনী।
বিবাদ করিতে চায়, তখনি অমনি॥
খল লোকে যদি পায়, মনোমত ধন।
অহঙ্কারে ফুলে উঠে, শুধু তার মন॥
খল লোকে যদি পায়, শরীরেতে বল।
নিরপরাধির করে পীড়ন কেবল॥
কিন্তু যদি সাধু জন, পায় বিদ্যা ধন।
বিদ্যাধনে হয় তাঁর, নিত্য জ্ঞানার্জ্জন॥
সাধু জন যদি পান, মনোমত ধন।
দান ধ্যানে ক্রিয়াকার্য্যে, হয় তাঁর মন॥
সাধুর শরীরে যদি, হয় কিছু বল।
পরের রক্ষণে হয়, বাসনা কেবল॥

আপনা হইতে উৎকৃষ্ট প্রধান লোকের সঙ্গে বরং বিবাদও ভাল তথাপি আপনা হইতে নিকৃষ্ট সামান্য লোকের সঙ্গে আত্মীয়তা করা উচিত নহে। প্রধান লোকের সহিত বিবাদ করিতে হইলে প্রধানত্ব ও বুদ্ধির চাতুর্য্য অপেক্ষা করে; কিন্তু সামান্য লোকের সহিত আত্মীয়তা বৃদ্ধি হইলে নীচত্ব ও বুদ্ধির জড়তা জন্মে। এই নিমিত্তে মহাকবি ভারবি কহিয়াছেন "বরং বিরোধোপি সমং মহাত্মভিঃ।" অর্থাৎ বুদ্ধি বৃত্তির অধিক পরিচালনা হয় বলিয়া মহাত্মা মনুষ্যের সঙ্গে বিরোধও ভাল।

বিবাদ করিতে যদি ইচ্ছা হয় মনে।
বাসি সখী সন্নিকটে, যাও হে নির্জ্জনে॥
পাপি বিবাদে যদি হয় তব মতি।
প্রধানের নিকটেতে, যাও শীঘ্র গতি॥

তাঁহার সঙ্গেতে তুমি, করিবে বিবাদ।
তাঁহার বিরোধী হলে, পাবে সাধুবাদ॥
মহতের সঙ্গে যদি, কর হে বিরোধ।
অবিলম্বে হবে তুমি, সুশীল সুবোধ॥
মহতের বিসম্বাদে, নানা বুদ্ধি চাই।
সে কভু পারে না ভাই, বুদ্ধি যার নাই॥
নীচের সহিত যদি, কর হে বিবাদ।
সাধুবাদ পরিবর্ত্তে, হবে অপবাদ॥
বুদ্ধি শুদ্ধি নীচ দিকে, করিবে গমন।
অহঙ্কারে পরিপূর্ণ, হবে তব মন॥
নীচের বিবাদে বুদ্ধি, শুদ্ধি নাহি বাড়ে।
বুদ্ধি যায় গুণ যায়, আর লক্ষ্মীছাড়ে॥

শত্রু যে হীনতা ও অক্ষমতা প্রযুক্ত ভক্তিভাব প্রকাশ ও প্রীতি সংস্থাপনে যত্নবান হয়, সে কেবল প্রবল শত্রু হইবার ও নানারূপ অনিষ্ট করিবার কারণ মাত্র; অপিচ প্রাচীনেরা কহিয়াছেন যখন কাল সহকারে বন্ধুদিগের প্রণয় ও কার্য্যের প্রতি বিশ্বাস করণে অন্তঃকরণে ভয়ের আবির্ভাব হয়, তখন শত্রুগণের প্রবঞ্চনায় মুগ্ধ হওয়া মূর্খতার কার্য্য বই আর কিছুই নহে।

শত্রু যদি হীনভাবে, করে হে প্রণয়।
তাহাতে প্রত্যয় করা, যুক্তিসিদ্ধ নয়॥
উড়িতে না পেরে যথা, পোষমানে পাখী।
সেই রূপ তার ভাব, ভাব নয় ফাঁকী॥
দায়ে পড়ে ভক্তি যদি, করে সে প্রকাশ।
তথাপি তাহাকে নাই ক্ষণেক বিশ্বাস॥
তাহার বাসনা মনে, কেবল প্রবল।
বিস্তারিব ক্রমে ক্রমে, শত্রুতা কৌশল॥

শকটের চক্র যেরূপ অনবরতই ঊর্দ্ধগমন ও অধোগমন করিতে করিতে উদ্দেশ্য স্থানে উপস্থিত হয়, মনুষ্যের অবস্থাও সেইরূপ। মনুষ্যের অবস্থা চিরকাল সমান থাকে না। শীত গ্রীষ্ম প্রভৃতি ঋতুগণ যেরূপ পরিভ্রমণ করিতেছে, মানুষের অবস্থাও সেইরূপ ভ্রমণ করিতেছে।

মানুষের নামা দশা ঘুরিয়ে কেবল।
কখন নির্ব্বল হয়, কখন প্রবল॥
গাড়ীর চাকার মত, ভাল মন্দ কাল।
উঠিছে নামিছে সদা, সকাল বিকাল॥
শীতগ্রীষ্ম ঋতুগণ, ঘুরিছে যেমন।
অবস্থাও সেইরূপ, করিছে ভ্রমণ॥
সুখ পরে দুঃখ হয়, দুঃখ পরে সুখ।
এই রূপে হইতেছে, সুখ আর দুখ॥

যিনি আপন আত্মীয় বন্ধুর বৈরি নিকরের সহিত সন্ধি স্থাপন করেন। তিনি জনসমাজে স্বজাদ্বেষী রূপে পরিচিত হয়েন।

বন্ধুর শত্রুর কাছে, করে যে গমন।
বন্ধু বলে তুমি তারে, করোনা গণন।
বন্ধুতার যোগ্য নহে, তাহার সে মন॥
এমন স্বভাবে নাহি, থাকে মৈত্র ধন॥
ভাবের অভাব হয়, হইলে এ মন।
কেমন করিয়া রবে, বন্ধুতা রতন॥

ক্ষুদ্র শত্রুকে সামান্য দুর্ব্বল বোধেও তাচ্ছীল্য করা নিতান্ত যুক্তি বিরুদ্ধ যেহেতু অগ্নি পরিমাণে অল্প হইলেও বুদ্ধিমান মনুষ্য মাত্রেই অবিলম্বে তাহা নির্ব্বাণ করেন, কেন না তদ্দ্বারা এক সুদীর্ঘদেশ অনায়াসে দগ্ধীভূত হইতে পারে।

ক্ষুদ্র শত্রু শত্রুতা বিষয়ে, ক্ষুদ্র নয়।
তাহাকে দুর্ব্বল ভাবা, অনুচিত হয়।
শাত্রব অনল বল, ভরসা কেবল।
সমুদায় ভস্ম করে, হইয়া প্রবল॥
অল্পমাত্র অগ্নি যদি, হয় প্রজ্বলিত।
নির্ব্বাণ করাই তাহা, সাধুর উচিত॥
আগুন বিগুণ হয়, যদি পায় জ্বাল।
রাজ্যময় পড়ে যায়, সামাল সামাল॥
অতএব ক্ষুদ্র শত্রু, ভাবিলে দুর্ব্বল।
জ্বালায় জ্বলিতে হয়, সর্ব্বদা কেবল॥
শত্রু যদি হীন বল, হয় অতিশয়।
তাহাকে তাচ্ছীল্য করা, বড় ভাল নয়॥

যদিও না থাকে তার, বল বুদ্ধি ধন।
ভয়ঙ্কর অস্ত্র আছে, অকুটিল মন॥
যেমন তেমন নহে, সে কুটিল মন।
কুটিলতা-চক্রে ফেলে, কৌশলে কেমন॥
অতএব হীন শত্রু ভাবিলে এরূপ।
শেষেতে দেখিতে হয়, বিপদের কূপ॥

পরস্পর বিপক্ষতাবলম্বি উভয় পক্ষের পক্ষে এরূপ আচরণ ও বাক্য প্রয়োগ করা কর্ত্তব্য যে তাহারদিগের বিবাদ ভঞ্জন হইলে তদ্দ্বারা লজ্জিত হইতে না হয়।

পরস্পর যদি হয়, বড় শত্রু ভাব।
উভয়ের যদি হয় বিকৃত স্বভাব॥
সে ভাব আপন ভাবে, করয়া গোপন।
উচিত না হয় বলা, কঠিন বচন।
কালে যদি উভয়ের, যায় সেই ভাব।
তার পর যদি হয়, বদ্ধুতা সুভাব॥
উভয়েরে লজ্জা পেতে, হয় নিরন্তর।
পূর্ব্ব আচরণ হয়, মলিন অন্তর॥

কোন ভয়জনক কার্য্য অর্থের দ্বারা যাবৎ সমাধা করিতে পারা যায় তাবৎ, স্বয়ং তজ্জন্য বিপদার্ণবে নিমগ্ন হওয়া অত্যন্ত অবিধেয়।

ধনবলে যদি কোন, কার্য্য সিদ্ধি হয়।
তার জন্যে নিজে ক্লেশ, পাওয়া ভাল নয়॥
ধনবল মহাবল, অবলের বল।
ধনিদের ধনবল, কেবল প্রবল॥
অতএব ধন দিয়া, যদি কার্য্য হয়।
আপনি বিপদে পড়া, যুক্তি যুক্ত নয়॥
ধনের অসাধ্য কার্য্য, হইবে যখন।
স্বয়ং তাহার ভার, লইবে তখন॥

ক্রোধ মানুষের পরম শত্রু। অতএব যদি মুখকে সংযত ও ধৈর্য্যকে আশ্রয় করিলে সেই পরম শত্রু বশীভূত হয়, তবে তাহা কেন না কর? ধৈর্য্য ধন ব্যয় করিয়া মৌন ব্রত ও ক্ষমা অবলম্বনই সাধুলক্ষণ।

ক্ষমাগুণ শ্রেষ্ঠ অতি, সর্ব্ব দেশে বলে।
কিন্তু তার ব্যবহার, জানে না সকলে॥
যে হয় ক্ষমার পাত্র, তাহারে ক্ষমিবে।
দরিদ্র জনের মন, সন্তুষ্ট তুষিবে॥
অসতের প্রতি কভু, দয়া না করিবে॥

ভারতভূমি ও ইঙ্গলণ্ড।

একদা দক্ষিণারণ্যে* করিতে ভ্রমণ।
দেখিতে সমুদ্র, মন হইল প্রবণ॥
যে অরণ্যে রামচন্দ্র হন নির্ব্বাসন।
যে অরণ্যে হয়েছিল সীতার হরণ॥
যে সমুদ্রে হয়েছিল সেতু সঙ্ঘটন।
রাবণ হনন আর সীতা উদ্ধারণ॥
মনে মনে মনোরথে করি আরোহণ।
সেইস্থানে উপকূলে উপনীত মন।
শাল তাল তমালের মনোরম বন।
নানাজাতি তরু লতা তাহে সুশোভন।
সমুদ্রের উপকূল বালি আচ্ছাদন॥
চক্ চক্ ঝক্ ঝক্ করে সর্ব্বক্ষণ।
যতই লাগিছে তাতে তপন কিরণ।
ততই জ্বলিছে যেন জ্বলন্ত জ্বলন॥
কেমন আসিছে ঢেউ লইয়া পবন।
সমুদ্রকূলের বায়ু করে সনসন॥
মন্দমন্দ বহিতেছে, ধীর সমীরণ।
কুলকুল করে জল, বায়ুর কারণ॥
বায়ুসহ উড়িতেছে মুক্তা জল কণ।
বিকসিত হইতেছে, কুসুম কানন॥
বায়ুভরে বৃক্ষলতা, করিছে নিঃস্বন।
হেলিছে দুলিছে গাছ পালা ঘন ঘন।
চারিদিকে মনোহারি, নূতন নূতন।
দেখে শুনে কত ভাব, হয় উদ্ভাবন॥
যখন যে দিকে আমি করি নিরীক্ষণ।
তখনি অমনি হয়, অস্থির নয়ন॥
এমন সুখের স্থান, করেছে যে জন।
মন প্রাণ সেই জনে করি সমর্পণ॥
যখন যেদিকে চাই, মেলিয়া নয়ন।
জলময় শূন্যময়, হয় দরশন॥
যখন যেদিকে শুনি, পাতিয়া শ্রবণ।
মনোহর শিষ্টস্বর করিছি শ্রবণ॥
যখন যেদিকে আমি, করি অন্বেষণ।
তখনি অমনি হয়, মন আকর্ষণ॥
এমন সুখের স্থানে, করিয়া ভ্রমণ।
কিছুখন বড় সুখে, হইল যাপন।

---

* দক্ষিণারণ্য।—দণ্ডকারণ্য প্রাচীন সংস্কৃত কবিরা দক্ষিণারণ্যকে দণ্ডকারণ্য বলিয়াও বর্ণন করিয়াছেন। ইঙ্গরেজেরাও ইহাকে এই নিমিত্তে "ডেকান" বলিয়া থাকেন।

† ইঙ্গলণ।—অগ্নি।

ক্রমে ক্রমে আকাশের তাপন তপন।
পাছে অস্তাচলে চলে, হইয়া গগন।
নিশাদেবী ক্রমেং, ঘরে আগমন।
টানিয়া দিলেন মুখে, ধ্বান্তাবগুণ্ঠন॥
নিশানাথ তারাগণ মন প্রলোভন।
আলো করে বসিলেন, নির্ম্মল গগন॥
উড়ুপতি দেখি সব, উড়ু উড়ুগণ।
ক্রমেং উঠিলেন যত তারাগণ॥

অগণন তারাগণ, ক্রমে যত উঠে।
আকাশে কুসুম যেন, বোধ হয় ফুটে॥
চাঁদের কিরণ জ্বলে, করে ঝল্‌মল।
বেগভরে জল যেন, করে টলটল॥
ঊর্ম্মিকুল আকুলিত, হইয়া অধীরে।
স্নেহভাবে আলিঙ্গন, করে এসে তীরে॥
ফেনিল হইল জল, তলের তাড়নে।
ভাসিয়া চলিল ফেনা, পবন সনে॥
কেমন ভাসিছে আহা, সমুদ্রে জাহাজ।
সুশোভিত হইয়াছে, সমুদ্রের মাঝ॥
নানাবিধ জলচর ভাসি বেড়ায়।
সাঁতার দিতেছে সব, তরঙ্গ বেলায়॥
কুল কুল করিতেছে, একুল ও কুল।
তরঙ্গে তরঙ্গ হয়, বিবাদ তুমুল॥
এই রূপে ক্রমে ক্রমে, শোভা সমুদায়।
সংমোহিনী শক্তিবলে, মোহিল আমায়॥
বসিলাম বালীময়, সমুদ্রের তীরে।
নির্ম্মল বাতাস লাগে, গায়ে ধীরেং॥
অলসে অবশ হল, সকল শরীর।
নিশীথিনী ক্রমেং হইল গভীর॥
তন্দ্রাসখী ক্রমে ক্রমে, আইল নয়নে।
নিদ্রাদেবী আইলেন, সখী দরশনে।

ঘোরতর নিদ্রাসুখ, হয় অনুভব।
এমন সময়ে শুনি কুলকুলরব॥
নীরব নির্জ্জনতীরে, করেছি শয়ন।
এই ভয়ে ব্যাকুলিত, হল মম মন॥
নিদ্রা যেন দূরে গেল, স্বপনে স্বপনে।
দ্বিগুণ ত্বরসা মম, হল মনে মনে॥
বালীশয্যা হতে উঠে, মেলিয়া নয়ন।
অপরূপ দেখিলাম, রমণী যুগল॥
এক জন তীরে বসে, করিছে রোদন।
উজ্জ্বল শ্যামবর্ণ, আরক্ত নয়ন॥
বয়েসের হইয়াছে, অতি পরিণাম।
সুখে সদা বলিতেছে, শুধু হরি নাম॥
আর নারী হাসিতেছে, যেন তার পাশে
ধবল সুখের বর্ণ, ক্ষণ ক্ষণে হাসে॥

214 306

মানসে যুবতী অতি, মদমত্ত গতি।
কুসুমিতে পরিপূর্ণ, নাহি মাত্র ক্ষতি॥
বৃদ্ধা হত খেদ করে, চুড়ী ভত হাসে।
হাত-পা নাড়িয়া কয়, মনের উল্লাসে॥
দূর হতে দেখে ইহা, হল বড় ভয়।
দুর্ভিক্ষে দেখি শুধু, সব অলময়॥
একবার মনে ভাবি, দৃষ্টির বিভ্রম।
পুনরায় ভাবি, দৃষ্টি নহে দুর্গম॥
বিদেষতা নিশীথিনী, হইয়াছে ভরা।
ঘনঘোরে ঘন ঘন, কাঁপিতেছে ধরা॥
কিরূপে এখানে এল, রমণী অবলা।
বুঝিতেছি বেশ আমি, রজনী নির্ম্মলা॥
আকুলিতমন আমি, কি করি এখন।
এ রূপে ইহাই মম, সন্দেহ ভঞ্জন॥
এমন সময় শুনি, আশ্চর্য্য বচন।
কোথাহতে শুনিলাম, নাহি নিরূপণ॥

শুনরে বচন, সন্দেহ ভঞ্জন,
চক্ষুক্তানাঞ্জন হবে।
বাহিরে ভাবনা, ভেবনা ভেবনা,
ভয় আর নাহি রবে॥
এই যে তরুণী, খেয়েছে বারুণী,
হাসিতেছে খল খল।
ইঙ্গলণ্ড কামিনী, সভ্যতা জননী,
যুদ্ধ বিগ্রহের বল॥
আরে ভারতী,† ক্ষীণ দেহ অতি,
কাঁদিছে মনের দুখে।
ও, ভারত ভূমি, দেখ বৎস তুমি,
ইমি নাহি বড় সুখে॥
দুজনে বিবাদ, হবে বিসম্বাদ,
এখনি দেখিবে তুমি।
ঐ দেখ আগে, যাইতেছে রাগে,
জয়ন্তী ভারত ভূমি॥

ভারতভূমি।

হায় হায় হায়, কহিব কাহায়,
দুঃখ আমার, দেহে রহিছে বিধি।
এ প্রকৃতির ভাবিয়া আকার,
ভয়ে ব্যাকুল, দেখে এ বিধি॥
জল যেমন, তাহার তেমন,
ভাব মতন, হয় যোজনা।

* মাদিরা।—মদিরা।
† ভারতী।—বুদ্ধা।

আমার কপাল, হয়েছে দোফাল,
বিপরীতকাল, কি গুণপনা॥
আপনা আপনি, দিবস রজনী,
দুঃখেতে অমনি, মরিয়া যাই।
কোথা হতে এসে, পোড়া মুখে হেসে,
ধবল স্বভেশে, এল বালাই॥
হইয়াছে ধন, নূতন যৌবন,
অহঙ্কারে মন, হয়েছে তাই॥
জানি না কেমন, কিসের কারণ,
বিষের নয়ন, ফেলেছে, যাই॥
হায় হায় হায়, একি হল দায়,
কহিব কাহায়, আমার কথা।
কোথারে শমন, আপন ভবন,
করোনা গোপন, যাইব তথা॥
আমার যন্ত্রণা আমি, কহিব কাহায় রে।
কোথা হতে হতভাগী আসিয়া জ্বালায় রে॥
আমার ক্রন্দন দেখে হাসিতেছে তায় রে।
দুঃখ দেখে হ, সে একি, নাহি সহ্য যায় রে॥
বয়েসের কম নাই, পড়িছি দশায় রে।
হাতিরে মারিছে লাথি, সময়ে মশায় রে॥
ভারতের পুণ্য ভূমি, আমি হায় হায় রে।
অভিমানভরে করে, বিজ্রূপ আমায় রে॥
বহুকাল মনে ছিল, দেখিব তোমায় রে।
বাক্য যুদ্ধ হবে আজ, তোমায় আমায় রে॥
আজকাল পড়িয়াছে, আমার যে দায় রে।
ছেলেপিলে ভুলে আছে তোমার মায়ায় রে॥
ভারত ভূমির সুখ, দিন দিন যায় রে।
রাজগণ ধনলোভী, হয়েছে তাহায় রে॥
এসব দুখের কথা, বুকেতে মিসায় রে।
আমার পুত্রেরা দুঃখে, করে হায় হায় রে॥
রাজরাণী রহিয়াছে বড়ই মজায় রে।
প্রজাদের বড় ফের, রাজার মজায় রে॥
মিসনরি ইশুমন্ত্রে, শিশুকে ভজায় রে।
একুল ও কুল তার, দুই কুল খায় রে॥
সোণার ভারতে হল, মিসনরি দায় রে।
মাতা পিতা পুত্রগণে, দিতেছে বিদায় রে॥
দুর্ভিক্ষে দেশের লোক, অন্ন নাহি পায় রে।
অন্ন বিনা ছয় দশা, প্রাণ যায় যায় রে॥
খেটে খুটে মরে তবু, না হয় উপায় রে।
অপায় বিপদ ঘটে, সদা পায় পায় রে॥
প্রজাদের আয় যায়, রাজার সেবায় রে।
কোথা গেল আয় আয়, হায় হায় হায় রে॥
দিন দিন ভারতের সব, সুখ যায় রে।
সুখের কলম আর, নাহি সে গজায় রে॥

ছাইয়াছে এ ভারত যবার রাজায় রে।
দশ দিক শূন্য দেখি রাজার কৃপায় রে॥
পড়েছে ভারত ভূমি, দশম দশায় রে।
আমার দুখের কথা, কহিব কাহায় রে॥

ইঙ্গলণ্ড।

ইংলণ্ড রাণ্ডিয়া কয়, বৃদ্ধা তুমি অতিশয়,
মতিচ্ছন্ন হইয়াছে, নাহি কর ভাবনা।
তোমার গুণেতে মরি, তোমার জ্বালায় অরি,
লজ্জা নাই কোন মুখে, কহিতেছ যাতনা॥
বুড়ি হলে বুদ্ধি যায়, বকুনিতে ভুতে পায়,
তোমার জ্বালায় আমি, কি করিব বল না।
বয়েসের নাহি শেষ, পলিত হয়েছে কেশ,
তবু শেষ দশা তুমি, ক্ষণমাত্র ভাব না॥
কি বল ভারত ভূমি, যাহা ইচ্ছা বল তুমি,
আমার এসুখ বুঝি, তুমি ভালবাস না।
শুনিয়া আমার যশ, হইয়াছ দ্বেষ বশ,
বিরস হয়েছে মুখ, নাহি কিছু বাসনা॥
আমারে না কর নতি, এমনি তোমার মতি,
বড় বুদ্ধি হইয়াছে, ফল তার ভাল না।
ঠেসঠাস দিয়া মোরে, গালি দেও বড় জোরে,
এখনি তাহার শোধ, ধরনালো ধরনা॥
জ্বালালে জ্বলিতে হয়, মেয়ে মদ্দে ইহা কয়,
ভয় নাহি কিছু মনে, কারে তুমি মাননা।
আমার ক্ষমতা যত, তোমারে কহিব কত,
মধ্যগত ভারতের, হয়েছি তা জাননা॥
তোমার ক্ষমতা যত, বিলাতে তা অবগত,
কর্ম্মফলে পাইতেছ, এত বড় যাতনা।
এখনো কি আছে আশা, ত্যাগ কর নিজবাসা
হাসাইছ বৃথা কেন, বল না লো বলনা॥
বৃথা কেন গালি পাড়, ছাড়২ বাসা ছাড়,
আড়ম্বর রেখে ওলো, যাও আর এসনা।
শুন লো ভারতভূমি, যথা ইচ্ছা যাও তুমি,
উমি দেখে আমারে লো ভীত যেন ভেবনা॥
আমার সন্তান যত, অবিরত দর্পরত,
কতই অদ্ভুত কাজ, করে নাহি গণনা।
আকাশে চালায় রথ, জলে করে দিব্য পথ,
তাহার মতন তুমি, পারনা লো পার না॥
তোমার সন্তানচয়, সমরেতে করে ভয়,
জগত বিখ্যাত ভীত, যুদ্ধ তারা চায়না।
অতিশয় ক্ষীণ দেহ, গেহ নাহি ছাড়ে কেহ,
স্নেহজালে হয়ে বশ, কোন দেশে যায় না॥

হইয়া জ্ঞানীর ছেলে, বিদ্যারত্ন ধন ফেলে,
কেলে ছেলে কে আমার লো, জানকলে নানানী
জানি জানি জানি সব, বৃথা কর শোকরব,
বুড়ি হলি, তবু ওলো, যায় না কি বাসনা ॥

ভারতভূমি।

বয়েস হয়েছে মটে, বলিতেছি অকপটে,
দুঃখিনী আমার মত নাই।
পৃথিবীর যত লোক, মম শোকে করে শোক,
মনে মনে ভাবি আমি তাই ॥
জরা হেতু জীর্ণ আমি, নাহি মনোমত স্বামী,
ভেবে ভেবে হইয়াছি কাল।
তাইভাই কেলে ছেলে, সকলি লো ভাগ্যে মেলে
তুই তাই কেন দিস্ গালি ॥
বয়েস হয়েছে ঢের, নাহি বুঝি আর ফের,
রকমের কথা কত বল।
যা বল তা বল ভাই, তোমার সমান নাই,
রূপে গুণে কৌশল কুশল ॥
ধবলের মত অঙ্গ, ইহাতেই রঙ্গ ভঙ্গ,
শিখায়েছে কোন পতি তোর।
সাদা সাদা ছেলে সব, মুখে ইস্ পিস্ রব,
তবু কেন কর এত জোর ॥
জাননা লো সাদামুখী, আমার সুখেতে সুখী,
হইয়াছে তোমার সন্তান।
আমার ধনেতে ধনী, হইয়াছে গুণমণি,
আমার মানেতে শুধ মান ॥
এত অহঙ্কার ভার, অপমান কর মোর,
জোর আর নাহি রবে আর।
ভাইয়া আমার সার, মিছা কেন বার বার,
অহঙ্কার ভরে হও ভার ॥
তোমার সন্তান যত, অবিরত মদে রত,
সব দেশে সদা আসে যায়।
জানিলো তাদের গুণ, কত দেশ করে খুন,
সুন খেয়ে গুণ নাহি গায় ॥
ঘরে নাহি খেতে পায়, এদেশ ওদেশ যায়,
ভাল মন্দ সব দিকে চায়।
কিছু ছিদ্র পেলে পর, যুদ্ধ সাজে তত্পর,
তখনি অমনি যুদ্ধে ধায় ॥
যাতেতাতে করে লোভ, মনে নাহি হয় ক্ষোভ,
এগুণ সমোন্য গুণ নয়।
নানাগুণে গুণবান, পৃথিবীর বথে প্রাণ,
গুণাধার তোমার তনয় ॥

আমার তনয়গণ, নাহি তারা বাসে রণ
বিদেশেতে নাহি তারা যায়।
ঘরে বসে খায় পরে, প্রাণী হত্যা নাহি করে,
কোন মতে দুঃখ নাহি পায় ॥
অল্পসুখে সুখী হয়, অল্প দুঃখে দুঃখময়,
দেখে এই জগত সংসার।
অল্পেতে সন্তোষ পায়, পর দ্রব্যে নাহি চায়,
ধর্ম্মকেই জ্ঞান করে সার ॥
বুদ্ধিরত্ন বড় ধন, সেই ধন অগণন,
চিন্তা করে আমার তনয়।
প্রাণ পণে বিদ্যাধন, করে তারা উপার্জ্জন,
তাহাতেই ধন মান হয় ॥
হৃদিন অধীন হয়ে, গিয়াছে তাহারা বয়ে,
এই মনোদুঃখে আমি মরি।
তোমার অধীনে বল, কিরূপে থাকিবে বল,
মনে মনে স্থির আছি করি ॥
মরি তাহে দুঃখ নাই, কোনদিকে নাহি চাই,
তোমার আগুন গুণে যাই।
কাঁদিতেছি মনোদুখে, কর হাসিতেছ বুকে,
কেন এলি এখানে বালাই ॥

ইঙ্গলণ্ড।

হাসি পায় ওলো দিদি তোর কথা শুনে লো।
অহঙ্কার কর তুমি বৃথা কোন্ গুণে লো ॥
আমারে জ্বালাই তুমি, জ্বলন্ত আগুণে লো।
এত দিনে পড়িলিরে, বিষাদ বিগুণে লো ॥
ছেলেপিলে মোর সব, তোর গুণে খুনে লো।
জ্বালালে জ্বলিতে হবে, আপনি দ্বিগুণে লো ॥
হিতে বিপরীত, বলিলি উচিত,
এই তোর রীত, ভারত ভূমি।
কত উপকার, করেছি তোমার,
মনে নাই আর, ভুলেছ তুমি ॥
যাহোক্ তাহোক্, কিসে তোর শোক,
কিসে এত রোষ, বললো তাই।
করেছি কি দোষ, কিসে এস রোষ;
মম অভিরোষ, কিছুই নাই ॥
তোমার কারণ, করেছি ধারণ,
ছেলেপিলেগণ, তোমার সাহা।
মাতৃনির্ব্বিশেষে, বড় ভাল বেসে,
এই হবে শেষে, ভাবিনি তাহা ॥
তোমার সে সব, যেতেছে ফুরব,
হতেছে গৌরব, আমার বলে।
সভ্যতা বিহীন, ছিলি এত দিন,
আমার অধীন, আছ কুশলে।

হায় লো তোমায়, কি ছিল আকার।
মনে নাহি আর, গিয়েছ ভুলে।
কহিছ এখন, কটুক বচন,
অহঙ্কারে মন, গিয়াছে খুলে।
শুনলো ভারত ভূমি, তোমায় কহিরে।
প্রাণ পণে করিয়াছি, ভারত ধারণ।
রাজনীতি অনুসারে, প্রজার পালন।
করিতেছে বিচক্ষণ, মম পুত্রগণ।
বুঝিতে পারি না তব, স্বভাব কেমন।
তবু তুমি করিতেছ, দোষ অন্বেষণ।
বুঝিলাম তুমি ওলো, বড়ই কুমন।
যেমন কুমন তব, দশাও তেমন।
বিদ্যাহীন পড়েছিলে, অজ্ঞানতা কালে।
কত দুঃখ ভোগ ছিল, তোমার কপালে।
হাহাকার করিতেলো, সেই দুঃসময়।
এখন সে সব বুঝি, মনে নাহি হয়।
যখন পীড়ন কাল, হয়েছিল কাল।
চতুর্দ্দিকে পড়েছিল, সামাল সামাল।
সেকাল গিয়াছে ওলো, হয়েছে সুকাল।
সুদিন সুদিন হয়ে, ফিরিছে কপাল।
দুঃখের সময়ে আমি, করিয়াছি ভাল।
ভালর বদলে তুমি, দিতেছ লো গাল।
হয়েছে ভারতভূমি, তোমার মঙ্গল।
বল দেখি বুড়ি তাতে, আমার কি ফল।
দিন দিন বুদ্ধি হয়, তোমায় কুশল।
আমার কি আছে তাহে, কিছুমাত্র ফল।
সমুদ্রের পার হতে, আসিয়া এখানে।
পালিলাম প্রজাগণে, অতি সাবধানে।
তাড়ালাম পুত্রদিয়া, কণ্টক যবনে।
তব উপকারে মম, সুখ হল মনে।
উপকারে কর তুমি, মম অপকার।
মনে মনে হইয়াছে এত, অহঙ্কার।
তোমার পূর্ব্বের দশা, নাহি পড়ে মনে।
নির্জ্জনে করিতে বাস, সুদুর্গম বনে।
কলিকাতা রাজধানী, ছিলনা সকল।
জঙ্গল ঘুচায়ে শোভা, করিল তাহার।
ওলো বুড়ি শুঁড়িশুঁড়ি, ছিল সব পথ।
কোনমতে চলিতেন, সুমোমত রথ।
মরণ জীবন পথ, ছিল এইখানে।
কতলোক মারা যেত, ধনে আর প্রাণে।
কেহই যেত না এই, সুদুর্গম বনে।
ঠেঙ্গাড়ের ভয় ছিল, সকলের মনে ॥
সভনে পাইলে পরে, যষ্টী লাটিমাল।
পথে ঘাটে করিতলো, কতশত ঘাল।

অকর গিয়াছে সেই, অক্ষর কাল ॥
আমাকে দিতেছ ভুম, গাল ভরা গাল ॥
আমার সন্তানে তুমি, বলিতেছ খুনে।
শুলো, আমি বাধ্য আছি, তাহাদের গুণে।
আমার সন্তান সব, নানাদেশে যায়।
মনোমত নানামত, ধন রত্ন পায় ॥
অপর জাতির সঙ্গে, কাটাকাটী করে।
বিবাদ করে না কভু, ঘরে ঘরে ॥
তোমার সন্তান সব, দেখি চমৎকার।
অবলোকে স্বজাতিরে, করেলো সংহার ॥
চমৎকার চমৎকার এই, ব্যবহার।
কত আমি বলিবলো, লজ্জা খেয়ে আর ॥
এমন গুণের ছেলে, ভুলিতে কি পার।
তোমার কপালে কত, দুঃখ আছে আর ॥

ভারতভূমি।

শুনলো ও শ্বেতাঙ্গিনি কথাটী আমার লো।
মুখে কেন অহঙ্কার কর বার বার লো।
ভীষণ গহন বনে বাস করা ভার লো।
সেই কাল ঘটিয়াছে তোমায় কপালে লো ॥
তোমার মুখে আঁটে সাধ্য আছে কার লো।
মনে মনে হও তুমি পৃথিবীর সার লো।
একবার চলে বল দেখি মুখেতে আবার লো।
হয়েছে তোমার দশা এমনি যাবার লো ॥
মনওলো আমার যে ভাগ্যেছিল আগে।
তাহারি ফলেতে তারা ভাগে।
সকলে গিয়াছে সব তোমার বিরাগে।
আমার কুবাক্য শুনে বুকে ব্যথা লাগে ॥
কি ছিলাম কি হলাম ভেবে ভেবে মরি।
তোমার উপরে জ্বালা, যন্ত্রণায় ঝুরি।
দুখের তীরে বসে হাহাকার করি।
যদি সুখ মনে করে সুখে কাল হরি ॥
তোমার নূতন ভাগ্য হয়েছে উদয়।
নূতন সাম্রাজ্য রাজ্ঞী হয়েছে সভয়।
ভয় হইয়া প্রজা বলে জয় জয়।
ভিতরে শত্রু কিন্তু অন্তরেতে নয় ॥
সদাই সতর্কিত সদা, সেকর সেকর।
ঘরে ঘরে হে-কর করে করে ঘর ঘর।
গ্রামে ঘর-দারে হলে মর মর।
চক্ষে বহে জল ঝর ঝর।
কার যদি রাজা কর নাহি পায়।
ধন-ধান্য তার উড়ে পুড়ে যায় ॥

রাজার কোপেতে প্রজা পড়ে পায় পায়।
উপায় বিহীন প্রজা হয় নিরুপায়।
প্রজাদের কিছু মাত্র নাহি আর আয়।
দিন আনে দিন খায় সকল প্রজায়।
এসব দুঃখের কথা কহিব কাহায়।
মনোদুঃখে প্রাণ যায় হায় হায় ॥

ইঙ্গলণ্ড।

কি বলিলি ওলো বুড়ি আর প্রাণে সয় না।
তোমার এ অহঙ্কার মোর মনে লয় না ॥
তোমার এ ঋণ দেহ আর বড় বয় না।
ভাল ভেবে আর কেহ তোরে যেন কয় না ॥
বলিতে হইবে তোরে ওলো বুড়ি মলনাগ
কিবা ছিলি কি হইলি কেন তাহা রয় না ॥

ভারতভূমি।

কি হল কি হল হায় কিহল আমার রে।
কোথা গেল ভারতের ধনরত্ন সার রে ॥
উজ্জয়িনী রাজধানী কোথা গেল ধারা* রে।
বিক্রম আদিত্য ভোজ নানা গুণধার রে।
কোথা গেল ব্রহ্মাবর্ত্ত† ভারত আধার রে ॥
বিদ্যাবলে ছিলনাকো ভারতে আঁধার রে ॥
আর্য্যাবর্ত্ত পুণ্য ভূমি নাম ছিল সার রে।
পাপ ভূমি নাম তার হয়েছে প্রচার রে ॥
ভারত পাপেতে পূর্ণ বাস করা ভার রে।
কি হল কি হল হায় কি হল আমায় রে ॥
কোথা গেল রাজগণ পালক প্রজার রে।
রাজধর্ম্ম পুণ্যবল গিয়াছে রাজার রে ॥
ভারত হয়েছে আজ দুঃখের বাজার রে ॥
পাপ তাপে মরে লোক হাজার হাজার রে।
প্রজাদের নাহি গতি অন্য কেহ আর রে।
চারিদিকে পড়িয়াছে শুধু হাহাকার রে ॥
প্রজাদের দুঃখ দেখে দয়া নাহি কার রে ॥
দুঃখের বাড়িছে শ্রোত দুঃখ অনিবার রে।
রাজগণ ধনলোভী হয়েছে আবার রে।
কি হল কি হল হায় কি হল আমায় রে ॥

রাজধর্ম্মে অনুরাগ গিয়াছে রাজার রে।
রাজগণ বশীভূত কেবল মজার রে ॥

*উজ্জয়িণী :—বিক্রমাদিত্যের রাজধনী।
†ধারা :—ভোজরাজার রাজধানী।
‡ব্রহ্মাবর্ত্ত :—প্রাচীনকালের বিদ্যালয় ও তপস্যার স্থান।

কোথা গেল ভারতের ধর্ম্ম কর্ম্ম তার রে।
সাধুগণ বহে সদা শুধু দুঃখ ভার রে ॥
হৃদয় বিদীর্ণ তবু নাহি হয় সার রে।
কেমন কপাল মোর বুঝে উঠা ভার রে ॥
কিছুমাত্র নাহি ঠিক আমার মাতার রে ॥
দুঃখের অবধি নাই ও রক্ত মাতার রে ॥
দুঃখের সাগরে আমি দিতেছি সাঁতার রে।
কি হল কি ভুল হায় কি হল আমার রে ॥

ইঙ্গলণ্ড।

কোথা গেলে পুত্রগণ এস একবার রে।
সুখ দুঃখ দেখ চক্ষে আপনার সার রে ॥
আমার যন্ত্রণা দুঃখ না হয় সবার রে ॥
মম দুঃখে দুঃখ বোধ হইবে সবার রে।
কোথা গেল প্রিয় স্বামী রামচন্দ্র সার রে ॥
কোথা গেল যুধিষ্ঠির হৃদয় আমার রে ॥
কোথা গেল সে কালের সুখের আগার রে।
কোথা গেল ভারতের সে সব আকার রে ॥
জ্বালাতন হইতেছি সিংহে বার বার রে ॥
কি হল কি হল হায় কি হল আমার রে ॥

কোথা গেল কালিদাস রসপারাবার রে।
কোথা গেল ভবভূতি মম অহঙ্কার রে ॥
ভারবি কোথায় গেল নানা অর্থাধার রে।
কোথ গেল মাঘ কবি গ্রিগুণের সার রে ॥
সুকবি সন্তান যত এত ছিল কার রে।
কপাল ভেঙেছে তাই ভারত আঁধার রে ॥
কি করিব কোথা যাব ভাবি অনিবার রে।
শাদার জ্বালায় সব হল ছার খার রে।
তাই বলি ওলো চুঁড়ি কেন বক আর রে।
কি হল কি হল হায় কি হল আমার রে ॥

ইঙ্গলণ্ড।

পৃথিবীতে যত রাজা আছে বর্ত্তমান।
কেহ নহে মম পুত্র বৃটিশ সমান ॥
বৃটিশ শাসন বলে কাঁপে সব লোক।
বৃটিশের ভয়ে ভীত দ্যুলোক ভূলোক ॥
রোমীয় স্মৃতির মতে বৃটিশ শাসন।
জগতের দুখ হয় শিষ্টের পালন ॥
বিশুদ্ধ রোমীয় স্মৃতি জানে সব লোক।
দেশময় ব্যাপিয়াছে তাহার আলোক ॥
যে রাজার রাজ্যগুণে সুখী প্রজাগণ।
যে রাজার সভ্যতায় সভ্য সর্ব্বজন ॥
যে রাজার প্রতাপেতে সদা জড়সড়।
যে রাজার অধীনেতে রাজা বড় বড় ॥

এমন রাজারে নিন্দা কর দেখে গুণ।
কপালে আগুন তোর কপালে আগুন।

ভারত ভূমি।

কপালে আগুন মোর মিথ্যা তাহা নয়।
বৃটিশের গুণাগুনে সদা হয় ভয়॥
জ্বলিতেছি কিছু কাল সেই গুণাগুনে।
ঘৃতাহুতি হইতেছে তোর কথা শুনে।
মিছে তুমি বল নাই বৃটিশ সমান।
আর কেহ রাজা নাহি ধরা বর্ত্তমান।
বৃটিশ শাসন বলে ভয়ার্ত্ত ভূলোক।
কুলোক পুলোক পূর্ণ পাইয়া আলোক॥
ঠিক ঠিক বলিয়াছ কিছু মিছে নয়।
বৃটিশের রাজভয়ে ধরা পায় ভয়॥
ভয় পেয়ে মূর্চ্ছাগত হইয়াছে ধরা।
পাপ তাপ শোক মোহ দুঃখ ক্লেশ ভরা॥
এসব দুঃখের কথা কহিব কাহায়।
জ্বর জ্বর মর মর হইলাম হায়॥
আমার সন্তানগণ পৌরুষ বিহীন।
দিন দিন দীন ভাবে হইতেছে ক্ষীণ॥
বুদ্ধি শুদ্ধি ক্রমে ক্রমে ছাড়িছে স্বভাব।
নাহি আর তাহাদের সেরূপ প্রভাব॥
দুরাচার দেশাচার হইয়া প্রচার।
ক্রমে ক্রমে ভারতেরে করিছে সংহার॥
কিছুমাত্র নাহি আর বিদ্যার প্রচার।
ভারতের গেছে সব ধন রত্ন সার॥
দিন দিন বাড়িতেছে কতই জঞ্জাল।
কি কাল হইল কাল যেমন কপাল॥

আহা মরি আহা মরি, স্বীয় দেশ পরিহরি,
অকূল সমুদ্র তরি, তরী আরোহণে,
মরি, তরী আরোহণে লো।
উলুসন এল রুকে, কিছু দয়া নাই বুকে,
দুখে ফেলে প্রজাদের, রোষ ময় মনে,
অলো, রোষময় মনে লো॥
দেশে নাই সুখ লেশ, প্রজাদের হল শেষ,
উলুসন ধূমকেতু, গগণে উদয়,
হলো, গগণে উদয় লো।
দেখে তার কদাকার, সবে করে হাহাকার,
ভয়ে ভীত প্রজাগণ, আর নাহি রয়,
তারা, আর নাহি রয় লো॥
পাতিয়া রয়েছে কর, প্রজাগণ দেহ কর,
দেহ কর সুশীতল, সদা সেই কয়,
মুখে, সদা সেই কয় লো।

শুনে আসে গায়ে জ্বর, দেহ হয় জ্বর জ্বর,
মরমর প্রজা সব, সবাই সভয়,
হয়, সবাই সভয় লো।
কি হল কি হল হায়, ধন মান প্রাণ যায়,
আমার ঘটিল কাল, বিষম জঞ্জাল,
বড়, বিষম জঞ্জাল লো॥
বিপদের নাহি শেষ, পরিশেষ মহাক্লেশ,
আমার সন্তান ধরে, বিপদের জাল,
হাতে, বিপদের জাল লো॥
উলু বলে উলুসন, জ্বালিলেন হুতাশন
সামাল সামাল হলো, আমার কপাল,
হায়, আমার কপাল লো।
ভূপাল বিদেশী যত, ভাবে তারা কত মত,
আমারে লইবে বলে, আসে পালে পাল,
তারা আসে পালে পাল লো॥
কর দায় প্রজাগণ, সদা হয় জ্বালাতন,
উদরান্ন নাহি পায়, ভেবে ভেবে মরে,
সব, ভেবেভেবে মরে লো।
রাজগণ কর চায়, ঘরে নাহি খেতে পায়,
কোথা হতে এত কর, দেবে রাজকরে
তারা, দেবে রাজ করে লো॥
রাজার নাহিলো দুখ, প্রজাদের ফাটে বুক,
একটুক স্নেহ নাই, বৃটিশ শাসনে,
এই, বৃটিশ শাসনে লো।
করে করে দেহ জ্বরে, অন্ন নাহি কার ঘরে,
কি কাল হইল কাল, তোর আগমনে,
হায়, তোর আগমনে লো॥

ভারতের দুঃখরবে গেল ঘুম ঘোর।
নয়ন মেলিয়া দেখি হইয়াছে ভোর॥
পাখি সব করে রব তমালের বনে।
শুনিয়া অপূর্ব্ব সুখ হলো মম মনে॥
বালী শয্যা হতে উঠে সমুদ্রের তীরে।
মুখ প্রক্ষালন হেতু যাই ধীরে ধীরে॥
স্বপনের মিষ্টভাব হইল স্মরণ।
ভাবভরে পুলকিত হল মম মন॥
ক্রমে ক্রমে আইলাম আপন ভবন।
লিখিলাম মনোদুঃখে গোপন স্বপন॥

নীলাম্বরী।

[গত মাসের শেষ]

এক দিন মধ্যাহ্নকালে সে অরণ্যানী প্রবেশ করিলে প্রবৃত্তিবশম্বদ মন যেমন দুঃখের অনুগমন করে তৎকর্ম্ম দর্শনাভিলাষী হইয়া আমি তদ্রূপ তাহার পশ্চাদনুসরণ করিলাম সে তাহা জানিতে পারিল না। আমরা ক্রমে২ অর্দ্ধক্রোশ পরিমিত পর্ব্বতীয় একটা দুর্গম প্রদেশে উত্তীর্ণ হইয়া কতক গুলি গণ্ডশৈলের সন্নিকটে সমুপস্থিত হইলাম তথায় উক্ত দুর্ভাগ্যা বালা লতাদ্বারা বন্য কুসুমচয়ের এক ছড়া সুদীর্ঘ হার গৃহন পুরঃসর একটী তরুর মূল দেশে বন্ধন করিয়া অনেক্ষণ এক দৃষ্টে অবলোকন করিতে লাগিল, পরে তাহা উন্মোচন করিবার উপক্রম করিতেছে, এমন সময় নিকটস্থা গিরি নদীর তীরে নীর পানোন্মুখ এক হরিণ শাবক আলোকিত হওয়ায় মনের বৈক্লব্য বশতঃ "রে দুরান্ত কৃতান্ত, তুমি অতি নিষ্ঠুর, তোমাকে অদ্য বিধৃত করিয়া যাতনা প্রদান করিব" ইত্থম্ভূতোক্তি করিতে করিতে সেই বালা তাহাকে ধরিবার নিমিত্ত দ্রুত বেগে ধাবমানা হইল, আমিও বৃক্ষান্তরাল আশ্রয় পূর্ব্বক তাহার পাশ্চাৎগামী হইলাম তরুপঙ্ক্তির বিরলতা ও নিবিড়তা প্রযুক্ত কুমারী কখন নেত্র পথে পতিতা কখন বা অতীতা হইতে লাগিল কিয়দ্দূর গমন করিলে পর দেখিতে পাইলাম, সেই হতভাগিনী মৃগের অনুগমনে বিরতা হইয়া এক সরসীকূলে সাক্ষাৎ শমন জিহ্বা স্বরূপ একটী সর্প শিশুকে ধারণ করিয়া বলয়ের ন্যায় হস্তে বলয়িত করিতেছে, তাহাতে তখন তদীয় আসন্নকাল উপসন্ন বোধে শোকাকুল মনে "অবোধ বৎসে উহা পরিত্যাগ কর, উহা জীবনের পরম বৈরী" ইত্যাকার সমুক্তি করিতে করিতে তাহার দিকে ধাবিত হইলাম, মানবগণ যত আগ্রহ করুক না কেন, জগদীশ্বরের নিয়ম কখনই অন্যথা হইবার নহে, আমি তাহাকে বিষয়ধর হইতে রক্ষা করিবার নিমিত্ত তত শীঘ্র গমন করিলেও তথায় উপস্থিত হইয়া দেখিলাম, যে তখন ভুজঙ্গদষ্টা দুর্ভাগিনীর স্বর্ণলতা স্বরূপ শরীরের শিরাতে কালকূট প্রবিষ্ট হইয়া স্বীয় গুণ সংপ্রকাশ অর্থাৎ অবসন্ন করিতেছে শৈবাল সম্মিলিতা সরোজিনীর ন্যায় রাহু গ্রস্ত শশধরের ন্যায় এবং ভস্মাচ্ছাদিত অনল ন্যায় জ্বালারহলাহল বর্ত্তক হতপ্রভ তাহার কলেবরকে বোধ হইতে লাগিল, তদীয় রক্ষার জন্য কোন উপায়োদ্ভাবিত না হওয়াতে আমি অতীব ব্যাকুল চিত্ত হইলাম, অনন্তর রবি অস্তগত হইবার পূর্ব্বে তাহার প্রাণ বায়ু বিনির্গত হইল, এদিকে সর্ব্বরী আগতা নিমিত্ত সত্বর হইয়া তদীয় শব একটা গহ্বর মধ্যে নিহিত করিয়া শিলাখণ্ডের দ্বারা তাহার মুখ বদ্ধ করিয়া দিলাম, এবং তন্মঙ্গলোদ্দেশে পরমেশ্বর সন্নিধানে প্রর্থনা করিলাম, পরে শোকাকুলিত মনে আশ্রমে আসিয়া কথঞ্চিৎ সেই যামিনী যাপন করিয়া পর দিন প্রাতে মৃত পরিজন্মার ভবনে গমন পূর্ব্বক শিলাত্মজকে শয্যাশায়ী অবলোকন করিয়া তদ্বৃত্তান্ত জিজ্ঞাসু হইলে শুনিলাম দুই তিন দিবসাবধি তাহার শরীর এক প্রকার অসুস্থ হইয়াছে, পরে তাহারদিগকে বিগত বাসরীয় বিষাদজনক বিবরণ বিজ্ঞাত করিলে তাহারা অনেক শোক তাপ করিল, তৎকালে প্রবোধ বাক্যের দ্বারা তাহারদের শান্ত্বনা পুরঃসর আপন আশ্রমে আগমন করিলাম, তদনন্তর অবকাশ ক্রমে শিলাত্মজকে এক একবার দেখিতে যাইতাম।

এইরূপে পঞ্চদশ দিবস বিগত প্রায় হইলে ষষ্টদশ বাসরে পরিজন্মার বাসস্থানে যাইয়া দেখিলাম শোক মোহে জীর্ণ ও শীর্ণ হইয়া শিলাত্মজ কলেবর পরিত্যাগ করিয়াছে, পরিজন্মার গৃহিণী নিস্তব্ধভাবে কেবল অশ্রুধারা বিমোচন করিতেছে, সে সময় সেই শোচনীয় ব্যাপার বিলোকনে আমি অতীব বিষন্ন ভাবাপন্ন হইলাম, অনন্তর পরিজন্মার আবাস স্থলীর অনতিদূরে একটি পাদ শৈলের উপত্যকা ভূমিতে তাহার সমাধি হইল পরে আমি পরিজন্মার সহধার্ম্মিণীকে বিবিধ প্রকার প্রবোধ বচন প্রদান করিয়া কহিলাম, হে মাতঃ আর শোক সন্তাপ করিলে কি হইবে, শোক করিলে কেহইত প্রত্যাগত হইবে না, অতএব এইপর্য্যন্ত খেদ বিষাদ পরিত্যাগ পূর্ব্বক পরমপিতা পরাৎপর পরমেশের ধ্যানে অন্তরকে নিয়ত নিযুক্ত কর, সেই অবধি দুর্ভাগিনী কুমারী জননী লোকত্রয় পাবনী সুরধুনী তীর সংস্থিত একটী পর্ণ কুটীর মধ্যে অবস্থিতি পুরঃসর মৃত্যুর অপেক্ষা করিয়া অদ্য পর্য্যন্ত বিলাপ করিতেছে, তুমি যাহাকে দেখিয়া আসিয়াছ সে সেই রমণী অধনা কদাচিৎ সাবকাশ অনুসারে তথায় গমন করিয়া তাহাকে বৈরাগ্যোপদেশ দান করিয়া যথা কথঞ্চিদ্রূপে শান্তা করিয়া থাকি, সে যাহা হউক তদবধি নীলব্রতের অনাগমনে অনুভব হয়, যে সেও বুঝি নয়নানন্দ বর্দ্ধিনী নন্দিনীর ক্লেশাসহিষ্ণু হইয়া লোকলীলা সম্বরণ করিয়াছে. বৎস যদিও আমি সংসার সংবর্জ্জন পূর্ব্বক এই বিজন প্রদেশে ঈশ্বরাশক্ত চিত্ত হইয়া বাস করিতেছি, তথাচ তাহারদের প্রতি সন্তানের ন্যায় স্নেহ করিতাম, এই বলিয়া যেরূপ বর্ষাগমে কাদম্বরী অর্থাৎ কোকিলা নিস্তব্ধা হয়, তদ্রূপ সেই মহাপুরুষ নিস্তব্ধ হইলেন।

হে প্রাজ্ঞ মহাশয়গণ, যখন তিনি এই দুঃখজনক ইতিবৃত্ত শেষ করেন, তখন যামিনী এক ঘটিকার অধিক ছিল, তখন চতুর্দ্দিকে ঝিল্লী সমূহ রব করাতে যেমন স্বভাব তাহারদের এই ইতিহাস শ্রবণ করিয়া ক্রন্দন করিতেছে, বোধ হইল সেই ঋষির আশ্রম সন্নিহিত পাদপ পত্রপোরি পতিত নিশির শিশির তাহাতে শশীর প্রতিবিম্ব প্রপতিত আর তাহা হইতে নীহার বিন্দু নিঃসৃত হইয়া ভূতলে সম্পাতিত হওয়াতে অনুমেয় হইল, যেমন ইহা শ্রবণ করিয়া তরুগণ তারাপতি প্রতিচ্ছায়া রূপ তারকাবিশিষ্ট পত্র নেত্র হইতে তুষার বারিবৎ নয়ন নীর বিগলিত করিতেছে।—

শ্রী যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।
সাং চন্দ্রভাগ।

সন ১২৬৬ সাল।
তাং ২রা মাঘ।

216 508

ফাল্গুণ মাসের সংক্ষিপ্ত সংবাদ।

নদরলণ্ড দেশীয় একজন প্রসিদ্ধ সংবাদপত্র সম্পাদক তদ্দেশীয় গবর্ণর সাহেবের নিন্দা প্রচার করাতে দেড়বৎসরের নিমিত্তে কারারুদ্ধ হইয়াছেন।—কলিকাতা হিন্দু থিয়েটিকেল একাডেমি নামক বিদ্যালয়ের অধ্যক্ষ মেং, ডাং, ইউয়িং সাহেব, গ্লাসগো নর্ম্মাল সেমিনরির অধ্যক্ষ মেং এফো সাহেব কত ট্রেনিংসিষ্টম অনুসারে, আপনার বিদ্যালয়ে শিক্ষা দিবার প্রস্তাব করেন।—যদি কোন অপরাধে বা ঋণদায়ে কোন রাজকর্ম্মচারী কারারুদ্ধ হয় তবে তাহাকে সংক্ষেপ রূপে বিবেচনা করিতেহইবে, শ্রীমতী মহারাণী এই বিষয়ের উল্লেখ করিয়াছেন।—নীলকরদের অত্যাচার দিন দিন বৃদ্ধি হয়।—সংস্কৃত কালেজ ও হিন্দুস্কুলের বালকদের পরস্পর বিবাদ ঘটিয়াছিল।—অযোধ্যার বেগম হজরত মহল বিদ্রোহিগণ সমভিব্যাহারে নেপালীয় উপত্যকাভূমিতে ছিল, বৃটিশ গবর্ণমেণ্ট নিযুক্ত চর দ্বারা তাহার অনুসন্ধান হইয়াছে।—ইঙ্গরেজী ভাষায় অদ্বিতীয় সুলেখক লার্ড মেকলি সাহেব স্বর্গারোহণ করিয়াছেন। তাঁহার সমাধি যাত্রায় ইঙ্গলণ্ডীয় যাবতীয় রাজগণ ধনিগণ এবং কবিগণ একত্রিত হইয়াছিলেন।—অসভ্য কুকিজাতি ত্রিপুরা পর্ব্বতের অধিত্যকা ভূমি হইতে অবরোহণ করিয়া বৃটিশ অধিকারের কয়েকখানি গ্রাম জ্বালাইয়া দেয় তাহাতে প্রজাবর্গের অনেক ক্ষতি হইয়াছে।—কলিকাতা টৌনহালে মিউনিসিপেল কমিসনরদের এক প্রকাশ্য সভার অধিবেশন হয়, তাহাতে অনেকঅনেক সম্ভ্রান্ত ইঙ্গরেজ ও বাঙ্গালিগণের সমাগম হইয়াছিল।—ভারতবর্ষীয় গবর্ণর জেনেরল বাহাদুর শতক্রনদ পার হইয়া অমৃতসরে উপস্থিত হইলে তথাকার রাজভক্ত প্রজাবর্গ তাঁহার যথেষ্ট সমাদর করেন।—সর হোপ গ্রাণ্ট সাহেব ১৫ই ফেব্রুয়ারি তারিখে কলিকাতা রাজধানীতে উপস্থিত হইয়াছেন।—প্রজাবৎসল ব্রিটিশ গবর্ণমেণ্ট পাশ্চম প্রদেশের প্রতি কোপ দৃষ্টি ত্যাগ করিয়া পুনর্ব্বার তাহার অঙ্গ সংস্কারের নিমিত্তে অনুমতি প্রচার করিয়াছেন। অনরেবল মেং উইলসন সাহেব বিগত ৬ই ফাল্গুণ ব্যবস্থাপক সমাজে আপনার স্বকপোল কল্পিত নূতন প্রকার আয়কয়ের প্রস্তাব করেন, তাহা সঙ্গত কি অসঙ্গত ইহা লইয়া সমাজে অনেক তর্ক বিতর্ক হয়।—কলিকাতারাজধানীর বাঙ্গালি পল্লীতে গ্যাস আলোক দিবার সূত্রপাত হইয়া অদ্যে বারাণসী ঘোষের ষ্ট্রিটে আলো আরম্ভ হইয়াছে।—মৌলমীনের এক জন খৃষ্টধর্ম্ম পরায়ণ মিসনরি একটি বিদ্যালয় স্থাপনের নিমিত্ত গবর্ণমেণ্টে আবেদন করিয়াছিলেন তাহা গ্রাহ্য হয় নাই।—তামাকের প্রতি সেরেরা আট আনা মাশুল হইবার কল্পনা হয়।—বাঙ্গাল চেম্বর অফ্ কমার্স নামক সমাজের সভাপতি মেং ডি, মেক্লিন্ লে সাহেব বিলাত গমন করিয়াছেন, তাঁহার স্বদেশে যাত্রার পূর্ব্বে কলিকাতাস্থ অনেক সম্ভ্রান্ত লোক তাহার নিকট কৃতজ্ঞতা স্বীকার ও দর্শনার্থে গিয়াছিলেন।—কুমার সিংহের সহোদর অমর সিংহ গোরক্ষপুরের কারাগারে মরিয়াছে।—অনরেবল মেং উইলসন সাহেব মনুসংহিতার বচনোল্লেখ করিয়া তাবয়বীয় প্রজাদের উপর আয় কর স্থাপনের প্রস্তাব করিয়াছিলেন।—ভারতবর্ষীয় গবর্ণরজেনেরল বাহাদুর অযোধ্যা প্রদেশীয় সমুদায় তালুকদারদিগকে অনরারি মাজিষ্ট্রেটি ভারার্পণ করিয়াছেন।—তাঁহাদিগকে উদ্দু ভাষায় সমুদায় মোকদ্দমা বিবরণ লিখিতে হইবে।—মাদ্রাজেরিং বাহাদুর যখন পেসবার নগরে উপস্থিত হন তখন দেশীয় সৈন্য শ্রেণী এবং ভদ্রলোকেরা তাঁহার দর্শনার্থে রাজপথের উভয় পার্শ্বে দণ্ডায়মান হইয়াছিল।—নবদ্বীপ প্রদেশে দিন দিন নীলকরদের উৎপাত বৃদ্ধি হয় এনিমিত্তে রাজপুরুষেরা ইহার বিবেচনার ভার লইয়াছেন।



গবর্ণমেণ্টের বাষ্পীয়জাহাজের বিজ্ঞাপন।

যমুনা নামে বাষ্পীয় জাহাজ গোমতী নামে নৌকাকে আকর্ষণ পূর্ব্বক আগামী ১৫ তারিখে অপরাহ্ণ সময়ে উল্লখিত স্থানাদিতে গমন করিবেক। পেকেজ অর্থাৎ পুলিন্দাদি তাহার ভাড়ার টাকার সহিত একেবারে পাঠাইতে হইবেক।

সেরিফের সুপ্রিণ্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞানুসারে

W. White

Clerk of the Government Boat Office

ডবলিউ, হোয়াইট।

গবর্ণমেণ্টের বোট আফিসের ক্লার্ক।

কলিকাতা। ১৮ মার্চ্চ। ১৮৬০ সাল।

Printedand Published by RAMCHUNDER Goopto at the *Probhakur* Press

সংবাদপ্রভাকর

প্রাতঃকিরণম্

২১৭ ২০৩

এই এক সোমবার পত্র বিবার ব্যতীত প্রতি দিবস প্রভাকরাক্ষ সিমুলিয়ার অমরপাতিতে নম্বর ষ্ট্রিটে ৩২ নং ভবনে সম্পাদক শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র গুপ্তকর্তৃক প্রকাশিত হয়।

॥*॥*॥ সভাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ ॥*॥ ॥*॥*॥ উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥*॥*॥

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রাম্যং জাম গতভ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥ অদ্যোদ্যদ্বিমলং প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে বিবস্ত চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।৵০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৪৫৬ সংখ্যা] বুধবার ২ চৈত্র ১২৬৬ সাল। ইং ১৪ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন।

রিশীবর আকিল।

মৃতরাজা রাজকৃষ্ণ বাহাদুরের ইষ্টেটের জমিদারিদিগের ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে মনডালের ১৯ মার্চ্চ সোমবার বেলা দুই প্রহরেরএক ঘণ্টার সময় প্রিমকোর্টের রিশীবর শ্রীযুক্ত জেমেশ সাহেব তাঁহার আফিসে উপরো ইষ্টেটের নীচের লিখিত জমিদারি সমূহের ৫ খণ্ড করিয়া ইজারার ডাক ডাকিবেন যাহারা ইজারা লওনেচ্ছুক তাহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

১ খণ্ড।

জিলা চব্বিশ পরগণার পরগণে তালাড়ি ও পরগণে হাতিয়াঘর মৌজা সানা ও রঘনাথপুরের লাখেরাজ জমি ইতক বেহালা জাগা ইদ[illegible] দুই ধুরের মহ জা[illegible] পাণিহাটী [illegible] ভবানীপুর ও নাগরকুণ্ড ও [illegible] বাগান ও আগড়পাড়ার [illegible]

২ খণ্ড।

জিলা চব্বিশ পরগণার কিশমৎ বারাকপুরদিগর মায় গুদি মহল ও কিশমত বাজে শ্রীরামপুর ও জিলা হুগলির সামিল কিশমত বাঁশাই স্বর্ণপাড়া, মহেশপুর ও কিশমত বেণিপর।

৩ খণ্ড।

সহর কলিকাতা বাজার সুতানুটী বাজার সুতানুটীও মায় রাইয়তি জমি বাঁশুয়াহাটার জমি ও চারলশ বাজার ও শ্যামবাজারের ও বাগবাজারের জায়গা ও কুলিমহল ও ধর্ম্মতলার ফিচেলওয়ালা জায়গা ও চাঁদনির জায়গা ও ঘোড়াসাঁকোর বায়গা ও শোভাবাজারের বৈঠকখানা মহলের জমি ও মনোহর মুখোপাধ্যায়ের মহলের বাটী ও জমি ও মাতা গোস্বামির জমি ও কালীশঙ্কর নেউগীর জমি ও রাধাবাজারের বায়গাও তুলাবাজারের রাগীওয়ালা বাটী ও ঘোড়াবাগানের জমি ও ভোগোল কুঁড়িয়ার গোপী বাগানদিগরের জমি মায় জলকর ও ইটালির ও সিন্ধুরিয়াপটীর বায়গা দিগর ও জিলা ২৪ পরগণার বরাহনগরের ও দক্ষিণেশ্বরের বাগান মায় রাইয়তি জমি মৌজা সিঁতি ও মৌজা জয়পুর ও স্যাতগাছির ও দক্ষিণরাড়ির জায়গা ও জেলা কৃষ্ণনগরের কাঁচরাপাড়ার নিকটস্থ মল্লিকবাগ নামক ভূমি।

আর২ বৃত্তান্ত রিশীবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা সুপ্রিমকোর্ট হৌস তাং ২৮ ফিব্রুয়ারি।

আফিমের ইশ্‌তেহার

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন১৮৬০ সাল তারিখ ৯ এপ্রেল সোমবার পূর্ব্বাহ্ন দিবা এগারো ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন১৮৫৮।৫৯ সালের পয়দায়শী আফিমের চতুর্থ নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তা বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ৬২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ৫১০

জুমলা সিন্দুক ... ১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদায় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন১৮৬০ সালের ১৪ এবং ২৪ এপ্রেল এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিশরি লোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব ট্রেজরর সাহেবের দপ্তরখতী ট্রেজরী রসিদ অথবা কোন রকম সরকারি মাতব্বরি দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন১৮৬০ সালের ১৪ এপ্রেল শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্ত মতের পুরা টাকার দরুণ কোন ট্রেজরি রসিদ সন১৮৬০ সালের ২৪ এপ্রেল মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী হউক বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলাম ধরা যাইবেক, আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

বেহারের বানারসের জুমলা সিন্দুক সিন্দুক সিন্দুক

সন১৮৬০ সালের ৭ মে	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮
ঐ ১১ জুন	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮
ঐ ৯ জুলাই	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮
ঐ ৬ অক্টোবর	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮
ঐ ১০ সেপ্টেম্বর	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮
ঐ ৮ আক্টোবর	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮
ঐ ৫ নবেম্বর	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮
ঐ ৫ ডিসেম্বর	বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২৭৫	৫০৯	১৭৮

১০১৬৫ ৪০৭৯ ১৪২৪

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ কোর্ট উইলিয়ম
সন ১৮৬০ সাল তারিখ ১ মার্চ্চ

A. EDE
Offg. Junior Secreta

সংবাদপ্রভাকর

২ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

প্রজাদিগের আয়ের প্রতি কর নির্দ্ধারিত হইলে যে টাকা উৎপন্ন হইবেক গবর্ণমেণ্ট তাহার এক পরসেণ্ট দেশের সৌন্দর্য্য বিধানে নিমিত্ত ব্যয় করিবেন মেং উইলসন সাহেব আপনার বক্তৃতায় যে ঐ কথা ব্যক্ত করিয়াছেন তখন এ প্রকার প্রতিজ্ঞা করা হইয়াছে পরন্তু এক স্থানের উৎপন্নের টাকা অন্য স্থানে ব্যয় করা হইবেক অর্থাৎ এই কলিকাতা নির্ব্বাসি কদিগের আয় হইতে যত টা

২১৪ ৩১০

উৎপন্ন হইবেক তাহার এক পরসেণ্ট কলিকাতা রাজধানীর শোভা বর্দ্ধন বিষয়েই প্রদত্ত হইবেক, হুগলি জিলা হইতে যত টাকা উৎপন্ন হইবেক, গবর্ণমেণ্ট তাহার এক পরসেণ্ট হুগলি জিলার পথ নির্ম্মাণ প্রভৃতি কার্য্যেই প্রদান করিবেন, ফলতঃ ঐ টাকা পারিষদিক ওয়ার্ক ডিপার্টমেণ্টের কর্ম্মাধ্যক্ষ সাহেবদিগের হস্তে প্রদত্ত হইবেক কি, মিউনিশিপল কার্য্যের অধ্যক্ষেরা পাইবেন, মেং উইলসন সাহেব আপনার বক্তৃতায় তাহা কিছু বিশেষ করিয়া বলেন নাই।

কোন নূতন প্রকার কর স্থাপনের নিয়ম হইলেই গবর্ণমেণ্ট সেই করের উৎপন্নের কিয়দংশ টাকা প্রজার উপকারার্থ ব্যয় করিবার কথা উল্লেখ করেন, তাহা কেবল প্রজাদিগকে প্রবোধ দেওয়া মাত্র, কিন্তু গবর্ণমেণ্ট কার্য্যকালে সেই প্রতিজ্ঞা প্রতিপালন করিতে পারেন না, ইহার অনেক প্রমাণ বৃটিশ গবর্ণমেণ্টের রাজশাসন সম্বন্ধীয় নিয়মে প্রাপ্ত হওয়া যাইতেছে, তাঁহারা যে সময়ে খেয়া ঘাটের কর গ্রহণের নিয়ম মধ্যে লিখিয়াছিলেন, ঐ করদ্বারা যে টাকা উৎপন্ন হইবেক, তাহার কিছুই রাজকোষভুক্ত হইবেক না, তৎসমুদায় অংশই খালখনন পুলবন্ধন রাস্তা নির্ম্মাণ ইত্যাদি সাধারণ উপকার জনক বিষয়েই ব্যয় করিবেন, কিন্তু সেই প্রতিজ্ঞা তাঁহারা একাল পর্য্যন্ত প্রতিপালন করিতে পারেন নাই, খেয়া ঘাটের করদ্বারা ভিন্নং জিলাতে প্রতি বৎসর কত টাকা উৎপন্ন হইতেছে, এবং কোন২ জিলায় উল্লেখিত কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে ও টাকাইবা রাজকোষে জমা আছে, তাহার পরিষ্কার হিসাব এ পর্য্যন্ত কিছুই প্রকাশ হয় নাই। অতএব মেং উইলসন সাহেব প্রজার রক্ষণ নিমিত্ত তাহারদিগকে যে স্তোকবাক্য বলিতেছেন, কার্য্যকালে তাহার প্রতিজ্ঞা সমাক্ বিধায়ে রক্ষা হয় এমত কোন সম্ভাবনা নাই।

যবনেরা যে সময়ে এই রাজ্যের অধীশ্বর ছিলেন, সেই সময়ে, তাঁহারা পুলবন্ধন খালখনন প্রভৃতি সাধারণ মঙ্গলজনক কার্য্য নির্ব্বাহ নিমিত্ত রাজকোষ হইতে বিপুলার্থ ব্যয় করিয়াছেন। তাঁহারদিগের নির্ম্মিত খাল ও জলপ্রণালী এবং [illegible] তাবৎ তাঁহারদিগের কীর্ত্তিস্তম্ভের ন্যায় বিবেচনা করা যাইতেছে। ফলতঃ ঐ সমস্ত কীর্ত্তি বিধান নিমিত্ত তাঁহারা, প্রজাদিগের প্রতি কোন প্রকার নূতন কর বিধান করেন নাই, বিবিধ উপায় দ্বারা যে টাকা রাজস্ব প্রাপ্ত হইয়াছিলেন তাহা হইতে রাজকীয় সমস্ত ব্যয় বিধান করিয়া প্রজার হিতবর্দ্ধনেই তাবৎ নির্ম্মাণ করিয়া গিয়াছেন। কোনকালে যবন নৃপতিদিগের রাজভাণ্ডারে ধনের অভাব হয় নাই, বৃটিশ গবর্ণমেণ্ট যবনদিগের অপেক্ষা অনেক টাকা রাজস্ব গ্রহণ করিতেছেন, তথাচ কি কারণ তাঁহারদিগের ধনাভাব মোচন হয় না, আমরা যদি ইহার মূলানুসন্ধানে প্রবৃত্ত হই তবে অনায়াসে উপলব্ধি হইতে পারে গবর্ণমেণ্টের বহু ব্যয় ঐ ধনাভাবের কারণ নহে, যবনেরা এদেশে রাজাধীশ্বর হইয়া এদেশেই ছিলেন, স্বদেশের ন্যায় এদেশের প্রতি স্নেহ করিতেন, রাজকীয় ব্যয় নির্ব্বাহ হইয়া রাজকোষে যে টাকা সঞ্চিত থাকিত তাহা অন্যদেশে প্রেরণ করিতে হইত না, এতদ্ভিন্ন স্বদেশীয় কতপয় ব্যক্তিকে রাজকীয় প্রধান২ কার্য্যে নিযুক্ত করিয়া তাঁহারদিগের উদর পূরণার্থ বিপুলার্থ বেতন ও প্রদান করিতেন না, কিন্তু আমারদিগের রাজপুরুষেরা এদেশকে আপনারদিগের দেশ বিবেচনা করেন না, কেবল উপার্জ্জনের স্থান বিবেচনা করেন, বাণিজ্য বা অন্যান্য কার্য্য দ্বারা সম্ভবমত অর্থ উপার্জ্জন করিতে পারিলেই এখান হইতে প্রস্থান করেন। বিশেষতঃ এদেশের রাজকার্য্যের বিধান নিমিত্ত বিলাতে যে কতিপয় কার্য্যালয় সংস্থাপিত হইয়াছে, এবং তাহাতে যে সকল কর্ম্মচারি নিযুক্ত আছেন, তাঁহারদিগের বেতন প্রভৃতি সমস্ত ব্যয় এখানকার রাজস্ব হইতে নির্ব্বাহ হইতেছে, এতদ্ভিন্ন যে দেশে যে টাকা উৎপন্ন হইয়া থাকে, তাহার অধিকাংশই সিবিল ও মিলেটরি কর্ম্মচারিদিগের বেতন প্রদানেই শেষ হইয়া যায়। অতএব বৃটিশ গবর্ণমেণ্টের রাজকোষে ধনাভাব হইবেক একথা কোন রূপেই বিচিত্র বোধ হয় না, এবং তাঁহারা পথ নির্ম্মাণও পুলবন্ধন কার্য্য নির্ব্বাহ নিমিত্ত যখন স্বতন্ত্র প্রকার কর স্থাপনের নিয়ম করিয়াছেন, তখন তাহারদিগের দ্বারা যবনদিগের তুল্য কোন প্রকার কীর্ত্তি স্থাপিত হইবেক ইহা কোন রূপেই সম্ভবপর নহে।

একশত বৎসর অতীত হইল

যবনেরা রাজ্যচ্যুত হইয়াছে, কিন্তু এপর্য্যন্ত বহুস্থানে তাহারদিগের নির্ম্মিত এমত সকল গৃহ ও পুল এবং দুর্গ প্রভৃতি জাগরূক আছে যে তাহার নির্ম্মাণ কৌশল বিবেচনা করিলে আশ্চর্য্য হইতে হয়, তাহাতে এতদ্দেশীয় ব্যক্তিদিগের শিল্প নৈপুণ্যের বিশেষ প্রমাণও প্রাপ্ত হওয়া যায়, কিন্তু ইংরাজেরা যদি এইক্ষণে এই রাজ্য পরিত্যাগ করিয়া প্রস্থান করেন, তবে দশবর্ষ পরে তাহার দিগের শাসনের আর কোন চিহ্নই থাকিবে না। ইংরাজেরা রাজ্যের কোন স্থানে এমত কি কীর্ত্তি স্থাপন করিয়াছেন যে তাহার দ্বারা তাঁহারদিগের নাম বহুকাল স্থায়ী হইতে পারে। ফলতঃ তাঁহারদিগের দ্বারা এই এক পরম কীর্ত্তি হইয়াছে, এদেশের ধন দ্বারা তাঁহারদিগের স্বদেশের বিপুল উপকার বর্দ্ধন হইয়াছে, একথা অবশ্যই স্বীকার করিতে হইবেক।

মহানগর কলিকাতার শোভাবৃদ্ধি কারক কমিসনরগণ নগরীর টাক্সের টাকা হইতে প্রতি বৎসর প্রচুরার্থ বেতন গ্রহণ করিতেছেন, কিন্তু যে কার্য্যের ভারগ্রহণ করিয়াছেন, তাহা নির্ব্বাহ বিষয়ে তাদৃশ মনোযোগ কিছুই করেন না, তাঁহারা কেবল ইংরাজ প্রজাদিগের সুখ সচ্ছন্দতা বিধান নিমিত্ত ইংরাজপল্লীর বর্ত্ম সকল উত্তমাবস্থায় ও পয়নলা সমস্ত পরিষ্কার রাখিয়াছেন, রাজপথে প্রতি দিবস দুইবেলা জল সেচন করিবার নিয়ম করিয়া দিয়াছেন, ইংরাজ পল্লীর প্রায় সকল পথেই গ্যাসের আলো হইয়াছে, কিন্তু কি পরিতাপ নগরের উত্তরাংশে অর্থাৎ যেখানে বাঙ্গালিরা বাস করেন, সেই সমস্ত সদনুষ্ঠানের চিহ্নও দেখা যায় না, পয়নালা সমস্ত কর্দ্দমপূর্ণ তাহার পচাগন্ধে নাসিকা রন্ধ্র জ্বর২ হয় নানা প্রকার পীড়ার উৎপত্তি হইয়া থাকে, পথের ক্লেশের কথা ব্যক্ত করা যায় না, গ্রীষ্মঋতুর সমাগমে বায়ু কিঞ্চিৎ প্রবলতা প্রাপ্ত হওয়াতেই ধূলি উড্ডীয়মান হইয়া দশদিক অন্ধকার হইতেছে, পথিকগণের ক্লেশের কথা কি ব্যক্ত করিব পথ পরিভ্রমণ সময়ে কেবল শ্বেত বস্ত্র মলিন হয় এমত নহে ধূলায় চক্ষুকর্ণ নাসিকা অবরোধ হইয়া যায় প্রজাগণ এইরূপ বিবিধ ক্লেশ সহ্য করিতেছে তথাচ তাহারদিগের প্রতি কমিসনরদিগের কৃপাদৃষ্টি হয় না, এদিকে টাক্স সংগ্রহ নিমিত্ত তাঁহারা এমত কঠিন নিয়ম নির্দ্দিষ্ট করিয়াছেন যে এক দিবস তৎপ্রদানে বিলম্ব হইলে প্রজার আর রক্ষা থাকে না। টাক্স সংগ্রহকারক সরকারেরা বাড়ি২ টাক্সের নোটিস ফেলিয়া দিয়া যায়, এবং প্রজাদিগকে তাহার টাক্স মস্তকে বহন পূর্ব্বক চৌরঙ্গির বড়বাটীতে দিয়া আসিতে হয়, এতদ্ভিন্ন যে বাটীর মাসিকভাড় ৭ অথবা ৮ টাকার অধিক উৎপন্ন হয় না, কমিসনরদিগের নিয়োজিত সদ্বিবেচক এসেসর অর্থাৎ টাক্স নির্দ্দিষ্টকারক মেং বাস সাহেব তাহার ভাড়া ১০ অথবা ১২ টাকা ধরিয়া তদনুসারে টাক্স ও আলো দিবার কর নিরূপণ করিয়াছেন। এই সকল বিষয় প্রজারা আবেদন পত্র দ্বারা কমিসনরদিগের সমীপে উপস্থিত করিলে তাহার কোন বিচারও হয় না।

মান্দ্রাজ রাজধানীর পত্র দ্বারা অবগত হওয়াগেল যে তথাকার বিজ্ঞবর কৌন্সেলি মেং লার্টন সাহেব অবিলম্বে বিলাত গমন করিবেন, এজন্য তথাকার হিন্দু সমাজের যে স্বর মহাশয়েরা প্রকাশ্যরূপে এক সভা করিয়া তাঁহাকে এক এড্রেশ অর্থাৎ কৃতজ্ঞতা পত্র প্রদান করিয়াছেন এবং তাহাতে এরূপ অভিপ্রায় লিখিয়াছেন, তিনি বিলাতে হিন্দু মণ্ডলীর এজেণ্ট হইবেন। বিশেষতঃ তাঞ্জোরের রাণীর দুহিতার সহিত উক্ত রাজার প্রথম দুহিতা যিনি পরলোক গত হইয়াছেন, তাঁহার পরিণয় নির্ব্বাহ বিষয়ে মান্দ্রাজের গবর্ণর বাহাদুর সম্পূর্ণ সহায়তা করাতে তাঞ্জোরের মহারাণীর যে অসন্তোষ হইয়াছে, এবং গবর্ণর বাহাদুরের যে অবিবেচনা প্রকাশ পাইয়াছে, তিনি তাহাও বিলাতের কর্ত্তৃপক্ষ মহাশয়দিগের সমীপে উত্থাপন করিতে ত্রুটি করিবেন না। বোধ হয় মেং লর্টিন সাহেব এই কার্য্য স্বীকার করিয়াছেন। তিনি হিন্দু মণ্ডলীর একজন বিশেষ হিতেচ্ছু বন্ধু বটেন।

Printed and Published by RAMCHUNDR GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

৩।১৮

২১৭

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসলকুড়িয়ার দুর্গাচরণ মিত্রের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফাবসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৬৭ সংখ্যা] বৃহস্পবার ৩ চৈত্র ১২৬৬ সাল। ইং ১৫ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

রিশীবর আফিস।

মৃত রাজা রাজকৃষ্ণ বাহাদুরের ইষ্টেটের জমিদারিদিগের ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সনহালের ১৯ মার্চ্চ সোমবার বেলা দুই প্রহরের এক ঘণ্টার সময় সুপ্রিমকোর্টের রিশীবর শ্রীযুক্ত [illegible] ও এলচসাহেব তাঁহার আফি[illegible] ইষ্টেটের নীচের লিখিত জমিদারিদিগের ৫ খণ্ড করিয়া ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

১ খণ্ড।

জিলা ত্রিপুরা পরগণে গঙ্গামণ্ডল। ওগায়রহ।

২ খণ্ড।

জিলা চব্বিশ পরগণার পরগণে মুড়াগাছা ও পরগণে হাতিয়াঘর দিগর মায় পানা ও রঘনাথপুরের লাখেরাজ জমি ইস্তক বেহালা লাগা [illegible] রাস্তার দুই ধারের মহ[illegible] মায় জলকর ও মৌজা [illegible] আগড়পাড়া ভবানীপুর ও [illegible] ও নাটাগড়ের বাগান ও [illegible] হাট।

[illegible] খণ্ড।

আগড়পাড়ার পুষ্করিণী ও ফলবান বৃক্ষ।

[illegible] খণ্ড।

[illegible] পরগণার কিশমৎ বারাকপুর [illegible] মায় গুদি মহল ও কিশমত [illegible] শ্রীরামপুর ও জিলা হুগলির [illegible] কিশমত বাঁশাই স্বর্ণপাড়া [illegible] ও কিশমত বেণিপর।

সহর কলিকাতা [illegible] সুতানুটীও বাজার সুতানুটী [illegible] জাইয়তি জমি বাঁশুয়াহাটার [illegible] বাজার ও শ্যামবাজারের [illegible] বাজারের জায়গা ও কুলি[illegible] ধর্ম্মতলার ফিচেলওয়ালা জায়গা ও চাঁদনির জায়গা ও যোড়াসাঁকোর যায়গা ও শোভাবাজারের বৈঠকখানা মহলের জমি ও মনোহর মুখোপাধ্যায়ের মহলের বাটী ও জমি ও মাতা গোস্বামির জমি ও কালীশঙ্কর নেউগীর জমি ও রাধাবাজারের যায়গা ও তুলাবাজারের রাণীওয়ালা বাটী ও যোড়াবাগানের জমি ও হোগোল কুঁড়িয়ার গোপী বাগানদিগরের জমি মায় জলকর ও ইটালির ও সিন্দুরিয়াপটীর যায়গা দিগর ও জিলা ২৪ পরগণার বরাহনগরের ও দক্ষিণেশ্বরের বাগান মায় রাইয়তি জমি মৌজা সিঁতি ও মৌজা জয়পুর ও সাতগাছির ও দক্ষিণরাড়ির জায়গা ও জেলা কৃষ্ণনগরের কাঁচরাপাড়ার সন্নিকটস্থ মল্লিকবাগ নামক জমি।

আর২ বৃত্তান্ত রিশীবর আফিশে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা
সুপ্রিমকোর্ট হৌস
তাং ২৮ ফিব্রুয়ারি

সংবাদপ্রভাকর

৩ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

আমরা নগরনিবাসী কোন অতি মান্য লোক সদনে গমন করিয়াছিলাম। তথায় কথায়ং মান্যবর মেং উইলসন সাহেবের নূতন প্রকার কর স্থাপনের কথা উত্থাপিত হইলে কোন সদ্বংশোদ্ভব বিলক্ষণ প্রবীণ ব্যক্তি বলিলেন, যে "এই রাজ্য যখন মহারাণী ইংলণ্ডেশ্বরীর শাসনাধীন হয়, সেই সময়ে অনেকেই বিবিধ প্রকার শুভ প্রত্যাশায় আনন্দ প্রকাশ করিয়াছিলেন, কিন্তু আমার সহিত একজন সৎস্বভাব ইংরাজের বিলক্ষণ সদ্ভাব ছিল, আমি তাঁহাকে সবিশেষ জিজ্ঞাসা করাতে তিনি বলিয়াছিলেন, যে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানিরা শাসনভারত্যক্ত হওয়াতে তোমরা এক্ষণে আনন্দ প্রকাশ করিতেছ বটে, কিন্তু ইহার পরে দেখিবে দুঃখের পরিসীমা থাকিবেক না, ব্রিলাতের প্রজাদিগের প্রতি যেরূপ বিবিধ প্রজার কর নির্দ্ধারিত আছে, এদেশের প্রজাদিগের প্রতিও সেইপ্রকার হইবেক। মান্যবর মেং উইলসন সাহেব এদেশে আগমন পূর্ব্বক ব্যবস্থাপক সমাজের আসনে উপবিষ্ট হইয়াই সেই বিবিধ প্রকার কর স্থাপনের প্রস্তাব করাতে উল্লেখিত সদাত্মা সাহেবের বাক্য দৈববাণীর ন্যায় সত্য হইয়াছে।"

তিনি আরো বলিলেন "যে রাজকোষে যখন ধনাভাব হইয়াছে, তখন গবর্ণমেণ্ট নূতন প্রকার কর স্থাপন করিয়া সেই অভাব মোচন করিতে পারেন, আমাদিগের শাস্ত্রেও ইহার প্রমাণ আছে, কিন্তু মেং উইলসন সাহেব ঐ কর স্থাপনের প্রস্তাব সময়ে আপনার তুল্য উচ্চ পদাভিষিক্ত ভূরি বেতনভোগি ব্যক্তিদিগের উপকারের প্রতি দৃষ্টি রাখিয়া যে কুকৌশল প্রকাশ করিয়াছেন সংবাদ পত্র সম্পাদকদিগের মধ্যে কেহই তাহার প্রতি কটাক্ষ করেন নাই, উইলসন সাহেব বলিয়াছেন, শিল্পকার্য্য-ও সামান্য ব্যবসায় দ্বারা যাহারা অর্থোপার্জ্জন করিয়া থাকে, তাহারদিগের নিকট হইতে এক পরসেণ্টের হিসাবে কর গ্রহণ করিবেন আর অন্য প্রকার কর্ম্মকারি যাঁহারদিগের বার্ষিক আয় ৫০০ টাকার অধিক নহে তাহারা দুই পরসেণ্টের হিসাবে রাজস্ব প্রদান করিবেন, অপিচ যাঁহারদিগের বার্ষিক আয় পাঁচশত টাকার অধিক তাঁহারা চারি পরসেণ্টের হিসাবে রাজস্ব দিবেন, এই শেষ ধারা বিবেচনা করিলেই আপনারা সাহেবের বুদ্ধি কৌশল অনায়াসে বিবেচনা করিতে পারিবেন, যে ব্যক্তি প্রতি বৎসর ছয়শত টাকা উপার্জ্জন করেন, তিনিও যে হারে রাজস্ব দিবেন, যাঁহারদিগের বার্ষিক আয় আশিহাজার অথবা এক লক্ষ কিম্বা দেড় লক্ষ টাকা হইয়া থাকে তাহারাও সেই নিয়মে রাজস্ব প্রদান করিবেন, এই বিবেচনা কি সামান্য অন্যায় হইয়াছে, ইহার দ্বারা সাহেব কেবল আপনার প্রতি অল্প কর নিরূপণ করিয়াছেন, এমত নহে গবর্ণর জেনেরলও কৌন্সেলের মেম্বর প্রভৃতি প্রধান কর্ম্ম সাহেবগণ যাঁহারা ভূরি বেতন প্রাপ্ত হইয়া থাকেন, তাঁহারদিগের প্রতি ও অল্পকর অবধারণের প্রস্তাব করা হইয়াছে।, সভ্যসকলে এই বিষয়ের সত্যতা স্বীকার করিলে আমরা বিদায় গ্রহণ পূর্ব্বক যন্ত্রালয়ে আসিয়া ঐ বিজ্ঞ মহাশয়ের উক্তি সকল সংক্ষেপে লিখিয়া প্রভাকরে প্রকাশ করিলাম।

আমরা কোন ভ্রমণকারী বন্ধুর পত্র প্রাপ্ত হইয়া সাতিশয় আদর পূর্ব্বক নিম্নভাগে প্রকাশ করিলাম।

"প্রিয় সম্পাদক! আমি এই বঙ্গ রাজ্যের বহু দেশ ভ্রমণ করিয়া সম্প্রতি এই পূর্ব্বাঞ্চলে বরিশালে আগমন করিয়াছি। কালক্রমে সকল স্থানের অবস্থান্তর হয়, কিন্তু এখানে সেইরূপ হয় নাই। দশবৎসর পূর্ব্বে যেরূপ দেখিয়াছিলাম, এক্ষণেও সেইরূপ দেখিলাম প্রজা সংখ্যা অনেক বৃদ্ধি হইয়াছে, কিন্তু কোন লোকের সুখ স্বাচ্ছন্দ্য বৃদ্ধি হয় নাই। নূতন নূতন কেতন ও গৃহাদি অতি অল্প আমার নয়ন পথে পতিত হইল। পূর্ব্বে যে সকল গৃহ উত্তমাবস্থায় ছিল, তাহার অধিকাংশই অসাবস্থা প্রাপ্ত হইয়াছে। তাহার অধিকারিগণের আর সেইরূপ অবস্থা নাই। আমি ইহার বিশেষ কারণ জিজ্ঞাসা করাতে লোকেরা অমান বদনে আমার সমক্ষে ব্যক্ত করিলেক যে বরিশালের ভূমি অত্যন্ত উর্ব্বরা, ধান্য সর্ষপ প্রভৃতি প্রয়োজনীয় দ্রব্যাদি প্রচুর পরিমাণে উৎপন্ন হওয়াতে এখানকার লোকদিগের কোন ক্লেশ ছিল না। বিশেষ

220 212

কয়েক বৎসর শস্যাদি উত্তম না হওয়াতে অনেক লোকে দুরবস্থায় পতিত হইয়াছে। বরিশালবাসিদিগের মধ্যে অধিকাংশই কৃষক ও ব্যবসায়ী, অতি অল্প সংখ্যক ব্যক্তি গবর্ণমেণ্টের বা অন্যের নিকটে দাসত্ব স্বীকার করিয়াছে, সুতরাং শস্যাদি উত্তমরূপ না হইলেই কৃষক ও বণিকের ক্লেশের সম্ভাবনা।

অন্যান্য বৎসর অপেক্ষা এবৎসর শস্য অনেক জন্মিয়াছে, কিন্তু কলিকাতা প্রভৃতি স্থান হইতে মহাজনগণের গোমস্তা লোক সকল এখানে আসিয়া প্রতি দিবস তাহা ক্রয় করিয়া স্থানং রাখিতেছে, পাঠাইবার উপায় হইলেই প্রেরণ করিবেক ঐ মহাজনেরা কিঞ্চিৎ মূল্য অধিক প্রদান করিতেছে বটে, কিন্তু তাহা কৃষকের ঘরে কতদিন থাকিবেক! অতএব এ বৎসর প্রচুর শস্যোৎপন্ন হওয়াতেও প্রজাদিগের দুঃখ মোচন হইবেক না। গত বিৎসরে যেরূপ অভাব হইয়াছিল এবৎসরও সেইরূপ হইবেক।

বরিশালে পূর্ব্বে বিদ্যালোচনার কোন উপায় ছিল না, এক্ষণে গবর্ণমেণ্ট স্বীয় বদান্যতা গুণে একটী উত্তম ইংরাজী বিদ্যালয় সংস্থাপিত হওয়াতে অনেক ছাত্র সুনিয়মে তথায় শিক্ষা প্রাপ্ত হইতেছে, কিন্তু ঐ বিদ্যালয়ে যেরূপ বেতন নিরূপিত হইয়াছে। অনেকে তাহা প্রদান করণে অক্ষম। বিশেষতঃ বরিশালবাসি লোকদিগের এই এক স্বভাব অবলোকন করা যাইতেছে যে তাঁহারা সস্তা নগরের অল্প শিক্ষা হইলেই যথেষ্ট বিবেচনা করে, অকারণ ইংরাজী বিদ্যালয় স্থাপনের ফল তাহাদের কিছুই প্রত্যক্ষ হয় নাই, পরন্তু শিক্ষা সমাজের নূতন নিয়ম ক্রমে বরিশালে কয়েকটী বাঙ্গালা পাঠশালা স্থাপিত হইয়াছে, তাহারও অবস্থা উত্তম নহে। গুরুমহাশয়দিগের স্থাপিত বিদ্যালয়েই গবর্ণমেণ্ট সাহায্য করিতেছেন। একং জন কেবল অতিরিক্ত পণ্ডিত রাখিয়াছেন, তিনি আবার নিয়মিতরূপে এক নির্দ্দিষ্ট পাঠশালায় শিক্ষা প্রদান করে না, তাহাকে গ্রামেং ভ্রমণ করিয়া অধ্যাপনা করাইতে হয়। অতএব এই নিকৃষ্ট নিয়মে প্রাপ্তুক্ত পাঠশালা নিচয়ের রূপ উন্নতি বর্দ্ধন হইবার সম্ভাবনা অতএব আপনি বিবেচনা করিবেন, অদ্য বরিশাল হইতে শীঘ্র ঢাকা নগরে যাত্রা করিব, এবং তথায় যেরূপ সংবাদ পাই, তাহা মহাশয়ের পাঠকবর্গের বিদিতার্থ প্রেরণ করণে ত্রুটি করিব না।

বিলাত অবধি ভারতবর্ষ পর্য্যন্ত টেলিগ্রাফ নির্ম্মাণ শেষ হইয়াছে। প্রথমতঃ প্রকাশ হইয়াছিল যে ঐ বিদ্যুতীয় যন্ত্রযোগে মহারাণী ইংলণ্ডেশ্বরী আমারদিগের বিজ্ঞবর গবর্ণর জেনেরল লার্ড কেনিং বাহাদুরের নিকটে প্রথম সংবাদ প্রেরণ করিবেন, পরে তাহার এক স্থান ছিন্ন হওয়াতে সেই আশা কিছুই পরিপূর্ণ না হওয়ায় আমরা অত্যন্ত অনুতাপিত হইয়াছিলাম অধুনা সংবাদ পত্র পাঠে এমত সন্তুষ্ট হইলাম যে বিলাত অবধি অডেন নগর পর্য্যন্ত ঐ টেলিগ্রাফের সংবাদ প্রেরিত হইতেছে, ভারতবর্ষের সহিত তাহার সংযোগ হইবার বড় বিলম্ব নাই।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! অনুগ্রহ পূর্ব্বক মল্লিখিত এই রচনাটী প্রকাশ করিয়া বাধিত করিবেন।

মহাশয়!—কালেং সকলই আশ্চর্য্য হইয়া উঠিতেছে। কালেং ভারতবর্ষে যতপ্রকার আশ্চর্য্য ঘটনা ঘটিতেছে, ইহার কোনটীই দেশের পক্ষে মঙ্গলজনক নহে। দিনকতকাল অকালে বিধবা বিবাহের মহাগোল উঠিল—দেশীয় লোকেরা আশ্চর্য্য হইলেন—আবার সে মহাগোল এক বারে স্তব্ধ হইয়া গেল। বিধবা বন্ধুদের এক্ষণে আর সে উৎসাহ নাই। ছলবল কৌশল নাই।—সকলি এক কালে জল হইয়া গেছে।—এক্ষণে আবার উইলসনের মহাগোল উপস্থিত হইয়াছে। এগোল বড় সামান্য গোল নহে এগোল ভূগোল ছাড়া গোল। ইহাও দেশের পক্ষে মঙ্গল জনক নহে।

সম্পাদক মহাশয়! আমি বোধ করি বর্ষেং ভারতবর্ষে হর্ষের চিহ্ন আর থাকিবে না প্রজারা দিন দিন বিমর্ষে পড়িতেছে। আমি মনের দুঃখে গুটিকত কবিতা লিখিলাম।

পয়ার।

কালেং কালের কি গতি চমৎকার।
নিত্য নিত্য নবরঙ্গ হতেছে প্রচার॥
কিছুদিন বিধবার বিবাহের গোল।
রাঢ়ে বঙ্গে বেজেছিল বিবাহের গোল॥
অকস্মাৎ সুপ্রকাশ বিদ্যার সাগর।

280

যাহার অমোঘ অস্ত্রে সকলে কাতর ॥
পরাশর বচন যে খরশর সম।
কার সাধ্যতার বিধি করে অতিক্রম ॥
বিচারের কালে শাস্ত্র যুক্তির বিধান।
সাগরের জলে সব হয় ভাসমান ॥
বিচার সমক্ষে তাহা কিছু নানি থাকে।
পড়িল পণ্ডিত সব বিষম বিপাকে ॥
বিধবা বিবাহ প্রথা করিতে চলিত।
রাজায় ব্যবস্থাদিল সবে চমকিত ॥
চারিদিকে লোক সব করে হায় হায়।
বিধবার ধর্ম্ম বুঝি জলে ভেসে যায় ॥
লৌহময় দুর্গ সম দেশের আচার।
সেই দুর্গ ভঙ্গ করে সাধ্য আছে কার ॥
বিধবার পরিণয় দিয়েছিল যারা।
স্বজাতি সমাজ ত্যক্ত কালে হলো তারা
মনে মনে মহা দুঃখ চক্ষু ছল ছল।
বিধবা বিবাহ কথা গেল রসাতল ॥
আর তার কোন কথা শুনা নাহি যায়।
বিষাদে স্বাপক্ষগণ করে হায় হায় ॥
পরে দেখ নবকান্ত সেপাহির দল।
প্রজ্বলিত করিলেক বিদ্রোহ অনল ॥
ক্রমে ক্রমে সেই বহ্নি হইয়া বিস্তার।
পশ্চিমের বহুদেশ করে ছার খার ॥
ত্রাহি ত্রাহি করে লোক নাহিক নিস্তার।
যেইকাণ্ড ক্রমে হলো বর্ণিব কি আর ॥
সেপাইয়ের সঙ্গেতে মিলিয়া দুষ্টদল।
রাজ্যের বিনাশ হেতু করে কত ছল ॥
গোঁপেপাক মহা যাঁক নাচে কুতূহলে।
বৃটিশের পরাক্রম দিবে রসাতলে ॥
বাহুবলে প্রথম লইয়া কাণপুর।
একেবারে বেড়ে গেল তাহাদের ভুর ॥
পিচাসের তুল্য তারা করি অত্যাচার।
কতশত বিবিবালা করিল সংহার ॥
অত্যাচারে ধরাতল করে টলমল।
হয়েছিল এই বোধ যায় রসাতল ॥

বিদ্রোহি বিনাশ হেতু বৃটিশের দল।
নানা অস্ত্র ধরে তারা ছুটিল সকল ॥
বিপক্ষের সমুদায় দর্প করি চূর।
বাহুবলে প্রথমে লইল কাণপুর ॥
রণরঙ্গে নাচে গোরা হাস্য খল খল।
পদভরে ধরাতল করে টলমল ॥
ভীষণ তোপের শব্দে স্তব্ধ ত্রিভুবন।
সংগ্রামে বিদ্রোহি সেনা মরে অগণন ॥
স্থানে২ ঘোর যুদ্ধ হলো যেপ্রকার।
সম্পাদক মহাশয় বর্ণিতে বিস্তার ॥
সমরের অবশিষ্ট বেঁচেছিল যারা।
রণরঙ্গে ভঙ্গ দিয়ে ভেগে গেল তারা ॥
তাদের বিনাশ হেতু রাজসেনাগণ।
বিক্রমে ভ্রমণ করে বন উপবন ॥
বিপক্ষেরা বনে শাস্তি পেয়ে বিধিমতে।
প্রাণভয়ে উঠে শেষে নেপাল পর্ব্বতে ॥
সেখানেও কোনক্রমে না পেয়ে আশ্রয়।
তরায়ের অরণ্যেতে গুপ্তভাবে রয় ॥
বৃটিশের প্রিয়বন্ধু জঙ্গবাহাদুর।
বুদ্ধে যেন বৃহস্পতি সংগ্রামেতে সুর ॥
বিদ্রোহি বিনাশ হেতু করে প্রাণপণ।
সেখানেও অনেকেরে করিল নিধন ॥
অবশিষ্ট দুরাত্মারা প্রাণে পেয়ে ভয়।
সেনাপতি সাহেবের পদানত হয় ॥
নির্ব্বাণ হইল রাজ্যে বিদ্রোহ অনল ॥
বিপক্ষের দলবল গেল রসাতল ॥
দেশে২ হল তবে শান্তির স্থাপন।
পুলকিত হইল ভয়ার্ত্ত প্রজাগণ ॥
বিজ্ঞবর গবর্ণর আনন্দিত মন।
সম্ভ্রমে পশ্চিমদেশে করেন ভ্রমণ ॥
রাজার সাহায্যরণে করেছিল যারা।
সবিশেষ পুরস্কার প্রাপ্ত হল তারা ॥
বিষম বিদ্রোহ কাণ্ড করিতে নিধন।
রাজকোষ শূন্যময় নাহি কিছু ধন ॥
ধনাভাব মহা চিন্তা সর্ব্ব শাস্ত্রে কয়।

ধন বিনা এজগতে কিছু নাহি হয় ॥
ধনাভাবে শূন্যময় হয় ত্রিভুবন।
সন্তানের নাম লোকে রাখে প্রাণধন ॥
দ্বারা পুত্র দিতে পারে ধন যদি পায়।
ধনের কারণে লোক ভিন্নদেশে যায় ॥
ধনহীন পুরুষের গৌরব কোথায়।
অপমান অপযশ কথায় কথায় ॥
রাজকোষ ধন শূন্য একি ঘোর দায়।
পর্ব্বত ভাঙ্গিয়া পড়ে রাজার মাথায় ॥
ঋণেই বিক্রয় হয়েছে রাজকেশ।
রাজঋণ কাগজে ছেরেছে সর্ব্বদেশ ॥
ধনবান বলে দেশে সুবিখ্যাত যাঁরা।
কাগজ করিয়া কোলে বৃদ্ধি খান তাঁরা।
পঞ্চশত মুদ্রার হইলে প্রয়োজন।
কাগজ লইয়া বেঙ্কে ছুটেন তখন ॥
বিলাতের কর্ত্তৃগণ বহু তর্ক করে
করেছেন সুসিদ্ধান্ত এতদিন পরে ॥
রাজঋণ বৃদ্ধির নাহিক প্রয়োজন।
প্রজাকে শোষণ করি লইবেন ধন ॥
সেই দৃঢ় প্রতিজ্ঞার করিতে পালন।
উইলসন এদেশে করেন আগমন ॥
ধনাগম পিপাসায় হইয়া কাতর।
ভেবেছেন লইবেন নানা বিধ কর ॥
বাণিজ্য প্রভৃতি বহু ব্যবসায়ি যাঁরা।
ভিন্ন ভিন্ন শ্রেণী ভেদে করদিবে তারা।
কেরাণী সরকার কুলি মেট আর মুটে
করিবেক করদান সবে কর পুটে ॥
রাজস্ব করেন দান যাঁরা জমীদার।
তাঁদের নাহিক শুনি নিস্তার এবার ॥
সম্পাদক মহাশয় একি ঘোরদায়।
রাজকরে এই বারে দেশ বুঝি যায়।
কস্যচিৎ পাঠকস্য।

Printed and Published by RAMCHUNDE GOOPTO at the *Probhakur* Pres

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফায়সং॥

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসেনকুড়িয়ার দুর্গাচরণ মিত্রের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৩৮ সংখ্যা] শুক্রবার ৪ চৈত্র ১২৬৬ সাল। ইং ১৬ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

রিশীবর আফিস।

মৃত রাজা রাজকৃষ্ণ বাহাদুরের ইষ্টেটের জমিদারিদিগের ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সনহালের ১৯ মার্চ্চ সোমবার বেলা দুই প্রহরের এক ঘণ্টার সময় সুপ্রিমকোর্টের রিশীবর শ্রীযুক্ত জেমে ও এলচসাহেব তাঁহার আফিসে উপরোক্ত ইষ্টেটের নীচের লিখিত জমিদারিদিগের ৫ খণ্ড করিয়া ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

১ খণ্ড।

জিলা ত্রিপুরা পরগণে গঙ্গামণ্ডল। ওগায়রহ।

২ খণ্ড।

জিলা চব্বিশ পরগণার পরগণে বুড়াগাছা ও পরগণে হাতিয়াঘর দিগর মায় পানা ও রঘুনাথপুরের [illegible] রাজ জমি ইস্তক বেহালা লাগা [illegible] পর রাস্তার দুই ধারের মহ[illegible] মায় জলকর ও মৌজা [illegible] আগড়পাড়া ভবানীপুর [illegible] ও নাটাগড়ের বাগান ও [illegible] পাড়ার হাট।

৩ খণ্ড।

আগড়পাড়ার পুষ্করিণী ও ফলবান বৃক্ষ।

৪ খণ্ড।

জিলা চব্বিশ পরগণার কিশমৎ বারাকপুর [illegible] মায় গুদি মহল ও কিশমত [illegible] শ্রীরামপুর ও জিলা হুগলির [illegible] কিশমত বাঁশাই স্বর্ণপাড়া [illegible] ও কিশমত বেণিপর।

সহর কলিকা[illegible] সুতানুটীও বাজার সুতানু[illegible] জমি বাঁশুয়াহাটার [illegible] বাজার ও শ্যামবাজারের [illegible] বাজারের জায়গা ও কুলিমহল [illegible] কিচেলওয়ালা জায়গা ও চাঁদনির জায়গা ও যোড়াসাঁকোর যায়গা ও শোভাবাজারের বৈঠকখানা মহলের জমি ও মনোহর মুখোপাধ্যায়ের মহলের বাটী ও জমি ও মাতাগোস্বামির জমি ও কালীশঙ্কর নেউগীর জমি ও রাধাবাজারের যায়গা ও তুলাবাজারের রাণীওয়ালা বাটী ও ঘোড়াবাগানের জমি ও হোগোল কুঁড়িয়ার গোপী বাগানদিগরের জমি মায় জলকর ও ইটালির ও সিন্দুরিয়াপটীর যায়গা দিগর ও জিলা ২৪ পরগণার বরাহনগরের ও দক্ষিণেশ্বরের বাগান মায় রাইয়তি জমি মৌজা সিঁতি ও মৌজা জয়পুর ও সাতগাছির ও দক্ষিণরাড়ির জায়গা ও জেলা কৃষ্ণনগরের কাঁচরাপাড়ার সন্নিকটস্থ মল্লিকবাগ নামক জমি।

আর২ বৃত্তান্ত রিশীবরআফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা
সুপ্রিমকোর্ট হো[illegible]
তাং ২৮ ফিব্রুয়া[illegible]

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্শী, আরবী, ইত্যাদি নানা-প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

৪ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

মনুষ্য যদি আপনার প্রয়োজনীয় সমুদায় বস্তু স্বয়ং প্রস্তুত করণে সক্ষম হইতেন তবে অবনীর অবস্থা কদাচ এরূপ হইত না, পরস্পর সাহায্যের ও সাহায্যের অভাব হইয়া সংসার সম্বন্ধীয় নিয়মাবলী সম্যক্‌রূপে বিশৃঙ্খল হইত, অতএব মনুষ্যদিগের পরস্পর প্রণয় বর্দ্ধনের অভিপ্রায়ে সেই সেই পরমপিতা পরমাত্মা তাহারদিগকে আপনাপন প্রয়োজনীয় দ্রব্যাদি প্রস্তুত করণের ক্ষমতা প্রদান করেন নাই। ভিন্নং লোকে ভিন্নং কার্য্যে নিযুক্ত হইয়া পরস্পর অভাব মোচন করিতেছে। কেহ ক্ষেত্রকর্ষণ করিয়া তাহাতে শস্য বীজবপন করিতেছে, কেহবা সেই শস্য ছেদন পূর্ব্বক তাহা ব্যবহারোপযোগী করিয়া তাহা বিক্রয় করিতেছে, কেহ বৃক্ষরোপন পূর্ব্বক তাহাতে তুলা প্রস্তুত কেহ সেই তুলা আহরণ করিয়া বিক্রয় কেহবা সেই তুলা হইতে সূত্র প্রস্তুত এবং কেহং সেই সূত্রে বস্ত্র প্রস্তুত করিয়া তাহা বিক্রয় করিতেছে। আমরা তুলা বিষয়ে যেরূপ দৃষ্টান্ত লিখিলাম, অন্যান্য সকল বিষয়েই এইরূপ, পরন্তু যিনি যে কার্য্য করুন স্বার্থলাভেই সকল লোকের কার্য্যপথ পরিক্রমণের উদ্দেশ্য হইয়াছে, এবং সেই স্বার্থলাভার্থেই সকল লোকে পরিশ্রম করণে অনুরাগি হইয়াছে, মনুষ্যগণ এই প্রকার ভিন্নং কার্য্য [illegible] সংসারযাত্রা নির্ব্বাহ করাতে অবনীর অবস্থা ক্রমে যে প্রকার উন্নত হইয়া আসিতেছে, তাহা বিবেচনা সময়ে সেই করুণাপূর্ণ পরমেশ্বরের প্রতি চিত্ত কৃতজ্ঞতায় আর্দ্র হইতে থাকে। তিনি মনুষ্য পশুপক্ষি প্রভৃতি প্রাণিপুঞ্জের নিমিত্ত স্বভাবের ভাণ্ডারের দ্বার উদ্‌ঘাটন করিয়া দিয়াছেন বটে, কিন্তু তৎসম্বন্ধে একপ নিয়ম একেবারে চির নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছেন, যে পরিশ্রম না করিলে কোন ব্যক্তি আপনার জীবিকা নির্ব্বাহ করিতে পারেন না। যে ব্যক্তি অধিক পরিশ্রমী সেই ব্যক্তিই অধিক সুখানুভব করেন, এবং যে ব্যক্তি পরিশ্রম পরতন্ত্র না হইয়া আলস্যের দাসত্ব স্বীকার করে, তাহার দুঃখের আর সীমা থাকে না। মনুষ্য সকল পরিশ্রম করিবেক, এই অভিপ্রায়েই পরমেশ্বর মনুষ্যের প্রয়োজনীয় কোন বস্তুকে অনায়াস লভ্য করেন নাই, সুতরাং আপনাপন প্রয়োজন সাধন এবং পরস্পর অভাব মোচন করিবার অভিপ্রায়েই সকলে শ্রমকরণে বাধ্য হইয়াছেন তাহার আর সন্দেহ নাই।

পরন্তু এই পরিশ্রম দুই প্রকার শারীরিক ও মানসিক, শরীরগত পরিশ্রমকে শারীরিক পরিশ্রম বলা যায়, এবং মনোগত পরিশ্রমই মানসিক পরিশ্রম পদে বাচ্য হইয়াছে, কিন্তু এই উভয় প্রকার শ্রমের পরস্পর সংযোগ আছে বুদ্ধি-বৃত্তির চালনা ব্যতীত মনুষ্য যখন দৈহিক পরিশ্রম করণে সক্ষম হয় না, এবং সেই বুদ্ধি যখন মনের এক প্রধান বৃত্তি বলিয়া পরিগণিত হইয়াছে, তখন মনের সাহায্য ব্যতীত দৈহিক শ্রমের কার্য্য কি প্রকারে নির্ব্বাহ হইবেক? অপিচ যাঁহারা মানসিক পরিশ্রম দ্বারা আপনাপন কার্য্য পথ পরিক্রমণ করিয়া থাকেন, তাঁহারদিগকেও শরীরের সাহায্য গ্রহণ করিতে হয়। গ্রন্থকর্ত্তৃগণ মনের বিবেচনা ও চিন্তাশক্তির চালনার দ্বারা বিবিধ প্রকার উৎকৃষ্ট গ্রন্থাদি রচনা করেন বটে, কিন্তু দর্শন স্পর্শন শ্রবণ ইত্যাদি ব্যতীত যখন তিনি আপনার কার্য্য নির্ব্বাহ করিতে পারেন না, তখন মানসিক শ্রমকেও

222 2.14

শারীরিক শ্রমের অধীন বলিতে হইবেক।

এই অবনীমণ্ডলে একপ অবলোকন করা যাইতেছে, যে সামান্যবুদ্ধি লোকেরাও কেবল শারীরিক পরিশ্রমের প্রতি নির্ভর করিয়া এক প্রকার নিয়মে দেহযাত্রা নির্ব্বাহ করিয়া আসিতেছে, যে ব্যক্তি অরুণোদয় সময়ে শয্যা হইতে গাত্রোত্থান পূর্ব্বক আপনার ও পরিবারগণের জীবিকা নির্ব্বাহ নিমিত্ত পরিশ্রম করিয়া থাকে, তাহারদিগের সকল অভাব মোচন হইয়া যায়, তাহারা কোন সময়ে ক্লেশের সহিত সাক্ষাৎ করে না, উৎকৃষ্ট সূক্ষ্মবুদ্ধি লোকদিগকেও সমধিক শ্রম স্বীকার করিতে হয়। যে ব্যক্তি রেইলরোড দ্বারা অতিবেগে শকট চালনার পরমোপকারজনক উপায় আপনার উচ্চতর বুদ্ধিদ্বারা নিরূপণ করিয়াছিলেন, তাঁহার কি অল্প পরিশ্রম হইয়াছিল? কি প্রকারে রেইলরোড নির্ম্মাণও তাহার স্থাপন করিতে হইবেক, কি প্রকারে অগ্নি বায়ুর পরাক্রম একত্রিত করিয়া বাষ্পযন্ত্রে পরাক্রম প্রকাশ করিবেক, এবং সেই পরাক্রমবলে কি প্রকারে শকটাদি বায়ুবেগে সঞ্চালিত হইবেক, ইহার চিন্তাও স্থির সিদ্ধান্ত করণে তাঁহার অল্প পরিশ্রম হয় নাই, তিনি একং দিবস আহার নিদ্রা পরিত্যাগ করিয়া চিন্তা গভীরে চিত্ত নিমগ্ন করিয়াছেন, তাহাতেই তাঁহার শরীর শীর্ণ হইয়া গিয়াছে।

আমরা পাঠকবৃন্দের বোধ সৌকর্য্যার্থ কেবল এক রেইলওয়ের দৃষ্টান্ত লিখিলাম। মনুষ্য অবনীর উপকার নিমিত্ত ও শোভা সৌন্দর্য্য বর্দ্ধন জন্য মানসিক যত প্রকার সদুপায় নির্দ্ধারণ করিয়াছেন, তত্তাবতেই তাঁহারদিগকে বিশেষরূপ পরিশ্রম করিতে হইয়াছে, পরম মঙ্গলময় পরমেশ্বর যখন এরূপ নিয়ম করিয়াদিয়াছেন, যে শ্রম ব্যতীত অবনীর কোন কার্য্যই হইবেক না, শ্রমই জীবের সুখ স্বাচ্ছন্দ্য বিধান করণের এক মাত্র কারণ হইয়াছে, তখন কাহার সাধ্য সেই রুচির নিয়মের অন্যথা করিতে পারে? তিনি ভূমিকে শস্য ফলাদি উৎপাদনের [illegible] দিয়াও আহার এমত এক স্বভাব দিয়াছেন, যে মনুষ্য শ্রম স্বীকার পূর্ব্বক সেই ভূমিকে কর্ষণ তাহাতে শস্যবীজ বপন ও বৃক্ষাদি রোপণ না করিবে তাহা হইতে কোনক্রমে অতি প্রয়োজনীয় শস্য ফলাদি আহরণ করা যায় না, তাহা নানাপ্রকার অপ্রয়োজনীয় তৃণ ও লতাদির দ্বারাই আচ্ছাদিত হইয়া থাকে। অতএব [illegible] যখন স্পষ্ট প্রতীতি হইতেছে, যে মনুষ্য শ্রম পরাঙ্মুখ হইবেক, শ্রমব্যতীত তাহার জীবিকা নির্ব্বাহ করণের কোন উপায় নাই, তখন আমরা এই স্থলে আর [illegible] প্রয়োগ করিয়া প্রস্তাবের [illegible] করিতে ইচ্ছা করি না। মনুষ্য [illegible] কার্য্যে অবশ্যই পরিশ্রম করিবেক এবং তাহারদিগের পরিশ্রম দ্বারা যে যে বস্তু প্রস্তুত হইবেক তাহারা পরস্পর তাহা বিনিময় করিয়া আপনাপন অভাব মোচন করিবেক, ইহা সেই পরম [illegible] অভিপ্রায়, কোন কালেই ইহার খণ্ডন হইবেক না।

পরিশ্রম মনুষ্যের পরমবন্ধু, শ্রম সহকারে অসাধ্য কার্য্য যদিও অনায়াসে হইতে পারে, বিদ্যা যাহা আমারদিগের ইহ পরকালের সুখদাত্রী যাহার প্রভাবে কেবল এই অবনীমণ্ডলে সমূহ সুখ ও সুখ্যাতি হয় এমত নহে, পরধন জ্ঞান রত্ন লাভ হইয়া থাকে, ও পরমপিতা পরমাত্মার বিশেষানুগ্রহের পাত্র হওয়া যায়, মনুষ্য পরিশ্রম ব্যতীত সেই অমূল্যধন বিদ্যারত্ন লাভ করিতে পারেন না, পরিশ্রম দ্বারাই অবনীর নিভৃত স্থানে গমন করিয়া পর্ব্বত নির্ঝর হইতে অথবা মৃত্তিকার নিম্নভাগ হইতে অতি সূক্ষ্মতম সুবর্ণ সকল আহরণ পূর্ব্বক তাহা একত্র করিতেছে। শ্রমযোগেই রত্নাকর গর্ভ হইতে নানা রত্ন প্রাপ্ত হইতেছে. মনুষ্য যদি শ্রমতৎপর না হইতেন এবং শ্রমকরণে তাহারদিগের অনুরাগ না জন্মিত, তবে এই সমস্ত উৎকৃষ্ট দ্রব্যাদি কোন ক্রমেই প্রাপ্ত হওয়া যাইত না। তত্তাবৎ পর্ব্বত নির্ঝরে এবং ভূগর্ভ মধ্যেই থাকিত অপিচ আমারদিগের বিলক্ষণ প্রত্যক্ষ হইতেছে, যে অবনীমণ্ডলে যে জাতি অধিক পরিশ্রমী সেই জাতিই অধিক সুখভোগ করিতেছেন, তাঁহারদিগের সুখ সৌভাগ্যের কিছু মাত্র অভাব নাই, তাহারা কেবল সমূহ সুখোপযোগি দ্রব্যাদির দ্বারা পরিবেষ্টিত রহিয়াছেন, এমত নহে তাঁহারা বাহুবলে অন্য দেশ অধিকার পূর্ব্বক অসংখ্য লোকদিগের প্রতি প্রভুত্ব স্থাপন করিয়াছেন, এই

স্থলে আমারদিগের দৃষ্টান্ত প্রয়োগের কোন প্রয়োজন নাই, আমারদিগের বর্ত্তমান কীর্ত্তিমান রাজপুরুষেরাই ইহার জ্বজ্জ্বল্যমান প্রমাণ রহিয়াছেন। পরিশ্রম দ্বারাই ইংলণ্ড রাজ্যের এত ঐশ্বর্য্য বৃদ্ধি হইয়াছে, এবং এই অবনী সমাজে এত প্রতিপত্তি লাভ করিয়াছেন। ইংরাজ জাতি ধীর স্বভাব অথচ পরিশ্রম তৎপর কেবল বিদ্যা ধনোপার্জ্জন নিমিত্ত বাল্যকালেই পরিশ্রম করেন এমত নহে এক মুহূর্ত্তকালও তাঁহারা নিষ্কর্ম্মা থাকেন না, তাঁহারদিগের চিত্ত প্রতিনিয়তই কার্য্য পরিক্রম করিতেছে, এবং তাহারা সুখ সৌভাগ্য বৃদ্ধি করণের নূতন২ উপায় নিরূপণ নিমিত্ত কতরূপে পরিশ্রম করিতেছেন, তাহার সংখ্যা করা যায় না, এই অবনীমণ্ডলে এমত দেশ নাই যে সেখানে ধনোপার্জ্জন নিমিত্ত ইংরাজ জাতি গমন করেন নাই, এমত ব্যবসায় নাই, যাহাতে তাহারা লিপ্ত হয়েন নাই, বিশেষতঃ তাঁহাদিগের মধ্যে আর একটী অনুপম নিয়ম প্রচলিত হইয়াছে, তাহাকে তাঁহারদিগের সুখসমৃদ্ধি বৃদ্ধি পাইবার মূল্য বলিয়া ব্যক্ত করিতে হইবেক, তাঁহারা কেহ কাহার সৌভাগ্যের প্রতি নির্ভর করেন না সকলেই ভিন্ন ব্যবসায় অবলম্বন করিয়া থাকেন। পিতা যদি প্রভূত ধনশালী হয়েন, পুত্র সেই ধন প্রাপ্ত হইবার প্রত্যাশায় ঘরে বসিয়া প্রতিদিন নিয়ত সেই পিতার মৃত্যু চিন্তা করেন না, এক ভ্রাতার সৌভাগ্য হইলে অন্য ভ্রাতা বা ভ্রাতৃগণ তাহার অন্নাহার করা অত্যন্ত অপমানজনক বোধ করেন, এবং প্রাণান্তেও তাহা স্বীকার করেন না, এক ভ্রাতা সেনাপতির পদে অভিষিক্ত থাকিয়া রণক্ষেত্রে সেনাদলকে চালনা করিতেছেন, অন্যান্য ভ্রাতা জুতার দোকানে বসিয়া অনায়াসে উত্তমোত্তম পাদুকা নির্ম্মাণ করিয়া তাহা বিক্রয় করিতেছেন, তাহাতে কিছুমাত্র অপমান বোধ করেন না। ঐ ভ্রাতৃগণের পরস্পর সাক্ষাৎ হইলে আবার আনন্দের পরিসীমা থাকে না! তাঁহারা পরিশ্রমকেই সৌভাগ্য বর্দ্ধনের মূল জানিয়াছেন, এবং প্রতিনিয়ত পরিশ্রম তৎপর হইয়াই অনুপম সুখানুভব করিতেছেন, কিন্তু কি পরিতাপ, এই বঙ্গদেশীয় ব্যক্তিদিগের প্রতি দৃষ্টিক্ষেপ করিলে আমারদিগের আক্ষেপের আর সীমা থাকে না, এদেশের বালকেরা অনেকেই আলস্যের দাসত্ব স্বীকার করিয়াই দিন২ দুঃখার্ণবে নিমগ্ন হইতেছেন, যাঁহারদিগের ধন আছে, তাহারা পরিশ্রমকে অত্যন্ত ঘৃণা করেন, আলস্য পরবশ হইয়া গদির উপরে বসিয়া অপব্যয় দ্বারা অনেকে সেই সঞ্চিত সম্পত্তি বিনষ্ট করিয়াছেন, পরে অত্যন্ত দুঃখে পড়িয়াছেন, তথাচ পরিশ্রম করেন নাই, আমরা অতিশয় অনুতাপিত হইয়া এই স্থলে যে কথার উল্লেখ করিলাম এই নগর মধ্যেই ইহার দৃষ্টান্ত অনেক আছে পাঠক মহাশয়েরা বিবেচনা করিলেই অনায়াসে জানিতে পারিবেন।

একের সৌভাগ্যের প্রতি এদেশের অনেক লোকে আপনাপন জীবিকার নির্ভর করে, এজন্য এদেশে আলস্যের এরূপ প্রাবল্য হইয়াছে, কোন ব্যক্তি অধিক অর্থোপার্জ্জন সমর্থ হইলে ভ্রাতা তৎশ্যালক এবং মামার শ্যালার শশুর প্রভৃতি কত আত্মীয়লোক আসিয়া তাঁহার বাটীতে বসিয়া অন্ন ধ্বংস করেন, তাহা কিছুই বলা যায় না, তাহাতে এই সকল ব্যক্তিদিগের কিছুমাত্র অপমান বোধ হয় না, তাহারদিগকে আলস্যের বরপুত্র বলিলেই হয় দেশস্থ লোকদিগের আবার এমত স্বভাব অবলোকন করা যাইতেছে যে ঐ বরপুত্রদিগকে অন্নদান করিতে না পারিলে তাহারা অম্লানবদনে বলিয়াছেন, যে অমুক অনেক অর্থ উপার্জ্জন করিতেছে বটে, কিন্তু নদেবায় নধর্ম্মায় আত্মীয় লোকদিগকে অন্নদান করে না যদিও অন্নদান ও বস্ত্রদান মনুষ্যের অত্যন্ত কর্ত্তব্য তাহাতে অক্ষয় পুণ্য হইয়া থাকে, কিন্তু যাহারা দৈন্যদশাপন্ন তাহারদিগকেই অন্নদান করা উচিত কিন্তু যাঁহারা অনায়াসে পরিশ্রম দ্বারা উপার্জ্জন করিতে পারে তাহারদিগকে আলস্য শৃঙ্খলে বদ্ধ করিয়া অন্নদান করা কোন ক্রমেই উচিত নহে। এই বিষয়ে আমরা পুনর্ব্বার লেখনী ধারণ করিব অদ্য নিতান্তস্থানাভাব হইল।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

॥॥* সত্যং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফায়সং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৬৯ সংখ্যা] শনিবার ৫ চৈত্র ১২৬৬ সাল। ইং ৭ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা [illegible] অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র [illegible] চরিত পুস্তক ১ এক [illegible] বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাঁহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য [illegible] করিলে প্রাপ্ত হইতে [illegible]

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর [illegible] নিম্নলিখিত পুস্তক সকল [illegible] প্রস্তুত আছে, মূল্য পাঠাইতে [illegible] পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ..... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ..... ১।
নলিনীকান্ত শৃঙ্গার ও করুণ রাশ্রিত নবীন উপাখ্যান ১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তপ্রণীত শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation ...) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।৵
একেই কি বলে সভ্যতা? (ঐ) ... ॥০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

সংবাদ প্রভাকর

৫ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

নৃপতিদিগের পরস্পর সন্ধিনি বর্দ্ধনই রাজ্যের সমূহ মঙ্গলের কা

রণ, সন্ধিদ্বারা তাঁহারদিগের ঐক্য সংস্থাপিত হইলে বাণিজ্য ও কৃষি কার্য্য যাহার প্রাচুর্য্য দ্বারা রাজ্যের সৌভাগ্য বৃদ্ধি হয়, তাহার অতিশয্য বিধান হইয়া থাকে, নৃপতিরা প্রাণিনাশক অতি ভয়ানক যুদ্ধ চিন্তায় নিবৃত্ত হইলে রাজ্যের শুভজনক বিবিধ বিষয়ে চিত্ত নিবিষ্ট করিতে পারেন। রাজকীয় ব্যয় অনেক সংক্ষেপ হয়, প্রজারাও উদ্বেগশূন্য হইয়া আপনাপন ব্যবসায় নিযুক্ত হইতে পারে, কিন্তু পররাজ্য হরণ মানসে এবং পরদেশে প্রভুত্ব স্থাপন নিমিত্ত রাজ্যাধিপতিরা অস্ত্রধারণ পূর্ব্বক সংগ্রামে প্রবৃত্ত হইলে কোন বিধায়েই রাজ্যের কল্যাণ সাধন হইতে পারে না, বাণিজ্যের পথ অবরোধ হইয়া যায়, প্রজার ক্লেশের সীমা থাকে না, রাজকোষ হইতে অযস্ত্র অর্থব্যয় হইতে থাকে, যত দিবস পর্য্যন্ত সেই সমরানল প্রজ্বলিত থাকে, ততদিবস পর্য্যন্ত রাজকার্য্যের আচার্য্য মহাশয়েরা চিরাদ্ধ কাল নিশ্চিন্ত থাকিতে পারেন না, তাঁহারা আহার নিদ্রা পরিত্যাগ করিয়া রাজ্যলাভের নিমিত্ত নানা প্রকার উপায় করিতে থাকেন।

সংগ্রামদ্বারা এই প্রকার বিবিধ অনিষ্ট সংঘটন হওয়াতেই রাজনীতিদর্শি পণ্ডিতেরা আপনাপন প্রকাশিত পুস্তকে লিখিয়াছেন, যে যুদ্ধাবসানে সমরে নৃপতিগণ পরস্পর সম্মতিক্রমে যে সন্ধিপত্র নির্ব্বন্ধন করেন, তাহার প্রতিজ্ঞা সকল ধর্ম্ম প্রতিজ্ঞা, সেই প্রতিজ্ঞা প্রতিপালন করা অতি আবশ্যক তাহার অন্যথাচরণে রাজাদিগকে ধর্ম্মে পতিত হইতে হয়। কিন্তু কি আশ্চর্য্য! এই অবনীমণ্ডলে এমত নৃপতি নাই যে সেই ধর্ম্ম প্রতিজ্ঞা অবহেলনাপরাধে দোষি হয় নাই, যে রাজগণ এই অবনীমণ্ডলে প্রধান বলিয়া পরিগণ্য এক২ সময়ে তাঁহারদিগের সকলেরি পরস্পর সন্ধি সংস্থাপিত হইয়াছে, এবং সকলেই সেই সন্ধি পত্রের প্রতিজ্ঞা অবহেলন করিয়া পুনর্ব্বার সংগ্রামে প্রবৃত্ত হইয়াছেন এইরূপ সন্ধি স্থাপন ও যুদ্ধ ঘটনা পুনঃ২ হইয়া আসিবে, ইহার বিশ্রাম দেখা যায় না।

অল্প দিবস হইল যে কারণে ইটালি রাজ্যে যুদ্ধোপস্থিত হইয়াছিল তাহার বিস্তারিত বিবরণ আমরা পাঠক মহাশয়দিগের বিদিতার্থে প্রভাকরে প্রকাশ করিয়াছি তাহারদিগের বিশেষ স্মরণ হইতে পারিবেক। পরে ইটালি দেশে অষ্ট্রীয়ার মহারাজের সহিত ফ্রান্সদেশাধিপতির সাক্ষাৎ হওয়াতে তাঁহারদিগের উভয়ের বিবেচনানুসারে যে রূপ সন্ধিস্থাপনের ও এবং যে প্রস্তাবানুসারে সেনাপতি সাহেবেরা সংগ্রাম স্থল নিরূপণ করেন সেই প্রস্তাবের বিবেচনা ও মীমাংসা করণের ভার বিবাদকারী নৃপতিত্রয় ইউরোপের সমস্ত রাজদিগের প্রতি সমর্পণ করিয়াছিলেন। নৃপতিগণ সেই ভার গ্রহণ পূর্ব্বক পেরিস রাজধানীতে এক সভা স্থাপনের অভিপ্রায় করিলে সেই সভায় ইউরোপের সমস্ত সম্ভ্রান্ত নৃপতিরা আপনারদিগের একং জন প্রতিনিধি প্রেরণ করেন, যাঁহারা ঐ প্রতিনিধিত্ব পদ প্রাপ্ত হইয়াছেন, তাঁহারা ভাবতেই অতিযোগ্য পাত্র এবং রাজনীতিজ্ঞ তাঁহারা অনেক বিচার ও বিবেচনার পর সন্ধি পত্র প্রস্তুত করিয়াছেন। সমরাবসানে অনেক রাজ্যের রাজাদিগের পরস্পর সন্ধি পত্র অবধারিত হইয়াছে বটে, কিন্তু এরূপ সন্ধিপত্র নির্দ্ধারিত রহকাল হয় নাই। আমরা অদ্বিতীয় বীরবর নৃপতি নেপোলিয়ান বোনাপার্টির জীবন বিবরণে পাঠ করিয়াছি, এবং ইউরোপেরই ইতিহাসে লিখিত আছে যে তিনি একবার নৃপতির সম্মতি গ্রহণ করিয়া এইরূপ সন্ধি পত্র নিবন্ধন করিয়াছিলেন, অতএব ফ্রান্স রাজ্যের বর্ত্তমান নৃপতি মহারাজ লুইসনেপোলিয়ান বাহাদুর জ্যেষ্ঠতাত মহাশয়ের প্রদর্শিত দৃষ্টান্তের অনুগামী হইয়াছেন, তাহার সন্দেহ নাই। তিনি যেমন প্রথমতঃ ইটালিস্থ রণক্ষেত্রে সংগ্রাম বিজয়ী হইয়া সন্ধিপত্র নিবন্ধন করেন, তিনিও সেইরূপ করিয়াছেন। যাহা হউক সেই সন্ধি পত্রের দ্বারা ফ্রান্স দেশাধিপতি বিলক্ষণ প্রভুত্ব স্থাপন হইয়াছেন, সার্ডিনিয়ার মহারাজ তাঁহার ভাতৃপুত্রকে কন্যা দান করাতে এই সংগ্রামে বিলক্ষণ ফলভাগি হইয়াছেন, তিনি কয়েক খানা দেশ প্রাপ্ত হওয়াতে তাঁহার রাজ্য বৃদ্ধি হইয়াছে।

রোম রাজ্যের অধিকারিত্বে পোপ বাহাদুর যিনি ইউরোপখণ্ডে জগদ্গুরুনামে বিখ্যাত, এক সময়ে যাঁহার সৌর্য্য, বীর্য্য, ও গাম্ভীর্য্য এবং আধিপত্যের সীমা ছিল না। ইউরোপের সমস্ত নৃপতি এক সময় যাঁহার সিংহাসন সম্মুখে নতশির হইয়া বং

রমান হইয়াছেন। এই সন্ধিপত্রে তাঁহার কিছু মানহানি হইয়াছে, এত দিন ফ্রান্স সেনারা তাঁহার রাজ্য রক্ষা করিতেছিল মহারাজ লুইসনেপোলিয়ান এরূপ অবধারণ করিয়াছেন যে ফ্রেঞ্চ সেনারা আর পোপের অধিকার রক্ষা করিবেক না। ইটালীর একাংশ প্রজা স্বাধীন হইবেক, তদ্দ্বারা স্বজাতীয় নৃপতিকে সিংহাসনারূঢ় করিয়া তাঁহার অধীনে বাস করিবেক, এবং অপরাংশ যাহা অষ্ট্রীয়ার অধীশ্বরের অধীনে আছে, তাহা তাঁহারই অধিকারভুক্ত থাকিবেক। এই সন্ধিপত্রে সমস্ত নৃপতিদিগের প্রতিনিধিরা স্বাক্ষর করিয়াছেন।

এতদ্বিচার ও কাল বিলম্বে এবং সমারোহ পূর্ব্বক ইটালির সংগ্রামান্তে সন্ধিপত্র অবধারিত হইয়াছে, কিন্তু ইহার প্রতিজ্ঞা যে চির কাল স্থায়ী হইবেক এমত বোধ হয় না, কোন সময়ে নৃপতিদিগের মনে কিপ্রকার ভাবের সঞ্চার হয় তাহা কিছুই বলা যায় না, মহারাজ লুইসনেপোলিয়ান বাহাদুর ক্রিমিয়া ও ইটালির সংগ্রামে জয়লাভ করিয়া যখন আপনার প্রবল পরাক্রম অবগত হইয়াছেন, এবং ক্রমশঃ যখন বলবতী ও সৈন্য শ্রেণীর বৃদ্ধি করিতেছেন, তখন তিনি অধিক দিবস প্রাণিনাশক সংগ্রামকাণ্ডে নিবৃত্ত থাকিতে পারিবেন না, অতএব অনেকে অনুমান করিতেছেন, যে ইউরোপ খণ্ডে আপাততঃ সমরানল নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছে বটে, কেবল মোরাকো নামক উপদ্বীপে তাহা সামান্যভাবে প্রজ্বলিত আছে, কিন্তু পুনর্ব্বার অতিভয়ানক হইবেক, অতএব কতদিনে নৃপতিরা সন্ধির প্রতিজ্ঞা সকল রক্ষা করা আপনার দিগের পরমধর্ম্ম বলিয়া জানিবেন, তাহা কিছুই বলা যায় না।

আমরা সংবাদ পত্রপাঠে অবগত হইলাম যে স্যার জান ক্লার্ক সাহেব শ্রীযুক্ত লার্ড এলফিনিষ্টন সাহেবের পরিবর্ত্তে বোম্বাই রাজ্যের গবর্ণরের পদে অভিষিক্ত হইবেন, ক্লার্ক সাহেব অতি উপযুক্ত এবং ভারতবর্ষীয় রাজকীয় বিষয়ে বিশেষ নিপুণ, তাঁহার দ্বারা বোম্বাই বাসিদিগের বিশেষোপকার হইবার সম্ভাবনা।

[illegible] পার্শ্ববর্ত্তি দ্বিতীয় খাল বাঙ্গা খাপা হইতে কাটা আরম্ভ হইয়াছে, বিদ্রোহ ঘটনা ও ধনাভাব এবং অন্যান্য কারণ বশতঃস্থগিত হইয়াছিল, গবর্ণর বাহাদুর তাহা [illegible] যে সমস্ত কার্য্যারম্ভ করিয়া [illegible] অল্প দিবসের মধ্যেই তাহার শেষ করিবেন, কিন্তু এইক্ষণে আর কোন প্রকার নূতন কার্য্যে হস্তক্ষেপ করিবেন না।

[illegible]

মান্যবর শ্রীযুক্ত [illegible] সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! আমার প্রিয়সুহৃৎ হাড়কাটারানি নিবাসি শ্রীযুক্ত বাবু কানাইলাল পাইনের সহধর্ম্মিণী অল্পকাল হইল আমারদিগের মাতৃভাষা বঙ্গভাষা অনুশীলন করিতেছেন, এবং শিল্পকর্ম্মও অভ্যাস করিতেছেন, ইতিমধ্যেই তিনি তাঁহার শিক্ষার প্রথম ফল স্বরূপ নিম্নলিখিত রচনাটি মহাশয়ের জগদ্ভুজন প্রভাকরে প্রকাশ জন্য প্রদান করিলেন, অনুগ্রহ পূর্ব্বক এক প্রান্তে প্রকাশ করিয়া উৎসাহ দান করিলে পরমাপ্যায়িত হইব।

শ্রীনীলমণি চট্টোপাধ্যায়।
সাং যোড়াবাগান।

বাঙ্গালি মহাশয়দিগের নিকট নিবেদন।

হায়! বাঙ্গালাদেশের শ্রীবৃদ্ধি সাধন কতদিনে হইবে, বাঙ্গালি মহাশয়েরা অনুগ্রহ করিয়া স্ত্রীলোকদিগের দুঃখনিশা দুঃখবোধ করিয়া অতি যত্ন পূর্ব্বক তাহা নিবারণ করিতে কতদিনে উদ্যত হইবেন, আহা! বাঙ্গালার স্ত্রীলোকদিগের দুরাবস্থা একবার চিন্তা করিয়া দেখুন, তাহারা মূঢ়াবস্থায় দুঃখজাল বিস্তার করিয়া জনসমাজে নানা প্রকার দুঃখ প্রকাশ করিতেছে ও আপনারা ঐহিক পারত্রিক সুখ কিছুই জানিতে পারিতেছে না। ইহা কি আক্ষেপের বিষয় যে মানবিনী হইয়া তাহারা পশুর ন্যায় ব্যবহার জনিত কষ্ট বহন করিয়া জীবন যাপন করিতেছে। স্ত্রীলোকদিগের মূর্খাবস্থায় যে কত দোষ তাহা আপনারা বিলক্ষণ জানেন, অতএব এ বিষয়ে মহাশয়েরা অনুগ্রহ পূর্ব্বক মনোযোগ না করি

লে আমারদিগের আর উপায় নাই। বালকদের শিক্ষার্থে যেরূপ যত্ন প্রকাশ করেন, অনুগ্রহ পূর্ব্বক বালিকাদিগের অজ্ঞানান্ধকার দূর করিবার জন্য সেইরূপ মনোযোগী হউন। হে জগৎপিতা এমন শুভদিন আমারদিগের দেশে কতদিনে উপস্থিত হইবে যে, পুরুষ যেমন বিদ্যাপরায়ণ হইয়া থাকেন, স্ত্রীলোক সেইরূপ বিদ্যাবতী হইয়া সংসারযাত্রা উৎকৃষ্টরূপে নির্ব্বাহ করিবে ও কষ্টব্রত পালন না করিয়া তোমার আজ্ঞারূপ নিত্যব্রত অবলম্বন করিবে এবং তজ্জন্য উত্তম পদপ্রাপ্ত হইয়া জীবন চরিতার্থ করিবে।

* * *

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় চিরজীবেষু।

বসন্তকালে বিরহিনী এবং বিধবার কথোপকথন।

চম্পক ললিকা ছন্দ।

কিবা শোভা, মনোলোভা, বসন্ত আইল রে।
স্থল জল, পৃথ্বীতল, ভূষিত হইল রে।
তরুপরে মিষ্টস্বরে, কে কিল কুহরে রে।
পেয়ে কাল, পাল পাল ভ্রমর গুঞ্জরে রে।
প্রভাকর মনোহর প্রকাশিল কর রে।
হয়ে ভীত, যায় শীত, পর্ব্বত ভিতরে রে।
হরি শীত, আমোদিত, জীব সমুদয় রে।
নিজপতি, ভঞ্জে রতি, আপন আলয় রে।
সুশোভন, নিধুবন, আমোদিত করে রে।
মনোহর, সরোবর, শোভা কত ধরে রে।
শতদল, দল দল, প্রেমভরে হয় রে।
যেন মুখ, তুলি দুখ, পতিপানে কয় রে।
মন্দ মন্দ, বয় গন্ধ, চারিদিগ ছুটে রে।
যত কলি, মাতা তুলি, ক্রমে সব ফুটে রে।
পেয়ে ক্ষণ, ঝন ঝন, বহিছে মলয় রে।
হয় সুখি, যত দুখি, বসন্ত সময় রে।
বৃক্ষ সব, হয় শব, পত্র নাহি রয় রে।
কিছুকাল, পরে কাল, নব পত্র হয় রে।
করে মার, মার মার, বিরহিনী পায় রে।
খরতর, স্মর শর, জ্বর জ্বর করে রে।

বিরহিনী।

মরি মরি, ও সুন্দরি, কিসে ধরি প্রাণ লো।
কত সব, দুখ সব, দেহ অবসান লো।
নাহি সহে তনু দহে, বিরহজ্বালায় লো।
মূঢ়মতি, প্রাণপতি, সময়ে পলায় লো।
কত জনে, পতি সনে, একত্রেতে রয় লো।
মনোগত, আশা যত, দম্পতির হয় লো।
নিরন্তর, জ্বর জ্বর, অন্তরেতে হয় লো।
নাহি সুখ, ঘোর দুখ বসন্ত সময় লো।

বিধবা।

দ্বিপদী ছন্দ।

কালেতে হইবে ভাল,
সুখ দুঃখ চিরকাল, নয়।
বিদেশেতে পতি যার,
আশা পথে প্রাণ তার রয়।
কিছুই বুঝিতে নারি,
আমি পতি হীনা নারি জন।
কুহরিলে পিকবর,
নিরন্তর জ্বর জ্বর প্রাণ [illegible]
অলিরুত শুনিয়া গান,
উচ্চাটন করে প্রাণ তার।
মলয়া সমীর বহে,
তাহে শুদ্ধ প্রাণ দহে যায়॥
হয় কাল যুবকাল,
মাটিসই যবে কাল হবে।
ঘুচিবে বিরহ জ্বালা,
অবিশ্রান্ত পাবে [illegible] তবে॥
জ্বালাতেই জ্বালা [illegible],
শতত তাপিত [illegible] দহে।
মুদিলে নয়ন তারা,
চক্ষে জল শ[illegible] বহে।
পৃথিবীর [illegible] সুখ,
বিধবার [illegible] দুখ হয়।
যারা ছিল অনুকূলে,
তারা সব প্রতিকূলে কয়॥
প্রাণে [illegible] সহ্য হয়,
মুখপোড়া পিতা কয় হেসে।
ধিক্ তোরে বিধাতায়,
এত দুঃখ বিধবায় শেষে॥

বিরহিনী।

দীর্ঘ পয়ার।

বি, পদে হইবে ত্রাণ২।
পাবে পতি, হবে সতি, সুস্থ করপ্রাণ।
ধ, র্য্য ধর কিছুকাল২।
কখন কি থাকে সই, দুঃখ চিরকাল॥
বা, র মাস যেপ্রকার২।
ঘুরিতেছে সুখ দুঃখ, সেই অনুসার॥
স, ফল হইবে পরে২।
মনস্কাম সিদ্ধ হবে ঈশ্বরের বরে॥
ধ, রিবে নূতন বেশ২।
বন্ধু আদি জ্ঞাতি জন করিবেক দ্বেষ॥
বা, লিকা বিধবা যত২।
সোম পত্রে দেখিয়াছি বিয়ে হয় কত॥
হ, ইবে সকল সুখ২।
ঘুচিবে বিরহ জ্বালা, আর যত দুখ॥
ন, ন্তনে দেখিবে নব২।
পুরাতন ত্যাগ করে, নব হবে সব॥
সা, গর কারণে পরে২।
মৃত্যু হলে পাবে পিণ্ড, পুত্র [illegible]॥
গ, হনা গলায় পরে২।
সুখেতে করিবে বাস, শ্বশুরের ঘরে॥
র, ত হয়ে সব ধর্ম্মে২।
কৃতকর্ম্ম কত কিছু, পাবে এই জন্মে॥
[illegible] সুত কি করিবে২।
আর কি বসন্তকাল, পরাণে দহিবে॥
পা, র হবে উপবাস২।
একাদশী সর্ব্বনাশী হইবে বিনাশ॥
অ, বিচার নাহি রবে২।
পুত্র কন্যা সমভাব জনকের হবে॥

বিধবা।

পদ্য।

বুঝে শেষ সবিশেষ, করি নিবেদন।
তোমায় আমায় [illegible] হইল এখন॥
কায নাই দ্বন্দ্ব আর, কায নাই দ্বন্দ্ব।
পরস্পর যুক্ত হয়ে করি প্রেম বন্ধ॥

শ্রীপ্রাণগোবিন্দ বন্দ্যোপাধ্যায়।
কলিকাতা কম্বুলিয়া টোলা।

Printed and Published by RAMGUNDER GOOTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকগ্রন্থ

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
মদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি [illegible] দুর্গাচরণ মিত্রের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আ অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৭০ সংখ্যা] সোবার ৭ চৈত্র ১২৬৬ সাল। ইং ১৯ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব [illegible] এবং পুস্তকের [illegible] নামে উক্ত যন্ত্রালয়ে [illegible] রেল ট্রেজুরির মিডিয়ার এক্কীণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১॥০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন। যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

[illegible] সাধারণকে জ্ঞাত করা যাইতে [illegible] কলিকাতার বহুবাজার [illegible] যশোহর নিবাসিনী শা[illegible] দেবী মহশয়া আপন বা[illegible] টা ইংরাজী দাতব্য খা[illegible] করিয়া শ্রীযুত বাবু প্র[illegible] ডাক্তার মহাশয় কে[illegible] আরোপণ করিয়াছেন [illegible] রোগের ঔষধ [illegible] চিকিৎসা হইবেক, [illegible] ৬ অবধি ১০টা পর্য্যন্ত [illegible] থাকিবেক ইহার মধ্যে [illegible] হইবেন বিনামূল্যে উত্ত[illegible] তাঁহাদের হইবেক।

২০০ দুইশত [illegible] পারিতোষিক।

"ত[illegible]

ইত্যভিধেয় [illegible] উৎকৃষ্ট নাটক যিনি ব্রহ্ম[illegible] পুরাণের লিখিত মতে সুললিত বঙ্গভাষার গদ্য পদ্যে রচনা করিবেন, তিনি উপরোক্ত পারিতোষিক প্রাপ্ত হইবেন। দেবগুরু বৃহস্পতি দারা তারা তারানাথ দ্বারা অপহৃত হওনের আখ্যায়িকা এই নাটকের উপাখ্যান হইবেক। পুস্তকের পরিমাণ ৮ পেজি ফরমার দুইশত পৃষ্ঠের ন্যূন না হয়। রচনার উৎকৃষ্ট ত্বাপকৃষ্টত্ব পরীক্ষা জন্য ভাস্কর যন্ত্রালয়ে কমিটী স্থাপন হইবে। ১২৬৭ সালের আশ্বিন মাসের মধ্যে রচনা উক্ত যন্ত্রে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না। যাঁহার রচনা মনোনীত হইবেক তিনি স্বীয় ব্যয়ে নাটক মুদ্রিত করিলে গ্রন্থ স্বত্ব পাইবেন। তদন্যথায় পারিতোষিক প্রদাতা স্বত্বাধিকারী হইবেন।

শ্রীশম্ভুচন্দ্র রায় চৌধুরী।

জমীদার।

বাকীনীয়া, ভূগোলোক বাটী,
জেলা রঙ্গপুর
১৫ফাল্গুন
১২৬৬সাল।

৫৪৫

বিজ্ঞাপন।

জানান জাইতেছে যে খাস মাহাল ডিহি পঞ্চানন গ্রামের মধ্যস্থিত নিম্নের বাকী পড়া হোলডিং সন ১৮৩৫ সালের ৮ আইনের বিধানমতে সন ১৮৬০ সালের ২৬ মার্চ্চ মোতাবেক সন ১২৬৬ সালের ১৪ চৈত্র তারিখে মোং আলীপুর জিলা চব্বিশ পরগণার ডিপুটি কালেক্টরি কাছারিতে নীলামে বিক্রয় হইবেক।

হোলডিং নম্বর	বাকীদারের নাম	সালিয়ানা জমা	মোটবাকী
	১ ডিবিজান পাইকপাড়া ২ সব-ডিবিজান		
১০৪	শ্রীকৃষ্ণ পাল তস্য ভ্রাতা দিগের ওয়ারিষ	৫॥৬	৫॥৬
	৩ সব-ডিবিজান		
৭২	শ্রীকৃষ্ণ পাল তস্য ভ্রাতা দিগর	১১৸৯	১৸৯
৭৩	ঐ	৭০৸/৬	৭০৸/৬
	৬ সব ডিবিজান		
৩৮	নীলমণি সরকার	৸/০	৸/০
	৭ সব-ডিবিজান		
১৮২	বামাচরণ সীকদার	৸/৯	৶৩
	৮ সব-ডিবিজান		
১০	বদনচন্দ্র মণ্ডল	১॥৯	১॥৯
৪৪	ঐ	২৷৩	২৷৩
৪৯	ঐ	।৶৩	।৶৩
৭৯	ঐ	২৸/৯	২৸/৯
৮৯	ঐ	৸৵৬	৸৵৬
৯৭	ঐ	৸৭	৸৭
১০৯	মহেশচন্দ্র চট্টোপাধ্যায়	।৩	।৩
১২৬	ঐ	।৶৯	।৶৯
	৯ সব-ডিবিজান		
১৫১	নবকৃষ্ণ নেউগী	।৩	।৩
১৬৩	মহেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়	৵৯	৵৯
১৬৮	ঐ	৶০	৶০
১৭১	বদনচন্দ্র মণ্ডল	॥৶৬	॥৶৬
১৮৬	সৃষ্টিধর মণ্ডল	।৵৮	।৵৮
২০৯	বদনচন্দ্র মণ্ডল	১৵	১৵
২৬৩	ঐ	৩৸	৩৸
২৭০	ঐ	১৵৯	১৵৯
২৯৬	ঐ	৸৵৬	৸৵৬
৩৩১	ঐ	২/৯	২/৯
৩৩৯	ঐ	২॥৵৩	২॥৵
	১১ সব-ডিবিজান		
৭১	শিবচন্দ্র ঘোষ	।০	।৵
৭২	রামচন্দ্র ঘোষ ওগায়রহ	।০	
	১২ সব-ডিবিজান		
১৪	মহাদেব মণ্ডল	১/৯	১/৯
৮৪	পীতাম্বর ঘটক	॥৶০	॥৶০
২২৮	রামচাঁদ ঘোষ	১।/	১।/

হোলডিং নম্বর	বাকীদারের নাম	সালিয়ানা জমা	মোটবাকী
	১৪ সব- ডিবিজান		
১৪৮	বেণীমাধব দাস মণ্ডল	॥/	॥/
২০৪	গৌরমণি দেবী দিগর	॥৶৬	॥৶৬
	১৫ সব ডিবিজান		
৬২	নিমাইচরণ সরকার	৩/৩	॥৶৩
১০৮	চন্দ্রমণি দাসী	৵৬	৵৬
	২ ডিঃ উল্টাডাঙ্গা ২ সব-ডিঃ		
৪৪	বিশ্বনাথ দত্ত দীঃ	২॥৬	২॥৬
৪৬	ঐ	৫৸/৩	৫৸/৩
৯২	মুনসী বেলাএত হোসেন	।৵৯	।৵৯
৯৩	ঐ	২/৬	২।/৬
১১৬	বিশ্বনাথ দত্ত দীগর	১৶৬	১৶৬
	৩ সব-ডিবিজান		
৩৬	মকধুল ওস্তাগর	৸৶৩	১৸৵৩
	৫ সব-ডিবিজান		
৫০	সৃষ্টিধর ঘোষ	(১০	(১০
১৩২	গোবিন্দচন্দ্র সরকার	।৩	।৩
১৪৮	কাশীনাথ মালী	৵০	৵০
	৬ সব-ডিবিজান		
২৪	হীরালাল দত্ত দীঃ	॥৶	॥৶
২৯	ঐ	২।৩	২।৩
৪[illegible]	[illegible]তী দাসী	৸৭	৩৸৵২
	[illegible]		
৭[illegible]	সূর্য্যনাথ সরকার	১/৩	১/৩
৭[illegible]	ঐ	॥৯	॥৯
৭[illegible]	আনন্দময়ী বৈষ্ণবী	১৶	১৶
৩ ডিঃ	শুঁড়া ১ সব-ডিবিজান		
৬১	কৃষ্ণচন্দ্র দত্ত দীঃ	৶১১	৶১১
৬২	ঐ	/৯	/৯
৬৩	ঐ	/৮	/৮
	৮ সব-ডিবিজান		
১২৭	দ্রবময়ী দাসী ওগায়রহ	১৯৸৯	১৯৸৯
	১১ সব-ডিবিজান		
৫৫	গোলোক মালি দাসী	১৩।৬	১৩।৬
	১২ সব-ডিবিজান		

হোলডিং নম্বর	বাকীদারের নাম	সালিয়ানা জমা	মোটবাকী
১৪৮	করিম সরকার	/৯	/৯
২৩২	গঙ্গানারায়ণ বন্দ্যোপাধ্যায়	২৶৯	২৶৯
	১৩ সব-ডিবিজান		
৩৬	বদনচন্দ্র সুর দীঃ	।/৩	।/৩
৪১	শিবসুন্দরী দাসী	।৵	।৵
	২১ সব-ডিবিজান		
১০৯	সেখ বরু	[২৸৵৩	২৸৵
	২২ সব-ডিবিজান		
৫	কালীপ্রসাদ লাহা	১।৬	১৬
৬	রামচন্দ্র জেলে	৪৸৩	৪৸৩
১১৫	মধুসূদন মল্লিক দীঃ	১।৶৩	১॥৶৩
	২৩ সব-ডিবিজান		
১৪	পাঁচু সারেঙ্গ	।/৩	।/৩
	৪ ডিঃ ইটালী, এ, সব-ডিঃ		
৩০০	হরসুন্দরী দাসী	২।৫	২।৫
	বি, সব-ডিবিজান		
২২	মেং আর, ডবলিউ, সেরিফ	১৸/৩	১৸/৩
২৭	সী,বিবি এলা ক্রামণ	১৪৸৩	১৸৵৩
	ই, সব-ডিবিজান		
১১০	এম, এফ, জি, লাডণ্ডস		
	এডমিনিষ্ট্রেটর জেনেরল আব		
	বাঙ্গাল ইষ্টেড আই, সি, ইম্মিত	৯।	৶
১৭৪	মেং এম, এফ, জি, ল্যাণ্ডেস		
	এডমিষ্ট্রেটর জেনেরল আব		
	বাঙ্গাল এ, ইষ্ট্রেট আরনলসী	১৩	১৩
	উইলিএম		
২০৪	ঐ		
২০৫	ঐ		
	জি, সব-ডিবিজান		
৫৫	সি, কেথরিলা এণ্ড[illegible]	২০৸৬	
৬২	বিবি দুঁদী	১।৵২	
৪ ডিঃ	ইটালী আই, সব ডিঃ		
২১	ঈশ্বরচন্দ্র সরকার দীঃ	।৩	
৪৯	এডমিনিষ্ট্রেটর লেবেল দীঃ	২৶৬	
২৮	ঈশ্বরচন্দ্র সরকার দীঃ	॥৯	
	কে, সব-ডিবিজান		
৯৮	৺ধর্ম্ম ঠাকুর সেবাৎ গোলোক যুগী	১।৯	
০৪	দুঃখীরাম বাগ	৸/৩	৸/৩
	জে, সব-ডিবিজান		
৩৭	ঘাসি বিবি	।৬	।৬
	এল, সব-ডিবিজান		
৪৫	লক্ষ্মীকান্ত সরকার	৬৸৶৯	৬৸৶৯
২৫	মেহেরবান মোল্লা দীঃ	।৵৬	।৵৬
৩৭	ঐ	১৶	১৶
৪৭	রামসদয় চক্রবর্ত্তী	১৬	১।৬

হোলডিং নম্বর	বাকীদারের নাম	সালিয়ানা জমা	মোটবাকী
১৬২	ঐ	২)৮	২)৮
৯২	ঠাকুরদাস পাইক	১৩/	১৩/
	এম, সব-ডিবিজান		
৮৫	গোরাই মাল্লা	২।৶৮	২॥৶৮
১৯	রামসদয় চক্রবর্ত্তী	১)৫	১)৫
	এন, সব-ডিবিজান		
২৮৩	কালীমোহন সরকার	৶৬	৶৬
	ও, সব-ডিবিজান		
৩৯	রামমোহন মল্লিক	৫৶৩	৫৶৩
৯২	গুলজার রিবি দীঃ	৪৸৵৯	৪৸৵৯
১২১।১২২	নবীনচন্দ্র দত্ত	৬/৭	৬/৭
৫ ডিঃ	বির্দ্ধা শ্রীরামপুর এ, সব-ডিবিজান		
১।১২	লালাসীউ স্বহায়	২।/১১	২/১১
	এফ, সব-ডিবিজান		
৯৫	মেজা আলী	১।	১।
১১৪	ঐ	২৵৮	২।৵৮
	এইচ, সব-ডিবিজান		
৩৫	বিবি রসু দীঃ	৶৬	৶৬
৯১	কচু মিস্ত্রি	১/১	১/১
	কে, সব-ডিবিজান		
৫	মুন্সি বেলাএত হোসেন	৸৶১০	৸৶১০
১৮৪	জয়নারায়ণ ঘোষ দীঃ	৸/৯	।৸/৯
২৯৮	নবীনচন্দ্র দাস	১)৯	১)৯
৩০১	কালাচাঁদ ঘোষ	৫।/৯	৫।/৯
৩০৩	রামগোপাল রায়	॥৶	।৶
৩০৫	ঐ	১)৬	১)৬
	এল, সব-ডিবিজান		
১১৩	চন্দ্র লস্কর	৩৵	৩৵
২১	নবিনচন্দ্র দাস	৪)৯	৪)৯
	এন, সব-ডিবিশান		
২৪	রামধন ঘোষ	।৵১১	।৵১১
	ও, সব-ডিবিজান		
২	মুনসি বেলাএত হোসেন	॥/১১	॥/১১
	পী, সব-ডিবিজান		
	হরসুন্দরী দাসী	৩/৩	৪।/৩
	কীউ, সব-ডিবিজান		
	মুনসি বেলাএত হোসেন	৸৵৪	৸৵৩
	আর, সব-ডিবিজান		
	মুনসি বেলাএত হোসেন	/১১	/১১
	আর, সব-ডিবিজান		
	মেথর লস্কর দীঃ	।৵৯	।৵৯
	এস, সব-ডিবিজান		
	শ্রীনাথ দত্ত	১॥৶২	১॥৶২
	মকীম সরকার	৩/৬	৯৬
	ঐ	১১)	৩৩)
	ঐ	১/২	৩৶৩
	ঐ	১৯	৩৸৵৩
	ঐ	৬৫	১৮৸/৩
	ঐ	৩)	৯)
১৪৫	কুতব মিস্ত্রী	৩।৭	৩৭
১৪৭	[illegible]ম সরকার	৫৵৫	১৫।৶৩
১৫০		।৵৯	।৵৯

হোলডিং নম্বর	বাকীদারের নাম	সালিয়ানা জমা	মোটবাকী	হোলডিং নম্বর	বাকীদারের নাম	সালিয়ানা জমা	মোটবাকী
১৫২	ঐ	৬।২	১৮৸৬		এন, সব-ডিবিজান		
১৫৩ ১৪৪	ঐ	৮।৶২	২৬/৬	১৬৩	শ্রীশ্রী৺শ্রীধর ঠাকুরের সেবাত কাশীকান্ত চট্টোপাধ্যায় দীঃ	৭/৭	৭/৭
১৫৫	ঐ	২৸১০	৬৷৶৬				
১৫৬	ঐ	১।৶১১	৩৷৶৫		এন, সব-ডিবিজান		
১৫৭	ঐ	১ ৶৭	৩৸৶৯	১	বিবি হুইন	৪৶৫	৬৸৫
১৫৮	ঐ	১ ৶০	৪৸৶০	১০৫	তারাচাঁদ মণ্ডল	২৷৶৬	২৷৶৬
১৫৯ ১৬০	ঐ	২ ৶৭	৭৸৶৯		পি, সব ডিবিজান		
	ইউ, সব-ডিবিজান			২২	কান্তিচন্দ্র মুখোপাধ্যায়	৭৯	৭৯
৫৪	কালীমোহন সরকার	।৬	।৬	৩১২	কালি দাস চট্টোপাধ্যায়	১)	১)
১৩৪	মকীম সরকার	১৬।	১৬।		কীউ, সব-ডিবিজান		
	ডি, সব-ডিবিজান			২৬ ২৬ আই	সেখ জুমুণ মিস্ত্রী	৸১০	৸১০
	৬ ডি, ভবানীপুর ডি, সব ডিবিঃ			২৬ এইচ,	সেখ নাজির মিস্ত্রী	।৶	।৶
১৪৯	প্যারী বৈষ্ণবী	৶৪	৶৮	১৬৪	সেখ অতুল মণ্ডল	১৸১০	১৸১০
	জি, সব-ডিবিজান			২৯৩	মুনসি বেলায়ত হোসেন	১।	১।
৯০	আনন্দময়ী দেবী দীর	১৶৬	১৶৬		টি, সব-ডিবিজান		
	জে, সব ডিবিজান			১০	লক্ষীকান্ত দাস মিস্ত্রী	।৯	।৯
৪২।৪৩	ইছপ ওস্তাগর	।৶	।৶	১৭	রতন বেওয়া	।৬	।৬
	কে, সব-ডিবিজান				ইউ, সব-ডিবিজান		
১৯৯	শ্রীশ্রী৺শ্রীধর ঠাকুরের সেবাত কাশীকান্ত চট্টোপাধ্যায় দীঃ	৭৸৪	১৭	৮৮	সেখ দেওস্ত মহম্মদ সর্দ্দার	৶৩	৶৩
	এল সব-ডিবিজান			১৪৫	রামহরি পরামাণিক	১ ৶৩	১৶৩
				৪৬	তসীদ্দীন খোন্দকার	৸১০	১১৸০
২২	মহাদেব মণ্ডল	২/৭	২/৭		শ্রীযুক্ত ডবলিউ হ্যাসাম সাহেব ডেপুটী কালেক্টর।		

সংবাদপ্রভাকর

৭ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

আমরা বিলাতীয় পত্র পাঠে অবগত হইলাম যে মহারাজ দলিপ সিংহ যিনি এইক্ষণে বিলাতে অবস্থান করিতেছেন, এবং বিদ্যানুশীলন পূর্ব্বক যিনি বিলক্ষণ কৃত বিদ্য হইয়াছেন, তিনি সম্প্রতি এ রূপ মানস প্রকাশ করিয়াছিলেন, যে আর ইংলণ্ডে থাকিবেন না, আপনার দেশে পাঞ্জাব রাজ্যে আগমন করিবেন। তাঁহার এই অভিপ্রায় অবগত হইয়া মহারাণী ইংলণ্ডেশ্বরীর ভারতবর্ষীয় রাজকার্য্যের প্রধানাচার্য্য শ্রীযুক্ত সর চার্লস উড সাহেব ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে এ রূপ পত্র লিখিয়াছিলেন, যে মহারাজ দলিপ সিংহ যদি বিলাত হইতে স্বদেশে গমন পূর্ব্বক বাস করেন তবে তাঁহাকে যে চারি লক্ষ টাকা বার্ষিক বৃত্তি প্রদান করা যায়, তাহার উৎপন্নোপযুক্ত ভূমি সম্পত্তি পাঞ্জাব রাজ্যে তাঁহাকে ক্রয় করা যাইতে পারে কি না। তদ্দিগের বোধ হয় এতদ্ভত্তরে জেনেরল বাহাদুর বলিবেন যে ঐ বৃত্তির উপযুক্ত ধন প্রদান করিবেন, তাহা হইলে গবর্ণমেণ্টকে রাজকোষ হইতে প্রতি বৎসর মহারাজ দলিপ সিংহের নিমিত্ত চারি লক্ষ টাকা প্রদান করিতে হইবেক না।

আমরা এই সংবাদ পাঠ করিয়া একেবারে হর্ষ ও বিষাদ প্রাপ্ত হইলাম। হর্ষের বিষয় এই যে মহারাজ দলিপ সিংহ যিনি বিদ্যানুশীলন এবং মহারাণী ইংলণ্ডেশ্বরী ও বিলাতীয় অন্যান্য প্রধান কম্প ব্যক্তিদিগের সহিত সদালাপ জন্য বিলাত গমন করিয়াছিলেন, তিনি স্বদেশে প্রত্যাগমন করিবেন, কিন্তু দুঃখের বিষয় ব্যক্ত করিতে আমার দিগের হৃদয় বিদীর্ণ হইয়া যায়, নয়নযুগলে বাষ্পধারা বিগলিত হইতে থাকে। মহারাজ দলিপ সিংহ পাঞ্জাব রাজ্যের অধীশ্বর মহারাজ রণজিৎ সিংহের পুত্র ছিলেন আপনার দোষে ভাগ্য বলে সিংহাসন প্রাপ্ত হইয়া অসৌভাগ্য প্রযুক্ত সেই সিংহাসন ত্যক্ত হইয়াছেন, এবং শৈশবাবস্থা স্বভাব অন্যান্য বিবিধ দুর্ঘটনাপ্রযুক্ত শিখ জাতির রাজ্য নষ্টের অবসান হইয়াছে, বিবেচনা পূর্ব্বক রাজ্যে আগমন পূর্ব্বক বার্ষিক চারিলক্ষ টাকা উৎপন্নের ভূমি সম্পত্তি গ্রহণ করিয়া সামান্য ভূম্যধিকারির ন্যায় অবস্থান করিবেন ভাবি কি ছিলেন! কি হইলেন, এই চিন্তা যখন তাঁহার মানস মন্দিরে উপস্থিত হইবেক, তখন দুঃখের আর পরিসীমা থাকিবেক না।

সংবাদপ্রভাকর

প্রাতঃকিরণ

৩১৭ ২২৭

এই প্রভাকর ৺ পরিবার কর্ত্তৃক প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি ৩৭ সংখ্যক ভবনস্থিত শ্রীযুত ব্যাচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥*॥* সত্যং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥ *॥* উদেতি ভাস্বৎ সকলপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*॥

নবকুং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষিন্দীবরেষু কচিদ্ভ্রাম্যং ভ্রাম মত্তভ্রমীবধমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥ অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রাপ্তিপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বাস্তদ্বিরেফকারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা, অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৭১ সংখ্যা] রবিবার ৮ চৈত্র ১২৬৬ সাল। ইং ২০ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। এতদ্দেশ মহাশয়েরা বর্ত্তমান সময়ের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া নামে উক্ত যন্ত্রালয়ে [illegible] রেল ট্রেজুরির মিলিটরি এ-কৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া মূল্য করিলেই সন ১২৬৭ সালের প্রারম্ভেই ১৷৷০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন এবং ইহার পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা [illegible] আমারদিগের ধর্ম্মা- [illegible] বাঙ্গালা, দেবনাগর [illegible] আরবী, ইত্যাদি নানা- [illegible] উত্তমং অক্ষর সকল [illegible] হইয়াছে, এবং প্রিণ্টিং [illegible] রূপে নির্ব্বাহ [illegible] এক্ষণে অতি উপযুক্ত [illegible] করা গিয়াছে। [illegible] কোন ব্যক্তি মুদ্রাঙ্কণ [illegible] অন্যান্য যে কোন কর্ম্ম করিবেন তাহা আমরা উত্তম রূপে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে [illegible] মধ্যে অল্প মূল্যে করিয়া দিব।

শ্রীব্রজনাথ গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তপ্রণীত শর্ম্মিষ্ঠা নাটক .... ৸৹
ঐ (English Translation.....) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।৶
একেই কি বলে সভ্যতা ? (ঐ)..... ৷৷০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

সংবাদপ্রভাকর

৮ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

আমারদিগের বন্ধুবর শ্রীযুক্ত বাবু প্রসন্নচন্দ্র ঘোষ মহাশয় আপনার নিউপ্রেশ নামক উত্তম লৌহযন্ত্র হইতে অদ্বিতীয় কবিবর ৺ভারতচন্দ্র রায় গুণাকরের বিরচিত সমুদায় কবিতা একত্র করিয়া মুদ্রাঙ্কনারম্ভ করিয়াছেন, ঐ পুস্তক সর্ব্ব বিধায়েই উৎকৃষ্ট হইবেক, এবং ছাপাও উত্তম হইয়াছে। প্রসন্নবাবু

তাহা সকলের আদরণীয় করণার্থ পরিশ্রম করণে ত্রুটি করেন নাই। তিনি সকলের স্বাক্ষর নিমিত্ত যে স্বাক্ষরিকা প্রকাশ করিয়াছেন, আমরা সাতিশয় আদর পূর্ব্বক তাহা নিম্নভাগে গ্রহণ করিলাম।—

"স্বাক্ষরিকা।

এতদ্দেশ প্রচলিত গৌড়ীয় সাধুভাষায় পদ্য রচনা বিষয়ে ভারতচন্দ্র রায় গুণাকর সর্ব্বোৎকৃষ্টরূপে সমাদৃত ও পরিগৃহীত হইয়া অদ্যাবধি কাব্যপ্রিয় পাঠার্থী মণ্ডলে বিভাকর সদৃশ বিরাজ করিতেছেন। তাঁহার খরতর কর নিকর প্রভাবে যে কত শত কবিগণের কোমল হৃদয় কোরক বিকসিত হইয়া তাঁহার কবিত্ব রসাস্বাদনে পরিতৃপ্ত হইয়াছেন, তাহা অনির্ব্বনীয়।

গুণাকরের রচনার যথোপযুক্ত প্রশংসা করা মাদৃশ ব্যক্তির পক্ষে কদাচ সম্ভবপর নহে। প্রকৃত গুণসম্পন্ন সারগ্রাহী মহাজন ভিন্ন সেই মহাজনের রচনা সার সংগ্রহ করা কাহারো সাধ্য নহে। তদীয় অমূল্য রত্ন তুল্য কবিতা কলাপ সাধারণ সমীপে যত প্রচুর রূপে প্রচলিত হইবে, ততই উপকারের সম্ভাবনা, কিন্তু দুর্ভাগ্যবশতঃ মুদ্রাকরদের অনবধানতা প্রযুক্ত মুদ্রাঙ্কিত পুস্তকের অধিকাংশই ভূরি ভূরি প্রমাদপুঞ্জে পরিপূরিত তবে দুই এক খানি যাহা ভদ্র ব্যক্তিদিগের পাঠোপযোগী দৃষ্ট হয়, তাহার সংখ্যা এত অল্প যে তদ্দ্বারা প্রকৃত প্রস্তাবে অভীপ্সিত ফলোৎপাদন সম্পাদনে ব্যাঘাত জন্মিতেছে। কি আশ্চর্য্য! কি আক্ষেপের বিষয়, যে ভারতের ভারতীর ন্যায় হইয়াও ভারতের ভারতী জন সমাজে অনাদরভাগিনী হইতেছে। এতদ্দৃষ্টে নিতান্ত ক্ষুব্ধমনাঃ হইয়া আমরা ভারতচন্দ্র রায় গুণাকরের যাবতীয় রচনা সঙ্কলন করিয়া এক খণ্ড পুস্তকে প্রকটন করিতে প্রবৃত্ত হইয়াছি। মুদ্রিত হইতেছে, অত্যল্প অবশিষ্ট আছে, অনতিকাল বিলম্বেই যন্ত্রাবতরণ করিয়া পাঠকমণ্ডলীর সন্তোষ সাধন করা যাইবে। নিম্নলিখিত পর্য্যায়ানুক্রমে, বর্ত্তমান গ্রন্থ মুদ্রিত হইবে।

পুস্তকের প্রারম্ভে সংগ্রহকারের লিখিত মুখ[illegible]।

ভারতচন্দ্র রায় গুণাকরের সংক্ষেপ জীবনী।

কবিকৃত নানা বিষয়িণী ক্ষুদ্র২ পদ্যাবলী।

অন্নদামঙ্গল, মানসিংহ ও তদন্তর্গত বিদ্যাসুন্দর।

কবি কর্ত্তৃক সংস্কৃত হইতে অনুবাদিত রসমঞ্জরী।

চোর পঞ্চাশৎ [illegible] তাহার ভাষার্থ।

গ্রন্থ মধ্যে যে [illegible] কঠিন শব্দ ও দুরূহ ভাব [illegible] হইয়া থাকে তাহার অধিকাংশের অর্থ ও টিপ্পনী।

স্মাল পাইকা অক্ষরে ষোল পাতা করমায় প্রায় ৭০০ সাত শত পৃষ্ঠে পুস্তক প্রস্তুত হইবে এবং তাহার সুশোভনার্থ অন্যূন ষোড়শ খণ্ড ক্ষোদিত প্রতিমূর্ত্তি যথা যোগ্য স্থানে নিবেশিত হইবে। মূল্য স্বাক্ষরকারীর প্রতি ১৷৷০ দেড় তঙ্কা ও বিনা স্বাক্ষরকারীর প্রতি২ দুই তঙ্কা মাত্র।

সাধারণ বন্ধু।
সংগ্রহকার।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটের ২৮ নম্বর ভবনস্থিত কলিকাতা নিউপ্রেষ যন্ত্রালয়
সন ১২৬৬ সাল
৫ মাঘ"

হরকরার একজন পত্র প্রেরক লিখিয়াছেন, যে তালতলা নিবাসি শ্রীযুক্ত বাবু রামধন ঘোষ মহাশয় তীর্থ পর্য্যটনার্থ সপরিবারে বোটারোহণে উত্তর পশ্চিমাঞ্চলে গমন করিতেছিলেন তাঁহার বোট মুঙ্গেরের নিকটে উপস্থিত হইলে প্রায় এক শত অস্ত্রধারি ডাকাইত আক্রমণ করিয়া তাঁহার নিকট যে কিছু ছিল তত্তাবৎ অপহরণ পূর্ব্বক প্রস্থান করিয়াছে। সমভিব্যাহারি ভৃত্যদিগকে যৎপরোনাস্তি শাস্তি প্রদান করিয়া গিয়াছে, যে যজ্ঞ মহাশয়ের খুড়ি ঠাকুরাণীকে এমত প্রহার করিয়াছিল যে পর দিবস প্রাতেই তাঁহার মৃত্যু হইয়াছে. এই ভয়ানক ডাকাইতি সংবাদ পাঠে আমারদিগের হৃৎকম্প হইল। প্রদেশ মধ্যে বিশেষতঃ জলপথে প্রজাদিগের ধন প্রাণ রক্ষার নিমিত্ত আমারদিগের রাজপুরুষেরা যে সমস্ত নিয়মাদি নির্দ্ধারণ করিয়াছেন, এ তৎপাঠেই পাঠক মহাশয়েরা তদ্বিশেষ বিশিষ্টরূপে অবগত হইতে পারিবেন।

পরন্তু এই সংবাদ দ্বারা আমা

দিগের আরো উপলব্ধি হইতেছে যে সাহাবাদ ও গয়া অঞ্চলে যে সকল সিপাহিরা বিদ্রোহি দলে লিপ্ত হইয়াছিল, গবর্ণমেণ্টের পরম পরাক্রম সন্দর্শন করিয়া তাহারা সেই বিদ্রোহাচরণে নিবৃত্ত হইয়া অধুনা ডাকাইতি করণে প্রবৃত্ত হইয়াছে। অতএব পশ্চিম প্রদেশ গমনের পথ দুর্গম হইয়াছে তাহার সন্দেহ নাই। অধুনা মুঙ্গেরের মাজিষ্ট্রেট সাহেবের পক্ষে কর্ত্তব্য যে ঐ দুরাত্মাদিগকে ধৃত করিয়া তাহারদিগের কুকার্য্যের বিশেষ প্রতিফল প্রদান করেন।

আমরা সংবাদ পত্র পাঠে অবগত হইলাম যে আমারদিগের বিজ্ঞবর গবর্ণর জেনেরল শ্রীযুক্ত লার্ড কেনিং বাহাদুর এরূপ অভিপ্রায় করিয়াছেন, যে এই কলিকাতা রাজধানী মধ্যে দুইটী বৃহৎ অট্টালিকা নির্ম্মাণ করিবেন, তাহার এক বাটীতে গবর্ণমেণ্ট সংক্রান্ত সমুদায় সিবিল কার্য্যালয় এবং অপর বাটীতে সমস্ত মিলেটরি সম্বন্ধীয় কার্য্যালয় থাকিবেক। এইরূপ পৃথক [illegible] নির্ম্মিত হইলে কেবল [illegible] নির্ব্বাহ করণের সুন্দরোপায় হইবেক এমত নহে, গবর্ণমেণ্টের ব্যয়ও অনেক সংক্ষেপ হইতে পারিবেক, কর্ম্মচারিদিগের সংখ্যা ন্যূন না হউক সরকার দপ্তরি প্রভৃতির সংখ্যা অনেক ন্যূন হইবেক বিশেষতঃ গবর্ণমেণ্ট ভিন্ন২ বাটীতে কার্য্যালয় স্থাপন করাতে বাটীভাড়া ও অন্যান্য বিষয়ে যে অতিরিক্ত ব্যয় হইতেছে তাহার অনেক সংক্ষেপ হইতে পারিবেক। কর্ম্মচারিদিগেরও পরস্পর সাহায্য জন্য সামান্য উপকার দর্শিবেক না, অতএব গবর্ণর জেনেরল বাহাদুরের ইহা সৎবিবেচনা হইয়াছে তাহার সন্দেহ নাই। বিজ্ঞবর রাজনীতিজ্ঞ ব্যক্তিগণ এইরূপ সদ্বিবেচনার দ্বারাই ব্যয় সংক্ষেপ করিয়া থাকেন, তাঁহার হঠাৎ কোন নূতন প্রকার কর গ্রহণের নিয়ম করিয়া প্রজাদিদিগকে ক্লেশ প্রদান করেন না।

১ মার্চ্চ তারিখে সুপ্রিমকোর্টের বিচারপতি মহাশয়েরা আসনোপবিষ্ট হইলে কৌন্সেলি, মেং ক্লার্ক [illegible] প্রার্থনা করেন যে [illegible] বাবু শিবকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় ও অপরাপর ব্যক্তিদিগের প্র[illegible] অভিযোগ উপস্থিত হইয়া[illegible] বিচার ফুলবেঞ্চ অর্থাৎ [illegible]পতি সাহেবের সমক্ষে [illegible] হয়। পরিশেষে বিচা[illegible] দ্বারা ধার্য্য হইয়াছে [illegible]য়ান খোলা হইলে [illegible] দিবসে ঐ অভিযো[illegible] হইবেক। প্রধান [illegible] বরনিস পিকাক এব[illegible]চারপতি সর্ জেম[illegible] আসনোপবিষ্ট [illegible] বিচার করিবেন, [illegible]তি সর্ মরডেণ্ট [illegible] অন্য ঘরে সেসিয়া[illegible]বিষ্ট হইবেন, এব[illegible] ঘটিত অন্যান্য [illegible] বিচার করিবেন।

নীলকরা[illegible] প্রত্যাচার জন্য নদ[illegible]মস্ত গোলযোগ উপস্থিত হইয়াছে. আমারদিগের রাজ কার্য্যের অধ্যক্ষ মহাশয়েরা তাহার বিশেষ তদন্ত গ্রহণার্থ নদীয়া বিভাগের বিজ্ঞবর কমিসনর মেং গ্রোট সাহেবের প্রতি ভারার্পণ করাতে তিনি তথায় গমন করিয়াছেন। মেং গ্রোট সাহেব অতি উপযুক্ত তিনি এদেশের অনেক সম্ভ্রান্ত কার্য্য নির্ব্বাহ পূর্ব্বক যখন কমিসনরের উচ্চপদ প্রাপ্ত হইয়াছেন, তখন তিনি যে কার্য্যের ভার গ্রহণ করিয়াছেন, উত্তমরূপে তাহা নির্ব্বাহ করিয়া রাজদ্বারে ও প্রজা সমাজে অবশ্য যশোলাভ করিবেন তাহার সন্দেহ নাই। অতএব প্রদেশবাসি নীলকর সাহেবেরা প্রজাদিগের প্রতি অত্যাচার করেন কি না, এইক্ষণে তাহা বিশেষরূপে প্রকাশ হইবেক, মান্যবর মেং গ্রোট সাহেব নিরপেক্ষ রূপেই স্বাভিপ্রায় লিখিয়া গবর্ণমেণ্টের বিদিতার্থ প্রেরণ করিবেন, তাহার সন্দেহ নাই।

আমরা ঢাকা নিউস নামক সংবাদ পত্র পাঠে অবগত হইলাম, যে ঐ নগরে সম্প্রতি এক ভয়ানক অগ্নিকাণ্ড হইয়াছিল, তাহাতে বিস্তর গৃহাদি ও মহাজনগণের অনেক মূল্যবান দ্রব্যাদি ভস্মীভূত হইয়াছে, এরূপ অনলকাণ্ড বহুকাল পূর্ব্বাঞ্চলে হয় নাই। প্রায় চারি ক্রোশ ব্যাপিয়া সমস্ত গৃহ অনলগ্রাসে নষ্ট হইয়াছে, এবং ২০ টা পাকা গৃহ ও বিংশতি ব্যক্তির প্রাণ নষ্ট হওয়াতে এই অনলকাণ্ড অত্যন্ত ভয়ানক হইয়াছে। যে দিবস এই অনলকাণ্ড হয় তাহার পরদিবস নগরবাসিরা এক

228 320

৫৪৮

সভা করিয়া চাঁদার দ্বারা ৭০০ টাকা সংগ্রহ করিয়াছেন, যে সকল ব্যক্তি অতি দুঃখি ও উপায়ক্ষম তাহারা ঐ চাঁদার টাকা হইতে সাহায্যপ্রাপ্ত হইবেক আমরা ভরসা করি আমারদিগের ঢাকাবাসি পত্র প্রেরকগণ এই অনলকাণ্ডের বিস্তারিত লিখিয়া বাধিত করিবেন।

আমরা গত গুরুবাসরীয় কে ও আব ইণ্ডিয়া পত্রে পাঠ করিলাম এবং কলিকাতা গেজেট পত্রে দেখিলাম গবর্ণমেণ্ট সাধারণের বিদিতার্থ এরূপ ঘোষণা পত্র প্রকাশ করিয়াছেন, যে বিলাত হইতে যে সমস্ত সংবাদ পত্র ও পুস্তক এবং অন্য প্রকার ছাপার কাগজ এদেশে আসিয়া থাকে, অথবা এদেশ হইতে অন্যত্র প্রেরিত হইয়া থাকে, তাহার প্রত্যেক ছয়ভরি ওজনের পুলিন্দার প্রতি এক আনা মাশুল নিরূপিত হইবেক, এবং ৬ ভরি অবধি ১২ ভরি পর্য্যন্ত ওজনের পুলিন্দার মাশুল গবর্ণমেণ্ট ৵০ আনা গ্রহণ করিবেন, আর মাশুলের উপযুক্ত টিকিট আঁটিয়া না দিলে ডাকঘরের কর্ত্তৃপক্ষগণ কোন পুলিন্দা গ্রহণ করিবেন না, সংবাদ ও পত্র পুস্তকাদি যাহার দ্বারা প্রজাদিগের জ্ঞানানুশীলন হইয়া থাকে, তাহার প্রতি এরূপ কঠিন নিয়ম নির্দ্ধারণ করা কোন বিধায়ে সুবিবেচনার কার্য্য হয় নাই।

ইংলিশম্যান সম্পাদক মহাশয় লিখিয়াছেন, যে মেং ক্লার্ক সাহেব কোন এক সম্ভ্রান্ত জমিদারের পক্ষে কৌন্সেলি রূপে নিযুক্ত হইয়াছেন, ঐ জমিদার সেরাজগঞ্জের বিখ্যাত নীলকর মেং কেরি সাহেবের বিরুদ্ধে মহারাণীর সুপ্রিমকোর্টে অভিযোগ করিবার অভিপ্রায় করিয়াছেন, আমারদিগের বিজ্ঞ সহযোগী মহাশয় লিখিয়াছেন যে মফঃসলে যে সমস্ত ভয়ানক কাণ্ড হইয়া থাকে, এই মোকদ্দমা উপস্থিত হইলে তাহার অনেক বিষয় প্রকাশ হইবার সম্ভাবনা। অতএব নীলকর কি জমিদার অথবা রাইয়ত যেন পক্ষ অধিক অত্যাচার করা এই মোকদ্দমা সময়েই তাহার বিশেষ রূপে প্রকাশ হইবার সম্ভাবনা।

আমরা সংবাদ পত্র পাঠে অবগত হইলাম, যে আমারদিগের বিজ্ঞবর গবর্ণর জেনেরল শ্রীযুক্ত লার্ড কেনিং বাহাদুর পেশোবার হইতে একেবারে কলিকাতা রাজধানীতে আগমন করিবেন, তাঁহার আসিবারও আর বড় বিলম্ব নাই। অতএব পূর্ব্বে প্রকাশ হইয়াছিল, যে গ্রীষ্ম কাল তিনি সিমুলা শীতল শিখরে যাপন করিবেন, তাহা সত্য হইল না।

ইংলিশম্যান সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে ভারতবর্ষীয় কৌন্সেলের মেম্বর, মান্যবর সর জেমস আউটরাম সাহেব আর অধিক দিবস কৌন্সেলের আসনে উপবিষ্ট থাকিবেন না। তিনি পীড়িত হইয়াছেন, এজন্য একেবারে কার্য্য পরিত্যাগ পূর্ব্বক বিলাত গমন করিবেন।

লাহোর ক্রোনিকেল সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুর পেশোবার হইতে প্রত্যাগমন সময়ে সিমরকোটী নামক স্থানে এক দিবস অবস্থান করিবেন, তথায় এক প্রকাশ্য দরবার হইবেক, সেই দরবারে জম্মুনগরীয় মহারাজ রণবীর সিংহ শ্রীশ্রীযুতের সহিত সাক্ষাৎ করিবেন।

বঙ্গদেশের বিজ্ঞবর লেপ্টেনেণ্ট গবর্ণর নেপিয়ার সাহেব হালিয়া রাগ পাটনা প্রভৃতি প্রদেশ পরিভ্রমণ পূর্ব্বক কলিকাতা রাজধানীতে উত্তীর্ণ হইয়াছেন, তাঁহার এই দেশ ভ্রমণ জন্য রাজকোষ হইতে বিস্তর টাকা ব্যয় হইয়াছে কিন্তু তাহার ফল কি দর্শিয়াছে তাহা আমরা কিছুই বিশেষ করিতে পারি নাই।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur* Press

সংবাদ প্রভাকর

প্রাতঃদিবাকর

এই প্রভাকর পত্র বিনামূল্যে গ্রাহকদিগের বাটীতে প্রতি দিবস প্রেরিত হইয়া থাকে। যিনি গ্রাহক হইবার অভিলাষ করেন তিনি সত্বর কলিকাতা জোড়াসাঁকোস্থ ৫৫ নং ভবনে সম্পাদক শ্রীযুক্ত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রেরিত হন।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভাসং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ।
অন্যোন্যাদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বাস্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৭২ সংখ্যা] বুধবার ৯ চৈত্র ১২৬৬ সাল। ইং ২১ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কামাত্র।

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ" যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়ছে। গ্রন্থেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম, ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল পোষ্টঅফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১৷৷০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

৫৪৭

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মুল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাঁহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ..... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ১
নলিনীকান্ত শৃঙ্গার ও করুণা রাশ্রিত নবীন উপাখ্যান

সভা করিয়া চাঁদার দ্বারা ৭০০ টাকা সংগ্রহ করিয়াছেন, যে সকল ব্যক্তি অতি দুঃখি ও উপায়াক্ষম তাহারা ঐ চাঁদার টাকা হইতে সাহায্যপ্রাপ্ত হইবেক আমরা ভরসা করি আমারদিগের ঢাকাবাসি পত্র প্রেরকগণ এই অনলকাণ্ডের বিস্তারিত লিখিয়া বাধিত করিবেন।

আমরা গত গুরুবাসরীয় ফেণ্ড আব ইণ্ডিয়া পত্রে পাঠ করিলাম এবং কলিকাতা গেজেট পত্রে দেখিলাম গবর্ণমেণ্ট সাধারণের বিদিতার্থ এরূপ ঘোষণা পত্র প্রকাশ করিয়াছেন, যে বিলাত হইতে যে সমস্ত সংবাদ পত্র ও পুস্তক এবং অন্য প্রকার ছাপার কাগজ এদেশে আসিয়া থাকে, অথবা এদেশ হইতে অন্যত্র প্রেরিত হইয়া থাকে, তাহার প্রত্যেক ছয়ভরি ওজনের পুলিন্দার প্রতি এক আনা মাশুল নিরূপিত হইবেক, এবং ৬ ভরি অবধি ১২ ভরি পর্য্যন্ত ওজনের পুলিন্দার মাশুল গবর্ণমেণ্ট ৵০ আনা গ্রহণ করিবেন, আর মাশুলের উপযুক্ত টিকিট আঁটিয়া না দিলে ডাকঘরের কর্ত্তৃপক্ষগণ কোন পুলিন্দা গ্রহণ করিবেন না, সংবাদ ও পত্র পুস্তকাদি যাহার দ্বারা প্রজাদিগের জ্ঞানানুশীলন হইয়া থাকে, তাহার প্রতি এরূপ কঠিন নিয়ম নির্দ্ধারণ করা কোন বিধায়ে সুবিবেচনার কার্য্য হয় নাই।

ইংলিশম্যান সম্পাদক মহাশয় লিখিয়াছেন, যে মেং ক্লার্ক সাহেব কোন এক সম্ভ্রান্ত জমিদারের পক্ষে কৌন্সেলি রূপে নিযুক্ত হইয়াছেন, ঐ জমিদার সেরাজগঞ্জের বিখ্যাত নীলকর মেং কেরি সাহেবের বিরুদ্ধে মহারাণীর সুপ্রিমকোর্টে অভিযোগ করিবার অভিপ্রায় করিয়াছেন, আমারদিগের বিজ্ঞ সহযোগী মহাশয় লিখিয়াছেন যে মফঃসলে যে সমস্ত ভয়ানক কাণ্ড হইয়া থাকে, এই মোকদ্দমা উপস্থিত হইলে তাহার অনেক বিষয় প্রকাশ হইবার সম্ভাবনা। অতএব নীলকর কি জমিদার অথবা রাইয়ত কোন পক্ষ অধিক অত্যাচার করা এই মোকদ্দমা সময়েই তাহা বিশেষ রূপে প্রকাশ হইবার সম্ভাবনা।

আমরা সংবাদ পত্র পাঠে অবগত হইলাম, যে আমারদিগের বিজ্ঞবর গবর্ণর জেনেরল শ্রীযুক্ত লার্ড কেনিং বাহাদুর পেশোবার হইতে একেবারে কলিকাতা রাজধানীতে আগমন করিবেন, তাঁহার আসিবারও আর বড় বিলম্ব নাই। অতএব পূর্ব্বে প্রকাশ হইয়াছিল, যে গ্রীষ্ম কাল তিনি সিমুলা শীতল শিখরে যাপন করিবেন, তাহা সত্য হইল না।

ইংলিসম্যান সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে ভারতবর্ষীয় কৌন্সেলের মেম্বর, মান্যবর সর্ জেম্স আউটরাম সাহেব আর অধিক দিন কৌন্সেলের আসনে উপবিষ্ট থাকিবেন না। তিনি পীড়িত হইয়াছেন, এজন্য একেবারে কার্য্য পত্র ত্যাগ পূর্ব্বক বিলাত গমন করিবেন।

লাহোর ক্রোনিকেল সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুর গোবার হইতে প্রত্যাগমন সময়ে সিমরকোটী নামক স্থানে এক নিবর অবস্থান করিবেন, তথায় এক প্রকাশ্য দরবার হইবেক, সেই দরবারে জম্মুনগরীয় মহারাজ রণবীর সিংহ শ্রীশ্রীযুতের সহিত সাক্ষাৎ করিবেন।

বঙ্গদেশের বিজ্ঞবর লেপ্টেনেণ্ট গবর্ণর মেং গ্রাণ্ট সাহেব হাজারিবাগ পাটনা প্রভৃতি প্রদেশ ভ্রমণ পূর্ব্বক কলিকাতা রাজধানীতে উত্তীর্ণ হইয়াছেন, তাঁহার এই দেশ ভ্রমণ জন্য রাজকোষ হইতে বিস্তর টাকা ব্যয় হইয়াছে, কিন্তু তাহার ফল কি দর্শিয়াছে তাহা আমরা কিছুই বিবেচনা করিতে পারি নাই।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Prothakur* Press

সংবাদপ্রভাকর

দৈনিক

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*

॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তর্গতি ৩৫ নম্বর ভবনে সম্পাদক শ্রীযুত ঈশ্বরচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রাম্যৎ ভ্রাম মত্তভ্রমীমদমুতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥ অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দ্বিরদে পিবন্ত চতুরস্তাস্তদ্বিরেফারসং॥

শুদ্ধ এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৭২ সংখ্যা] বুধবার ৯ চৈত্র ১২৬৬ সাল। ইং ২১ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কামাত্র।

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীট ২৮ নং ভবনস্থিত "কলিকা তাণ্টিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়ছে। গ্রন্থেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম, ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল টেজুরির মিলিটরি একৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ৷৷০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রীপ্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগরী পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইস্থানে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৵০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাঁহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ৷৷০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ১
নলিনীকান্ত শৃঙ্গার ও করুণা রাশ্রিত নবীন উপাখ্যান

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাস্থলে পাইতে পারিবেন।

সংবাদ প্রভাকর

৯ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

বাণিজ্য কার্য্যের প্রাচুর্য্য সহকারেই সকল দেশের সৌভাগ্য বৃদ্ধি হইয়া থাকে, যে দেশে বণিক সংখ্যা অধিক এবং যে দেশে ভিন্ন২ দেশীয় বণিকেরা স্ব স্ব দেশ জাত দ্রব্যাদি নিয়ম পূর্ব্বক বাণিজ্য ব্যবসায় নিযুক্ত হয়েন সেই দেশেই ধনাঢ্য লোকের সংখ্যা অধিক হয়, কমলা অচলা রূপে বিরাজ করেন, কিন্তু কি পরিতাপ! এই বঙ্গদেশীয় ব্যক্তিগণ এতাদৃশ শুভকর বাণিজ্য ব্যাপারে এক প্রকার বিরত হইয়া দিন দিন দীনতাকে প্রাপ্ত হইতেছেন, পরমেশ্বরের অনুগ্রহে এদেশের ক্ষেত্রোদ্যানে মনুষ্যের প্রয়োজনীয় সমুদয় বস্তু উৎপাদিত হওয়াতেও তাঁহারা সুখানুভব করিতে পারেন না, ইংরাজ প্রভৃতি শ্রমতৎপর জাতি সকল দেশের দ্রব্যাদি ক্রয় এবং স্বদেশ জাত দ্রব্য সকল এখানে বিক্রয় করিয়া বিপুলার্থ লাভ করিতেছেন, এবং তাঁহারদিগের নিকটে ভিন্ন২ কার্য্যে নিযুক্ত হইয়া অসংখ্য লোকে সৌভাগ্য সঞ্চয় করিতেছে, কিন্তু এই বঙ্গদেশবাসিরা দাসত্ব স্বীকারে অনুরক্ত হওয়াতে তাঁহারদিগের অবস্থার কিছুমাত্র উন্নতি হয় না, তাঁহারা ইংরাজ বণিকদিগের সৌভাগ্য চক্ষে দর্শন করিতেছেন, কেহ২ তাহাতে সহায়তা করিয়া যৎকিঞ্চিৎ লভ্য পাইয়াই পরিতৃপ্ত হইতেছেন, ফলতঃ কাহার এমত সাহস নাই যে স্বাধীন রূপে বাণিজ্য ব্যাপারে প্রবৃত্ত হইতে পারেন; তাঁহারা বরং ঘরের টাকা সাহেব বিশেষকে প্রদান করিয়া দাসত্ব স্বীকারে সন্তুষ্ট হইবেন তথাচ স্বাধীনরূপে বাণিজ্য করিতে পারবেন না।

দেশীয় ব্যক্তিদিগের এই স্বভাব দ্বারা অল্প অনিষ্ট হইতেছে না, বিদেশীয় বণিকদিগের বাণিজ্য প্রভাবে এদেশের বাজারে আহারীয় দ্রব্য সকল অগ্নিমূল্য হইয়া উঠিয়াছে, দুর্ভিক্ষ সমাগমের আর বড় বিলম্ব দেখা যায় না, তাহাতে আবার স্থানেং সমরানল প্রজ্বলিত হইতেছে, অতএব দেশের আরো কিরূপ দুরবস্থা হইবেক তাহার কিছুই স্থিরতা নাই, এই সকল বিপদ সম্ভোগ করিয়াও এখানকার লোকদিগের চৈতন্য হইল না, তাঁহারা অগ্নিমূল্যে মোটা অন্ন ও সামান্য শাকাদি আহার করিয়া অতি কষ্টে জীবন রক্ষা করিবেন তথাচ দাসত্ব ব্যতীত কোন প্রকার উপার্জ্জন ব্যাপারে প্রবৃত্ত হইবেন না, এদেশের লোকেরা যদ্যপি ইংরাজ প্রভৃতি জাতির ন্যায় বাণিজ্য তৎপর হইতেন তবে বর্ত্তমান সময়ে এই সকল ক্লেশ কেন সহ্য করিবেন, ইংলণ্ড, আমেরিকা, ফ্রান্স প্রভৃতি পৃথিবীর ভিন্ন ভিন্ন স্থানের বাণিজ্য পোত সকল যেমন অবলোকন করা যাইতেছে, সেইরূপ যদ্যপি এখানকার লোকদিগের নির্ম্মিত অর্ণবযান এদেশজাত দ্রব্যাদির দ্বারা পূরিত হইয়া লণ্ডন, মেঞ্চেষ্টর বোষ্টন, ফিলাডেলফিয়া, পেরিশ, এমষ্টর্ডম প্রভৃতি রাজধানীর সমুদ্রস্থ নদ নদীতে গমন করিত তবে এই সকল ক্লেশ সহ্য করা দূরে থাকুক এ দেশের লোকদিগের সুখ সৌভাগ্যের সীমা থাকিত না। হায় কি পরিতাপ কি দুঃখ। বহুকালাবধি পরজাতির অধীনতা শৃঙ্খলে বদ্ধ হইয়া এখানকার লোকেরা কি এক অনির্ব্বচনীয় হীনস্বভাব প্রাপ্ত হইয়াছেন, যে তাঁহারা কেরাণীগিরি মোটগিরি প্রভৃতি চাকুরি করিয়া দুঃখের গিরি মস্তকে বহন করিবেন, তথাচ সহসা সিকরূপে কোন বাণিজ্য ব্যাপারে প্রবৃত্ত হইবেন না, মনে মনে এক প্রকার নিশ্চয় সিদ্ধান্ত করিয়া রাখিয়াছেন যে পরমেশ্বরের প্রসাদে অন্যান্য সকল জাতি অপেক্ষা শ্রেষ্ঠ হইয়াছেন, মুচ্ছুদ্দিকে স্পর্শ করিলে জাতিভ্রষ্ট হইবেন, জাহাজারোহন করিলে জাতি যাইবে, অর্ণব অতিক্রম পূর্ব্বক কোন দেশে পদার্পণ করিলে পরমেশ্বরের কোপে পড়িয়া নরকগামী হইবেন, এই সমস্ত কুসংস্কারই এদেশের সমস্ত অমঙ্গল ভাগ্যের মূল হইয়াছে, আহা কবে বঙ্গদেশীয় লোকেরা এই অজ্ঞান জনিত ভ্রমান্ধকার হইতে মুক্তি লাভ পাইয়া সৌভাগ্য সূর্য্যের মুখ

২৩০ ২২২

অবলোকন করিবেন তাহার কিছুই স্থিরতা নাই।

যে সময়ে মৃত মহাত্মা রাজা রামমোহন রায় এবং অসীম কীর্ত্তি কুশল প্রাতঃস্মরণীয় বাবু দ্বারকানাথ ঠাকুর স্বজাতীয় হীন সংস্কার পরিহার পূর্ব্বক জাহাজারোহণে বিলাত গমন করেন, আমরা সেই সময়ে বিবেচনা করিয়াছিলাম যে, কালে অনেকে তাঁহাদিগের মহদ্দৃষ্টান্তের অনুগামী হইবেন, এবং স্বাধীনরূপে বাণিজ্য করণে তাঁহারদিগের প্রবৃত্তি জন্মাইবেক, কিন্তু এই বঙ্গদেশের নিতান্ত দুরদৃষ্ট বশতঃ আমারদিগের সেই প্রত্যাশা কিছুই সিদ্ধ হইল না, মহাত্মা রাজা রামলোহন রায় অথবা বাবু দ্বারকানাথ ঠাকুরের ন্যায় নির্ম্মল বুদ্ধি উদ্যোগি পুরুষ কোথায় যে পুনর্ব্বার স্বদেশীয় ব্যক্তিদিগকে বিদেশ গমনের পথ প্রদর্শন করিবেন।

পাঠকগণ, এই অতি প্রয়োজনীয় বিষয়ে আমরা যত লেখনী সঞ্চালন করিতেছি ততই অন্তঃকরণস্থ বিলাপ বাক্য প্রবাহ বৃদ্ধি হইতেছে, আমারদিগের এই লেখা ভস্মে ঘৃতাহুতি ও দুর্ব্বা যজ্ঞে মুক্তাবলী নিক্ষেপের ন্যায় বিফল হইতেছে, কিন্তু উত্তম ও অতি কর্ত্তব্য বিষয়ে স্বদেশীয় ব্যক্তিদিগের চিত্তাকর্ষণ করা আমাদিগের অতি কর্ত্তব্য কার্য্যের মধ্যে গণনীয় হইয়াছে অতএব দেশীয় মহাশয়েরা গ্রহণ করুন বা না করুন আমরা সমবেত এতদ্বিষয়ক অভিপ্রায় প্রকাশ করণে ক্ষান্ত হইব না।

প্রজাদিগের অবস্থার প্রতি দৃষ্টি রাখিয়া রাজার পক্ষে ব্যবস্থাদি নির্দ্ধারণ করা কর্ত্তব্য হয়, কারণ প্রজার সুখ সৌভাগ্য সম্বর্দ্ধন করাই সকল রাজকীয় ব্যবস্থার উদ্দেশ্য হইয়াছে, প্রজার মঙ্গলেই রাজ্যের মঙ্গল এবং রাজার পরম সুখ বোধ হয়, যে দেশের প্রজারা অধিক সুখী এবং সৌভাগ্যশালী, সেই দেশের রাজকীয় ব্যবস্থা সকল উত্তম ইহা সপ্রমাণ করিবার কোন প্রয়োজন নাই, ইংলণ্ড ও আমেরিকা প্রভৃতি রাজ্যে ইহার বিশেষ প্রমান জাজ্বল্যমান রহিয়াছে। যেদেশের রাজা প্রজাশোসক হয়েন, এবং প্রজার সুখ স্বচ্ছন্দতার প্রতি দৃষ্টি রাখেন না, সেই দেশে [illegible] দুঃখ দরিদ্রতা এবং দুর্ভিক্ষ [illegible] হইয়া প্রজাকুল নিপীড়িত [illegible] প্রজার ধন প্রাণ রক্ষার প্রতি [illegible] সেই রাজা সিংহাসনারূঢ় [illegible] দণ্ড ধারণ করিয়াছেন, [illegible] যদ্যপি প্রজার [illegible] দৃষ্টি বিস্তার করেন [illegible] রক্ষা করিতে [illegible] জাতি [illegible] শাসনের শেষাবস্থায় নব [illegible] ধনের প্রতি লোভ দৃষ্টি [illegible] করিয়া বিবিধ অত্যাচার [illegible] করিলেন, এই কারণ তাঁহার [illegible] গিয়াছে।

আকবর বাদসাহ সময়ে সময়ে প্রজাদিগের অবস্থার অনুসন্ধান করিতেন, এবং সেই অনুসন্ধান নিমিত্ত স্বয়ং ছদ্মবেশে অনেক স্থান ভ্রমণ করিয়াছেন, কোন প্রজাকে দুঃখে পতিত দেখিলে তাহা মোচন করিয়াছেন, আকবর বাদসাহ প্রজাবৎসল ছিলেন, একারণ তাঁহার শাসন সময়ে প্রজারাও সুখভোগ করিয়াছেন। পথ নির্ম্মাণ, খাল খনন, পুল বন্ধন ইত্যাদি সাধারণ হিতকর বিষয়ে তিনি অকাতরে অর্থ ব্যয় করিয়াগিয়াছেন, বহুকাল হইল তিনি পরলোক গত হইয়াছেন, কিন্তু তাঁহার সেই সমস্ত সৎকীর্ত্তির কিয়দ্দংশ ওপর্য্যন্ত স্থানে স্থানে জাগরূক রহিয়াছে, এবং যাঁহারা তাঁহাকে দেখেন নাই, এবং তাঁহার দ্বারা কোন প্রকারে উপকৃতও হয়েন নাই, তাঁহারও ইতিহাস পুস্তকে তাঁহার রাজ্যশাসন সম্বন্ধীয় বিবরণাদি পাঠ করিয়া মুক্তকণ্ঠে তাঁহাকে সাধুবাদ করিতেছেন।

যে নৃপতি প্রজার সুখ দর্শনে সুখ বোধ করেন, প্রজার সৌভাগ্যে সন্তুষ্ট হন, এবং তাহা বৃদ্ধি হইবার উপায় পথ মোচন করিয়াদেন, প্রজার দুঃখ দেখিলে কাতর হয়েন, এবং সেই দুঃখ মোচনার্থ চিন্তা করেন, তিনিই রাজধর্ম্ম প্রতিপালন করিয়া থাকেন, তাঁহার সুখ্যাতি গৌরবে দিগ দশ আমোদিত হয়, আমরা সৌভাগ্য বলে সুসভ্য ব্রিটিস জাতির শাসনাধীন হইয়াছি, ইহাঁরদিগের শাসন প্রণালী সর্ব্ব বিষয়েই উৎকৃষ্ট, প্রজার উপকার জন্য নানা প্রকার সদুপায় করিয়াছেন, বিদ্যাদানার্থ রাজকোষ হইতে অকাতরে অর্থ ব্যয় করিতেছেন, বিচার বিতরণের যে প্রকার সদুপায় করিয়াছেন, যবনাধিকার সময়ে এরূপ ছিল না, রাজ্যের সকল স্থানে উত্তম বর্ত্ম সকল নির্ম্মিত হইয়াছে, স্থানেং নূতন

নূতন নগর সকলও দৃষ্টি করা যাইতেছে. বাণিজ্য কার্য্যের প্রাচুর্য্য বিধান নিমিত্ত বৃটিশ রাজপুরুষেরা স্থানে স্থানে খাল খনন করাতে রাজ্যের কি অল্প উপকার হইয়াছে? রেইলওয়ে ও ইলাকট্রিক টেলিগ্রাফ যাহা এদেশের লোকেরা কোন কালে দেখেন নাই, রাজপ্রসাদে তাহাও নির্ম্মিত হইয়া সাধারণের অসীম উপকার সাধন করিতেছে, প্রজার উপকার বর্দ্ধন বিষয়ে রাজকার্য্যের প্রধানাধ্যক্ষ মহাশয়দিগের কিছুমাত্র অমনোযোগ দেখা যায় না, কিন্তু দুঃখের বিষয় এই যে, নিকটস্থ বন্ধু রাজগণ যাঁহাদিগের সহিত পূর্ব্বাবধি সন্ধি পত্র দ্বারা সদ্ভাব সম্বর্দ্ধন করিয়াছিলেন, ক্রমে ক্রমে ছল সূত্রানুসন্ধান পূর্ব্বক তাঁহারদিগের রাজ্য সকল গ্রহণ করাতে এত ব্যয় বৃদ্ধি হইয়া পড়িয়াছে, বিবিধ উপায় দ্বারা যে রাজস্ব উৎপন্ন হয়, তাহাতে নিয়মিত ব্যয় নির্ব্বাহ হয় না. সুতরাং রাজঋণ ক্রমে অতি ভয়ানকরূপে বৃদ্ধি হইয়া উঠিয়াছে, বিশেষতঃ যে বিদ্রোহকাণ্ড উপস্থিত হইয়াছিল, ঐ রাজ্য বৃদ্ধিকেই তাহার এক অন্তরঙ্গ কারণ বলিতে হইবেক, তাহাতেও ভস্মে ঘৃতাহুতির ন্যায় এত অধিক অর্থ ব্যয় হইয়াছে যে রাজভাণ্ডার একেবারে ধন শূন্য হইয়া পড়িয়াছে. এদেশে ও বিলাতে এত টাকা ঋণ করিলেন কিছুতেই সেই ধনাভাব মোচন হইল না, কি প্রকারে আয় বৃদ্ধি হইবেক, অধুনা কর্ত্তৃপক্ষ মহাশয়েরা তাহারই উপায় অন্বেষণ করিতেছেন, নূতন নূতন কর স্থাপনের সূত্রপাত হইয়াছে, প্রজারা সেই কর অকাতরে প্রদান করিতে পারিবেক, না তাহারদিগের ক্লেশ বোধ হইবেক, কেহই তাহার বিবেচনা করেন না। গবর্ণমেণ্টের ধনাভাব নিবারণ নিমিত্ত সকলেই ব্যাকুলিত হইয়াছেন, এই ধনাভাব জন্য রাজপুরুষেরা রাজধর্ম্ম অবহেলনেও উদ্যত হইয়াছেন, গবর্ণমেণ্ট সর্ব্বত্রে অনুমতি প্রকাশ করিয়াছেন, যে পুলবন্ধন খাল খনন ইত্যাদি যে সমস্ত দেশ হিতকর কার্য্য আরম্ভ করা হইয়াছে, তাহার মধ্যে যাহা করা অত্যাবশ্যক তাহাই নির্ব্বাহ করা হইবেক, এবং অপর কার্য্য সকল এইক্ষণে স্থগিত থাকিবেক, গবর্ণমেণ্ট আর কোন নূতন বিষয়ে হস্তক্ষেপ করিবেন না।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

তত্ত্ব প্রকরণ

চৌপদী

কেন মন অকারণ, করিতেছ সর্ব্বক্ষণ
বিপরীত আচরণ, সুখের কারণ হে।
সে সুখতো সুখ নয়, অলীক সে সমুদয়,
কালক্রমে হবে লয়, সংসার সদন হে॥
তবু তাহে হোয়ে রত, মাতাল মাতঙ্গ মত
আছ মত্ত অবিরত, এসে এই ভবে হে।
যখন সে রবিসুত, পাঠাইবে নিজ দূত
পলাইবে পঞ্চভূত, তখন কি হবে হে?

ঘুড়ি ঘড়, গাড়ি ঘোড়া, আলবোলা জামাজোড়
স্বর্ণঢাকি তোড়া তোড়া, আছে থরে থরে হে
বসিতেছ রাজপাটে, শয়ন সুবর্ণ খাটে,
মণিময় অলঙ্কার, দেহে নাহি ধরে হে।
পরিতেছ পট্টবাস, মনোহর বাসে বাস,
শত শত দাসী দাস, আজ্ঞাকারি সবে হে।
যখন সে রবিসুত, পাঠাইবে নিজ দূত,
পলাইবে পঞ্চভূত, তখন কি হবে হে।

প্রিয়া প্রেম পারাবার, যাহে তুমি অনিবার,
সুধার সলিলে ভেসে, খেলিছ সাঁতার হে।
সে সুখ, কি সুখ মন, নহে তাহা চিরধন,
যতক্ষণ, ততক্ষণ, কেবলি অসার হে।
তবু তাহে তুমি মন, আছ রত অনুক্ষণ,
করিতেছ সম্ভাষণ, সুধামাখা রবে হে।
যখন সে রবিসুত, পাঠাইবে নিজ দূত,
পলাইবে পঞ্চভূত, তখন কি হবে হে?

হেরে পুত্র চাঁদমুখ, যা দুখ, কত সুখ,
আঁখিহারা হোলে পরে দেখ অন্ধকার হে।
যেখানেতে পাও যাহা, আনিয়া তনয়ে তাহা
খেতে দেও হৃষ্টমনে, আনন্দ অপার হে।
তনয় যেরূপ হলে, কর তাহা কুতুহলে,
মোহরূপ মধুফলে, বিমোহিত সবে হে।
যখন সে রবিসুত, পাঠাইবে নিজ দূত,
পলাইবে পঞ্চ ভূত, তখন কি হবে হে?

ওরে ভাই, বলি তাই সে সুখেতে কাজ নাই,
সব জেনো ভস্ম ছাই, যেরূপ প্রকার হে।
কালের অধীন সব, কালক্রমে হবে শব,
মায়াময় এই ভব, সব ফক্কিকার হে।
শ্রদ্ধাজলে কর স্নান, শুদ্ধ করি মন প্রাণ,
ভাব ফুলে পূজা কর, সেই ভবধবে হে।
তিনি ব্রহ্ম পরাৎপর, বাক্য মন অগোচর,
তাঁর কৃপা হোলে পর, ভাবনা কি তবে হে।

এই পদ্য সর্ব্বতোভাবেই উৎকৃষ্ট হওয়াতে আমরা সাদরে প্রভাকরে প্রকাশ করিলাম, দুঃখের বিষয় এই যে লেখক স্বীয় নাম ধাম গোপন করিয়াছেন, কিন্তু পুনর্ব্বার যখন কবিতা রচনা করিয়া পাঠাইবেন, সেই সঙ্গে স্বীয় নাম দিয়া বাধিত করিবেন।

প্রভাকর সম্পাদক।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

আত্যহিকপত্র

৪২৫

২৩১

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়া অন্তঃপাতি তেলকলিয়ার দুর্গাচরণ দত্তের ষ্ট্রীটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আন অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৭৩ সংখ্যা] গুরুবার ১০ চৈত্র ১২৬৬ সাল। ইং ২২ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক মূল্য [১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল ট্রেজুরির মিলিটার এক্কৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১॥০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ভারতচন্দ্র রায়ের জীবনচরিত পুস্তক ১ এক টাকা, মূল্যে বিক্রয় হইতেছিল, সাধারণের উপকারার্থ এইক্ষণে আমরা তাহার মূল্য ৸০ বার আনা নির্দ্ধারিত করিলাম, যাঁহার প্রয়োজন হয় এই যন্ত্রালয়ে পত্র কিম্বা লোকদ্বারা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীরামচন্দ্র গুপ্ত।
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস .... ॥০
রাজস্বসম্পর্কীয় প্রথম নামক প্রথম খণ্ড ..... ১।০
নলিনীকান্ত শৃঙ্গার ও করুণা রাশ্রিত নবীন উপাখ্যান

সন১৮৫৯ সালের ৯।১০।১১।১৪ আইন } .....১।।০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত....৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক .... ১)

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

সংবাদ প্রভাকর

১০ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

বিলাতে মহাসভা পার্লিয়ামেণ্ট খোলা হইলে ভারতবর্ষীয় রাজকার্য্যের প্রধান সেক্রেটারি শ্রীযুক্ত সর্ চার্লস্ উড্ সাহেব যে বক্তৃতা করেন, তাহা ইংরাজী সকল সমাচার পত্রেই প্রকাশ হইয়াছে। আমরা তৎপাঠে অবগত হইলাম, যে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ধনাভাব মোচন ও প্রজাদিগের সুখসৌভাগ্য সম্বর্দ্ধন নিমিত্ত সাহেব অনেক সদুপায় নির্দ্ধারণ করিয়াছেন। তিনি বলিয়াছেন, যে রাজকোষে যখন ধনাভাব হইয়াছে, তখন বিবিধ বিষয়ে ব্যয় সংক্ষেপ করা আদৌ কর্ত্তব্য এবং সেই ধনাভাব মোচন জন্য বণিক ও ব্যবসায়িদিগের প্রতি কেবল লাইসেন্স টাক্স নিরূপণ করা আবশ্যক। অতএব মেং উইলসন সাহেব প্রজাদিগের আয়ের প্রতি কর স্থাপনের যে প্রস্তাব করিয়াছেন, সর্ চার্লস্ উড সাহেব যখন আপনার বক্তৃতায় তাহা উল্লেখ করেন নাই, তখন আমারদিগের নিশ্চয় বোধ হইতেছে, যে মেং উইলসন সাহেব উক্ত সাহেবের সহিত পরামর্শ করিয়া ঐ বিষয় ব্যবস্থাপক সমাজে উত্থাপন করেন নাই, তিনি মান্যবর মেং হারিংটন সাহেবের প্রস্তাবেরই পোষকতা করিয়াছেন। অতএব নিশ্চয় বোধ হইতেছে, যে কলিকাতা মান্দ্রাজ ও বোম্বাই প্রভৃতি রাজ্যের প্রজারা ঐক্য হইয়া মেং উইলসন সাহেবের প্রস্তাবের প্রতিকূলে বিলাতে আবেদন পত্র প্রেরণ করিলে তথায় অবশ্যই তাহার নিরপেক্ষ বিচার হইতে পারিবেক।

ইণ্ডিয়া রিফারম সোসাইটি অর্থাৎ ভারতবর্ষের রাজনিয়ম সংশোধনার্থ বিলাতে যে এক সভা সংস্থাপিত হইয়াছে, তাহার বিজ্ঞবর মেম্বর মেং জন ব্রাইট সাহেবের লিখিত যে পত্র ফিনিক্স পত্রে প্রকাশ হইয়াছে, তাহাতে তিনি বিলাতে আবেদন পত্র প্রেরণ করণের পরামর্শ দিয়াছেন। ভারতবর্ষবাসি প্রজাদিগের আয়ের প্রতি কর যখন কোন কালে নিরূপিত হয় নাই, তখন তাহা করিলে গবর্ণমেণ্ট কোনক্রমে যশোলাভ করিতে পারিবেন না, বিলাতের রাজনীতিজ্ঞ ব্যক্তিগণ যাঁহারা ভারতবর্ষের বিষয় বিশিষ্ট রূপে অবগত আছেন, তাঁহারা ঐ মতের পোষকতা করিয়াছেন। অতএব এখানকার প্রজাদিগের পক্ষে কর্ত্তব্য হয়, তাঁহারা স্থানে২ প্রকাশ্য রূপে সভা করিয়া মেং জন ব্রাইট সাহেব পরামর্শানুসারে কার্য্য করেন।

উত্তর-পশ্চিম প্রদেশে বিদ্রোহানল নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছে বটে, কিন্তু এপর্য্যন্ত সর্ব্বত্র পূর্ব্বরূপ শান্তি সংস্থাপিত হয় নাই। বিদ্রোহিরা বিদ্রোহকাণ্ডে নিবৃত্ত হইয়া ক্ষুদ্র২ দল বদ্ধ হইয়াছে, এবং স্থানে২ ডাকাইতি করিয়া বেড়াইতেছে। মাজিষ্ট্রেট সাহেবেরা তাহারদিগের দমনার্থ কোন সদুপায় করিতে পারেন নাই, গবর্ণমেণ্ট এক বিশেষ নিয়ম নির্দ্দিষ্ট করিয়া প্রজাদিগের সমুদায় অস্ত্র গ্রহণ করিয়াছেন। ফলতঃ কি আশ্চর্য্য ঐ দুরাত্মারা নানা অস্ত্র ধারণ পূর্ব্বক জলপথে ও স্থলপথে গমনশীল লোকদিগের যথাসর্ব্বস্ব অপহরণ করিতেছে। আমরা যে বিষয় লিখিলাম, ইহার প্রমাণের বড় অভাব নাই। দুরাত্মা ডাকাইত দল মুঙ্গেরের সম্মুখে শ্রীযুক্ত বাবু রামধন ঘোষের নৌকা আক্রমণ করিয়া যে প্রকার অত্যাচার করিয়াছে তাহাতেই বিলক্ষণ প্রকাশ আছে মেং উইলসন সাহেব আপনার বক্তৃতায় ব্যক্ত করিয়াছেন, যে তিনি কলিকাতা হইতে লাহোর গমন এবং লাহোর হইতে কলিকাতার প্রত্যাগমন সময়ে দেখিয়া আসিয়াছেন, যে ভারতবর্ষে ইংরাজ জাতির অধিকার কেবল বিস্তীর্ণ এমত নহে, ইহার বহুজনাকীর্ণ প্রত্যেক নগরে অনেক লোকেই ভিন্ন২ ব্যবসায় ও বাণিজ্যে নিযুক্ত হইয়া বিলক্ষণ সৌভাগ্য সঞ্চয় করিতেছেন, কিন্তু রাজ্যের স্থানে২ সজ্জন নিরীহ প্রজাদিগের প্রতি দুষ্ট দুরাত্মা তস্কর এবং ডাকাইতেরা কিপ্রকার অত্যাচার করিতেছে, বিচার

232 5324

পতিরা কিপ্রকার বিচার বিতরণ পূর্ব্বক বৃটিশ জাতির উচ্চ সম্মান রক্ষা করিতেছেন, মেং উইলসন সাহেব তাহার বিশেষ বিবেচনা কিছুই করেন নাই। যাহাতে প্রজার ধন প্রাণ রক্ষার সদুপায় হয়, সুসভ্য ও সদ্বিবেচক নৃপতিদিগের পক্ষে সর্ব্বত্রে তাহার সদুপায় করা কর্ত্তব্য, কিন্তু মেং উইলসন সাহেব সেই কর্ত্তব্য বিষয়ে কিছুমাত্র মনোযোগী না হইয়া অগ্রেই আয় বৃদ্ধির নিমিত্ত ব্যাকুল হইয়াছেন, সুতরাং তাঁহার যশোবাসনা এপর্য্যন্ত কিছুই প্রকাশ পায় নাই, বিশেষতঃ প্রজাদিগের আয়ের প্রতি কর স্থাপনের প্রস্তাব করাতে অনেকেই বিবেচনা করিয়াছেন, যে তিনি রাজ্যের আয় বৃদ্ধি বিষয়ে মনোযোগী হইয়া কেবল রাজউপকার বর্দ্ধনই করিবেন, প্রজার মঙ্গলের প্রতি তাঁহার তাদৃশ শুভ দৃষ্টি হইবেক না।

অযোধ্যার বাদসাহ ওয়াজিদ আলিসাহ বাহাদুর বহু ব্যয় করিয়াছেন, হিসাবাদি কিছুই দেখেন নাই, অনেক ব্যক্তি তাঁহার বৃত্তির প্রতি সম্পূর্ণ নির্ভর করিয়া এক প্রকার সুখে কাল যাপন করে, এই বিষয় আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুরের কর্ণগোচর হইলে তিনি বাদসাহকে পত্র লিখিয়াছেন, "বহু ব্যয় সকল লোকের পক্ষেই অকর্ত্তব্য অতএব যাহাতে ব্যয় সংক্ষেপ হয় এমত উপায় অবশ্যই করিবেন, আর কত ব্যক্তি তাঁহার প্রতি আপনার জীবিকা নির্ভর করিয়া থাকেন; তাঁহারদিগের নাম গবর্ণমেণ্ট নিকটে লিখিয়া পাঠাইবেন। বাদসাহকে গবর্ণর জেনেরল বাহাদুর এই সৎপরামর্শ প্রদান করিয়াছেন বটে, কিন্তু বহু ব্যয় করা ভারতবর্ষের নবাব ও বাদসাহদিগের একপ্রকার অভ্যাস হইয়া গিয়াছে, যে দ্রব্যের মূল্য এক টাকাও নহে, ৫০ টাকা দিয়া তাঁহারা তাহা অনায়াসে ক্রয় করেন। যে ব্যক্তি এক টাকা পাইবার উপযুক্ত নহে, তাহারা তাহাকে অনায়াসে এক সহস্র মুদ্রা দান করেন। এইরূপ বহু ব্যয় দ্বারা বাদসাহ ও নবাবেরা প্রজাদিবগের কত টাকা নষ্ট করিয়াছেন তাহার সংখ্যা করা যায় না। যাহা হউক ওয়াজিদ আলিসাহ যখন সিংহাসন পরিত্যক্ত হইয়াছেন, তখন তাঁহার সম্মান সম্পদ্ এবং পরাক্রম কিছুই নাই। গবর্ণমেণ্টের বৃত্তি মাত্র তাঁহার অবলম্বন হইয়াছে, তখন তাঁহার পক্ষে ব্যয় সংক্ষেপ করা অতি আবশ্যক হইয়াছে, আমরা অবগত হইলাম আপনার রাজ্য পুনঃ প্রাপ্ত হইবার প্রত্যাশা তিনি এপর্য্যন্ত পরিত্যাগ করিতে পারেন নাই, একারণ বিস্তর ভৃত্য তাঁহার সমভিব্যাহারে আছে, অধুনা গবর্ণর জেনেরল বাহাদুরের পত্র দ্বারা যখন নিশ্চয় জানিয়াছেন যে আর রাজ্য প্রাপ্তির প্রত্যাশা নাই, চিরকাল তাঁহাকে বৃত্তি গ্রহণ করিতে হইবেক, তখন ভৃত্যদিগকে আর নিযুক্ত রাখা কর্ত্তব্য নহে, যাঁহারদিগকে না রাখিলে বাদসাহের কার্য্য নির্ব্বাহ হইতে পারে না, কেবল তাহারদিগকে রাখিয়া অবশিষ্ট সকলকে বিদায় প্রদান করা উচিত।

ওয়াজিদ আলিসাহ বাদসাহের বিষয়ে আর একটী সংবাদ সমাচার পত্রে প্রকাশ হইয়াছে, তদ্বিস্তারিত এই যে বাদসাহের সম্পত্তি সম্বন্ধীয় যে সমস্ত হীরক ও প্রস্তরাদি গবর্ণমেণ্টের হস্তে আছে, তত্তাবৎ তাঁহাকে ন করিবেন কিন্তু যে সাহেবের হস্তে ঐ মূল্যবান দ্রব্যাদি আছে, তাহার মনে সন্দেহ জন্মিয়াছে, যে তত্তাবৎ কাহার হস্তে অর্পণ করিয়া রসিদ লইবেন এখানকার কর্ম্মচারিরা এই বিষয় মীমাংসা করণে অক্ষম হওয়াতে তিনি ঐ প্রস্তরাদি প্রদান না করিয়া গবর্ণর জেনেরল বাহাদুরের অভিমত গ্রহণার্থ তাঁহার নিকটে পত্র লিখিয়াছেন।

ঢাকানগরে যে ভয়ানক অনলকাণ্ড হইয়াছিল, তাহার সংক্ষেপ সমাচার আমরা প্রভাকরে প্রকাশ করিয়াছি, ঐ বিষয়ে আমারদিগের ঢাকাবাসী কোন পত্র গ্রাহক মহাশয় যে পত্র প্রেরণ করিয়াছেন, আমরা সাতিশয় অনুতাপিত চিত্তে তাহা নিম্নভাগে প্রকাশ করিলাম।—

"সম্পাদক মহাশয় অনল দ্বারা ঢাকার একাংশ একেবারে সমভূমি হইয়া গিয়াছে, ঐ স্থান প্রায় পঞ্চক্রোশ হইবেক তাহাতে বৃক্ষ গৃহ ও মনুষ্য মাত্রই নাই, হুতাশন মূর্ত্তিমান হইয়া ঢাকায় গমন পূর্ব্বক সমুদায় আহার করিয়া গিয়াছেন, যে সময়ে তিনি স্বীয় শখার সহিত নৃত্যারম্ভ করেন, সেই সময়ে কাহার সাধ্য তাঁহার সম্মুখে গমন করিতে পারে ভয়াকুল প্রজারই নানা স্থান হইতে

৫৫২

অতিকষ্টে জলাহরণ পূর্ব্বক যত সেই প্রবলানলে সেচন করিয়াছে, ততই তাহা বৃদ্ধি হইয়া উঠিয়াছে, এই ভয়ানককাণ্ডে তণ্ডুল রেশম সর্ষপ পাট বস্ত্রাদি কত বিনষ্ট হইয়াছে তাহার সংখ্যা করা যায় না, আগুন তিন দিবস ছিল, অনেক ফুটে নির্ব্বাণ হইয়াছে, সর্ব্বভুক্ বিংশতি জন মনুষ্যের মাংস ভোজন করিয়াছেন, পশ্বাদি কত পুড়িয়া ভস্মীভূত হইয়াছে তাহার সংখ্যা হয় না, একপ অনলকাণ্ড এই ঢাকান গরে, কি বহুকাল হইল পূর্ব্বাঞ্চলে হয় নাই।

ঢাকাবালি মেং পোগস সাহেব এই বিষয়ে অতিশয় দয়ার কার্য্য করিয়াছেন, তাঁহার অনুগ্রহে সাহেব দিগের এক সভা হইয়াছিল, তথায় ডাক্তর সাহেব ও অন্যান্য অনেক সাহেব উপস্থিত হইয়াছিলেন, সেই সভায় দুঃখিলোকদিগের সাহায্য করণে চাঁদার দ্বারা প্রায় এক সহ স্র টাকা সংগ্রহ হইয়াছে।"

এই রাজধানী মধ্যে নাবিক গোরাদিগের দৌরাত্ম, কিছুই নিবারণ হইল না, কি আশ্চর্য্য পুলিসের ক মিস্যনর সাহেব এত কঠিন নিয়ম করিয়াও তাহারদিগের কিছুই ক রিতে পারিলেন না, ঐ গোরারা পথে ও কেল্লার মাঠে পথিকদিগের প্রতি অত্যাচার পূর্ব্বক বিলক্ষণ রূপে আপনারাদিগের অভীষ্ট সাধন করিতেছে। হরকরা পত্রে কোন পত্র প্রেরক লিখিয়াছেন, যে কয়েক জন গোরা তাঁহার আস্তাবলে প্রবেশ পূর্ব্বক সহিসকে প্রহার পূর্ব্বক আপনারাই গাড়ি প্রস্তুত করিতেছিল, তিনি তাহারদিগের নিকটবর্ত্তী হইয়া নিষেধ করাতে তাঁহাকে বিলক্ষণ রূপে প্রহার করিয়া প্রস্থান করিয়াছে কেবল পুলিসের ভয়ে তাহারা গাড়ি লইয়া গমন করিতে পারে নাই। গোরারা সাহেবদিগের প্রতি যখন এইরূপ অত্যাচার করিতেছে তখন এতদ্দেশীয় ব্যক্তিদিগের প্রতি তাহারা যে প্রকার অহিতাচার করিতেছে, তাহা পাঠক মহাশয়েরা অনায়াসেই বিবেচনা করিতে পারিবেন, অতএব এই গোরার দৌরাত্ম্য নিবারণ নিমিত্ত কোন সদুপায় করা অতীব কর্ত্তব্য হইয়াছে।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়! সম্প্রতি কি পুরাঞ্চলে অসভ্য কুকীজাতি যে রূপ গুরুতর অত্যাচার করিয়া আবাল বৃদ্ধ বনিতা আতুর প্রভৃতিকে নির্দ্দয় রূপে নিহত করিয়া গৃহ দ্বারাদি ভস্মীভূত করিয়া পলায়ন পরায়ণ হইয়াছে, তৎ পাঠে সকলেই শোক সাগরে নিমগ্ন রহিয়াছেন, অতএব তজ্জন্য আমাদের দয়ালীল গবর্ণমেণ্টের বিশেষ আয়াস পূর্ব্বক অসভ্য কুকীজাতির বিলক্ষণ শিক্ষা দেওয়া কর্ত্তব্য, এবং পেসোবার প্রদেশের পর্ব্বতারণ্যবাসী অসভ্য কাবেলখেল ও জীরি নামক মোগল আফগানগণকে যদ্রূপ সুশিক্ষিত করা গিয়াছে তদাপেক্ষা ও ইহাদিগকে সুশিক্ষিত করা চাই। কেন-না সে যবন বর্ব্বরেরা কুল ধর্ম্ম রক্ষার্থ কেবলমাত্র একটী বৃটিশ দেশের প্রজার প্রাণ হনন করিয়াছিল, এ সকল পর্ব্বতীয় অসভ্য নৃশংসেরা শত২ মহারাজ প্রভুভক্ত রাজভক্ত প্রজাকুলের ধন মান প্রাণ নিধন করিয়া পুহ দ্বারাদি লুণ্ঠিত এবং দগ্ধীভূত, ও অভিলাগণকে পর্য্যন্ত ধরিয়া লইয়াগিয়াছে। আহা! এ সকল হৃদয় বিদীর্ণকর ব্যাপার আকর্ণনে কোহার নয়নযুগলে বাষ্পাকুল না হইবেক? ফলতঃ অনেকে এবিষয়ে ত্রিপুরার স্বাধীন রাজার প্রতি খড়্গহস্ত হইতে চান, ইহা অত্যন্ত অনুচিত কেন না তাঁহার এ কুৎসিত কুকর্ম্মে সংযোগ কি মনোযোগ নাই, তবে তাহারা এ কুকর্ম্ম করিয়াছে বলিয়া তিনি তাহার দায়ী কি দোষী হইতে পারেন না? কেন-না ১৮৫৭ খৃষ্টাব্দে অসভ্য রাজমহল পর্ব্বতারণ্যবাসি সন্তালেরাও এইরূপ ছুষ্কর্ম্ম করিয়াছিল। অতএব তজ্জন্য আমাদের বৃটিশ গবর্ণমেণ্টের প্রতি কোন ব্যক্তি দোষারোপ করিবেন, সম্প্রতি পেসোবারের পথিমধ্যে পথে কাপ্তেন সিডেমেন সাহেব ওজীরী নামক দুষ্টলোকগণ হত করিয়া পর্ব্বতাশ্রয় করাতে কাবুলাধিপতি আমীরদোস্ত মহম্মদ খাঁ দুরকে কোন জন দায়ী করিয়াছেন, কিন্তু বৃটিশ গবর্ণমেণ্ট তাহাদিগের নির্য্যাতন ও দমন করিয়া সাধন করিয়াছেন। অতএব যদি প্রকারে অসভ্য প্রজার অত্যাচারে কোন রাজগণ দোষী হয়েন তবে তখন চীনবল রাজা, ত্রিপুরার রাজা যে দোষী হইবেন, তাহা কোন বিচার যুক্ত নহে?

শ্রীকেশবলাল ঘোষ।
হরিপুরা।

Printedand Published by RAMCHUNDER Goopto at the *Prabhakar* Press

সংবাদ প্রভাকর

আতঙ্কপত্র

৪৭৫ এই প্রভাকর পত্র বিধবার রাজীত প্রতি বুধ রবিবারে ও অন্যান্য দিবসে অপরাহ্ণ ৪ ঘণ্টার সময় কলিকাতা ৪২ নং আপিসে সম্পাদক শ্রীযুত ঈশ্বরচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

৪৭৫ এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা ভদ্ভিন্ন আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৪৭৫ ॥৪৭৫॥ সতাং মনস্কামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ ॥৪৭৫॥ ॥৪৭৫॥ উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ ॥৪৭৫॥

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু ক্ষচিদ্ভাং ভাম মতল্পমীমদমৃতং পীত্বা ক্ষুধাকাতরঃ॥ অন্যোদাদ্বিমুল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসো বিবস্ত চতুরস্বাস্তদ্বিরেফারসং॥

৮৪৭৪ সংখ্যা] শুক্রবার ১১ চৈত্র ১২৬৬ সাল। ইং ২৩ মার্চ্চ ১৮৬০ সাল মাসিক [মূল্য ১৲ তঙ্কামাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সুবে বাঙ্গলার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয়।

ইকুইটিপক্ষ।

মৃত কেশবচন্দ্র রায়ের উইল পত্রের জীবিত অছি বিহারীলাল রায় চৌধুরী এবং রবর্ট ওডোডা বাদী।

চারলস এমাডস স্যানবলী প্রতিবাদী।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উল্লেখিত মোকদ্দম বিষয়ে সুবে বাঙ্গলার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে এক হাজার আট শত আটান্ন খৃষ্টাব্দের ২৩ আপ্রিল তারিখে যে অনুমতি প্রদত্ত হয় তাহার বিধানানুসারে কোটোরিয়ার নীলকুঠি ও তালুক কেশবপুরের ষোল ভাগের চারিভাগ অর্থাৎ চারি আনা অংশের প্রতি প্রাগুক্ত প্রতিবাসির যে স্বত্ব ও অধিকার আছে তাহা বিক্রয় করণের বিজ্ঞাপন দেওয়া হইয়াছিল কিন্তু ঐ নীলামের দিবসে উপযুক্ত মূল্যের ডাক না হওয়াতে উক্ত গত ২২ ফিব্রুয়ারি তারিখে বিক্রয় রহিত করিয়া ২৩ মার্চ্চ তারিখে পুনর্দ্দিন নিরূপণ করা গেল ঐ তারিখে উক্ত বন্দকি বিষয় পুনর্ব্বার নীলামে ধরা যাইবেক এবং যে নিয়মে বিক্রয় করিবার বিজ্ঞাপন পুর্ব্বে প্রকাশ করা গিয়াছিল সেই নিয়মে বিক্রয় হইবেক সুপ্রিমকোর্টের মাষ্টার আফিসে অথবা ওল্ড পোষ্ট আফিস ষ্ট্রীটের ৬ নম্বর বাটীতে বাদী পক্ষের উকীল মেং আর এম, তামস সাহেবের দপ্তর খানায় অনুসন্ধান করিলে সকলে ঐ বিষয়ের অন্যান্য বিবরণ অবগত হইতে পারিবেন।

W. Morgan
Master.
ডবলিউ, মার্গান।
মাষ্টার।

R. M, Thomas
Plaintiff's Solicitor
আর, এম, তামস।
বাদী পক্ষের উকীল

কলিকাতা
সুপ্রিমকোর্ট
মাষ্টার আফিস
১৩ মার্চ্চ ১৮৬০ সাল

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত] একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মা

সের মধ্যেই স্বস্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে, অথবা জেনেরেল ট্রেজুরির মিলিটর এক্কৌণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১।০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমাদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

সংবাদ প্রভাকর

১১ চৈত্র শকাব্দা ১[illegible] বিক্টোরিয়াব্দঃ ২

আমরা গত বাসরীয় প্রভাকরে মহারাণীর ভারতবর্ষীয় রাজকার্য্যের সেক্রেটারি মান্যবর সর্ চার্লস উড সাহেবের দীর্ঘবক্তৃতার একাংশের তাৎপর্য্য মাত্র প্রকাশ করিয়াছি, তিনি আরো যে২ কথা বলিয়াছেন, তাহাও ভারতবর্ষের পক্ষে উপকারজনক বটে, তাঁহার অভিপ্রায় গবর্ণর জেনেরল বাহাদুরের কৌন্সেলে যে কয়েক জন মেম্বর নিযুক্ত আছেন তাঁহারা আর কেহই থাকিবেন না। মান্দ্রাজ ও বোম্বাই রাজ্যের গবর্ণরদিগের কৌন্সেল ও রহিত হইবেক, যে সকল মহাশয়েরা গবর্ণমেণ্টের অধীনস্থ ভিন্ন২ কার্য্যালয়ের সেক্রেটারি আছেন, তাঁহারাই গবর্ণর জেনেরল বাহাদুরের কৌন্সেলে বসিবেন, এবং তিনি তাঁহারদিগের সহিত পরামর্শ পূর্ব্বক কার্য্যাদি নির্ব্বাহ করিবেন। উড সাহেব আরো বলিয়াছেন, যে অনরেবেল মেং উইলসন এবং মান্যবর মেং বর্সেস ফেরি সাহেব যাঁহারা অল্প দিবস হইল ভারতবর্ষীয় কৌন্সেলে নিযুক্ত হইয়াছেন, তাঁহারা স্বীকার করিয়াছেন, কেবল নিয়মিত দিবসে কৌন্সেলের আসনে উপবেশন করিবেন, রাজভাণ্ডার হইতে ভূরি বেতন গ্রহণ করিবেন না, গবর্ণমেণ্ট সেই সময়ে তাঁহারদিগের প্রতি যে কার্য্যের ভারার্পণ করিবেন তাঁহারা কার্য্য করণে স্বীকৃত আছেন, এই নিয়মের দ্বারা গবর্ণমেণ্টের কোন ব্যয় সংক্ষেপ হইবেক এমত নহে, কার্য্যাদিও উত্তম নিয়মে নির্ব্বাহ হইতে পারিবেক। মান্যবর মেং উইলসন সাহেব রাজকীয় আয় ব্যয় সম্বন্ধীয় সমুদয় ভার গ্রহণ করিলে কি অল্প উপকার দর্শিবেক?

সর্ চার্লস্ উড সাহেব সুপ্রিম কোর্টের সহিত সদর কোর্টের সংযোগ করণের প্রস্তাবও, মহাসভা পার্লিয়ামেণ্টে উপস্থিত করিয়াছিলেন, তিনি বলিয়াছেন, যে ঐ উভয় প্রধান বিচারালয়ের সংযোগ হইলে বিচার বিতরণ বিষয়ে বিবিধ প্রকার সুপদ্ধতি হইতে পারিবেক, বিচারার্থিরা সুবিচার পাইবেক, অতএব গবর্ণমেণ্টের কোন ব্যয় বৃদ্ধি হইবেক না বরং ব্যয় সংক্ষেপ হইবারই সম্ভাবনা।

সর্ চার্লস্ উড সাহেব যে সমস্ত কথা উল্লেখ করিয়াছেন, তাহার কিছুই নূতন নহে, এবিষয়ের বিচার পূর্ব্বেই চূড়ান্তরূপে নির্ব্বাহ হইয়া গিয়াছে। ইষ্টইণ্ডিয়া কোম্পানিরা শেষ যে চার্টর প্রাপ্ত হয়েন, এবং যাহা অনরেবেল সর্ চার্লস উড সাহেব স্বয়ং উপস্থিত করিয়াছিলেন তাহাতেই লিখিত হইয়াছিল, সদর কোর্টের সহিত সুপ্রিমকোর্টের সংযোগ হইবেক, কেবল ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অমনোযোগে অথবা অন্যান্য বিবিধ বিড়ম্বনা ও দুর্ঘটনা জন্য এ পর্য্যন্ত তাহা হয় নাই, কিন্তু সময়ে ঐ বিষয় জনপদে বাহুল্যরূপে আন্দোলিত হইয়াছে, বিশেষতঃ অল্প দিবস হইল মান্দ্রাজ রাজ্যের গবর্ণর সর্ চার্লস্ ট্রিবিলিয়ান সাহেব এই বিষয়ের বিচার জন্য এক কমিটি নিযুক্ত করাতে ঐ বিষয়ে যখন বিলাতের প্রধান কল্প মহানুভব ব্যক্তিদিগের মনোযোগ হইয়াছে, এবং সর্ চার্লস্ উড সাহেব যখন স্বয়ং এই বিষয় পার্লিয়ামেণ্টে উপস্থিত করিয়াছেন, তখন এবিষয় সুসিদ্ধ কল্পে আর বড় বিলম্ব হইবেক না

234 326

সর্ চার্লস্ উড সাহেব আরো একটি বিষয় উত্থাপন করিয়াছিলেন, কিন্তু তাহাতে তিনি যেরূপ অভিমত ব্যক্ত করিয়াছেন, তাহা কোন বিধায়েই তাঁহার উচ্চপদীয় সঙ্গত হয় নাই, তিনি বলিয়াছেন যে ভারতবর্ষের ব্যবস্থাপক সমাজে এখানকার প্রজাদিগের প্রতি নিধিরূপে কয়েক জন দেশীয় উপযুক্ত ব্যক্তি নিযুক্ত হয়েন, ইহা অনেকের প্রার্থনা বটে, কিন্তু দুঃখের বিষয় এই যে এতদ্দেশীয় ব্যক্তিগণ এপর্য্যন্ত এমত উপযুক্ত হয়েন নাই যে ঐ ভার তাঁহারদিগের প্রতি সমর্পণ করা যায়, সর চার্লস্ উড সাহেব যেরূপ সুবিজ্ঞ তাঁহার এই অভিপ্রায় সেইরূপ বিজ্ঞের ন্যায় হয় নাই এতদ্দেশীয় কৃতবিদ্য ব্যক্তিদিগের প্রতি গবর্ণমেণ্ট যে ভার সমর্পণ করিতেছেন, সেই ভার যখন তাঁহারা আনন্দ চিত্তে গ্রহণ করিয়া তৎসম্বন্ধীয় কার্য্যাদি সুচারুরূপে নির্ব্বাহ করিতেছেন, কোন বিষয়ে তাঁহারা ইংরাজ কর্ম্মচারিগণাপেক্ষা হীন বলিয়া গণ্য হয়েন নাই তখন ভারতবর্ষীয় ব্যক্তিগণ ব্যবস্থাপক সমাজের মেম্বরের পদে অভিষিক্ত হইলে তৎসম্বন্ধীয় কার্য্যাদি নির্ব্বাহ করিতে পারিবেক না, একথা কি প্রকারে স্বীকার করা যাইতে পারে। ঐ রুচির নিয়ম প্রচলিত হইলে এদেশে মহারাণীর সুখ্যাতি প্রতিভা প্রকাশ হইতে পারিবেক, প্রজারাও সুখানুভব করিবেক। এবং ব্যবস্থাপক সমাজ হইতে মান্যবর মেম্বর মহাশয়দিগের বিবেচনা দোষে সময়ে২ যে সমস্ত অপূর্ব্ব নিয়মাদি প্রকাশ হইতেছে তাহা আর হইবেক না এবং তাহার অধিকাংশ সংশোধন হইতে পারিবেক।

ব্যবস্থাপক সমাজের মেম্বর মেং উইলসন সাহেব এই ভারতবর্ষে লোক্তা তামাকের প্রতি যে নিয়মে কর স্থাপনের প্রস্তাব করিয়াছিলেন, তাহা পরিষ্কার রূপে ব্যক্ত করিয়াছেন, তিনি বলিয়াছেন যে বিদেশ হইতে যে তামাক এদেশে আসিয়া থাকে তাহার প্রত্যেক সেরের প্রতি ।।০ আনার হিসাবে মাশুল অর্থাৎ শুল্ক নিরূপিত হইবেক, আর যে তামাক এদেশে জন্মিয়া থাকে তাহার প্রতিও ঐ হারে মাশুল নির্দ্দিষ্ট হইবেক। বিদেশ হইতে যে তামাক আসিয়া থাকে, তাহার প্রত্যেক সেরের মূল্য আট আনা হয় অতএব গবর্ণমেণ্ট যখন তাহার প্রতি আট আনা মাশুল বসাইবার প্রস্তাব করিয়াছেন, তখন তামাকের যত মূল্য তত মাশুল হইবেক, আর দেশীয় তামাকের প্রত্যেক মণ ৬ টাকা বিক্রয় হইয়া থাকে, গবর্ণমেণ্ট যদি বিদেশীয় তামাকের মাশুলের হারে তাহার প্রতি কর নির্দ্দিষ্ট করেন, তবে প্রত্যেক সেরের প্রতি ৵০ তিন আনা মাশুল হইতে পারিবেক।

মেং উইলসন সাহেবের এই প্রস্তাবের প্রতিপোষকতা করণার্থ আমারদিগের শ্রীরামপুরস্থ ফ্রেণ্ড সহযোগী মহাশয় গত দিবসীয় পত্রে লিখিয়াছেন, যে "তামাকের যত মূল্য গবর্ণমেণ্ট তাহার প্রতি যদি তত কর নিরূপণ করেন, তবে তাহা প্রজার পক্ষে তাদৃশ ক্লেশকর হইবেক না, প্রজারা এইক্ষণে যে মূল্য দিয়া তামাক ক্রয় করিতেছে, তাহার দ্বিগুণ মূল্য প্রদান করিবেক মাত্র। অথচ এই তামাকের কর দ্বারা গবর্ণমেণ্টের বিলক্ষণ লভ্য হইবেক, এই ভারতবর্ষে যে তামাক উৎপন্ন হইয়া থাকে, এবং যাহা বিদেশ হইতে এদেশে আইসে তত্তাবতের মূল্য গবর্ণমেণ্ট প্রাপ্ত হইবেন।"

ফ্রেণ্ড মহাশয়ের এই লেখা কিরূপ যুক্তি যুক্ত তাহা বিজ্ঞ পাঠক মহাশয়েরাই বিবেচনা করিবেন, তামাক সাধারণ বস্তু, জগদীশ্বরের নিয়মানুসারে তাহা ভূমি হইতেই উৎপন্ন হইয়া থাকে, গবর্ণমেণ্ট যখন সেই ভূমির কর গ্রহণ করিতেছেন, তখন আবার উৎপন্ন দ্রব্যের স্বতন্ত্র কর কি বলিয়া লইবেন? বিশেষতঃ যে দ্রব্যের যত মূল্য তাহার প্রতি তত রাজস্ব নিরূপণের নিয়ম কোন দেশেই নাই, মাদক দ্রব্য যাহা সেবন করিলে মত্ততা উপস্থিত হয় বুদ্ধিধ্বংশ হইয়া থাকে, তাহার ব্যবহার ন্যূন করিবার নিমিত্ত রাজা তাহার প্রতি কর নিরূপণ করিতে পারেন বটে, কিন্তু তামাক ব্যবহার করিলে মত্ততা উপস্থিত হয় না, বুদ্ধির কোন দোষ জন্মেনা অতএব তাহার প্রতি এই অধিক রাজস্ব কি কারণে নিরূপিত হইবেক, আমরা তাহা বিবেচনা করণে অক্ষম হইয়াছি।

কলিকাতা রাজধানীতে কি ভয়ানক অনলকাণ্ড হইতেছে, এমত দিন নাই যেদিন কোন না কোন পল্লীতে

আগুন না লাগে. ইহাতে দুঃখি প্রজাদিগের একবারে সর্ব্বস্ব নষ্ট হওয়াতে তাহারা যেরূপ ক্লেশে পতিত হইতেছে তাহা লিখিয়া ব্যক্ত করা যায় না, বিশেষতঃ অন্যান্য বর্ষে আগুন লাগিলে পুলিসের সারজন ও প্রহরিগণ দমকল লইয়া উপস্থিত হইয়া সেই অনল নির্ব্বাণ নিমিত্ত সাধ্য পর্য্যন্ত চেষ্টা করিতেন এবৎসর তাহা না করাতে দুঃখি প্রজাগণ এরূপ নিশ্চয় করিয়াছেন, প্রজার নিমিত্ত গবর্ণমেণ্ট আর কোন প্রকার সাহায্য করিবেন না, পুলিসের কর্ম্মাধ্যক্ষ সাহেবেরা বিবেচনা করিয়াছেন, যে রাজধানী মধ্যে যত খড় ও গোলপাতার ঘর আছে, তাহা অনলদ্বারা ভস্মরাশি হইলে প্রজাদিগকে আর ঐ প্রকার গৃহ নির্ম্মাণ করিতে দিবেন না, সকল ব্যক্তিকেই খোলার চাল ও মাটির দেওয়াল করিতে হইবেক, বিশেষতঃ পুলিসের লোকেরা বলের দ্বারা অনেক গৃহাদি ভঙ্গ করাতে এই বিষয়ে তাহারদিগের বিলক্ষণ দৃঢ় বিশ্বাস হইয়াছে।

গত মঙ্গলবার রজনী অনুমান দশ ঘটিকা সময়ে সিমুলিয়ায় হঠাৎ কোন সামান্য বেশ্যার গৃহে অনল সংলগ্ন হওয়াতে বিস্তর গৃহ একেবারে ভস্মীভূত হইয়াছে, তাহার অধিকাংশই খোলার ঘর ঐ সময়ে প্রজাদিগের যে প্রকার ক্রন্দন কোলাহল হইয়াছিল, তাহা আমরা লিখিয়া কি ব্যক্ত করিব? তাহা শ্রবণে অনেক পাষাণতুল্য কঠিনান্তঃকরণও করুণারসে আর্দ্র হইয়াছে।

সিমুলিয়ার অনলকাণ্ডে যখন অধিকাংশ খোলার ঘর পড়িয়া গিয়াছে তখন খোলার ঘর হইলে আর আগুন লাগিবেক না, একথা আমরা কোনরূপে স্বীকার করিতে পারি না. বিশেষতঃ এই রাজধানী মধ্যে যে সকল লোক খড় ও গোলপাতার গৃহে বাস করে পুলিসের কর্ম্মচারিগণ বহুকালের প্রকাশিত এক ব্যবস্থার নিয়মানুসারে তাহারদিগের সকল ব্যক্তির প্রতি খোলার ঘর নির্ম্মাণের অনুমতি করাতে খোলা খুঁটি বাঁশ দড়ি ইত্যাদি গৃহ নির্ম্মাণের উপযোগী দ্রব্যাদি একেবারে অগ্নিমূল্য হইয়াছে, খোলা যাহা পূর্ব্বে ১॥০ টাকা অথবা ২ টাকা হাজার ছিল, তাহার মূল্য তিন টাকা হইয়াছে, গরাণের খুঁটির কুড়ি ষোল টাকা, ইহা কেহ শ্রবণ করেন নাই, ঘরামি যাহারা গৃহ নির্ম্মাণ করিয়া থাকে, তাঁহারদিগের প্রত্যেক ব্যক্তির রোজ আট আনা কে করে শ্রবণ করিয়াছে? একে আহারীয় সমুদায় দ্রব্যাদি দুর্ম্মূল্য আহারের নিমিত্ত প্রজারা সমূহ কষ্টভোগ করিতেছে, তাহার উপর আবার এত মূল্য দিয়া গৃহ নির্ম্মাণোপযোগী দ্রব্যাদি ক্রয় করণে কি সকলে সক্ষম হইবেক? অতএব আমারদিগের বোধ হইতেছে যে এইবারে অনেক ব্যক্তি রাজধানী কলিকাতা পরিত্যাগ পূর্ব্বক প্রস্থান করণে বাধ্য হইবেক।

আমরা পূর্ব্বে প্রকাশ করিয়াছি যে আমারদিগের ভারতবর্ষীয় কৌন্সেলের অধিপতি সাহেব এরূপ ঘোষণা পত্র প্রকাশ করিয়াছেন, যে ডাকযোগে যে সমস্ত সংবাদ পত্র পুস্তক বা অন্য কোন প্রকার ছাপার কাগজ যাহা এক স্থান হইতে অন্য স্থানে প্রেরিত হইয়া থাকে, ডাক ষ্ট্যাম্পের দ্বারা তাহার মাশুল অগ্রে না প্রদান করিলে আগামী মে মাসের ১ তারিখ অবধি ডাকঘরের কর্ম্মাধ্যক্ষেরা তাহার পালিন্দা আর গ্রহণ করিবেন না।

কৌন্সেলের অধিপতি সাহেবের এই হঠাৎ অনুমতি অত্যন্ত পীড়ক বিবেচনা করিয়া ফ্রেণ্ড আফ ইণ্ডিয়া পত্রের অধ্যক্ষ শ্রীযুক্ত এম তামসন সাহেব গবর্ণমেণ্টকে এক পত্র লিখিয়াছিলেন, তাহাতে কৌন্সেলের অধিপতি সাহেব ঐ ঘোষণা পত্র সংশোধন পূর্ব্বক পুনঃ প্রকাশ করিয়াছেন, তাহাতে লিখিত হইয়াছে, যে সংবাদ পত্র পুস্তকাদির মাশুল অগ্রে প্রকাশ না করিলে ডাক ঘরে গৃহীত হইবেক না বটে কিন্তু আপাততঃ অর্থাৎ আগামী মে মাসের প্রথম দিবসাবধি ঐ নিয়ম প্রচলিত করা বিবেচনা সিদ্ধ হইল না. যেহেতু তাহা করিলে সমাচার পত্রের অধ্যক্ষ প্রভৃতিদিগের অনেক ক্ষতি হইবার সম্ভাবনা অতএব আগামি বর্ষের অর্থাৎ ইংরাজি ১৮৬১ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি ঐ নিয়ম প্রচলিত হইবে এইক্ষণে সংবাদ পত্রাদির বিষয়ে যে দিয়ম অবধারিত আছে, তাহার কোন রূপান্তর হইবেক না।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Prabhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

২৩৫

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি তোপলকভিয়ার দুর্গাচরণ মুখের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৭৫ সংখ্যা] শনিবার ১২ চৈত্র ১২৬৬ সাল। ইং ২৪ মার্চ্চ ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ তঙ্কামাত্র।

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্বস্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল ট্রেজুরির মিলিটরি এক্কৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১॥০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন

২০০ দুইশত মুদ্রা পারিতোষিক।

"তারাহরণ,,

ইত্যভিধেয় একখানি উৎকৃষ্ট নাটক যিনি ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের লিখিত মতে সুললিত বঙ্গভাষার গদ্য পদ্যে রচনা করিবেন, তিনি উপরোক্ত পারিতোষিক প্রাপ্ত হইবেন! দেবগুরু বৃহস্পতি দারা তারা তারানাথ দ্বারা অপহৃতা হওনের আখ্যায়িকা এই নাটকের উপাখ্যান হইবেক। পুস্তকের পরিমাণ ৮ পেজি ফরমার দুইশত পৃষ্ঠের ন্যূন না হয়। রচনার উৎকৃষ্ট ত্বাপকৃষ্টত্ব পরীক্ষা জন্য ভাস্কর যন্ত্রালয়ে কমিটী স্থাপন হইবে। ১২৬৭ সালের আশ্বিন মাসের মধ্যে রচনা উক্ত যন্ত্রে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না। যাঁহার রচনা মনোনীত হইবেক তিনি স্বীয় ব্যয়ে নাটক মুদ্রিত করিলে গ্রন্থ স্বত্ব পাইবেন। তদন্যথায় পারিতোষিক প্রদাতা স্বত্বাধিকারী হইবেন।

শ্রীশম্ভুচন্দ্র রায় চৌধুরী।

জমীদার।

বাকীনীয়া, ভূগোলোক বাটী,
জেলা রঙ্গপুর
১৫ফাল্গুণ
১২৬৬শাল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা

আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস .... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ..... ১।০
নলিনীকান্ত শৃঙ্গার ওকরুণা রাশ্রিত নবীন উদ্ধারখ্যান
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।
সন১৮৫৯ সালের ৯।১০।১১।১৪ আইন ..... ১॥০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত.... ৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ ৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক ১

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তপ্রণীত শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation....) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।০
একেই কি বলে সভ্যতা ? (ঐ).... ॥০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

সংবাদ প্রভাকর

১২ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

বাণিজ্য কার্য্যের প্রাচুর্য্য বিধান নিমিত্ত নৃপতি মাত্রেরই বিশেষরূপ মনোযোগ করা আবশ্যক, যেহেতু তাহাতে অবনীর পক্ষে কেবল অশেষবিধ উপকার হইবারই সম্ভাবনা। যুদ্ধাবসান কালে ও অন্য সময়ে রাজাদিগের পরস্পর যে সন্ধিপত্র অবধারিত হইয়া থাকে, তাহাতে সর্ব্বাগ্রেই বাণিজ্যের কথা লিখিত হয়, এবং বাণিজ্য বিষয়ক কোন নিয়মের অন্যথাচরণ হইলেই পরস্পর বিবাদ ও যুদ্ধ হইয়া থাকে। সম্প্রতি চীনদেশে যে প্রবল সংগ্রামানুষ্ঠান হইয়াছে, বাণিজ্য বিষয়ক সন্ধির নিয়ম ভঙ্গকেই ইহার মূল বলিতে হইবেক। পূর্ব্বে চীনেশ্বরের সহিত বৃটিশ গবর্ণমেণ্টের এরূপ সন্ধি নির্দ্ধারণ হইয়াছিল, যে ইংরাজেরা কাণ্টন নগর মধ্যে প্রবেশ করিতে পারিবেন। মহারাণীর এক জন প্রতিনিধি চীন রাজ্যের রাজধানী পিকিন নগরে নৃপতির নিকটে অবস্থান করিবেন, কিন্তু চীনদেশীয় রাজকর্ম্মচারিরা সেই প্রতিজ্ঞা রক্ষা সময়ে নানাপ্রকার আপত্তি উপস্থিত করিলেন। চীন জাতির চিরকাল এই স্বভাব যে তাহারা প্রাণান্তেও আপনাদিগের দেশ মধ্যে অন্য কোন জাতিকে প্রবেশ করিতে দেয় না। এজন্য সময়ে২ গুরুতর সংগ্রাম হইয়াছে, তথায় আমারদিগের রাজপুরুষেরা তাহাতে কৃতকার্য্য হইতে পারেন নাই।

অল্প দিবস হইল চীনদেশের বৃটিশ গবর্ণমেণ্টের প্রধান কর্ম্মচারী সাহেব প্রতিজ্ঞা করিয়াছিলেন, যে বাহুবল প্রকাশ পূর্ব্বক সন্ধিপত্রের প্রতিজ্ঞা রক্ষা করিবেন। তাঁহার ঐ অভিলাষ অবগত হইয়া চীনদেশের রাজকার্য্যের অধ্যক্ষেরা তাঁহাকে অনেক নিষেধ করিয়াছিলেন, তাঁহারা বলিয়াছিলেন, যে ঐ সাহেবের পিকিন রাজধানী গমনের কোন আবশ্যকতা নাই, তথায় নৃপতির সহিত তাঁহার সাক্ষাৎ হইবেক না, তাঁহার যে কোন কথা থাকে কাণ্টনের গবর্ণর অথবা নৃপতি বাহাদুর যে কমিসনরকে প্রেরণ করিয়াছেন, তাঁহাকে বলিলেই হইবেক। তিনি নৃপতির নিকটে এরূপ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন, যে সন্ধিপত্রে রাজপ্রতিনিধিরূপে স্বাক্ষর করিবেন, আর কাণ্টন নগর গমনে সাহেবের যদি একান্ত মানস হয়, তবে পিহু নদ দিয়া যাইবেন না, কমিসনরের সমভিব্যাহারে অধিক লোক লইয়া গেলে বিবাদ হইবার সম্ভাবনা।

বৃটিশ কর্ম্মচারী সাহেব এই নিষেধ বাক্য কিছুই শ্রবণ করিলেন না, তিনি রণতরীর অধ্যক্ষ সাহেবকে সমভিব্যাহারে লইয়া পিহু নদ মুখে উপস্থিত হইলেন, এবং বলের দ্বারা তৎপ্রবেশ চেষ্টা করিতে লাগিলেন, চীনীয়েরা ঐ নদ মুখে এক শৃঙ্খল দিয়াছিলেন, তিনি তাহা কাটিয়াছিলেন, সুতরাং সমরানল প্রবল ভাবে প্রজ্বলিত হইয়া উঠিল। ঐ চীনদেশীয় সৈন্যগণ সাহেবের প্রতিজ্ঞার কথা অবগত হইয়া পূর্ব্বেই ঐ স্থানের দুর্গ আশ্রয় করিয়াছিল, সেই দুর্গ হইতে তাহারা অবিশ্রান্ত রূপে গোলাবৃষ্টি করিতে আরম্ভ করিল ঐ যুদ্ধ বিবরণ আমরা ইতিপূর্ব্বে প্রভাকরে প্রকাশ করিয়াছিলাম। পাঠক মহাশয়দিগের বিশেষ স্মরণ হইতে পারিবেক, সুতরাং এই স্থলে আর পুনরুল্লেখ করা আবশ্যক বোধ করিলাম না।

ঐ সংগ্রামে বৃটিশ সেনারা সম্পূর্ণরূপেই পরাজয় স্বীকার করেন, একদল ফ্রেঞ্চ নাবিক সেনা তাঁহারদিগের সহিত মিলিত হওয়াতে তাহাতে বিলক্ষণ রূপে শিক্ষা প্রাপ্ত হইয়াছেন।

এই পরাজয় সংবাদ বিলাতে প্রেরিত হইলে মহারাণী ইংলণ্ডেশ্বরী এবং মহারাজ লুইস নেপোলিয়ান তাহা অত্যন্ত অপমানজনক বিবেচনা করিয়া চীন জাতিকে বিশেষরূপে শিক্ষা প্রদানার্থ সেনাগণকে সজ্জীভূত হইতে আদেশ করেন, মহারাণী ইংলণ্ডে প্রধান কর্ম্মচারিরা চীনদেশে সৈন্য প্রেরণার্থ ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে পত্র লিখিয়াছিলেন, এবং সেই আদেশানুসারে এখান হইতে একদল সৈন্য চীনদেশে গমন করিয়াছে, আর কয়েক শ্রেণী সৈন্য গমনার্থ কলিকাতায় আসিয়াছে তাহারদিগের মধ্যে শীক সেনা বিস্তর আছে। শীকেরা কোন কালে বৃটিশ সেনাপতি সাহেবের অধীনে বিদেশ গমন পূর্ব্বক যুদ্ধ করে নাই, অতএব তাহারা চীনদেশে গমন করে কি না তাহা বলা যায় না। ব্রহ্মদেশের যুদ্ধ সময়ে একদল শীক সেনা আপনারদিগের ইচ্ছায়ত গমন করিয়াছিল বটে, কিন্তু তথায় তাহারা যশোলাভ করিতে পারে নাই, চীনদেশে সংগ্রামের অনেক আয়োজন হইতেছে। গবর্ণমেণ্ট বিস্তর জাহাজ ভাড়া লইয়াছেন তাহাতে এই ধনাভাব সময়ে রাজকোষ হইতে বিপুলার্থ ব্যয় হইবেক, কিন্তু ঐ সংগ্রাম বিষয়ে গবর্ণর জেনেরল অথবা প্রধান সেনাপতি কিম্বা রাজকার্য্যের প্রধান২ কর্ম্মচারিগণের বিশেষ মনোযোগ কিছুই নাই। গবর্ণর জেনেরল বাহাদুর বহুসৈন্য ও সামন্তগণকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া আপনার অধিকার ভ্রমণ করিতেছেন, প্রধান সেনাপতি সাহেব অন্যত্র গিয়াছেন, সংবাদ পত্রে প্রকাশ হইয়াছিল যে চীনদেশে এই তুমুল যুদ্ধ ভার কৌন্সেলের প্রধান মেম্বর মেজর জেনেরল সর্ জেমস্ আউটরাম সাহেবের প্রতি সমর্পিত হইয়াছে, তিনি তাহাতে কিরূপ মনোযোগ করিতেছেন তাহা আমরা বিশেষ জানিতে পারি নাই।

ফ্রেঞ্চ সেনাগণ চীনদেশগমনের আদেশ প্রাপ্ত হইয়া জাহাজারোহণ করিয়াছে বটে, কিন্তু তাহারা এপর্য্যন্ত স্বদেশের সীমা অতিক্রম করিতে পারে নাই, কোন নূতন প্রকার যুদ্ধ উপস্থিত হইলে রাজভবনে ও প্রজা সমাজে তাহার বিষয় লইয়া বাহুল্যরূপে আন্দোলিত হয়, কিন্তু চীনদেশের তৃতীয় সংগ্রামের কথা কোন স্থানেই শ্রবণ করা যায় না, পিহু নদমুখে বৃটিশ ও ফ্রেঞ্চ সেনারা সংগ্রামে পরাভূত হওয়াতে অপমান প্রাপ্ত হইয়াছে, তাহারা কি তাহা মৌনভাবে সহ্য করিবেক না তাহার প্রতিশোধ গ্রহণ করিবেক না? কি আশ্চর্য্য চীনদেশের উপস্থিত সংগ্রাম বিষয়ে সংবাদ পত্র সম্পাদকেরা নানারূপ অনুমান করিতেছেন, কিন্তু প্রায় সকলেই লিখিয়াছেন, যে ঐ সংগ্রাম যদি উপস্থিত হয়, তথাচ তাহা বহুদিবস স্থায়ী হইবেক না, অল্প কালের মধ্যেই সন্ধিরূপ শান্তিজলে তাহা নির্ব্বাণ প্রাপ্ত হইবেক, আমেরিকান গবর্ণমেণ্টের প্রতিনিধি কর্ম্মচারী সাহেব যিনি এইক্ষণে চীনদেশে আছেন, তিনি মধ্যস্থ হইয়াছেন। এমত প্রকাশ যে তিনি বিনা সংগ্রামেই সকল বিবাদ শেষ করিয়া দিবেন, কিন্তু সেনারা যখন অস্ত্রধারি হইয়া চীনদেশে গমন করিতেছে, এবং তাহারদিগকে প্রেরণার্থ গবর্ণমেণ্ট বিপুল বিত্ত ব্যয় করিতেছেন, তখন সংগ্রাম না হইবার কথা আমরা কোন ক্রমেই বিশ্বাস করিতে পারি না, যাহাহউক যে বাণিজ্য বিষয়ের নিয়ম লইয়া এই বিবাদের সূত্রপাত হইয়াছে চীনেশ্বর সেই বাণিজ্য বিষয়ক নিয়মাদি প্রতিপালন করিলেই সকল বিবাদ শেষ হইয়া যাইবেক, তাহার কোন সন্দেহ নাই।

গত গুরুবাসরীয় ফ্রেণ্ড আব ইণ্ডিয়া পত্রে তৎসম্পাদক মহাশয় লিখিয়াছেন যে কয়েক বৎসর হইল মেং জন বাইট সাহেব মহাসভা পার্লিয়ামেণ্টে দণ্ডায়মান হইয়া বক্তৃতা সময়ে ব্যক্ত করিয়াছিলেন যে ইণ্ডিয়া হৌস নামক দীর্ঘ নিকেতন রাখিবার কোন প্রয়োজন নাই।

সাহেবের এই প্রস্তাবে অনেকে পরিহাস বাক্য বিন্যাস করিয়াছিলেন। ইণ্ডিয়া হৌস, যে স্থান হইতে এই ভারতবর্ষের সমুদায় রাজকার্য্যের বিধান হইয়া থাকে, তাহা বিক্রীত হইবেক ইহা কেহই বিবেচনা করেন নাই, কিন্তু কি চমৎকার, কালের কার্য্য কি আশ্চর্য্য, অধুনা ঐ নিকেতন বিক্রয় হইবার অনুষ্ঠান হইয়াছে, তাহার নিমিত্তে ২৭০০০০০ টাকা ব্যয় হইয়াছে, পাঠক মহাশয়েরা অনায়াসে বিবেচনা করিতে পারিবেন, ভারতবর্ষের ধনে লণ্ডন নগরে এমত উৎকৃষ্ট বাটী নির্ম্মিত হইয়াছে, কিন্তু এই কলিকাতা নগর যাহা সমস্ত ভারতবর্ষের রাজধানী বলিয়া পরিগণ্য এই রাজধানী মধ্যে তাহার তুল্য একটী নিকেতন নাই এইক্ষণে যদি ইংরাজেরা এই রাজ্য পরিত্যাগ পূর্ব্বক স্বদেশে প্রস্থান করেন, তবে দশ বৎসর পরে তাঁহারদিগের এদেশে অধিকারের চিহ্নও থাকিবে না।

আমারদিগের লেপ্টেনেণ্ট গবর্ণর বাহাদুর পাটনা বিভাগের কমিসনর সাহেবকে পত্র লিখিয়াছেন যে রাজ পথের স্থানে স্থানে কর স্থাপনের যে নিয়ম বহুদিবস হইল অবধারিত হইয়াছে, তাহা বেহারাঞ্চলে প্রচার করা অতি আবশ্যক হইয়াছে, অতএব তাহার অধিকার মধ্যে প্রকাশ্য রাজপথের কোন২ স্থানে ঐ কর গ্রহণার্থ দ্বার নির্ম্মিত হইতে পারে, এবং তাহা হইলে প্রতি বৎসর যত টাকা উৎপন্ন হয় তাহা নিরূপণ করিয়া এক রিপোর্ট অবিলম্বে বাঙ্গাল গবর্ণমেণ্টের নিকটে প্রেরণ করিবেন, এই সংবাদ পাটনা ও বেহারাঞ্চলবাসি প্রজাদিগের পক্ষে নিতান্ত নিরানন্দজনক বলিতে হইবেক। রাজপথে গাড়ি ঘোড়া ও বলদ এবং মোটবাহকদিগের প্রতি কর স্থাপনের নিয়ম যাহা আমরা কোন কালে শ্রবণ করি নাই বৃটিশ গবর্ণমেণ্টের অধিকারে কেবল তাহাই নিরূপিত হইবেক এমত নহে, তামাকের কর বণিক ও ব্যবসায়িদিগের বাণিজ্য করিবার অনুমতি পত্র গ্রহণ সময়ে এক প্রকার কর ও তাহারা সেই ব্যবসায় দ্বারা যাহা উপার্জ্জন করিবেক তাহার প্রতি আবার স্বতন্ত্র প্রকার কর নিরূপিত হইবেক। এই প্রকার করে করে প্রজানিকর প্রপীড়িত হইলে তাহারদিগের সুখসাচ্ছন্দ্য কিছুই থাকিবেক না, দুঃখি প্রজাগণ অবিশ্রান্ত রূপে পরিশ্রম করিয়া প্রতি দিবস যাহা উপার্জ্জন করিবেক, রাজকর প্রদানেই তাহার অধিকাংশ শেষ হইয়া যাইবেক; তাহার পর যাহা অবশিষ্ট থাকিবেক, তাহার দ্বারা তাহারদিগের গ্রাসাচ্ছাদন নির্ব্বাহ হওয়া অত্যন্ত কঠিন হইবেক, সুতরাং নূতন নিয়মাদির দ্বারা প্রজাদিগের যে প্রকার সুখ বৃদ্ধি হইবেক, তাহা পাঠক মহাশয়েরা অনায়াসেই বিবেচনা করিতে পারিবেন। আমরা অবগত হইলাম কেবল বেহারাঞ্চলেই রাজপথের স্থানে স্থানে কর গ্রহণের নিয়ম প্রচলিত হইবেক এমত নহে ঐ নিয়ম যে সকল স্থানে এপর্য্যন্ত চলিত হয় নাই গবর্ণমেণ্ট সে সমস্ত স্থানেও প্রচলিত হওনের আদেশ করিয়াছেন।

আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুর পেসোবারে উপস্থিত হইয়া প্রকাশ্যরূপে দরবার করিয়াছিলেন সেই দরবারে তথাকার খাঁ ও প্রধান কল্প ব্যক্তিগণ উপস্থিত হইলে শ্রীশ্রীযুত যথাসম্মানে তাঁহারদিগের সকলকে গ্রহণ করিয়াছিলেন, এবং প্রবল বিদ্রোহ ঘটনা সময়ে তাঁহারা রাজানুগত স্বভাব প্রকাশ করাতে তাঁহারদিগের নিকটে বিশেষ বাধ্যতা স্বীকারও করিয়াছেন, তিনি তাঁহারদিগকে সম্বোধনপূর্ব্বক যে দীর্ঘ বক্তৃতা করেন, তাহাতে প্রকাশ হইয়াছে "এই পেসোবারের প্রান্তভাগে অনেক দুষ্টলোক বাস করে তাহারদিগের সহিত সাক্ষাৎ হইলে নিষেধ করিয়া দিবে যে তাহারা বুদ্ধিদোষে শান্তিভঙ্গ না করে যদি অন্যায়াচরণে প্রবৃত্ত হয় তবে তাহার সমুচিত শাস্তিপ্রাপ্ত হইবেক কোন ইংরাজ যদি তাহারদিগের প্রতি কোন প্রকার অত্যাচার করে তবে বিচারপূর্ব্বক অপরাধির সমুচিত দণ্ড করণে সম্মত আছি কিন্তু শান্তিভঙ্গ হয় ইহা আমার অভিপ্রায় নহে।"

Printed and Published by RAMCHUNDER Goopto at the *Probhakur* Press

সংবাদ প্রভাকর

প্রাত্যহিক পত্র

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীযদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসেন ডিয়ার দুর্গাচরণ মাদের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ।০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৭৬ সংখ্যা] সোমবার ১৪ চৈত্র ১২৬৬ সাল। ইং ২৬ মার্চ্চ ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৸ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন

২০০ দুইশত মুদ্রা পারিতোষিক।

"তারাহরণ,,

ইত্যভিধেয় একখানি উৎকৃষ্ট নাটক যিনি ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের লিখিত মতে সুললিত বঙ্গভাষার গদ্য পদ্যে রচনা করিবেন, তিনি উপরোক্ত পারিতোষিক প্রাপ্ত হইবেন। দেবগুরু বৃহস্পতি দ্বারা তারা দ্বারানাথ দ্বারা অপহৃতা হওনের আখ্যায়িকা এই নাটকের উপাখ্যান হইবেক। পুস্তকের পরিমাণ ৮ পেজি করনার দুইশত পৃষ্ঠের ন্যূন না হয়। রচনার উৎকৃষ্ট ত্বাপকৃষ্টত্ব পরীক্ষা জন্য ভাস্কর যন্ত্রালয়ে কমিটী স্থাপন হইবে। ১২৬৭ সালের আশ্বিন মাসের মধ্যে রচনা উক্ত যন্ত্রে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না। যাঁহার রচনা মনোনীত হইবেক তিনি স্বীয় ব্যয়ে নাটক মুদ্রিত করিলে গ্রন্থ স্বত্ব পাইবেন। তদন্যথায় পারিতোষিক প্রদাতা স্বত্বাধিকারী হইবেন।

শ্রীশম্ভুচন্দ্র রায় চৌধুরী।
জমীদার।

বাকিনীয়া, ভূগোলোক বাটী,
জেলা রঙ্গপুর
১৫ফাল্গুণ
১২৬৬শাল।

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল ট্রেজুরির মিলিটরি এক্কৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১॥০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন। যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সহর কলিকাতার বহুবাজারে জেলা যশোহর নিবাসিনী শারদাসুন্দরী দেবী মহাশয়া আপন ব্যয়দ্বারায় একটা ইংরাজী দাতব্য খানা স্থাপিত করিয়া শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন ডাক্তার মহাশয়কে ঐ কার্য্যের ভারার্পণ করিয়াছেন তথায় সকল প্রকার রোগের ঔষধ চিকিৎসা ও অস্ত্র চিকিৎসা হইবেক, এবং প্রত্যহ বেলা ৫ অবধি ১০টা পর্য্যন্ত খোলা থাকিবেক ইহা

র মধ্যে যত রোগী যাইবেন বিনামূল্যে উত্তমরূপে চিকিৎসা তাঁহাদের হইবেক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ..... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ১৷০
নলিনীকান্ত শূঙ্গার ওকরুণা রাশ্রিত সরীন উপাখ্যান ১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।
সন১৮৫৯ সালের ৯।১০।১১।১৪ আইন ১৷৷০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত....৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ ৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক ১

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তপ্রণীত শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation....) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।৶
একেই কি বলে সভ্যতা? (ঐ).... ॥০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

সংবাদপ্রভাকর

১৪ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

সুসভ্য নৃপতিগণ সময়ে২ প্রজাদিগের অবস্থার তথ্যানুসন্ধান করিয়া থাকেন। কোন্ প্রজা কিরূপ উপায় দ্বারা জীবিকা নির্ব্বাহ করে তাহা অবগত হইতে পারিলে রাজ নিয়মাদি নির্দ্ধারণ কল্পে কোন ব্যাঘাত জন্মে না। রাজ্যমধ্যে বণিক ব্যবসায়ী, ভূম্যধিকারী, কৃষক এবং শ্রমজীবী লোক কত, আর কত লোকেই বা রাজ দ্বারে এবং অন্যের নিকটে দাসত্ব স্বীকার করিয়া সংসার যাত্রা নির্ব্বাহ করে, তাহা অনায়াসে জানা যায়। হীনবৃত্তি অবলম্বিগণ, যাহারা রাজ্যের কণ্টক স্বরূপ হইয়াছে, পরস্বাপহরণ প্রভৃতি দুষ্ক্রিয়া করিয়া থাকে, রাজা তাহারদিগকেও জানিতে পারেন, এবং তাহারদিগের দমনার্থ নিয়মাদি নির্দ্ধারণেও সমর্থ হয়েন। প্রজাদিগের অবস্থার অনুসন্ধান করিলে এইপ্রকার বিবিধ উপকার হয়, একারণ যবন নৃপতিদিগের মধ্যে যাঁহারা প্রজা সমাজে বিলক্ষণ প্রতিষ্ঠাভাজন হইয়াছিলেন, তাঁহারা প্রায় অনেকেই ছদ্মবেশে রাজধানী ও অন্যান্য স্থান ভ্রমণ করিয়া প্রজাদিগের অবস্থা অনুসন্ধান করিয়াছেন। ঐ নৃপতিরা একং প্রজার বাটীতে অতিথি সৎকার গ্রহণ করিয়া তাহার আন্তরিক ভাব ও বৈষয়িক সমস্ত বিবরণ অবগত না হইয়া আসিতেন না।

সুসভ্য বৃটিশ জাতি বহুকাল এদেশের অধীশ্বর হইয়াছেন, কিন্তু প্রজার অবস্থার বিষয় জানিবারজন্য তাঁহারা এপর্য্যন্ত কোন অনুষ্ঠানই করেন নাই। বৃটিশ জাতির শাসনাধীনে প্রজাগণ সুখে আছে, কি দুঃখ ভোগ করিতেছে, ইহার অনুসন্ধান নিমিত্ত বিলাতে কতিপয় অতি বিচক্ষণ ব্যক্তি এক সভা করিয়াছিলেন, পাঠক মহাশয়দিগের স্মরণ হইতে পারিবেক। সেই সভার এক জন মেম্বর মান্যবর জর্জ তামসন সাহেব মৃত মহাত্মা দ্বারকানাথ ঠাকুর মহাশয়ের সমভিব্যাহারে এদেশে আসিয়া প্রজাদিগের অবস্থার বিষয় অবগত হইবার নিমিত্ত অনেক স্থান ভ্রমণ করিয়াছিলেন, কিন্তু তাঁহার প্রতি গবর্ণমেণ্ট বিহিতরূপ সাহায্য না করাতে, তিনি অভিলষিত বিষয়ে কৃত কার্য্য হইতে পারেন নাই, তিনি যাহা দেখিয়া গিয়াছেন, তাহা তাঁহার পক্ষে সন্তোষ জনক না হওয়াতে, তিনি আপনার বন্ধুতায় গবর্ণমেণ্টের প্রতি আক্ষেপ করিতে ত্রুটি করেন নাই। তিনি বলিয়াছেন যে বৃটিশ জাতির শাসনাধীন হইয়া ভারতবর্ষবাসি প্রজাদিগের সুখ ভোগ করা দূরে থাকুক, তাঁহারা দিন২ দীন হইয়া আসিতেছেন।

মেং তামসন সাহেব এদেশ হইতে বিলাত গমন করিলে পর মহাসভা পার্লিয়ামেণ্ট ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানিদিগের চার্টর পরিবর্ত্তনের প্রস্তাব উপস্থিত হয়, এবং তথাকার মেম্বর মহাশয়েরা ভারতবর্ষ-বাসি প্রজাদিগের অবস্থা ও এখানকার গবর্ণমেণ্টের শাসন প্রণালী অবগত হইবার নিমিত্ত এক কমিটি নিযুক্ত করেন। ঐ সময়ে সংবাদপত্রে প্রকাশ হইয়াছিল, ঐ কমিটির কয়েক জন মেম্বর এদেশে আসিবেন, তাঁহারা প্রজাদিগের অবস্থা স্বচক্ষে দর্শন এবং গবর্ণমেণ্টের রাজ্যশাসন প্রণালীর বিষয় প্রজার মুখে শুনিয়া যাইবেন, পরিশেষে চার্টর ঘটিত প্রস্তাবের বিচার হইবেক। আমরা এই সংবাদ পাঠ করিয়া বিশেষ সন্তুষ্ট হইয়াছিলাম, কিন্তু এতদ্দেশীয় ব্যক্তিদিগের নিতান্ত দুরবস্থা বশতঃ তাহা কিছুই হইল না। মান্যবর মেং হালিডে এবং ফ্রেণ্ড অব ইণ্ডিয়া পত্রের পুরাতন সম্পাদক মেং মার্সম্যান প্রভৃতি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানিদিগের কতিপয় শুভানুধ্যায়ি বন্ধু উক্ত কমিটির সমীপে উপস্থিত হইয়া যাহা বলিলেন তাহাই গ্রাহ্য হইল।

কোম্পানিদিগের চার্টর ঘটিত প্রস্তাবের পর ভারতবর্ষের প্রজাদিগের অবস্থা বিষয়ের অনুসন্ধান করিবার প্রস্তাব ভারতবর্ষে কি বিলাতে উত্থাপিত হয় নাই, কেবল সংবাদ পত্র সম্পাদকগণ ঐ বিষয় লইয়া সময়ে২ আন্দোলন করিয়াছেন। পরে সেপাহিদিগের দ্বারা ভয়ানক বিদ্রোহকাণ্ড উপস্থিত হইলে বিলাতের টাইমস নামক সংবাদ পত্রের অধ্যক্ষগণ এদেশ হইতে সংবাদাদি পাইবার নিমিত্ত মেং রসল সাহেবকে প্রেরণ করেন। তিনি এখানে আগমন পূর্ব্বক কেবল সংগ্রাম ঘটিত বিষয়েরই অনুসন্ধান করিয়াছিলেন, এমত নহে, বৃটিশ গবর্ণমেণ্টের শাসনাধীনে প্রজারা কি প্রকার অবস্থায় অবস্থান করিতেছে, তাহারদিগের সুখসাচ্ছন্দ্য বিধানি নিমিত্ত গবর্ণমেণ্ট কিরূপ নিয়মাদি নির্দ্দিষ্ট করিয়াছেন, ইংরাজ ও এতদ্দেশীয় ব্যক্তিদিগের পরস্পর কি প্রকার সদ্ভাব জন্মিয়াছে, তিনি প্রজাদিগের কুটীরদ্বারে গমন করিয়া এই সমস্ত বিষয়ের অনুসন্ধান করাতে অনেকে অনুমান করিয়াছিলেন, যে মহাসভা পার্লিয়ামেণ্টের মেম্বর মহাশয়েরা প্রজাদিগের অবস্থার বিষয় জানিবার নিমিত্ত মেং রসল সাহেবকে এদেশে পাঠাইয়াছেন। তিনি পার্লিয়ামেণ্টের দ্বারা প্রেরিত না হউন ফলতঃ তিনি এদেশে আগমন করাতে এক প্রকার উপকার দর্শিয়াছে। তিনি টাইমস পত্রে প্রজাদিগের অবস্থা ঘটিত যে সকল পত্র প্রকাশ করিয়াছেন, তাহাতে বিলাত বাসি ব্যক্তিগণ জানিতে পারিয়াছেন, যে বৃটিশ জাতির শাসনাধীনে প্রজারা সুখি নহেন। বিশেষতঃ এই বিদ্রোহ ঘটনার পর ইংরাজ ও এদেশবাসি লোকদিগের মধ্যে পরস্পর যে ভয়ানক বিদ্বেষভাব উদয় হইয়াছে, তাহা আরো অনিষ্টজনক হইয়াছে।

আমারদিগের রাজপুরুষেরা প্রজাদিগের অবস্থা বিষয়ের অনুসন্ধান জন্য কোন অনুষ্ঠান করেন নাই, কিন্তু সময়ে২ যে সকল সাহেব ঐ বিষয়ের তথ্যানুসন্ধানে প্রবৃত্ত হইয়াছেন, তাঁহারা ভাবতেই মুক্তকণ্ঠে ব্যক্ত করিয়াছেন, যে বৃটিশ অধিকারে প্রজারা কিছুমাত্র সুখি নহে। ফলতঃ কি চমৎকার, কি রহস্য বিষয়, মান্যবর মেং উইলসন সাহেব ভারতবর্ষে তিন দিবস পদার্পণ না করিয়াই একেবারে সিদ্ধান্ত করিয়াছেন, যে বৃটিশ রাজের শাসনাধীনে প্রজাগণ পরম সুখভোগ করিতেছে, তিনি আপনার বক্তৃতায় ব্যক্ত করিয়াছেন, যে কলিকাতা হইতে লাহোরে এবং লাহোর হইতে প্রত্যাগমন সময়ে অনেক২ প্রধান স্থান দেখিয়া আসিয়াছেন, সর্ব্ব স্থানই বহুজনাকীর্ণ এবং বাণিজ্য কোলাহলে পরিপূর্ণ, প্রজাগণ পরমসুখে বসতি করিতেছে, যে দেশের প্রজাপুঞ্জের এরূপ অবস্থা এবং যে দেশ অবনীমণ্ডলে বাণিজ্য প্রধান বলিয়া পরিগণ্য সে দেশে রাজকোষে ধনাভাব আশ্চর্য্য প্রজাদিগের আয়ের প্রতি কিঞ্চিৎ২ কর নির্দ্ধারণ করিলে একেবারে এই সকল অভাব মোচন হইয়া যায়, রাজভাণ্ডারে আর ধনের অভাব থাকে না। অতএব প্রজার অবস্থা অবধারণে মেং উইলসন সাহেব যেরূপ নিপুণ তাঁহার এই বক্তৃতার দ্বারাই পাঠক মহাশয়েরা বিশিষ্টরূপে অবগত হইতে পারিবেন, মেং জর্জ তামসন সাহেব বিশেষানুসন্ধান পূর্ব্বক যাহা ব্যক্ত করিয়াছেন, তিনি একেবারে তাহা অমান্য করিয়াছেন, বিদ্রোহ ঘটনা জন্য অনেক স্থানে অনেক প্রজা সর্ব্বস্বান্ত হইয়াছে, কত লোকের প্রাণ বিয়োগ হইয়াছে, তাহার সংখ্যা করা যায় না, আহারাভাবে চারি দিকে হাহাকার শব্দ উঠিয়াছে, সাহেব তাহার কিছুই দর্শন বা শ্রবণ অথবা বিবেচনা করেন নাই।

বিশ্ববিদ্যালয়ের ল্যা-ডিগরির পরীক্ষা।—আমরা কলিকাতা ইউ

নিবর্সিটির বেচিলার অফ্‌লা উপাধির গত পরীক্ষায় অত্যন্ত সহজ প্রশ্নাবলী দর্শন করিয়া মনে করিয়াছিলাম, যে এবৎসর কলিকাতা প্রেসিডেন্সি কালেজের লা-ডিপার্টমেণ্টের অনেক ছাত্র প্রতিষ্ঠা পত্র পাইবার যোগ্য হইবেন। কিন্তু দ্বাবিংশতি জন ছাত্রের মধ্যে দশ জন ছাত্র পরীক্ষকদিগের অভিমতানুসারে প্রতিষ্ঠা পত্র পাইবার যোগ্য হইয়াছেন। গত বৎসর যদিও কঠিন প্রশ্নাবলী প্রদত্ত হইয়াছিল— মেং থিওবোল্ড সাহেব পরীক্ষক ছিলেন, তাঁহার মতানুসারে বিংশতি জন ছাত্রের মধ্যে তিন জন ছাত্র প্রতিষ্ঠাপত্র পাইবার উপযুক্ত হইয়াছিলেন, তথাপি পূর্ব্বোক্ত বিংশতি জন ছাত্রের মধ্যে ত্রয়োদশ জন ছাত্র সর্ব্বশুদ্ধ ছয় শত নম্বরের মধ্যে তিন শত নম্বর পাইয়াছিলেন, এবৎসর ইউনিবর্সিটির কর্ত্তৃপক্ষেরা উক্ত সর্ব্বশুদ্ধ ছয়শত নম্বরের মধ্যে তিন শত নম্বর ষ্টাণ্ডার্ড স্বরূপ নিরূপণ করিয়াছেন। উপরোক্ত তিনশত নম্বর প্রাপ্ত হইলে, পরীক্ষার্থিরা প্রতিষ্ঠা পত্র পাইবার যোগ্য হইবেন, কিন্তু কি আশ্চর্য্য, বাইশজন ছাত্রের মধ্যে কেবল দশজন মাত্র উক্ত তিন শত নম্বর পাইয়াছেন। হে পাঠকবর্গ ইহার কারণ কি? প্রেসিডেন্সি কালেজে আইন শিক্ষা কি সুচারুরূপে প্রদত্ত হয় না? প্রিন্সিপাল কি কালেজের শিক্ষোন্নতি সাধনে যত্ন করেন না?—ডাইরেক্টর অফ্ পবলিক ইনিষ্ট্রকসন্ কি কালেজের প্রতি কিঞ্চিন্মাত্র মনোযোগ করেন না? কালেজের আইন শিক্ষা প্রণালী দিন দিন উৎকৃষ্ট হইবে ইহাই আমাদের একান্ত বাসনা, কিন্তু ইহার উন্নতি না হইয়া ক্রমে অবনতি হইতেছে! এই পরীক্ষাই ইহার সাক্ষী। সুপ্রীম কোর্টের দুই জন উপযুক্ত কৌন্সলী কালেজের লা-প্রোফেসরের কার্য্যে নিযুক্ত আছেন। ছাত্রেরা তাহাদের নিকট ক্রমিক তিন বৎসর আইন শিক্ষা গ্রহণ করেন, প্রতি বৎসর কালেজের শেসনের শেষ ভাগে শিক্ষকদিগের নিকট পরীক্ষায় উত্তীর্ণ হন, এবং এইরূপে তিন বৎসরের গুপ্ত পরীক্ষা গৃহীত হইলে ইউনিবর্সিটিতে পরীক্ষা দিবার অনুমতি পত্র পান। তবে কি নিমিত্তে এ বৎসর ইউনিবর্সিটির এরূপ সহজ পরীক্ষাতেও এরূপ দুর্ঘটনা ঘটিল?

আমরা কোন বিশ্বস্ত লোক প্রমুখাৎ শুনিয়া দুঃখিত হইলাম, চোরবাগান বাসী একজন প্রবীণ বীণাবাদক সর্পদংশনে পঞ্চত্ব পাইয়াছে। উক্ত দুর্ভাগ্য একটী গোক্ষুরা সর্প পুষিয়া ছিল। তাঁহার বিষদন্ত ভাঙ্গিয়া আপন সমভিব্যাহারে করিয়া বেড়াইত। বোধ হয় অনেক দিন কর্ত্তন না করাতে সর্পের কিঞ্চিৎ দন্ত উঠিয়াছিল, সেই দন্তই তাহার অন্ত করিল।

আসিয়াটিক সোসাইর মেম্বটির মহাশয়েরা গবর্ণমেণ্টকে অনুরোধ করিয়াছেন, যে এইক্ষণে যে সেনাগণ চীনদেশীয় সংগ্রামে গমন করিতেছে, তাহারদিগের সমভিব্যাহারে এক জন স্বভাবজ্ঞ (নেচরলিষ্ট) উপযুক্ত ইংরাজ গমন করিলে উত্তম হয়, তাঁহারা মেং রাইট নামক এক জন উপযুক্ত সাহেবকে মনোনীত করিয়াছেন, তাহাকে মাসিক ৫০০ টাকা বেতন ও গমনাগমনের নৌকাভাড়া প্রদান করিবেক, সোসাইটির এই উত্তমাভিপ্রায়ে গবর্ণমেণ্ট সম্মতই হইবেক তাহার সন্দেহ নাই।

হরকরার অতিরেক পত্র পাঠে অবগতি হইল, ফরিদপুর প্রদেশে গোলযোগ হইবার উপক্রম হইয়াছে। হরকরা সম্পাদক জনশ্রুতি ও পত্র প্রেরকের সংবাদানুসারে লিখিয়াছেন, বিখ্যাত তেজস্বী কামরূপ সৈন্যদল কতকগুলি দেশীয় লাঠিয়াল সমক্ষে দেশমধ্যে প্রবৃত্ত হইয়া উপদ্রব করিতেছে। এ সংবাদ যদি সত্য হয় তবে অমঙ্গল সংবাদ বলিতে হইবে

Printedand Published by RAMCHUNDER GOOPTO at the *Probhahur* Press

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

[illegible] প্রভাকর পত্র [illegible] ব্যতীত প্রতি [illegible] কলিকাতা [illegible] অন্তঃপাতি [illegible] দুর্গাচরণ [illegible] ষ্ট্রিটে ৪২ নং [illegible] সম্পাদক শ্রীযুত [illegible] গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

[illegible] এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৭৭ সংখ্যা] মঙ্গলবার ১৫ চৈত্র ১২৬৬ সাল। ইং ২৭ মার্চ্চ ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ্চ মাসের ২৯ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিমকোর্ট অর্থাৎ বড় আদালতের ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির সম্পত্তির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক এক খান পরওয়ানার ক্ষমতানুসারে পবলিক সেলে অর্থাৎ প্রকাশ্য নীলাম দ্বারা নিম্নের লিখিত ভূমি সম্পত্তি সকল বিক্রয় করিবেন।

১ দফা। জিলা হুগলির অন্তর্গত বেলিয়া পরগণার সামিল ঘোষপুর নাকিমের মধ্যে যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি তাহার পরিমাণ অনুমান দুই বিঘা তাহার কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২ দফা। আরো উপরোক্ত ব্যতীত পূর্ব্বোক্ত জিলার অন্তর্গত উক্ত পরগণার সামিল ঘোষপুর গ্রামের মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি তাহার পরিমাণ অনুমান ১৲ এক বিঘা তাহার কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৩ দফা। আরো উপরোক্ত ব্যতীত পূর্ব্বোক্ত জিলার অন্তর্গত ভান্দারগাছা পরগণার সামিল ঘোষপুর গ্রামের মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি আছে তাহার পরিমাণ অনুমান ৪৲ চারি বিঘা তাহার কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৪ দফা। আরো উপরোক্ত ব্যতীত পূর্ব্বোক্ত জিলার অন্তর্গত উক্ত পরগণার সামিল ঘোষপুর নামক স্থানের মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি আছে তাহার পরিমাণ অনুমান ৪৲ চারি বিঘা তাহার কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৫৫৯

৫ দকা। আরো উপরোক্ত ব্যতীত পূর্ব্বোক্ত জিলার অন্তর্গত উক্ত পরগণার সামিল ঘোষপুর নামক স্থানের মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি তাহার পরিমাণ অনুমান ৮৷৷ আট বিঘা তাহার কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

বিক্রয়ের নিয়মাদি ও অন্যান্য বৃত্তান্ত সরিফ আফিসে আবেদন করিলে জ্ঞাত হইতে পারিবেন।

G. BROWN.
Sheriff.
জি. ব্রাউন।
সরিফ।

কলিকাতা
সরিফ আফিস
১৪ মার্চ্চ ১৮৩০ সাল

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামী ২৯ মার্চ্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিমকোর্টের নীচের বারাণ্ডার সরিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব কুসুই মিস্ত্রীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরওয়ানার ক্ষমতানুসারে পবলিক সেলে অর্থাৎ প্রকাশ্য নীলাম দ্বারা নিম্নলিখিত সম্পত্তি বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা ২৪-পরগণার অন্তঃপাতি তিল জলা নামক স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড বন্দ বাগান ভূমি তাহার পরিমাণ অনুমান ২/৩ দুই বিঘা তিন কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে দুই খানা গোলপাতার ঘর পুষ্করিণী ও নানা জাতিয় বৃক্ষাদি আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী কুসুই মিস্ত্রীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অনুসন্ধান করিলে সকলে এই বিষয় বিক্রয়ের অন্যান্য বৃত্তান্ত অবগত হইতে পারিবেন।

G. BROWN.
Sheriff.
জি, ব্রাউণ।
সরিফ।

কলিকাতা
সরিফ্ আফিস
৬ মার্চ্চ ১৮৩০ সাল

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল ট্রেজুরির মিলিটরি অডিটর জেনেরেল আফিসে পত্র প্রেরণ কিম্বা আমার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১৷৷০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন। যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর	১
শুকেতিহাস	॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড	১৷০
নলিনীকান্ত শৃঙ্গার ওকরুণা রসাশ্রিত নবীন উপাখ্যান	১
পল্লীগ্রামস্থ আঁহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।	
সন১৮৫৯ সালের ৯।১০।১১।১৪ আইন	১৷৷০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত	৸০
কলিকাতা পুরাবৃত্ত ১ম ভাগ	৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক	১

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের পত্রা-

240 · 532

সংবাদপ্রভাকর

১৫ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দ ২

ব্যবস্থাপক সমাজের মেম্বরদিগের মধ্যে কেবল মেং উইলসন সাহেবই যে রাজস্ব বৃদ্ধি বিষয়ে বিশেষ মনোযোগী হইয়াছেন, এমত নহে অন্যান্য মেম্বর মহাশয়েরাও তাঁহার পোষকতা করণে বিলক্ষণ পটুতা প্রকাশ করিতেছেন। মান্যবর মেং ফারবস সাহেব যে এক নূতন নিয়মের পাণ্ডুলিপি সমাজের বিবেচনায় সমর্পণ করিয়াছেন তাহা প্রচলিত হইলে প্রজাদিগের কত ক্লেশ ও উত্তেজনা বৃদ্ধি হইবেক তাহার সংখ্যা করা যায় না, ৫০ টাকার উর্দ্ধ মূল্যের যে সমস্ত স্থাবরাস্থাবর বস্তু ক্রয় বিক্রয় অথবা অন্য রূপে হস্তান্তরিত হইবেক, তাহা রেজিষ্টরি না করাইলে বিচার স্থলে গ্রাহ্য হইবেক না, ঐ সমস্ত দ্রব্য বা সম্পত্তির রেজিষ্টরি ফি অর্থাৎ খরচা তাহার মূল্য বিবেচনায় দুই টাকা অবধি দেড়শত টাকা পর্য্যন্ত অবধারিত হইবেক, মাদ্রাজ বোম্বাই এবং কলিকাতা প্রভৃতি স্থানের সদর রেবিনিউ বোর্ড প্রধান রেজিষ্টরি কার্য্যালয় রূপে অবধারিত থাকিবেক, জিলার জজ সাহেবেরাও ঐ রেজিষ্টরি করণের ভার প্রাপ্ত হইবেন, তদ্ভিন্ন স্থানের ডিপিউটি রেজিষ্টর সকল নিযুক্ত হইবেন, তাঁহারদিগের প্রতি অন্য কোন প্রকার কার্য্য ভার সমর্পিত থাকিবেক না, কোন ব্যক্তি ৫০ টাকার অধিক মূল্যের কোন স্থাবর বা অস্থাবর বস্তু হস্তান্তরিত করিলে তাহার ক্রেতা ও বিক্রেতা উভয়কেই ডিপিউটি রেজিষ্টর সমীপে উপস্থিত হইতে হইবেক, তিনি তাঁহারদিগের নাম নিবাসস্থান ও অন্যান্য বিষয়ের পরিচয় গ্রহণ করিবেন, এবং তাহারদিগের পরস্পর ক্রয় বিক্রয় ঘটিত যে পত্রাদি লিখিত হইবেক তাহা এক স্বতন্ত্র পুস্তকে লিখিয়া রাখিবেন কোন ব্যক্তি রেজিষ্টরি সম্বন্ধীয় নিয়ম অমান্য করিতে পারিবেন না।

আমরা মেং ফারবস সাহেবের প্রস্তাবিত নিয়মের মর্ম্ম মাত্র উপরি ভাগে প্রকাশ করিলাম, ইহা প্রচলিত হইলে রাজকোষে অনেক টাকা সংগ্রহ হইবেক বটে, কিন্তু প্রজাদিগের পক্ষে কিরূপ উপকার দর্শিবেক, আমরা তাহা বিবেচনা করণে অক্ষম হইতেছি, বরং অপকার বিস্তর হইবেক, তাহার আকার বিলক্ষণ দেখিতেছি, আমারদিগের বিজ্ঞসংযোগী হিন্দু পেট্রিয়াট সম্পাদক মহাশয় যথার্থই লিখিয়াছেন যে কোন ব্যক্তি দুই মণ ঘৃত ক্রয় করিলে তাহাকে ও তাহার বিক্রেতাকে ডিপিউটি রেজিষ্টরের সমীপস্থ হইয়া সেই ঘৃত ক্রয় বিক্রয়ের দলিল পত্র রেজিষ্টরি করাইতে হইবেক, সাহেব এইক্ষণে আইন মধ্যে কেবল রেজিষ্টরি হইবার খরচার কথাই উল্লেখ করিয়াছেন, ইহার পরেই বলিবেন যে ঐ ক্রয় বিক্রয়ের দলিল ষ্টাম্প কাগজে লিখিত না হইলে ডিপিউটি রেজিষ্টর অথবা রেজিষ্টরি করণের ভার প্রাপ্ত অন্য কোন ব্যক্তি সে ক্রয় বিক্রয় গ্রাহ্য করিবেন না।

এই নিয়ম প্রচলিত হইলে বা নিত্য কার্য্যের কতদূর পর্য্যন্ত অনিষ্ট হইবেক, প্রজারা অর্থ ব্যয় ও পরিশ্রম কত সহ্য করিবেন, মেং ফরবস তাহার কিছুই বিবেচনা করেন নাই, কেবল রাজকোষের আয়ের প্রতি দৃষ্টি রাখিয়া নিয়মের প্রস্তাব করিয়াছেন, অতএব আমারদিগের বোধ হয় মান্যবর মেং উইলসন সাহেব পুনর্ব্বার যে দিবস ব্যবস্থাপক সমাজে দণ্ডায়মান হইয়া বক্তৃতা করিবেন, সেই দিবস মেং ফরবস সাহেবের সুখ্যাতি ঘোষণা করণে ত্রুটি করিবেন না।

ক্রমেং রাজ্যের অবস্থা কিরূপ হইতেছে, ব্যবস্থাপক মহাশয়েরা প্রজাদিগের উপকার বর্দ্ধনার্থ কিপ্রকার নিয়মাদি নির্দ্ধারণ করিতেছেন,

অধুনা পাঠক মণ্ডলী অনায়াসে ইহা তাহার বিবেচনা করিতে পারিবেন। ব্যবস্থাপক কৌন্সেলের মেম্বর গণ রাজভৃত্য এবং রাজকোষ হইতে নিয়মিত বেতন প্রাপ্ত হইতেছেন, একথা অতি যথার্থ বটে, কিন্তু তাহারা যখন প্রজাপুঞ্জের প্রতিনিধিরূপে উক্ত কৌন্সেলে আসন প্রাপ্ত হইয়াছেন, তখন প্রজার কল্যাণ সাধন নিমিত্ত তাঁহারদিগকে অবশ্যই মনোযোগ করিতে হইবেক। প্রজা শোষণ করা কদাচ তাঁহারদিগের কর্ত্তব্য নহে, তাহাতে অধর্ম্ম হইবার সম্ভাবনা।

যদবধি রাজকোষে ধনাভাব হইয়াছে তদবধি রাজস্ব বৃদ্ধি করিবার ভিন্ন২ প্রস্তাবই শ্রবণ করা যাইতেছে, কিন্তু ব্যয় সংক্ষেপ করা যাহা এই ধনাভাব সময়ে গবর্ণমেণ্টের পক্ষে অত্যাবশ্যক তাহার কোন প্রসঙ্গই হয় নাই। সহস্র কর প্রভাকর অবনীর রসকর্ষণ করেন, কিন্তু তাহা মেঘমালায় পরিণত হইয়া অবনীর উপকারার্থ জলধারায় পতিত হইয়া থাকে, কিন্তু আমারদিগের রাজপুরুষেরা কর গ্রহণার্থ কর বিস্তার করিয়া প্রজার রক্ত শোষণ করেন বটে, ফলতঃ কি চমৎকার তাহা প্রজার মঙ্গলার্থ বর্ষণ হয় না, সেই রস অন্যে গ্রহণ করিয়া থাকেন তদ্দ্বারা তাঁহারদিগেরই পুষ্টি বর্দ্ধন হয়, অতএব প্রজার প্রতি রাজার ব্যবহার ক্রমে অতি ভয়ানক হইয়া আসিতেছে।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

স্বভাবের ভাব কিছু বুঝা নাহিযায়।

ভাবিতে হইলে এই স্বভাবের ভাব।
স্থিরভাবে নাহি থাকে স্বভাবে স্বভাব।
এই দেখি বর্ত্তমান আছে এক ভাবে।
কিছুকাল পরে দেখি সেভাবে অভাব।
হায় একি অপরূপ ঈশ্বরের খেলা।
একভূতে রক্ষা নাই পাঁচ ভূতে মেলা॥
ভূতে হয় সমুদয় ভূতে লয় পায়।
স্বভাবের ভাব কিছু বুঝা নাহি যায়॥

এই দেখি সমুদিত সুরভি সময়।
সুখময় সমুদয় সব শোভাময়॥
নবদলে সুশোভিত তরুলতা চয়।
স্থল জল আকাশেতে কিশোভা উদয়।
কিছুকাল পরে দেখি নাহিক বসন্ত।
গ্রীষ্মকাল আসি তার করিয়াছে অন্ত॥
প্রচণ্ড মার্ত্তণ্ড তাপে জ্বলিতেছে কায়।
স্বভাবের ভাব কিছু বুঝা নাহি যায়॥

এই দেখি গ্রীষ্মকাল স্বভাবে সঞ্চার।
প্রচণ্ড মার্ত্তণ্ড তাপে দহিছে সংসার॥
বহিছে অনিল যেন প্রখর অনল।
শরীর হইতে সদাঝরে স্বেদ জল॥
কিছুকাল পরে দেখি গ্রীষ্ম নাই আর।
বিনিময়ে হইয়াছে বরষা সঞ্চার।
সুধার সুধার ধারা পড়িছে ধরায়॥
স্বভাবের ভাব কিছু বুঝা নাহি যায়॥

এই দেখি সুখময় শরত উদয়।
জল স্থল সমুদয় অতি শোভাময়॥
নিরমল নীলাকাশে শোভে শশধর।
কমল কুমুদে শোভা করে সরোবর॥
পরে দেখি নাহি আর শারদ সময়।
বিনিময়ে হইয়াছে হেমন্ত উদয়॥
কাঁপিছে শীতের ভয়ে মানবের কায়।
স্বভাবের ভাব কিছু বুঝা নাহি যায়॥

এই দেখি অন্ধকার করি মেঘগণ।
শূন্য হতে করিতেছে বারি বরিষণ॥
থেকে থেকে চপলার চারু চক্‌মকি।
বোধ হয় প্রকৃতি ঠুকিছে চক্‌মকি॥
পরে দেখি স্বভাবে সে ভাব নাহি আর।
নাহি আর ঘোর বৃষ্টি নাহি অন্ধকার॥
বিমল গগণে বিভাকর শোভা পায়।
স্বভাবের ভাব কিছু বুঝা নাহি যায়॥

এই দেখি এক স্থানে নদী নিরমল।
ঢল ঢল করিতেছে সুবিমল জল॥
গতায়াত করিতেছে তরণী নিচয়।
মনসুখে চরিতেছে জলচর চয়॥
কিছু কাল পরে তথা না দেখি জীবন।
জীবন বিহনে সবে ত্যজিছে জীবন॥
বালুময় মরু ভূমি হয়েছে তথায়।
স্বভাবের ভাব কিছু বুঝা নাহি যায়॥

এই দেখি সুশোভন করিয়া কানন।
ফুটেছে কুসুম চয় প্রকাশি স্বানন॥
গন্ধবহ করিতেছে সুগন্ধ বহন।
মধুকর করিতেছে মধু আহরণ॥
পরে তথা দেখিতে না পাই।
নাহি আর সুসৌরভ সুশোভাও নাই॥
তৃণহীন মরুভূমি হোয়েছে তথায়।
স্বভাবের ভাব কিছু বুঝা নাহি যায়॥

অদ্য যথা দেখিতেছি বালুময় স্থান।
ধূধূ করিতেছে শুধু সেই ময়দান॥
নাহি তথা গাছ পালা নাই ঘর দ্বার।
বালুময় সমুদয় কিছু নাহি আর॥
কল্য দেখি সে ভাব নাহিক তথা আর।
আর এক নব ভাব হোয়েছে সঞ্চার॥
নানা জাতি তরুলতা শোভিছে তথায়।
স্বভাবের ভাব কিছু বোঝা নাহি যায়॥

এই দেখি ত্যাগ করি জননী জঠর।
ভূমিষ্ঠ হইল এক শিশু মনোহর॥
জননী যতন করি বাল্যকাল শেষ।
সুখের যৌবন কালে করিল প্রবেশ॥
পরিশেষ হলো বৃদ্ধ কালের অধীন।
পরে দেখি সেই দেহ প্রাণাদি বিহীন॥
এই আছে এই নাই কোথা যায় হায়।
স্বভাবের ভাব কিছু বুঝা নাহি যায়॥

চিরবাধ্য।
শ্রীদ্বারকানাথ বন্দ্যোপাধ্যায়
সাং রঙ্গপুর।

Printed and Published by RAMCHUNDER Goopto at the *Probhakur* Press

সংবাদ প্রভাকর

সাপ্তাহিকসংখ্যা

এই প্রভাকর পত্র রবিবার, বুধবার ও শুক্রবার কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি ৫৫ নং ভবনে সম্পাদক শ্রীযুত ঈশ্বরচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥*॥*॥* সতাং মনস্তামরস প্রভাকর সদেব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*॥
॥*॥*॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সুদর্শসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*॥

নক্তং চক্রকরেণ তিমিরমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্যাং জাম মতন্দ্রচন্দ্রমুদয়ং পীত্বা ক্ষুধাকাতরা॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্ত চতুরস্বাস্তদ্বিরেফাঃ সদা॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৭৮ সংখ্যা] বুধবার ১৬ চৈত্র ১২৬৬ সাল। ইং ২৮ মার্চ্চ ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ টাকা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে ২৯ মার্চ্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিমকোর্ট অর্থাৎ বড় আদালতের ঘরের নীচের দ্বারা ওয়ারিফের দপ্তর খানায় প্রবেশ দ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির সম্পত্তির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক এক খানা পরওয়ানার ক্ষমতানুসারে পব্লিক সেলে অর্থাৎ প্রকাশ্য নীলাম দ্বারা এই সকল বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ জিলা ছগলির বালিয়া পরগণার গুজারপুর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক পুষ্করিণী তাহার চারিপাড়ে অনেক ভাল বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৬/ ছয় বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

২ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক পুষ্করিণী তাহার ও চারিদিকে অনেক ভাল বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৭/ সাত বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতেও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৩ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও রাইয়তি ভূমি তাহার পরিমাণ অনুমান এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক যাহাতে রাইয়ত সকল বিলি করা আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৪ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত বসতি বাটী ও ছাওয়া গোলা ঘর ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৯/ নয় বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৫ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত স্থা-

নের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত একতালা গৃহ অথবা বসতি বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি ও তাহার পরিমাণ অনুমান ।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৬ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খড়ুয়া ধান খোলা অথবা গোলা বাটী তাহাতে পুষ্করিণী আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ১।৹ এক বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং প্রমথ নাথ বাকুলির যে স্বত্ব অধিকার ও সম্পর্ক আছে তাহা কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৭ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক পুষ্করিণী যাহা শিব পুষ্করিণী নামে বিখ্যাত তাহার চারি পার্শ্বে বিস্তর তাল বৃক্ষাদি আছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৭।৹ সাত বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৮ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা ও পরগণার খাস গুজারপুর নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ধান্য ভূমি তাহার পরিমাণ অনুমান ১৮/ আঠারো বিঘা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

৯ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা ও পরগণার অন্তঃপাতি গুজারপুর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ধান খোলা অথবা গোলাবাটী যাহা খড়ের দ্বারা ছাওয়া হইয়াছে ও তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৬৪ চৌষট্টি কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১০ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।৷৹ দশ কাঠা তাহা কিছু কমী হউক অথবা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১১ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক তাহা চারি মৌজা আছে, বিশেষতঃ মৌজে গুজারপুর মৌজা মধ্যদিকুল মৌজা সিংতা এবং মৌজা বাহির ভগবতীপুর তাহাতেও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং এবং প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। ঐ তালুকের সদর মালগুজারি অথবা বার্ষিক রাজস্ব কোম্পানির ১৫১১ টাকা গবর্ণমেণ্টকে প্রদান করিতে হয়।

১২ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা ও পরগণার অন্তঃপাতি মরদিকুল নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক পুষ্করিণী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৯ নয় বিঘা তাহার কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসীর ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে, তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৩ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা ও পরগণার অন্তঃপাতি বন্দর বাহা নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক পুষ্করিণী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ১।৷৩ এক বিঘা তেরো কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৪ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা ও পরগণার অন্তঃপাতি কৃষ্ণা নন্দপুর নামক স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক যাহা আট তরয়া নামে বিখ্যাত তাহাতে দুই মৌজা আছে, বিশেষতঃ মৌজা তরয়া ও সুঁড়া তাহাতে তাহার মধ্যে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। ঐ তালুকের সদর মালগুজারি অর্থাৎ সরকারি বার্ষিক রাজস্ব কোম্পানির ৮০১ টাকা গবর্ণমেণ্টকে প্রদান করিতে হয়।

১৫ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত জিলা ও পরগণার অন্তঃপাতি গুজারপুর নামক গ্রামের সামিল ও তন্মধ্যস্থিত যে খড়ুয়া বসতি বাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ৮০ পোনের কাঠা তাহা কিছুই কমী হউক অথবা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী এবং প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে; তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

১৬ দফা। বিশেষতঃ পূর্ব্বোক্ত স্থানের সামিল ও তন্মধ্যস্থিত যে এক পুষ্করিণী তাহার চারিদিকে নানাজাতীয় বৃক্ষাদি আছে, ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি তাহার পরিমাণ অনুমান ।৷৩ তের কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও আহার উপর পূর্ব্বোক্ত আসামী শ্রীমতী দ্রবময়ী দাসী ও প্রমথনাথ বাকুলির যে স্বত্ব ও অধিকার আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তর খানান অনুসন্ধান করিলে সকলে এই বিষয় বিক্রয়ের অন্যান্য বৃত্তান্ত অবগত হইতে পারিবেন।

G. BROWN.
Sher.
জি, ব্রাউণ।
সরিফ।

কলিকাতা
সরিফ আফিস
৭ মার্চ্চ ১৮৬০ সাল

242.534

সংবাদ প্রভাকর

১৬ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

চৈত্র মাসের শেষ দিবসে সংবাদ প্রভাকর যন্ত্রালয়ে যে নিয়মিত বার্ষিকী সভা হইয়া থাকে, সেই সভার দিন অতি নিকট হইয়াছে, অতএব অনুবাদক ও রচনাকারক দিগের উৎসাহ বর্দ্ধনার্থ আমারদিগের যে বিদ্যোৎসাহি বন্ধু মহাশয় প্রতি বৎসর পারিতোষিক প্রদানের বিজ্ঞাপন প্রকাশ করিয়া থাকেন, তিনি তাহা প্রেরণ করাতে আমরা প্রফুল্ল চিত্তে তাহা নিম্ন ভাগে প্রকাশ করিলাম।

কয়েক জন বিদ্যোৎসাহি সুযোগ্য ব্যক্তি ঐ অনুবাদ ও রচনাদির পরীক্ষা করিবেন, তাহাতে যাঁহার লেখা সর্ব্বোৎকৃষ্ট হইবেক, তিনিই নির্দ্ধারিত পারিতোষিক পাইবেন। তাঁহাকে আপনার রচনা উল্লেখিত সভায় পাঠ করিতে হইবেক, এবং কোন২ অনুবাদ ও রচনা ঐ বৈশাখ মাসের প্রথম দিবসীয় প্রভাকরে প্রকাশ হইবেক।

অন্যান্য বিদ্যোৎসাহি মহাশয়গণ যাঁহারা বর্ষেং এইরূপ পারিতোষিক প্রদান করিয়া থাকেন, তাঁহারা অনুবাদ অথবা রচনার বিষয় নির্দ্দিষ্ট করিয়া প্রেরণ করণে আর বিলম্ব করিবেন না।

বিজ্ঞাপন।

অনুবাদের বিষয়। পারিতোষিক মুদ্রা।

1. Byron's, the Gladiator, or Stanzas CXL and CXLI in Canto III. of Childe Harold's Pilgrimage..... ৫
2. Mrs. Heman's, to Hour of Death..... ৮
3. Richardson's, Lines to the memory of Gopal Ghose ১০
4. Logane ode to the Cuckoo ১০
5. Campbell's Lines to the Rainbow..... ১০
6. Captain Macnaghten's Banks of the Ganges ১২
7. Beattie's Introduction to the Hermit..... ১৬
8. Thomson's Hyman to the Supreme Being in Richardson's lections..... ২০

রচনার বিষয়।

কবি কর্ত্তৃক মনুষ্যের কি উপকার হয়? (একশত চরণের ন্যূন নহে।) ১০

সর্ব্বশুদ্ধ এক শত এক টাকা ১০১

পারিতোষিক প্রভৃতির নিয়মাদি সকল পূর্ব্ববৎ রহিল। লেখকেরা অনুগ্রহ পূর্ব্বক আপন আপন রচনা অথবা অনুবাদ ২৪ চৈত্র অথবা তৎপূর্ব্বে এই যন্ত্রালয়ে পাঠাইয়া বাধিত করিবেন। এবৎসর তাঁহাদিগকে অধিক সময় দিতে না পারিয়া বড়ই দুঃখিত হইতে হইল, কিন্তু তাঁহারা দেখিবেন যে যেমত কাল সংক্ষেপ, সেইমত ক্ষুদ্র ক্ষুদ্র বিষয় সকলও মনোনীত করা গিয়াছে।

ব্যবস্থাপক কৌন্সলের বিজ্ঞবর মেম্বর মেং স্কৌন্স সাহেব গত শনিবার দিবসে ব্যবস্থাপক সমাজে নীলকর সাহেবদিগের উপকারার্থ এক নূতন নিয়মের পাণ্ডুলিপি উপস্থিত করিয়াছেন, তাহা ঐ দিবসেই দুই বার পাঠ করা হইয়াছে, তাহার তাৎপর্য্য প্রদেশবাসি শ্রমজীবি দুঃখি প্রজাদিগের পক্ষে অত্যন্ত পীড়াজনক বলিতে হইবেক। কোন প্রজা যদি নীলকরদিগের নিকট হইতে নির্দ্দিষ্ট কার্য্য করণের দাদন অর্থাৎ অগ্রিম মুদ্রা লইয়া সেই কার্য্য যথানিয়মে নির্ব্বাহ না করে তবে যে নীলকরের নিকট হইতে ঐ প্রজা অগ্রিম টাকা লইবেক, তিনি তাহার বিরুদ্ধে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অভিযোগ করিতে পারিবেন, এবং মাজিষ্ট্রেট সেই বিষয়ের যাহা মীমাংসা করিবেন, তাহার আর আপিল অর্থাৎ পুনর্ব্বিচার হইবেক না, ঐ বিচারে যদি ঐ প্রজার অপরাধ সপ্রমাণ হয়, তবে সে নীলকরের নিকট হইতে যে টাকা এডবান্স লইবেক মাজিষ্ট্রেট সাহেব ও তাহার পঞ্চগুণ মুদ্রা দণ্ড করিতে পারিবেন, আর ঐ ব্যক্তি যদি তৎপ্রদানে অক্ষম হয় তবে তাহাকে ছয় মাসের নিমিত্ত কারাগারে পাঠাইবেন।

নীলকরদিগের সহিত রাইয়তগণের কি কারণ সর্ব্বদা বিরোধ উপস্থিত হয়, তাহা জানিবার জন্য গবর্ণমেণ্ট কয়েক জন উপযুক্ত ব্যক্তিকে কমিসনরূপে নিযুক্ত করিতে পারিবেন, এই প্রস্তাব বিষয়ে সর্ [illegible] মস্ আউটরাম সাহেব ব্যক্ত করেন যে ঐ কমিসন সংক্রান্ত ব্যক্তিগণ সাক্ষিদিগকে আনয়ন এবং তাহারদিগের সাক্ষ্য গ্রহণের ক্ষমতা প্রাপ্ত হইবেন। কোন ব্যক্তি যদি তাঁহারদিগের নিকটে মিথ্যা সাক্ষ্য দেয়, তবে মিথ্যা সাক্ষিদিগের প্রতি যেরূপ দণ্ড বিধান হয় তাহা তাহারা করিবেন।

প্রস্তাবিত নিয়মের বিষয়ে আমারদিগের সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি সর্ বর্ণিস্ পিকাক সাহেব ব্যক্ত করেন, যে রাইয়তেরা নীলকরের নিকট হইতে যে টাকা অগ্রিম লইবেক, কেবল তাহারই পঞ্চগুণ দণ্ড হইবেক, এমত নহে, নীলকুঠির খাতাতে ঐ রাইয়তের নামে নীলকরের যদি আরো কিছু পাওনা থাকে, ঐ পরিমাণে সেই পাওনারও দণ্ড হইতে পারিবেক, নীলকরেরা বল প্রকাশ দ্বারা রাইয়তদিগকে এডবেন্স দেন কি তাহারা ইচ্ছাপূর্ব্বক তাহা গ্রহণ করিয়া থাকে মাজিষ্ট্রেট সাহেবগণ এ বিষয়ের বিশেষ অনুসন্ধান গ্রহণ করিতে পারিবেন।

এই নিয়ম যখন প্রথম দিবসেই দুইবার পাঠ করা হইয়াছে, মেম্বরদিগের মধ্যে কেহই ইহার প্রতি কোন প্রকার বিশেষ আপত্তি করেন নাই, তখন আমারদিগের বিলক্ষণ বোধ হইতেছে যে আগামী শনিবার দিবসেই ইহা তৃতীয়বার পঠিত হইবেক, এবং ইহা নিয়ম রূপে প্রচলিত হইবার বড় কালবিলম্ব হইবেক না।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur* Press

বিজ্ঞাপন।

মেরিনার্স মেডিসিন অর্থাৎ নাবিকদিগের ঔষধ।

ইহার দ্বারা সকল প্রকার রোগা রোগ্য হইবেক।

ওয়েলেস্ লিষ্ট্রিটে ১২০৭৩ নম্বরের বাটীতে প্রতিদিবস দিবাভাগে ও রজনী যোগে সর্ব্ব সময়ে উল্লেখিত মহৌষধ সকলে প্রাপ্ত হইবেন, বিলাতে যে মূল্য নিরূপিত আছে এখানেও সেই দরে বিক্রীত হইবেক।

E. PINTO.

ই, পিণ্টো

আপ্রেল ১৮৬০।

সংবাদ প্রভাকর

বৈশাখ শকাব্দা ১৭৮২। বিক্টোরিয়াব্দঃ ২

চড়ক এই শব্দ যদিও এক সময়ে তদ্দেশীয় ব্যক্তিদিগের পক্ষে শ্রুতি [illegible] ছিল, কিন্তু এইক্ষণে চড়কের [illegible] শুনিলেই এতদ্দেশীয় কৃতবিদ্য [illegible]দিগের মধ্যে অনেকেই বিরক্ত [illegible]। যদিও এই চড়ক পূর্ব্বাপেক্ষা [illegible] ন্যূন হইয়া আসিয়াছে, তথাচ [illegible] রহিত হয় নাই, মিসনরি সাহেবেরা চড়কের প্রতিকূলে কয়েকখানা আবেদন পত্র গবর্ণমেণ্টের সমীপে প্রেরণ করিলে গবর্ণমেণ্ট প্রথমতঃ ঐ বিষয়ে হিন্দুশাস্ত্রের ব্যবস্থা জিজ্ঞাসা করেন তাহাতে এতদ্দেশীয় শাস্ত্রবিষারদ পণ্ডিতেরা ব্যবস্থা প্রদান করেন, চড়ক হিন্দুজাতির ধর্ম্মশাস্ত্রোক্ত বলিয়া গণনীয় নহে, বাণরাজা শিবসন্ন্যাসোদ্দেশে যে স্বতন্ত্র ব্রত করেন এই চড়ক তাহার অনুরূপ মাত্র। বলকাল প্রচলিত হওয়াতে ইহা এই বঙ্গদেশের এক নিয়মিত পর্ব্ব মধ্যে পরিগণ্য হইয়াছে। চড়ক শাস্ত্রসম্মত না হউক পর্ব্বের মধ্যে, যখন অতি প্রধান ও কর্ত্তব্য এবং পুরাণোক্ত তখন, তাহার প্রতি পরাক্রম প্রকাশ করিলে গবর্ণমেণ্টের পক্ষে হিন্দু ধর্ম্মের বিরুদ্ধাচরণ করা হইবেক।

আমাদিগের রাজপুরুষেরা হিন্দুজাতির এরূপ শাস্ত্র ব্যবস্থা গ্রহণ করিয়াও নিশ্চিন্ত হয়েন নাই, তাঁহারা ভিন্ন২ বিভাগের কমিসনর সাহেবদিগের নিকটেও প্রকাশ্যরূপে পত্র লিখিয়াছিলেন, যে অতি ভয়ঙ্কর ও ঘৃণিত চড়ক রহিত করিলে প্রজারা কিরূপ অভিপ্রায় ব্যক্ত করে, তাহা নিরূপণ করিয়া গবর্ণমেণ্টকে বিদিত করিবেন। এই বিষয়ের বিশেষানুসন্ধান নিমিত্ত কমিসনর সাহেব কালেক্টর সাহেবদিগের প্রতি ভারার্পণ করিয়াছিলেন, ঐ ভার প্রাপ্ত ব্যক্তিগণ প্রথমতঃ প্রজার অভিপ্রায় গ্রহণ না করিয়া গবর্ণমেণ্ট সংক্রান্ত ভিন্ন২ কর্ম্মচারিগণের অভিমত গ্রহণ করাতে তাঁহারদিগের মধ্যে অনেকেই লিখিয়াছেন, যে হিন্দু জাতি মধ্যে চড়ক এক গণ্য পর্ব্ব ইহা রহিত করিলে হিন্দুজাতির ধর্ম্ম শাস্ত্রের বিরুদ্ধাচরণ করা না হউক, কিন্তু প্রজাদিগের ধর্ম্ম বিরুদ্ধে হস্তক্ষেপ করা হইবেক।

ভিন্ন২ বিভাগের কমিসনরগণ এই রিপোর্ট গবর্ণমেণ্টের সমীপে প্রেরণ করিলে গবর্ণমেণ্ট চড়ক পর্ব্ব নিবারণ নিমিত্ত কোন অনুমতি প্রকাশ করেন নাই বটে, ফলতঃ কৃতবিদ্য হিন্দুগণ চড়ক যাত্রা নিবারণ জন্য যে অনুষ্ঠান করিতেছেন, ইহা সিদ্ধ হইলেই আমরা জানিতে পারিব, চড়ক নিবারণ নিমিত্ত গবর্ণমেণ্ট কোন প্রকারে বল প্র[illegible] করিলেন না। কৃতবিদ্য হিন্দুগণ আপনারদিগের ইচ্ছানুসারে ইহা নিবারণ করিলেন।

চড়ক নিবারণ নিমিত্ত যে যে অনুষ্ঠান হইয়াছে, আমরা কেবল তাহাই লিখিলাম, এবিষয়ে আমারদিগের অভিপ্রায় তাহা পরে প্রকাশ করিব।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

নম্বর	তৌজির নম্বর	মহাল ও পরগণার নাম	কমি	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ত
৮১	১৯৫১	মৌগ্রাম পং মনোহরসাহী	৪/০/	৪।১০	৬/১	
৮২	২৫০	চরমাহাতা পং পলাসী	৩৫৮০॥/	৩১/৩	৩৪।৬	
৮৬	২৩৭৫	জলকর তাণ্ডারদা পং অম্বিকা	০	১২৫	১৩৭।০	
৮৭	২৯৪০	ঘাশিহাট পং ইন্দ্রানি	১২।১	৮৶১০	৯৮৶১০	
৯১	২৮ চাকারং রেজষ্টর	সারঙ্গপুর পং হাবিলি	১৫॥২।/	৫	৬৮৶০	
৯২	২৯	বব্বরা	৪/	১॥/	২।০	
৯৩	৩০	সালসৈকা কন্দর্পপুর				
	ঐ	পং সাহাবাদ	২॥০॥	২॥।১১	২॥।১১	

বিজ্ঞাপন।

পুরাণ সংগ্রহ।

শ্রীযুক্ত কালীপ্রসন্ন সিংহ মহোদয় কর্ত্তৃক মূল সংস্কৃত হইতে অনুবাদিত বাঙ্গলা মহাভারতীয় আদি পর্ব্বের উপক্রমণিকা ভাগ অবধি শকুন্তলার উপাখ্যান পর্য্যন্ত প্রথম খণ্ড মুদ্রিত হইয়া বিনা মূল্যে বিতরণার্থে প্রকাশিত হইয়াছে, যাঁহারা পত্র দ্বারা গ্রহণাভিলাষ জ্ঞাপন করিয়াছেন, বিশেষতঃ যে সকল মহোদয় বাঙ্গলা ভাষায় ব্যুৎপন্ন তাঁহারা অনুগ্রহ পূর্ব্বক যোড়াসাঁকোস্থ ভবনে প্রতি সপ্তাহে শনি বরি ও বুধবাসরীয় সায়ং পরে উপনীত হইয়া যোগ্যতা প্রদর্শন করতঃ ভারত গ্রহণ করিবেন, কলিকাতা ও তন্নিকটস্থ নগর হইতে যে সকল লোক পত্র প্রেরণ করিয়াছিলেন, তন্মধ্যে বিদ্যালয়স্থ অল্প বয়স্ক ছাত্র ও বাঙ্গলা ভাষায় অশিক্ষিত ব্যক্তিগণ পাইবেন না কারণ যোগ্য ব্যক্তিবর্গকে বিতরণ করাই মুখ্য উদ্দেশ্য। পল্লী গ্রাম ও দূরদেশ হইতে যাঁহারা পত্র পাঠাইয়াছিলেন তাঁহাদের মধ্যে যাঁহাদের দেওয়া উপযুক্ত বিবেচনা হইবেক তাঁহাদের নিকট প্রেরণ করা যাইবেক, কেবল অদ্যাপি বিতরিতা নিরূপিত হয় নাই বলিয়াই কিঞ্চিৎ বিলম্ব হইতেছে, অতি সত্বরে বিতরিতা নিযুক্ত করিয়া বিজ্ঞাপন করা যাইবেক, নগরীয় এবং তন্নিকটস্থ যে সকল মহাশয়েরা পত্র লিখিয়াছেন তাঁহাদের নিকট পাঠাইতাম কিন্তু পাছে নির্দ্দিষ্ট স্থলে প্রেরিত না হয় অথবা অন্য কেহ গ্রহণ করিয়া নির্দ্দেশিত ব্যক্তিকে বঞ্চিত করেন এই বিবেচনায় সে বিষয়ে নিরস্ত হইতে হইল এ নিমিত্ত তাঁহারা আমাদিগকে ক্ষমা করিবেন।

শ্রীরাধানাথ বিদ্যারত্ন।
প্রধান-বিতরিতা

অংশি অর্থাৎ বকরাদার ঋণে কার্য্য করণের বিজ্ঞাপন।

নিম্ন স্বাক্ষরকারিরা পরস্পর অংশি বকপা অদ্য দিবসাবধি ডে এণ্ড বকলেণ্ড নামে ও ফারমে সর্ভি সিটর্স প্রক্টর্স এবং এটর্ণিস পব লিক ইত্যাদি বিধায়ে ওকালতী কার্য্যারম্ভ করিলেন।

Edward Agustus Dow
Thomas Buckland
No 14th Old Post office Stree
এডওয়ার্ড আগষ্টস ডে
টামস বকলেণ্ড
নম্বর ১৪ ওল্ড পোষ্ট
আফিস ষ্ট্রীট।

২ আপ্রেল ১৮৬০

সংবাদপ্রভাকর

দৈনিক

এই প্রভাকর পত্র প্রতিবার বাতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি ৮৩ নং ভবনে বেঙ্গলিয়ার দুর্গাচরণ মুখর্জ্জি ষ্ট্রীটে ৪২০ নং ভবনে সম্পাদক শ্রীযুত হরিশ্চন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥*॥॥* সত্যং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥॥*
॥*॥॥* উদেতি ভাস্বৎ সফলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রাম্যদ্ভ্রমরসঙ্গীতমদমুদিতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অন্যোন্যবিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্ত চতুরস্তদ্বিরেফারসং॥

শুক্র এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ডাকমাসুল।

৮৪৭৯ সংখ্যা] বৃহস্পতিবার ১৭ চৈত্র ১২৬৬ সাল। ইং ২৯ মার্চ্চ ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর	১
শুকেতিহাস	॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড	১৷০
নলিনীকান্ত শৃঙ্গার ওকরুণা ঐসাশ্রিত মবান উপাখ্যান	১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।	
সন১৮৫ সালের ৯।১০।১১ আইন	১৷৷০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত	৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ	৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক	১

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালী, দেবনাগর, পার্সী, আরবী, ইত্যাদি নানা-প্রকার অতি উত্তমং অক্ষর, সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ" যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল ধ্রেজুরির মিলিটরি এক্কৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১৷০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন। যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন

শ্রীযুক্ত মাইকেল মধু সূদন দত্তপ্রণীত

শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation.....) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।৶

336
249
৫৬৪

একেই কি বলে সভ্যতা? (ঐ)..... ।।০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্ট্যানহোপ যন্ত্রালয়ে নগদ মল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

বিজ্ঞাপন।

অনুবাদের বিষয়।	পারিতোষিক মুদ্রা।
1. Byron's the Gladiator, or Stanzas CXL and CXLI in Canto III. of Childe Harold's Pilgrimage.....	৫
2. Mrs. Heman's, to Hour of Death.....	৮
3. Richardson's, Lines to the memory of Gopal Ghose	১০
4. Logans ode to the Cuckoo	১০
5. Campbell's Lines to the Rainbow.....	১০
6. Captain Macnaghten's Banks of the Ganges	১২
7. Beattie's Introduction to the Hermit.....	১৬
8. Thomson's Hymn to the Supreme Being in Richardson's lections.	২০

রচনার বিষয়।

কবি কর্ত্তৃক মনুষ্যের কি উপকার হয়? (একশত চরণের ন্যূন নহে।)	১০
সর্ব্বশুদ্ধ এক শত এক টাকা	১০১

পারিতোষিক প্রভৃতির নিয়মাদি সকল পূর্ব্ববৎ রহিল। লেখকেরা অনুগ্রহ পূর্ব্বক আপন আপন রচনা অথবা অনুবাদ ২৪ চৈত্র অথবা তৎপূর্ব্বে এই যন্ত্রালয়ে পাঠাইয়া বাধিত করিবেন। এবৎসর তাঁহাদিগকে অধিক সময় দিতে না পারিয়া বড়ই দুঃখিত হইতে হইল, কিন্তু তাঁহারা দেখিবেন, যে যেমত কাল সংক্ষেপ, সেইমত ক্ষুদ্র ক্ষুদ্র বিষয় সকলও মনোনীত করা গিয়াছে।

সংবাদ প্রভাকর

১৭ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

অবোধ অবাধ্য সেপাহিদিগের দ্বারা কি অশুভক্ষণে এদেশে বিদ্রোহকাণ্ড উপস্থিত হইয়াছিল, তাহা কিছুই বলা যায় না। ঐ ঘটনা জন্য আমারদিগের রাজপুরুষেরা সর্ব্ব প্রকার প্রজাদিগকে একেবারে পরম শত্রু বিবেচনা করিয়াছেন। এই ক্ষণে প্রজাপুঞ্জের হিতজনক কোন প্রকার সদনুষ্ঠানই দেখা যায় না। সাহেবেরা এক প্রকার সিদ্ধান্ত করিয়াছেন, "যে ভারতবর্ষে বৃটিশজাতির রাজপরাক্রমস্থায়ী হয়, প্রজাদিগের কদাচ এমত অভিপ্রায় নহে। মনে২ সকলেই রাজ বিপক্ষ, বৃটিশ জাতি কেবল বাহুবলে ও বুদ্ধি কৌশলেই রাজ পরাক্রম রক্ষা করিতেছেন। অতএব প্রজাদিগের যখন এমন স্বভাব দেখা যাইতেছে, তখন পুত্রবৎ স্নেহ করিয়া তাহারদিগের উপকার বর্দ্ধনার্থ উৎকৃষ্ট নিয়মাদি নির্দ্ধারণ করণের আর কোন প্রয়োজন নাই, তাহারা বলবুদ্ধির হীনতা প্রযুক্ত অধীনতা শৃঙ্খলে বদ্ধ হইয়াছে, তাহারদিগকে সেই অধীনভাবেই রাখিতে হইবেক, এবং আমরা যখন বাহুবল ও বুদ্ধিবল দ্বারা অল্পকালের মধ্যে সমস্ত ভারতবর্ষ করতলস্থ করিয়াছি, তখন এদেশ অধিকারের যে উপকার তাহা আমরাই সম্ভোগ করিব, তাহার অংশ প্রজাদিগকে প্রদান করিবার কোন প্রয়োজন নাই।" সাহেবদিগের এই অবিবেচনাই তাঁহারদিগের শত্রুতা প্রকাশের কারণ হইয়াছে। তাঁহারা যদি বিবেচনা রূপ মার্জ্জিত মুকুরে এই ব্যবহারের মুখাবলোকন করেন, তবে অবশ্য জানিতে পারিবেন, যেরূপ সভ্যতার অভিমান করিয়া থাকেন, এই ব্যবহারে তাহার সম্যক বিপরীত হইতেছে।

সত্য বটে, সেপাই সেনাবলীর মধ্যে কিয়দংশ ব্যক্তি বুদ্ধির বিকার বশতঃ রাজপ্রতিকূলে অস্ত্রধারণ করিয়া রাজ্যের বিস্তর অনিষ্ট করিয়াছে, উত্তর পশ্চিমাঞ্চলের কোন২ হীনবোধ নবাব রাজা এবং সরদারেরাও তাহারদিগের সহিত মিলিত হইয়াছিল, ফলতঃ ঐ দুষ্টেরা আপনাপন কুকার্য্যের সমুচিত ফলপ্রাপ্ত হইয়াছে। অধুনা তাহারদিগের সেই দুরাচরণ জন্য রাজ্যস্থ সমস্ত প্রজাকে একেবারে রাজ বিপক্ষ বিবেচনা করা কদাচ বুদ্ধিমান ও রাজনীতিদর্শি ব্যক্তিদিগের কর্ত্তব্য নহে। সমস্ত প্রজা যদি রাজ বিপক্ষ হইত তবে কি বৃটিশজাতি এই ভারতবর্ষে রাজ পরাক্রম রক্ষা করিতে পারিতেন? প্রাজাই রাজার পরাক্রম সর্ব্বস্ব ধন এবং প্রজাই রাজার সম্মান সুখ্যাতির কারণ হইয়াছে। প্রজারা ঐক্য হইয়া রাজ বিরুদ্ধাচরণে প্রবৃত্ত হইলে কোন ক্রমেই রাজ পরাক্রম রক্ষা হইতে পারে না। বিগত বিদ্রোহকাণ্ডে যাহারা প্রবৃত্ত হইয়াছিল, তাহারদিগের সংখ্যার সহিত যদি সমস্ত ভারতবর্ষের প্রজা সংখ্যার তুলনা করা যায়, তবে তাহারা সহস্রাংশের একাংশও হইবেক না। এই সহস্র ভাগের একভাগ প্রজা রাজ বিপক্ষ হওয়াতে সমস্ত প্রজাকে রাজ বিপক্ষ বিবেচনা করা কি কোন প্রকারে যুক্তি ও বিচার সিদ্ধ হইতে পারে?

ঐ বিদ্রোহকাণ্ড নিবারণ নিমিত্ত প্রজাদিগের অধিকাংশ যখন রাজ পক্ষে সাহায্য করিয়াছেন, অনেক স্থানে অনেক প্রজা রাজ সম্পত্তি ও রাজকর্ম্মচারিদিগের রক্ষার্থ বিপক্ষ পক্ষের শাণিতাস্ত্রে নির্দ্দয় রূপে হত ও আহত হইয়াছেন, তাহারদিগের সহিত মিলিত হয়েন নাই, তখন বিদ্রোহ সময়ে সমস্ত ভারতবর্ষের প্রাজারা রাজ বিপক্ষ হইয়াছিল, একথা কি প্রকারে স্বীকার করা যাইতে পারে? আমরা যে কথা লিখিলাম ইহার শত২ প্রমাণ জাজ্বল্যমান রহিয়াছে। আমারদিগের গবর্ণর জেনেরল বাহাদুর অধিকার ভ্রমণার্থ রাজধানী কলিকাতা হইতে বহির্গত হইয়া সাহায্যকারি কত রাজা নবাব ও সরদার ও অন্য প্রকার প্রজাদিগকে সসম্মানে গ্রহণ করিয়া তাঁহারদিগকে ভূমিদান ও সম্মান সূচক উপাধি প্রদান করিয়াছেন, যদি তাহার বিবেচনা করা যায়, তবেই আমারদিগের ঐ লেখার সত্যতা সপ্রমাণ হইবেক।

টেলিগ্রাফ সহযোগে বিলাত হইতে যে সংবাদ আসিয়াছে তৎপাঠে জানা গেল যে লার্ড এলজিন সাহেব চীনদেশে আগমন করিবার আদেশ প্রাপ্ত হইয়াছেন, গত সংগ্রাম সময়ে তিনিই সেনাদিগকে রণ-ক্ষেত্রে চালনা করেন, এবং পরিশেষে সংগ্রাম বিজয়ী হইয়া চীনেশ্বরের সহিত সন্ধি পত্র নিবন্ধনের প্রস্তাব ধার্য্য করিয়া স্বদেশে গমন করেন, কিন্তু তিনি যে সমস্ত নিয়মে সম্মত হইয়া গিয়াছিলেন, চীন দেশের রাজকর্ম্মচারিগণ তত্তাবৎ রক্ষা না করাতেই পুনর্ব্বার যুদ্ধারম্ভ হইয়াছে. অতএব বোধ হয় লার্ড এলজিন সাহেব এবারে চীন জাতিকে বিশেষরূপে শিক্ষা প্রদান পূর্ব্বক সন্ধি পত্রে চীনেশ্বরের স্বাক্ষর গ্রহণ না করিয়া আর স্বদেশে যাইবেন না।

বাঙ্গাল হরকরা সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে ডাক্তর ক্রাফোর্ড সাহেব যিনি মৃত শম্ভুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের উইল ঘটিত মোকদ্দমায় সাক্ষ্য দিয়াছিলেন, এবং ঐ উইল কোর্টের বিচারে গ্রাহ্য না হওয়াতে প্রস্থান করিয়াছিলেন, সম্প্রতি তিনি কলিকাতা নগরেই ধরা পড়িয়াছেন, সুপ্রিম কোর্টের একজন রেলিফ অর্থাৎ সারজন মেংজেমিসন সাহেব তাঁহাকে ধৃত করিয়াছেন, পূর্ব্বে সংবাদ পত্রে প্রকাশ হইয়াছিল যে তিনি কিছু দিবস চন্দন নগরে অবস্থান করিয়া ফ্রান্স রাজ্যে গমন করিয়াছেন, ঐ দাবংদ কিছুই সত্য নহে।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়, নিম্নলিখিত কবিতা কলাপ প্রভাকর করে প্রকাশ করিয়া বাধিত করিবেন।

স্বভাবের সৌন্দর্য্য।

একাবলী।

ভো নভোমণ্ডল! বল স্বরূপ।
কে দিল তোমায় এরূপ রূপ॥
এ তব ভবনে যে দিকে চাই।
সে দিকে তোমারে দেখিতে পাই॥
অসংখ্য তারকাজালে রঞ্জিত।
বিবিধ বিচিত্র বর্ণে চিত্রিত॥
পেয়েছ এরূপ অনন্ত দেহ।
তব অন্ত পারে বলিতে কেহ॥
যে দিল তোমায় এরূপ কায়।
বারেক দেখাতে পার কি তায়॥
শ্বেত, নীল, পীত, লোহিত রঙ্গে।
যে করিল চিত্র তোমার অঙ্গে॥
বারেক হেরিতে সে চিত্র করে।
বাসনা আমার অন্তর করে॥
কোথা গেলে আমি পাইব তায়।
বল হে আকাশ বল আমায়॥

বল তাই শুনি হে সুধাকর।
করিল তোমায় কে সুধাকর?
জগত জনের শীতল কর।
কে দিল তোমায় শীতল কর।
তব রূপে তব মোহিত করে।
শিশির তিমির হরিছ করে॥
কর সুধা তব করিয়া পান।
চকোর নিকর জুড়ায় প্রাণ॥
হেরিয়ে তোমার মোহন করে।
কুমুদী আমোদী প্রমদ ভরে॥
যামিনী কামিনী করিয়ে শান্ত।
কি সুখ বিতর যামিনী নাথ॥

245 337
৫৬৫

সুধাংশো তোমার সুচারু ভাসে।
ভাবুক ভাবের সাগরে ভাসে॥
সদত না রও সমান ভাবে।
নবং ভাব ধর স্বভাবে॥
আবার তোমায় না যায় দেখা।
রজনী রমণী বিহরে একা॥
যে দিল তোমায় গতি এরূপ।
যে দিলে তোমায় জ্যোতি এরূপ॥
কোথা গেলে আমি পাইব তায়।
বল বল বিধো বল আমায়॥
হেরিতে তাহারে মানস চায়।
কোথা গেলে আমি পাইব তায়॥

বল বল বল হে বিশ্ব প্রাণ।
তোমায় করিল কে বিশ্ব প্রাণ॥
যদা তদা সদা করি ভ্রমণ।
শীতল করিছ জীব জীবন॥
কভু ধর বল প্রবল অতি।
কভু কর অতি সুধীরে গতি॥
সম ভাবে সবে করিছ স্নেহ।
কৃপালাভে নহে নিরাশ কেহ॥
ভূপালে সেবন কর, যে ভাবে।
অকিঞ্চনে সেবা কর সে ভাবে॥
পরিশ্রান্ত ক্লান্ত হয় যে জন।
তুমি তার দুঃখ কর মোচন॥
এগুণ তোমারে দিলেন যিনি।
বল যাবো কোথা আছেন তিনি॥
হেরিতে তাহারে মানস চায়।
কোথা গেলে আমি পাইব তায়॥

বল তাই শুনি হে বন প্রিয়।
কে দিল এবর ভুবন প্রিয়॥
তব মনোহর স্বর শ্রবণে।
বরিষয় যেন সুধা শ্রবণে॥
মরি কি তোমার মধুরস্বর।
ভব জন মনোমোহন কর॥
কোকিল অখিল মোহিলে স্বরে।
বিরহি ও রবে সদা শিহরে॥

যে জন এ স্বর দিল তোমায়।
হেরিতে তাহারে মানস চায়॥
বল বল পিক বল আমায়।
কোথা গেলে আমি পাইব তায়॥

বল বল তাই শুনি কমল।
কে গড়িল তোকে এত কোমল॥
অতি মনোহর বাসের বাস।
কে দিল তোমায় সলিলে বাস॥
নিরখি তোমায় সুরূপ রূপ।
উথলে ভাবির ভাবের কূপ॥
মধুর ভাণ্ডার হৃদয় তব।
প্রহরি তাহার কেশর সব॥
সে মধুর কিবা মধুর তার।
বসুধার মাঝে সুধার সার॥
তোমার কেশর সোসর হয়।
ধরা মাঝে হেন কিছুই নয়॥
সু বর্ণে সুবর্ণে দিয়েছে লাজ।
মাঝেং অতি বিচিত্র কাজ॥
আহা মরি তাহা কি শোভা লয়।
স্বর্ণ কর্ণ ফুল তুল না হয়॥
তোমার কেশর গড়িল যেই।
মরি কিবা শিল্পে নিপুণ সেই॥
দলে দলে কিবা কৌশল হায়।
হেরে ব্যাঙ্গ রঙ্গ আঁখি জুড়ায়॥
যে দিল তোমায় জলেতে বাস।
যে দিল তোমার দলেতে বাস॥
দেখিতে তাহারে মানস চায়।
কোথা গেলে আমি পাইব তায়॥

বল বিনোদিনি বল আমায়।
এরূপ সুরূপ পেলে কোথায়॥
চঞ্চলা চঞ্চলা ওরূপ ছাঁদে।
মৃগাঙ্ক মৃগাঙ্ক লইয়ে কাঁদে॥
সুধার আধার বদন তব।
বাঁশরী নিন্দিত মধুর রব॥
গজপতি সম মৃদুল গতি।
নয়ন যুগল চঞ্চল অতি।

অঞ্জনে রঞ্জন কোরেছ তায়।
খঞ্জন তাহাতে গঞ্জন পায়॥
ঈষদ ভ্রূ ভঙ্গে দেখহে যারে।
মোহবাণ ধনি প্রহার তারে॥
কামুক জনের মোহন কর।
যে দিল তোমায় কটাক্ষ স্বর॥
যুবা চকোরের সন্তোষ কর।
যে দিল তোমায় পীযূষাধর॥
তরুণ জনের আহ্লাদ কূপ।
যে দিল তোমায় এরূপ রূপ।
কাশিজনকর প্রমাদ কর।
যে দিলে তোমায় কুচ সুন্দর॥
যে দিল তোমায় বিনোদ আস্য।
যে দিল তোমায় মধুর হাস্য॥
যে দিল তোমায় অমিয় ভাষ।
বল ধনি তার কোথা বাস॥
হেরিতে তাহারে মানস চায়।
কোথা গেলে আমি পাইব তায়॥

শুনহে হরিশ ধীরতা ধর।
এ সকলে মিছে জিজ্ঞাসা কর॥
কি হেতু আকুল হইলে হেন।
আপন স্বভাব ভাবনা কেন॥
তাহে তুমি পাবে ভাবির ভাব।
রবেনা হবেনা আর অভাব॥
স্বভাব না ভাবি স্বভাব ভাবি।
কে হয়েছে তব ভাবির ভাবি॥
এসব রচনা করিল যেই।
তোমার অন্তরে আছেত সেই॥
এক নিকেতনে দুজনে রহ।
কি আশ্চর্য্য তবু বিরহ কহ॥
তোমা হোতে তিনি নহেন দূর॥
দেখ অন্বেষিয়া হৃদয়পুর॥
ভাবিলে তাহারে মনে স্বভাবে।
এখনি মানসে সাক্ষাৎ পাবে॥
বারেক তাহারে পাইলে দেখা।
হবেনা বিচ্ছেদ রবেনা একা॥

শ্রীহরিশ্চন্দ্র মিত্র।

সাং টাকা বাবুর বাজার

সাধু সাধু সাধু!—এ ই কবিতা টী কবিতার মতন কবিতা হইয়াছে।

প্রভাকর সম্পাদক

Printedaad Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur* Press

সংবাদ প্রভাকর

প্রাতিহিকপত্র

৩৩৪
২৭৬

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসেনকড়িয়ার দুর্গাচরণ সরকার ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিচ্ছ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর কয়প্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ৯০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৮০ সংখ্যা] শুক্রবার ১৮ চৈত্র ১২৬৬ সাল। ইং ৩০ মার্চ্চ ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

মাষ্টার সেল।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাতকরা যাইতেছে, যে, যে মোকদ্দমার মৃত আনন্দনারায়ণ ঘোষের বিষয় ও বিভবাদির অছি গিরীন্দ্রচন্দ্র ঘোষ ও শ্রীমতী নবরঙ্গিনী দাসী বাদী ও বাদিনী এবং শ্রীমতী সখিমণি দাসী বিশ্বেশ্বর পালচৌধুরী, পরমেশ্বর পালচৌধুরী এবং রাজরাজেশ্বর পালচৌধুরী প্রতিবাদিনী ও প্রতিবাদীগণ সেই মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে এক হাজার আটশত উনষাইট খৃষ্টাব্দের ৩ মে তারিখে যে অনুমতি প্রদত্ত হইয়াছে তাহার ক্ষমতানুসারে এবং উল্লেখিত সুপ্রিমকোর্টের মাষ্টার শ্রীযুক্ত ওয়ালটার মর্গান সাহেবের সম্মতি ক্রমে উক্ত সুপ্রিমকোর্ট নামক বিচারমন্দিরে তাঁহার দপ্তরখানায় আগামী ২৬ আপ্রেল মাসের ২৬ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে নিম্নলিখিত ভূমি সম্প্রতি সকল প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রীত হইবেক।

বিশেষতঃ সুবেবাঙ্গালার অন্তঃপাতি জেলা যশোহরের ইশলপুর পরগণার সামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক অথবা জমিদারী যাহা সিঙ্গিপাসা নামে বিখ্যাত তাহার সমুদয় অংশ ঐ তালুকের বার্ষিক রাজস্ব কোং ২৩৩৫।৬ টাকা গবর্ণমেণ্টকে প্রদান করিতে হয়।

সুপ্রিমকোর্টের মাষ্টার আফিসে অথবা বাদির পক্ষের উকীল মাষ্টার জজ, জজ, ওয়াটকিন্স সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে সকলে এই বিষয় বিক্রয়ের বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

W. Morgan.
Master.
ডবলিউ, মার্গান।
মাষ্টার।

Judge Judge Watkins
plaintiffs attorny.
জজ, জজ, ওয়াটকিন্স
বাদী পক্ষের উকীল

কলিকাতা
সুপ্রিমকো
মাষ্টার আফিস
২৯ মার্চ্চ ১৮৬০

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ..... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ..... ১।০

নলিনীকান্ত শৃঙ্গার ওকরুণা }
রসাশ্রিত নবীন উপাখ্যান } ১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।
সন১৮৫ সালের }
৯।১০।১১।১৪ আইন } ১৷৷০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত....৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ ৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক ১

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ" যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। অংশেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্বস্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল ধ্রেজুরির মিলিটরি একৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১৷৷০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

অনুবাদের বিষয়।	পারিতোষিক মুদ্রা।
1. Byron's, the Gladiator, or Stanzas CXL and CXLI in Canto III. of Childe Harold's Pilgrimage.....	৫
2. Mrs. Heman's, to Hour of Death.....	৮
3. Richardson's, Lines to the memory of Gopal Ghose	১০
4. Logans ode to the Cuckoo	১০
5. Campbell's Lines to the Rainbow.....	১০
6. Captain Macnaghten's Banks of the Ganges	১২
7. Beattie's Introduction to the Hermit.....	১৬
8. Thomson's Hymn to the Supreme Being in Richardson's lections.	২০

রচনার বিষয়।

কবি কর্ত্তৃক মনুষ্যের কি উপকার হয়? (একশত চরণের ন্যূন নহে।) ১০

সর্ব্বশুদ্ধ এক শত এক টাকা ১০১

পারিতোষিক প্রভৃতির নিয়মাদি সকল পূর্ব্ববৎ রহিল। লেখকেরা অনুগ্রহ পূর্ব্বক আপন আপন রচনা অথবা অনুবাদ ২৪ চৈত্র অথবা তৎপূর্ব্বে এই যন্ত্রালয়ে পাঠাইয়া বাধিত করিবেন। এবৎসর তাঁহাদিগকে অধিক সময় দিতে না পারিয়া বড়ই দুঃখিত হইতে হইল, কিন্তু তাঁহারা দেখিবেন যে যেমত কাল সংক্ষেপ, সেইমত ক্ষুদ্র ক্ষুদ্র বিষয় সকলও মনোনীত করা গিয়াছে।

সংবাদপ্রভাকর

১৮ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দ ২

বাহুবল ও বুদ্ধিবল দ্বারা এক জাতি অন্য জাতির প্রতি রাজ প্রভুত্ব সংস্থাপন করিতে পারিলে তাহারদিগের কেবল স্বজাতির উপকার নিমিত্ত সর্ব্বদা সচেষ্টা হওয়া উচিত নহে, তাহা করিলে রাজ ধর্ম্মের বিরুদ্ধাচরণ হইয়া থাকে। যে জাতি হীনবল প্রযুক্ত তাঁহারদিগের অধীনতা শৃঙ্খলে বদ্ধ হইয়াছে, সর্ব্বদা তাহারদিগের উপকার চেষ্টা করিতে হইবেক, যে সমুদয় ব্যক্তি রাজ কার্য্য বিষয়ে বিবিধ প্রকার সদুপদেশ লিখিয়াছেন, এবিষয়ে তাঁহারদিগের পরস্পর মতের কিছু মাত্র বিভিন্নতা দেখা যায় না, অতএব এপ্রকার উপকার বিষয়ে চিত্ত নিবেশ না করিলে নৃপতিদিগের কদাচ ধর্ম্ম রক্ষা হইতে পারে না, তাঁহারা এই অবনী সমাজে সুখ্যাতি সঞ্চয় করণে অক্ষম হইয়া থাকেন, প্রজারা রাজার উপকার চিন্তা না করিয়া নানা প্রকারে রাজ বিপক্ষতা করিতে প্রবৃত্ত হয়, অতএব রাজার ধর্ম্ম অতি কঠিন, যে ব্যক্তি সেই ধর্ম্ম যথা নিয়মে প্রতিপালন পূর্ব্বক রাজকার্য্য নির্ব্বাহ করিতে পারেন তিনি রাজ সিংহাসনে উপবেশন ও রাজকীরিট ধারণ করণের উপযুক্ত।

বৃটিশ জাতি সৌভাগ্যবলেই এ দেশের অধীশ্বর হইয়াছেন, পরমেশ্বর তাঁহারদিগের যখন শতং লোকের ধনপ্রাণের প্রতি কর্ত্তৃত্ব করণের ভার সমর্পণ করিয়াছেন তখন তাহারা ধর্ম্মভার প্রাপ্ত হইয়াছেন। ঐ ধর্ম্ম যাহাকে রাজ ধর্ম্ম বলা যায় তাহারদিগকে অবশ্য রক্ষা করিতে হইবেক, তাহা না করিলে ধর্ম্মে পতিত হইবেন, পরমেশ্বর তাঁহারদিগের প্রতি পরিতুষ্ট হইবেন না, প্রজার বিদ্যা বুদ্ধি ও সৌভাগ্য-বৃদ্ধির সদুপায় করাই রাজ ধর্ম্মের প্রধান অঙ্গ বলিয়া পরিগণ্য হইয়াছে. স্যার জান মালকম সাহেব আপনার পুস্তকে লিখিয়াছেন, যে "আমরা পরমেশ্বরের অনুগ্রহে ভারতবর্ষের অধীশ্বর হইয়াছি, বলিয়া ভারতবর্ষের দ্বারা স্বদেশীয় ব্যক্তিদিগের উপকার সাধন করিব ভারতবর্ষের ধনে স্বজাতীয় ব্যক্তিদিগের পুষ্টি বর্দ্ধন হইবেক, এমত বিবেচনা করা কদাচ উচিত নহে, আমারদিগের শাসনাধীনে যাহাতে ভারতবর্ষ-বাসি প্রজাদিগের উপকার হয় এমত উপায় সকল নির্দ্ধারণ করা কর্ত্তব্য হইয়াছে, আমরা যত প্রজাদিগের উপকারের প্রতি দৃষ্টি করিব ততই আমারদিগের সুখ্যাতি সৌরভে ভুবন আমোদিত হইবেক, পরম পিতা পরমেশ্বর আমারদিগের প্রতি প্রসন্ন হইয়া শৌর্য্য বীর্য্য গাম্ভীর্য্যাদি বৃদ্ধি করিবেন এবং ভারতবর্ষ বাসি প্রজাদিগের সহিত অস্মদাদির যত সদ্ভাব সম্বর্দ্ধিত হইবেক ততই তদ্দেশে আমারদিগের পরাক্রম বর্দ্ধিত হইতে থাকিবেক।" স্যার জান মালকম সাহেবের এই অভিপ্রায় যেরূপ বিচার ও যুক্তি সঙ্গত তাহা বিজ্ঞবর পাঠক মহাশয়েরাই বিবেচনা করিবেন, পরন্তু কি আক্ষেপ, কি পরিতাপ, আমারদিগের অদৃষ্টক্রমে অদ্যুনা যে সকল মহাশয়ের প্রতি অধুনা শাসনভার সমর্পিত হইয়াছে, যাঁহারা এদেশের ব্যবস্থাপকের পদে অভিষিক্ত হইয়াছেন, তাঁহারা ঐ রুচিরমতের বিপরীতাচরণে প্রবৃত্ত হওয়াতে পদেং আমারদিগের অনিষ্ট ঘটনাই হইতেছে, তাহারা একেবারে প্রতিজ্ঞা করিয়াছেন, প্রজার উপকারার্থ কোন সদুপায় করিবেন না, কেবল নূতন২ ব্যবস্থাপন পূর্ব্বক প্রজার রক্ত শোষণ করিয়া স্বদেশীয় ব্যক্তিদিগের পুষ্টিবর্দ্ধন করিবেন।

ভারতবর্ষে ইংরাজেরা প্রজা রূপে বসতি করণের স্থান প্রাপ্ত হইলে দেশের পক্ষে উপকার হয় কি না, এই বিষয় জানিবার নিমিত্ত বিলাতের হৌস আব কামন্স সমাজের মেম্বর মহাশয়েরা যে এক কমিটী নিযুক্ত করিয়াছেন. সেই কমিটির সমীপে সাক্ষ্য প্রদান সময়ে মেং ফরবস সাহেব ব্যক্ত করিয়াছিলেন যে সিবিলিয়ান শ্রেণীতে এক জন মাজিষ্ট্রেট নিযুক্ত আছেন, তিনি মদ্যপানে সর্ব্বদা উন্মত্ত হইয়া থাকেন, আপনার কার্য্য কিছুই নির্ব্বাহ করিতে পারেন না, পরে ঐ কমিটির নিকটে সর্ জান লারেন্স সাহেব যখন সাক্ষ্য প্রদান করেন তখন বলিয়াছিলেন যে কোন মাজিষ্ট্রেট সাহেব সর্ব্বদা উন্মত্ত থাকেন, মেং ফরবস সাহেব যখন তাঁহার নামোল্লেখ করিতে পারেন নাই, তখন তাঁহার একথা বলাই অন্যায় হইয়াছে, অধুনা বাঙ্গাল হরকরা সম্পাদক মহাশয় মেং ফরবস সাহেবের উক্তির সত্যতা সপ্রমাণার্থ লিখিয়াছেন যে তিনি উক্ত কমিটির সমীপে মিথ্যা কথা বলেন নাই, বা খরগঞ্জের জাইণ্ট মাজিষ্ট্রেট মেং লিমণ্ড সাহেব সর্ব্বদাই মদ্যপানে মত্ত হইয়া থাকিতেন, এবং সেই অপরিমিত সুরাপান করিয়াই তিনি মৃত্যু গ্রাসে পতিত হইয়াছেন, সুরার প্রতি তাঁহার এরূপ আসক্তি ছিল যে সুরা ভিন্ন তিনি থাকিতে পারিতেন না, তাঁহার সমীপে যে সকল মোকদ্দমা উপস্থিত হইত তাহার সাক্ষিদিগের সাক্ষ্য গ্রহণ ও কাগজ পত্রাদি দৃষ্টি না করিয়া এমতরূপে তাহা নিষ্পাত্ত করিতেন যে তাহার আর কোন প্রকার আপিল হইতে পারিত না। মেং লিমণ্ড সাহেবের এই স্বভাব বাঙ্গালা দেশের বিজ্ঞবর গবর্ণর মান্যবর মেং গ্রাণ্ট সাহেব গত আক্টোবর মাসে অবগত হইয়া ঢাকা বিভাগের কমিসনর ও বাখরগঞ্জের মাজিষ্ট্রেট সাহেবকে পত্র লিখিয়াছিলেন যে তাঁহারা নিমণ্ড সাহেবের ঐ স্বভাবের বিষয় গবর্ণমেণ্টকে অবগত না করিয়া গোপন রাখাতে তাঁহারদিগের অত্যন্ত অন্যায় হইয়াছে।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

তত্ত্বোপদেশ।
একাবলী।

"তব বিভব সব অচির;
কখন কি হয় নাহিক স্থির॥

যথা তরঙ্গিনী তরঙ্গচয় ।
কিছু কাল থাকি বিলীন হয় ॥
অথবা অচির প্রভা যেরূপ ।
হিলেক প্রকাশি স্বীয় স্বরূপ ॥
অচিরে অমনি লুকায় কায় ।
বিষয় নিচয় তেমনি প্রায় ॥
নিয়ত বিষয় সংশয় ময় ।
নিশ্বাসে বিশ্বাস নাহিক হয় ॥
তাই বলি ওহে বিষয়ী নর ।
চরম বিষয় সঞ্চয় কর ॥
বৃথা কেন আর সময় হর ।
"মরণ হরণ চরণ স্মর ॥ ১ ।

করিতে আয়ত্ত অনিত্য ধনে ।
কত না কল্পনা করিছ মনে ॥
কখন শিখরে শিখরে চর ।
কখন গহন দহন কর ॥
কখন কখন করিছ খাল ।
মণি লোভে কভু ধরিছ কাল ॥
ধনাশে ধনেশে ভবেশ ন্যায় ।
কত কত স্তব করিছ হায় ॥
মগ্ন হোয়ে লোভ নদীর নীরে ।
যে আজ্ঞার ভার বহিছ শিরে ॥
সদত ভাবনা কোথায় যাব ।
মনোমত ধন কোথায় পাব ॥
এই ভাবনায় ভাবিত মন ।
না পায় শান্তির সুখাস্বাদন ॥
যতই সম্পদ উন্নতি পায় ।
তত আশা পথে মানস ধায় ॥
সন্তোষ উদিত না হয় মনে ।
কোথায় কে সুখী হোয়েছে ধনে ॥
ধনে যদি সুখ সঞ্চিত ধন ।
তাহোলে কি ধনি অসুখ মন ॥
যেমন স্বভাবে সতত তোষ ।
সুখে পূর্ণ তার হৃদয় কোষ ॥
দীন ভাবে যদি কাটে সে কাল ।
মনেতে কভু সেই অবনী পালে ॥
অবনীপ আর অনল চোরে ।
তার ধন নারে লইতে হোরে ॥
এমন ধনেতে যেজন ধনী ।
তার মন সুখ তুর খনি ॥
যতনে এ ধনে সঞ্চয় কর ।
অনিত্য ধনার্থ কি হেতু মর ॥
সন্তোষ হৃদয় ভাণ্ডার ভর ।
মরণ হরণ চরণ স্মর ॥ ২ ।

বদ্ধ হোয়ে মিছে মায়ার সুতে ।
কত না মমতা সহিলা সুতে ॥
লয়ে পরিবার স্বজন গণ ।
প্রমোদ আমোদে আছ মগন ॥
আমার এ বাড়ী আমার জোড়া ।
আমার এ বাড়ী ভুবন যোড়া ॥
আমার এ হাট আমার হাতি ।
আমার এ পাট শোণার ছাতি ॥
আমার এ দাস করিছে সেব ।
ওহে তুমি কার, তোমার কেবা ॥
কারে বা আমার আমার কহ ।
নিজেই যে তুমি তোমার নহ ॥
এ দেহ এ গেহ এ ধন আর ।
কিছু চিরস্থায়ী নহে তোমার ॥
মুদিলে নয়ন সব আঁধার ।
কোথা ধন জন বিভব আর ॥
আমার আমার বলিছ যাহা ।
পরে পরে ভোগ করিবে তাহা ॥
সজ্জিত তোমার এই যে গেহ ।
বর্জ্জিত ইহাতে হইবে দেহ ॥
এই ধন জন বন্ধু বান্ধব ।
কেহই যাবে না সহিত তব ॥
একা তুমি দেখা দিয়েছ ভবে ।
একাই তোমারে যাইতে হবে ॥
অতএব মম বচন ধর ।
মমতা সমতা অচিরে কর ॥
সত্বের পথের পথিক হও ।
বিবেক আশ্রয় অচিরে লও ॥
তার ভয়ে ভবে নিয়ত চর ।
মরণ হরণ চরণ স্মর ॥ ৩ ।

সংগীত ।

রাগিণী ললিত তাল একতালা ।

কি করহ নর উপদেশ ধর । শান্তি সুধা সিন্ধু সলিলেতে স্নান কর ॥

বিষম বিষয়ানলে কতই দহিছে, তাপ তাপনের তাপ কতই সহিছে, পাপ পঙ্কে লিপ্ত কতই রহিছে, ভ্রমভার আর কতই বহিব বিবেক আশ্রয় কবে বা লইবে, কবে বা কহিবে জয় বিশ্বেশ্বর ।

বিষয়ী হোয়েছ পেয়ে এ বিষয়, পরিণামে বিষ হয় এ বিষয়, এ বিষয় নয় সুখের বিষয়, যে বিষয়ে হয় সুখের বিষয়, কোরেছ কি তাহার বিষয়, বল সে বিষয় হে বিষয়ী নর ।

কাল নামে কাল কতই আসিছে, কাল আয়ু কাল ততই নাশিছে, জরা নিশাচরী শরীর গ্রাসিছে, রসনা ক্রমশঃ জড়তা ভাষিছে, শিথিল হোতেছে ইন্দ্রিয় নিকর ।

সার উপদেশ, ধর২ ধর, আশা পাশ হোতে সর২ সর, বিবেক বসন পর২ পর, চরম উপায় কর২ কর, পরম পুরুষে স্মর২ স্মর, তর২ তর এভব সাগর ।

শ্রীহরিশ্চন্দ্র মিত্র ।
সাং ঢাকা বাবুর বাজার

Printedand Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur* Press

সংবাদপ্রভাকর

প্রাতঃকালীন

২৭৮

৩৫০

ওঁ একমেবাদ্বিতীয়ং ব্রহ্মমুকুলেষ্বিদমীশ্বরেষু কচিদ্যৎ ভ্রাম মতজ্ঞমীশবদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ। অদ্যোদাহিমল প্রভাকর করপ্রাপ্তিপদ্মোদরে স্বচ্ছন্দং বিবসে পিবন্ত চতুরস্বাতাবিরেকাকুলং।

ওঁ।।*।।* সতাং মমস্তাধরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *।।*।।*

।।।।* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *।।*।।*

ইহার অগ্রিম মূল্য ১৮ টাকা ইহার অসংপাতিত প্রবন্ধ প্রকাশার্থ গৃহীত হইবে না ও মফস্বলের গ্রাহকদিগের নিকট ৭২ নং মতের চিঠি ব্যতীত কোন প্রবন্ধ সম্পাদক সমীপে প্রেরিত হইলে তাহা প্রকাশ করা যাইবে না।

মফস্বলের পত্রের অগ্রিম মূল্য ১৮ টাকা ইহা মাসের প্রথম দিবসের পত্রের মূল্য ১০ টাকা। চতুর্থাংশ আর সকল মাসের প্রথম দিবসের পত্রের মূল্য ১০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪১ সংখ্যা । শনিবার ১৯ চৈত্র ১২৬৩ সাল। ইং ৩১ মার্চ্চ ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ ছয় মাত্র।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ..... ।৷০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ..... ।৷০
নলিনীকান্ত শৃঙ্গার ওকরুণা রসশ্রিত নবীন উপাখ্যান ১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাশুলে পাইতে পারিবেন।
সন ১৮৫ সালের ৯।১০।১১।১৪ আইন ১৷৷০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত ৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ ৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক ১

বিজ্ঞাপন

শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তপ্রণীত

শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation .....) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ।৵
একেই কি বলে সভ্যতা ? (ঐ) ..... ।৷০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্টীনহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

বিজ্ঞাপন।

অনুবাদের বিষয়।	পারিতোষিক মুদ্রা।
1. Byron's, the Gladiator, or Stanzas CXL and CXLI in Canto III. of Childe Harold's Pilgrimage.....	৫
2 Mrs. Heman's, to Hour of Death.....	৮
3. Richardson's, Lines to the memory of Gopal Ghose	১০
4. Logans ode to the Cuckoo	১৬
5. Campbell's Lines to the Rainbow.....	১০
6. Captain Macnaghten's Banks of the Ganges	১২
7. Beattie's Introduction to the Hermit.....	১৬
8. Thomson's Hymn to the Supreme Being in Richardson's lections.	২০

রচনার বিষয়।

কবি কর্ত্তৃক মনুষ্যের কি উপকার হয় ? (একশত চরণের ন্যূন নহে।) ১০

সর্ব্বশুদ্ধ এক শত এক টাকা ১০১

পারিতোষিক প্রভৃতির নিয়মাদি সকল পূর্ব্ববৎ রহিল। লেখকেরা অনুগ্রহ পূর্ব্বক আপন আপন রচনা অথবা অনুবাদ ২৪ চৈত্র অথবা তৎপূর্ব্ব এই যন্ত্রালয়ে পাঠাইয়া বাধিত করিবেন। এবৎসর তাঁহাদিগকে অধিক সময় দিতে না পারিয়া বড়ই দুঃখিত হইতে হইল, কিন্তু তাঁহারা দেখিবেন যে যেমত কাল সংক্ষেপ, সেইমত ক্ষুদ্র ক্ষুদ্র বিষয় সকলও মনোনীত করা গিয়াছে।

সংবাদপ্রভাকর

১৯ চৈত্র শকাব্দা ১৭৮১। বিদ্যোৎপত্তিরাব্দঃ ২

কলিকাতা সুপ্রিম কোর্টের বিচক্ষণ ইন্টরপিটার শ্রীযুত বাবু শ্যামাচরন শর্ম্ম সরকার প্রণীত ব্যবস্থাদর্পণ নামক পুস্তকের প্রথম ভাগ আমরা প্রাপ্ত হইয়াছি, তাহা পাঠ করিয়া যেরূপ পুলকিত হইলাম, তাহা লিখিয়া ব্যক্ত করিতে পারি না। হিন্দু জাতির বিষয় বিভবাদির উত্তরাধিকার ও তাহার বিভাগ ইত্যাদি বিষয়ে মহর্ষি মনু হারীত যাজ্ঞবল্ক্য প্রভৃতি মহাত্মারা যে সমস্ত ব্যবস্থাদি লিখিয়া গিয়াছেন, এবং যাহা এদেশে প্রচলিত আছে, আমারদিগের রাজপুরুষেরা হিন্দুদিগের বিষয় ঘটিত বিচার সময়ে যাহা সমুদায় বিচারালয়ে মান্য করিয়া থাকেন, শ্যামাচরণ বাবু স্মৃতি শাস্ত্রনীরধি মন্থন পূর্ব্বক সেই সমস্ত ব্যবস্থা উদ্ধার করিয়াছেন, ইহাতে তাহার পরিশ্রম অল্প হয় নাই। তিনি ঋষি প্রণীত ব্যবস্থা মূল প্রমাণাদি সঙ্কলন করিয়াছেন, এমত নহে, সুকোমল বঙ্গ ভাষায় সেই সকল প্রমাণের অনুবাদ করিয়াছেন, এবং সেই বাঙ্গালা অনুবাদের ইংরাজী অনুবাদও লিখিত আছে। ব্যবস্থাদর্পণ দর্পণের ন্যায়ই হইয়াছে, প্রথমে বাঙ্গালা তৎপরে সংস্কৃত এবং তাহার পার্শ্বভাগেই ইংরাজী অনুবাদ এবং তাহার নিম্ন ভাগে ঐরূপ তিন ভাষায় টিপ্পনী অর্থাৎ কঠিন ভাবার্থ সকল প্রকটন হওয়াতে ঐ পুস্তক সাধারণের পক্ষে পরম আদরণীয় হইয়াছে, গ্রন্থ প্রকাশক মহাশয় তাহার সঙ্কলন ও অনুবাদ এবং মুদ্রাঙ্কন বিষয়ে অল্প পরিশ্রম করেন নাই।

যে সকল ব্যক্তি বিচারাসনে উপবেশন পূর্ব্বক বিচার কর্ম্ম নির্ব্বাহ করেন, যাঁহারা কৌন্সেলি উকীল ও মোক্তার প্রভৃতির কার্য্য করিয়া থাকেন যে সকল ব্যক্তিদিগের বিষয়াদি বিভাগ করিবার প্রয়োজন তাঁহারদিগের সকল ব্যক্তির পক্ষে এই পুস্তক পরমোপকারক দায়ক হইয়াছে। শ্যামাচরণ বাবু পুস্তক প্রকাশ করিবার পূর্ব্বে সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি কালবল সাহেবকে ও হিন্দু সমাজ তিলক শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেব বাহাদুর এবং এতদ্দেশ প্রচলিত সমস্ত ব্যবস্থা শাস্ত্র বিশারদ শ্রীযুক্ত বাবু প্রসন্ন কুমার ঠাকুর তথা শ্রীযুক্ত বাবু রমাপ্রসাদ রায় মহাশয়কে তাহা দেখাইয়াছিলেন, তাঁহারা সকলেই তাঁহার যথেষ্ট প্রশংসা লিখিয়াছেন বিশেষতঃ গ্রন্থ প্রকাশক মহাশয় আপনার ভূমিকাতেই ব্যক্ত করিয়াছেন যে শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার ঠাকুর তথা গবর্ণমেণ্টের সংস্কৃত কালেজের সুবিখ্যাত স্মৃতি শাস্ত্রের অধ্যাপক শ্রীযুক্ত ভরতচন্দ্র শিরোমণি ভট্টাচার্য্য মহাশয় তাঁহার অনেক সাহায্য করিয়াছেন, শ্যামাচরণ বাবু আপন প্রণীত ব্যবস্থাদর্পণকে এদেশের উপকারি করণার্থ সাধ্য পর্য্যন্ত চেষ্টা ও যত্নের ত্রুটি করেন নাই, হিন্দু জাতির দায় সংক্রান্ত ব্যবস্থাদি সংস্কৃত বাঙ্গালা ইংরাজী ভাষায় একাল পর্য্যন্ত যত পুস্তক প্রকাশ হইয়াছে তিনি তত্তাবৎ সংগ্রহ পূর্ব্বক পরস্পর লেখকদিগের মতের একতা করিয়া লিখিয়াছেন, বিশেষতঃ সর উইলিয়ম মেকনটিন সাহেব যাহা লিখিয়া গিয়াছেন, তাহা উদ্ধৃত করিয়া লইয়াছেন। অতএব হিন্দু জাতির দায় সম্বন্ধীয় ব্যবস্থা বিষয়ে এইকাল পর্য্যন্ত যত পুস্তক প্রকাশ হইয়াছে, তাহার পরস্পর অভিমতের সংগ্রহ ও মীমাংসা করিয়া এই পুস্তক লিখিত হইবায় ইহা বিশেষোৎকৃষ্ট হইয়াছে, অতএব হিন্দু শাস্ত্র প্রণীত দায়াতত্ত্বী অবগত হওয়া, যাহারা অত্যন্ত প্রয়োজনীয় বিবেচনা করে এই ব্যবস্থাদর্পণ এক২ খণ্ড ক্রয় করা তাঁহাদের আবশ্যক, ঐপুস্তকের প্রথম খণ্ড মাত্র প্রকাশ হইয়াছে, দ্বিতীয় খণ্ড অনতি বিলম্বেই প্রকাশ পাইবেক।

ব্যবস্থাদর্পণ প্রভাকরের ন্যায় চারি পৃষ্ঠ ফারমাও পরিমাণে দীর্ঘাকারে, তত্ত্ববোধিনী যন্ত্রালয় হইতে উত্তম কাগজে ও উত্তম অক্ষরে এবং উত্তমরূপে মুদ্রাঙ্কিত হইয়াছে, প্রতোক খণ্ডের মূল্য ১১ টাকা যাঁহার প্রয়োজন হয় তৎপ্রকাশক মহাশয়ের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

নীলকরদিগের উপকারার্থ ব্যবস্থাপক সমাজে যে নূতন বিল উত্থাপিত হইয়াছে, বোধ হয় তাহা শীঘ্রই আইনরূপে অবধারিত হইবেক।

249 249 941

এইক্ষণে নানা স্থানে নীলকরদিগের সহিত রাইয়তগণের যে বিবাদ উপস্থিত হইয়াছে তাহা নিবারণ করিবার উদ্দেশেই ব্যবস্থাপক মহাশয়েরা ছয় মাসের নিমিত্ত এই নিয়ম প্রচলিত করণের মানস করিয়াছেন, এই নিয়মোপলক্ষ করিয়া গত শুক্রবাসরীয় ফ্রেণ্ড আব ইণ্ডিয়া পত্রে হরকরাকর সম্পাদক মহাশয় এদেশীয় ব্যক্তিদিগের প্রতি অকারণ অনেক আক্ষেপ করিয়াছেন, তিনি লিখিয়াছেন যে এদেশে নীলের চাস না হয়, এবং নীলকর সাহেবেরা থাকিতে না পারেন এই অন্যায় অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্তই স্থানে স্থানে প্রজারা ঐক্য হইয়াছে, তাহারা আর নীলের দাদন লইয়া নীল চাস করিবেক না, জমিদারগণ বিশেষতঃ কলিকাতা নিবাসি ধনাঢ্য গণ ঐ অভিসন্ধিকারি প্রজাদিগের সহায় করাতে তাহারা স্থানে স্থানে দলবদ্ধ হইয়া নীলকুঠির প্রতি অত্যাচার করিতেছে তাহাতে করে কস্থানে কয়েক ব্যক্তি হত ও আহত হইয়াছে, নীলকুঠির খাতা পত্রাদি যাহাতে প্রজাদিগের এডবেন্স অর্থাৎ অগ্রিম টাকা লইবার হিসাব লিখিত আছে তাহারা অনল দ্বারা তত্তাবৎ ভস্মীভূত করিবার অভিপ্রায়েই নীলকুঠি আক্রমণ করিয়াছিল ফলতঃ তাহাতে কৃতকার্য্য হইয়াছে কি না তাহা এপর্য্যন্ত জানা যায় নাই গবর্ণমেণ্ট ঐ অত্যাচার নিবারণ নিমিত্ত স্থানেং পুলিস সংক্রান্ত গোরা সৈন্যদিগকে প্রেরণ করণেও বাধ্য হইয়াছেন।

বঙ্গদেশে নীলের চাস না হইলে বিস্তর অনিষ্ট হইবার সম্ভাবনা অত এব তাহা রক্ষা করিবার উদ্দেশেই আমার দিগের ব্যবস্থাপক মহাশয়েরা প্রাপ্তক্ত ব্যবস্থাপত্র অবধারণে উদ্যত হইয়াছেন। প্রজারা নীল করের নিকট এডবেন্স অর্থাৎ অগ্রিম টাকা গ্রহণ করিয়া যদাপি নীলের চাস না করে, তবে তাহারা যত টাকা অগ্রিম লইবেক, তাহারদিগের তত টাকা দণ্ড হইতে পারিবেক। ঐ টাকা প্রদানে অক্ষম হইলে মাজিষ্ট্রেট সাহেবেরা উহারদিকে কারাগারে প্রেরণ করিবেন, আর যে সকল ব্যক্তি প্রজাদিগকে নীলকুঠির কার্য্য করণে নিষেধ করিয়া হীন প্রবৃত্তি দিবেন, তাহারদিগের সেই দোষ সপ্রমাণ হইলে তাঁহারাও কারাগারে গমন করিয়া সেই কুকার্য্যের দণ্ডবিধান করিবেন, নীলকুঠির সাহেবদিগের বিরোধ উপস্থিত হয়, তাহার নিরূপণ নিমিত্ত এক জন উপযুক্ত ব্যক্তি কমিসনর নিযুক্ত হইবেন।

ফ্রেণ্ড আব ইণ্ডিয়া সম্পাদক মহাশয় যাহা লিখিয়াছেন তাহাতে নীলকরদিগের প্রতি তাহার বিলক্ষণ স্নেহ ভাব প্রকাশ পাইয়াছে, প্রজারাই দলবদ্ধ হইয়া নীলকুঠি সকল আক্রমণ করিতেছে নীলকর সাহেবেরা খৃষ্টান লোক তাঁহারদিগের কোন দোষ নাই, নীলকুঠির লাঠিয়াল লোক সকলে কুঠিতে বসিয়া পরমেশ্বরের গুণানুকীর্ত্তন করিতেছে, একথা কে স্বীকার করিবেন।

কি কারণ নীলকরদিগের সহিত রাইয়তগণের বিরোধ উপস্থিত হয়, গবর্ণমেণ্ট তাহা জানিবার নিমিত্ত কয়েক ব্যক্তিকে কমিসনরূপে নিযুক্ত করাতে আমরা পরম সন্তুষ্ট হইলাম, এতদ্দেশীয় লোকেরা ইংরাজের অধীনে কার্য্য করণে উৎসাহ প্রকাশ করিয়া থাকে, কিন্তু নীলকরদিগের অধীনে কার্য্যস্বীকার করণে কি জন্য অসম্মত হয় তাহা জানা আবশ্যক, ফলতঃ গবর্ণমেণ্ট ঐ কমিসন কার্য্যে কেবল ইংরাজদিগকেই নিযুক্ত করিবেন না, কয়েক জন এতদ্দেশীয় ব্যক্তিকেও তাহাতে মনোনীত করিবেন, কেবল সাহেবদিগের প্রতি ঐ কার্য্যের ভারার্পণ করিলে কোন মতেই সুবিচার হইবেক না। তাহারা নীলকুঠিতে গমন করিয়া এবং নীলকর সাহেব দিগের সহিত একত্রে আহারাদি করিয়াই সকল বিষয় তাহারদিগকে ডিক্রী দিয়া আসিবেন, ঐ কমিসনে এক জন এতদ্দেশীয় লোক থাকিলে তাহা হইবেক না, প্রজারাও সুবিচার পাইবেক তাহাতে গবর্ণমেণ্টের অভিপ্রায়ও সিদ্ধ হইবেক, ঐ কমিসন সংক্রান্ত ব্যক্তিদিগের প্রত এরূপ আদেশ থাকিবেক তাহারা কোন নীলকুঠিতে গমন করিতে পারিবেন না, গবর্ণমেণ্ট সংক্রান্ত কোন সাধারণ প্রকাশ্য কার্য্যালয়ে অথবা কোন সাধারণ স্থানে তাম্বু ফেলিয়া কার্য্য করিবেন, এবং যে পর্য্যন্ত ঐ কমিসন সংক্রান্ত ব্যক্তিদিগের রিপোর্ট না আইসে সে পর্য্যন্ত ব্যবস্থাপক নিয়ম পত্র স্থগিত রাখা কর্ত্তব্য কারণ নিয়ম নিতান্তই রাজনীতি বিরুদ্ধ হইয়াছে, তাহা পাঠ করিলেই বিবেচক লোকদিগের এমত অনুভূত হইবেক যে নীলকরদিগের উপকার করিবার অভিপ্রায়েই ব্যবস্থাপক মহাশয়েরা তা

হার প্রস্তাব করিয়াছেন, প্রজারা কিপ্রকার যন্ত্রণাগ্রস্ত হইয়াছে তাহা বিবেচনা করেন নাই।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়, আমি অদ্য তৃতীয় শ্রেণী সম্বন্ধে যে কিঞ্চিৎ বক্তব্য তাহা প্রকাশ করিতেছি, আপনি সংশোধনান্তে আপনকার জগজ্জন রঞ্জন প্রভাকর পত্রৈক পার্শ্বে স্থানদান করিয়া বাধিত করিবেন।

হায়! এক্ষণে বঙ্গভূমির দুর্ভাগ্য বশতঃ তৃতীয় শ্রেণীর লোকের সংখ্যা এত অধিক হইয়াছে যে শত সহস্র বদন অহর্নিশ গণনায় নিযুক্ত থাকিলেও তাহার গণনার শেষ হয় না। অনুসন্ধান করিয়া দেখিলে তৃতীয় শ্রেণীর কথিত দোষ হীন লোক অত্যল্পই দেখা যায়। প্রায় যুবামাত্রেই বারনারীর ভুজপাশে বদ্ধ হইয়া রঙ্গে ভঙ্গে রজনী যাপন করেন, কিন্তু তাহাদিগের মধ্যে সকলের অবস্থা সমান নহে, সুতরাং আমার পক্ষে কতক অবস্থা বর্ণন করা কর্ত্তব্য। বেশ্যালয় বিহারিগণের মধ্যে মহাধনাত্মজ বা মহাধনের গৃহে ষোড়শী রূপবতী, পরম প্রণয় ভাগিনী পত্নীর পবিত্র প্রণয় পূরিত ভুজপাশে বদ্ধ থাকা ক্লেশকর বোধে কুলকলঙ্কিনী পরপত্নীর কাপট্যময় প্রণয়বাক্যে মোহিত হইয়া তাহাদিগের সহিত গীত, বাদ্য, মদিরা পানাদি করিয়া অপবিত্র রসরঙ্গে যামিনী যাপন করেন। মধ্যম অবস্থার লোক সকল তাঁহাদিগের পতিপরায়ণা পত্নী, স্নেহাস্পদ ভ্রাতা, ও পরম পূজনীয় জনক জননীর ভরণ পোষণের ভার গ্রহণ না করিয়া শারীরিক শ্রমোপার্জ্জিত ধন সমস্ত দুর্বিনীতা পর পুরুষাভিলাষিণী বারবনিতার হস্তে সমর্পণ করেন। নির্ধনেরা ধনাভাব প্রযুক্ত চৌর্য্যবৃত্তি ও নানাপ্রকার অপবৃত্তি অবলম্বন করিয়া যে কিঞ্চিৎ অর্থ লাভ করেন, তাহা প্রণয় প্রয়াসে কুটিলা কুহকিনী অধর্ম্মিণী বারাঙ্গনার ধনাকাঙ্ক্ষারূপ অনলে আহুতি প্রদান করিয়া শতমুখীর দ্বারা চুম্বিত ও দুরিষ্টার মুখ নির্গত পিতৃ পুরুষদিগের নাম রূপ (তাঁহাদিগের পক্ষে) মধুর বাক্যে সম্ভাষিত হয়েন। যুবাদিগের অবস্থা এক প্রকার বর্ণন করিলাম, এক্ষণে এক হাস্যের বিষয় বর্ণন করিতেছি, পাঠকবৃন্দ শ্রবণ করুন। কতকগুলি লোক বয়োধিক্য প্রযুক্ত অক্ষম ও শক্তিহীন হইয়াও পূর্ব্বের স্বভাব বশতঃ বারবিলাসিনীর সহিত রস রঙ্গে কালযাপন করিতে এরূপ ইচ্ছুক হয়েন, যে নব্য বয়স্ক সরল পুরুষগণ ও তাঁহাদিগের ন্যায় আসক্তি প্রকাশ করেন না, কিন্তু অন্ত দন্ত হীন ও আসন্ন কাল উপস্থিত হইলেও অন্ধের মুকুরে মুখ সন্দর্শনেচ্ছার ন্যায় বৃদ্ধগণ যুবতী সম্ভোগের অভিলাষ নিমিত্ত কি করেন তাহা কিছুই বলিতে পারি না। পরস্ত্রী বিহার করা সংসার ধর্ম্মাবলম্বী লোকের উচিত নহে, কারণ বেশ্যা গমন করিলে বেশ্যাসক্তির উৎসাহ করা হয়, আর উৎসাহিত হইলে সকলেই বেশ্যা হয়, সুতরাং পতিব্রতা প্রণয়ভাগিনী পত্নী পাওয়া দুষ্কর হয়, তাহা হইলেই সংসার সুখ সম্ভোগ হয় না, যাঁহারা সংসারাশ্রমি নহেন, তাহাদিগের পক্ষেও বেশ্যা বিহার কর্ত্তব্য কারণ বেশ্যা সক্তির উৎসাহ প্রদান করিলে অন্যান্য লোকের অমঙ্গল হয় যে সকল লোকগৃহে পত্নী রাখিয়া পরপত্নী বিহারে নিশা শেষ করেন, তাঁহাদিগের বিবেচনা করা কর্ত্তব্য যে পরম কারুণিক পরমেশ্বর নর ও নারী উভয়কেই সমভাবে ষড়রিপু সম্পন্ন দেহ প্রদান করিয়াছেন, সুতরাং স্বামির পক্ষে স্ত্রী সহবাস না করা অতি গর্হিত কর্ম্ম, মধ্যম অবস্থার লোকদিগের পক্ষে তাঁহাদিগের শ্রমোপার্জ্জিত অর্থ সমস্ত বারনারীর হস্তে সমর্পণ করা অজ্ঞতা প্রকাশ করে, কারণ তাঁহারা বিবেচনা করিলে বুঝিতে পারেন, যে বারনারিরা বিশ্বাস বা প্রণয়ভাগিনী হয় না, সুতরাং তাহাদিগকে ধন দান করা ভস্মে ঘৃত দান স্বরূপ। যাঁহারা বারনারী বিহারার্থে অপবৃত্তি অবলম্বন করেন, তাঁহারদিগের শারীরিক ও মানসিক ক্লেশই তাঁহাদিগকে এই কলুষকর স্বভাব পরিত্যাগ করিতে কহে। অতএব হে মানবগণ, তোমরা অন্তরে জ্ঞানশশী উদিত করিয়া ভ্রান্তি তিমির নাশ কর, এবং প্রণয় ভাজন পত্নীর প্রণয়পাশে বদ্ধ থাকিয়া পরম সুখকর সন্তানের মুখ নির্গত মধুর অপরিস্ফুট বাক্য শ্রবণে শ্রবণ সার্থক কর।

লেখনী।

Printedand Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিক পত্র

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি ভোলকডিয়ার দুর্গাচরণ মলের ষ্ট্রিটে ৪৮ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফাঃ সদা॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১০টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ৷৷০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৮২ সংখ্যা] সোমবার ২১ চৈত্র ১২৬৬ সাল। ইং ২ এপ্রেল ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ তঙ্কা মাত্র।

বিজ্ঞাপন।

২০০ দুইশত মুদ্রা পারিতোষিক।

"তারাহরণ,,

ইত্যভিধেয় একখানি উৎকৃষ্ট নাটক যিনি ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের লিখিত মতে সুললিত বঙ্গভাষার গদ্য পদ্যে রচনা করিবেন, তিনি উপরোক্ত পারিতোষিক প্রাপ্ত হইবেন। দেবগুরু বৃহস্পতি দ্বারা তারা তারানাথ দ্বারা অপহৃতা হওনের আখ্যায়িকা এই নাটকের উপাখ্যান হইবেক। পুস্তকের পরিমাণ ৮ পেজি ফরমার দুইশত পৃষ্ঠের ন্যূন না হয়। রচনার উৎকৃষ্ট ত্বাপকৃষ্টত্ব পরীক্ষা জন্য ভাস্কর যন্ত্রালয়ে কমিটী স্থাপন হইবে। ১২৬৭ সালের আশ্বিন মাসের মধ্যে রচনা উক্ত যন্ত্রে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না। যাঁহার রচনা মনোনীত হইবেক তিনি স্বীয় ব্যয়ে নাটক মুদ্রিত করিলে গ্রন্থ স্বত্ব পাইবেন। তদন্যথায় পারিতোষিক প্রদাতা স্বত্বাধিকারী হইবেন।

শ্রীশম্ভুচন্দ্র রায় চৌধুরী।
জমীদার।

বাকনীয়া, ভূগোলোক বাটী,
জেলা রঙ্গপুর
১৫ফাল্গুণ
১২৬৬শাল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সহর কলিকাতার বহুবাজারে জেলা যশোহর নিবাসিনী শারদাসুন্দরী দেবী মহশয়া আপন ব্যায়দ্বারায় একটা ইংরাজী দাতব্য খানা স্থাপিত করিয়া শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন ডাক্তার মহাশয়কে ঐ কার্য্যের ভারার্পণ করিয়াছেন, তথায় সকল প্রকার রোগের ঔষধ চিকিৎসা ও অস্ত্র চিকিৎসা হইবেক, এবং প্রত্যহ বেলা ৬ অবধি ১০টা পর্য্যন্ত খোলা থাকিবেক ইহার মধ্যে যত রোগী যাইবেন বিনামূল্যে উত্তমরূপে চিকিৎসা তাঁহাদের হইবেক।

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেনেল ধ্রেজুরির মিলিটরি এক্কৌন্টেন্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১৷৷০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন। যাঁহারা পূর্ব্বে

৫৭০

স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ..... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ১৷০
নলিনীকান্ত শৃঙ্গার ওকরুণা রসাশ্রিত নবীন উপাখ্যান ১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।
সন১৮৫ সালের ৯।১০।১১।১২ আইন ১৷৷০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত ৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ ৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক ১

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আসবদ্দিগের শিক্ষালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা-প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগজে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন

শ্রীযুক্ত মাইকেল মধু সূদন দত্তপ্রণীত শর্ম্মিষ্ঠা নাটক ৸০
ঐ (English Translation .....) ১
বুড়শালিকের ঘাড়ে রোঁ (প্রহসন) ৵
একেই কি বলে সভ্যতা ? (ঐ) ..... ॥০

উক্ত পুস্তক সকল বৌবাজার ষ্ট্রীটের ১৮২ নম্বর বাটীতে আই, সি, বসু কোং ষ্টীনহোপ যন্ত্রালয়ে নগদ মূল্যে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

বিজ্ঞাপন।

অনুবাদের বিষয়।	পারিতোষিক মুদ্রা।
I. Byron's, the Gladiator, or Stanzas CXL and CXLI in Canto III. of Childe Harold's Pilgrimage	৫
2. Mrs. Heman's, to Hour of Death	৮
3. Richardson's, Lines to the memory of Gopal Ghose	১০
4. Logans ode to the Cuckoo	১০
5. Campbell's Lines to the Rainbow	১০
6. Captain Macnaghten's Banks of the Ganges	১২
7. Beattie's Introduction to the Hermit	১৫
8. Thomson's Hymn to the Supreme Being in Richardson's lections.	২০

রচনার বিষয়।

কবি কর্ত্তৃক মনুষ্যের কি উপকার হয় ? (একশত চরণের ন্যূন নহে।) ১০

সর্ব্বশুদ্ধ এক শত এক টাকা ১০১

পারিতোষিক প্রভৃতির নিয়মাদি সকল পূর্ব্ববৎ রহিল। লেখকেরা অনুগ্রহ পূর্ব্বক আপন আপন রচনা অথবা অনুবাদ ২৪ চৈত্র অথবা তৎপূর্ব্বে এই যন্ত্রালয়ে পাঠাইয়া বাধিত করিবেন। এবৎসর তাঁহাদিগকে অধিক সময় দিতে না পারিয়া বড়ই দুঃখিত হইতে হইল, কিন্তু তাঁহারা দেখিবেন যে যেমত কাল সংক্ষেপ, সেইমত ক্ষুদ্র ক্ষুদ্র বিষয় সকলও মনোনীত করা গিয়াছে।

সংবাদ প্রভাকর

২১ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াকাল

উপরে নীচে পক্ষপাত !—কি ভয়ঙ্কর গ্রীষ্ম উপস্থিত হইল। তপন তাপে রসা একবারে নীরসা হইয়া গেল। চতুর্দ্দিকে মারীভয়ে হাহাকার পড়িয়াছে। হে পাঠকগণ! বর্ত্তমান অমরাজ শেষাবস্থায় প্রজাবর্গকে জব্দ করিতেছে।—কলিকাতা রাজধানী ধন্য হইয়াছে, প্রভাকর দিনং প্রখর হইয়া সহস্র২ কর বিস্তার করিতেছেন, এবং প্রজারা আতপতাপে জ্বর২ হইয়া মর২ হইতেছে। প্রভাকর যেমন খরতর কর নিকর প্রকাশ করিতেছেন, রাজাধৃত ব্যবস্থাকরেরা ও তেমনি কর২ করিয়া বৃহৎকর বিস্তার করিতেছেন। মহাকবি কালিদাস রঘুবংশে মহাকাব্যে দিলীপের রাজ্যশাসন বিষয়ে লিখিয়াছেন,—

"দুদোহ গাং স যজ্ঞায়
শস্যায় মঘবা দিবম্।
সম্পদ্বিনিময়েনোভৌ
দধতু র্ভুবনদ্বয়ম্।"

অর্থাৎ "দিলীপ রাজা যজ্ঞ সাধনের নিমিত্ত পৃথিবীকে এবং ইন্দ্র শস্য সম্পত্তি উৎপাদনের নিমিত্তে স্বর্গকে দোহন করিতেন। (দিলীপ যজ্ঞ করিয়া দেবতাদিগকে সন্তুষ্ট করিতেন, এবং ইন্দ্র বৃষ্টি করিয়া তাঁহার শস্য সম্পত্তি বৃদ্ধি করিতেন) আমাদের বৃটিশ গবর্ণমেণ্টের প্রতি ঐ মহাকবির উক্তি বিপরীত বর্ত্তিয়াছে, প্রভাকর যেমন খরকর হইয়াছেন, রাজাও সেই প্রকার প্রভাকরের সহায়তা করিতেছেন। প্রভাকর যেমন কর বিস্তার করিয়া প্রজাপালন করিতেছেন, ব্যবস্থাকরেরাও তেমনি প্রজাপালন করিতেছেন !

হে পাঠকবর্গ !—কলিকাতা রাজধানীতে প্রজাদের দিন দিন শারীরিক স্বাস্থ্য ভঙ্গ হইতেছে। দিন দিন পীড়োপদ্রব বৃদ্ধি হইতেছে, ইহার কারণ কি ? ইহার কারণ আমরা প্রথমেই নির্দ্দেশ করিয়াছি। উপরে নীচে পক্ষপাতই ইহার প্রধান কারণ। দেবরাজ বর্ষণ না করিয়া উপরে পক্ষপাত করিতেছেন, এবং ভারতরাজ ধূলিপটল সমাচ্ছন্ন রাজপথে জল সেচন না করিয়া নীচে পক্ষপাত করিতেছেন। এই উপরে নীচে পক্ষপাতেই রাজধানীতে দিন দিন পীড়োপদ্রব বৃদ্ধি হইতেছে। এত পক্ষপাতেও প্রজাদের অল্প২ প্রাণ রক্ষা হয়।

কয়েক দিন হইল, নানাস্থান হইতে আমাদের পত্র প্রেরক মহাশয়েরা মারী ভয় পূর্ণ অতি দুঃখাবহ সংবাদ সকল প্রেরণ করিতেছেন। মারী ভয়ের সংবাদ ব্যতীত আর কিছুই শুনিতে পাওয়া যায় না। অতএব বর্ত্তমান বৎসরের শেষভাগ অতি ভয়ানক বলিতে হইবে। গ্রীষ্মের প্রারম্ভেই যখন এরূপ বিষম কাল উপস্থিত হইল, তখন ইহার পরে প্রচণ্ড গ্রীষ্ম পড়িলে কি হইবে, সকলে ইহা ভাবিয়া ব্যাকুল হইতেছেন।

পূর্ব্বে কেবল কলিকাতা নগরেই অগ্ন্যুপদ্রব ঘটিত এক্ষণে আর সে রূপ নাই। এক্ষণে সকল স্থানে ভয়ানক অনলকাণ্ড উপস্থিত হইতেছে এবারকার অনল কাণ্ডে আর রক্ষা নাই। মিউনিসিপাল কমিসনর সাহেবেরা কলিকাতা রাজধানীর সমুদায় তৃণ পত্র নির্ম্মিত গৃহ ভাঙ্গিয়া দিতেছেন, রাজধানীর অধিকাংশ কুটীরই ভগ্ন হইয়াছে, তথাপি নগরীর অগ্নিকাণ্ডের তিরোভাব হয় নাই। প্রত্যহই দ্বিপ্রহর সময়ে রাজধানীর নানাস্থানে অগ্নি প্রজ্বলিত হইয়া উঠিতে দেখা যায়। এক একবারে শত শত গৃহ অনলযোগে প্রজ্বলিত ও আকাশ বিদর্দী হইয়া উঠে। রাজধানী ভিন্ন অন্যান্য নগর উপনগরেও অগ্ন্যুপদ্রবের প্রাদুর্ভাব শুনিতেপাওয়া যায়। ঢাকা নগরী অনলদেবের ভয়ানক উদরে প্রবেশ করিয়াছে। তাহার আর সেরূপ শোভা নাই, অনলদেব সে সকল নাশ করিয়াছেন। পশ্চিম প্রদেশ ও সুখে নাই। সেখানেও পীড়োপদ্রব ও অগ্ন্যুপদ্রব সমভাবে বর্ত্তমান রহিয়াছে। অতএব কলিকাতা রাজধানীর মত অন্যান্য নগর উপনগরেও দমকল প্রভৃতি অগ্নি নির্ব্বাণ সাধন দ্রব্যাদি রাখা গবর্ণমেণ্টের নিতান্ত কর্ত্তব্য, রাজধানীর ধূলিপূর্ণ রাজপথে জল সেচন করিয়া প্রজাদের প্রাণরক্ষা করা অতি আবশ্যক, এবং যাহাতে পীড়োপদ্রবের শান্তি হয় তদ্বিষয়ে পরামর্শ করা উচিত।

গত রবিবার বেলা ৮ ঘটিকার সময়ে কলিকাতা যোড়াসাঁকো চাসাধোবা পাড়ার অন্তঃপাতি গোয়ালাপাড়ায় দুইটী ইষ্টক নির্ম্মিত গৃহ এবং গোয়ালাদিগের সমস্ত খোড়ুয়াঘর অগ্নিদাহে ভস্মীভূত হইয়া গিয়াছে। এই ভয়ানক অগ্নিকাণ্ড মধ্যে গোয়ালারা আপনাপন দ্রব্যাদি বহিষ্কৃত করিবার অনেক চেষ্টা পাইয়াছিল, কিন্তু তাহারদিগের দুরদৃষ্ট ক্রমে কিছু মাত্র বহিষ্কৃত করিতে পারে নাই।

আগত ৫ এপ্রেল বেলা অপরাহ্ণ ৫ ঘটিকার সময় কলিকাতা মেডিকেল কালেজের ঘর ১৮৫৯৷৩০

সালের পরীক্ষোত্তীর্ণ ছাত্রেরা পারিতোষিক প্রাপ্ত হইবেন, এবং নিম্নলিখিত ব্যক্তি দ্বয় ডিপ্লোমা অর্থাৎ যোগ্যতা পত্র প্রাপ্ত হইবেন।

১ শ্রীযুত বাবু নিমচাঁদ গুপ্ত।
২ শ্রীযুত বাবু রাজকৃষ্ণ ঘোষাল।

কলিকাতা বিদ্যালয়ের অধ্যক্ষেরা বাচুলার আব লার নিম্নে লাইসেনসিএট আব লা এবং তাহার উপর ডাক্তর আবলা নামক উপাধি প্রদানের ধার্য্য করিয়াছেন, এবং এণ্ট্রান্স প্রবেশ পরীক্ষার পর একেবারে ব্যাচুলার আব আর্টসের পরীক্ষা গ্রহণ না করিয়া তাহার পূর্ব্বে এল, এ, নামক আর একটা পরীক্ষা গ্রহণ করিবেন।

এই কলিকাতা রাজধানী মধ্যে ওলাওঠা রোগের অত্যন্ত প্রাদুর্ভাব হওয়াতে মেডিকেল কালেজের প্রিন্সিপাল শ্রীযুত ডাক্তর ইটএল সাহেব উক্ত বিদ্যালয়ের ছাত্রদিগের যথেষ্ট কলেরা-পিল অর্থাৎ ওলাউঠা নিবারক বটিকা এই অভিপ্রায়ে প্রদান করিয়াছেন, যে তদ্দ্বারা তাহারা অনায়াসে আপনাপন দীন হীন প্রতিবাসিদিগের ওলাউঠা রোগ নিবারণ করিতে পারিবেক।

ফিনিক্স পত্রে অবগতি হইল যে শ্রীলশ্রীযুক্ত উইলসন সাহেব ভারতবর্ষের আয় ব্যয়ের হিসাব সম্বন্ধীয় যে অভিনব নিয়ম প্রস্তুত করিয়াছিলেন, তাহা গত বৃহস্পতিবার দিবসে ইণ্ডিয়া কৌন্সেলের অধ্যক্ষদিগের দৃষ্টি নিমিত্তে কান্দিয়া নামক বাষ্পীয় জাহাজ যোগে বিলাতে প্রেরিত হইয়াছে।

শ্রীযুত মুন্সী রহিম যিনি ইতিপূর্ব্বে মেডিকেল কালেজ হাঁসপাতালের শ্রীযুত ডাক্তর গুডীব সাহেবের সহকারিত্ব পদে নিযুক্ত ছিলেন। অধুনা তিনি ডেরাগাজী খাঁর সব আসিষ্টান্ট সারজন হইয়া গমন করিলেন, এবং তাঁহার পদে শ্রীযুত বাবু বিপিন বিহারী বসু নিযুক্ত হইয়াছেন।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

যুধিষ্ঠির অর্জ্জুন ভীম প্রভৃতি পঞ্চ ভ্রাতারা বৈতবন মধ্যে অবস্থিতি করিয়া ফল মূলাহার করিয়া ও বৃক্ষের বল্কল পরিধান পূর্ব্বক কাল অতিবাহিত করিতেন। এক দিন দ্রুপদনন্দিনী যুধিষ্ঠির পার্শ্বে উপবিষ্ট হইয়া এইরূপ কহিতে লাগিলেন, যাহা শ্রবণ করিয়া যুধিষ্ঠিরের অন্তঃকরণে দুঃখ উদ্রেক হইয়াছিল। যে পাপাত্মা দুর্য্যোধন আপনাকে পাশক্রীড়াতে পরাজিত করিয়া কৌশলে অরণ্যে প্রেরণ করিয়াছে, যে নরাধম আপনকার মিথ্যা দোষ কীর্ত্তন করিয়া আপনাকে বিপিন মধ্যে প্রেরণ করিয়াছে, সে দুর্য্যোধন এরূপ নৃশংস কর্ম্ম করিতে লেশমাত্র দুঃখ বোধ করে নাই, আপনকার এরূপ দুর্দ্দশাবলোকনে আমি ক্রোধ সম্বরণ করিতে পারগ হইতেছি না। যে ব্যক্তির অগ্রে স্বর্ণমণ্ডিত পর্য্যঙ্কে শয়ন করিয়াও নিদ্রা হইত না। এখানে তাহাকে সামান্য কুশে শয়ন করিয়া যামিনী যাপন করিতে হইতেছে যাহার শরীর অগ্রে মৃগমদ দ্বারা পরিলিপ্ত হইত, এক্ষণে তাহার গাত্র রজোরাশি দ্বারা ধূসরিত হইতেছে।

অগণ্য রাজগণ যাহার পার্শ্বে উপবিষ্ট হইত, এখানে তাহার পার্শ্বে বন্য ফলমূলাহারী কত কত তপস্বী উপবেশন করিয়া থাকে যে নৃপতি অগ্রে স্বর্ণ পাত্রে শত শত রাজাদিগের ভোজন করাইতেন, এখানে তাহাকেই অরণ্যানীর সামান্য ফল আহরণ করিয়া ভক্ষণ করিতে হইতেছে। দেখুন আপনকার ইন্দ্র তুল্য পরাক্রান্ত ভ্রাতৃগণ দুঃখ ক্লেশ ভোগ করিতেছে, ইহাদিগের প্রতি একবার কটাক্ষপাত করিতেছেন না। ভীম দুঃখেতে ক্লিষ্ট হইয়া মৌনাবলম্বন করিয়া থাকেন, ইহা দৃষ্টিগোচর করিয়া আমার অতীব দুঃখ হইতেছে। ভীম এমত পরাক্রম শালী যে তিনি অবলীলাক্রমে কুরুবংশ ধ্বংস করিতে পারগ হন, ইঁহারা সকলেই আপনকার নিমিত্ত ঐ অরণ্যে আগমন করিয়া অনির্ব্বচনীয় কষ্টভোগ করিতেছে, ইহাতে কি আপনকার লেশ মাত্র দুঃখ হয় না।

ক্রমশঃ প্রকাশ্য।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

প্রতিদিন পত্র

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোসেনকড়িয়ার দুর্গাচরণ দত্তের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৮৬ সংখ্যা] গুরুবার ২৫ চৈত্র ১২৬৬ সাল। ইং ৬ এপ্রেল ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ তঙ্কামাত্র।

অংশি অর্থাৎ বকরাদার রূপে কার্য্য করণের বিজ্ঞাপন।

নিম্ন স্বাক্ষরকারিরা পরস্পর অংশি রূপে অদ্য দিবসাবধি ডো এণ্ড বকলেণ্ড নামে ও ফারমে সলিসিটর্স প্রক্টর্স এবং এটর্ণিস পবলিক ইত্যাদি বিধায়ে ওকালতী কার্য্যারম্ভ করিলেন।

Edward Agustus Dow
Thomas Buckland
No 14th Old Post office Street
এডওয়ার্ড আগষ্টস ডো
ভানস বকলেণ্ড
নম্বর ১৪ ওল্ড পোষ্ট
আফিস ষ্ট্রীট।

২ আপ্রেল ১৮৬০

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর ১
শুকেতিহাস ..... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ..... ১।০
নলিনীকান্ত শৃঙ্গার ওকরুণা রসাশ্রিত নবীন উপাখ্যান ১

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

সন১৮৫ সালের ৯।১০।১১৪ আইন ..... ১॥০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত ৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ ৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক ১

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ "যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেনেল ধেজুরির মিলিটরি এক্কৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১॥০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন। যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর

পারসী, আরবী, ইত্যাদি নানা-প্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে; এবং প্রিন্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

২৫ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

আমারদিগের কোন পত্র গ্রাহক মহাশয় লিখিয়াছেন "মান্যবর মেং উইলসন সাহেব নূতন প্রকার কর স্থাপনের যে প্রস্তাব করিয়াছেন, আপনি তাহার বিরোধী হইয়াছেন। ফলতঃ কি উপায় দ্বারা রাজকোষের ধনাভাব মোচন হইতে পারেক, তাহার কোন সদুপায় বলিতে পারেন নাই। অতএব মহাশয়ের লেখা রাজনীতিদর্শি লেখকের ন্যায় হয় নাই ইত্যাদি।"

আমরা উইলসন সাহেবের নূতন প্রকার কর বিষয়ক প্রস্তাবের সম্পূর্ণ বিরোধি নহি। বহুকালের পর তিনি এক জন উপযুক্ত লোক এদেশে আসিয়াছেন, একথা আমরা অবশ্য স্বীকার করি। রাজকোষে ধন না থাকিলে প্রজার হিত জনক কোন কার্য্যের অনুষ্ঠান করা দূরে থাকুক, রাজা রাজ্যের নিয়মিত কার্য্যাদিও নির্ব্বাহ করিতে পারেন না। অতএব মেং উইলসন সাহেব কার্য্য ভার গ্রহণ করিয়া প্রথমতঃ যখন সেই ধনাভাব মোচন বিষয়ে মনো যোগী হইয়াছেন, তখন অবশ্যই তাঁহার সুখ্যাতি করিতে হইবেক, কিন্তু তিনি সর্ব্ব প্রকার ব্যবসায়ি ও বণিক দিগের আয়ের প্রতি কর স্থাপনের যে প্রস্তাব করিয়াছেন, আমরা তাহাতে সম্মত নহি, দুঃখির প্রতি দয়া প্রকাশ করা মনুষ্যের বিশেষ ধর্ম্ম, বিশেষতঃ নৃপতির পক্ষে তাহা অত্যাবশ্যক। যে সকল ব্যক্তির উপার্জ্জন অল্প এবং যাহারা অতি কষ্টে দিন যাপন করিয়া থাকে, তাহার দিগের প্রতি কোন নূতন প্রকার কর নির্দ্ধারণ করিলে নিতান্ত ক্লেশ কর হয়। মেং উইলসন সাহেব সধন লোকদিগের প্রতি কর স্থাপন করুন, আমরা তাহার বিরোধি নহি। যেহেতু তাহা প্রদান করিতে তাঁহারদিগের তাদৃশ কোন ক্লেশ হইবার সম্ভাবনা নাই, অথচ তদ্দ্বারা রাজকোষের ধনাভাব অনায়াসে মোচন হইতে পারিবেক।

গবর্ণমেণ্টের ও বণিক প্রভৃতির কার্য্যালয়ের কর্ম্মচারিগণ অল্প দিবস হইল, রিজ্বর মেং উইলসন সাহেবের সমীপে যে এক আবেদন পত্র প্রদান করিয়াছেন, তাহাতে তাঁহারা যথার্থই লিখিয়াছেন যে মান্যবর সাহেব প্রস্তাবিত কর বণিক দোকানদার এবং ব্যাপারি প্রভৃতিদিগের পক্ষে কোন বিধায়ে ক্লেশকর হইবেক না, কারণ তাহারা যে যে দ্রব্যের ব্যবসায় ও বাণিজ্য করিয়া থাকে, সেই সমস্ত দ্রব্যের কিঞ্চিৎ মূল্য বৃদ্ধি করিলেই কর অনায়াসে সাধারণের নিকট হইতে পারিবেক, তাহাতে তাহারদিগের কোন প্রকার ক্ষতি হওয়া দূরে থাকুক বরং লভ্য হইবার সম্ভাবনা, কিন্তু যাহারা গবর্ণমেণ্ট বা অন্যের অধীনে কার্য্য করিয়া নির্দ্দিষ্ট মাসিক বেতন প্রাপ্ত হইয়া থাকে তাহারদিগের পক্ষে প্রস্তাবিত কর নিতান্তই ক্লেশদায়ক হইবেক, যেহেতু রাজা নূতন প্রকার কর স্থাপন করিলেন বলিয়া তাহারদিগের মাসিক বেতন বৃদ্ধি হইবেক না।

আবেদনকারিরা যে২ প্রমাণ ও যুক্তি প্রয়োগ করিয়াছেন, তাহা এক প্রকার অখণ্ডনীয় বলিতে হইবেক। অতএব তাঁহাদিগের প্রার্থনায় বিবেচনা করা মান্যবর সূক্ষ্মদর্শী মেং উইলসন সাহেবের পক্ষে আদৌ কর্ত্তব্য হইয়াছে, অপিচ কার্য্যালয় বিশেষে কার্য্য করিয়া যাঁহারা প্রতি মাসে ভূরি বেতন প্রাপ্ত হইয়া থাকেন, তাঁহারা ধনাভাব সময়ে রাজাকে কর দান করিবেন না, আবেদনকারিরা আবেদন মধ্যে নিতান্ত যুক্তি বিরুদ্ধ প্রার্থনা করিলে তাহা গ্রাহ্য হইবেক না, একারণ লিখিয়াছেন যে মান্যবর মেং উইলসন সাহেব যে নিয়মে কর স্থাপনের প্রস্তাব করিয়াছেন, তাহার পরিবর্ত্তন করিয়া যদি নিম্ন লিখিত হারে কর স্থাপন করেন, তবে প্রজার পক্ষে তাদৃশ ক্লেশকর হয় না, অথচ রাজকোষের ধনাভাব অনায়াসে মোচন হইতে পারে।

আবেদনকারিদিগের প্রস্তাব যথা "যাহারদিগের বার্ষিক আয় ২০০ শত টাকা অবধি ৫০০ টাকা হইয়া থাকে তাহারদিগের প্রতি ১ পর সেণ্ট অর্থাৎ শতকরা এক টাকা।

যাহারদিগের বার্ষিক আয় ৫০০ শত হইতে ১০০০ টাকা পর্য্যন্ত হইয়া থাকে তাহারদিগের প্রতি ২ দুই পরসেণ্ট।

যাহারদিগের বার্ষিক আয় ১০০০ হাজার হইতে ৫০০০ হাজার টাকা তাহারদিগের প্রতি ৩ তিন পর সেণ্ট।

যাহারদিগের বার্ষিক আয় ৫০০০ হইতে ১০০০০ দশ হাজার টাকা তাহারদিগের প্রতি ৪ চারি পরসেণ্ট।

আর যাহারদিগের বার্ষিক ১০০০০ হাজার হইতে ২০০০০ বিশ হাজার টাকা তাহারদিগের প্রতি ৫ পাঁচ পরসেণ্ট।,,

পাঁচ পরসেণ্টের অধিক হার ঐ আবেদনকারিরা লেখেন নাই, কিন্তু সর্ব্বশেষে লিখিয়াছেন, যে মান্যবর মেং উইলসন সাহেব এই নিয়ম ই গ্রাহ্য করুন বা এই প্রকার অন্য কোন নিয়ম যাহা তাঁহার বিবেচনায় সুসঙ্গত হয়, তাহাই অবধারণ করুন ফলতঃ যাহারা অল্প আয়ের প্রতি নির্ভর করিয়া এক প্রকার কষ্টে দিন যাপন করিয়া থাকে, তাহারদিগের প্রতি কোন প্রকার কর স্থাপন করা কর্ত্তব্য নহে তাঁহারা তাহা সহ্য করিতে পারিবেন না, তাহারদিগের উদরান্নের অংশ গ্রহণ করা হইবেক।

আবেদনকারিদিগের এই প্রার্থনা কোন বিধায়ে অসঙ্গত বলা যাইতে পারে না, তাঁহারা দুঃখিলোক দিগের প্রতি দয়া প্রকাশ করণের অনুরোধ করিয়া মেং উইলসন সাহেবের প্রস্তাবের পোষকতা করিয়াছেন, আমরাও মান্যবর সাহেবকে ঐরূপ অনুরোধ করিয়াছি, রাজকোষে যে যখন ধনাভাব হইয়াছে, তখন, যে কোন উপায় দ্বারা হউক তাহা অবশ্য মোচন করিতে হইবেক, কিন্তু কোন সামান্য পরিবারে আয়াপেক্ষা ব্যয়বৃদ্ধি হইলে সেই পরিবারের অধ্যক্ষ যেমন সর্ব্বাগ্রে ব্যয় সংক্ষেপ করণ বিষয়েই মনোযোগ করিয়া থাকেন, আমরা রাজনীতি দর্শী মেং উইলসন সাহেবকেও সেইরূপ সর্ব্বাগ্রে ব্যয় ন্যূন করণের অনুরোধ করিয়াছি, গবর্ণমেণ্টের অপব্যয় বিস্তর আছে, তাহা ন্যূন না করিলে কোন প্রকারেই ধনাভাব মোচন হইবেক না. বিবিধ উপায় দ্বারা প্রজার নিকট হইতে যত অর্থাকর্ষণ করিবেন, সেই অপব্যয়েই তাহার অধিকাংশশোষণ করিয়া ফেলিবেক, সুতরাং রাজকোষে ধন সঞ্চয় হইতে পারিবেক না।

রিজ্বর পত্র গ্রাহক মহাশয়ের প্রশ্নোত্তরে আমরা এই পর্য্যন্তই লিখিলাম। আমরা মান্যবর মেং উইলসন সাহেবের অভিমতের বিরোধি নহি রাজকোষে যখন ধনাভাব হইয়াছে, তখন তাহা মোচন করিতে হইবেক, একথাও আমরা স্বীকার করি, কিন্তু মান্যবর সাহেব যে উপায় দ্বারা [illegible] নিবারণের প্রস্তাব করিয়াছেন, তাহা আমারদিগের বিবেচনার যুক্তি ও বিচার সঙ্গত না হওয়াতে আমরা তাহার প্রতিপোষক হই নাই। দুঃখিলোক দিগের প্রতি দয়া প্রকাশ হয়, এবং প্রস্তাবিত কর প্রদানে প্রজারা কোন রূপ ক্লেশবোধ না করে অথচ রাজকোষের ধনাভাব মোচন হয়, আমারদিগের একান্ত প্রার্থনা। উইলসন সাহেব অতি উপযুক্ত ব্যক্তি দ্বারা রাজকীয় আয় ব্যয়ের বিবেচনা করণে সাতিশয় তিনি আপনার প্রস্তাব ব্যবস্থাপক সমাজে উত্থাপন সময়ে যে বক্তৃতা করিয়াছেন, উৎপাঠে সকলেই পুলকিত হইয়াছেন, তিনি রাজকীয় অপব্যয় সম্বন্ধীয় কোন বিষয় গোপন না করিয়া সাধারণের বিদিতার্থে রিফার রূপে ব্যক্ত করাতে তাঁহার বিশেষ পাণ্ডিত্য ও দেশ হিতৈষিতা গুণ প্রকাশ হইয়াছে, তিনি যেরূপে কার্য্যারম্ভ করিয়াছেন, তাহাতে আমারদিগের নিশ্চয় বোধ হইতেছে, যে নূতন প্রকার করস্থাপন ও রাজকীয় ব্যয় ন্যূন করিয়া তিনি প্রথমতঃ রাজকোষের ধনাভাব মোচন করিবেন, তাহাতে কৃতকার্য্য হইলে রাজ্যের হিতকর বিষয়ে ও কর বিস্তার করণে ত্রুটি করিবেন না যেহেতু যশোলিপ্সা সকলের মনেই বলবতী তিনি কেবল প্রজার প্রতি করস্থাপনের বিষয় নিরস্ত হইতে পারিবেন না, প্রজার কল্যাণজনক বিষয়েও তাঁহার মনোযোগ করিতে হইবেক।

বোম্বাই টাইমস্ পত্র সম্পাদক মহাশয় লিখিয়াছেন, যে তথাকার

প্রধান সেনাপতি সর্ হেনেরি মর লট সাহেব বিলাত গমন করাতে সর্ হিউ রোজ সাহেব প্রতিনিধি রূপে তাহার কার্য্য ভার গ্রহণ করিয়াছেন ফলতঃ তিনি নির্দ্দিষ্টরূপেই উক্ত পদাভিষিক্ত হইবেন তাহার অনুমতি পত্র শীঘ্র বিলাত হইতে আসিবেক।

এতদিনের পর আমারদিগের পুরুষেরা সিদ্ধান্ত করিয়াছেন, অযোধ্যার বাদসাহ বাহাদুরের তারকাদি বহু মূল্যের আভরণ যাহা তৎসম্বন্ধীয় সুপ্রিণ্টেণ্ডেণ্ট সাহেবের হস্তে আছে, তাহা বাদসাহ বাহাদুরের চিহ্নিত কর্ম্মচারিদিগের হস্তে প্রদান পূর্ব্বক যথা রীতি রসিদ অর্থাৎ প্রাপ্তি সূচক পত্র লেখাইয়া লইবেন।

জুলাই মাস শেষ না হইলে আমাদের গবর্ণর জেনেরল বাহাদুর রাজধানীতে প্রত্যাগমন করিবেন না।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক মহাশয় সমীপেষু।

গতবারের শেষ।

জলজ শলা যেমন রবিকরে শুষ্ক বস্থায় পরিণত হইলে লঘুত্ব হেতু জলে বিমগ্ন না হইয়া ভাসমান থাকে, তদ্রূপ সংসারী মনুষ্য বিবেক অরুণের প্রবোধ কিরণ প্রাপ্তে শান্ত জ্ঞান হইলে আর কদাচ বিষয়নীরে নিমগ্ন হয়েন না।

বিষয়ে বিরাগ উদ্দেশেই সন্ন্যাসাশ্রম বিধি ঋষিগণ কর্ত্তৃক বিধান হইয়াছে, বস্তুতঃ যেস্থলে সংসারবাসী সত্তম ব্যক্তির বিষয়ে চিত্ত অনাসক্ত হইল সেস্থলে তাঁহার সন্ন্যাসাশ্রম গ্রহণের আর আবশ্যকতা কি?

"তস্মিন্ প্রীতি স্তস্য প্রিয়কার্য্য সাধনঞ্চ তদুপাসনমেব।"

পরমেশ্বরকে প্রীতিকরা এবং তাঁহার প্রিয়কার্য্য সাধন করাই তাঁহার উপাসনা। যদ্রূপ তুলাদন্ত নিক্তির পার্শ্বস্থ পাত্রদ্বয় সমতুল হইলেই উপরিস্থ শলাকা পরিমাণ অঙ্ককে প্রাপ্ত [illegible] তদ্রূপ ঈশ্বরে প্রীতি এবং তাঁহার নিয়মানুসারে সাংশারিক কার্য্য সাধন এই দুই বিষয়ের সমতা হইলেই জীবাত্মা তাঁহাকে লাভ করিবার ক্ষমতা প্রাপ্ত হয়।

যাদৃক্ ক্ষুদ্র পিপীলিকাগণ পাত্রস্থিত মিষ্টরস পান সময়ে যে পিপীলিকা সাবধানরূপে পশ্চাৎ পাদ দ্বয় দ্বারা পাত্রের কুল অবলম্বন করিয়া পান করে সেই পিপীলিকাই ইচ্ছাক্রমে অন্যত্র গমন করিয়া পুষ্পরত্ন পান করিতে অক্ষম হয়, কিন্তু যে পিপীলিকা কুল আশ্রয় না করিয়া তদ্রসে সমুদায় পদ নিঃক্ষেপ করে সে উত্থান শক্তি রহিত হইয়া বিপদ্ গ্রস্থ হয়। তাদৃক্ ভবার্ণবে যে মানব মোহ বশতঃ সম্পূর্ণরূপে নিমগ্ন হয় তাহার আর উত্থান শক্তি থাকে না, ফলতঃ যে ব্যক্তি তাহাতে অত্যসক্ত ত্যক্ত হওত সর্ব্ব নিয়ন্তা জগৎ পিতার নিয়মানুসারে ধর্ম্মরূপ কুল আশ্রয় করিয়া বিষয় রস পান করেন, সেই মহাত্মাই সংসারের অতীত অমৃত ময়ের তত্ত্বামৃত পান করিয়া অমৃত লাভ করেন।

হে পরমাত্মন্, তোমার অপার শক্তি অনন্ত কৌশল দ্বারা বৃহদাকার সূর্য্যমণ্ডল নিয়ত নিয়মিত স্থানে স্থিত হইয়া সর্ব্বলোকের মঙ্গল বিধান করিতেছেন, পৃথিবী উর্ব্বরা শক্তি প্রাপ্ত হইয়াছে, একটি সূক্ষ্ম জীব হইতে অত্যুচ্চ উদ্ভিদ উদ্ভব হইয়া অসংখ্য ফলের আধার হইতেছে, কীটাণুসম তন্তুকীট মুখ হইতে পট্ট-সূত্র নির্গত হইতেছে, ক্ষুদ্র প্রবালকীট অস্থি সমষ্টিতে প্রশস্ত দ্বীপ প্রস্তুত হইতেছে, এই প্রকার ব্রাহ্মাণ্ডের ক্ষুদ্র ও বৃহৎ সমস্ত বস্তু হইতে জগতের শিব সাধন করিতেছে, নিষ্প্রয়োজন কোন পদার্থেরই সৃজন কর নাই, অতএব হে নাথ! তুমি মনুষ্যকে যে অভিপ্রায়ে সৃজন করি করিয়া তাহাকে যে সকল বৃত্তি প্রদান করিয়াছ, আমরা যেরূপে তোমার সেই শিবসঙ্কল্প অবগত হইয়া সেই সকল বৃত্তি চালনা করিয়া যাবজ্জীবন তোমার প্রিয় কার্য্য সাধনে যত্নযুক্ত থাকি, এবং অবিচ্ছেদ ভাবে পরমাশ্রয় স্থানে প্রীতি ও ভক্তিভাবে সর্ব্বদা সকল অবস্থায় কেবল তোমাকেই সন্দর্শন করি, আমারদিগকে মতি প্রদান কর।

শ্রী শ্রীরাম পালিত।
সাং ঘাটাল।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*

সংবাদ প্রভাকর

আত্যহিক পত্র

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোগলকুড়িয়ার দুর্গাচরণ মতের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং [illegible]নস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বাস্তুদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথম দিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৮৭ সংখ্যা] শনিবার ২৬ চৈত্র ১২৬৬ সাল। ইং ৭ এপ্রেল ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

মাষ্টার সেল।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাতকরা যাইতেছে, যে, যে মোকদ্দমার মৃত আনন্দনারায়ণ ঘোষের বিষয় ও বিভবাদির অছি গিরীন্দ্রচন্দ্র ঘোষ ও শ্রীমতী নবরঙ্গিনী দাসী বাদী ও বাদিনী এবং শ্রীমতী সখিমণি দাসী বিশ্বেশ্বর পালচৌধুরী, পরমেশ্বর পালচৌধুরী এবং রাজরাজেশ্বর পালচৌধুরী প্রতিবাদিনী ও প্রতিবাদীগণ সেই মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে এক হাজার আটশত উনষাইট খৃষ্টাব্দের ৩ মে তারিখে যে অনুমতি প্রদত্ত হইয়াছে তাহার ক্ষমতানুসারে এবং উল্লেখিত সুপ্রিমকোর্টের মাষ্টার শ্রীযুক্ত ওয়ালটার মর্গান সাহেবের সম্মতি ক্রমে উক্ত সুপ্রিমকোর্ট নামক বিচারমন্দিরে তাঁহার দপ্তরখানায় আগামী ২৬ আপ্রেল মাসের ২৬ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে নিম্নলিখিত ভূমি সম্প্রত্তি সকল প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রীত হইবেক।

বিশেষতঃ সুবে বাঙ্গালার অন্তঃপাতি জেলা যশোহরের ইশলপুর পরগণার সামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক অথবা জমিদারী যাহা সিঙ্গিপাসা নামে বিখ্যাত তাহার সমুদয় অংশ ঐ তালুকের বার্ষিক রাজস্ব কোং ২৩৩৫।৬ টাকা গবর্ণমেণ্টকে প্রদান করিতে হয়।

সুপ্রিমকোর্টের মাষ্টার আফিসে অথবা বাদির পক্ষের উকীল মাষ্টার জজ, জজ, ওয়াটকিন্স সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে সকলে এই বিষয় বিক্রয়ের বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

W. Morgan
Master.
ডবলিউ, মার্গান।
মাষ্টার।

Judge Judge Watkins
plaintiffs attorny
জজ, জজ, ওয়াটকিন্স
বাদী পক্ষের উকীল
কলিকাতা
সুপ্রিমকো
মাষ্টার আফিস
২৯ মার্চ্চ ১৮৬০

অংশি অর্থাৎ বকরাদার রূপে কার্য্য করণের বিজ্ঞাপন।

নিম্ন স্বাক্ষরকারিরা পরস্পর অংশি রূপে অদ্য দিবসাবধি ডো এণ্ড বকলেণ্ড নামে ও ফারমে সলিসিটর্স প্রক্টর্স এবং এটর্ণিস পর

লিক ইত্যাদি বিধায়ে ওকালতী কার্য্যারম্ভ করিলেন।

Edward Agustus Dow
Thomas Buckland
No 14th Old Post office Street

এডওয়ার্ড আগষ্টস ডো
তামস বকলেণ্ড
নম্বর ১৪ ওল্ড পোষ্ট
আফিস ষ্ট্রীট।

২ আপ্রেল
১৮৬০

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখিত পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে, মূল্য পাঠাইলে পাইতে পারিবেন।

প্রবোধ প্রভাকর..... ১
শুকেতিহাস ..... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম নামক প্রথম খণ্ড ..... ১।০
নলিনীকান্ত শুঙ্গার ওকরুণা রসাশ্রিত নবীন উপাখ্যান ১

পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক কিনা অমূলে পাইতে পারিবেন।

সন১৮৫ সালের ৯।১০।১১।১২ আইন ..... ১॥০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত ৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ ৸০
বেল্যাবক্তি নিবর্ত্তক নাটক ১

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ" যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। অন্বেষণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল ধ্রেজুরির মিলিটরি এক্কৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১৷৷০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন। যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্শী, আরবী, ইত্যাদি নানাপ্রকার অতি উত্তম২ অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে সৌষ্ঠবযুক্ত স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

বিজ্ঞাপন।

২০০ দুইশ মুদ্রা পারিতোষিক।

"তারাহরণ"

ইত্যভিধেয় একখানি উৎকৃষ্ট নাটক যিনি ব্রহ্মবৈবর্ত্ত পুরাণে লিখিত মতে সুললিত বঙ্গভাষার গদ্য পদ্যে রচনা করিবেন, তিনি উপরোক্ত পারিতোষিক প্রাপ্ত হইবেন। দেবগুরু বৃহস্পতি দারা তারা ভারানাথ দ্বারা অপহৃতা হওনের আখ্যায়িকা এই নাটকের উপাখ্যান হইবেক। পুস্তকের পরিমাণ ৮ পেজি করমার দুইশত পৃষ্ঠের ন্যূন না হয়। রচনার উৎকৃষ্ট ত্বাপরুচিত্ব পরীক্ষা জন্য ভাস্কর যন্ত্রালয়ে কমিটী স্থাপন হইবে। ১২৬৭ সালের আশ্বিন মাসের মধ্যে রচনা উক্ত যন্ত্রে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না। যাঁহার রচনা মনোনীত হইবেক তিনি স্বীয় ব্যয়ে নাটক মুদ্রিত করিলে গ্রন্থ স্বত্ব পাইবেন। তদন্যথায় পারিতোষিক প্রদাতা স্বত্বাধিকারী হইবেন।

শ্রীশম্ভুচন্দ্র রায় চৌধুরী।
জমীদার।
বাকীনীয়া, ভূগোলোক বাটী,
জেলা রঙ্গপুর
১৫ফাল্গুণ
১২৬৬শাল।

255 256 ৩ 347

শ্রীযুক্ত মেং ম্যাজ সাহেবের
দ্রব্যাদি বিক্রয়ের
বিজ্ঞাপন।

আগত ১১ এপ্রেল বুধবার দিবা মে মিস্থয়ার্স মেকেঞ্জি লাএল কোম্পানি চৌরঙ্গি রোডের লিনসে ইষ্ট্রীট নামক গলির ১৭ নম্বর ভবনে শ্রীযুক্ত মেং জান ম্যাজ সাহেবের উত্তম২ বিলাতি আসবাব মায় ব্যবহার জনক মৃত্তিকার এবং চিনের বাসন বিক্রয় করিবেন।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সহর কলিকাতার বহুবাজারে জেলা যশোহর নিবাসিনী শারদাসুন্দরী দেবী মহাশয়া আপন ব্যয়দ্বারায় একটা ইংরাজী দাতব্য খানা স্থাপিত করিয়া শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সেন ডাক্তার মহাশয়কে ঐ কার্য্যের ভারার্পণ করিয়াছেন তথায় সকল প্রকার রোগের ঔষধ চিকিৎসা ও অস্ত্র চিকিৎসা হইবেক, এবং প্রত্যহ বেলা ৬ অবধি ১০টা পর্য্যন্ত খোলা থাকিবেক ইহা মধ্যে ই যত রোগী যাবেন বিনামূল্যে উত্তমরূপে চিকিৎসা তাঁহাদের হইবেক।

সংবাদপ্রভাকর

২৬ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

গত বুধবার অপরাহ্ন সময়ে সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি সর বর্ণিয় পিকাক সাহেব শিবকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়কে চতুর্দ্দশ বর্ষের নিমিত্ত দ্বীপান্তর প্রেরণের অনুমতি করিয়াছেন। ডাক্তর ক্রাকোর্ট সাহেব যিনি বুদ্ধিবিকার বশতঃ তাঁহার সহিত মিলিত হইয়াছিলেন, তিনি আট বৎসরের নিমিত্ত কারাগার গমনের আদেশ প্রাপ্ত হইয়াছেন, তিনি দ্বীপান্তর যাইবেন না, এইখানেই দণ্ড ভোগ করিবেন। পালজীর বিপদই কঠিন। তিনি এতদ্বিষয়ে কোন প্রকার লভ্য সম্ভোগ না করিয়াও ৭ বৎসরের নিমিত্ত কারাবাসের আদেশ প্রাপ্ত হইয়াছেন। বাবু শিবকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় ও তাঁহার সহকারিদিগের বিরুদ্ধে যে অভিযোগ হয়, তাহা পাঠক মহাশয়দিগের মধ্যে প্রায় সকলেই অবগত আছেন, এই স্থলে বিস্তারিত লিখিবার কোন প্রয়োজন নাই। গ্রাণ্ড জুরিরা তাঁহারদিগের বিরুদ্ধে বিল ফৌণ্ড করিলেই তাঁহারা অতিশয় ভীতচিত্ত হইয়া বৃটিশ অধিকার পরিহার পূর্ব্বক ফ্রান্স অধীশ্বর মহারাজ লুইস নেপোলিয়ানের অধিকার ভুক্ত চন্দন নগরে প্রস্থান করেন। ভাবিয়াছিলেন, ভিন্ন রাজার অধিকারে গমন করিলে সুপ্রিমকোর্টের হস্ত হইতে নিস্তার পাইবেন, কিন্তু তাহা হইল না, বিচারপতি সর মর ডেণ্ট ওয়েলস্ সাহেব একবারে প্রতিজ্ঞা করিলেন, যাহারা জাল উইল অর্থাৎ কৃত্রিম উত্তরাধিকার পত্র প্রস্তুত করিয়া অন্যের বিষয়াদি লইবার লালসা করে, এবং যাহারা এই অধর্ম্ম মূলক কুকার্য্যের সহায়তা করিয়া থাকে তাহারা সমুচিত দণ্ড প্রাপ্ত না হইলে সুপ্রিমকোর্টের উচ্চ গৌরব রক্ষা হইতে পারে না। অতএব তিনি বাবু শিবকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়কে চন্দন নগর হইতে কলিকাতায় আনয়ন করিবার কোন সদুপায় না হওয়াতে গবর্ণমেণ্ট পণ্ডিচারিতে ফ্রেঞ্চ গবর্ণর জেনেরল বাহাদুরের নিকট পত্র লেখেন, সেই পত্র প্রাপ্ত হইয়া তিনি চন্দননগরের গবর্ণরকে পত্র লেখাতে বাবু শিবকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় ও তাঁহার সঙ্গিগণ ধৃত হইয়া কলিকাতায় আগমন পূর্ব্বক রাজাদেশে কামান-জেল অর্থাৎ বিনা পরিশ্রমে কারাগারে আবদ্ধ থাকেন, সে সময়ে কারাপ্রবেশ করেন সেই সময়ে সুপ্রিমকোর্টের সেসিয়ান খোলা হইল, কিন্তু শিবকৃষ্ণ বাবু কৌন্সেলের দ্বারা বিচারপতিদিগের নিকটে প্রার্থনা জানাইলেন, যে ঐ সেসিয়ানে তাহার অপরাধ ঘটিত অভিযোগের বিচার না হয়, আগামি সেসিয়ানে তাঁহার বিচার হইবেক, তিন জন বিচারপতি বিচারাসনে উপবেশন পূর্ব্বক বিচার করিবেন, বিচারপতিরা তাহার এই প্রার্থনায় সম্মত হইয়া অনুমতি করিয়াছিলেন, যে চিপ জষ্টিস সর বর্ণিস পিকাক ও বিজ্ঞবর বিচারপতি মেং জষ্টসন সাহেব তাঁহার অপরাধের বিচার করিবেন।

এই প্রার্থনানুসারে গত সোমবারাবধি বিচার কার্য্য আরম্ভ হইয়া বুধবার দিবসে শেষ হইয়াছে, বিজ্ঞবর কৌন্সেলি মেং পিটার সন সাহেব শিবকৃষ্ণ বাবুকে প্রাগুক্ত অভিযোগ বিষয়ে নির্দ্দোষীরূপে প্রতিপন্ন করিবার নিমিত্ত সাধ্য প

র্য্যন্ত চেষ্টার ত্রুটি করেন নাই, তিন দিবস ব্যাপিয়া বিচার হইয়াছিল, বিচারপতিরাও দোষাদোষের মীমাংসা বিষয়ে নিরপেক্ষ রূপে সূক্ষ্ম বুদ্ধিচালনার ত্রুটি করেন নাই, কিন্তু শিবকৃষ্ণ বাবুকে যুক্তি ও বিচার দ্বারা রক্ষা করণে অক্ষম হওয়াতে তাঁহারা পূর্ব্বোক্ত অতি কঠিনতার অনুমতি প্রদান করিয়াছেন।

শিবকৃষ্ণ বাবু আমারদিগের এক জন পরম হিতকারি বন্ধু ছিলেন, যে মহৎ বংশে তিনি জন্মগ্রহণ করিয়াছিলেন, সেই বংশের এরূপ অপমান হইবেক, এবং সেই বংশ জাত ব্যক্তি এরূপ কঠিন দণ্ড প্রাপ্ত হইবেক, আমরা স্বপ্নেও তাহা জানিতে পারি নাই। এই স্থলে আমারদিগকে একটী কথা অবশ্যই বলিতে হইবেক, তিনি এতদ্দেশীয় লোক, যদি রাজজ্ঞাতি অথবা রাজ কুটুম্ব হইতেন, তবে তাঁহাকে এরূপ কঠিন দণ্ড ভোগ করিতে হইত না, শিবকৃষ্ণ বাবু অতি অশুভক্ষণে অভিযুক্ত হইয়াছিলেন, একারণ তাঁহার প্রতি এরূপ কঠিন দণ্ডের অনুমতি হইয়াছে।

নীলকরদিগের উপকারার্থ ব্যবস্থাপক সমাজে যে নূতন নিয়ম উত্থাপিত হইয়াছিল, তাহা নিয়মরূপেই অবধারিত হইয়াছে সমাজের বিজ্ঞবর মেম্বর মহাশয়েরা তাহার প্রতি কোন আপত্তি করেন নাই। প্রজারাও আপত্তি করণের সময় প্রাপ্ত হয়েন নাই, অধুনা প্রদেশবাসি রাইয়তগণ সম্পূর্ণরূপে মাজিষ্ট্রেট সাহেবদিগের বিচারের অধীন হইল তাহারা যদ্যপি সুবিচার বিতরণ দ্বারা ও নীলকরের অত্যাচার হইতে প্রজাদিগকে রক্ষা করেন তবেই তাহারদিগের রক্ষা নতুবা আর নিস্তার নাই।

প্রেসিডেন্সিকালেজের লা ডিপার্টমেণ্টের নিম্নলিখিত সুশিক্ষিত ছাত্রেরা ১৮৫৯।৬০ সালের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচুলার আব লা নামক উপাধি প্রাপ্ত হইয়াছেন।

১ শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখোপাধ্যায়
২ শ্রীযুত মেং সি, গ্রীগরী।
৩ শ্রীযুক্ত মেং জি, গ্রীগরী।
৪ শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র দে। B. A.
৫ শ্রীযুক্ত বাবু কালীমোহন দাস।
৬ শ্রীযুক্ত বাবু কেদারনাথ দত্ত।
৭ শ্রীযুক্ত বাবু মতিলাল চৌধুরী।
৮ শ্রীযুক্ত বাবু মতিলাল মুখোপাধ্যায়।
৯ শ্রীযুক্ত বাবু প্রতাপচন্দ্র চট্টোপাধ্যায়।
১০ শ্রীযুক্ত বাবু রাধাগোবিন্দ মৈত্র। B. A.

মেডিকেল কালেজের নিম্নলিখিত সুশিক্ষিত ছাত্রেরা ১৮৫৯।৬০ সালের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে লাইসেন্সিএট ইন মেডিসিন নামক উপাধি প্রাপ্ত হইয়াছেন।

প্রথমশ্রেণী।

১ শ্রীযুক্ত মেং জোজেফ কারবরী।
২ শ্রীযুক্ত বাবু কালীচরণ হালদার।
৩ শ্রীযুক্ত বাবু রাধারমণ কুণ্ডু।
৪ শ্রীযুক্ত মেং আই, টেলর।

দ্বিতীয় শ্রেণী।

১ শ্রীযুক্ত বাবু বলাইচাঁদ সেন।
২ শ্রীযুক্ত বাবু দোকৌড়ী ঘোষ।
৩ শ্রীযুক্ত মেং ই, কে, হজাক [illegible]
৪ শ্রীযুক্ত মেং এফ, কেট।
৫ শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন ঘোষাল
৬ শ্রীযুক্ত বাবু কালীকৃষ্ণ ঘোষ।
৭ শ্রীযুক্ত বাবু উমেশচন্দ্র দত্ত।
৮ শ্রীযুক্ত বাবু প্রসন্নগোপাল বসু।
৯ শ্রীযুক্ত বাবু রাজকৃষ্ণ চক্রবর্ত্তী।

ওরিএণ্টেল সেমিনরি নামক বিদ্যালয়ের ছাত্রদিগের সুশিক্ষা পরীক্ষা ও পারিতোষিক প্রদানের কার্য্য গত দিবস টৌনহালে অতি সমারোহ পূর্ব্বক নির্ব্বাহ হইয়াছে অনেক সম্ভ্রান্ত ইংরাজ ও এতদ্দেশীয় ব্যক্তি পরীক্ষা সমাজে উপস্থিত হইয়াছিলেন, বিস্তারিত বিবরণ আমরা প্রাপ্ত হইলে পাঠক মহাশয়দিগকে বিদিত করিব।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhahur Press*

সংবাদ প্রভাকর

প্রাত্যহিকপত্র

এই প্রভাকর পত্র রবিবার ব্যতীত প্রতি দিবস কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হোগলকড়িয়ার দুর্গাচরণ মন্ত্রের ষ্ট্রিটে ৪২ নং ভবনে সম্পাদক শ্রীযুত রামচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্রকাশিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রমীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বান্তদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

৮৪৮৮ সংখ্যা] সোমবার ২৮ চৈত্র ১২৬৬ সাল। ইং ৯ এপ্রেল ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ তঙ্কা মাত্র।

সুপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামী ১৯ আপ্রেল বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিমকোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তর খানার প্রবেশ দ্বারের নিকট কলিকার সরিফ সাহেব কৈলাসনাথ ঘোষাল ঈশ্বরচন্দ্র ঘোষাল এবং জয়নারায়ণ ঘোষালের বিরুদ্ধে ফাই রাই ফেসিয়াস নামক পরওয়ানার ক্ষমতানুসারে পবলিক সেলে অর্থাৎ প্রকাশ্য নীলাম দ্বারা নিম্নলিখিত সম্পত্তি বিক্রয় করিবেন।

বিশেষতঃ। মহানগর কলিকাতার সিমুলিয়ার অন্তঃপাতি কর্ণেওয়ালিস ষ্ট্রীটের সামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত একতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ১৬৪ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি অনুমান এক বিঘা পোনের কাঠা সাড়ে পোনের ছটাক তাহার কমি হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী কৈলাসনাথ ঘোষাল; ঈশ্বরচন্দ্র ঘোষাল, এবং জয়নারায়ণ ঘোষালের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত রইবেক।

বিশেষতঃ। গৃহ সামগ্রী অর্থাৎ টেবিল তক্তাপোষ ইত্যাদি পূর্ব্বোক্ত আশামী কৈলাসনাথ ঘোষাল ও ঈশ্বরচন্দ্র ঘোষাল এবং জয়নারায়ণ ঘোষালের বিষয় তাহা উপরের লিখিত মত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

বিক্রয়ের নিয়মাদি ও অন্যান্য বৃত্তান্ত সরিফ আফিসে আবেদন করিলে জ্ঞাত হইতে পারিবেন।

G. BROWN.
Sheriff
জি, ব্রাউন।
সরিফ।

কলিকাতা
সরিফ আফিস
১৪ মার্চ্চ ১৮৬০ সাল

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে রামগোপাল বন্দ্যোপাধ্যায় এক জন জমিদার এবং যিনি ভূম্য ধকারি এবং যিনি ইতিপূর্ব্বে মহানগর কলিকার নিমলতার ষ্ট্রীটে বাস করিতেন তাঁহার শেষ উইল পত্রের বিধানানুসারে তাঁহার বিষয় ও বিভবাদির প্রতি কর্ত্তৃত্ব করণের ভার সুবেবাঙ্গার অন্তঃপাতি ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে ১৩ মার্চ্চ তারিখের অনুমতির দ্বারা শিবনাথ চট্টোপাধ্যায়ের প্রতি সমর্পিত হইয়াছে ঐ শিবনাথ চট্টোপাধ্যায় ইতিপূর্ব্বে জিলা ২৪পরগণার অন্তঃপাতি পাণিহাটি নামক গ্রামে বাস করিতেন এইক্ষণে মহানগর কলিকাতার নিমতলা বাস করিতেছেন তাঁহারাই নাম ষ্ট্রীটে উক্ত মৃত ব্যক্তির উইল পত্রে একমাত্র অছিরূপে উল্লেখিত হইয়াছে অতএব যে সকল ব্যক্তির উক্ত ব্য

স্তির কীটের উপর পাওনা আছে তাঁহারা তাঁহাকে তাহা জানাইবেন আর যাঁহারা উক্ত বিষয়ে ঋণি আছেন তাঁহারা অবিলম্বে তাঁহার নিকটে উপস্থিত হইয়া আপনাপন ঋণ সকল পরিশোধ করিয়া দিবেন।

Swinhoe and Beebe
Protctor

সুইন হো এণ্ডবিবি।
উকীল।

স্পেলেড্ রো।
নম্বর ১
৩ আপ্রেল ১৮৬০

অ শি অর্থাৎ বকরাদার রূপে
কার্য্য করণের
বিজ্ঞাপন।

নিম স্বাক্ষরকারিরা পরস্পর অংশি রূপে অদ্য দিবসাবধি ডো এণ্ড রকলেণ্ড নামে ও ফারমে সলিসিটর্স প্রক্টর্স এবং এটর্ণিস পবলিক ইত্যাদি বিধায়ে ওকালতী কার্য্যারম্ভ করিলেন।

Edward Agustus Dow
Thomas Buckland
No 14th Old Post office Street

এডওয়ার্ড আগষ্টস ডো
তামস বকলেণ্ড
নম্বর ১৪ ওল্ড পোষ্ট
আফিস ষ্ট্রীট।

২ আপ্রেল
১৮৬০

মাননীয় শ্রীযুক্ত মেং জান ম্যাজ সাহেবের নিকটে বিনীত ভাবে নিবেদন করিতেছি, তাঁহার আমাদের প্রতি পূর্ব্ব বৎ অনুগ্রহ প্রকাশ করিয়া উক্ত দিবস উক্ত সময়ে সভারোহণ করিয়া বাধিত করিবেন। আমরা বাৎসরিক ভার উদ্‌যোগ পত্র সম্পাদকীয় কার্য্যে আবৃত থাকাতে সাক্ষাৎ সম্বন্ধে সকলের নিকট গমন করিতে পারিলাম না। গুণগ্রাহক মহাশয়েরা আমাদের এতৎপোরাধ গ্রহণ করিবেন না।

শ্রীরামচন্দ্র গুপ্ত।

কলিকাতা
প্রভাকর যন্ত্রালয়
৩০ চৈত্র ১২৬৬

শ্রীযুক্ত মেং ম্যাজ সাহেবের
দ্রব্যাদি বিক্রয়ের
বিজ্ঞাপন।

আগত ১১ এপ্রেল বুধবার দিবসে মিসবার্স মেকেঞ্জি লাএল কোম্পানি চৌরঙ্গি রোডের লিনসে ইষ্ট্রীট নামক গলির ১৭ নম্বর ভবনে শ্রীযুক্ত মেং জান ম্যাজ সাহেবের উত্তমং বিলাতি আসবাব মায় ব্যবহার জনক মৃত্তিকার এবং চিনের বাসন বিক্রয় করিবেন।

প্রভাকর যন্ত্রালয়ের
একত্রিংশৎ গণিত
বার্ষিক সভা।

বিজ্ঞাপন।

আগামী ৩০ চৈত্র বুধবার বেলা অপরাহ্ণ চারিঘটিকার সময়ে নব বর্ষোৎসব উপলক্ষে সংবাদ প্রভাকর যন্ত্রালয়ের একত্রিংশৎ গণিত বার্ষিকী নিমিত্ত সভা হইবে। অতএব আমরা অনুগ্রাহক গুণগ্রাহক গ্রাহক, পাঠক ও সর্ব্বসাধারণ দেশ হিতৈষী ও প্রভাকরের বন্ধুবর্গের

শুকেতিহাস ১০
রাজস্বসম্পর্কীয় নিয়ম
নামক প্রথম খণ্ড .....১।০
নলিনীকান্ত শৃঙ্গার ওকরুণা
রসাশ্রিত নবীন উপাখ্যান ১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।
সন১৮৫৯ সালের
৯।১০।১১।১২ আইন .....১।৷০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত....৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ ৸০
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক ১

বিজ্ঞাপন।

সমুলিয়া নয়নচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকাতা নিউপ্রেশ" যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভারতচন্দ্র রায় গুণাকর বিরচিত যাবতীয় কাব্য সংকলন পূর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মাসের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনেরেল টেজুরির মিলিটরি একৌণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১।০ দেড়টাকা মূল্যে পুস্তক প্রাপ্ত হইবেন। যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করিবেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

৫৭৭

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমাদিগের ৭৯।১ লয়ে ইংরাজী, বাঙ্গলা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা-প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন অতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কালীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

সংবাদ প্রভাকর

২৮ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

আমার নিম্ন লিখিত বিষয়টী সাদরে প্রকাশ করিলাম।

মহাশয়! এক্ষণকার বঙ্গদেশবাসি যশোরাশি, ধনরাশি বিখ্যাত মহোদয়েরা দেশের মাঙ্গলিক বিষয়ে উচিতমত মনোযোগ করেন না, কিন্তু অলীকানোদে উন্মত্ত হইয়া ভস্মে ঘৃতাহুতির ন্যায় রাশি রাশি অর্থ নষ্ট করেন। কোন দাতব্য বিদ্যালয় অথবা কোন হিতৈষিনী সভা অথবা তদ্রূপ অন্য কোন উত্তম বিষয় তাঁহারদিগের নিকট উপস্থিত করিলে প্রায় অধিকাংশই লোকেই মানবদনে অনুৎসাহ প্রদান করিয়া থাকেন, যদি কেহ উপরোধানুরোধ পত্র প্রাপ্ত হন, তবে সেই ব্যক্তি অনুরোধবাধ্য হইয়া যৎকিঞ্চিৎ দান করেন, যে ব্যক্তি প্রতি মাসে তিন হাজার টাকা উপার্জ্জন করিতেছেন, তিনিও বিনা বেতনে সন্তানের বিদ্যানুশীলনের প্রার্থনা রাখেন, এই সমস্ত কথা উত্থাপন করিতে গেলে কাষ্ঠের লেখনী আড়ষ্টবৎ হয়। হায়! বঙ্গদেশবাসিদিগের এই সকল কুসংস্কার কবে দূরীকৃত হইবে। আমাদিগের দেশীয় মহাশয়দিগের এ কেমন এক কুসংস্কার যে তাঁহারা ও আপনারা ও পরিজন সকলে সুখে থাকিলেই পরম সুখ বোধ করেন, দেশের অবস্থার প্রতি ভ্রমেও দৃক্‌পাত করেন না, যদি দেশের মঙ্গল চিন্তা তাঁহাদিগের মনোগত হইত তবে তাহা সম্পন্ন করিতে এক প্রকারে না হয় অন্য প্রকারে সক্ষম হইতেন অধুনা কয়েক মাস অতীত হইল অন্নরা বশতঃ যে কয়েক জন মহানুভব মহাত্মাগণ স্বদেশের মঙ্গল হেতু যত্নবান হইয়া হিতবিলাসিনী নামক একটী সভা সংস্থাপিতা করিয়াছিলেন, তাহা সহবাসি জনগণের তাদৃশ আশ্রয় প্রাপ্ত না হওয়াতে তাঁহারদিগের সেই মহতী আশা ক্রমে ক্রমে ম্রিয়মাণা হইয়া শীর্ণ দশাতে অবস্থিতি করিতে বাধ্য হয়। হায়! ভারতবর্ষের প্রজাপুঞ্জের মধ্যে যদি একথা সংস্থাপিত থাকিত তবে সকলেই দৃঢ় ভাবে কায়মনা করিয়া কোন গুরুতর বিষয়ে প্রবৃত্ত হইলে অবশ্যই কৃতকার্য্য হ

ইতে পারিত। এ কতায় কোন কর্ম্ম না হয়! পশুগণের মধ্যে ঐক্য থাকাতে তাহারা ক্ষুদ্র হইয়াও বৃহৎ কাণ্ড করিতে সক্ষম হয়। ইহাদিগের একতার বিষয়ে ভূরি২ প্রমাণ প্রাপ্ত হওয়া গিয়াছে। যখন পশুপক্ষিরা এই একতা দ্বারা মহৎ ব্যাপার সকল নিষ্পন্ন করিতে সক্ষম হয়, তখন মনুষ্যেরা একবাক্য হইয়া কোন মহদ্ব্যাপারে নিযুক্ত হইয়া কৃতকার্য্য হইতে না পারেন, মনুষ্যের অসাধ্য কোন কর্ম্ম আছে? ঐক্য বিরহে কোন কর্ম্ম সুসম্পন্ন করিতে [illegible] নয় অতএব পুনর্ব্বার কহিতেছি দেশীয় মহাশয়েরা বিবেচনা পূর্ব্বক একতা স্মরণ করুন, এক ব্যতীত দেশের মঙ্গল কোন ক্রমেই হইতে পারে [illegible] এইক্ষণে এক[illegible]তার বিষয় বলিতে গেলে প্রস্তাব বাহুল্য হইয়া পড়ে অতএব এস্থলে এই মাত্র বক্তব্য যে, যেন দেশীয় মহাশয়েরা কোন দেশ মাঙ্গলিক বিষয় প্রাপ্ত হইলে দেশ হিতৈষিদিগের উৎসাহ বৃক্ষে যত্নবারি সেচন করিতে কৃপণতা না করেন হা, হিতবিলাসিনী সভার বিষয় লিখিতে গেলে হৃদয় বিদীর্ণ হয়! আহা! ইহা যে কি অনুষ্ঠানে সংস্থাপিত হইয়াছিল তাহা বোধ করি গুণগ্রাহী পাঠকবর্গ মহাশয়েরা সকলেই জ্ঞাত আছেন, কিন্তু পরিতাপের বিষয়। যখন ঐ সভা দেশের মঙ্গল সাধনে বিলক্ষণ যত্নবতী হইয়া স্বীয়াভিপ্রায় জন সমাজে প্রকাশ করিতে লাগিল ইত্যবসারে কোন২ দেশ হিতৈষী অনুৎসাহ ঝটীকা বহন করত ইহার অত্বরাবস্থাতেই ইহাকে নষ্ট করিলেন যাহাহউক এক্ষণে যোড়করে দেশ হিতৈষীদিগের নিবেদন করি যে, যেন তাহারা পুনরায় হিতবিলাসিনী সভাকে জীবীত রাখিয়া দেশের মুখে জ্বল করিতে সচেষ্টিত হওন এবং তাঁহারা যেন তাঁহাদিগের দাতৃত্ব হস্ত বিস্তার করিতে কৃপণতা না করেন, অদ্য শারিরীক অসুস্থতা প্রযুক্ত লেখনীকে বিশ্রাম দিলাম পরে বাহুল্যরূপে লিখিব।

দুঃসহপ্রেষ্ঠ বিরহতীব্রতাপধুতাশুভাঃ
ধ্যান প্রাপ্তচ্যুতাশ্লেষনির্ব্বৃত্ত্যা ক্ষীণমঙ্গলাঃ। ত্বমেব পরমাত্মানং জার বুদ্ধ্যাপি সংগতাঃ। জহুর্গুণময়ং দেহং সদ্যঃ প্রক্ষীণবন্ধনাঃ।
গোপীগণ অবিসহ্য বিরহ সন্তাপে।
ধৌত হইলেন সব অশুভ কলাপে॥
ধ্যানে প্রাপ্ত শ্রীকৃষ্ণের সংযোগ আনন্দ
তাহে প্রকাশিল তাসবার পুণ্যবন্ধ॥
উপপতি ভাবে ভাবিয়াও জনার্দ্দনে।
সদ্যই হইল তারা বিশ্লথ বন্ধনে॥
এহেতুক গুণময় তনু ত্যাগ করি।
সেকালে তাহারা প্রাপ্ত হইল মুরারি॥
যস্বামি কহে হেন কৃষ্ণ ধ্যানের প্রভাবে।
মায়াগুণময় দেহ তেজেছিল সবে।
যদি কহ ব্রহ্ম ভাব নাহি গোপীকার।
তবে গুণময় দেহ যাবে কিপ্রকার॥
তাহাতে করেন তিনি এই সমাধান।
দিও গোপীর নাহি ছিল ব্রহ্মজ্ঞান॥
তথাপিহ কৃষ্ণ ধ্যান মহিমার বলে।
গুণময় দেহ ত্যাগ করিল সকলে॥
স্তুশক্তি নাহি করে বুদ্ধি অপেক্ষণ।
মনোজ্ঞের হস্ত দাহে যেমন দহন॥
যদি বল হৌক তাহা আরব্ধ থাকিতে।
গুণময় দেহ নাহি পারে বিনাশিতে॥
ইহাতে কহেন পুনঃ করিয়ে প্রকাশ।
সদ্য হয়েছিল গোপিকার কর্ম্ম নাশ॥
[illegible]ণ বন্ধনা শব্দে কহিছেন তাই।
তবে কেন এবিতর্ক করিতে ছ ভাই॥
বাদী বলে হৌক তথাপিহ ভোগ বিনে।
আরব্ধ কর্ম্মের নাশ হইল কেমনে॥
তাহাতে কহেন শ্রেষ্ঠ বিরহ সন্তাপে।
হরেছিল গোপীকার সপ্র রব্ধ পাপে॥
ধ্যানলব্ধ শ্রীকৃষ্ণের সমাশ্লেষ সুখ।
গোপীকার পুণ্য নাশ কহিছেন শুক॥
এইত স্বামির মত হইল সমাধান।
গোস্বামির ব্যাখ্যা করি কর অবধান॥
কৃষ্ণের বিচ্ছেদ অতি তীব্র [illegible]।
তাহাতে অখিল যত অশুভ নিচয়॥
ধ্যানে প্রাপ্ত অচ্যুতের আশ্লেষ আনন্দ
তাহে নষ্ট হৈল সুখ ভোগ মহাবন্ধ॥
অশুভ শব্দেতে কৃষ্ণ সঙ্গ প্রাপ্তিকালে।
বিরহ অবস্থা স্ফূর্ত্তি সাধু জনে বলে॥
শুভ শব্দে সে সময়ে প্রাপ্য স্ফূর্ত্তি কয়।
যাহাতে ভক্তের হয় আনন্দ উদয়॥
যে উভয় ভোগপরে প্রৌঢ় ভক্তগণ।
নিত্য কৃষ্ণ সংযোগের হয়েন ভাজন॥
গোপীদের বিচ্ছেদ আশ্লেষ সমুলাসে।
এক কালে ভোগ হয়ে গেল অনায়াসে॥
নতুবা প্রারব্ধ ভোগ নাহি তাসবার।
বৈষ্ণবের জন্মে নাহি প্রারব্ধ স্বীকার॥
সর্ব্ব অংশী পরমাত্মা হয়েন শ্রীহরি।
এলাগি বাস্তব পতি শ্রীকৃষ্ণ সবারি॥
তাহে জার বুদ্ধি করিয়াও গোপীগণ।
পূর্ব্ব ভক্তা ভোগ্য দেহ করিলা মোচন॥

ক্রমশঃ প্রকাশ্য।

Printed and Published by RAMCHUNDER GOOPTO at the *Probhakur Press*.

সংবাদ প্রভাকর

প্রাতঃস্মরণ

[illegible] এই প্রভাকর পত্র [illegible]বিবার ব্যতীত প্রতি [illegible]নবম কলিকাতা সিমুলিয়ার অন্তঃপাতি হে[illegible]লকডিয়ার দুর্গাচরণ [illegible]ত্রের ষ্ট্রিটে ৪২ নং [illegible]বনে সম্পাদক শ্রীযুত [illegible]মচন্দ্র গুপ্তকর্ত্তৃক প্র[illegible]শিত হয়।

॥॥* সতাং মনস্তামরস প্রভাকর সদৈব সর্ব্বেষু সমপ্রভাকরঃ *॥*॥*
॥॥* উদেতি ভাস্বৎ সকলাপ্রভাকরঃ সদর্থসংবাদ নবপ্রভাকরঃ *॥*॥*

নক্তং চন্দ্রকরেণ ভিন্নমুকুলেষ্বিন্দীবরেষু কচিদ্ভ্রামং ভ্রাম মতন্দ্রবীষদমৃতং পীত্বা ক্ষুধাকাতরাঃ॥
অদ্যোদ্যদ্বিমল প্রভাকর করপ্রোদ্ভিন্নপদ্মোদরে স্বচ্ছন্দং দিবসে পিবন্তু চতুরস্বাস্তুদ্বিরেফারসং॥

এই পত্রের অগ্রিম মূল্য ১০ টাকা বৈশাখের প্রথমদিবসের পত্রের মূল্য ১ টাকা তদ্ব্যতীত আর সকল মাসের প্রথম দিনের পত্রের মূল্য ॥০ আনা অগ্রিম ৬টাকামাত্র।

[illegible]৪৮৯ সংখ্যা] মঙ্গলবার ২৯ চৈত্র ১২৬৬ সাল। ইং ১০ এপ্রেল ১৮৬০ সাল [মাসিক মূল্য ১৲ তঙ্কামাত্র।

সপ্রিমকোর্টের বিজ্ঞাপন

সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামী ১৯ আপ্রেল বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিমকোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তর খানার প্রবেশ দ্বারের নিকট কলিকার সরিফ সাহেব কৈলাসনাথ ঘোষাল ঈশ্বরচন্দ্র ঘোষাল এবং জয়নারায়ণ ঘোষালের বিরুদ্ধে ফাই রাই ফেসিয়াস নামক পরওয়ানার ক্ষমতানুসারে পবলিক সেলে অর্থাৎ প্রকাশ্য নীলাম দ্বারা নিম্নলিখিত সম্পত্তি বিক্রয় করিবেন।

বিশেষতঃ। মহানগর কলিকাতার সিমুলিয়ার অন্তঃপাতি কর্ণেও কালিস ষ্ট্রীটের সামিল ও তন্মধ্যস্থিত এক ইষ্টক নির্ম্মিত একতালা গৃহ অথবা বসতি বাটী নম্বর ১৬৪ ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ রাইয়তি ভূমি অনুমান এক বিঘা পোনের কাঠা সাড়ে পোনের ছটাক তাহার কমি হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী কৈলাসনাথ ঘোষাল, ঈশ্বরচন্দ্র ঘোষাল, এবং জয়নারায়ণ ঘোষালের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

বিশেষতঃ। গৃহ সামগ্রী অর্থাৎ টেবিল তক্তাপোষ ইত্যাদি পূর্ব্বোক্ত আশামী কৈলাসনাথ ঘোষাল ও ঈশ্বরচন্দ্র ঘোষাল এবং জয়নারায়ণ ঘোষালের বিষয় তাহা উপরের লিখিত মত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

বিক্রয়ের নিয়মাদি ও অন্যান্য বৃত্তান্ত সরিফ আফিসে আবেদন করিলে জ্ঞাত হইতে পারিবেন।

G. BROWN.
Sheriff
জি, ব্রাউন।
সরিফ।

কলিকাতা
সরিফ আফিস
১৪ মার্চ্চ ১৮৬০ সাল

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে রামগোপাল বন্দ্যোপাধ্যায় এক জন জমিদার এবং যিনি ভূম্যধিকারি এবং যিনি ইতিপূর্ব্বে মহানগর কলিকার নিমলতার ষ্ট্রীটে বাস করিতেন তাঁহার শেষ, উইল পত্রের বিধানানুসারে তাঁহার বিষয় ও বিভবাদির প্রতি কর্ত্তৃত্ব করণের ভার সুবেবাঙ্গার অন্তঃপাতি কোর্ট উইলিয়ম দুর্গের অধীন সুপ্রিমকোর্ট নামক বিচারালয় হইতে ১৩ মার্চ্চ তারিখের অনুমতির দ্বারা শিবনাথ চট্টোপাধ্যায়ের প্রতি সমর্পিত হইয়াছে ঐ শিবনাথ চট্টোপাধ্যায় ইতিপূর্ব্বে জিলা ২৪পরগণার অন্তঃপাতি পাণিহাটি নামক গ্রামে বাস করিতেন এইক্ষণে মহানগর কলিকাতার নিমতলা বাস করিতেছেন তাঁহারাই নাম ষ্ট্রীটে উক্ত মৃত ব্যক্তির উইল পত্রে একমাত্র অছিরূপে উল্লেখিত হইয়াছে অতএব যে সকল ব্যক্তির উক্ত ব্য

তির ষ্ট্রীটের উপর পাওনা আছে তাঁহারা তাঁহাকে তাহা জানাইবেন আর যাঁহারা উক্ত বিষয়ে ঋণি আছেন তাঁহারা অবিলম্বে তাঁহার নিকটে উপস্থিত হইয়া আপনাপন ঋণ সকল পরিশোধ করিয়া দিবেন।

Swinhoe and Beebe
Protctor
সুইন হো এণ্ডবিবি।
উকীল।

স্পেলেড রো।
নম্বর ১।
৩০ আপ্রেল ১৮৬০।

অংশি অর্থাৎ বকরাদার রূপে
কার্য্য করণের
বিজ্ঞাপন।

নিম্ন স্বাক্ষরকারিরা পরস্পর অংশি রূপে অদ্য দিবসাবধি ডো এণ্ড বকলেণ্ড নামে ও ফারমে সলিসিটর্স প্রক্টর্স এবং এটর্ণিস পব লিক ইত্যাদি বিধায়ে ওকালতী কার্য্যারম্ভ করিলেন।

Edward Aguscus Dow
Thomas Buckland
No 14th Old Post office Street
এডওয়ার্ড আগষ্টস ডো
তামস বকলেণ্ড
নম্বর ১৪ ওরড পোষ্ট
আফিস ষ্ট্রীট।

২ আপ্রেল
১৮৬০

মা সমাজ সাধিকা আমনাব নিকনেলা
ইস্কাষ্টার

আমলে ২২ ফুল বুধনার হোজমে নিবারর্স মেকেঞ্জি লাইফ জেম্মানি সাধ্বান ষ্ট্রীংক্তি সভকজে জিন্সে ষ্ট্রীট নাম মজি মে ২৩ নম্বর হাবেলিমে ষ্ট্রীযুত মে জান সমাজ সাধিকা আফিহ বিলাবলী ব্যব নাব মাব বনষ্টার আহনেজ আয়ক জীনবা মিটিং বসন নীলাম অহেগা হবি।

শ্রীযুক্ত মেং ম্যাজ সাহেবের
দ্রব্যাদি-বিক্রয়ের
বিজ্ঞাপন।

আগও ১২ এপ্রেল বুধবার দিব সে মিস্থয়ার্স মেকেঞ্জি লাএন্ড কো স্পানি চৌরঙ্গি রোডের লিমসে ইষ্ট্রীট নামক গলির ২৭ নম্বর ভবনে শ্রীযুক্ত মেং জান ম্যাজ সাহেবের উত্তমং বিলাতি আসবাব মায় ব্যব হার জনক মৃত্তিকার এবং চিনের বাসন বিক্রয় করিবেন।

প্রভাকর যন্ত্রালয়ের
একত্রিংশৎ গণিত
বার্ষিক সভা।

বিজ্ঞাপন।

অগামী ৩০ চৈত্র বুধবার বেলা অপরাহ্ন চারিঘটিকার সময়ে নব বর্ষোৎসব উপলক্ষে সংবাদ প্রভা কর যন্ত্রালয়ের একত্রিংশৎ গণিত বার্ষিকী নিয়মিত সভা হইবে। অত এব আমরা অনুগ্রাহক গুণগ্রাহক গ্রাহক, পাঠক ও সর্ব্বসাধারণ দেশ হিতৈষী ও প্রভাকরের বন্ধুবর্গের নিকট বিনীত ভাবে নিবেদন করি তেছি, তাঁহার আমাদের প্রতি পূর্ব্ব বৎ অনুগ্রহ প্রকাশ করিয়া উক্ত দিবস উক্ত সময়ে সভারোহণ করিয়া বাধিত করিবেন। আমরা বাৎসরিক সভার উদ্‌যোগ পত্র সম্পাদকীয় কার্য্যে আবৃত থাকাতে সাক্ষাৎ স যন্ত্রে সকলের নিকট গমন করিতে পারিলাম না। গুণগ্রাহক মহাশয়ে রা আমাদের এতৎপোরাধ গ্রহণ ক রিবেন না।

শ্রীরামচন্দ্র গুপ্ত

কলিকাতা
প্রভাকর যন্ত্রালয়
৩০ চৈত্র ১২৬৬

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যা ইতেছে যে ইহর কলিকাতার বহুবা জারে জেলা যশোহর নিবাসিনী শারদাসুন্দরী দেবী মহশয়া আপন ব্যায়দ্বারায় একটী ইংরাজী দাতব্য খানা স্থাপিত করিয়া শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সেন ডাক্তার মহশয় কে ঐ কার্য্যের ভারার্পণ করিয়াছেন তথায় সকল প্রকার রোগের ঔষধ চিকিৎসা ও অস্ত্র চিকিৎসা হইবেক এবং প্রত্যহ বেল ৬ অবধি ১০ পর্য্যন্ত খোলা থাকিবেক ইহা রমধ্যে ই যত রোগী যাইবেন বিনামূ ল্যে উত্তমরূপে চিকিৎসা তাঁহাদের হইবেক।

বিজ্ঞাপন।

প্রভাকর যন্ত্রালয়ে নিম্নলিখি পুস্তক সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে মূল্য পাঠাইলে পাইতে পারিবেন

প্রবোধ প্রভাকর..... ....

259-259

শুকেতিহাস .... ॥০
রাজস্বসম্পর্কীয় নিয়ম
নামক প্রথম খণ্ড ..... ১।০
নলিনীকান্ত শূঙ্গার ওকরুণী
রসাশ্রিত নবীন উপাখ্যান ১
পল্লীগ্রামস্থ গ্রাহকেরা মূল্য প্রেরণ করিলে এই নলিনীকান্ত পুস্তক বিনা মাসুলে পাইতে পারিবেন।

সন১৮৫ সালের
৯।১০।১১।১২ আইন ..... ১।।০
ভারতচন্দ্র রায়ের জীবনচরিত....৸০
কলিকাতা পত্রিকার ১ম ভাগ ৸০
রেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক ১

বিজ্ঞাপন।

মেরিনার্স মেডিসিন অর্থাৎ
নাবিকদিগের ঔষধ।

ইহার দ্বারা সকল প্রকার রোগা রোগ্য হইবেক।

ওয়েলেস্‌লি ষ্ট্রীট ১২০।৩ নম্বরের বাটীতে প্রতিদিবস দিবাভাগে ও রজনী যোগে সর্ব্ব সময়ে উল্লেখিত মহৌষধ সকলে প্রাপ্ত হইবেন, বিলাতে যে মূল্য নিরূপিত আছে এখানেও সেই দরে বিক্রীত হইবেক।

E. PINTO.
ই, পিণ্টো
৭ আপ্রেল ১৮৬০।

বিজ্ঞাপন।

আগামী ১ বৈশাখ বৃহস্পতিবার প্রাতঃকালে ৭ ঘণ্টার সময়ে নববর্ষের ব্রাহ্ম সমাজ হইবেক।

শ্রীআনন্দচন্দ্র বেদান্তবাগীশ।
উপচার্য্য।

কলিকাতা
ব্রাহ্মসমাজ
১৭৮১,২৮চৈত্র

বিজ্ঞাপন।

সিমুলিয়া নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীটে ২৮ নং ভবনস্থিত "কলিকা তা নিউপ্রেশ" যন্ত্রালয়ে প্রসিদ্ধ ভা রতচন্দ্র রায় গুণাকর বিরচিত ম'ব' ত্তীম কাব্য সংকলন পুর্ব্বক কবির সংক্ষেপ জীবনী ও টিপ্পনী সহিত একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে। গ্রহণেচ্ছু মহাশয়েরা বর্ত্তমান মা সের মধ্যেই স্ব স্ব নাম ধাম এবং পুস্তকের সংখ্যা লিখিয়া আমার নামে উক্ত যন্ত্রালয়ে অথবা জেনে রেল ট্রেজুরি মিলিটরি একৌ ণ্টেণ্ট আফিসে পত্র প্রেরণ কিম্বা তাঁহার নিকটে স্বয়ং উপস্থিত হইয়া স্বাক্ষর করিলেই সন১২৬৭ সালের প্রারম্ভেই ১।০ দেড়টাকা মূল্যে পু স্তক প্রাপ্ত হইবেন। যাঁহারা পূর্ব্বে স্বাক্ষর না করিয়া পুস্তক গ্রহণ করি বেন, তাঁহাদিগকে ২ দুই টাকা দিতে হইবে।

শ্রী প্রসন্নচন্দ্র ঘোষ।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমারদিগের যন্ত্রালয়ে ইংরাজী, বাঙ্গালা, দেবনাগর পার্সী, আরবী, ইত্যাদি নানা-প্রকার অতি উত্তমং অক্ষর সকল প্রস্তুত করা হইয়াছে, এবং প্রিণ্টিং কার্য্য যাহাতে সুচারুরূপে নির্ব্বাহ হয় এমন একজন ক্ষতি উপযুক্ত কর্ম্মচারি নিযুক্ত করা গিয়াছে। অতএব এইক্ষণে যে কোন ব্যক্তি মুদ্রাঙ্কণার্থ পুস্তক বা অন্যান্য যে কোন বিষয় প্রেরণ করিবেন তাহা আমরা উত্তম কাগীতে উত্তমাক্ষরে লৌহযন্ত্রে স্বল্প দিবসের মধ্যে অল্প মূল্যে প্রস্তুত করিয়া দিব।

শ্রীরামচন্দ্র গুপ্ত
প্রভাকর সম্পাদক।

সংবাদপ্রভাকর

২৯ চৈত্র শকাব্দা ১৭৮১। বিক্টোরিয়াব্দঃ ২

ব্যবস্থাপক সভার বিজ্ঞবর মেম্বর মান্যবর গেং উইলসন সাহেব আপ নার দীর্ঘ বক্তৃতার দ্বারা জাদিগের আয়ের প্রতি কর স্থাপনের যে প্র-স্তাব করিয়াছিলেন, তাহার নিয়ম তিনি সম্প্রতি প্রস্তুত করিয়াছেন তাহা অবিলম্বেই উক্ত সমাজের বি বেচনায় সমর্পিত হইবেক। ঐ নিয়-মের অনুলিপি এক খণ্ড কেবল ক্রেণ্ড আব ইণ্ডিয়া পত্র সম্পাদক মহাশয় প্রাপ্ত হইয়াছেন। বাঙ্গাল হরকরা প্রভৃতি অন্যান্য ইংরাজী পত্র সম্পা দকেরা তাহা প্রাপ্ত না হওয়াতে আ ক্ষেপ করণে ত্রুটি করেন নাই। যাহা হউক ক্রেণ্ড সহযোগী মহাশয় লিখি য়াছেন, ঐ নিয়মে ১০৬ ধারা অব ধারিত হইয়াছে, এবং ১৮১ পৃষ্ঠের তাহা মুদ্রিত হওয়াতে পাঠকগণের বিলক্ষণ সদুপায় হইয়াছে, সে নিয় মে ঐ টাক্স সংগ্রহ করণের কথা লিখিত হইয়াছে, তাহা বিশেষ পরি ষ্কার হয় নাই। অতএব বিবিধ প্রকার গোলোযোগ হইবার সম্ভাবনা, টা ক্সের নির্দ্ধারণ অর্থাৎ আয়ানুসারে সমস্ত ভারতবর্ষ বিভক্ত করা যাই বেক, প্রত্যেক বিভাগে ছয় জন

কমিসনর নিযুক্ত হইবেন, তাহাতে চারিজন গবর্ণমেণ্টের লোক এবং দুই জন প্রজার প্রতিনিধি নামে অন্য লোক নিযুক্ত থাকিবেন, তাঁহারদিগের সহকারিগণ নিযুক্ত থাকিবেন, প্রতি বৎসর প্রজার প্রতি কর নির্দ্ধারিত হইবেক, কিন্তু যাঁহারা কিঞ্চিৎ অধিক টাকা প্রদানে স্বীকৃত হইয়া পাঁচ বৎসরের নিমিত্ত বন্দোবস্ত করিবেন, তাহারদিগের প্রতি প্রতি বৎসর কর নিরূপিত হইবেক না, নচেৎ কলিকাতার বসতি বাটীর প্রতি যেমন প্রতি বৎসর ভাড়ার বিবেচনায় কর নির্দ্ধারিত হইয়া থাকে, প্রজাদিগের আয় বিবেচনায় ও সেইরূপ কর অবধারিত হইবেক, যাহারদিগের প্রতি কর নির্দ্দিষ্ট হইবেক, তাঁহারদিগের নিমিত্ত এক লিপি প্রস্তুত হইয়াছে, সেই লিপিতে বিবিধ বিষয়ের অনুসন্ধান নিমিত্ত অনেক শ্রেণী নিরূপিত হইয়াছে, সেই শ্রেণীর লেখনানুরূপ যে২ বিষয় গবর্ণমেণ্ট জানিতে চাহেন, তত্তাবৎ লিখিয়া স্বাক্ষর করিতে হইবেক, এই টাক্সে যে টাকা উৎপন্ন হইবেক তাহার একাংশ দেশের শোভা বৃদ্ধি বিষয়ে আমারদিগের রাজপুরুষেরা ব্যয় করিবেন, ইহাতে মেং উইলসন সাহেবের যথেষ্ট বদান্যতা প্রকাশ হইয়াছে। আমরা জানিতে পারিয়াছি, তিনি এক জন দয়ালু মনুষ্য বটেন, তাহা না হইলে দেশের শোভা বৃদ্ধি করণের জন্য ইন্‌কম টাক্সের এক পরসেণ্ট হঠাৎ কেন প্রজার হিত জন্য ব্যয় করণের কথা লিখিবেন? পাঠকগণ আমরা পূর্ব্বেও বলিয়াছি এবং এইক্ষণেও বলিতেছি, মান্যবর মেং উইলসন সাহেবের এই নূতন প্রকার কর স্থাপনের প্রস্তাব কোন বিধায়েই সুবিচার সঙ্গত এবং রাজনীতি সিদ্ধ হয় নাই, ইহাতে রাজকোষে আয় বৃদ্ধি হইবেক বটে, কিন্তু প্রজাদিগের ক্লেশের সীমা থাকিবেক না, এসেসরগণ ক্রমে স্বেচ্ছাচারি হইয়া যাহা ইচ্ছা তাহাই করিবেন, নাগর্য্য টাক্স নিরূপণের এসেসর মেং বাস সাহেব যেমন প্রতি বৎসর প্রত্যেক বাটীর টাক্স বৃদ্ধি করিতেছেন, কোন বাটীর কিরূপ সংগ্রহ হয় তাহা কিছুই মান্য করেন না, ভাড়াটিয়া বাটীর বিল দেখিলেও গ্রাহ্য করেন না, প্রজাদিগের আয়ের প্রতি কর নিরূপণকারি এসেসরগণও গবর্ণমেণ্টের স্নেহভাজন হইবার নিমিত্ত সেই প্রকার প্রত্যেক প্রজার প্রতি কর বৃদ্ধি করিবারই চেষ্টা করিবেন কোন ব্যক্তির কত টাকা আয় হইয়া থাকে তাহার বিষয় বিবেচনা করিবেন না, বিশেষতঃ কোন ব্যক্তি ভ্রমক্রমেই হউক, অথবা অন্য কোন কারণ বশতঃই হউক আপনার আয়ের বিষয় যদি ন্যূন করিয়া লেখেন তবে তাহার বিরুদ্ধে বিচার স্থলে ফোরজরি ও পরজুরি অর্থাৎ জাল করণ ও মিথ্যা শপথ করণের অভিযোগ হইতে পারিবেক এবং শ্রীযুক্ত বাবু শিবকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের প্রতি যে রূপ কঠিন দণ্ড হইয়াছে, সেইরূপ দণ্ড হইতে পারিবেক, অতএব এই কর সর্ব্ব বিধায়েই ক্লেশকর হইয়া উঠিবে, কি কাল উপস্থিত হইল, দেশের আর রক্ষা নাই, সৌভাগ্য রূপ রস প্রায় শুষ্ক হইয়াছে, এই ক্ষণে যে২ কিঞ্চিৎ আছে, তাহা এই রাজকরেই নিঃশেষ হইবেক।

মান্যবর মেং উইলসন সাহেবের প্রস্তাবিত আইন আমরা প্রাপ্ত হইলেই তাহার বিস্তারিত বিবরণ পাঠক মহাশয়দিগকে বিদিত করিব।

প্রেরিত পত্র

মান্যবর শ্রীযুক্ত প্রভাকর সম্পাদক সমীপেষু।

সম্পাদক মহাশয়! মৎপ্রণীত নিম্নস্থ অনুবাদটি অনুগ্রহ পূর্ব্বক সংশোধন করিয়া ভবদীয় পত্রের পার্শ্বে স্থানদানে চিরবাধিত করিবেন।

(পতি ভিন্ন দেশে যাওয়াতে এক রমণীর পত্র) অনুবাদ।

পদ্য।

যাও প্রিয়নাথ যাও দূরবর্ত্তি দেশে।
নববন্ধু নব আশা পাইবার আশে॥
কখন মাঝেতে ভেবো সুন্দরী ফবার।
যাবেনাথ ফেলে যাও পশ্চাতে তোমার।
তবভাগ্য তবপ্রেম ভাগ করি নয়।
তুমি সুখী হলে নাথ আমি সুখী হব॥
কিন্তু নাথ মমপ্রতি ইইয়া সদয়।
ভুলনা আমায় কভু ভুলনা আমায়॥

কিন্তু মোর দেখিতেছ এই হীনবেশ।
ভাবিতে হইলে যদি হয় তব ক্লেশ॥
তবে মম নিবেদন গ্রাহ্য না করিবে।
অন্তরের সঙ্গে মোরে কভু না ভাবিবে॥
কিম্বা যদিতব ভাগ্যে দুঃখ হয়ে থাকে।
আর যদি পড় তুমি দৈন্যবা বিপাকে।
তাহে যদি শান্তনার কভু কাজ হয়।
ভুলনা আমায় তবে ভুলনা আমায়॥

শ্রীরামদাস সেন।
সাং বহরমপুর।

Printed and Published by RAMCHUNDER Goopto at the *Probhakur* Press.